যে সমস্যার প্রতি আমাদের দৃষ্টি আকৃষ্ট হওয়া উচিত সে হচ্ছে, কলকাতার লোকের স্বাস্থ্য-রক্ষা ও কলকাতায় নাগরিক জীবনকে উন্নত করবার জন্য এবং আনুসঙ্গিক অন্যান্য যেসমস্ত অসুবিধা রয়েছে তা দূর করবার জন্য খাটাল অপসারণ করা দরকার। কিন্তু আপনি জানেন স্যার, কলকাতা শহরে যারা দুগ্ধ ক্রয় করে, যাদের বাড়িতে শিশু আছে, যাদের বাড়িতে রোগী আছে তাদের পক্ষে খাঁটি নির্ভেজাল ভাল দুধ পাওয়াটা একটা সমস্যা। এই যেখানকার অবস্থা সেখানে শুধুমাত্র হরিণঘাটার দুধের উপর নির্ভর করে, বর্তমানে সেখানকার দুধ সরবরাহের যা ব্যবস্থা আছে তাতে করে কলকাতার নাগরিকদের জন্য যতটা পরিমাণ দুধের দরকার ততটা সরবরাহ যে সম্ভব নয় তা আমরা জানি। আমি যে অঞ্চলে থাকি সেখানে হরিণঘাটা থেকে দুধ নিয়ে যাওয়া হয় তারপর সেটাকে প্রসেস করে বিতরণ করা হয়। কিন্তু গ্রামের লোকদের পক্ষে সেভাবে পাওয়া সম্ভব নয়। এখানে যেমন সমস্ত দুধ এক জায়গায় চলে যাচ্ছে সেখান থেকে কলকাতা এবং পার্শ্ববর্তী অঞ্চলে সরবরাহ করা হচ্ছে। কিন্তু এইভাবে যা হচ্ছে—সেটাও এক দিক থেকে যেমন পর্যাপ্ত নয় অপর দিকে পাওয়ার ব্যাপারেও নানা রকম অসুবিধা রয়েছে। যাতে লোকের চাহিদা পূরণ হয় সে বিষয় গোড়া থেকে চিন্তা করতে হবে। সুতরাং আমার কথা হচ্ছে এই আইন পাশ হবার সঙ্গে সঙ্গে সরকারের তরফ থেকে যাতে নির্ভেজাল দুধ শুধু শহরের লোকই নয় গ্রামের লোকেরা যাতে পেতে পারে সেই ব্যবস্থা না করলে চলবে না।

আর একটা কথা কলকাতায় এবং বিভিন্ন মিউনিসিপ্যাল এলেকায় এই আইনের বলে বিভিন্ন সময়ে বিভিন্ন তারিখে খাটাল অপসারণের জন্য যে নোটিস দিবেন তার কুফল এখন থেকেই দেখা যাচ্ছে। আপনাদের এই আইন যে তৈরি হবে তা যখন থেকে খাটালের মালিকরা জানতে পেরেছে তখন থেকেই তারা কলকাতার বাইরে গিয়ে যেমন দমদম বিরাটি ও অন্যত্র গিয়ে খাটাল করবার চেষ্টা করছে। এবং যে অবস্থাটা কলকাতার নাগরিকদের স্বাস্থ্যহানি করেছে সেই অবস্থা সেখানকার জনসাধারণেরও স্বাস্থ্যহানি করবে। আমরা জানি এবং মন্ত্রী মহাশয়ও হয়ত জানেন ইতিমধ্যেই গ্রামের কৃষকদের একান্ত প্রয়োজনীয় জিনিস যে গোরুর খাদ্য—তাদের গোরুকে খাইয়ে সবল রাখবার জন্য যতটা খাদ্যের প্রয়োজন তার অভাব ঘটেছে, তারপর যদি আবার এই সমস্ত বড় বড় খাটালের মালিকেরা গিয়ে সেখানে খাটাল তৈরি করবার চেষ্টা করে তাহলে সেখানকার গোরুর খাদ্যের অভাব কঠোরতর হবে। এ সম্পর্কে সরকার থেকে যদি কোন কার্যকরী ব্যবস্থা অবলম্বন না করা হয় তাহলে গ্রামের কৃষককুল একটা গুরুতর সমস্যার সম্মুখীন হবে। এই যে সব সমস্যা এ সমাধানের পথ কি? মন্ত্রী মহাশয় সমাধানের পথ সম্বন্ধে একটিমাত্র কথা বলেছেন—কল্যাণী ও হরিণঘাটার সমস্ত গোরুগুলিকে নিয়ে হাজির করা হবে! জানি না কলকাতা শহরে এবং তার আশেপাশে যতগুলি গোরু আছে তার [illegible] সেখানে নিয়ে যাওয়া সম্ভব হবে কিনা। অতএব সমাধানের পথ কি? আমার মতে একটা পথ হচ্ছে—কলকাতার বা তার আশেপাশের জায়গায় আদর্শ খাটাল করলে পর এ সমস্যার সমাধান হতে পারে।

তারপর লাইসেন্স করার ব্যাপার। দুটি ক্যাটিগোরির লাইসেন্স করেছেন। ক্যাটিগোরি 'বি' যারা ব্যবসা করবে তাদের জন্য, আর ক্যাটিগোরি 'এ' দিয়েছেন যারা নাকি নিজেদের জন্য গোরু পালন করবে তাদের জন্য। আমাদের জাতিকে স্বাস্থ্যবান ও সবল হতে হলে দুধ আমাদের সবার পক্ষেই একান্ত প্রয়োজনীয় জিনিস। সেদিক থেকে সরকার থেকে লোককে উৎসাহ দিতে হবে যাতে তারা ভাল গোরু রেখে অধিক পরিমাণে দুধ খেয়ে স্বাস্থ্যবান ও সবল হতে পারে। কিন্তু ক্যাটিগরি 'এ' লাইসেন্সের উপর যেরকম বিধিনিষেধ আরোপ করা হয়েছে তাতে আমার মনে হয় অধিকাংশ ভদ্রলোক, বা নাগরিক সে দায়িত্ব বহন করতে প্রস্তুত হয়ে গোরু পালন করতে অগ্রসর হবেন না। কাজেই ক্যাটিগরি এ লাইসেন্স সম্পর্কে যেসমস্ত কন্ডিসন ও'রা আরোপ করেছেন সেগুলি ভাল করে বিবেচনা করে দেখা দরকার যাতে অতি সহজে লোকে যা গ্রহণ করতে পারে এবং নাগরিকরা যাতে লাইসেন্স নিতে উৎসাহবোধ করেন সেইদিকে গভর্নমেন্টের বরং দৃষ্টি রাখা দরকার। কিন্তু দুঃখের বিষয় মন্ত্রী মহাশয় খাটাল অপসারণের দিকে নজর যতটা দিয়েছেন আইনটা প্রয়োগের পর যে অবস্থার সৃষ্টি হবে, সেদিকে অতটা নজর দেন নি। লাইসেন্স 'এ' যাতে সহজসাধ্য হয় এবং নাগরিকেরা যাতে তা নিতে উৎসাহবোধ করতে পারেন গোরু পালন করবার জন্য তার ব্যবস্থা এতে নাই বরং সেটা বন্ধ করবারই চেষ্টা চলছে দেখা যায়।

[At this stage the House was adjourned for 15 minutes]

[*After adjournment*]

[5-25—5-35 p.m.]

Dr. Colam Yazdani:

এই বিলের অবজেক্টস এ্যান্ড রীজনসএ যা বলা হয়েছে সেই কথাগুলির সঙ্গে অনেকে একমত, যে কলিকাতার খাটালের অবস্থা অত্যন্ত খারাপ, অস্বাস্থ্যকর এবং সেগুলি রোগের ডিপো। এইজন্য আমরা এটা নিয়ন্ত্রণ করতে চাই যাতে সেটা স্বাস্থ্যকর হয়। আমার কথা হল সেই সমস্ত খাটাল নিয়ন্ত্রণ করার জন্য কলিকাতা মিউনিসিপ্যাল এ্যাক্ট এবং বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্ট আগেও ছিল। বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্টের ৩৭২, ৩৭৩, ৩৭৪ সেকসনে এ কথা বলা আছে—কোন খাটাল কোন নির্দিষ্ট মাপের না হলে তাকে লাইসেন্স দেওয়া হবে না। গভর্নমেন্টও আবার সেইসমস্ত কথা বিলের মধ্যে দিয়ে বলছেন যে এ নাহলে লাইসেন্স পাবে না। এই কথাগুলো আগে বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্টে বলা আছে এবং কলিকাতা মিউনিসিপ্যাল এ্যাক্ট ১৯৫১ সালের তাতেও সেই কথা আছে যে এইরকম আয়তন এইরকম রিকোয়ারমেন্টস না হলে লাইসেন্স দেওয়া হবে না। এই যে ব্যবস্থা কমার্শিয়াল খাটাল সম্বন্ধে—একথাও অবজেক্টস এ্যান্ড রিজনসএ আছে। তাঁদের মাথাব্যাথা হল যে পারিবারিক প্রয়োজনে যারা গরু রাখবে তাদের কোন লাইসেন্স দেওয়া হবে না—এই কথা বলেই যেন বিল এনেছেন। কমার্শিয়াল খাটালের লাইসেন্সের ব্যবস্থা আগে থেকেই রয়েছে—কলিকাতা এবং বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্ট অনুসারে। কর্পোরেশন এতদিন যে খাটালগুলি স্বাস্থ্যকর করতে এবং তার মধ্যে যত রোগ বীজাণু যে গ্রো করেছে, এবং সেখানে ডেস্টিলেশন ও স্যানিটেশনএর ব্যবস্থা যে করতে পারেন নি তাঁদের সেই ব্যর্থতা সরকার স্বীকার করছেন। খালি বলছেন যে পারিবারিক কারণে যারা গরু রাখবেন তাদের লাইসেন্স করা সম্বন্ধে আজকে বেশি মনোযোগ দিচ্ছেন। এই লাইসেন্স করার ব্যাপারে নতুন একটা বিলের আকারে বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্ট এবং কলিকাতা মিউনিসিপ্যাল এ্যাক্টে যা ছিল সেগুলি পরিমার্জিত কোরে, একটা অদলবদল কোরে, খানেকটা কিছু এ্যাড কোরে এখানে সামগ্রিকভাবে বিল এনেছেন এবং সেখানেও বলছেন লাইসেন্স যারা করবে না, বা লাইসেন্স ঠিকমত পাবে কিনা, এইটা নিয়ন্ত্রণ করবার জন্য একটা কঠোর ভাবের নিয়ম কোরে দেওয়া হয়েছে এটা দেখতে পাচ্ছি।

আমরা জানি যারা এখন লাইসেন্স করে নি কিম্বা লাইসেন্স করেছে তারা খাটালগুলি যেভাবে করা উচিত সেভাবে করে না। এই বিল পাশ হবার পরও লাইসেন্স নিশ্চয়ই লোকে পাবে কিন্তু যেরকমভাবে খাটালগুলি হওয়ার কথা তার যা কন্ডিসন থাকবে সেগুলি হয়ত সেরকমভাবে হবে না কিন্তু লাইসেন্স পাবে—এগুলি অতীতের অভিজ্ঞতা থেকে আমরা জানি।

যে লাইসেন্সিং অথোরিটি করা হয়েছে আমাদের ধারণা যে সেখানে লাইসেন্স পাওয়াটা খুব বেশি শক্ত হবে না যদিও লাইসেন্সের কন্ডিসন কেউ পালন করবে না। কেন না আমরা জানি লাইসেন্স দেবার যে প্রথা রয়েছে তাতে অনেক জায়গায় যেরকমভাবে খাটাল হওয়া উচিত সেরকমভাবে না হোলেও লাইসেন্স দেওয়া হয়। পুলিসের চোখের সামনে জিনিস ঘটছে কিন্তু তার নিরসনের কোন ব্যবস্থা করা হয় নি। এখানে লাইসেন্সিং অথোরিটি যেটা করেছেন আমাদের মনে হয় যে স্ট্রাকচার, নেচার এ্যান্ড টাইপ অব সেড যেরকমভাবে করতে হবে সেরকমভাবে না হোলেও তাদের লাইসেন্স পাওয়ার পক্ষে কোন বাধা হবে না। তার প্রমাণ দেখতে পাই কলকাতার রাস্তায় হাটেবাটে ফুটপাথের উপর যেখানে দোকানের লাইসেন্স পাওয়া উচিত নয় সেখানে লাইসেন্স লোকে পেয়ে যায়। বৌবাজারে দেখেছি মার্কেট স্লেসে এই ব্যবস্থা চলেছে। এইরকমভাবে তারা লাইসেন্স পায় এবং ভবিষ্যতেও তারা লাইসেন্স পাবে। সরকার যে কথাগুলি চিন্তা করেন নি সেগুলি হচ্ছে—যে খাটালগুলি রয়েছে সেগুলিকে মডার্নাইজ করা। এখানের ড্রেন প্রভৃতি করার কি ব্যবস্থা সরকার করবেন জানি না কিন্তু যেরকমভাবে করুন না কেন আমাদের মনে হয় বর্তমানে যে খাটালগুলি অন্য লোকের জায়গায় রয়েছে সেগুলি টেম্পোরারিভাবে আছে বলে তারা হয়ত আপত্তি করেছেন না কিন্তু তারা যখন দেখবেন সেগুলি পার্মানেন্ট স্ট্রাকচার হওয়ার মত হবে তখন সেটা তারা করতে দেবেন না এবং করতে না দিলেও আমরা জানি যে তারা লাইসেন্স নিশ্চয়ই পাবে কেন না লাইসেন্সের ব্যাপারে দুর্নীতির কথা সকলের জানা আছে। সুতরাং যে উদ্দেশ্য নিয়ে আপনারা এগুচ্ছেন সেই উদ্দেশ্য সফল হবে না অর্থাৎ খাটালগুলিকে আপনারা স্বাস্থ্যকর করতে পারবেন না। সেখানেও নোংরামী চলবে এবং মশামাছি প্রভৃতি নানা রকম বীজাণুর আড্ডা থাকবে এবং সেগুলি পুলিসের চোখের সামনে ঘটবে, আমরা জানি পুলিশ তাতে হস্তক্ষেপ করবে না। সরকারের যদি সৎ উদ্দেশ্য থাকে খাটালগুলিকে স্বাস্থ্যকর করার তাহলে যেসমস্ত লাইসেন্সিং অথরিটি, যেসমস্ত পুলিস এবং হায়ার অথরিটি সুপারভিশনএর জন্য নিয়োগ করছেন তারা অপরাধ করলে তাদেরও শাস্তি দেবার ব্যবস্থা করা উচিত। এই বিলের মধ্যে সেরকম কোন ব্যবস্থা আমরা দেখতে পাচ্ছি না। সুতরাং গতানুগতিকভাবে খাটালগুলি অপরিষ্কার অপরিচ্ছন্ন থেকেই যাবে এবং এইরকমভাবে লাইসেন্স ইস্যু হবে। আমরা চাই সত্যিকারে খাটালগুলি কলকাতার বুক থেকে দূর হয়ে যাক। কমরেড ধীরেন ধর যে কথা বলেছেন কলকাতার আশেপাশে খাটালগুলি নিয়ে যাওয়া যায় কিনা—আমরা জানি বেলগাছিয়ায় কলম্বো প্ল্যানে ডেয়ারী ফার্ম হচ্ছে, সেটা সত্যিকারের ভাল জিনিস হবে। সেখানে এরকম কোন ব্যবস্থা করা যায় কিনা সেটা যেন সরকার একটু ভেবে দেখেন। আমি অনুরোধ করব এই বিলের আসল উদ্দেশ্য যদি সফল করতে চান তাহলে এই লাইসেন্সিং অথরিটি এবং পুলিস যাদের উপর ইন্সপেকশন করার ভার দেওয়া হয়েছে তাদের কাজ তদারক করার জন্য কোন অথরিটি নিয়োগ করুন কেন না এই সমস্ত অফিসারদের উপর আমরা কিছুতেই আস্থা স্থাপন করতে পারি না। তা যদি না করেন তাহলে বুঝব একটা একাডেমিক ব্যাপারে এই বিল আনা হয়েছে, কতগুলি কথা বাদ দিয়ে এবং কতকগুলি কথা সংযোজন করে। সুতরাং জনসাধারণকে রক্ষা করার ইচ্ছা যদি সরকারের থাকে তাহলে যে কথাগুলি আমরা বললাম সেগুলি চিন্তা করে দেখবেন এবং যাতে এই আইনটা কঠোরতরভাবে প্রয়োগ করা হয় সে দিকে লক্ষ্য রাখবেন।

Dr. Kanailal Bhattacharya:

মাননীয় স্পীকার মহাশয়, যে বিলটা আমাদের সামনে এসেছে সেই বিলটার উদ্দেশ্য এবং কারণ যা দেওয়া হয়েছে এবং বিলটা যেভাবে রচিত হয়েছে তার দ্বারা সম্পূর্ণরূপে এর উদ্দেশ্য সাধিত হবে বলে আমরা মনে করি না। আমরা অবশ্য চাই যে মিউনিসিপ্যাল এলাকা থেকে খাটাল যে নুইসেন্স সৃষ্টি করে সেই নুইসেন্স দূরীভূত হওয়া দরকার। কিন্তু আমার মনে হয় না যে এই বিলটা শুধু এদিকে দৃষ্টি রেখে রচনা করা হয়েছে। বিলটা তাঁরা রচনা করতে গিয়ে সাধারণ মানুষের উপর কিছুটা চাপ দেবেন বলে আমরা মনে করি। প্রথম কথা হচ্ছে যে তাঁরা স্টেটমেন্ট অফ অবজেক্টস এ্যান্ড রিজনসএ যুক্তি দিয়েছেন যে যেহেতু কর্পোরেশন এবং মিউনিসিপ্যালে যে আইন রয়েছে সেই আইন প্রয়োগ করতে গেলে সাধারণ নাগরিকরা গোয়ালাদের পক্ষ অবলম্বন করে এবং তার দ্বারা আইনের যে উদ্দেশ্য সেই উদ্দেশ্য বিফল হয়ে যায়। সেই

উদ্দেশ্যকে সফল করার জন্য এই বিলের ৪ ধারায় এ সাব ক্লজে বলা হয়েছে যে যেসমস্ত হাউস হোল্ডার যাঁরা গরু রাখবেন এবং যাঁরা ৫ সেরের বেশি দুধ বিক্রি করবেন তাঁদের প্রত্যেককে লাইসেন্স করতে হবে। এর দ্বারা হবে কিনা যারা শহরের মধ্যে ২-১টা গরু রাখেন, কিম্বা শহরে যেসমস্ত ছোটখাট নাগরিক যারা দুই-পাঁচ সের দুধ বিক্রি করে অন্নের সংস্থান করেন তাঁদের খানিকটা অসুবিধা হবে। এর আগে চিত্তবাবু বলে গেছেন যে এই আইনটা সমস্ত পশ্চিমবঙ্গে এক সঙ্গে প্রয়োগ করা উচিত। কারণ আজকে কোলকাতার উপর এটা প্রয়োগ করলে তারা হাওড়ায় চলে যাবে, আবার সেখানে প্রয়োগ করলে তারা অন্য শহরে চলে যাবে—অর্থাৎ এইভাবে তারা এক-একটা শহরে ঘুরতে থাকবে। গোয়ালাদের শায়েস্তা করবার জন্য যদি এই বিল হয় তাহলে সমস্ত পশ্চিমবঙ্গের মিউনিসিপ্যাল এলাকার মধ্যে এই বিলের বিধান যদি এককালে প্রয়োগ করার চেষ্টা করা হয় তাহলে এ ক্লজে লাইসেন্সের জন্য ছোটখাট গেরস্থরা কিছুটা ক্ষতিগ্রস্ত হবে। এ ছাড়াও ক্যালকাটা মিউনিসিপ্যাল আইনে বা বেঙ্গল মিউনিসিপ্যাল আইনে খাটালকে পরিষ্কার রাখবার জন্য যেসমস্ত বিধান আছে সেই সমস্ত বিধান এবং এই বিধান একসঙ্গেই চালু থাকবে। এখানে আমার বক্তব্য হচ্ছে যে এই দুটো একসঙ্গে চালু থাকার ফলে একজন লোককে দুদিক দিয়ে লাইসেন্স দিতে হবে। অবশ্য দুদিক দিয়ে লাইসেন্স নেওয়ার চেয়ে আমার মনে হয় সরকার যদি বিলে এইরকম কোন বিধান দিতেন যে মিউনিসিপ্যালিটি যে টাকাটা তারা আইনের বলে পায় সেই সেই টাকাটা তাঁরা লাইসেন্স করে তুলে মিউনিসিপ্যালিটির হাতে যদি দিয়ে দেন তাহলে বোধহয় এই দুটো আইন একসঙ্গে প্রয়োগ করার কোন প্রয়োজন হত না।

[5-35—5-45 p.m.]

আমরা আশা করি যেসমস্ত গৃহস্থ গরু রাখেন তাদের উপর এই আইনের কড়াকড়ি কিছুটা শিথিল করা হবে এবং তাঁদের উপর লাইসেন্স ফি কম করা হবে। সেজন্য আমি মন্ত্রী মহাশয়কে বলব, এই লাইসেন্স বাবত যে ফি আদায় করা হবে অন্ততঃ যেসমস্ত মিউনিসিপ্যালিটিতে এই আইনটা চালু করা হবে সাধারণতঃ মিউনিসিপ্যালিটির উপরই দায়িত্ব থাকে শহরকে পরিষ্কার রাখবার—সেদিক থেকে আমি বলব কিছু পরিমাণ অর্থ যদি মিউনিসিপ্যালিটিকে দেওয়ার ব্যবস্থা এই বিলের মধ্যে রাখতেন তাহলে ভাল হত। সেদিক থেকে আমি মনে করি এই বিলের ত্রুটিগুলি সংশোধন করা দরকার এবং যদি সংশোধিত আকারে এই আইন পাশ হয় তাতে আমাদের সমর্থন আছে। কারণ, আমরা মনে করি, বাংলাদেশের প্রত্যেকটি মিউনিসিপ্যাল এলাকায় খাটাল এবং গরুর রাখার জন্য যেভাবে স্বাস্থ্য নষ্ট হচ্ছে সেদিকে দৃষ্টি দেওয়া উচিত।

Sj. Basanta Kumar Panda: Sir, the object of the Bill is welcome, nobody can dispute that but the provisions contained in the Bill are somewhat repugnant and I would say that if the Hon'ble Minister accepts some of the amendments which have been tabled with regard to this Bill, I think the Bill may be made perfect. In the Statement of Objects and Reasons it is stated that the hygienic conditions of the city have been deteriorating That is also a good reason for bringing this Bill. It is also stated there that the milk supply has been interfered with—that is also a good reason. Again it is stated there that due to the interference of some of the influential persons living in the municipal areas the provisions of the Calcutta Municipal Act and of the Bengal Municipal Act are being violated. Here I am not in accord with the objects and reasons of the Bill. If due to the interference of some of the influential members provisions of the Acts are being violated do the Government or the officials think themselves so helpless as not to be able to bring to book those persons however influential they may be—this may be a tacit admission of the imperfection and weakness of the Government. Government should not express themselves so helpless in this way. I would say that under the provisions of the Municipal Act there is provision for license of public khatals and for khatals for commercial purposes. Under the Act a police officer can seize an abode of these animals and if any influential man comes to interfere he should be deemed to be in complicity with it and he should be dealt with accordingly.

Now, I would say that overlapping provisions are being enacted in this Bill as well as in the existing Acts of the Calcutta Municipal Act and the Bengal Municipal Act. These two Acts make provisions for license of public khatals. If this Bill is passed then it will have effect on the other two Acts and in order to avoid conflict there should be legislation for repealing of the concurrent provisions. Though in this Bill an attempt has been made to regulate the milk supply and to make the city cleaner and better, I would say there are certain provisions even in this Bill which make the application of this Act imperfect.

Sir, if you look to clause 3 of this Bill, you will find that it has been provided that six months' time must elapse before the provisions of this Act can be given effect to. I would say that this provision is belated. This sort of legislation should have come before this House a few years earlier. Why should you make delay for six months for giving effect to the provisions of this Bill?

Then in section 4, some sort of weakness has been shown towards those persons who keep cattle for household purposes. I would say that if you think that the keeping of the cattle in the city destroys the hygienic conditions of the city, then why should you allow some householders to keep certain cattle for their own domestic purposes and for the purpose of small sales? It is against the principle for which you are making this legislation. I would, therefore, say that if you keep this provision in the Bill, the result would be that the goalas would approach the householders or at least the poor householders and these goalas will manage to keep their cows in some houses in the city. Thus the goalas would get protection from a certain citizen who would say that this is an animal which is my property and I keep it for household purposes. The result would be that your purpose will be frustrated. So, I think you should not allow cattle to be kept on any account in the thickly populated areas of the city.

Then you have made provision for exempting certain persons from the provisions of this Act. Certain influential persons will approach your officials or other persons in authority and they will seek exemption. By giving exemption to these persons, you will be allowing those persons to keep cattle in the city. The result would be that the same unhygienic conditions would prevail and your purpose will be frustrated. I would, therefore, say that these provisions should not remain within the body of the Act. I am quite conscious of the fact that there are some persons in the city who earn their bread by selling milk and they may lose their livelihood if this Act is strictly enforced. But I would ask the Hon'ble Minister to make suitable arrangements for alternative livelihood of such persons who would lose their present occupations by the application of this Act. I would, however, say that all sorts of cattle which are being kept in the city and which have destroyed the hygienic condition of the city should be removed from all thickly populated areas of the city and they should be clustered together in some suburbs of the city from which the daily supply of milk to the city would not be hampered.

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: Mr. Speaker, Sir, I will just say a few words in clarification of some of the points that have been raised. On the whole, I am glad that every member who has spoken so far has supported the general principles of the Bill, but they have done so with some reservation, such as কিন্তু —but.

There is one point which I would like to bring to the notice of the members. One of the honourable members said that the purpose of this

Bill is গোয়ালাদের শায়েস্তা করা। It is not the purpose of any Government, least of all of this Government, to শায়েস্তা করা anybody. We want to help ourselves. That is the whole spirit of this Bill. We do not wish to do that, as least as far as I am concerned.

[5-45—5-55 p.m.]

There are one or two misconceptions which I would like to remove. One of the honourable members, I think Sj. Dhirendra Nath Dhar, who is a Councillor of the Calcutta Corporation, spoke about it. He should know about these affairs. It was said that the Calcutta Municipal Act came into existence in 1921 and after that it has been amended. The law relating to licensing of cattle has been there all along. I have taken statistics of figures from the Commissioner of the Calcutta Corporation and they show that at the present time only seven khatals are licensed in the city of Calcutta. Although we have had the law we have not been able to do anything. My honourable friend Mr. Panda rightly said that if people like to keep cattle in their homes we should not allow it. The law is there under the Calcutta Municipal Act and the Bengal Municipal Act but none of the provisions of the Acts has been enforced. That is the reason why I feel that the time has arrived when we should have a legislation of the nature envisaged in this Bill. I am glad to see that the honourable members have supported this measure as a whole.

My honourable friend Dr. Suresh Chandra Banerjee says that it is a half-hearted measure. He wants to have a milk city instead of getting our supplies from other parts of the district. As far as the milk supply system is concerned, the West Bengal Government has got a policy of its own. It need not copy Bombay. We have our milk supply not only from Haringhata but also from the surrounding countryside; from the villages. We should encourage villagers to keep cattle in modern methods. But there is the question of fodder; there is shortage of pasture land. According to Indian standard, we must have three acres of land for keeping three cows. We have not got it. Haringhata will not alone solve the problem. It is not only necessary to remove inconvenience of the people of Calcutta but we should see to the countryside. To the villagers we are giving incentive to have more cattle by giving them loans. One of the members mentioned about the villages; he is right. Calcutta is not the only place that requires milk; there are other district towns and villages as well. The villagers should be encouraged to keep cattle in their villages; they can sell their surplus milk and keep the rest for their own use. This is what is actually happening. Only two or three days ago, a certain person from the Baraset side came to see me. He said that his production of milk was ten maunds and he said that there were not sufficient numbers of buyers in the villages. He can sell his milk to the Haringhata organisation.

Next about licence; there has been some misunderstanding about licences in the city—if anybody wants it for private purpose it will not be allowed. On the other hand we differ from the opinion of Mr. Panda that no class A licence should be given. However, we have taken a middle course between the two. Those who are affluent enough to keep cattle in the city according to our specifications, namely, that so many square feet for each animal should be provided and the floor must be made pucca and there must be drainage and all that—if any class of people observe these specifications, we do not want to shut them out. At the same time these khatals must not be a nuisance. All members are agreed on this point. We shall see that this enactment is brought on the Statute Book as soon as possible.

With these words I commend my motion to the acceptance of the House.

The motion of Sj. Deben Sen that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th July, 1959, was then put and lost.

The motion of Sj. Deben Sen that the Bill be be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th June, 1959, was then put and lost.

The motion of Sj. Chitto Basu that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1959, was then put and lost.

The motion of the Hon'ble Dr. Rafiuddin Ahmed that the West Bengal Cattle Licensing Bill, 1958, be taken into consideration, was then put and agreed to.

Clause 1

Sj. Ardhendu Sekhar Naskar: Sir, I beg to move that in clause 1(1), in line 2, for the figure "1958" the figure "1959" be substituted.

The motion was then put and agreed to.

Sj. Sunil Das: Sir, I beg to move that the following proviso be added to clause 1(2), namely:—

"Provided that the same date is fixed for the limits of the Calcutta Corporation."

Sj. Sunil Das:

মিঃ স্পীকার, স্যার, এটা একটা খুব ছোট অ্যামেন্ডমেন্ট। কিন্তু এই এইজন্য আমি এখানে মুভ করতে চাই—যদি এই ধরনের সংশোধনী গ্রহণ না করা হয় তা হ'লে বিলের মূল উদ্দেশ্য ব্যর্থ হতে পারে। আমার অ্যামেন্ডমেন্টটা হ'ল

"provided that the same dates is fixed for the limits of the Calcutta Corporation."

এখন এখানে প্রভিসোতে বলতে চাচ্ছি ক্লজ (১) (২) এর সঙ্গে এটা জুড়ে দিতে চাচ্ছি। ক্লজ (১)(২)তে আছে

it shall come into force in such urban areas and with effect from such dates as the State Government may, by notification in the Official Gazette appoint, and different dates may be appointed for different urban areas.

আর্বান এরিয়া ডিফাইন করা হয়েছে ক্লজ (২)তে। কলকাতা সম্পর্কে বলা হচ্ছে

the area within Calcutta as defined in the Calcutta Municipal Act, 1951, or any part of parts of such area.

যদি

or any part of parts in such areas.

হিসাবে না থাকত, তা হ'লে আমার এই সংশোধনী আনার প্রয়োজন ছিল না। মন্ত্রিমহাশয় বলেছেন বিলের উদ্দেশ্য দুটো। একটা হ'ল কলকাতার অস্বাস্থ্যকর পরিবেশ দূর করা, আর একটা হ'ল ভাল দুধ সরবরাহ করা।

কলকাতার অস্বাস্থ্যকর পরিবেশ যদি দূর করতে হয় তা হ'লে গোটা কলকাতায় একই সময় আইনটা প্রয়োগ করা প্রয়োজন, তবেই সেটা সম্ভব হবে। আজ কলকাতায় একটা অংশে আইনের প্রয়োগ হ'ল, আর একটা অংশে হ'ল না, তা হলে ফল হবে—যে এরিয়াতে বিলটা প্রয়োগ করা হ'ল সেখান থেকে খাটাল উঠে যাবে এবং যে এরিয়াতে আইনের প্রয়োগ করা হ'ল না, সেই এরিয়াতে আন-লাইসেন্সড খাটালের সৃষ্টি হবে এবং সেখানে বিশেষ ক'রে অস্বাস্থ্যকর পরিবেশ সৃষ্টি করবে।

Mr. Speaker: Do you think that it would be better if the words "or any part or parts of such area" are cut out?

Sj. Sunil Das: Yes, Sir.

Mr. Speaker: What about Tollygunj? In the 1951 Act was Tollygunj within the Calcutta Municipality?

Sj. Sunil Das: No.

Mr. Speaker: That is why they have said "Calcutta Municipal Act, 1951, or any part of parts of such area".

Sj. Sunil Das: But my amendment would serve the purpose because if my amendment is accepted, throughout the Calcutta area, the Act would be brought into operation on the same date, so that khatals from one area may not travel to another area and create the conditions still more unhygienic and insanitary.

এই হ'ল আমার বক্তব্য এবং সেদিক থেকে আমার অ্যামেন্ডমেন্ট এনেছি। আশা করি, মন্ত্রি-মহাশয় এই অ্যামেন্ডমেন্ট গ্রহণ করবেন।

[5-55—6-5 p.m.]

Sj. Pabitra Mohan Roy: Sir, I beg to move that after clause 1(2), the following be added, namely:—

> "(3) It shall come into force within the Calcutta Corporation, Howrah Municipality, Dum Dum and South Dum Dum Municipalities, Baranagar Municipality and South Suburban Municipality within three months from the date this Act is passed."

মাননীয় স্পীকার মহোদয়, আমার এটা ঠিক অ্যামেন্ডমেন্ট নয়। আমি এটা অ্যাড করতে বলছি ক্লজ ১(২) শেষে। স্যার, আমার এটার উদ্দেশ্য হ'ল যে, যদি কলিকাতা কর্পোরেশন এলাকায় শুধু এই অ্যাক্ট চালু করা হয় এবং বিশেষ ক'রে কলিকাতার আশপাশে যেসব মিউনিসিপ্যালিটি আছে যেমন নাম করলাম

Howrah Municipality, Dum Dum and South Dum Dum Municipalities, Baranagar Municipality and South Suburban Municipality,

সেই সবগুলিকে যদি বাদ দেওয়া হয়, শুধু কলিকাতা কর্পোরেশনকে ইনক্লুড করা হয় তা হ'লে অবস্থা দাঁড়াবে এই যে, কলিকাতার খাটালগুলি সরিয়ে দিলে তারা আশপাশের যেসব মিউনিসিপ্যালিটি আছে তাতে গিয়ে ভিড় জমাবে। এমনিতেই সেইসব মিউনিসিপ্যালিটিতে অস্বাস্থ্যকর পরিবেশ আছে, তা আরও খারাপ হবে। সেইজন্যই এটা আমার অ্যাড করার উদ্দেশ্য। কলিকাতায় যে সময়ে এই আইন চালু করা হবে সেই সময় থেকে অন্য মিউনিসিপ্যালিটিতেও এই আইন চালু করা হোক। এখানে বলছি যে, কলিকাতা মিউনিসিপ্যালিটিতে এই আইন চালু করার সঙ্গে সঙ্গে অন্য মিউনিসিপ্যালিটিতেও এই আইন তিন মাসের মধ্যে চালু করতে বলেছি। কিন্তু তিন মাস পরে করতেও আমাদের আপত্তি নেই যদি এক সময় সবগুলিতে চালু করা হয়।

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: Sir, I cannot accept either of these amendments that have been moved. The reasons are as follows. In this West Bengal Cattle Licensing Act we do not wish to bite more than we can chew. Calcutta is a huge city. The milk requirements of Calcutta is a minimum of 5,000 maunds a day. At present we are only supplying about 1,500 maunds a day, which is not sufficient for Calcutta. Therefore we have kept provision that certain areas will be notified from time to time and in these areas we shall make full arrangements for supplying the milk. We do not want it to happen as it happens in the case of other articles; we say we shall supply, and then we do not. I do not want to come to that position.

With regard to the point that has been raised about 1951, that is correct. I have ascertained this from the Law Department.

Mr. Speaker: The point is the Tollygunge area was included within the Municipality under the 1951 Act.

I am not putting all the amendments to clause 1 to vote.

The motion of Sj. Sunil Das that the following proviso be added to clause 1(2), namely:—

"Provided that the same date is fixed for the limits of the Calcutta Corporation" was then put and lost.

The motion of Dr. Pabitra Mohan Roy that after clause 1(2), the following be added, namely:—

"(3) It shall come into force within the Calcutta Corporation, Howrah Municipality, Dum Dum and South Dum Dum Municipalities, Baranagar Municipality and South Suburban Municipality within three months from the date this Act is passed" was then put and lost.

The question that clause 1 as amended do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

Sj. Ardhendu Shekhar Naskar: Sir, I beg to move that after sub-clause (b) of clause 2, the following be inserted, namely:—

"(bb) 'Family' means a set of parents, children, servants and other relations living together in the same mess."

The motion was then put and agreed to.

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that after clause 2(b), the following be inserted, namely:—

"(bb) 'Family' means set of parents, children and other relations living together in the same mess."

I beg to move that in clause 2(c), in line 1, after the words "person who" the words "owns or" be inserted.

I beg to move that in clause 2(c), in line 3, after the word "premises" the words "or any portion thereof" be inserted.

I beg to move that after clause 2(e), the following be inserted, namely:—

"(ee) 'Magistrate' includes any officer not below the rank of a Sub-divisional Magistrate."

I beg to move that in clause 2(h)(iii), in lines 1 and 2, the words "in view of its development and growing population" be omitted.

Sj. Subodh Banerjee:

স্যার, আমি এখানে আমেদ সাহেবকে একটা কথা বলি। এই বিলে যেসব ভুল বা ফাঁক ছিল সেগুলি সংশোধন ক'রে নিয়ে তিনি বুদ্ধির পরিচয় দিয়েছেন। বিলে ফ্যামিলির কোন সংজ্ঞা ছিল না—

It was pointed out by me and the Minister accepted it.

তবে তাঁর গর্ববোধ আছে, তাই তিনি সুবোধ ব্যানার্জির সংশোধনী প্রস্তাবটা না নিয়ে চীফ হুইপকে দিয়ে একটা সংশোধনী প্রস্তাব আনিয়েছেন। সে যাই হোক, তাতে আমার কোন আপত্তি নাই। তবে মন্ত্রিমহাশয়কে বলব যে, এরকম ভুয়া গর্ববোধ না থাকাই ভাল।

Mr. Speaker: There is a small difference between the two amendments. In amendment No. 11, it says "a set of parents, children, servants and other relations" etc., whereas in your amendment it is "a set of parents, children and other relations" etc.

Sj. Subodh Banerjee:

হ্যাঁ। বিলে এই ফ্যামিলির সংজ্ঞা কিছু ছিল না। ফ্যামিলির সংজ্ঞা না থাকলে গণ্ডগোল হ'ত। রিফিউজিদের গৃহনির্মাণ ঋণ দেবার ক্ষেত্রে ফ্যামিলির সংজ্ঞা না থাকায় অনেক গণ্ডগোল হয়েছিল। জেনারেল অ্যাক্টে ফ্যামিলির কোন সংজ্ঞা নেই। যাই হোক, যখন মন্ত্রিমহাশয় আমার বক্তব্য মেনে নিয়েছেন তখন আর বলব না। এই হ'ল আমার ১২ নম্বর প্রস্তাব। তারপর ১৩নং সংশোধনী প্রস্তাবের দিকে দৃষ্টি আকর্ষণ করছি। দেখুন বিলে যা আছে তাতে কোন অসুবিধা হবে কিনা। বিলে হাউস হোল্ডারের সংজ্ঞা কি দেওয়া হয়েছে?

Householder means a person who occupies any premises as his dwelling.

[6-5—6-15 p.m.]

মনে করুন আমার দু'খানা বাড়ি আছে; একখানায় আমি থাকি, আর একখানা আমি ভাড়া দিয়েছি। ঐ ভাড়া-দেওয়া বাড়িতে একটা গরু রেখেছি দুধ বিক্রয়ের জন্য নয়, খাবার জন্য। তাহলে

whether I become a householder. If not, the Act cannot be enforced on me. I have kept the Cattle not in the house which I occupy, but, in the house which I own but do not occupy.

Mr. Speaker: Occupies premises as his own dwelling.

তাকে বাস করতে হবে,

you must have a dwelling house.

তা না হ'লে

you are not a householder.

Sj. Subodh Banerjee:

তা হ'লে একটা লোক যদি অন্য জায়গায় গরু রাখে তা হলে সে হাউসহোল্ডার হ'ল না। অন্য বাড়ির কথা ছেড়ে দিলাম। মনে করুন, যে বাড়িতে আমি থাকি সে বাড়িতে গরু রাখার ঠাঁই নেই। তাই তার পাশে আর এক জায়গায় গরু রেখেছি। আমি সেক্ষেত্রে হাউসহোল্ডার হই না। আমি দুধ খাওয়ার জন্য রেখেছি, ব্যবসার জন্য নয়। আমি যে বাড়িতে বাস করি সেই বাড়ি ছাড়া অন্য জায়গায় গরু রাখলে আমি হাউসহোল্ডার হব না। আর হাউসহোল্ডার না হ'লে আমি ক্লজ (৪এ)র আওতায় আসব না। এইরকম আইন হওয়া উচিত কিনা বিবেচনা করুন। তাই হাউসহোল্ডারের বর্তমান সংজ্ঞায় যে ফাঁক রয়েছে তা থাকা উচিত কিনা মন্ত্রিমহাশয় বিবেচনা করুন। সুতরাং জিনিসটা সংশোধন করা উচিত। তা ছাড়া আর একটা কথা আছে। বলা হয়েছে

who occupies any premises but if any one occupies any portion of premises will he then be a householder according to the definition?

তা হ'লে কি হবে? প্রেমিসেস টেন্যান্সি অ্যাক্টের কথা সেখানেও

'or any portion thereof'

এই কথাগুলি আছে। তা হ'লে এই বিলে এই কথাগুলি বলা হ'ল না কেন? সুতরাং any portion of the premises.

কথাগুলি যোগ করার দরকার আছে। তারপর আমার সংশোধনী প্রস্তাব হ'ল ২১ নম্বর। ম্যাজিস্ট্রেটএর সংজ্ঞা বিলে নেই। যদিও বিলের মধ্যে বহুবার ঐ কথাটি ব্যবহার করা হয়েছে। সেইজন্য ম্যাজিস্ট্রেটের সংজ্ঞা দেওয়া দরকার। আমি সেই হিসাবে বলেছি

Magistrate includes any officer not below the rank of a Subdivisional Magistrate.

তারপর ২নং ধারার ৩নং আইটেম 'আর্বান এরিয়া'র সংজ্ঞা আছে। তাতে বলা হয়েছে—

Urban area means any area which the State Government in view of the development and growing population declares to be an urban area. Here what is the need of using the words in view of the development and growing population.

Mr. Speaker:

শুধু আপনি 'রিয়েল পয়েন্টস' বলতে চেষ্টা করছেন। নিজের খাবার জন্য দুধ পেতে হ'লে—

he must keep the cows in his own premises.

পাশের বাড়িতে যদি রাখেন

he does not keep it in his own premises, nor is he taking out a B licence for sale. Therefore such householders need not take out a licence at all. Does it not cover the whole field?

Sj. Subodh Banerjee:

ইয়েস, ইয়েস, এ কথাগুলো হাউসহোল্ডারএর ব্যাপার।

Urban area means any area which the State Government in view of its development and growing population declares to be an urban area.

এখানে

in view of its development and growing population.

কথাগুলির কি প্রয়োজন? আরও অনেক 'ফ্যাক্টর' বিবেচনা ক'রে 'আর্বান এরিয়া ডিক্লেয়ার' করা যেতে পারে।

There may be some other reasons for declaring an area an urban area.

Mr. Speaker: You are not limiting the reasons.

Sj. Subodh Banerjee:

সুতরাং

any area which the Government declares to be an urban area.

এই কথা ব'লে শেষ করলেই ভাল হয়।

এই ৪টা সংশোধন প্রস্তাব আমার ২নং ধারার উপর আছে।

Sj. Apurba Lal Majumder:

মিঃ স্পীকার, স্যার। ১৪ নং সংশোধন আমি মুভ করছি।

I move that in clause 2(c), in line 2, after the word "premises" the word "or any separate part thereof" be inserted.

এটা ঠিক মাননীয় সুবোধ বানার্জির অ্যামেন্ডমেন্টের মত। কাজেই বিশেষ বক্তৃতার আবশ্যক করে না। আমার বক্তব্য হচ্ছে একটা প্রেমিসেসে দুটো অংশ আছে; তার একটা অংশে মালিক বাস করে অন্য অংশে যদি রাখে কোন মিউনিসিপ্যালিটি বা কর্পোরেশনএর এলাকায়—তা হলে এই আইনের আওতায় আসবে না। সেইজন্য মনে হয় এটার ক্ল্যারিফিকেশন-এর দরকার আছে। 'এন পার্টে' রাখলে যাতে লাইসেন্স নিতে বাধ্য করা যায় সেজন্য এটা রেখেছি।

Sj. Basanta Kumar Panda: Sir, I move that in clause 2(c), in line 2, after the word "premises" the words "or any separate part thereof" be inserted.

I think premises should include part of the premises.

I also move that in clause 2(h)(i), in lines 1 to 3, for the words beginning with "the area within Calcutta" and ending with "such area" the words "Calcutta as defined in the Calcutta Municipal Act, 1951, or any part or parts thereof" be substituted.

This is for simpler definition of the urban area. While giving definition of the urban area the word "area" has been used and therefore I have suggested Calcutta as defined in the Calcutta Municipal Act, 1951, or any part or parts thereof. You may treat the whole of the city as urban area or you may do so in any part or parts. I have totally excluded the word area while defining the area—urban area remains the same. Therefore I say this is better than what is in the original Bill.

Sj. Sunil Das: Sir, I move that in clause 2(c), in line 2, after the word "premises" the words "or a part or portion thereof" be inserted.

I also move that in clause 2(c), in line 2, after the word "dwelling" the words "and includes a tenant" be inserted.

আমার ১৭ ও ১৯নং অ্যামেন্ডমেন্ট। ১৭নং সম্বন্ধে পুনরুক্তির প্রয়োজন নাই। প্রেমিসেসএর ডিফিনারীগত অর্থ নিলে কিছু অসুবিধা হ'তে পারে, তা পূর্ববর্তী বক্তারা বলেছেন। এটাও এখানে রয়েছে—

dwelling includes a tenant.

টেন্যান্টের বাড়িতে গরু রেখে লাইসেন্স না দিয়ে হাউসহোল্ডার আইনকে ফাঁকি দিতে পারেন। সেই পথ বন্ধ করবার জন্য হাউসহোল্ডারএর ভিতর টেন্যান্টকে নেবার জন্য অ্যামেন্ডমেন্ট দেওয়া হয়েছে। অ্যামেন্ডমেন্টের উদ্দেশ্য হ'ল যে, যে ফাঁক রয়েছে সেগুলি যতটা সম্ভব 'প্লাগ' ক'রে দেওয়া এবং আইনের সুষ্ঠু ব্যবস্থা যাতে করা যায় সেদিকে দৃষ্টি রেখে দেওয়া হয়েছে। আমার ১৯নং অ্যামেন্ডমেন্ট সেদিকে দৃষ্টি রেখে করা হয়েছে। আশা করি মন্ত্রিমহাশয় এটা গ্রহণ করবেন।

Dr. Kanailal Bhattacharya:

মাননীয় স্পীকার মহাশয়, আমার বক্তব্যটা সুনীলবাবু বলেছেন। আমি বলতে চাই, যদি কেউ বাড়ি দখল ক'রে থাকে এবং সে যদি গরু রাখে তা হ'লে তার উপর যাতে এই আইন প্রযুক্ত হয় সেজন্য বলেছি ইনক্লুডস এ টেন্যান্ট।

Sj. Dhirendra Nath Dhar: Sir, I beg to move that in clause 2(h)(ii), in line 4, after the words "Municipal Act, 1955" the words "or within Cooch Behar as defined in the Cooch Behar Municipal Act or in any Municipality in the district of Purulia as defined in the Bihar Municipal Act" be inserted.

[6-15—6-25 p.m.]

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: Sir, I would like to point out that "householder" has been defined as follows—"householder" means a person who occupies any premises as his own dwelling. It does not mean that he should be the owner. I am advised that no change is necessary with regard to that. Then with regard to the word "tenant", our advice is that it is superfluous—it is not necessary. Therefore, I oppose it. With regard to the amendment of Mr. Banerjee that "Magistrate" should also include Subdivisional Magistrates and all that I may say is that it is not necessary.

Mr. Speaker: What about "householder"?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: A householder need not be an owner.

Mr. Speaker: No question of ownership has been raised at all. Supposing in an open plot of land, in an adjoining house which I am not living in either as owner or as tenant, I keep a cow, what will happen?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: That will require license.

Mr Speaker: Under what section?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: You will please look at section 12(3).

Mr. Speaker: But that is a penal clause. I am not bound to take a license. There are two classes of licensees contemplated in this Bill—Class A licensees who will keep cows for personal consumption of milk and the B class licensees who have nothing to do with personal consumption of milk. Now, the word "householder" in clause 4(a) means a person who keeps a cow in his own dwelling house. The point that has been raised is if the person in question occupies—not owns but occupies—No. 1 Chowringhee Road and keeps a cow for his personal consumption of milk in an open yard at No. 2 Chowringhee Road, should he still then take out a license under section 4(a)?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: He can. If we do that it will open the door to malpractice. I oppose all the amendments.

Sj. Subodh Banerjee:
আমরা ফাঁকগুলো তো বন্ধ করতে চাচ্ছি।

Mr. Speaker: Suppose I am living at 1 Chowringhee; I am a householder. If I keep a cow there I come under clause 4(a) and I have to take Class A licence. In the yard of my house I keep half a dozen cows and pretend to be a householder. Clause (b) says, "a licence granted to any person in respect of cattle kept in any premises or place for any purpose save as mentioned in clause (a) above". Clause 4(a) is distinct from a person who deals in milk; it provides for a humble householder like myself who keeps a cow. I can evade that by staying in a house and keeping cows next door; I can then argue, "I am not a householder. I have not kept cows in my dwelling house and you cannot prosecute me". There is no hurry; you give it some consideration.

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: All right.

Mr. Speaker: I hold it over. Let us keep it open. You please give the matter some consideration. We will deal with it tomorrow.

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: It will be taken up tomorrow.

Mr. Speaker: I will consider it myself.

Clause 3

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Clause 4

Mr. Speaker: This is held over.

[6-25—6-35 p.m.]

Clause 5

Sj. Basanta Kumar Panda: Sir, I move that in clause 5(1), in line 2, for the word "shall" the word "may" be substituted.

Sir, clause 5(1) says, "Any person intending to have a Class A or a Class B license shall apply to the Licensing Authority in the prescribed manner. The word "shall" is a stronger word than "may". Hence my amendment.

Sj. Ardhendu Shekhar Naskar: Sir, I move that in sub-clause (1) of clause 5, in line 3, after the words "prescribed manner" the following be inserted, namely:—

"and the licensing authority may thereafter grant a licence under this Act or may, after recording reasons therefor, refuse the application for a licence".

Sir, I also move that for sub-clause (4) of clause 5, the following be substituted, namely:—

"(4) The nature and type of shed to be provided for keeping cattle under a licence shall be such as may be prescribed and no licence shall be granted unless the licensing authority is satisfied that a shed as prescribed has been provided."

Sj. Subodh Banerjee: Sir, I move that in clause 5(1), at the end the words "The Licensing Authority thereafter may issue a licence under this Act or may, after recording reasons therefor, refuse the application for a licence" be added.

I also move that in clause 5(4), in lines 1 and 2, for the words "The State Government shall prescribe the nature and type of shed to be provided for keeping cattle under a licence" the words "The nature and type of shed to be provided for keeping cattle under a licence shall be such as may be prescribed" be substituted.

I further move that after clause 5(5), the following be added, namely:—

"(6) For every licence there shall be a licence fee:

Provided that there shall not be any fee for a licence granted to a householder keeping cattle solely for the consumption of the milk by himself or by members of his family."

Sj. Subodh Banerjee:

স্পীকার মহাশয়, ৫নং ধারায় আমার প্রথম ৩৩নং সংশোধনী প্রস্তাব। সরকারের একটা বিভাগ আছে বিল ড্রাফ্‌ট করার জন্য।

we are laymen in this line.

তবুও যদি বিলের ড্রাফটিংএর দোষ আমাদের চোখে পড়ে এবং একটা বিলে যদি আমাদের ৭।৮টা সংশোধনী প্রস্তাব নিতে হয় তা হলে

it does not reflect credit on the part of that Department. The Department should be more cautious in future in drafting Bills.

Mr. Speaker: My Secretary, Mr. A. R. Mukherjea, is to blame. He has arranged the amendments in this matter.

Sj. Subodh Banerjee:

না স্যার, লাস্ট সেসনএ প্রথম যখন এই বিল আসে, আসার পর হুইপএর অ্যামেন্ডমেন্ট ছিল। অফিস কিছু অবিচার করে নি। এখন নতুন করে এসেছে এবং তাই নতুনভাবে সাজানো হচ্ছে। ন্যাচারালি গভর্নমেন্টএর তরফের সংশোধনী প্রস্তাব আমার প্রস্তাবের আগে চলে গিয়েছে। একটা বিল ড্রাফটিংএ এত গলদ থাকে কেন? যাই হোক, আমি এটা পয়েন্ট আউট করছি যে,

for every licence there shall be a licence fee;

কারণ অ্যাক্টএ যদি লাইসেন্স ফি ধার্য করার ক্ষমতা না থাকে তা হ'লে কেবল রুল দ্বারা লাইসেন্স ফি ধার্য করা সম্ভব নয়।

The Act must provide for a fee; then and then only, the amount of fee can be fixed by the rules. Otherwise not.

এর মধ্যে এরকম নির্দিষ্ট প্রভিশন থাকা দরকার,

for every license there shall be a licence fee.

কিন্তু অ্যাক্টএর মধ্যে কোথাও ফি দিতে হবে একথা বলা নেই। তাই আমি বলেছি

for every licence there shall be a licence fee;

একথা না থাকলে লাইসেন্স ফি ধার্য করতে পারেন না।

Mr. Speaker: Where do you want to put it in?

Sj. Subodh Banerjee:

আমি নিউ সাব-ক্লজ দিচ্ছি—সাব-ক্লজ ৬ হিসাবে।

I am suggesting a new sub-clause.

আমার আর-একটা যুক্তি হচ্ছে যারা দুধ খাবার জন্য গরু রাখবে তাদের উপর থেকে ফি দিতে হবে না। তাই আমি বলেছি,

provided that there shall not be any fee for a licence granted to a householder keeping cattle solely for the consumption of the milk by himself or by members of his family.

Mr. Speaker: Mr. Banerjee, you cannot expect a sheet of paper from the Government without paying for it.

Sj. Subodh Banerjee:

যাঁরা পার্সোন্যাল কনজাম্পশনএর জন্য গরু রেখেছেন তাঁদের লাসেন্স ফি দিতে হবে না।

Sj. Chitto Basu: Sir, I beg to move that in clause 5(2), in lines 1 and 2, for the words "such period as may be prescribed" the words "one year" be substituted. যেখানে রয়েছে Every license shall be valid for such period as may be prescribed

এটা এভাবে না রেখে আমি এক বৎসরের জন্য বলছি।

Mr. Speaker: They will make it by rule.

কখনও কোথাও পাবে না।

The Hon'ble Rafiuddin Ahmed: I oppose all the amendments.

The motion of Sj. Basanta Kumar Panda that in clause 5(1), in line 2, for the word "shall" the word "may" be substituted, was then put and lost.

The motion of Sj. Ardhendu Shekhar Naskar that in sub-clause (1) of clause 5, in line 3, after the words "prescribed manner" the following be inserted, namely:—

> "and the licensing authority may thereafter grant a licence under this Act or may, after recording reasons therefor, refuse the application for a licence",

was then put and agreed to.

The motion of Sj. Subodh Banerjee that in clause 5(1), at the end the words "The Licensing Authority thereafter may issue a licence under this Act or may, after recording reasons therefor, refuse the application for a licence" be added, was then put and lost.

The motion of Sj. Ardhendu Shekhar Naskar that for sub-clause (4) of ause 5, the following be substituted, namely:—

"(4) The nature and type of shed to be provided for keeping cattle under a licence shall be such as may be prescribed and no licence shall be granted unless the licensing authority is satisfied that a shed as prescribed has been provided.", was then put and agreed to.

Mr. Speaker: Amendment No. 41 falls through.

The motion of Sj. Subodh Banerjee that after clause 5(5), the following be added, namely:—

"(6) For every licence there shall be a licence fee:

Provided that there shall not be any fee for a licence granted to a householder keeping cattle solely for the consumption of the milk by himself or by members of his family.", was then put and lost.

The motion of Sj. Chitto Basu that in clause 5(2), in lines 1 and 2 for the words "such period as may be prescribed" the words "one year" be substituted was then put and lost.

The question that clause 5 as amended do stand part of the Bill was then put and agreed to.

Clause 6

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that in clause 6, in line 2, after the words "licence has been granted has" the words "kept cattle in any premises or place different from that mentioned in the licence or kept cattle in excess of the maximum number or different in description from that stated in the licence or" be inserted.

স্যার, এখানে একটা জিনিস ফীল করছি। ৩নং ক্লজ, সাব-ক্লজ ৩ দেখুন, এখানে বলছে, কি কি জিনিস লাইসেনস থাকতে হবে।

licence shall mention the address of the premises or place where the cattle are to be kept, the maximum number and the description of cattle which may be kept.

লাইসেন্সএ ৩টা জিনিস থাকতে হবে—জায়গার

address, number of Cattle and description of Cattle.

এবং ৫নং ধারায় আছে

the license shall be subject to such conditions as may be prescribed—the conditions of license are quite different from the particulars given in the license.

এখানে সাচ কন্ডিশনটা দেখুন—কন্ডিশন কথাটা এখানে ব্যবহার করা হচ্ছে এবং ওখানে লাইসেন্সএর ৩টা ডেসক্রিপশনএর কথা বলা হয়েছে।

Mr. Speaker: All that clause 5(3) says is that you have got to furnish the following particulars: Premises or place where the cattle are to be kept, maximum number and description of cattle which may be kept under the license. What they want to do is this supposing, in the absence of conditions, you may say that within an area of ten square feet I shall keep twenty heads of Cattle.

আপনি জিনিসটা ভাল করে বুঝুন। গভর্নমেন্ট বলছে—আমরা কনডিসন্‌স রাখব, কেননা, আমরা রুলে দেখিয়ে দেব দশ স্কোয়ার ফুট প্রত্যেক গরুর জন্যে রাখতে হবে, তার পর লাইসেন্স বেরুবে। লাইসেন্সএ কি পার্টিকুলারস বেরুবে সেটা আলাদা ম্যাটার।

some conditions are imposed the compliance of which will make a person entitled to a licence; not otherwise.

[6-35—6-45 p.m.]

Sj. Subodh Banerjee:

কিন্তু আমার পয়েন্ট তা নয়। লাইসেন্স ইস্যু করতে গেলে ইস্যু করার ব্যাপারে গভর্নমেন্ট কতকগুলি কন্ডিশানস প্রেসক্রাইব করছেন। তা ছাড়া লাইসেন্সে কতকগুলি পার্টিকুলারস থাকবে যেগুলো থাকতেই হবে। সেগুলি কি? তা হ'ল ঐ address, number and description of cattle

একবার ছয় নম্বর ধারা পড়ে দেখুন। সেখানে বলছে কোন লোক যদি লাইসেন্সএর কন্ডিশনস লঙ্ঘন করে, তা হ'লে তার লাইসেন্স খারিজ হয়ে যাবে। কিন্তু যদি উপরি-উক্ত পার্টিকুলারসগুলি যা কন্ডিশনস নয়, তা লঙ্ঘন করে তা হ'লে কি হবে? মনে করুন আপনার এই লাইসেন্সে লেখা আছে অমুক জায়গায় তিনটি গরু রাখতে পার। আপনি চারটি গরু রাখলেন। কিংবা অমুক জায়গায় এই ডেসক্রিপশনএর গরু রাখতে হবে সেখানে অন্য ডেসক্রিপশনএর গরু রাখলেন —সেখানে

you do not violate the conditions, but you violate the particulars given in the licence, shall you be liable for punishment? According to the provision of the Act you cannot be punished.

Mr. Speaker:

গরুর জায়গায় মোষ রাখলে ধরা পড়ে যাবে।

because Cattle means any animal of the bovine species and includes buffaloes.

Sj. Subodh Banerjee:

ধরুন আপনার এখানে আছে

conditions of licence violate

করলে লাইসেন্স ক্যানসেল্ড হবে।

Mr. Speaker:

গভর্নমেন্ট যদি বলেন, অস্ট্রেলিয়ান গরু রাখতে হবে। হাইকোর্টএতেও এই ব্যাখ্যা হবে যে, গরু মানে গরু। গরু মানে মানুষ কোনদিনই হবে না।

Sj. Subodh Banerjee:

স্পীকার মহাশয়, গরু মানে যে গরু সেটা লেম্যানেও বুঝে।

Mr. Speaker: Bovine species cannot include human beings.

Sj. Subodh Banerjee:

গরু মানে আমরা গরুই বুঝি। কিন্তু আইনে গরু মানে গরু বলার পর যদি অ্যান্ড ইনক্লুডস ম্যান এই কথা লিখে দেয় তা হ'লে কি অবস্থা হয়?

Mr. Speaker: Of course, there are certain men who can easily pass for cows.

আপনি হয়ত জানেন যে, বন্দুকের লাইসেন্সএর ব্যাপারে কতকগুলি শর্ত স্পেসিফাই ক'রে দেওয়া হয়।

As in arms license, you have to satisfy certain conditions. There are different varieties of arms, like shot gun, rifle, revolver and so on.

Now I am putting the amendment to vote.

The motion of Sj. Subodh Banerjee that in clause 6, in line 2, after the words "licence has been granted has" the words "kept cattle in any premises or place different from that mentioned in the licence, or kept cattle in excess of the maximum number or different in description from that stated in the licence or" be inserted, was then put and lost.

The question that clause 6 do stand part of the Bill was then put and agreed to.

Clause 7

Sj. Ardhendu Shekhar Naskar: Sir, I beg to move that for sub-clause (1) of clause 7, the following be substituted, namely:—

"(1) Any person aggrieved by an order of a licensing authority, refusing his application for licence, or cancelling his licence or refusing to renew his license or by an order relating to any change of address or description or variation in number under sub-section (3) of section 5 may, within 30 days of the date of service of such order, prefer an appeal against such order to the Appellate Authority in the prescribed manner."

Mr. Speaker: The rest of the amendments under this clause are not pressed. I put Mr. Naskar's amendment to vote.

The motion of Sj. Ardhendu Shekhar Naskar that for sub-clause (1) of clause 7 the following be substituted, namely:—

"(1) Any person aggrieved by an order of a licensing authority, refusing his application for licence or cancelling his licence or refusing to renew his licence or by an order relating to any change of address or description or variation in number under sub-section (3) of section 5 may, within 30 days of the date of service of such order, prefer an appeal against such order to the Appellate Authority in the prescribed manner." was then put and agreed to.

The question that clause 7, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clause 8

Mr. Speaker: The amendment is out of order.

The question that clause 8 do stand part of the Bill was then put and agreed to.

Clause 9

Sj. Ardhendu Shekhar Naskar: Sir, I beg to move that in sub-clause (2) of clause 9, in line 6, after the words "sub-section (1)" the words "or of the remaining period of licence whichever is earlier" be added.

The motion was then put and agreed to.

The question that clause 9, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clause 10

Mr. Speaker: Amendments are not pressed.

The question that clause 10 do stand part of the Bill was then put and agreed to.

Clause 11

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that in clause 11(3), in line 3, after the word "released" the words "and returned to the owner of the cattle" be inserted.

Sir, I also beg to move that after clause 11(3), the following sub-clause be added, namely:—

"(4) Notwithstanding anything contained before the cattle shall be released, if the owner thereof gives an undertaking in writing to produce the cattle before the Magistrate whenever ordered so to do."

মিঃ স্পীকার, স্যার, আপনি দেখেছেন যে, ১১নং ধারায় গরু সীজ করার অধিকার দেওয়া হয়েছে। আমার এখানে আপত্তি নেই—সীজ করুক কিন্তু একটা প্রভিশন আমি রাখতে চেয়েছি তা হ'ল এই যে, ওনার যদি আন্ডারটেকিং দেয় যে, মামলার দিনে কোর্টে সে গরুটা হাজির করবে সেক্ষেত্রে গরুটাকে যেন ছেড়ে দেওয়া হয়। আপনার নিশ্চয়ই স্মরণে আছে যে, সুবার্বন পুলিস অ্যাক্ট এবং ক্যালকাটা পুলিস অ্যাক্টএ গাড়ি সীজ করার ব্যাপারে এই কথা আছে যে,

If the owner of the Car gives an undertaking that he will produce the Car before the Court when ordered to do so.

সেক্ষেত্রে গাড়ি মালিককে ছেড়ে দেওয়া হয়। তা যদি হ'তে পারে গরুর ক্ষেত্রে কেন এ জিনিস থাকতে পারে না? গরুর ক্ষেত্রেও এখানে এইরকম প্রভিশন থাকা দরকার। এ না থাকলে গরুকে অযত্ন ক'রে মেরে ফেলতে পারে; দুধ তো খেয়েই নেবে—সে বিষয়ে কোন সন্দেহ নেই।

Dr. Suresh Chandra Banerjee:

মাননীয় স্পীকার মহোদয়, আমার অ্যামেন্ডমেন্টে বলা হয়েছে যে,

send the Cattle to the special place where arrangement has been made for the custody and the maintenance of such Cattle

আমার ব্যক্তিগত অভিজ্ঞতা যা আছে তাতে জানি যে, গরুর খাবারের ব্যবস্থা না ক'রেই গরু ধরে নিয়ে যাওয়া হয় এবং ফলে গরু না খেয়ে মরে। এজন্যে আমি বলেছি আগে গরুর খাবারের ব্যবস্থা ক'রে তারপর যেন গরুগুলি ধরে নিয়ে যাওয়া হয়।

[6-45—6-54 p.m.]

Sj. Apurbalal Majumdar: Sir, I beg to move that in clause 11(1), in line 1, the words "of or" be omitted.

Sj. Dhirendra Nath Dhar: Sir, I beg to move that in clause 11(1), in line 2, after the words "has reason to believe" the words "after inspection" be inserted.

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: I oppose all the amendments.

The motion of Sj. Subodh Banerjee that in clause 11(3), in line 3, after the word "released" the words "and returned to the owner of the cattle" be inserted, was then put and lost.

The motion of Sj. Subodh Banerjee that after clause 11(3), the following sub-clause be added, namely:—

"(4) Notwithstanding anything contained before the cattle shall be released, if the owner thereof gives an undertaking in writing to produce the cattle before the Magistrate whenever ordered so to do." was then put and lost.

The motion of Sj. Apurbalal Majumdar that in clause 11(1), in line 1, the words "of or" be omitted was then put and lost.

The motion of Sj. Dhirendra Nath Dhar that in clause 11(1), in line 2, after the words "has reason to believe" the words "after inspection", be inserted was then put and lost.

The question that clause 11 do stand part of the Bill was then put and agreed to.

Clause 12

Sj. Sunil Das: Sir, I move that the following proviso be added to clause 12(3), namely:—

"Provided that no such forfeiture shall be effected if the cause or causes leading to the offence is or are removed within a period of fifteen days of the conviction by a person authorised by the license in this behalf, to the satisfaction of the licensing authority."

এখানে ক্লজ ৬এ আপনি দেখবেন। মিঃ স্পীকার, স্যার, সেখানে বলা হয়েছে যে, লাইসেন্স নাও দেওয়া যেতে পারে এবং লাইসেন্স রিনিউ করতে রিফিউজ করতে পারে। কিন্তু এখানে তাকে একটা কারণ দর্শাবার সুযোগ দেওয়া হবে। এখানেও ঠিক তার সঙ্গে সঙ্গতি রেখে এই কথা বলছি। কারণ এমন নিয়ম আইনে থাকবে যে, কোন রকম কন্ট্রাভেনশন হ'লে তার সাহায্যে বাতিল ক'রে দেওয়া হবে, তা হ'লে একথা বলতাম না। কিন্তু আইনে আছে তাকে শো কজ করতে দেওয়া হবে এবং

Licensing authority satisfied.

হ'লেও, আইন ভাঙ্গা সত্ত্বেও তার দরখাস্ত গ্রাহ্য করা হবে। সেইজন্য আমি বলছি এখানেও এমন ব্যবস্থা থাকবে, যে কারণে তার রিনিউয়াল ফরফিচার করা হবে সে তার কারণ দর্শাতে পারবে এবং একটা রিজনেবল পিরিয়ডএর ভিতর সে অফেন্স করলে তার কারণ যাতে সে দর্শাতে পারে তার সুযোগ তাকে দিতে হবে। কারণ এটা পেরেমটরী নয়। ওখানে যেমন একটু ফ্লেক্সিবিলিটি রয়েছে এখানেও সেই ফ্লেক্সিবিলিটি থাকা উচিত এবং there should not be this provision at all.

The motion was then put and lost.

The question that clause 12 do stand part of the Bill was then put and agreed to.

Clause 13

Sj. Saroj Roy: Sir, I beg to move that in clause 13(2), in line 1, after the words "of licences" the words "except for Class 'A' licence" be inserted.

একটু আগে আপনি একটা কথা বলেছেন যে, গভর্নমেন্ট যা কিছু করে তা পয়সা ছাড়া হবে না। এখানে লাইসেন্স ফীর কথা বলা হচ্ছে। লাইসেন্স দুই রকমের আছে লাইসেন্স এ এবং লাইসেন্স বি। লাইসেন্স এ-তে বলা হচ্ছে বাড়িতে যারা গরু রাখবে সেটা সম্পর্কে এটা যদি একেবারে বাদ নাও দেন তা হ'লে লাইসেন্স এ-এর ফিটা অত্যন্ত নমিন্যাল করা হোক। ফি হবে কেমন তার জবাব যদি মন্ত্রিমহাশয় দেন তা হ'লে স্যাটিসফায়েড হব।

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

লাইসেন্স ফি দিতে হবে।

Mr. Speaker: There will always be a controversy about what is a nominal fee.

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: Yes.

The motion of Sj. Saroj Roy that in clause 13(2), in line 1, after the words "of licences" the words "except for Class 'A' licence" be inserted was then put and lost.

The question that clause 13 do stand part of the Bill was then put and greed to.

Clauses 14 *and* 15

The question that clauses 14 and 15 do stand part of the Bill was then ut and agreed to.

Clause 16

The question that clause 16 do stand part of the Bill was then put and greed to.

Preamble

Sj. Dhirendra Nath Dhar: Sir, I beg to move that in the Preamble, in ne 4, after the words "licensing of cattle", the words "and regulations of ttle keeping" be inserted.

আমার কথা হ'ল—লাইসেন্সিং অব ক্যাট্‌লএর পরে

d regulations of Cattle keeping and for that purpose to provide for the ensing of Cattle.

া করলে ভাল হয়।

The motion was then put and lost.

The question that the Preamble do stand part of the Bill was then put d agreed to.

Adjournment

The House was then adjourned at 6-54 p.m. till 3 p.m. on Thursday, the 1 February, 1959, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Thursday, the 5th February, 1959, at 3 p.m.

Present:

Mr. Speaker (The Hon'ble Sankardas Banerji) in the Chair, 13 Hon'ble Ministers, 11 Deputy Ministers and 198 Members.

[3—3-10 p.m.]

Mr. Speaker: Questions.

Sj. Jatindra Chandra Chakravorty:

স্যার, আমি একটা কথা বলছি ছাত্ররা—

Mr. Speaker: After the question hour.

Further Supplementary Questions to unstarred question No. 7

Sj. Satyendra Narayan Mazumdar:

মাননীয় শ্রমমন্ত্রী জবাব দিয়েছেন প্রথমে দার্জিলিং মজদুর ইউনিয়নের যে মেমোরেন্ডাম পেয়েছেন তাতে মাত্র ৭টা কেস আছে তারপর, আর কতটা কেস পেয়েছেন বলতে পারেন কি?

The Hon'ble Abdus Sattar:

৬ই অগাস্ট ১৯৫৮ তারিখে পাওয়া গিয়েছে, তারপর কি পাওয়া গিয়েছে না পাওয়া গিয়েছে আপাতত বলতে পারি না।

Sj. Satyendra Narayan Mazumdar:

দুটো কেস অন্ততঃ দেওয়া হয়েছে, আরেকটা কলেজ ভ্যালি টি এস্টেটএর কেস—এগুলি ছাড়াও আমার প্রশ্ন হচ্ছে, আপনি জবাবে বলেছেন ইউসেজ অলমোস্ট নন-এক্জিস্টেন্ট এই ইউসেজএর গুরুত্ব কি সংখ্যা দিয়ে না নীতি দিয়ে বিবেচনা করবেন? সংখ্যা যদি ৭টা হয় তাহলে তাকে আপনারা গুরুত্ব দেবেন কি?

The Hon'ble Abdus Sattar:

নীতিগতভাবে আমরা বিরোধী—এজন্য আমরা মালিক সমিতির সঙ্গে আলোচনা চালাচ্ছি।

Sj. Satyendra Narayan Mazumdar:

আলোচনা চালিয়ে কি ফলাফল হয়েছে? আপনি বলেছেন এমপ্লয়ারদের অ্যাটেনসনএ আনা হয়েছে এতে কি ফল হয়েছে?—আপনারা কি বলেছেন?

The Hon'ble Abdus Sattar:

এখন আলোচনা মধ্যবর্তী অবস্থায় আছে। তাঁরা একটা ফরমুলা দিয়েছেন, সেটা আমরা পরীক্ষা করছি।

Sj. Satyendra Narayan Mazumdar:

এখানে প্রশ্ন দুটো, ইউসেজ দুটো আছে, একটা হল হেড অব দি ফ্যামিলির কাছ থেকে [illegible] কাজ থেকে বিতাড়িত করা, আরেকটা হল বাগান থেকে বহিষ্কার করা। এদুটো সম্পর্কে মালিকপক্ষকে আপনারা কি বলেছেন?

The Hon'ble Abdus Sattar:

আমি তো বলেছি সমস্ত ব্যাপারটাই আলোচনার পর্যায়ে আছে, মধ্যবর্তী অবস্থায় আছে।

Sj. Satyendra Narayan Mazumdar:

মাননীয় শ্রমমন্ত্রী কি জানেন যে গত বৎসর শিলংএ যে সম্মেলন হয়েছিল তাতে বলা হয়েছিল রাজ্যের ত্রিদলীয় সম্মেলন ডাকা হবে?

Mr. Speaker: I think we are going slightly beyond.

Sj. Satyendra Narayan Mazumdar:

তিনি বলেছেন যে, এমপ্লয়ারদের রিপ্রেজেনটেটিভদের অ্যাটেনশন ড্র করা হয়েছে, এই করে কি ফলাফল হল আমি সেটা জানতে চাচ্ছি।

Mr. Speaker: The attention of the employers' representatives was drawn. Do you know of the reaction?

The Hon'ble Abdus Sattar:

তাঁরা বিবেচনা করছেন।

Sj. Satyendra Narayan Mazumdar:

ফরমুলাটা বলতে কি আপত্তি আছে?

The Hon'ble Abdus Sattar:

এখন বলতে পারি না।

Sj. Satyendra Narayan Mazumdar:

এখানে প্রশ্ন হল যে, তাঁদের কতদিন সময় দেবেন এই ব্যাপার আলোচনার জন্য?

The Hon'ble Abdus Sattar:

যতদূর সম্ভব শীঘ্র আমরা শেষ করতে চাই।

Sj. Satyendra Narayan Mazumdar:

এই জিনিস অনুসন্ধান করে আইন প্রণয়নের কথা চিন্তা করছেন কিনা?

Mr. Speaker: Until it is over, it does not arise.

Sj. Satyendra Narayan Mazumdar:

লেবার কোর্ট অ্যাডজুডিকেশনের জন্য রেফার করার টার্মস অব রেফারেন্স কি?

Mr. Speaker: They must have been gazetted.

UNSTARRED QUESTIONS

(answers to which were laid on the table)

Bus routes from Burdwan Town and construction of bus stands with passenger sheds there

8. (Admitted question No. 660.) **Sj. Dasarathi Tah:** Will the Hon'ble Minister in charge of the Home (Transport) Department be pleased to state—

(ক) বর্ধমান শহর হইতে কোন্ কোন্ রাস্তায় কতগুলি বাস-রুট আছে;

(খ) ঐগুলির জন্য শহরের কোন্ কোন্ স্থানে বাস স্ট্যান্ড নির্দিষ্ট আছে;

(গ) স্ট্যান্ডগুলিতে অপেক্ষমাণ যাত্রীদের জন্য কি কি ব্যবস্থা আছে;

(ঘ) বিজয় তোরণের সম্মুখস্থ জি টি রোডের পার্শ্বস্থিত পি ডবলু ডি-র বিস্তীর্ণ স্থানে একটি বাস স্ট্যান্ড এবং তাহার সহিত [illegible] বিশ্রামস্থল নির্মাণের জন্য সরকার কোন আবেদন পাইয়াছেন কিনা ; এবং

(ঙ) পাইয়া থাকিলে, সরকার এজন্য কি ব্যবস্থা করিয়াছেন?

The Minister of State for Development (The Hon'ble Tarun Kanti Ghosh).

(ক) একটি তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) (১) বিজয় তোরণের সম্মুখে ;

(২) কালনা রোডে ; এবং

(৩) বর্ধমান স্টেশনের নিকটে।

(গ) কোন বিশেষ ব্যবস্থা হয় নাই।

(ঘ) এবং (ঙ) বাস সিন্ডিকেট ম্যাজিস্ট্রেটকে দরখাস্ত দিয়াছিলেন—এখনও সরকার কোন সিদ্ধান্তে আসেন নাই।

Hindrance to Development Works in N.E.S. Blocks from interested quarters

9. (Admitted question No. 1504.) **Sj. Pramatha Nath Dhibar:** Will the Hon'ble Minister in charge of the Development Department be pleased to state—

(ক) সরকার কি অবগত আছেন যে, এন. ই. এস. ব্লক-এর অন্তর্গত এলাকায় গ্রাম্য রাস্তার ও অন্যান্য উন্নয়নমূলক কাজে স্বার্থজড়িত ব্যক্তিরা বাধা সৃষ্টি করেন ও অসুবিধা করেন ; এবং

(খ) অবগত থাকিলে, সরকার ঐরূপ অসুবিধা দূরীকরণের কি ব্যবস্থা করিয়াছেন?

The Minister of State for Development (The Hon'ble Tarun Kanti Ghosh):

(ক) গ্রামসমূহে বিভিন্ন স্বার্থজড়িত লোক থাকায় কোন কোন উন্নয়নমূলক কাজে বাধার উৎপত্তি হওয়া অসম্ভব নয়। তবে অনুরূপ কোন বিবরণ পাওয়া যায় নাই।

(খ) কোনরূপ অসুবিধার সৃষ্টি হইলে স্থানীয় সরকারী কর্মচারিগণ এবং বিভিন্ন প্রতিনিধিস্থানীয় লোক লইয়া গঠিত স্থানীয় ব্লক এডভাইসরী কমিটিসমূহ সাধারণত তাহা দূরীকরণের ব্যবস্থা করেন।

Inclusion of Kaliachak police-station in N.E.S. Blocks

10. (Admitted question No. 1415.) **Sj. Monoranjan Misra:** Will the Hon'ble Minister in charge of the Development Department be pleased to state—

(*a*) whether Government have any scheme for including Kaliachak thana in the district of Malda in N.E.S. Block immediately;

(*b*) if not immediately, what is the reason for delay; and

(*c*) what are the conditions upon which priority in regard to inclusion of N.E.S. Blocks is given?

The Minister of State for Development (The Hon'ble Tarun Kanti Ghosh): (*a*) No decision has yet been taken to open an N.E.S. Block in Kaliachak thana immediately; but Government have decided to cover the entire rural area with N.E.S. Blocks during the Second Five-Year Plan period.

(*b*) and (*c*) Priority in regard to the inclusion of an area in an N.E.S. Block is given in consultation with the district officers and having due regard to other reasons, such as, possibility of agricultural improvement, undeveloped conditions of the area, etc. On the basis of the above considerations it has not yet been possible to start an N.E.S. Block in Kaliachak thana.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Labour strength of Messrs. Remington Rand of India Limited

***14.** (Admitted question No. *1478.) **Dr. Jnanendra Nath Majumdar:** Will the Hon'ble Minister in charge of the Labour Department be pleased to state—

(ক) এই রাজ্যে (পশ্চিমবঙ্গ) রেমিংটন র‍্যান্ড অফ ইন্ডিয়া লিমিটেড-এর কয়টি কারখানা আছে ও সেগুলিতে শ্রমিক-সংখ্যা কত ;

(খ) ইহা কি সত্য যে, গত সেপ্টেম্বর মাসে এই কারখানাগুলিতে বিরাট-সংখ্যক শ্রমিক ছাঁটাই হইয়াছে ; এবং

(গ) সত্য হইলে, তাহাদের সংখ্যা কত এবং ছাঁটাইয়ের কারণ কি ?

The Minister for Labour (The Hon'ble Abdus Sattar):

(ক) একটি কারখানা আছে এবং শ্রমিক-সংখ্যা আটশত।

(খ) না।

(গ) প্রশ্ন উঠে না।

Sj. Deben Sen:

মাননীয় শ্রমমন্ত্রী কি জানাবেন যে, ছাঁটাইএর বিরুদ্ধে সেখানে প্রায় ১ মাসব্যাপী ৪৩ দিন পর্যন্ত হরতাল হয়েছিল এটা জানেন কিনা ?

The Hon'ble Abdus Sattar:

সেই হরতাল শেষ পর্যন্ত আমার হস্তক্ষেপে শেষ হয়েছিল।

Sj. Deben Sen:

কি কারণে হয়েছিল ?

The Hon'ble Abdus Sattar:

তাদের অনেক দাবী ছিল।

Sj. Deben Sen:

ছাঁটাই একটা কারণ ছিল কি ?

The Hon'ble Abdus Sattar:

কোন পার্টিকুলার কর্মীর ছাঁটাইএর জন্য হয় নি।

Number of cases instituted by Factory Inspectors during the last two years

*15. (Admitted question No. *1618.) **Sj. Panchu Gopal Bhaduri:** Will the Hon'ble Minister in charge of the Labour Department be pleased to state—

(*a*) the number of cases, if any, during the last two years, instituted by Factory Inspectors against Factory Owners or Managements for infringement of the provisions of various labour legislations;

(*b*) whether Government have any machinery to check up the activities of Factory Inspectors;

(*c*) if so, what is the machinery;

(*d*) how many cases of complaints, if any, have been received by Government against Factory Inspectors for dereliction of duties during the last two years; and

(*e*) in how many cases Government have taken the Factory Inspectors to task during the said period?

The Minister for Labour (The Hon'ble Abdus Sattar): (*a*) In 1955 it was 182 and in 1956 it was 100. Figures for the year 1957 have not yet been compiled.

(*b*) and (*c*) Every complaint is properly enquired into by Government.

(*d*) No specific complaint received.

(*e*) Does not arise.

As regards answer (a) I would like to add that in 1957, the number was 138 and in 1958 it was 65.

Non-inclusion of Mauza Kharagpur Khas Jungle within the Kharagpur Municipality

*16. (Admitted question No. *968.) **Sj. Sudhir Kumar Pandey:** Will the Hon'ble Minister in charge of the Local Self-Government Department be pleased to state—

(*a*) whether the area Kharagpur Khas Jungle of Kharagpur Town has been left out of Kharagpur Municipality;

(*b*) whether above area has got several factories, some big buildings and several high schools within it;

(*c*) if so, what are the reasons for excluding this area out of the Municipality;

(*d*) whether the Government have any representation from the Municipality of Kharagpur for the inclusion of that area in the Municipality; and

(*e*) if so, when such representation or representations reached the Government and what the Government propose to do regarding it?

The Minister for Local Self-Government and Panchayats (The Hon'ble Iswar Das Jalan): (*a*), (*b*) and (*d*) Yes.

(*c*) The area in question was not included in the original proposal for creation of the Municipality received from the local officers.

(*e*) In July, 1956. It is proposed to include mauza Kharagpur Khas Jungle within the Municipality (excluding the portion administered by the Railway Authorities) as soon as possible after the general election of the Municipality.

Sj. Narayan Chobey:

আপনি সি-এর জবাবে বলেছেন

The area in question was not included in the original proposal for creation of the Municipality received from the local officers

কিন্তু তার রিজনটা কি, কেন নেওয়া হল না।

The Hon'ble Iswar Das Jalan: We were guided by the opinion of the local officers at that time.

Sj. Narayan Chobey:

আমার জিজ্ঞাস্য হচ্ছে, লোকাল অফিসাররা কেন এটা ইনক্লুড করেন নি? এই হচ্ছে কোয়েশ্চেন।

The Hon'ble Iswar Das Jalan: They take into consideration all the facts. At that particular time they did not think it necessary to be included.

Sj. Narayan Chobey:

১৯৪৪ সালে মিউনিসিপ্যালিটি হয়েছে, আর এখন ১৯৫৯ সাল। এখন গভর্নমেন্ট বলছেন, নেবেন। তখন কেন ইনক্লুড করা হয় নি যেখানে বিল্ডিং ও ফ্যাক্টরী আছে—তাহলে এনকোয়ারি করে কি লাভ হল?

The Hon'ble Iswar Das Jalan: Whenever we decide about a municipality we refer it to the local officers and we include those areas which are recommended by them.

Sj. Narayan Chobey:

দয়া করে বলবেন কি লোকাল অফিসারসরা কেন ইনক্লুড করেন নি তার কোন এনকোয়ারি করেছেন কিনা?

The Hon'ble Iswar Das Jalan: It was a matter of judgment as to which area should be included. But now this Kharagpur Khas Jungle has been included. The necessary notification has been made and the final notification is also being made.

Sj. Narayan Chobey:

এই নোটিফিকেশন কবে দেওয়া হয়েছে বলতে পারেন কি?

The Hon'ble Iswar Das Jalan: The preliminary notification was published in August. Three months' time has been given to invite objections. We have received objections and accordingly we have now issued the notification. It will be published in the Gazette in a few days' time.

Sj. Narayan Chobey:

এটা কি ঠিক যে, রাস্তার উপর চিত্তবাবুর সিনেমা আছে বলে দেওয়া হয় নি?

Mr. Speaker: Question disallowed.

[3-10—3-20 p.m.]

Dr. Hirendra Kumar Chattopadhyay:

লোকাল অথরিটিজ, তাঁরা সেগুলি ইনক্লুড করবেন কিনা এবং তার জন্য কোন ডাইরেক্টিভ আছে কি? না, গভর্নমেন্ট ইচ্ছা করলেই প্রিন্সিপল লে ডাউন করবেন?

The Hon'ble Iswar Das Jalan: Whenever we decide about a municipality we depend upon the opinion of the local officers as to which area should be included and which area should not be included.

Dr. Hirendra Kumar Chattopadhyay:

আমার প্রশ্ন হচ্ছে—হুইচ এরিয়া টু বি ইনক্লুডেড অর নট টু বি ইনক্লুডেড, এ সম্বন্ধে গভর্নমেন্ট পক্ষ থেকে মিউনিসিপ্যালিটিকে কোন রুলস বা ডাইরেক্টিভ দেওয়া আছে কি? না, গভর্নমেন্ট আর্বিটারিভাবে করবেন, মিউনিসিপ্যালিটির ইচ্ছা না থাকলেও?

The Hon'ble Iswar Das Jalan: It depends on the provisions of the Act. The area must be a compact area, three-fourths of the members should be non-agriculturists, and then they also consider other factors as to which area should be included or not. But that is a matter of their judgment.

Dr. Hirendra Kumar Chattopadhyay: What are the other factors?

Mr. Speaker: Dr. Chattopadhyay, it is no use whipping a dead horse.

Sj. Narayan Chobey:

আপনি যে সমস্ত কন্ডিশনএর কথা বললেন, তার কোন কোনটি এখানে এ্যাপ্লাইড হয়েছিল, সেটা এনকোয়ারি করেছিলেন কি?

The Hon'ble Iswar Das Jalan: It is not necessary for me to enquire at this stage.

Reclamation of Barti Beel, Barrackpore subdivision

***17.** (Admitted question No. *919.) **Sj. Panchanan Bhattacharjee:** Will the Hon'ble Minister in charge of the Agriculture Department be pleased to state—

(*a*) whether Government are aware that the Barti Beel, in the Barrackpore subdivision, in the district of 24-Parganas, almost every year is flooded with water coming from adjoining areas causing failure of crops there; and

(*b*) if so, whether there is any development scheme for reclamation of the Beel?

The Minister for Agriculture and Animal Husbandy (The Hon'ble Dr. Rafiuddin Ahmed): (*a*) It is true that in the years of abnormal rainfall water accumulates in the Barti Beel, which cannot be drained out properly due to inadequate drainage arrangement resulting in partial failure of crops in those years.

(*b*) Yes. Two schemes for removal of the drainage difficulties caused by sudden accumulation of water in cases of abnormal rainfall have been under the consideration of the Irrigation and Waterways Department of this Government.

Sj. Deben Sen: With regard to reply (b), will the Hon'ble Minister be pleased to state whether the two schemes referred to there which are said to be under consideration have been included in the Second Five-Year Plan or not?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: At present drainage of the Barti Beel area is through two khals, namely, Ichapur khal and Nawai khal maintained by the Irrigation and Waterways Department of this Government. The entire area of the Beel is normally under cultivation excepting several kunis comprising 200 to 300 acres only. These kunis are the lowest points of the Beel and are utilised for pisciculture. During the years of normal rainfall the area can be satisfactorily drained out by the existing system but if the shower is heavy or accumulation of water is excessive and sudden due to abnormal rainfall the existing system is not sufficient to

cope with the situation. The Irrigation and Waterways Department have therefore drawn up two schemes, viz. scheme for re-excavation of Nawai khal under the Master Plan for drainage of Greater Calcutta estimated to cost Rs. 48,00,000 and the Sunthi Basin Drainage Scheme estimated to cost Rs. 63 lakhs roughly for removal of the drainage difficulties in the Barti Beel and surrounding areas covering a total area of 171 sq. miles including the Barti Beel. These schemes, I can tell Mr. Sen, are proposed by the Irrigation and Waterways Department for inclusion in the Third Five-Year Plan.

Sj. Chitto Basu:

এ কথা কি সত্য যে নেয়াই খাল এবং ইছাপুর খাল, যাদের কথা আপনি বললেন, তাতে সিল্ট পড়ে গিয়ে জলনিকাশী ব্যবস্থার ক্ষতি করেছে?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

এটা সত্যি, সিল্ট পড়েছে, এবং সেইজন্যই খালের রি-এসকাভেশন দরকার।

Sj. Chitto Basu:

তাহলে আপনার তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার আগে এমন কোন পরিকল্পনা গ্রহণ করে সাময়িকভাবে সিল্ট ক্লিয়ারেন্সের ব্যবস্থা করা হবে কি?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

আমাদের ইরিগেশন ডিপার্টমেন্টের এক্সপার্টদের অপিনিয়ন যা পাচ্ছি, তাতে দেখছি একটা স্কীমে ৪৮ লক্ষ টাকা লাগবে, দ্বিতীয়, স্কীমটিতে ৬৩ লক্ষ টাকা লাগবে। এটাকে সাময়িকভাবে জোড়াতালি দিয়ে কিছু করার উপায় নেই।

Sj. Chitto Basu:

আপনি কি জানেন—সুতী ড্রেনেজ স্কিম, যেটার কথা আপনি বললেন, সেই সুতী নদীর উপরে ইতিমধ্যেই অনেকে প্রাইভেট পরসনস জমি দখল করে পুকুর করেছেন?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

এ খবর আমার জানা নেই।

Cultivation of jute and paddy in Nadia district by Japanese method

***18.** (Admitted question No. *916.) **Sj. Haridas Dey:** Will the Hon'ble Minister in charge of the Agriculture Department be pleased to state—

(ক) নদীয়া জেলায় ১৯৫৪-৫৫, ১৯৫৫-৫৬ এবং ১৯৫৬-৫৭ সালে কত একর জমিতে জাপানী প্রথায় ধান ও পাট চাষ করা হইয়াছিল; এবং

(খ) চলতি প্রথায় ও জাপানী প্রথায় প্রতি একরে খরচের পরিমাণ এবং উৎপন্ন ফসলের পরিমাণ কত হইয়াছে জানাইবেন কি?

The Minister for Agriculture and Animal Husbandry (The Hon'ble Dr. Rafiuddin Ahmed):

(ক) "ক" তালিকা এতৎসহ উপস্থাপিত করা হইল।

(খ) ধানচাষের জন্য প্রতি একরে খরচের পরিমাণ চলতি প্রথায় প্রায় ১২৫ টাকা এবং জাপানী প্রথায় ১৭৫ টাকা হইতে ২২০ টাকার মধ্যে হয়। পাট চাষের জন্য প্রতি একরে খরচের পরিমাণ চলতি প্রথায় টাকা ৩৩৪৶. এবং জাপানী প্রথায় টাকা ২৮২৷৷৶. হয়।

নদীয়া জেলায় চলতি প্রথায় ও জাপানী প্রথায় উৎপন্ন ধান ও পাটের ফলনের একটি তালিকা ("খ" তালিকা) এতৎসহ উপস্থাপিত করা হইল।

Statement "ক" referred to in reply to clause (ক) of Starred question No. 18

নদীয়া জেলায় জাপানী প্রথায় আমন ধান ও পাটচাষের জমির পরিমাণ

সাল।	আমন ধান।	পাট।
	একর।	একর।
১৯৫৪-৫৫ ..	১৮১	৭০
১৯৫৫-৫৬	২৩১	২১০
১৯৫৬-৫৭ ..	২৪৭	৩৬৫

Statement "খ" referred to in reply to clause (খ) of Starred question No. 18

নদীয়া জেলায় চলতি প্রথায় ও জাপানী প্রথায় প্রতি একরে উৎপন্ন আমন ধান ও পাটের পরিমাণ

সাল।	একর প্রতি আমন ধানের ফলন।		একর প্রতি পাটের ফলন।	
	চলতি প্রথা।	জাপানী প্রথা।	চলতি প্রথা।	জাপানী প্রথা।
	মণ।	মণ।	বেল।	বেল।
১৯৫৪-৫৫	১৫.১২	২৬.৬১	২.৩৬	২.৮৬
১৯৫৫-৫৬	১৪.৯০	২৬.৩৯	২.১৭	২.৬৭
১৯৫৬-৫৭	১১.৬৭	২৩.১৬	২.০৬	২.৫৬

বিশেষ দ্রষ্টব্য।—১ বেল (bale) = ৪০০ পাউণ্ড = ৪.৮৬ মণ।

Sj. Haridas Dey:

ধান চাষের ও পাট চাষের যে খরচ দেখান হয়েছে জাপানী ও চলতি প্রথায় তাতে দেখছি ধানের খরচ বেশি এবং পাটের খরচ কম, এর কারণ কি?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

কারণ যদি আপনি জিজ্ঞাসা করেন, তার উত্তর দিতে পারবো না। কিন্তু একচুয়াল খবর হয়েছে যেটা আমাদের এক্সপার্টসরা ধরেছেন, সেটা আমি আপনাদের কাছে ধরেছি।

Sj. Haridas Dey:

এই যে আপনি একরপ্রতি ফলন দেখিয়েছেন ১৯৫৪-৫৫ সালে, ১৯৫৫-৫৬ সালে এবং ১৯৫৬-৫৭ সালে। ১৯৫৬-৫৭ সালে যে ফলন কম হয়েছে তার কারণ কি?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

আবহাওয়া, মরশুমে ইত্যাদি কারণে হয়েছে।

Distribution of cattle purchase loan in 1957-58

***19.** (Admitted question No. *771.) **Dr. Dhirendra Nath Banerjee:** Will the Hon'ble Minister in charge of the Agriculture Department be pleased to state—

(*a*) the amount of money spent or distributed as cattle purchase loans during the year since April, 1957, districtwise with special reference to Cooch Behar, Jalpaiguri, Malda and West Dinajpur; and

(*b*) the number of persons who applied for cattle purchase loans and the number that received or were granted it in each district during the said period?

The Minister for Agriculture and Animal Husbandry (The Hon'ble Dr. Rafiuddin Ahmed): A statement is laid on the Table.

Statement referred to in reply to Starred question No. 19

District.	Amount distributed from April, 1957 to 15th January, 1958.	No. of persons who applied for loan.	No. that received such loan.
	Rs.		
Howrah	1,00,000	2,885	885
Hooghly	2,02,000	1,988	1,196
Burdwan	2,00,000	19,302	1,776
Birbhum	1,30,000	2,850	1,057
Bankura	1,20,000	1,714	1,140
Midnapore .. .	3,00,000	5,582	2,840
Purulia	25,000	275	275
24-Parganas .. .	1,50,000	3,680	1,474
Nadia	5,00,000	7,051	3,037
Murshidabad	2,70,000	9,150	2,315
Malda . .	1,84,415	2,676	1,209
West Dinajpur .. .	1,25,000	4,532	1,294
Jalpaiguri	1,98,525	2,346	1,470
Cooch Behar	52,675	1,355	317
Darjeeling	35,270	315	177

Dr. Suresh Chandra Banerjee:

এই যে ক্যাটল পারসেজ লোন কাকে দেওয়া হবে বা না দেওয়া হবে, সেটা ঠিক করবার জন্য কোন মেশিনারী আছে কি? অর্থাৎ যত লোক লোনের জন্য দরখাস্ত করে, তাদের সকলকেই লোন দেওয়া হয় না, কিছু কিছু লোককে দেওয়া হয়। এরজন্য কোন মেশিনারি আছে কি?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

ক্যাটল পারসেজ লোন যারা চায়, তারজন্য আবেদন করতে হয়, তার উপরে একটা অনুসন্ধান হয় এবং স্থানীয় ইউনিয়ন এগ্রিকালচারাল এ্যাসিস্টেন্ট ও ইউনিয়ন বোর্ড প্রেসিডেন্ট, তাঁরা রেকমেন্ড করেন কাকে কাকে দেওয়া হবে বা কাকে কাকে দেওয়া হবে না।

Mr. Speaker: Dr. Ahmed, I think there are certain specific rules governing distribution of cattle purchase loan. There are definite rules on the basis of which it is decided whether cattle purchase loan should be given or not, such as guarantee, quantum of loan, whether regular in payment of past loans, etc. I have come to know these things from the cultivators. The question will be completely answered if you read out the rules.

Dr. Suresh Chandra Banerjee:

ইউনিয়ন রিলিফ কমিটির এইসব ক্যাটল পার্চেস লোন কাকে কাকে দেওয়া হবে বা না হবে, তা ঠিক করবার ক্ষমতা আছে কি?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

ইউনিয়ন রিলিফ কমিটির পরামর্শ নেওয়া হয়।

Sj. Chitto Basu:

সব সময় তাদের রেকমেন্ডেশন নেওয়া হয়?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: Not necessarily.

Mr. Speaker: It is advisory, not mandatory.

Sj. Satyendra Narayan Mazumdar:

আমি জানতে চাই যারা এই ঋণের জন্য দরখাস্ত করেন, তাঁদের ঋণ পেতে হলে কি পরিমাণ জমি থাকা দরকার, যাতে আপনাদের নিয়ম অনুসারে ঐ লোন পেতে পারে?

[3-20—3-30 p.m.]

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: As suggested by Mr. Speaker I read the rules governing distribution of cattle purchase loan:

(1) Cultivators who cultivate more than 3 acres but less than 10 acres (including lands under the barga system or lease);

(2) Cultivators who cultivate less than 3 acres are also eligible provided the value of land owned by him is not less than 5 times the amount of loan to be advanced;

(3) If the value of the holdings of the cultivators having due regard to the existing encumbrances does not adequately secure the loan applied for, they have to furnish additional security for the loan;

(4) Loan is not given to cultivators who are known to have in their possession surplus stocks of paddy and rice.

Those who do not satisfy these conditions are not given loan.

Sj. Satyendra Narayan Mazumdar:

জমির পরিমাণ কমাবার জন্য এবং বর্গাদার যারা তারা যাতে এই ঋণের সুযোগ পেতে পারে সেই সম্পর্কে কিছু করবেন কিনা?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: According to rules bargadars are entitled to get loan.

Sj. Satyendra Narayan Mazumdar:

কিভাবে, কি পদ্ধতিতে, একজন, না গ্রুপ করে দেওয়া হয়?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

এখানে হু কালটিভেট ল্যাস দ্যান থ্রী একরস সেও পেতে পারে।

Sj. Satyendra Narayan Mazumdar:

জমির পরিমাণ কম হলে যেভাবে গ্রুপ করে কৃষি ঋণ দেওয়া হয় সেইভাবে গ্রুপ করে এই ঋণ দেবার কথা বিবেচনা করবেন কিনা?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

ক্যাটল পার্চেস লোনটা গ্রুপ লোন হিসাবে দেওয়া হয় না। তবে এই বিষয় অনেক আবেদন এসেছে, সেই আবেদন বিচারাধীন আছে।

Sj. Sunil Das:

এখানে তিনি যে স্টেটমেন্ট দিয়েছেন তাতে দেখতে পাচ্ছি বর্ধমান জেলায় ১৯৩০২টি দরখাস্ত এসেছিল ১৭৭৬ জন লোককে দেওয়া হয়েছে; মেদিনীপুরে ৫৫৮২টি দরখাস্ত এসেছিল, দেওয়া হয়েছে ২৮৪০ জনকে; নদিয়া জেলায় ৭০৫১টি দরখাস্ত করেছিল, দেওয়া হয়েছে ৩০৩৭ জনকে; মুর্শিদাবাদে ৯১৫০টি দরখাস্ত এসেছিল, দেওয়া হয়েছে ২৩১৫টিকে; হোয়াট ইজ দি কজ অব দিস ডিসক্রিপেন্সি?

Mr. Speaker: Conditions being unequal.

Sj. Gangadhar Naskar:

ক্যাটল পার্চেস লোন ভাগচাষীদের দেওয়া হয় বলেছেন কিন্তু অনেক জায়গায় সব ভাগচাষীরা পাচ্ছে না, কংগ্রেসের লোক হলে সেইসব ভাগচাষীরা পাচ্ছে।

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

একথা ঠিক নয়। আমরা যে রুলস করেছি তাতে ভাগচাষীরাও পাবে এবং তিন একরের কম হলেও পেতে পারবে।

Sj. Cobinda Charan Maji:

সরকার কি অবগত আছেন, যে সমস্ত রুলস এইখানে মন্ত্রী মহাশয় রাখলেন, এই সমস্ত রুলস যথাযথ ফুলফিল করা সত্ত্বেও বহু জায়গায় চাষীরা তা পাচ্ছে না?

Mr. Speaker: That is a matter of opinion.

Sj. Cobinda Charan Maji:

আমরা জানি.....

Mr. Speaker: That is your opinion, department does not say so.

Sj. Chitto Basu:

বিভিন্ন জেলা থেকে যে ধরণের দরখাস্ত করা হচ্ছে ক্যাটেল পার্সেজ লোনএর জন্য সেই পরিমাণ টাকা না দেবার জন্য কি কেউ কেউ পাচ্ছে না, অর্থাৎ নন-এডেইলএবিলিটি অফ ফান্ডস-এর জন্য কি?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

নন এডেইলএবল অফ ফান্ডএর প্রশ্ন ত আছেই। আমাদের এখানে যদি বলা হয় যে ১০ কোটি টাকা দিতে হবে তাহলে অত টাকা দেবার ক্ষমতা আমাদের সরকারের নেই। গত বৎসর ২৯ লক্ষ টাকা দেওয়া হয়েছিল এবং প্রত্যেক জেলায় জেলায় তা বিতরণ করা হয়েছিল সার্কল অফিসারএর মাধ্যমে।

Mr. Speaker: Next question. We are not interested in cattle any more. Let us come to manure now.

Distribution of manure in Basirhat subdivision

***20.** (Admitted question No. *774.) **Sj. Hemanta Kumar Basu:** Will the Hon'ble Minister in charge of the Agriculture Department be pleased to state—

(*a*) how many maunds of manure were distributed to the cultivators of Basirhat subdivision in 1956 and what is the amount of rupees realised from the sale;

(*b*) what is the amount still unrealised;

(*c*) what steps are being taken for realisation of the same;

(*d*) how many maunds of manure were distributed to the cultivators of the subdivision up to October, 1957;

(*e*) what is the quantity of manure distributed per bigha of land and how many persons have received the same;

(*f*) if the experts examine lands before the manure is distributed on them; and

(*g*) what is the increase in production per bigha after manure being used on it?

The Minister for Agriculture and Animal Husbandry (The Hon'ble Dr. Rafiuddin Ahmed): (*a*), (*d*) and (*e*) Statements are laid on the Table.

(*b*) Rs. 1,84,992.22 nP.

(*c*) After the harvesting of the crops following the issue of fertilisers on loan, the outlying Agricultural Officers realise the money by giving prior notice to the loanees. Certificate cases are instituted against the defaulters.

(*f*) This is not generally done, but the cultivators are apprised through leaflets and posters circulated by the extension staff of Agricultural Directorate as to the type and doses of fertilisers to be used for different kinds of lands.

(*g*) 1—1½ maunds of rice, 20—25 maunds of potato, 33 seers—1 maund of jute and 66 maunds to 83 maunds of sugarcane per bigha.

Statement referred to in reply to clause (a) of starred question No. 20

Name of subdivision.	Quantity of different kinds of manure distributed in 1956.				Amount of rupees realised from the sales.
	Ammonium sulphate.	Super-phosphate.	Paddy mixture.	Potato mixture.	
	Md. sr. ch.	Md. sr. ch.	Md. sr. ch.	Md. sr. ch.	
Basirhat ..	13,189 33 0	54 20 0	951 20 0	1,573 20 0	Rs. 19,745. 44nP. realised from the cultivators during 1956 on account of fertilisers issued on loan.

Statement referred to in reply to clause (d) of starred question No. 20

Name of subdivision.	Quantity of different kinds of manure distributed in 1957.			
	Ammonium sulphate.	Super-phosphate.	Paddy mixture.	Potato mixture.
	Md. sr. ch.	Md. sr. ch.	Md. sr. ch.	Md. sr. ch.
Basirhat ..	4,066 20 0	68 0 0	215 20 0	122 0 0

Statement referred to in reply to clause (e) of starred question No. 20

Name of subdivision.	Quantity of manure distributed per bigha of land for –				Approximate number of persons who have received the manure.
	Paddy.	Jute.	Potato.	Sugarcane.	
Basirhat	20 seers of ammonium sulphate and 20 seers of super-phosphate or 1 maund of fertiliser mixture.	20 seers of ammonium sulphate per bigha.	4 maunds of potato fertiliser mixture per bigha.	3 maunds 36 seers of fertiliser mixture or 1 maund 32 seers of ammonium sulphate per bigha.	About 870 persons.

Sj. Hemanta Kumar Basu:

কত টাকার ম্যানিওর ডিস্ট্রীবিউটেড হয়েছে? বসিরহাটে কত টাকা রিয়েলাইজড হয়েছে?

Mr. Speaker: That does not appear in the question.

Sj. Hemanta Kumar Basu:

সার্টিফিকেট যে জারী করা হচ্ছে সেটা কি অপারগ হলেও জারী করা হচ্ছে?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: I have not those figures with me here, but I think in limited cases it is done. If you want details I ask for notice. In individual cases it is considered and the District Magistrate of the area does it.

Agricultural Exhibition at Kakdwip on the occasion of Peasants' Conference there

***21.** (Admitted question No. *1486.) **Sj. Samar Mukhopadhyay:** (*a*) Will the Hon'ble Minister in charge of Agriculture Department be pleased to state if it is a fact that the Agriculture Department of the State Government organised an Agricultural Exhibition on the occasion of a Peasants' Conference under the auspices of West Bengal Pradesh Congress Committee held recently at Kakdwip in the district of 24-Parganas?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) total expenditure incurred in this connection; and

(*ii*) out of the total how much has been spent for Ministers, Deputy Ministers and Officers of Government on account of—

(1) travelling,

(2) petrol for motor cars, and

(3) entertainment?

The Minister for Agriculture and Animal Husbandry (The Hon'ble Dr. Rafiuddin Ahmed): (*a*) The Agriculture Department participated in the Exhibition which was organised by an Exhibition Committee.

(*b*)(*i*) Rs. 700.

(*ii*) No expenditure was incurred on these items.

Dismissal of certain workers of Bhagatpur Tea Estate

***22.** (Admitted question No. *973.) **Sj. Mangru Bhagat and Sj. Bhadra Bahadur Hamal:** (*a*) Will the Hon'ble Minister in charge of the Labour Department be pleased to state if it is a fact —

(*i*) that there was a general strike of Tea Garden workers in Dooars and Terai areas of Jalpaiguri district in 1955;

(*ii*) that during the strike period 114 workers of Bhagatpur Tea Estate in Dooars were dismissed from service by the Management;

(*iii*) that after four months 67 workers of the garden were taken back to work and 47 workers were not taken back;

(*iv*) that of the 47 workers who were not taken back, charge-sheet was drawn against 15 workers by the Court; and

(*v*) that when those 15 workers were released from jail their families who were working in the Bhagatpur Tea Estate were discharged from service by the Management?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state the reasons for the discharge of those families?

The Minister for Labour (The Hon'ble Abdus Sattar): (*a*)(*i*) Yes, there was a general strike in some of the Tea Gardens in Dooars and Terai from 29th August, 1958.

(*ii*) to (*v*) and (*b*) A statement of facts is laid on the Table.

Statement referred to in reply to clauses (a)(ii) to (v) and (b) of starred question No. 22

It is not a fact that 114 workers of Bhagatpur Tea Estate were dismissed by the Management. On 13th February, 1958, a violent mob assaulted the Police and the Managerial staff of Bhagatpur Tea Estate. Following this incident, 107 workers of the said Tea Estate were arrested by the Police. The Management on its part suspended 43 of these 107 arrested workers pending enquiry into their cases as a security measure. After Managerial enquiries, 28 of the 43 suspended workers, including 15 such workers who were convicted by Court, were ultimately dismissed in accordance with the standing orders of the company. The rest of the suspended workers were allowed to resume work.

Thereafter, the Management discharged 19 dependant workers of the dismissed workmen with offer of notice pay and due compensation for past services as the Management was unwilling to allow the heads of their families, who were dismissed for serious offences, to stay on in the garden. The cases of these 19 workers were referred to a Tribunal for adjudication which held the termination of their services to be justified.

Except these 47 workers (28 dismissed workmen *plus* 19 discharged dependant workers), no penal action against anybody else was taken.

Sj. Deben Sen:

এই যে আইনে আছে হেড অব দি ফ্যামিলি ডিসমিসড হলে ডিপেনডেন্টসরাও ডিসমিসড হবে—আইনের এই ত্রুটিগুলি বদলাবার জন্য কি কোন চেষ্টা হচ্ছে?

The Hon'ble Abdus Sattar:

এখনি আর একটা প্রশ্নোত্তরে বলা হয়েছে এরকম কোন আইন নাই, এবিষয়ে কোর্টের কনফ্লিকটিং রায় আছে, গভর্নমেন্ট কিন্তু পছন্দ করে নি। সেজন্য চা-বাগানের মালিকদের সঙ্গে আলোচনা চলছে।

Sj. Satyendra Narayan Mazumdar:

কনফ্লিকটিং রায় থাকতে পারে কিন্তু কোর্ট আইনের যে উদ্দেশ্য তা ব্যাখ্যা করে গভর্নমেন্ট যদি তাদের মত বিধিবদ্ধ করে তাহলে কনফ্লিকটিং রায়ের কোন প্রশ্ন আসে না।

The Hon'ble Abdus Sattar:

শিলংএ ইন্ডাস্ট্রিয়াল কমিটি অন প্ল্যানটেশান মিটিং হয়েছিল সেখানে ত্রিদলীয় সম্মেলনে ঠিক হয়েছিল এ সম্বন্ধে আলোচনা করা হবে, তারই আরম্ভস্বরূপ এই ত্রিদলীয় সম্মেলন আরম্ভ করছি।

Sj. Satyendra Narayan Mazumdar:

মাননীয় মন্ত্রী মহাশয়ের স্টেটমেন্টে দেখতে পাচ্ছি যে ১০৭ জন ধরা পড়েছিল তার মধ্যে ৪৩ জনকে কোর্টে বিচার হবার আগেই ম্যানেজমেন্ট সাসপেন্ড করে, এ ব্যাপারে শ্রমদপ্তরের মনোযোগ আকর্ষণ করা হয়েছিল কিনা, তাতে হস্তক্ষেপ করা হয়েছিল কিনা?

The Hon'ble Abdus Sattar:

নোটিশ না দিলে উত্তর দেওয়া সম্ভব নয়।

[3-30—3-40 p.m.]

Sj. Satyendra Narayan Mazumdar:

মন্ত্রী মহাশয়ের স্টেটমেন্টে রয়েছে যে পুলিস কেস করা হয়েছিল এ্যাসাল্টএর জন্য এবং সেই কেসের দরুণ পেন্ডিং এনকোয়ারি থাকা অবস্থায় এবং তাদের বিরুদ্ধে অভিযোগের বিচার শেষ না হওয়া পর্যন্ত সেখানকার ম্যানেজমেন্ট যে ঐ লোকগুলিকে সাসপেন্ড করলে সে বিষয়ে শ্রম দপ্তরের বক্তব্য কি?

Mr. Speaker: There is a rioting case. Some people are under arrest. Either the employers have a legal right to suspend or they have not. Even if they wrongfully suspend, do you know what to do?

Sj. Satyendra Narayan Mazumdar:

একশ' সাত জন এ্যারেস্টেড লোকের মধ্যে ৪৩ জনকে যে ম্যানেজমেন্ট সাসপেন্ড করলেন আপনারা ম্যানেজমেন্টএর এই কাজ সম্বন্ধে কি মনে করেন, শ্রম দপ্তরের নীতি কি? গ্রেপ্তার করার পর মামলা নিষ্পত্তি না হবার আগেই লোককে সাসপেন্ড করা হল এতে শ্রম দপ্তরের কি কিছু বক্তব্য নেই।

Mr. Speaker:

এতে শ্রম দপ্তরের কি বলবার থাকতে পারে?

Sj. Satyendra Narayan Mazumdar:

আমার জিজ্ঞাস্য হচ্ছে—লোকগুলিকে পুলিস কেসে এ্যাসাল্ট করবার জন্য ধরা হল—পেন্ডিং এনকোয়ারি ৪৩ জনকে ম্যানেজমেন্ট সাসপেন্ড করলেন এই রিপোর্ট শোনবার পর কি শ্রম দপ্তর নিশ্চিন্ত হয়ে বসে থাকবেন? এখানে প্রশ্ন হচ্ছে শ্রম দপ্তরের সে সম্বন্ধে কিছু করার অধিকার আছে কিনা?

The Hon'ble Abdus Sattar:

এতে শ্রম দপ্তরের কিছু করার নেই, ম্যানেজমেন্ট এ্যাজ এ সিকিউরিটি মেজার এই স্টেপ নিয়েছিল।

Sj. Satyendra Narayan Mazumdar:

আমি জানতে চাই আপনাদের করার কোন অধিকার আছে কিনা?

The Hon'ble Abdus Sattar:

অধিকার যা সে একমাত্র কোর্টের আছে।

Sj. Satyendra Narayan Majumdar:

স্যার, এ্যাডজুডিকেশান হচ্ছে—একটা পার্টির কেস সেটা নিষ্পত্তি না হওয়া—

Mr. Speaker: Neither the employers can always be right nor the employees can always be right. It is always a matter of final adjudication by the court or tribunal.

Sj. Satyendra Narayan Mazumdar:

শ্রমমন্ত্রী মহাশয় নিশ্চয়ই জানেন এরকম বহু ঘটনা ইদানিং হচ্ছে এবং আমরা বহু রিপ্রেজেন্টেশন পাঠিয়েছি, শ্রমদপ্তর কি সে সম্বন্ধে কোন নীতি গ্রহণ করেছেন?

The Hon'ble Abdus Sattar:

এ নিয়ে আলোচনা চলছে ত্রিদলীয় একটা কমিটি করে।

Sj. Satyendra Narayan Mazumdar:

তারপরে, যে ২০ জনকে সাসপেন্ড করেছিল তাদের মধ্যে ১৫ জনের কোর্ট থেকে সাজা হয়েছে, শ্রমমন্ত্রী মহাশয় কি জানেন না যে বাকি যে কয়জন আছে তাদের নামে পুলিসেরা কোন চার্জ দেয় নাই তবু তাদের রংফুলি ডিসমিসড করা হয়েছে?

Mr. Speaker: Then it is wrongful dismissal. Although they were not charge-sheeted, they were dismissed.

The Hon'ble Abdus Sattar: To answer this question I require notice.

Sj. Satyendra Narayan Mazumdar:

আমরা যখন প্রশ্ন করি তখন শুধু কোন কিছু জানবার জন্যই নয়, গভর্নমেন্টের দৃষ্টি বিষয়টার প্রতি আকর্ষণ করবার জন্যও। উনি যে স্টেটমেন্ট দিয়েছেন সে স্টেটমেন্ট পড়ে জানা যাচ্ছে যে মালিক পক্ষ কতগুলি অন্যায় করেছিল কিন্তু ওঁরা তার প্রতিকার করবার কোন চেষ্টা করছেন না। এখন আমার প্রশ্নটা ছিল—এই যে ১৯ জন, তাদের ডিপেন্ডেন্ট ওয়ার্কার্স যারা, তাদের সম্বন্ধে ওঁরা মালিকদের সঙ্গে কোন কথা বলেছেন কিনা?

The Hon'ble Abdus Sattar:

আমি ত বলেইছি ত্রিদলীয় আলোচনা চলছে। এর অতিরিক্ত কিছু জানবার দরকার থাকলে আমাকে নোটিস দিতে হবে।

Mr. Speaker: You should put specific questions on these things. When a thing like this happens, you should write beforehand to the Minister that you will put these questions and he should come ready with the answers.

Sj. Satyendra Narayan Mazumdar:

স্যার এ নিয়ে কথাবার্তা ওঁর সঙ্গে হামেসাই হয়েছে অন দি ফ্লর অফ দি এ্যাসেম্বলী, উনি যা বলছেন তার গুরুত্ব আছে।

এখন আমার শেষ প্রশ্নটা হচ্ছে, এই ৪৭ জন ওয়ার্কার ছাড়া আর কারো সম্বন্ধে পেনাল এ্যাকশন নেওয়া হয় নি? মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি এই ৪৭ জনের বিরুদ্ধে প্ল্যান্টেশন ইন্সপেকটোরেটএর পক্ষ থেকে মামলা দায়ের করা হয় ঘর ছেড়ে দিচ্ছে না বলে?

The Hon'ble Abdus Sattar:

আমি জানি না।

Sj. Deben Sen:

কোর্টের সাজাতে যদি এক টাকা জরিমানা হয় তাহলেও মালিক বরখাস্ত করতে পারবে—এই রকম আইনে আছে কি?

Mr. Speaker: Ministers can only talk on facts. For questions of law you can refer to the book.

Sj. Deben Sen: My question is, 15 persons were convicted and therefore they were dismissed. It is said that they have been dismissed because of the provisions in the standing order. Who made the standing order and did the Government give their consent?

Mr. Speaker: Employers did it. If some workers are dismissed the Minister on a proper question can answer whether such a dismissal has taken place or not, and not what the law on the subject is.

Sj. Deben Sen: What is the attitude of the Government if a man is convicted? Should he be dismissed?

The Hon'ble Abdus Sattar: It depends on the nature of the offence and not on the quantum of the punishment.

Dr. Abu Asad Md. Obaidul Ghani: May I refer to the second part of the statement—"19 dependant workers were dismissed with offer of notice pay and due compensation for past services". Will the Hon'ble Minister kindly say if any offer was made for them to stay on provided those heads of the families were not staying inside the tea garden?

The Hon'ble Abdus Sattar: Offer was made for past services and not for any future services.

Implementation of the West Bengal Plantations Labour Rules, 1956

***23.** (Admitted question No. *1270.) **Sj. Deben Sen:** Will the Hon'ble Minister in charge of the Labour Department be pleased to state—

(*a*) whether Rules 33 to 46 of the West Bengal Plantations Labour Rules, 1956, dealing with welfare of the Tea Garden Labourers have been given effect to in any Tea Garden;

(*b*) if so, the names of such Tea Gardens; and

(*c*) if not, the reasons for the same?

The Minister for Labour (The Hon'ble Abdus Sattar): (*a*) No.

(*b*) Does not arise.

(*c*) Implementation of the Plantation Labour Act was taken up acording to a phased programme as per decision of the Fifth Session of the Industrial Committee on Plantations. Accordingly Rules 33—46 have not been enforced so far by the State Government. The question whether some of these rules should be enforced is however under consideration of the Government.

[3-40—3-50 p.m.]

Sj. Deben Sen:

মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে ৩৩ টু ৪৬ রুলস পশ্চিমবঙ্গ ছাড়া অন্য রাজ্যে প্ল্যানটেশনে ইমপ্লিমেন্টেড হয়েছে?

The Hon'ble Abdus Sattar:

না, আমার জানা নেই।

Sj. Satyendra Narayan Mazumdar:

আমার প্রশ্ন হচ্ছে যে এই রুলগুলি ৩৩ টু ৪৬ হয়েছে ওয়েলফেয়ার সংক্রান্ত ব্যাপারে, কিন্তু এখন এ্যাকচুয়াল পজিশন কি? অর্থাৎ এই রুলগুলির মধ্যে ক্রেস, হাসপাতাল, ছাতা, ত্রিপল ইত্যাদি যা আছে সেগুলো কি স্থগিত আছে, না চালু আছে?

The Hon'ble Abdus Sattar: The question whether some of these rules should be enforced is however under consideration of the Government.

Sj. Satyendra Narayan Mazumdar:

সাম অফ দি রুলস বলতে কোন কোনগুলো বোঝায় বলতে পারেন কি?

The Hon'ble Abdus Sattar:

ক্রেস, স্কুল প্রভৃতি।

Number of conciliation cases pending before the Labour Directorate

***24.** (Admitted question No. *494.) **Sj. Rama Shankar Prasad:** Will the Hon'ble Minister in charge of the Labour Department be pleased to state—

(*a*) the number of conciliation cases pending before the Labour Directorate—

(*i*) for more than a year, and

(*ii*) for more than six months; and

(*b*) the reasons for the delay in the disposal of the cases?

The Minister for Labour (The Hon'ble Abdus Sattar): (*a*)(*i*) 9, and (*ii*) 41.

(*b*) A statement is laid on the Library Table.

Alleged closure of Hooghly Jute Mill, Kidderpore

***25.** (Admitted question No. *1567.) **Janab Shaikh Abdulla Farooquie:** (*a*) Will the Hon'ble Minister in charge of the Labour Department be pleased to state if it is a fact that the Hooghly Jute Mill in Kidderpore area has been closed down from 1st February, 1958?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) what are the reasons thereof;

(*ii*) how many workers have been affected by the closure; and

(*iii*) what steps, if any, Government have taken to reopen the mill?

The Minister for Labour (The Hon'ble Abdus Sattar): (*a*) No.

(*b*) Does not arise.

UNSTARRED QUESTIONS

(answers to which were laid on the table)

Scheme for sinking tubewells in the bustee areas of Calcutta

11. (Admitted question No. 1768.) **Sj. Somnath Lahiri:** Will the Hon'ble Minister in charge of the Local Self-Government Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে, কলিকাতার বস্তি অঞ্চল প্রভৃতিতে জল সরবরাহের জন্য পশ্চিমবঙ্গ সরকার কলিকাতা কর্পোরেশনের সহযোগিতায় অনেকগুলি বড় টিউব-ওয়েল বসাইবার পরিকল্পনা করিয়াছিলেন, কিন্তু প্রয়োজনীয় যন্ত্রপাতির অভাবে সে কাজের হাত দেওয়া যায় নাই ; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ, হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ঐ পরিকল্পনা বর্তমানে কি অবস্থায় আছে, এবং

(২) ঐ পরিকল্পনা পরিত্যাগ করিয়া অন্য কোন পরিকল্পনা হাতে লওয়ার কথা সরকার বিবেচনা করিতেছেন কিনা?

The Minister for Local Self-Government and Panchayats (The Hon'ble Iswar Das Jalan):

(ক) না। বস্তি অঞ্চলগুলিতে কলিকাতা কর্পোরেশন ও রাজ্যসরকার উভয়ের অর্থে কতকগুলি নলকূপ বসাইবার একটি পরিকল্পনা গ্রহণের সিদ্ধান্ত করা হইয়াছে এবং কর্পোরেশনকে একটি পরিকল্পনা প্রস্তুত করিতে বলা হইয়াছে।

(খ) প্রশ্ন উঠে না।

Sj. Somnath Lahiri:

গত বছর এসেম্বলী অধিবেশনের সময় মুখ্যমন্ত্রী মহাশয় বলেছিলেন যে কতকগুলো বড় বড় নলকূপ বস্তী ও অন্যান্য অঞ্চলে বসাবার পরিকল্পনা করা হয়েছিল, কিন্তু ফরেন এক্সচেঞ্জ ও মেসিনারীর অভাবে তা পূর্ণ করা যাচ্ছে না এখন—তিনি কি তাহলে মিথ্যা কথা বলেছিলেন?

The Hon'ble Iswar Das Jalan:

তিনি মিথ্যা কথা কিছু বলেন নি। কোশ্চেন ছিল যে নলকূপ বসানোর ব্যাপারে কর্পোরেশানের ব্যাপারে কি শেয়ার হবে এবাউট দি কস্ট। এখন তারা এ্যাগ্রি করেছে ৫০ : ৫০ পার্সেন্ট। এখন কোশ্চেন হচ্ছে ৫০টা যে টিউবওয়েল হবে তা যদি ডি সি এরিয়ায় হয় তাহলে তারজন্য ফরেন কাল্টি থেকে ইম্পোর্ট করতে হবে, কিন্তু এ সি হলে তার কিছু করতে হবে না। এখন কোশ্চেন হচ্ছে কর্পোরেশান করবে না চীফ ইঞ্জিনিয়ার, পাবলিক হেলথ ডিপার্টমেন্ট, করবে। এই ব্যাপারে কর্পোরেশান বলছে চীফ ইঞ্জিনীয়ার করবেন। আমরা জিজ্ঞাসা করেছি যে এই ব্যাপারে আপনাদের স্কীম কি? কর্পোরেশান বলছেন আমাদের কোন অধিকার নেই যে কোন বস্তীতে আমরা টিউবওয়েল বসাতে পারি ল্যান্ডলর্ডের কনসেন্ট না পেলে। এ বিষয়ে আমরা বলেছি যে তাদের কতকগুলি পাওয়ারস আছে, আরও যদি তাঁদের কোন পাওয়ার দরকার হয় তাহলে লেজিসলেশানের দরকার হবে। এখন পরিকল্পনা চলছে, যতদিন শেষ না হচ্ছে ততদিন কোন কাজ হবে না।

Sj. Somnath Lahiri:

এই পরিকল্পনা মানে কোথায় বসান হবে, কোথায় হবে না—এই পর্যায়ে কি আপনারা এখনও আসেন নি?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

স্যার, সোমনাথবাবুর কথায় বুঝতে পারছি যে আমরা কখনও কখনও সত্য কথা বলি। যাই হোক, আমার প্রশ্নের উত্তর খুব সহজ। আমি বলেছিলাম যে দুই রকমের টিউবওয়েল হবে—একটা হচ্ছে ডিপ টিউবওয়েল। ফায়ার ফাইটিংএর জন্য যে ৪৯টা করবার কথা ছিল তার মধ্যে ১৬টা করা হয়েছে, আর বাকি ৩৩টা করবার ব্যবস্থা হচ্ছে। বস্তীর জন্য বিগ টিউবওয়েল নয় ৩০০-৩৫০টা ডীপ টিউবওয়েল করবার কথা। এখন প্রশ্ন হচ্ছে যে আমাদের পাম্প আছে, কিন্তু মোটর নেই। ডি সি মোটর এখানে হয় না। এ বিষয়ে ফরেন এক্সচেঞ্জের জন্য প্ল্যানিং কমিশনের কাছে আমরা বলেছি, তার উত্তর আমরা এখনও পাই নি।

Sj. Somnath Lahiri:

আমার প্রশ্নটা কনসিকোয়েন্স হিসাবে করেছিলাম, আপনার কথা শোনার পর, সেটা পাওয়ার ব্যাপারে কোন সুরাহা হয়েছে কিনা?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

এখনও আমরা কোন উত্তর পাই নি প্ল্যানিং কমিশনের কাছ থেকে।

Sj. Dhirendra Nath Dhar:

মন্ত্রী মহাশয় জবাব দিয়েছেন যে কর্পোরেশনকে পরিকল্পনা করতে বলা হয়েছে। এটার কি অর্থ এই যে এতে সরকারের কোন দায়িত্ব নেই?

The Hon'ble Iswar Das Jalan:

সরকারের দায়িত্ব তো সবই—আপনারা যে এখানে বসে আছেন সেটাও তো সরকারের দায়িত্ব। (হাস্য)

Sj. Dhirendra Nath Dhar:

মন্ত্রী মহাশয় কি বলবেন কর্পোরেশনের কাছ থেকে কি ধরনের পরিকল্পনা চাওয়া হয়েছে?

The Hon'ble Iswar Das Jalan:

আমি তো বলেছি যে প্রাইমারী ডিউটি হচ্ছে কর্পোরেশনের ওয়াটার সাপ্লাইএর ব্যবস্থা করা। তারা বলেছেন আমরা একলা খরচ দিতে পারবো না, গভর্নমেন্ট বলেছেন ৫০ পার্সেন্ট আমরা দিচ্ছি। তারপরে কোথায় স্কীম করবেন, না করবেন এটাতো কর্পোরেশনের কাজ। আমরা তাদের জিজ্ঞাসা করেছি কোথায় কোথায় করবেন। ইফ ইট ইজ ডি সি তাহলে ডি সি-র জন্য এ্যাপ্লাই করতে হবে। আর এ সির জন্য হলে এখানে হবে।

Sj. Dhirendra Nath Dhar:

মন্ত্রী মহাশয়ের কি স্মরণ আছে কর্পোরেশনের সঙ্গে আলাপ আলোচনা করার বহু পূর্বে সরকারের তরফ থেকে ঠিক হয়েছিল যে তিনশো টিউবওয়েল বিভিন্ন বস্তীতে দেওয়া হবে এবং তৎসহ পাইপ ইত্যাদিও দেওয়া হবে?

The Hon'ble Iswar Das Jalan:

বলা হয়েছিল যে আমরা টিউবওয়েল বসাবো কিন্তু টিউবওয়েল বসাবো বললেই তো আর বসানো যায় না। তার একটা ব্যবস্থা করতে হবে, টাকার ব্যবস্থা করতে হবে, কে করবে কোথায় করবে এইসব ব্যবস্থা করতে হবে।

Sj. Dhirendra Nath Dhar:

মন্ত্রী মহাশয়ের কি স্মরণ আছে যে সেই সময়টা এখন থেকে আড়াই বছর আগে?

The Hon'ble Iswar Das Jalan:

সেটা আমি কি করে বলবো?

Sj. Somnath Lahiri:

একথা কি সত্য যে কর্পোরেশন থেকে কতকগুলি এলাকা চিহ্নিত করে দেওয়া হয়েছিল বছর খানেক কি বছর দেড়েক আগে?

The Hon'ble Iswar Das Jalan:

সেটা আমার ফাইলে কিছু নেই, কর্পোরেশনের ফাইলে যদি কিছু থাকে বলতে পারি না।

Election of Union Boards within Raina police-station of Burdwan district

12. (Admitted question No. 1388.) **Sj. Cobardhan Pakray:** Will the Hon'ble Minister in charge of the Local Self-Government Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে, বর্ধমান জেলার রায়না থানার অন্তর্গত ইউনিয়ন বোর্ডগুলির কার্যকাল শেষ হইয়া গিয়াছে এবং অদ্যাবধি নির্বাচন অনুষ্ঠিত হইতেছে না; এবং

(খ) সত্য হইলে, ইহার কারণ কি এবং কতদিনে উক্ত ইউনিয়ন বোর্ডগুলির নির্বাচন করা হবে?

The Minister for Local Self-Government and Panchayats (The Hon'ble Iswar Das Jalan):

(ক) হ্যাঁ।

(খ) দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার কার্যকালের মধ্যে ইউনিয়ন বোর্ডসমূহের স্থলে পঞ্চায়েৎ প্রতিষ্ঠিত করা হইবে এবং সেইহেতু ইউনিয়ন বোর্ডসমূহের নির্বাচনী ব্যয় নিরর্থক হইবে, ইহা বিবেচনা করিয়া রাজ্যসরকার ইউনিয়ন বোর্ডসমূহের নির্বাচন স্থগিত রাখার আদেশ দিয়াছিলেন। পরে উপরোক্ত আদেশ সংশোধনপূর্বক এই আদেশ জারী করা হইয়াছে যে, বেসকল এলাকায় ইং ১৯৫৭-৫৮ ও ১৯৫৮-৫৯ সালের মধ্যে পঞ্চায়েৎ প্রতিষ্ঠিত হইবে না, সেই সেই স্থানে ইউনিয়ন বোর্ডসমূহের নির্বাচন যথারীতি হইবে।

বাংলা ১৩৬৫ সালের কার্ত্তিক মাসে রায়না থানার অন্তর্গত ইউনিয়ন বোর্ডসমূহের নির্বাচন অনুষ্ঠিত হইবে বলিয়া স্থিরীকৃত হইয়াছে।

Cultivation of Pan

13. (Admitted question No. 1145.) **Sj. Monoranjan Hazra:** Will the Hon'ble Minister in charge of the Agriculture Department be pleased to state—

(ক) মাননীয় মন্ত্রিমহাশয় কি অবগত আছেন যে—

(১) পান চাষ ও পান ফসলকে কৃষির মধ্যে না ধরিয়া শিল্পখাতে ধরা হয়,

(২) কৃষি বিষয়ক জমি ও ফসলাদির গবেষণার মধ্যে পানকে কখনও ধরা হয় না, এবং

(৩) পানকে শিল্পখাতে ধরার জন্য অন্যান্য কৃষি ফসল অপেক্ষা রেলের মাশুল বেশী লাগে ; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক বলিবেন কি—

(১) পানকে কৃষির মধ্যে ধরিবার জন্য সরকার কোন কিছু ব্যবস্থা করিয়াছেন কিনা,

(২) পানের জমি ও ফসল সম্পর্কে গবেষণার কোন ব্যবস্থা করিয়াছেন কিনা, এবং

(৩) রেলের অতিরিক্ত মাশুল কৃষিপণ্য অপেক্ষা কমাইবার জন্য পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রীয় সরকারের নিকট কোন সুপারিশ করিয়াছেন কিনা?

The Minister for Agriculture and Animal Husbandry (The Hon'ble Dr. Rafiuddin Ahmed):

(ক) (১) না। পান চাষ কৃষি খাতের অন্তর্গত।

(২) ইহা ঠিক নহে। কৃষি বিষয়ক গবেষণার মধ্যে পানকে ধরা হইয়া থাকে।

(৩) এ-কথাও ঠিক নহে।

(খ) (১) এবং (৩) প্রশ্ন উঠে না।

(২) কৃষি অধিকারের অধীনে মাইকলজী বিভাগে পানের বিভিন্ন প্রকার রোগ সম্বন্ধে নিয়মিত গবেষণা করা হইয়া থাকে।

Sj. Monoranjan Hazra:

পান কবে থেকে কৃষি খাতে এসেছে মন্ত্রী মহাশয় বলবেন কি?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

পান তো কৃষিজাত দ্রব্য, বরাবর কৃষি খাতেই আছে।

Sj. Monoranjan Hazra:

মন্ত্রী মহাশয়ের একথা কি স্মরণ আছে যে গত এ্যাসেম্বলীর শেষ দিকে আমি যখন একটা ডেপুটেশন নিয়ে গিয়েছিলাম তখন এটা ইন্ডাস্ট্রীর খাতে একথা বলা হয়েছিল?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: The betelvine or pan leaves come under the same category with some animal products like butter, cream, khoa (dried milk) and the rate of freight in respect of these commodities

is fixed at 3/4ths of the usual parcel rate. This rate is a bit higher than that of perishable agricultural commodities and animal husbandry products, viz., chillies, curd, eggs, onion, potato, sugarcane, green turmeric, green ginger, fish, meat, fresh milk, vegetables (whether fresh or dry), fresh fruits, leaves (green of all kinds except betel or pan leaves), etc.

We have represented this matter to the Railway Board. We have not yet received any reply.

Sj. Monoranjan Hazra:

রেলওয়ে বোর্ডের কাছ থেকে কিছু জবাব পাওয়া গেছে কি?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

না, কিছুই জবাব পাওয়া যায় নি।

Sj. Monoranjan Hazra:

এটা প্রশ্নটা যখন দিয়েছিলাম তার পরের একটা ঘটনা। আপনি ইচ্ছা করলে নাও বলতে পারেন, আপনার জানার জন্য বলছি—পান ব্যবসায়ীদের উপর সেলস ট্যাক্স ধার্য করা হয়েছে কিনা?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

সেলস ট্যাক্স ব্যাপারটা আমার ডিপার্টমেন্টের নয়, এটা ফাইনান্স ডিপার্টমেন্ট বলতে পারে।

Sj. Monoranjan Hazra:

এ সম্বন্ধে কোন খবর আপনি জানেন কি?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

সেলস ট্যাক্স বিষয়ে কোন খবর জানি না, তবে এদের একটা অসুবিধা আছে ফ্রেস এগ্রিকালচারাল প্রডিউস হিসাবে রেটস বেশি এবং এ বিষয়ে আমরা রেলওয়ে বোর্ডের সঙ্গে আলোচনা করেছি।

[3-50—4 p.m.]

Sj. Monoranjan Hazra:

মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি জিজ্ঞাসা করছি সেলস ট্যাক্স ধার্য করার বিষয় যখন ক্যাবিনেটএ আলোচনা হবে তখন এটা সম্পর্কে কন্সিডার করবেন কিনা?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

কন্সিডার করবার কোন দরকার নাই।

Dr. Kanailal Bhattacharya:

কৃষিজাত দ্রব্যের মধ্যে পান ছাড়া অন্য কোন কিছুর উপর সেলস ট্যাক্স আছে কিনা?

Mr. Speaker: Look at the heading of the question. "Cultivation of pan". The latter part of your supplementary question is irrelevant and is disallowed.

Sj. Ganesh Ghosh:

একথা কি সত্য যে, মুখ্যমন্ত্রী প্রতিশ্রুতি দিয়েছিলেন পানের উপর থেকে সেলস ট্যাক্স তুলে দেবেন?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

এর কোন উত্তর হতে পারে না।

Sj. Gobinda Charan Maji:

আমার প্রশ্ন হচ্ছে, যেসব অঞ্চলে বেশির ভাগ পানচাষী আছে সেই অঞ্চলে সরকারের কৃষি বিভাগের এগ্রিকালচার বিভাগের কোন কাজকর্ম হয় কিনা?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

নিশ্চয়ই হয়। টালিগঞ্জে যে সরকারী এগ্রিকালচারাল রিসার্চ ডিপার্টমেন্ট আছে তাতে পানের উপর গবেষণা হয়—এ সম্পর্কে দুই-তিনটি পুস্তিকাও প্রকাশ করা হয়েছে এবং পানচাষীদের বিলি করা হয়েছে বিনামূল্যে।

Sj. Dasarathi Tah:

একথা কি সত্য যে, কয়েকটা পান খেলে দুধের সমতুল্য খাদ্যপ্রাণ পাওয়া যায়?

Mr. Speaker: The question remains on record; the answer is not given.

Cultivation of vegetables by Government Seed Potato Farm at Rangbull, Darjeeling

14. (Admitted question No. 1426.) **Sj. Bhadra Bahadur Hamal:** Will the Hon'ble Minister in charge of the Agriculture Department be pleased to state—

(*a*) whether the Government Seed Potato Farm in Rangbull, Darjeeling, has also undertaken the cultivation of cabbages and peas;

(*b*) if so, the total area utilised for the same;

(*c*) whether the said articles thus cultivated are sold by the farm in the local market; and

(*d*) if so, whether the difficulties of the small growers arising from the competition with the State Farm has been taken into consideration?

The Minister for Agriculture and Animal Husbandry (The Hon'ble Dr. Rafiuddin Ahmed): (*a*) and (*c*) Yes.

(*b*) 24.21 acres only.

(*d*) Both the area under vegetables in the farm and the quantity of vegetables raised therefrom are too small to affect the economics of the general cultivation of vegetables in the locality. Hence the question does not arise.

Sj. Bhadra Bahadur Hamal:

माननीय मंत्री क्या बतायेंगे कि रंगबुल (Rangbull) में कितने परिमाण में भेजिटेबुल उत्पन्न किया जाता है ?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

रंगबुल (Rangbull) में मिनिमम एकरेज १५० एकड़ है। उसमें खाली २४ एकड़ जमीन में भेजिटेबुल पैदा किया जाता है। जितने एकरेज में पोटैटो पैदा किया जाता है वह ३ एकड़ है। कैबेज १९ एकड़ में और कौउली फ्लावर २ एकड़ में होता है। इस तरह से सब मिलाकर २४ एकड़ हुआ। १५० एकड़ में से खाली २४ एकड़ में भेजिटेबुल पैदा किया जाता है क्योंकि क्रप रोटेशन न होने से आलू अच्छा नहीं पैदा होता है।

Sj. Bhadra Bahadur Hamal:

माननीय मंत्री ने कहा है कि खाली २४ एकड़ में ही भेजिटेबुल पैदा होता है लेकिन वहां भेजिटेबुल पैदा होने से एक एकड़ या आध एकड़ में भेजिटेबुल पैदा करनेवाले किसानों को गवर्नमेन्ट सीड-पोटैटो-फार्म से कम्पिटीशन करना पड़ता है और इससे उन किसानों का नुकसान होता है, क्या यह बात ठीक नहीं है ?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

यह बात आपको मालूम है कि दार्जिलिंग खास इलाका में ३,६०० एकड़ जमीन में भेजिटेबुल उत्पन्न होता है। लेकिन हमलोग तो खाली २४ एकड़ में ही पैदा करते हैं। ३,६०० एकड़ तो आपलोगों का है ही।

Sj. Deo Prakash Rai: Will the Hon'ble Minister be pleased to state whether the Government propose to increase the existing acreage under cultivation for this particular purpose, namely, cultivation of cabbage and peas?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: We have no such scheme at present.

Establishment of thana seed multiplication farms

15. (Admitted question No. 1112.) **Sj. Phakir Chandra Ray:** (*a*) Will the Hon'ble Minister in charge of the Agriculture Department be pleased to state if it is a fact—

(*i*) that there is a seed multiplication scheme envisaging establishment of a 25-acre seed multiplication farm in each thana area to supply farmers of the entire area with improved paddy seeds; and

(*ii*) that the scheme has been sanctioned in the month of November, 1957?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state the number and locations of such farms set up or proposed to be set up during the remaining period of 1957-58?

The Minister for Agriculture and Animal Husbandry (The Hon'ble Dr. Rafiuddin Ahmed): (*a*)(*i*) Yes, there is at present a proposal for the establishment of 100 thana seed multiplication farms comprising an area of approximately 25 acres each for the supply of improved seeds to the cultivators.

(*ii*) No.

(*b*) A statement is laid on the Library Table.

Jute cultivation in Mayna police-station, Midnapore district

16. (Amitted question No. 1502.) **Sj. Ananga Mohan Das:** Will the Hon'ble Minister in charge of the Agriculture Department be pleased to state—

(ক) বর্তমানে মেদিনীপুর জেলার ময়না থানাতে পাট উৎপাদন হইতেছে কিনা;

(খ) প্রতি একরে যাহাতে পাটের উৎপাদন বৃদ্ধি পায় তজ্জন্য কি কি পন্থা অনুসরণ করা হইতেছে;

(গ) পাটের ন্যায্য মূল্য নির্দিষ্ট করার কথা সরকার বিবেচনা করেন কিনা; এবং

(ঘ) পাটচাষীরা যাতে সরাসরি কলে পাট চালান দিয়া ন্যায্য মূল্য পাইতে পারেন তজ্জন্য সরকার কোন পরিকল্পনা করিতেছেন কিনা?

The Minister for Agriculture and Animal Husbandry (The Hon'ble Dr. Rafiuddin Ahmed):

(ক) হ্যাঁ।

(খ) বর্তমানে একরপ্রতি গড়ে ২·১ বেল পাট উৎপন্ন হইতেছে। যাহাতে এই পরিমাণ বৃদ্ধি করা যায় তজ্জন্য পরীক্ষামূলকভাবে ৮টি প্লটে বিভক্ত মোট ৫ একর জমিতে সিড

ড্রীল এবং হুইল হো-র সাহায্যে সারি বাঁধিয়া উন্নত ধরনের পাটবীজ বপন করিবার ব্যবস্থা প্রবর্তন করা হইয়াছে। এই সকল পরীক্ষামূলক প্লটগুলিতে গড়ে প্রতি একরে ৩ বেল পর্যন্ত পাট উৎপন্ন হইয়াছে। এই ধরনের পরীক্ষা প্রধানতঃ কশায় নদীর তীরবর্তী জমিগুলিতেই করা হইয়াছে। এই জমি বেলে-দোয়াশ জাতীয়। অন্যান্য অংশের মাটি এঁটেল জাতীয় হওয়ায় উল্লিখিত বীজ-বপনের পদ্ধতি অনুসরণ করা যায় নাই।

(গ) এবং (ঘ) না।

Sj. Ananga Mohan Das:

মন্ত্রী মহাশয় জানেন কি যে, পাটচাষীরা ন্যায্যমূল্য না পাওয়ার দরুণ ক্ষতিগ্রস্ত হচ্ছে?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

জানলেও করবার কিছু নাই।

Eviction of dismissed workers' families from the Teesta Valley Tea Estate

17. (Admitted question No. 1038.) **Sj. Satyendra Narayan Mazumdar:** Will the Hon'ble Minister in charge of the Labour Department be pleased to state—

(*a*) whether the attention of Government has been drawn to the case of 31 workers' families who have been evicted from the Teesta Valley Tea Estate according to the practice which has been declared illegal by the Labour Appellate Tribunal; and

(*b*) if so, what steps, if any, have been taken by Government in this connection with the result thereof?

The Minister for Labour (The Hon'ble Abdus Sattar): (*a*) None of the dismissed workers have been evicted. The Management did not and have not started any eviction suit against the dismissed workmen. They are still in occupation of the houses. Some of them have died since their dismissal. Several have left the place to find jobs elsewhere.

(*b*) Does not arise.

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

জানলেও করবার কিছু নেই।

Sj. Satyendra Narayan Mazumdar:

এখানে মন্ত্রী মহাশয় জবাব দিচ্ছেন, এভিক্সন করা হয় নি কাউকে, এভিক্সন ছাড়াও ডিসমিজাল করা হয়েছিল, এদের ব্যাপারে গভর্নমেন্ট কিছু করেছেন কি?

The Hon'ble Abdus Sattar:

এটা ১৯৫০ সালের ঘটনা। লেবার কমিশনার এস কে হালদার, আই সি এস, গিয়েছিলেন, এ সম্বন্ধে অনুসন্ধান করে এই ব্যাপার এডজুডিকেশনএ পাঠাবার জন্য তিনি রিকমেন্ড করতে পারেন নি।

Sj. Satyendra Narayan Mazumdar:

এটা জানেন কি যে হাইকোর্টে যে মামলা হয়েছিল সেই মামলায় খালাস পেয়ে গিয়েছে? আপনার সহকারী যে আলোচনা চালিয়েছিলেন তার ফলাফল কি হয়েছে জানেন কি? তিনি কি রিপোর্ট দিয়েছিলেন?

The Hon'ble Abdus Sattar:

এটা অনেক দিনের ঘটনা। তিনি রিপোর্ট দেন নি। তিনি সেখানে গিয়েছিলেন। তিনি নিজে দার্জিলিং জেলার লোক। সেই অঞ্চলে তাঁর যাতায়াত আছে। তিনি একটা আপোষ রফা করবার চেষ্টা করেছিলেন।

Sj. Satyendra Narayan Mazumdar:

আপনার সহকারী মিঃ গুরুং কি প্রস্তাব দিয়েছেন, সেটা জানাবেন কি?

The Hon'ble Abdus Sattar:

তিনি কোন রিপোর্ট দেন নি। আমি এ বিষয়ে কিছু বলতে পারি না।

Sj. Bhadra Bahadur Hamal:

যেসময় কাজ হয়েছিল সেই সময় ডেপুটি মিনিস্টার মিঃ গুরুং ইউনিয়নের প্রেসিডেন্ট ছিলেন একথা ঠিক কিনা?

The Hon'ble Abdus Sattar:

হতে পারে।

Mr. Speaker: Question time over.

Students' Procession to the Assembly House

[4--4-10 p.m.]

Sj. Jyoti Basu:

মিঃ স্পীকার স্যার, এর আগেও আপনাকে বলেছিলাম সেটা হচ্ছে এই যে, বিভিন্ন কলেজের ছাত্ররা প্রায় এক মাস ধরে তাদের বিল জমা দিচ্ছে না। তাদের দাবী হচ্ছে বিল যাতে কম হয়, অতিরিক্ত বিল হয়ে গেছে। এইরকম আরও কতকগুলি দাবী নিয়ে আজ এক মাস ধরে কিছুই হচ্ছে না দেখে তাঁরা আজ এ্যাসেম্বলীর কাছে ডিমনস্ট্রেশন করে এসেছে এবং পুলিস তাদের আটকেছে ১৪৪ ধারা যাতে না লঙ্ঘিত হয়। একটি বিষয়ের প্রতি এখানে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি, কিছুদিন আগে—গত ১০ই সেপ্টেম্বর তারিখে জয়েন্ট কনভেনর ছাত্র সংগ্রাম কমিটি—যাদের অসপিসেসএ এই আন্দোলন চলছে তাদের কাছে মুখ্যমন্ত্রী একটি চিঠি দিয়েছিলেন, সেই চিঠিতে তিনি বলেছেন—

To the Joint Convenor, Chhatra Sangram Committee. In your letter you have raised four issues three of which directly affect you and the fourth indirectly. As far as I am aware the enhancement had been done by the colleges though we have got to find out why this has been done. The development fee in sponsored colleges is a matter which is under the active consideration for some time. The question of the number of places available for admission of students is also being enquired into. I agree that the above three propositions should be invstigated as early as possible and a decision arrived at I hope within a fortnight.

তারপরে প্রফেসরদের যে স্কেল ইত্যাদি নিয়ে অন্য প্যারাগ্রাফে অন্য কথা বলেছেন—তার মধ্যে নাই বা গেলাম। এই দশ তারিখের চিঠির পর ছাত্ররা বার বার ওঁর সঙ্গে দেখা করার চেষ্টা করেছে। উনি শিক্ষামন্ত্রীর সঙ্গে দেখা করতে বলেছিলেন, তারা তাই করেছে। তারপর কয়েকদিন আগে সি ডি দেশমুখ যখন আসেন তখন তাঁর সঙ্গেও দেখা করেছে। আমি নিজে মুখ্যমন্ত্রীকে এবিষয়ে ফোন করলে উনি আমাকে বলেছিলেন তিনি কলেজের প্রিন্সিপ্যালদের ডেকে পাঠিয়েছিলেন তারা নাকি বলেছেন যে ইউনিভার্সিটি গ্র্যান্টস কমিশন থেকে যে টাকা দেওয়া হয় তাতে প্রফেসরদের মাইনে দেওয়া যায়, কিন্তু এমপ্লয়িজদের মাইনে দেওয়া যায় না—এইরকম এক্সকিউজ তাঁরা দিয়েছেন। উনি নাকি প্রিন্সিপালদের বলেছিলেন—আপনাদের কলেজের কত কি খরচা তার হিসাব কি? তাহলে ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট কন্সিডার করবেন তাঁরা কিছু দিতে পারেন কিনা। সেই ঘটনার পর আমি খবর নিয়ে জানলাম তার পরবর্তিকালে হোক বা অন্য কখন হোক যেসব কলেজের হিসাব উনি চেয়েছিলেন কলেজ কর্তৃপক্ষ সেই হিসাব দিয়েছেন। যাই হোক আমার বক্তব্য এখন যখন শ্রী দেশমুখ বলেছেন যে ফিস বাড়ানর এমন কোন কারণ নেই এবং মুখ্যমন্ত্রী নিজেও এটা সমর্থন করেন না এবং কলেজগুলিকে কিছু দেবার ব্যাপার কন্সিডার করতে রাজী হয়েছেন এই বাংলাদেশের বাজেট থেকে তখন এ জিনিসটা কেন এইভাবে এতদিন

চলছে আমি না। আমার মনে হয় মুখ্যমন্ত্রী এ বিষয়ে একটা উত্তর দিলে বাস্পারটার নিষ্পত্তি হয়ে যায়। মুখ্যমন্ত্রী যদি কিছু বলেন সেইমত আমরাও চেষ্টা করতে পারি যাতে একটা সেটেলমেন্ট হয়ে যায়।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, the position is this; there are 9 colleges in Calcutta which have got students much above the average number of students which the University Grants Commission require before they would give any help. The number they have put down was 1,000 but many of these colleges—I took down the figures—have 11,000 or 12,000 including the Commerce Department, at any rate, quite a large number, much more than 1,500. I had a discussion with the principals of colleges on several occasions. I cannot say that I am yet satisfied that their resources are such that they need increase in the fees of the students. I told them so and I told them that if and when according to the scheme of the University Grants Commission they reduce the number in a phased manner to 1,500, Government would be prepared to help them provided they give us the data as to what the deficit would be.

Each college naturally will have its own separate accounts. They have not yet given them to me. I have appointed a Special Officer who is going through the figures. He has given me certain figures. I may tell you that the University Grants Commission want that these colleges should reduce their number to 1,500 in five years. Therefore, there is plenty of time for the colleges to adjust their accounts for this purpose. Our Special Officer is also finding out what would be the expenditure of a college for paying to the staff and for meeting other items of expenditure when the total number of students comes down to 1,500. At the present moment, as I said before, the numbers are very huge and the expenditure is very much less than their realisation from the fees of students and there is no reason why they should increase their fees. Their reply is that there are other colleges which have increased their fees from the students and why should we object to their increasing their fees. As I said before, this action on the part of the colleges has been taken without any reference to us. We do not know why they have done it. They have not satisfied me yet that their financial position is such that they must require the students to pay more. I may also incidentally mention that they told me that the majority of the students and their parents and guardians are prepared to pay the enhanced fees and so why should they not charge it? Of course, if the students feel that they should not pay anything more, they can go to other colleges that are now open. There are six dispersal colleges where there are quite a large number of seats vacant and they may take a chance there. But, on the whole, there is no reason why the colleges should insist upon increasing the fees. It seems to me— I do not know, I may be doing them an injustice —that the Principals of these colleges have already taken a particular action and they do not want to resile from that action. But I do not agree with that attiude. If they thought that it was a wrong thing to do, they might have admitted that and stopped increasing the fees. I am informed by the Principals that many students have paid their fees for January also at the enhanced rate, but there are many who have not paid. Personally I do not know how to reach a solution of the whole problem unless you use force on the colleges for taking a particular step so far as the fees of students are concerned. I had a discussion with Dr. Deshmukh and he was satisfied that there should not be any increase in fees and what we agreed upon was that I should call the Principal of each college separately and try and find out to what extent he will be agreeable to discuss the question of deficit that might be occasioned in that particular college. I am going to do it. Only the Budget Session is taking lot of my time Meanwhile I told the principals to stop collecting enhanced fee but evidently they have not done so. This is the position.

Sj. Siddhartha Shankar Ray: When did you tell the principals?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I do not remember the date —about ten or twelve days ago.

[4-10—4-20 p.m.]

Hospital strike

Dr. Ranendra Nath Sen:

আমি একটা জিনিস আপনাকে জানাই। হাসপাতাল ১০ তারিখে স্ট্রাইক হবার কথা হচ্ছে যদিও আমরা কেউই স্ট্রাইক চাই না। মস্ত বড় ডেমনস্ট্রেশন এসেছে এবং তাদের প্রতিনিধি মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করতে চান। এই সম্পর্কে আমি এইটুকু আলোচনা করতে চাই যে হসপিটাল স্ট্রাইক বাঞ্ছনীয় নয়। এর স্পিডি রেড্রেস হওয়ার জন্য মেশিনারী থাকা দরকার। এমন কি ইন্ডিয়ান লেবার কনফারেন্সএও এটা গৃহীত হয়েছে এবং সেখানে মুখ্যমন্ত্রীর প্রতিনিধিও উপস্থিত ছিলেন এবং তার থেকে এখানে একটু পড়ে দিচ্ছি

Regarding the suggestion of the West Bengal Government that the staff of hospitals etc., should be excluded from the purview of the Industrial Disputes Act, the consensus of opinion was that a convention should be established whereby the staff would not go on strike provided that an effective machinery for speedy redress of their grievences was set up.

এখানে আমি বলতে চাই যে, এখানে গভর্নমেন্ট এমপ্লয়ার্স আছেন এবং প্রাইভেট এমপ্লয়ার্স আছেন। এখানে গভর্নমেন্ট যাতে এই সমস্ত ব্যাপারে স্পিডি রিড্রেস অফ দেয়ার গ্রিভেনসেস করতে পারেন তার জন্য তাদের মেশিনারী সেট-আপ করা দরকার। এবং এখন গভর্নমেন্ট-এর তরফ থেকে যদি তাদের সঙ্গে দেখা করেন তা হ'লে এটা বন্ধ করা যেতে পারে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: My friend Sj. Hemanta Kumar Basu came to see me yesterday. I told him that "you cannot utilise the partients of the hospitals for the purpose of this demonstration". I mention Sj. Hemanta Kumar Basu because he is the gentleman who has signed all the strike notices for all the hospitals—I have seen at least five or six and I suppose he has done all the others. I said that I was not prepared to accept this threat and meet them while the threat of a strike is there. He must realise that patients are above political manoeuvre of anybody. I met the hospital workers on three or four occassions. Sj. Hemanta Kumar Basu told me on the last occasion when I met him about five days ago that he was satisfied that some of the points had been agreed upon.

They wanted—at least Dr. Ranen Sen wanted that this procedure should also apply to non-Government hospitals. As far as we have committed ourselves we find that we have increased our commitment by 15 lakhs to the present expenditure. If you want to take over the whole of the non-Government hospitals the commitment would be huge. Therefore, I said that it will take a little time. We are making enquiries. It would take three or four weeks before we can think of it. I can say here categorically that I am not going to tolerate that they will go on strike in an institution which is meant for human welfare and for looking after the patients. I am not going to do it. I am prepared to meet them. I am prepared to give them full reply and discuss all the points raised before the 31st March, but not at the present moment with the threat of a strike.

Dr. Ranendra Nath Sen:

আপনি এক বৎসর ধরে এই কথা বলে আসছেন।

Sj. Hemanta Kumar Basu:

আমরা এখানে পরিষ্কার বলে দিচ্ছি এবং আমার এডজর্নমেন্ট মোশনও পরিষ্কার বলেছিলাম যে পেশেন্টএরএ অসুবিধা যাতে না হয়, সেটা আমরা চাই এবং সেইজন্য বলেছিলাম যে এদের বিষয় যেন বিবেচনা করা হয়।

Mr. Speaker: I will not allow it.

Sj. Jyoti Basu:

কি হচ্ছে বুঝতে পারছি না। হাঁসপাতালের ব্যাপার নিয়ে এত ঝগড়া হচ্ছে কেন?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Let him postpone the strike until the 31st March. I promise to discuss with them one day, two days, or three days after the session is over and find out a solution. If you think in terms of the non-Government hospitals, it is a huge problem. I cannot commit this Government or this Legislature to an expenditure which we might not be able to meet. I forgot to mention two points; one of them with regard to the R. G. Kar Hospital. They insisted upon the matter being placed before a tribunal. They approached the Labour Minister and he has given a Tribunal for that so that that question will be decided by the Tribunal and I have nothing to say about that.

Then there is another problem which has come up and it is a very serious one. Because of the strike of the menials the students cannot get their training—dead bodies cannot be attended to, the different laboratories cannot be worked and so on. I say this is a very serious situation. Therefore I say definitely that let them postpone the question of the strike or no strike. Let me go into the whole matter after the session is over and we may be able to come to some arrangement with regard to them but I am not going to make these men feel that it is only by marching to the Assembly or by giving a strike notice that they can hustle us into doing something which may be possible for us to do.

Sj. Narayan Chobey:

স্যার, আমাদের কাছে খবর আসছে—আমি আগেও বলেছিলাম যে বাংলাদেশ থেকে চাল বাইরে চলে যাচ্ছে, খলাপুরের চাল বিহারে চলে যাচ্ছে। এই মাত্র চিঠি এসেছে যে খলাপুর থেকে ২০ হাজার মণ চাল বিহারে চলে যাচ্ছে। আমি জানতে চাই খাদ্যমন্ত্রী মহাশয় এ বিষয়ে কিছু বলবেন কি বলবেন না।

Sj. Jyoti Basu:

স্যার, আপনার বোধ হয় মনে আছে যে মুখ্যমন্ত্রী মহাশয় কাল বলেছিলেন যে একটা স্টেটমেন্ট দেবেন।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

হ্যাঁ, আমি দেবো।

Mr. Speaker: He has committed himself to give it to the House.

GOVERNMENT BILLS

The West Bengal Cattle Licensing Bill, 1958.

Clause 2.

Mr. Speaker: I will now put clause 2 to vote.

Sj. Kanailal Bhattacharjee:

দু নম্বর কোন্ এমেন্ডমেন্ট এ্যাকসেপ্ট করলেন বুঝলাম না।

Mr. Speaker:

অর্দ্ধেন্দুবাবুর এমেন্ডমেন্ট।

The motion of Sj. Subodh Banerjee that after clause 2(b), the following be inserted, namely:—

"(bb) 'Family' means set of parents, children and other relations living together in the same mess" was then put and lost.

The motion of Sj. Subodh Banerjee that in clause 2(c), in line 1, after the words "person who" the words 'owns or" be inserted, was then put and lost.

The motion of Sj. Apurba Lal Majumdar that in clause 2(c), in line 2, after the word "premises" the words "or any separate part thereof" be inserted was then put and lost.

The motion of Sj. Basanta Kumar Panda that in clause 2(c), in line 2, after the word "premises" the words "or part of any premises" be inserted was then put and lost.

The motion of Sj. Subodh Banerjee that in clause 2(c), in line 2, after the word "premises" the words "or any portion thereof" be inserted was then put and lost.

The motion of Sj. Sunil Das that in clause 2(c), in line 2, after the word "premises" the words "or a part or portion thereof" be inserted was then put and lost.

The motion of Sj. Sunil Das that in clause 2(c), in line 2, after the word "dwelling" the words "and includes a tenant" be inserted was then put and lost.

The motion of Sj. Subodh Banerjee that after clause 2(e), the following be inserted, namely:—

"(ee) 'Magistrate' includes any officer not below the rank of a Sub-divisional Magistrate" was then put and lost.

The motion of Sj. Basanta Kumar Panda that in clause 2(h)(i), in lines 1 to 3, for the words beginning with "the area within Calcutta" and ending with "such area" the words "'Calcutta' as defined in the Calcutta Municipal Act, 1951, or any part or parts thereof" be substituted. was then put and lost

The motion of Sj. Dhirendra Nath Dhar that in clause 2(h)(ii), in line 4, after words "Municipal Act, 1955" the words "or within Cooch Behar as defined in the Cooch Behar Municipal Act or in any Municipality in the district of Purulia as defined in the Bihar Municipal Act" be inserted was then put and lost.

The motion of Sj. Subodh Banerjee that in clause 2(h)(iii), in lines 1 and 2, the words "in view of its development and growing population" be omitted was then put and lost.

The question that clause 2, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clause 4.

The question that clause 4 do stand part of the Bill was then put and agreed to.

Mr. Speaker: The rest of the clauses and the preamble were passed yesterday.

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: Sir, I beg to move that the West Bengal Cattle Licensing Bill, 1958, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

[4-20—4-30 p.m.]

The West Bengal Closing of Canals Bill, 1958.

The Hon'ble Ajoy Kumar Mukharji: Sir, I beg to introduce the West Bengal Closing of Canals Bill, 1958.

(Secretary then read the title of the Bill.)

The Hon'ble Ajoy Kumar Mukharji: Sir, I beg to move that the West Bengal Closing of Canals Bill, 1958, be taken into consideration.

এই বিলের স্টেটমেন্ট অব অবজেক্ট এ্যান্ড রিজনএ কেন বিলটা আনা হল তাহা স্পষ্ট করে বলা হয়েছে। দুটি কথা আছে। আগে এই ক্যানেলের কিছু উপকারিতা ছিল, এই পথে পূর্ববঙ্গের সঙ্গে কলিকাতার ব্যবসা বাণিজ্য ছিল, এখন বন্ধ হয়ে গেছে। দ্বিতীয়তঃ এই ক্যানেলটি অস্বাস্থ্যকর হয়ে পড়েছে। এই সার্কুলার ক্যানেল এবং নিউকাট ক্যানেলের যে ডেফিনিশন আছে যাঁরা এ অঞ্চলের খবর রাখেন তাঁদের একটু ভাল করে দেখিয়ে দিচ্ছি যে হুগলী নদীর উপর যে চিৎপুর লক্ আছে সেখান থেকে সারকুলার ক্যানেল আরম্ভ হয়েছে, তার পরে টালার ব্রিজের নিচে দিয়ে বেলগাছিয়া ব্রিজ—যাকে দমদম ব্রিজ বলা হয় তার নীচে দিয়ে বেরিয়ে বেঁকে দক্ষিণ দিকে গেছে। এই ক্যানেলের পাড়ে যেখানে দেশবন্ধু পার্ক আছে সেখান থেকে বাঁ দিকে যে ক্যানেল চলে গেল সেটা নিউকাট্ ক্যানেল এবং সার্কুলার ক্যানেল সোজা দক্ষিণ মুখে গিয়ে উল্টাডাঙ্গা ব্রিজ, মাণিকতলা ব্রিজ, নারিকেলডাঙ্গা ব্রিজ, রেলওয়ে ব্রিজ ও বেলেঘাটা ব্রিজের তলা দিয়ে আবার পূর্বদিকে গিয়েছে এবং ধাপার লক্‌গেটে শেষ হয়েছে—ধাপা মানপুর মৌজায়। এটা একশ বছর আগে কাটা হয়েছিল, আর নিউকাট্ ক্যানেল যেটা দেশবন্ধু পার্কের পূর্বদিক থেকে বেরিয়ে গেল সেটা ঘুরে গিয়ে ধাপা লক্ পর্যন্ত গেছে। এই নিউকাট্ ক্যানেলের শাখা কৃষ্ণপুর ক্যানেল কুলটী পর্যন্ত চলে গেছে। আমি পূর্বেই বলেছি যে পূর্ব-বঙ্গের সঙ্গে ব্যবসা-বাণিজ্যের সম্বন্ধ কেটে যাওয়া জন্য আমাদের আয় কমে গেছে, ১৯৪২ সালে টোল পাওয়া গিয়েছিল চার লক্ষ দশ হাজার টাকা, আর ১৯৫৩ সালে ১ লক্ষ ৫৩ হাজার টাকা—এও আবার শতকরা ৫০ টাকা টোল বাড়াবার জন্য হয়েছে। না হলে এই পুরানো হারে ধরলে মাত্র ১ লক্ষ টাকা হয়। ১৯৪৫ সালে যে ড্রেনেজ এনকোয়ারি কমিটি বসানো হয়েছিল তাঁহারা সুপারিশ করেন যে এই ক্যানেল বন্ধ করে দেওয়া হোক। ১৯৪৭ সালে—

Master Plan Technical Committee for Greater Calcutta Drainage.

বলে যে কমিটি বসানো হয়েছিল তাঁরাও বলেছিলেন যে এটা বন্ধ করে দেওয়া হোক। এই কাজে আমাদের মোট তিন কোটি বার লক্ষ কিউবিক ফুট মাটির প্রয়োজন হবে যার জন্য এসটিমেট হচ্ছে সত্তর লক্ষ টাকা। তার মধ্যে দশ লক্ষ টাকা আগামী বাজেটে ধরা আছে। চার বৎসরে কাজটা শেষ হবে বলে অনুমান করা হচ্ছে। আপাততঃ সার্কুলার ক্যানেলের যেখান থেকে নিউ-কাট্ ক্যানেল বেরিয়েছে সেখান থেকে ১৪,৫০০ ফুট বা বেলেঘাটা ব্রিজের দক্ষিণ দিক পর্যন্ত আমরা মাটি দিয়ে ভরাট করব এই আমাদের হিসাব আছে। যদিও ৭০ লক্ষ টাকা খরচ হচ্ছে এই ক্যানেল ভরাট হতে। কিন্তু পোল তৈরির অনেক টাকা বেঁচে যাবে, আমরা দেখি যে, যেসব বিভাগের ও ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্টের প্রস্তাবিত ও প্রয়োজনীয় পোলগুলি তৈরি করতে গেলে কম পক্ষে ৪০ লক্ষ টাকা খরচ হত। সেই টাকা বেঁচে যাচ্ছে, ক্লজ (৩)-তে আছে

State Government may deal with the space in such manner as it may consider fit.

অনেকে জানতে চাইবেন এটা ভরাট করে সরকার কি করতে চাইছেন, আমরা যেভাবে স্থির করেছি তার একটা আভাস দিতে পারি। সেখানে চওড়া রাস্তা চলে যাবে এবং সেই রাস্তার দুই ধারে স্বল্পবিত্তদের বাড়ি তৈরার হতে পারে, সেই বাড়িগুলো সরকার নিজেই করতে পারেন কিম্বা স্বল্পবিত্তদের যে ঋণ দেবার ব্যবস্থা আছে সেই ঋণ দিয়ে বাড়ি করিয়ে দিতে পারেন। তা ছাড়া ছোট ছোট পার্ক করা হবে, ছোট হাসপাতাল করা হবে, স্কুল হতে পারে এই রকম অনেক জিনিস করবার ইচ্ছা আছে। যদিও আমি এখানে প্রতিশ্রুতি হিসাবে কিছু বলছি না, তবে এইটা আমাদের চিন্তার মধ্যে আছে, এই সম্বন্ধে আর বিশেষ কিছু বলতে চাই না।

Sj. Sunil Das:

আমার একটা পয়েন্ট অব অর্ডার আছে স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় যে স্টেটমেন্ট করলেন—যে এই বছরের বাজেটে এই বাবত ১০ লক্ষ টাকা ধরা হয়েছে;—কনস্টিটিউশনের ২৯৩ ধারা অনুসারে যখন আমাদের এখানে ফাইনানশিয়াল স্টেটমেন্ট পেস হয় নাই তার আগেই বাজেটে কত ধরা আছে সেটা তিনি স্টেট করতে পারেন কি না আমি জানতে চাই।

Mr. Speaker:

সে হবে এখন; আগে ডাঃ সেন তাঁর বক্তৃতাটা করে নিন।

Dr. Ranendra Nath Sen:

স্যার, এই বিলের সম্পর্কে মাননীয় মন্ত্রী মহাশয় যা বল্লেন তাঁর এই বিল অনয়নের সমর্থনে তা আমরা শুনলাম। এই বিলের ধারা আমরা মোটামুটি সমর্থন করি। এবং সমর্থন করতে যেয়ে সামান্য দু'চারটে কথা বলার দরকার আছে। যে এলেকাটা খালের পূর্ব দিকে আছে, বিশেষ করে নারকেলডাঙ্গা ও বেলেঘাটা এলেকা কলকাতা কর্পোরেশনের অন্তর্ভুক্ত হওয়া সত্ত্বেও—কলকাতা পুলিশের অধীনস্থ হওয়া সত্ত্বেও আজো পর্যন্ত একটা পশ্চাৎপদ এলেকা এবং পশ্চাৎপদ এলেকা শুধু স্বাস্থ্যের দিক দিয়েই নয় অন্যান্য দিক দিয়েও পশ্চাৎপদ। এই পশ্চাৎপদত্বের একটা লক্ষণ এই এলেকার রাস্তাঘাট অত্যন্ত কম, এবং আসল সহরের সঙ্গে সংযোগের রাস্তাও অত্যন্ত কম, গোটাকয়েক পুল আছে এবং কিছুকাল আগে দুটো কাঠের পুল হয়েছে—এই নিয়ে ৪।৫টার বেশি নয়, তা দ্বারাই সহরের সঙ্গে সংযোগ রয়েছে। আমার ধারণা—কলকাতার পূর্ব অঞ্চলের পশ্চাৎপদত্বের কারণ হচ্ছে এই খালের অস্তিত্ব। এই খাল থাকার দরুনই সেখানে রাস্তাঘাট করা মুস্কিল হচ্ছে। মন্ত্রী মহাশয়ের সঙ্গে আমি এ বিষয়ে কথাবার্তা কয়েছি এবং তাতে বুঝতে পেরেছি পুল করতে যে খরচ হয় তা দিয়ে খালটা বন্ধ করা যায়। আর এই খাল বর্তমানে থাকার কোন কারণ নাই। আমি সেই এলেকা থেকেই নির্বাচিত হয়ে এসেছি, এবং সেখানকার কথা আমি ভাল রকমই জানিই বরং এই খাল থাকার জন্য লোকের অনেক অসুবিধা হচ্ছে, শুধু যানবাহন চলাচলের অসুবিধাই নয়, খালের দ্বারা ঐ অঞ্চলের লোকের স্বাস্থ্যহানিও হচ্ছে। আগে যে সব ব্যবসা বাণিজ্য ঐ খালের ভিতর দিয়ে চলত গত ৫।৬ বৎসর যাবৎ সে সব একেবারে বন্ধ হয়ে গেছে। সুতরাং এখন আর ঐ খাল রাখবার কোন প্রয়োজনীয়তা নেই, এবং এটা শুধু আমিই অনুভব করি না, এই বিল আজকে আসবার আগেও আমি স্থানীয় ভদ্রলোকদের সঙ্গে এ নিয়ে আলোচনা করেছি—তাঁরাও বলেছেন—এটা বন্ধ হওয়াই ভাল। আর এটাও আমি জানি এক বছর বা দু' বছরে সমস্ত খালটা বন্ধ করা সম্ভব হয়ে উঠবে না, যা নাকি আপাততঃ করা দরকার মন্ত্রী মহাশয়ও যেটা বলেছেন—কিছু কিছু রাস্তা বের করতে হবে—যাতে সহরের সঙ্গে ঐ এলেকার সংযোগ স্থাপিত হয়। আমি আশা করব ঐ খাল বন্ধ করবার পরে যত শীঘ্র সম্ভব যে কয়টি রাস্তা বেরুবে তার ফলে স্থানীয় লোকের বহু কালের যে অভাব সেই অভাব পূরণ হবে। যত রকম ভেহিকিউলার ট্রাফিক-এর অসুবিধা রয়েছে সেটা দূর হয়ে যাবে সুতরাং আমি এই বিল সমর্থন করছি। আর তা ছাড়া এখানে মন্ত্রী মহাশয় একটু আগেই তাঁর বক্তৃতায় বলেছেন খাল ভরাট হয়ে যে জমি বেরুবে তাতে স্বল্পবিত্ত লোকদের বাসস্থানের ব্যবস্থা হবে এবং ভাল যানবাহন চলাচলের উপযোগী ভাল ভাল রাস্তা হবে—সেইজন্য আমি এই বিল সমর্থন করছি।

[4-30—4-40 p.m.]

Dr. Suresh Chandra Banerjee:

মাননীয় স্পীকার মহোদয়, এই খালগুলি যে বন্ধ করে দেওয়া উচিত সে সম্বন্ধে দ্বিমত থাকতে পারে না। পূর্ব-পাকিস্তানের সঙ্গে যতদিন পর্যন্ত পশ্চিম বাংলার যোগাযোগ ছিল ততদিন পর্যন্ত এই খালে নৌকার দ্বারা জিনিসপত্র আসত যেত এবং তার জন্য তোলা আদায় হত, কিন্তু এখন আর সেই তোলা আদায় হয় না। সেজন্য এর আর প্রয়োজন পূর্বের মত নেই। তা ছাড়া অনেক সময় আমি যখন সেই সার্কুলার ক্যানেলের পাড় দিয়ে যাই তখন ভীষণ

দুর্গন্ধ বেরোয় এবং তার পাশের সমস্ত এলাকাটাই ভীষণ অস্বাস্থ্যকর। সুতরাং যতদূর সম্ভব এই সার্কুলার ক্যানেলটি বন্ধ করে দেওয়া উচিত, সে সম্বন্ধে দ্বিমত থাকতে পারে না। আমি শুধু একটা কথা গভর্নমেন্টকে এখানে বলতে চাই। গভর্নমেন্ট যেখানে বলেছেন 3(1)(a) any canal or part thereof be permanently closed and be filled up by such agency as the State Government may think fit to employ

সেখানেই কিছু বলব। অর্থাৎ ঐ এজেন্সি সম্বন্ধে আমার ২।১টি কথা বলার আছে। অর্থাৎ যে এজেন্সি খাল ভর্তি করবে তার সঙ্গে একটা চুক্তি করতে হবে যে, অন্ততঃ শতকরা ৮০ জন যেন বাঙ্গালী হয়। সাধারণতঃ দেখি যে কন্ট্রাক্টারদের মারফতে গভর্নমেন্ট এইসব কাজ করান এবং এইসব ঠিকাদাররা জেনারালি অবাঙ্গালী শ্রমিকদের কাজে নিয়োগ করেন। কারণ তারা হয়ত বেশি শ্রম করতে পারে, কাজ ভাল করতে পারে। তাদের স্ট্যান্ডার্ড অব লিভিং হয়ত নীচু বলে তারা কম মাইনেতে কাজ করতে রাজী হয়। সেজন্য কন্ট্রাক্টাররা বাঙ্গালী নেয় না। আমি দুর্গাপুরে গিয়ে দেখেছি গভর্নমেন্টের অধীনে যে সমস্ত কাজ হচ্ছে সেখানে সব বাঙ্গালী, এবং কন্ট্রাক্টারদের অধীনে যে সমস্ত কাজ হচ্ছে তাতে প্রায় সব অবাঙ্গালী কাজ করছে। বাংলা ভারতের থেকে বিচ্ছিন্ন হতে পারে না, বাঙ্গালী এমন কাজ করতে পারে না যাতে অন্য প্রদেশের ক্ষতি হতে পারে। কিন্তু একথা মনে রাখতে হবে যে, বাংলা দেশে বাঙ্গালীর স্বার্থ বিশেষভাবে রক্ষা করতে হবে। বিহারে উড়িষ্যায় ইত্যাদি জায়গায় তারা তাদের স্বার্থ দেখছে, কিন্তু একমাত্র বাংলাদেশে বাঙ্গালীদের স্বার্থ দেখা হয় না। পশ্চিম বাংলায় সত্যিকারের বেকারসমস্যা থাকতো না যদি পশ্চিম বাংলায় শতকরা ৮০ ভাগ কাজ বাঙ্গালীরা পেত। যাই হোক যে কোন কারণেই হোক অতীতে আমরা এইসব কিছু লক্ষ্য করিনি যার ফলে অবাঙ্গালীরা সব কাজ নিজেদের হাতে নিয়ে নিয়েছে। এখন গভর্নমেন্ট যদি এদিকে বিশেষভাবে লক্ষ্য না রাখেন তাহলে বাঙ্গালীর বেকারসমস্যার সমাধান হবে না। এ সম্বন্ধে আমি অনেকবার বলেছি যে জিনিসটা অত্যন্ত গুরুতর, কিন্তু এ বিষয়ে গভর্নমেন্টের দৃষ্টি আকৃষ্ট হয় নি। যে-কোন এজেন্সির মারফৎ কাজ করা হোক বাঙ্গালী, অবাঙ্গালী, পাঞ্জাবী, শিখ যাই হোক না কেন তাদের সঙ্গে কন্ট্রাক্ট করতে হবে যে যার দ্বারাই কাজ করাবেন তার শতকরা ৮০ ভাগ বাঙ্গালী হতে হবে। এই কন্ডিশানে কাজ করান হবে। বাংলাদেশে এই কন্ট্রাক্ট করা প্রয়োজন, তা না হলে পশ্চিম-বাংলার বেকার সমস্যার সমাধান হবে না এবং পশ্চিমবাংলায় বাঙ্গালীদের বেঁচে থাকা কঠিন হবে।

Sj. Dhirendra Nath Dhar:

স্পীকার, স্যার, আমি মাননীয় মন্ত্রী মহোদয়ের বক্তৃতা শুনেছি। এটা ঠিকই যে বর্তমানে যে পরিস্থিতির উদ্ভব হয়েছে তাতে এই ক্যানেল বুজিয়ে দেয়া ছাড়া উপায় নেই—একথা সকলেই স্বীকার করবেন, কারণ সত্যিকারের একটা নাইসেন্স সৃষ্টি হয়েছে। মন্ত্রী মহাশয় ১৯৪৫ সালের এয়ারপোর্ট কমিটির কথা উল্লেখ করলেন। তাঁদের যে ওপিনিয়ন বা কনক্লুশন সেই কনক্লুশন দেখবার সুযোগ আমার হয়েছিল। তাতে কিন্তু উনি যেভাবে এটা উপস্থিত করলেন সেভাবে নেই। সেই ইনকোয়ারী কমিটি করা হয়েছিল গ্রেটার ক্যালকাটা ড্রেনেজ সিস্টেম, সেটা বর্তমানে অত্যন্ত দুরবস্থায় পড়েছে তার উন্নতি হওয়া অত্যন্ত প্রয়োজন এবং আশপাশে যেসব মিউনি-সিপ্যালিটিগুলি আছে সেগুলির উন্নতি বিশেষ প্রয়োজন—সেই হিসাবে এই কমিটি হয়েছিল এবং তার মধ্যে তাঁরা এরকম ওপিনিয়ন দিয়েছিলেন যে, বর্তমানে যে অব্যবস্থা হয়েছে ঠিক সেই অব্যবস্থা যদি থাকে তাহলে পরে এটা বুজিয়ে দেয়া ভাল। ১৯৪৫ সালে নিশ্চয়ই পূর্ববঙ্গের সঙ্গে যাতায়াতের ব্যবস্থা বন্ধ হয় নি—সেটা বন্ধ হয়েছে ১৯৪৭ সালের পরে। কাজেই তখন ব্যবসা ও নেভিগেশনের প্রশ্ন আসে নি। আমরা কলিকাতা সহরের মধ্যে দেখছি যে এখানে টাউন প্ল্যানিং বলে একটা পদার্থ আছে। কলিকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্ট তারা একভাবে টাউন প্ল্যানিং করতে চেষ্টা করছেন, গভর্নমেন্ট আবার তাদের ইচ্ছামত প্ল্যানিং করতে চাচ্ছেন এবং ক্যালকাটা কর্পোরেশনের টাউন প্ল্যানিং কমিটি তাঁরা একভাবে করতে চাচ্ছেন। এই যে একটা অদ্ভুত অসামঞ্জস্য জিনিস কোলকাতা সহরের মধ্যে হচ্ছে এর শেষ কোথায়? কিছু দিন আগে সল্ট লেক প্রোজেক্ট সম্বন্ধে বলা হয়েছিল যে মধ্যবিত্তদের জন্য স্বর্গ সৃষ্টি হবে—কয়েকবার কয়েকটা সেসানে ডাঃ রায় একথা বলেছিলেন। কাগজপত্র আছে, হলদের মধ্যে লাল ছাপ দেয়া আছে এবং

সকলেই আশা করছেন যে একটা জিনিস হবে। এইভাবে খণ্ড খণ্ডভাবে যেভাবে জিনিসগুলো আনছেন তাতে মনে হচ্ছে টাউন প্ল্যানিং-এর মত একটা অত্যন্ত প্রয়োজনীয় জিনিসের উপর সরকার কোন গুরুত্ব আরোপ করতে চান না। টাউন প্ল্যানিং-এর সঙ্গে সামঞ্জস্য রেখে যদি এই ক্যানেল ক্লোজ করার ব্যবস্থা করা হয় তাহলে আমাদের আপত্তি নেই কিন্তু এর সঙ্গে সঙ্গে যে প্রমিস করলেন সে প্রমিস সত্য কি না সেটা জানা দরকার। তিনি যেভাবে বল্লেন তাতে মনে হচ্ছে যে হোলে হবে, না হোলে হবে না। সত্য করে বলুন যে এই ক্যানেলগুলি বন্ধ করে আশপাশের লোকের সুবিধার জন্য সস্তা দরে ঘর তৈরি করা হবে, স্বল্প-আয়বিশিষ্ট বাসিন্দাদের ঘরবাড়ি তৈরি করা হবে—তাদের বলতে হবে যে এই ক্যানেল বন্ধ হওয়ার পরে সেখানে পার্ক তৈরি করা হবে যে পার্কে লোকেরা বেড়াতে পারবেন, হাওয়া খেতে পারবেন এবং তাঁদের ছেলেদের জন্য সেখানে খেলার গ্রাউন্ড হবে। তাঁদের একথা বলতে হবে যে ক্যানেলের আশপাশে যেসমস্ত ছোট ছোট ব্যবসায়ী রয়েছে তাদের জন্য কমপেনসেসনের ব্যবস্থা করা হবে। এই সমস্ত য়্যাসিওরেন্স যদি না থাকে তা হলে বলতে হবে যে, সমস্ত জিনিসগুলি যেভাবে হয় এটাও ঠিক সেভাবেই হবে। সত্য সত্যই মাণিকতলা, বেলগাছিয়া অঞ্চল পশ্চাৎপদ রয়েছে এবং এই কারণটা যুক্তি হিসাবে উপস্থিত করতে পারেন কিন্তু এটাও সত্য কথা যে এই ক্যানেলটার উন্নতির জন্য সরকার ১৯২৪ সাল থেকে কিছুই করেন নি, কর্পোরেশনের কংগ্রেস পার্টিও এ ব্যাপারে কিছুই করেন নি। আজকে বরং বলা যেতে পারে ৫।৭ বছরের চেষ্টায় জল, রাস্তার কিছু ব্যবস্থা হচ্ছে এবং তার মধ্যে আমার মনে হয় প্ল্যানিং এমনভাবে হচ্ছে যে তার দ্বারা স্থানীয় লোকদের উৎখাতেরই ব্যবস্থা হচ্ছে। আমরা জানি না এই ক্যানেল বন্ধ হওয়ার পরে তাঁরা কি করবেন কিন্তু আজকে সরকারকে বলতে হবে যে সেখানে যে আনহাইজেনিক কন্ডিশন রয়েছে সেটার জন্য সরকারই দায়ী। দিনের পর দিন, বছরের পর বছর তাঁদের পি ডবলিউ ডিপার্টমেন্ট বড় বড় অফিসার্স মেনটেন করেন কিন্তু তাঁদেরই অব্যবস্থা এবং দায়িত্বজ্ঞানহীনতার জন্য আজকে এই ক্যানেল এরকম দুরবস্থা হয়েছে এই আমার বক্তব্য।

[Mr. Speaker announced the names of honourable mebers in the list of speakers but some of them were not in the Chamber.]

Mr. Speaker: Mr. Ghose, you have given me a list of names but the honourable members chose not to be present in the House and so their right to speak taken away.

[4-40—4-50 p.m.]

Sj. Apurba Lal Majumdar:

মাননীয় স্পীকার মহাশয়, এই বিলটা সম্পর্কে দ্বিমত না থাকলেও কয়েকটা বিষয়ের প্রতি আপনার মাধ্যমে আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই বিলের ৩(বি) ধারায় যেকথা বলা হয়েছে তার প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করে আমি বলতে চাই যে, ক্যানেলের আশেপাশে যেসমস্ত সরকারী রাস্তা আছে এবং চলাচলের অন্যান্য যেসমস্ত পথ আছে সেগুলি পার্মানেন্টলি বন্ধ হয়ে যাবে এবং এর ফলে আমাদের কতগুলি অসুবিধার সম্মুখীন হতে হবে। যেমন, ক্যানেল বন্ধ করে দিলে বর্ষাকালে যেসমস্ত জেলেডিঙ্গি ও নৌকা খালের মধ্যে থাকে তাদের থাকবার সমস্যা দেখা দেবে এবং যারা ব্যবসা করে দিন কাটায় তাদের ক্ষতিগ্রস্ত হবার সম্ভাবনা আছে। মন্ত্রী মহাশয় নিজেই বলেছেন ৫।৭ বৎসর পূর্বেও সেখানে বেশ ভাল ব্যবসা ছিল। তাঁর কথা যদি সত্য হয় এবং এখানে যে সামান্য ব্যবসা আছে সেই ব্যবসায়ী—তাদের ব্যবসার আয় থেকে বঞ্চিত হবার জন্য কোন প্রকার সুযোগ-সুবিধা, ক্ষতিপূরণ দেবার কথা এর মধ্যে নাই। শুধু জেলেই নয়, আরো যেসমস্ত ছোট ছোট ব্যবসা আছে, মার্চেন্ট আছে তাদের ক্যানেলের দুই ধারের রাস্তা বন্ধ হবার ফলে ক্ষতির সম্ভাবনা আছে। কাজেই আমি মন্ত্রী মহাশয়ের কাছ থেকে আশ্বাস চাই, জেলেই হোক, দোকানদারই হোক, তাদের ব্যবসা যদি ক্ষতিগ্রস্ত হয়, ক্যানেল বন্ধ করে সহর পরিষ্কার করার জন্য, তাহলে তাদের কথা বিবেচনা করা হবে এবং অন্ততঃপক্ষে তিনি তাদের এই এ্যাসুরেন্স দিন যে, তাদের জন্য রিহ্যাবিলিটেশন ও কম্পেনসেশন বা এই ধরনের ব্যবস্থা করা হবে। তারপর, ডাঃ সুরেশচন্দ্র ব্যানার্জি যে কথা বলেছেন এজেন্সী সম্পর্কে সেবিষয়ে আমি বাঙ্গালী হিসাবে তাঁকে সমর্থন করি। আমরা

শুনলাম যে, প্রায় ১ কোটি ৮০ লক্ষ টাকার মত ব্যাপার। তাই আমি বলি প্রপারলী টেন্ডার কল্ করার ব্যবস্থা করুন। কারণ, এই সমস্ত ব্যাপারে যে দুর্নীতি আমাদের সরকারের মধ্যে বাসা বেঁধে রয়েছে সেই সব পুনর্বার এখানেও বাসা বাঁধবার চেষ্টা করবে। যাই হোক, এখন যখন এই বিল পাস হতে যাচ্ছে—আমি তাই মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি, এই বিলের প্রতি আমাদের সমর্থন থাকলেও যেটা এই বিলের প্রধান কথা সেটা হচ্ছে যারা ক্যানেল বন্ধ হলে ক্ষতিগ্রস্ত হবে—

Mr. Speaker:

কারা ক্ষতিগ্রস্ত হবে?

Sj. Apurba Lal Majumdar:

জেলে, স্যার বন্ধ করাটা যুক্তিযুক্ত। আমি বলছি, যারা ক্ষতিগ্রস্ত হবে তাদের সম্পর্কে দৃষ্টি খোলা রাখুন। বিজিনেসমেন, ছোট ছোট দোকানদারদের অত্যন্ত অসুবিধা হবে।

Mr. Speaker:

এই খালে মাছ আছে?

Sj. Apurba Lal Majumdar:

মাছ এখানে হয় না বটে, কিন্তু জেলে ও অন্যান্য বোটম্যানেরা তাদের বোট রাখে। সেখানে বিজিনেস একদম হয় না একথা সত্য নয়, কারণ খালের মুখে যে প্যাসেজ বা যে এন্ট্রি আছে তাতে নৌকা করে কাঠ, বিচালী ইত্যাদি নিয়ে আসে—অবশ্য বিজিনেস কমে গিয়েছে।

Mr. Speaker:

তিনি তো বলেন নি একেবারে উঠে গিয়েছে।

Sj. Apurba Lal Majumdar:

সেই কথাই বলছি—ওখানে যারা বিজিনেস করে তা যতই সামান্য হোক—সংসার চালায়; তাদের যেন গভর্নমেন্ট থেকে ক্ষতিপূরণ দেওয়া হয়। যে রাস্তা ক্লোজড হবে সেই রাস্তার উপর যেসব দোকান আছে সেই দোকানগুলি উঠে যায় তা হলে তাদের জন্য যেন ক্ষতিপূরণের ব্যবস্থা করা হয়।

[4-50—5-20 p.m.]

The Hon'ble Ajoy Kumar Mukherji:

শ্রীযুক্ত রনেণ সেন মশাই এখানে নেই। তিনি জানতে চেয়েছেন, কতদিন লাগবে। আমরা একটা এস্টিমেট করে দেখেছি ৪ বৎসর সময় লাগবে। যেখানে যেখানে পুল করবার কথা, যেখানে যেখানে রাস্তা যাবার কথা, সে জায়গা আগেই আমরা ভরট করবো, তারপর, বাকীটা ভরট করবো। ডাঃ সুরেশচন্দ্র ব্যানার্জি শতকরা ৮০ জন বাঙ্গালী নিযুক্ত করার কথা বলছেন। তাঁর কথা আমি মানতে পারলাম না, কারণ, আইনে এই জিনিস করা যায় না ডিসক্রিমিনেশন হতে পারে। এজেন্সীর কথা উঠেছে। আমরা কর্পোরেশনকে দিলাম, ইমপ্রুভমেন্ট ট্রাস্টকে দিলাম—এইরকম এজেন্সীর দ্বারা আমরা কাজ করাতে পারি।

Dr. Suresh Chandra Banerjee:

এরকম এজেন্সীই নেবেন যার সঙ্গে কন্ট্রাক্ট করতে পারেন। আমরা চাই শতকরা ৮০ জন বাঙ্গালী হোক, সত্যিকারের যদি চান, অন্তরের সঙ্গে চান তাহলে নিশ্চয়ই সম্ভব হবে।

The Hon'ble Ajoy Kumar Mukherji:

সেচ বিভাগ থেকে সুন্দরবনে আমরা এই ব্যবস্থা করেছি যে, শুধু বাঙ্গালীই নয়, সুন্দরবনের লোক দ্বারা কাজ করতে হবে—এই ব্যবস্থা চালু করছি। শ্রীযুক্ত ধীরেন ধর মহাশয়

বলেছেন প্ল্যানিং কমিশনের সঙ্গে সামঞ্জস্য রেখে কাজ করবার কথা। আমরা তা করবো। তিনি প্রতিশ্রুতির কথা বলেছেন। ঐ জিনিসটা এখনও পাকা হয় নি, সেইজন্য সে সম্পর্কে আমি কোন প্রতিশ্রুতি দিতে পারবো না।

অপূর্ববাবু বলেছেন ক্যানেলের রাস্তার কথা। ক্যানেলের মাঝখানটা অত্যন্ত সরু আছে। তার দু'পাশে গভর্নমেন্টের দুটি রাস্তা আছে—ক্যানেল ইস্ট ও ক্যানেল ওয়েস্ট, এ দুটি ইরিগেশন ডিপার্টমেন্টের রাস্তা। সেই রাস্তা দিয়ে পাবলিক চলাচল করে। সেইজন্য ক্যানেলের মাঝখান দিয়ে যে রাস্তা যাবে, তার দুপাশে নতুন বাড়ি করতে গেলে রাস্তার উপর গিয়ে পড়বে। সেইজন্য—আমাদের হুইপ অর্ধেন্দুশেখর নস্কর মহাশয় যে (১৯)নং এ্যামেন্ডমেন্ট দিয়েছেন, সেটা আমি এ্যাকসেপ্ট করছি। যাতে পাবলিকের যাতায়াতের অসুবিধা না হয় সেদিকে আমরা বিশেষ দৃষ্টি রাখবো। এই রাস্তার পাশের বাড়িগুলিকে সেন্ট্রাল রোডের সঙ্গে যোগাযোগ করে দিলে আর কারও অসুবিধা হবে না। কমপেনসেশন দেবার কথা অনেকে বলেছেন। এল এ এ্যাক্ট অনুসারে কমপেনসেশন দেবার যে নিয়ম আছে, সেই অনুসারে আমরা দেবো। বর্তমানে সেখানে যে সমস্ত জমি আছে তার বেশীর ভাগই সেচ বিভাগের জমি এবং লিজ্ দেওয়া জমি, সেগুলি আমাদের হাতে এমনই চলে আসবে, তার জন্য কোন কমপেনসেশন দিতে হবে না। এমন কি লীজ শেষ হলে সেখানে বাড়ি ভেঙ্গে নিয়ে যেতে হবে তার জন্য কোন কমপেনসেশনও দিতে হবে না। এই হল আইন। দীর্ঘ মেয়াদী যে সমস্ত লীজের জমি আছে, সে সম্বন্ধে আমরা বিবেচনা করছি।

The motion of the Hon'ble Ajoy Kumar Mukharji that the West Bengal Closing of Canals Bill, 1958, be taken into consideration was then put and agreed to.

Clause 1.

Sj. Ardhendu Sekhar Naskar: Sir, I move that in clause 1(1), in line 2, for the figure "1958" the figure "1959" be substituted.

The motion was then put and agreed to.

The question that clause 1, as amended, to stand part of the Bill was then put and agreed to.

Clause 2.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3.

Dr. Golam Yazdani: Sir, I move that in clause 3(1)(a), in line 3, after the words "fit to employ" the words "after inviting tenders publicly" be inserted.

It does not require any explanation.

Sj. Basanta Kumar Panda: The spirit of my amendment goes away if Mr. Naskar's amendment is accepted. I have sought for the preservation of the roads. He says that suitable arrangements would be made by Government for the purpose.

Sj. Chitta Basu: Sir, I beg to move that in clause 3(1)(a), in line 3, after the word "employ" the words "after calling for regular tenders" be inserted.

Sj. Apurba Lal Mazumdar: Sir, I beg to move that in clause 3(2), in line 5, words "or by such road" be omitted.

Dr. Golam Yazdani: Sir, I beg to move that in clause 3(1)(b), in line 3, after the words "or temporarily" the words "after providing alternative roads for such traffic in case of permanent closure" be inserted.

Sj. Ardhendu Sekhar Naskar: Sir, I beg to move that after sub-clause (1)(b) of clause 3, the following proviso be added, namely:—

"Provided that before closing any road the State Government shall make such arrangements as it considers necessary, for communication in the area served by such road."

The Hon'ble Ajoy Kumar Mukharji: Sir, I accept the amendment.

The motion of Sj. Ardhendu Sekhar Naskar that after sub-clause (1)(b) of clause 3, the following proviso be added, namely:—

"Provided that before closing any road the State Government shall make such arrangements as it considers necessary, for communication in the area served by such road.",

was then put and agreed to.

Mr. Speaker: The rest of the amendments fall through.

The question that clause 3, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clause 4.

The question that clause 4 do stand part of the Bill was then put and agreed to.

Clause 5.

The question that clause 5 do stand part of the Bill was then put and agreed to.

PREAMBLE

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Ajoy Kumar Mukharji: Sir, I beg to move that the West Bengal Closing of Canals Bill, 1958, as settled in the Assembly, be passed.

Sj. Dhirendra Nath Dhar:

একটা বিষয়ে আশা ও'কে দিতে হবে, উনি বলেছেন যে চার বছর ধ'রে মাটি চাপা দেবেন—এই ক্যানেল ক্লোজ করবেন এবং স্থানে স্থানেও করবেন। এতে কি ন্যুইসেন্স একটু বাড়বে না?

The Hon'ble Ajoy Kumar Mukharji:

কলকাতার মধ্যে তো কত পুকুর বুজে যাচ্ছে আমরা তো কলকাতা কর্পোরেশনের মত আবর্জনা এনে চাপা দেব না যে ন্যুইসেন্স হবে, আমরা ভাল মাটি এনে বুজাব এবং সেক্ষেত্রে ৪ বছর ধরে হলে বরং ন্যুইসেন্স বেশী করে এ্যাভয়েড করা যাবে।

Sj. Dhirendra Nath Dhar:

আমার জবাবটা পেলাম না। মন্ত্রী মহাশয়ের বোধ হয় এ সম্পর্কে কোন অভিজ্ঞতা নেই। আমরা জানি আশেপাশের আন-হাইজেনিক জলা জমি আছে, সে সম্পর্কে কোন দায়িত্ব পালন ১০ বছর যাবৎ ওরা করেন নি—সেগুলিতে যখন খণ্ড খণ্ডভাবে মাটি চাপাবেন তখন কি ন্যুইসেন্স হবে না?

The Hon'ble Ajoy Kumar Mukharji:

সেখানে সেপারেট অ্যারেঞ্জমেন্ট করা হবে।

Sj. Bankim Mukherjee:

আমার একটি সাজেসশন আছে—এই যে কলকাতার কমুনিকেশন-এর যে অভাবটা রয়েছে এবং সেখানে দেখা হচ্ছে যে টিউব রেলওয়ে হবার সম্ভাবনা নেই সেখানে অন্ততঃ ওভারব্রিজ রেলওয়ে ইলেকট্রিফিকেশন হবার পর যদি হয় তখন হয়ত জায়গা খুঁজে পাওয়া যাবে না। সুতরাং গভর্নমেন্ট এই ক্যানেলটা বোজাবার পর কি হতে পারে সেটা সেই আশায় রেখে কাজ করেন। ইলেকট্রিফিকেশন অফ রেলওয়েস হয়ে গেল, ওভারহেড রেলওয়ে যদি হয় সেখানে একটা সকুলার ওয়েভ আপ টু কালীঘাট লেক ঘুরে হবার সম্ভাবনা আছে। সুতরাং সমস্ত জায়গাটা যেন নষ্ট না করে ফেলেন, এটুকু যেন মনে রাখেন। এই সমস্ত এরিয়াতে বাড়ী ইত্যাদি করে নষ্ট না করেন—ওখানে ভাল ট্যাঙ্ক, বাগান ইত্যাদি তৈরি করে যাতে কলকাতায় একটা সৌন্দর্য সম্পন্ন জায়গা হয় সেদিকে নজর রাখা দরকার। গভর্নমেন্ট যেন কমার্সিয়াল দিকেই শুধু নজর রেখে সেখানে বাড়ীটাড়ী তৈরি না করেন। ক্যানেলটা যদি উঠে যায় তাহলে উত্তরদিকে কলকাতা সহরকে এক্সটেন্ড করা যাবে, আরও দূরে বাড়ী ঘরদুয়ার তৈরী করবার সুযোগ পাওয়া যাবে ইলেকট্রিফিকেশন হলে পর। ওই জায়গাটা কলকাতার একটি সৌন্দর্যশালী স্থান হতে পারবে।

The Hon'ble Ajoy Kumar Mukharji:

একথা আমার মনে থাকবে। আর বলেছেন ওভারহেড রেলওয়ের কথা, সেটাও প্রতি রাস্তার উপর দিয়েই যেতে পারবে।

The motion of the Hon'ble Ajoy Kumar Mukherji that the West Bengal Closing of Canals Bill, 1958, as settled in the Assembly be passed, was then put and agreed to.

[At this stage the House was adjourned for twenty minutes.]

[After adjournment]

[5-20—5-30 p.m.]

STATEMENT REGARDING RICE POSITION IN HOWRAH

Dr. Kanailal Bhattacharjee:

মাননীয় স্পীকার মহাশয়, হাওড়া থেকে খুচরা চাল বিক্রেতা সমিতির পক্ষ থেকে কয়েকশত চালবিক্রেতা বিধানসভার সদস্যদের কাছে এবং মাননীয় খাদ্যমন্ত্রীর কাছে তাদের বক্তব্য রাখবার জন্য এসেছে। আজকে বড় বড় মিল মালিক চালকল মালিক এবং জোতদারদের জন্য খাদ্যের যে অবস্থা হয়েছে তাতে জনসাধারণ ছাড়াও এই ছোট ছোট চালবিক্রেতারা অত্যন্ত কষ্টের মধ্যে পড়েছে। তাদের বক্তব্য হচ্ছে যে সরকার যে ধান চাল সংগ্রহ করেন তার যতটা রেশনএর জন্য রাখা দরকার তা রেখে বাদবাকীটা যা থাকবে তা এই সব ছোট ছোট চাল বিক্রেতার মধ্যে সরবরাহ করলে তাদের অবস্থার কিছু উন্নতি হবে। কিছুদিন ধরে, রামকৃষ্ণপুর চড়ার বাজারে যে পরিমাণ চাল আসে সেই চাল যদি সরকারের প্রতিনিধি গিয়ে হাওড়ার ছোট ছোট চাল বিক্রেতাদের মধ্যে বণ্টন করে দেন তাহলেও তাদের অবস্থা কিছুটা ভাল হতে পারে। এই ব্যাপারে খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং তাঁর কাছে একটা স্মারকলিপি দেওয়া হয়েছে, আশা করি তিনি এটা বিবেচনা করবেন।

THE WEST BENGAL KHADI AND VILLAGE INDUSTRIES BOARD BILL

The Hon'ble Bhupati Majumdar: Sir, I beg to introduce the West Bengal Khadi and Village Industries Board Bill, 1958.

[The Secretary then read the title of the Bill]

The Hon'ble Bhupati Majumdar: Sir, I beg to move that the West Bengal Khadi and Village Industries Board Bill, 1958, be referred to a Joint Committee of the Houses consisting of 29 members; 24 members from this House, namely:—

(1) The Hon'ble Bhupati Majumdar (the mover),
(2) Sj. Ras Bihari Pal,
(3) Janab Abul Hashem,
(4) Sj. Bijoylal Chatterjee,
(5) Sj. Amarendra Nath Sarkar,
(6) Sj. Bijoy Singh Nahar,
(7) Sj. Bhawani Prasanna Talukdar,
(8) Janab Mohammed Israil,
(9) Sj. Tarapada Chaudhuri,
(10) Sj. Debendra Nath Mahato,
(11) Sj. Bhabataran Chakravarty,
(12) Sj. Panchanan Digpati,
(13) Sj. Arabinda Roy,
(14) Sj. Satyendra Narayan Mazumdar,
(15) Sj. Dasarathi Tah,
(16) Sjkta. Labanya Prova Ghosh,
(17) Sj. Bhakta Charan Roy,
(18) Sj. Apurba Lal Majumdar,
(19) Dr. Suresh Chandra Banerjee,
(20) Sj. Khagendra Nath Naskar,
(21) Sj. Brindabon Gayen,
(22) Sj. Monoranjan Hazra,
(23) Dr. Narayan Chandra Roy,
(24) The Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department,

and 5 members from the Council;

that in order to constitute a sitting of the Joint Committee the quorum shall be one-third of the total number of Members of the Joint Committee;

that the Committee shall make a report to the House by the 30th of April, 1959;

that in other respects the rules and procedure of this House relating to Committees will apply with such variations and modifications as the Speaker may make; and

that this House recommends to the Council that the Council do join in the said Joint Committee and communicate to this House the names of members to be appointed by the Council to the Joint Committee.

Dr. Suresh Chandra Banerjee:

মাননীয় স্পীকার মহোদয়, আমি ১৯২১ সালের আগে বাংলাদেশে খদ্দরের কথা শুনিনি। অবশ্য নিজে পাঞ্জাবে দেখেছি খদ্দর। মহাত্মা গান্ধী ১৯২০ সালে যখন অসহযোগ আন্দোলন করেছিলেন তখন খদ্দরের কথা তুলেছিলেন এবং অন্যান্য প্রোগ্রামের ভিতর এক কোটি চরকার প্রস্তাবও পাশ করে নিয়েছিলেন। মহাত্মা গান্ধীর আদর্শে অনুপ্রাণিত হয়েই বাংলাদেশের নানা স্থানে ছোটবড় প্রতিষ্ঠান গড়ে উঠেছিল এবং তারা মহাত্মাগান্ধীর আদর্শমতই চরকার প্রচলনের চেষ্টা করেছিলেন, আমি এবং আমাদের আরও কয়েকজন বন্ধু যেমন ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষ, অন্নদাপ্রসাদ চৌধুরী, দেবেন সেন প্রভৃতি সকলে মিলে আমরা আন্দোলন করেছিলাম। প্রত্যক্ষ অভিজ্ঞতা থেকে আমি জানি তখন একাজ বড় সহজ ছিল না। তখন কি করে চরকা তৈরি করতে হবে তা জানতাম না, তা শিখতে হল, কোথায় টেকো পাওয়া যাবে, মিস্ত্রি ডেকে তা বানান শিখতে হল, চরকায় উৎপন্ন সুতায় সাধারণ তাঁতীরা কাপড় বুনতে পারত না, তাদের তা শিখতে হল, তারপর তুলা সংগ্রহ করতে হল, তারপর উৎপন্ন খদ্দরের বিক্রীর ব্যবস্থা করতে হল সুতরাং [illegible] গোড়া থেকে গড়ে তুলতে হলে যা করতে হয় তাই করতে হল। মহাত্মা গান্ধী ১৯২২ সালের প্রথমভাগে অসহযোগ আন্দোলন যখন প্রায় শেষ হয়ে আসছে তখন গ্রেপ্তার হন এবং তাঁর ৬ বৎসর কারাদণ্ড হয়। কিন্তু ছ' বৎসর অতিক্রান্ত হওয়ার আগে, দু' বৎসর শেষ হলে পরেই ১৯২৪ সালের প্রথমভাগে তাঁকে ছেড়ে দেওয়া হয়। ছেড়ে দেওয়ার পর তিনি আর সব কাজ প্রায় ছেড়ে দিয়ে চরকার কাজেই নিজেকে নিযুক্ত করেছিলেন এবং এজন্য তিনি একটা অর্গেনাইজেশন গঠন করেছিলেন অল ইন্ডিয়া স্পিনার্স এ্যাসোসিয়েশন। এটা তাঁর ছিল নিজস্ব প্রতিষ্ঠান, তিনি ভারতবর্ষের বিভিন্ন স্থান থেকে যারা খদ্দরের কাজে নিযুক্ত তাদের প্রতিনিধিস্থানীয়দের ডেকে নিয়ে পাটনায় একটা মিটিং করেছিলেন। সেই মিটিংএ উপস্থিত হবার সৌভাগ্য আমার হয়েছিল। সেই মিটিংএই মহাত্মা গান্ধী অল ইন্ডিয়া স্পিনার্স এসোসিয়েশন গঠন করেছিলেন।

[5-30—5-40 p.m.]

All India Spinner's Association—A.I.S.A.

যাকে সংক্ষেপে বলা হয়—এই এ্যাসোসিয়েশনএর তিনটি উদ্দেশ্য ছিল। মহাত্মা গান্ধীর এই তিনটি উদ্দেশ্যের কথা আমি ডাক্তার রায়কে অনেকদিন প্রাইভেটলি বলেছি যে মহাত্মা গান্ধীর কর্তৃত্বে প্রবর্তিত এ আই এস এ-র যে আদর্শ ছিল সেই আদর্শ থেকে আমরা যেন ভ্রষ্ট না হই, সেইজন্য মহাত্মা গান্ধী তিনটি পথ দিয়েছিলেন—

(i) To carry on the research work on khaddar,
(ii) To carry on propaganda for charka and khaddar,
(iii) To procure money—to collect money for carrying on Khaddar work.

এই তিনটা বিশেষ উদ্দেশ্য ছিল, এই উদ্দেশ্যে বাংলায় আর একটা বোর্ড ছিল কিন্তু এখন একটা স্টাটুটরি বোর্ড গঠিত হতে চলেছে, যাতে যারা আমাদের এই কাজে নিযুক্ত তাদের আদর্শ অনেকখানি এই বোর্ডের দ্বারা নিয়ন্ত্রিত হবে। এই বোর্ডের কি ফাংশন তারা নির্দিষ্ট করবেন। সেটার জন্য বলছি যে এ আই এস এ-র যে ফাংশন ছিল মহাত্মা গান্ধী যে পথ দেখিয়েছিলেন সেই পথ থেকে আমরা যেন বিচ্যুত না হই, তখন থেকে আজ প্রায় ৩০।৪০ বৎসর পার হয়ে গেছে কিন্তু সেই আদর্শ থেকে বিচ্যুত হবার কোন কারণ ঘটে নাই। এই হাউসের অনেকেই জানেন যে মহাত্মা গান্ধী তখনকার দিনে ভারতবর্ষের সর্বত্র ঘুরে বেড়াতেন এবং টাকা সংগ্রহ করতেন, তাঁহার এই [illegible] জন্য এবং এই টাকা ভারতের সর্বত্র যে সমস্ত খদ্দর প্রতিষ্ঠান গড়ে উঠেছিল তাদের এই টাকা দিতেন, কিন্তু তিনি কন্ট্রোল চাইতেন না। তিনি চাইতেন যে সত্যকার একনিষ্ঠ সেবক যারা খদ্দরের কাজে নিজেদের আত্মনিয়োগ করেছেন তাদের জন্য টাকা তুলে দিতেন এবং যাদের বিশ্বাস করতেন না তাদের এক পয়সাও দিতেন না। যাদের বিশ্বাস করতেন তাদের অকাতরে টাকা দিতেন। মাত্র একটা সুপারভাইসরি কন্ট্রোল তাঁহার ছিল। তিনি 'উপদেষ্টা চ অনুমন্তাচ' ছিলেন—যেমন গীতায় ভগবান বলেছেন

"উপদেষ্টা চ অনুমন্তাচ"।

এইভাবে মহাত্মা গান্ধী সর্বত্র ঘুরে বেড়াতেন, যখন তিনি এই রকম ঘুরে বেড়াচ্ছিলেন তখন দেশবন্ধুর দেহাবসান ঘটে, তখন তিনি খুলনা যাচ্ছিলেন তখন তাঁহার কাছে এই সংবাদ পৌঁছায়, এই সুপারভাইসরি কন্ট্রোল নিয়ে তিনি ঘুরে ঘুরে বেড়াতেন এবং দেখতেন এবং কোথাও যদি দোষ ত্রুটি দেখতে পেতেন তাহলে তাদের প্রেমপূর্ণ ভাষায় বুঝিয়ে দিতেন ও সংশোধন করতেন। আমরা আনন্দের সহিত তাঁর কথা মেনে নিতাম। তার পরে খদ্দর গড়ে উঠল। তারপরে মহাত্মা গান্ধী ভাবলেন যে না আমার কতৃত্বাধীনে এই প্রতিষ্ঠানকে রাখলে ভাল হবে না, কংগ্রেসকে এই সঙ্গে জড়িত করা চাই। তাই ১৯২৪ সালে এ আই এস এ গঠিত হয়। তিনি পাটনায় একটা মিটিং ডাকেন এবং তার ১০ বৎসর পরে ১৯৩৪ সালে কংগ্রেসের এক মিটিংএ... খুব সম্ভব গয়ায়.....আমিও সেই মিটিংএ ছিলাম—এখন তার নাম হল

All India Khadi and Village Industries Association

যার আগে নাম ছিল এ আই এস এ সেই প্রতিষ্ঠান গঠন করলেন কংগ্রেসের সঙ্গে মিলে। আমরা তাকে সংক্ষেপে বলতাম এ আই ভি আই এ; এই এ্যাসোসিয়েশন করে তার ব্যাপক উদ্দেশ্য রাখলেন

to collect fund to carry on research for charka and khaddar and to carry on propaganda for charka and khaddar.

এ আই এস এ ঐ কাজেতে আর একটু যোগ করে দিয়েছিলেন স্পিনিং ছাড়াও খাদি, তেলের ঘানি, গুড় শিল্প ইত্যাদি ভিলেজ ইন্ডাস্ট্রির অন্তর্ভুক্ত করেছেন। এইভাবে ১৯৩৪ সালে গয়ায় কংগ্রেস কনফারেন্সে

All India Khadi and Village Industries Association

গঠিত হলো এবং তার কাজ চলেছিল স্বাধীনতা লাভ হওয়া পর্যন্ত। এ্যাসোসিয়েশনের জায়গায় বোর্ড তৈরি হল কিন্তু পার্লামেন্টারী এ্যাক্টে নয়, কংগ্রেস গভর্নমেন্ট একটা বোর্ড তৈরি করে দিলেন। এই বোর্ড কংগ্রেস গভর্নমেন্টের কমার্স ডিপার্টমেন্টের সঙ্গে সংযুক্ত ছিল, তাতে প্রথমতঃ কাজ কমার্স মিনিস্টারের সঙ্গে পরামর্শ করতে হত। কিন্তু কোন মিনিস্টারের সঙ্গে কাজ করতে হলে কত সময় লাগে তা সকলেই জানে। সেখানে সাধারণ কাজ করতে দীর্ঘ সময় লাগতে লাগল এবং খাদি ওয়ার্কাররা তাক্ত-বিরক্ত হতে লাগল। এবং তারা বলল যে এভাবে চলতে পারে না। তখন মহাত্মা গান্ধী বেঁচে ছিলেন। তখন মহাত্মা গান্ধীর প্রভাবে হউক বা অন্যভাবে হউক

All India Khadi and Village Industries Commission

গঠিত হলো ১৯৫৬ সালে। এই স্ট্যাটুটারি বোর্ড বাই এ্যান এ্যাক্ট অফ পার্লামেন্ট গঠিত হয়েছিল এবং এই বোর্ড স্বাধীন ছিল। যদিও কংগ্রেস গভর্নমেন্ট কর্তৃক এই বডির হাতে বৎসরে আড়াই কোটি তিন কোটি টাকা দেওয়া হত খাদি এ্যান্ড ভিলেজ ইন্ডাস্ট্রির ব্যাপারে খরচ করবার জন্য। কিন্তু গভর্নমেন্ট কোন প্রভাব এই কমিশনের উপর খাটান নাই। এই কমিশন সম্পূর্ণ স্বাধীন, কমিশন গঠিত হবার পর খদ্দরের কাজ দ্রুত বেড়ে গেল। কারণ, কমিশন কোন রাজনৈতিক ভাবধারার দ্বারা প্রভাবিত না হয়ে নিষ্ঠার সহিত চরকা খদ্দর, অন্যান্য গ্রামাঞ্চলে কাজে লিপ্ত ছিলেন এবং তাদের উদারভাবে টাকা দিতে লাগলেন, কিন্তু এর ভিতরে লিমিটেশন ছিল। এই কমিশন বৈকুণ্ঠ মেটা—গগনবিহারী মেটার দাদা এই কমিশনের চেয়ারম্যান ছিলেন। তিনি একজন পাকা ব্যবসায়ী; তিনি ব্যাঙ্কিংএর কাজ করতে লাগলেন। যারা ঠিক মত টাকা নিয়ে টাকা শোধ করত তাদের বেশী করে টাকা দিতে লাগলেন। আর যারা টাকা ফেরত দেয় না খালি হাতে নেয় কিন্তু তার পরে হাত আর উপুড় করে না—ভূপতিবাবু জানেন বাংলায়ও এইভাবে কাজ হবার ফলে কতকগুলি খাদি প্রতিষ্ঠানের বিপর্যয় ঘটেছে আর কতকগুলি খাদি প্রতিষ্ঠানের সুবিধা হয়েছে।

Mr. Speaker: Dr. Banerjee, this Bill is going to the Select Committee. What is the length of time that you propose to take?

Dr. Suresh Chandra Banerjee:

স্যার আমি আমার জীবনে তিরিশ বৎসর এই কাজে কাটিয়েছি।

Mr. Speaker: I know Khaddar is nearest to your heart, but let me asl you how long you will take?

Dr. Suresh Chandra Banerjee:

আপনি বলেন ত আমি এখুনিই বসে যাব।

Mr. Speaker:

আমাকে ডেজ বিজিনেস এ্যারেঞ্জ করতে হবে জানেন ত।

Dr. Suresh Chandra Banerjee:

আমি শীঘ্রই শেষ করছি বেশী বলব না, তবে আপনি নির্দেশ দিলে এখনই বসতে রাজি আছি। এই যে বিল এসেছে এই বিল এখানে খাদি এ্যান্ড ভিলেজ ইনডাস্ট্রি কমিশন-এর একটা ব্রাঞ্চ গঠন করবার জন্য আনা হয়েছে।

[5-40—5-50 p.m.]

এই বিলটা পাশ হলে বেঙ্গলে একটা খাদি এ্যান্ড ভিলেজ ইনডাস্ট্রি বোর্ড হবে। আমি যখন লেবার, কমার্স এ্যান্ড ইনডাস্ট্রি মিনিস্টার ছিলাম তখন আমি এটা করেছিলাম। এই বোর্ড তাকে রিপ্লেস করবে। কাজে কাজেই আমরা যে গত ৪০ বছর যাবৎ খদ্দরের কাজ করছি তাদের সঙ্গে এই বোর্ডের সম্পর্ক থাকবে। এই কমিশন স্টেট কমিশনের প্রতিনিধি। এই অল ইন্ডিয়া কমিশন উদারভাবে খদ্দর এবং ভিলেজ ইন্ডাস্ট্রির দিকে দৃষ্টি রেখে কাজ করছেন। এই স্টেট কমিশন যদি এইভাবে কাজ করতে পারে তবেই দেশের প্রভূত মঙ্গল হবে। আমরা অভয় আশ্রমের মারফত ১২ লক্ষ খদ্দর বিক্রি করছি, নানা স্থানে এর বড় বড় ব্র্যাঞ্চ হয়েছে। এই বিলে বলা হচ্ছে যে

It would be a statutory body. It would be by an Act of this House. Members will be all appointed by the Government.

এই জিনিসটা মারাত্মক জিনিস। আপনি জানেন যে অল ইন্ডিয়া খাদি এ্যান্ড ইন্ডাস্ট্রি বোর্ডে এই রকম ধরনের জিনিস ছিল। কিন্তু দ্যাট ডিড নট ওয়ার্ক। সেটা ওয়ার্ক করল না বলে তার জায়গায়

Khadi and Village Industries Commission by an act of Parliament was formed in 1956.

এই কথাটা আপনি এক মিনিটও ভুলবেন না। এমন কতকগুলি প্রতিষ্ঠান আছে যারা ৩০।৪০ বৎসর যাবৎ এই কাজ করছে তাদের খাদি সম্বন্ধে জ্ঞান থাক বা না থাক তারা গভর্নমেন্টের এ্যাপয়েন্টেড মেম্বার হবেন এবং তাঁবেদারী করবেন। সুতরাং এইভাবে যদি ব্র্যাঞ্চ স্টেট কমিশন ফর্ম হয় তা হলে আপনাদের মনোমত কয়েকজন লোককে আপনারা নিয়োগ করে দেবেন এবং তা হলেই দেখবেন যে বেঙ্গলে এর দ্বারা ভাল কাজ একদিনও চলবে না। আমাদের মনে হয় বেঙ্গল ব্র্যাঞ্চে মেম্বার সংখ্যা ৯ হতে ১২ জন হলে ভাল হয় এবং

two-thirds must be representatives of various Khadi and Village Industries Organisations recognised by the Commission.

এগুলি স্বাধীন বডি হবে। যাদের কমিশন রেকগনাইজ করেছেন তারাই বেঙ্গলে কাজ করছেন। তাঁদের রিপ্রেজেন্টেটিভ হবেন ২, আর ২ এ্যাপয়েন্টেড বাই দি গভর্নমেন্ট। এটাই ফার্স্ট কন্ডিশন। সেকেন্ড কন্ডিশন হচ্ছে ইট মাস্ট নট বি এ ট্রেডিং অরগানাইজেশন। কারণ মহাত্মা গান্ধীর অল ইন্ডিয়া স্পিনার্স এ্যাসোসিয়েশন, এ আই ভি আই এ ট্রেডিং অরগানিজেশন ছিল না। কিন্তু এ সম্বন্ধে আপনাদের মত স্পষ্ট করে দেন নি। আপনারা সেকশন ১২(২)এ-তে বলেছেন

The Board will take such steps as it may think fit to establish, encourage, assist and carry on khadi industries and other village industries...

এই ক্যারি অন খাদি ইন্ডাস্ট্রিজ এ্যান্ড আদার ভিলেজ ইন্ডাস্ট্রিজটা হচ্ছে ট্রেডিং ব্যাপার কিন্তু ১২(১)-তে বলছেন ইট উইল নট বি এ ট্রেডিং করপোরেশন। আমি স্পষ্ট ভাষায় বলে দিচ্ছি যে

such Board which will be a branch of the Commission will not be a trading organization...

মহাত্মা গান্ধী বলেছেন—

help the khadi workers in every possible way and do propaganda work and everything but not carry on any trading work...

কিন্তু ১২(২)(এ)-তে বলছেন ক্যারি অন খাদি ইন্ডাস্ট্রিজ এ্যান্ড আদার ভিলেজ ইন্ডাস্ট্রিজ আমি এখানে ভূপতিবাবুকে লক্ষ্য করতে বলছি যে একবার বললেন ইট উইল নট ক্যারি অন এনি ট্রেডস, আবার পরে বললেন

it will carry on Khadi Industries and other Industries

এবং

it will not be a trade organization.

এ আই এস এ কিম্বা অল ইন্ডিয়া ভিলেজ ইন্ডাস্ট্রিজ অর্গানিজেশন যেভাবে কাজ করেছেন আপনারা সেভাবে কাজ করুন। বাংলাদেশে আজ খাদির পজিশন খুব খারাপ। উইথ সিম্প্যাথেটিক হার্ট,

that real love for Khadi and other village industries

নিয়ে আপনারা প্রসিড করুন এবং তাদের বিক্রীর ব্যাপারেও সাহায্য করুন। সে কথা আমি পরে বলবো সিলেক্ট কমিটিতে। যদি ঠিকমত আপনারা চলেন তাহলে দেখবেন খাদির প্রসপেক্ট ইন বেঙ্গল খুব বেশী হবে। আমি আমার নিজের অভিজ্ঞতার কথা এখানে বলি। আমি ১॥ বছর যাবৎ চাকদহ কনস্টিটিউয়েন্সীতে—এটা একটা গরীব টাউন—এখানে অম্বর চরকা চালাচ্ছি, ৪শো লোককে তৈরী করেছি, তারা এখন মাসে ১০।১৫।২০।৩০।৪০।৬০ টাকা পর্যন্ত পরিশ্রম করে উপার্জন করে এবং এভাবে ইন দি টাউন অব চাকদহ অনুলি আমি প্রতি মাসে ২॥ হাজার টাকা ফর স্পিনিং ডিস্ট্রিবিউট করি—প্রতি মাসে একটা মিটিং করি, সেই মিটিংএ বলে দিই এই এই টাকা হয়েছে। গভর্নমেন্টের কাছে অনেক সাহায্য চেয়েছি কিন্তু কিছুই পাই নি। যদি সত্যকারের খাদিকে ভালবাসেন, আদার ভিলেজ ইন্ডাস্ট্রিকে ভালবাসেন এবং তাদের সাহায্য করেন তাহলে আপনারা অনেক কিছু করতে পারবেন এবং আমরাও অনেক কিছু করতে পারি কারণ এটা আমাদের প্রাণের বস্তু, প্রাণপ্রিয় বস্তু—এর জন্য আমরা প্রাণ দিতে পর্যন্ত প্রস্তুত আছি। আমরা ট্রেডিং অর্গানিজেশনের দিকে যাবো না। এ আই এস এ-র অবজেক্টিভগুলো পালন করুন।

আর একটা কথা বলে আমি আমার বক্তব্য শেষ করবো কারণ স্পীকার মহোদয়, আপনি আমাকে ওয়ার্নিং দিয়েছেন। খাদি এ্যান্ড ভিলেজ ইন্ডাস্ট্রীজ কমিশন এ্যাক্ট ১৯৫৬ তাতে কোন্ কোন্ বিষয়ে ভিলেজ ইন্ডাস্ট্রীর কাজ চলতে পারে তার একটা সিডিউল দেয়া আছে। এই খাদি এ্যান্ড ভিলেজ ইন্ডাস্ট্রিজ কমিশন এ্যাক্ট ১৯৫৬, তার সর্বশেষে একটা লিস্ট দেয়া আছে সিডিউলে যে কোন্ কোন্ বিষয়ে এই কাজ চলতে পারে। ১১ আর ১২-তে আছে ফাইবার আদার দ্যান্, ইত্যাদি। আমরা ফাইবার নিয়ে কাজ করি, ব্ল্যাকস্মিথ নিয়েও কাজ করি যে বিল এনেছেন তাতে সেই বিলের সিডিউল হুবহু নিয়েছেন—১০এ এসে নেমেছেন। ম্যাচ্ ইন্ডাস্ট্রি সব নিয়েছেন। ১১ আর ১২টা কেন গ্রহণ করলেন না সেটা বুঝতে পারলাম না। কারণ ফাইবার নিয়ে কাজ করা হয়, জুট নিয়ে অনেকে কাজ করে, ব্ল্যাকস্মিথ এবং কার্পেন্ট্রীও করে। সুতরাং এই জিনিসগুলি কেন বাদ দিলেন সিডিউল থেকে? আমার শেষ কথা হচ্ছে আপনারা যদি সর্বোদয় প্রতিষ্ঠান স্থাপন করতে চান যেটা নেহরুজী চান, বিনোবাজী চান, সকলেই চান, তাহলে সেন্ট্রাল জিনিস হচ্ছে—যে খাদির বিকাশের জন্য এই আইনটা আনা হচ্ছে তাতে যে প্রীতি, বিশ্বাস এবং অনুরাগের সঙ্গে কাজ করা দরকার আশা করি সেই প্রীতি, বিশ্বাস এবং অনুরাগের সঙ্গে আপনারা কাজ করবেন এই আমার বক্তব্য।

[5-50—6 p.m.]

Sj. Shyama Prasanna Bhattacharjee:

মাননীয় স্পীকার মহাশয়, এই বিলটা সিলেক্ট কমিটিতে যাচ্ছে সেজন্য খুব বেশী আলোচনার প্রয়োজন না থাকলেও কতকগুলি কথা বলা দরকার। আশা করি এই কথাগুলি সিলেক্ট কমিটি

বিচার করে দেখবেন। একথা খুবই সত্য এবং সকলেই স্বীকার করেন যে, যত দিন না আমাদের দেশ শিল্পোন্নত হচ্ছে ততদিন পর্যন্ত আমাদের দেশে প্রচুর পরিমাণে খাদি এবং অন্যান্য কুটির-শিল্পের যথেষ্ট প্রয়োজনীয়তা আছে। সিভিউলএ যা আছে তা ছাড়াও প্রচুর কুটিরশিল্প আছে যেগুলিকে রক্ষা করা দরকার যাতে করে আমাদের দেশের গ্রামাঞ্চলে যে শ্রমশক্তির অপচয় হচ্ছে সেটা কাজে লাগতে পারে—এবং যাতে করে মানুষের ক্রয়-ক্ষমতা বাড়তে পারে এবং ধনের বণ্টন আরেকটু সমতুল্য হতে পারে সেদিক থেকে এগুলির যথেষ্ট গুরুত্ব আছে। সেজন্য আমি বলতে চাই, বড় বড় শিল্প ও মেসিন যাতে কুটিরশিল্পের কাজকে নষ্ট না করে দেয় সেদিকে যেন একটু নজর রাখা হয় সিলেক্ট কমিটিতে এই ব্যাপারটা আলোচনার সময়। যন্ত্রশিল্পের আক্রমণে মৃতকল্প কুটিরশিল্পকে বাঁচাতে হলে একথাগুলি স্মরণ রাখা দরকার। বহু আন্দোলনের ফলে আজকে যখন কুটিরশিল্পের পুনরুজ্জীবন লাভের সম্ভাবনা দেখা দিয়েছে তখন আমি একথা বলতে চাই যে, যন্ত্রের সঙ্গে তাল রেখে না চলতে পারার দরুন আমাদের দেশের অনেক গ্রামীণ শিল্প উঠে গিয়েছে যার ফলে স্মল-স্কেল ইন্ডাস্ট্রিতে নিযুক্ত সমস্ত লোক আজকে ছাঁটাই হতে চলেছে। এই অবস্থায় এই শিল্পগুলিকে প্রোটেক্ট করার জন্য খাদি ও ভিলেজ ইন্ডাস্ট্রি বোর্ড যাতে চেষ্টা করেন সেদিকে নজর দেওয়ার প্রয়োজন। সেজন্য আমি সিলেক্ট কমিটি-এর সভ্যদের কাছে আবেদন করব। তারপর, এই যে বোর্ড গঠিত হচ্ছে এই বোর্ড নমিনেট করা হবে, এই নমিনেটেড বোর্ডে, কি রকম লোককে নমিনেশন দেওয়া হবে এবং তাঁরা ঠিকভাবে কাজ করলেন কি না সেটা বিচার করার অধিকার আইনসভার থাকবে না—এটাই হচ্ছে এই বিলের সবচেয়ে ত্রুটিপূর্ণ ব্যাপার। আমার বক্তব্য হচ্ছে, বোর্ডে কারা কারা থাকবেন, কাদের দিয়ে বোর্ড গঠিত হবে, সেটা বিচার করতে হবে। এবং যাঁরা অভিজ্ঞ ও টেকনিক্যাল এক্সপার্ট সে রকম শিক্ষিত লোক যাতে বোর্ডে থাকেন তার চেষ্টা করতে হবে। এবং যে সমস্ত শিল্প বিভাগ নিয়ে এই বোর্ড কাজ করবেন—যেমন তাঁতশিল্প এই রকম বিভিন্ন শিল্প বিভাগীয় লোক থাকেন সেটাও দেখা দরকার। এইভাবে বোর্ডকে কার্যকরী করা উচিত যাতে করে সভ্যরা বিভিন্ন শিল্পের সমস্যা ও সুযোগ-সুবিধা বুঝতে পারেন। তারপর, সবচেয়ে যেটা বড় কথা সেটা হচ্ছে, এই আইনসভার অধিকার থাকা দরকার যাতে করে বোর্ডএর পার্সোন্যাল বা নির্বাচিত ব্যক্তিরা ঠিকমত কাজ করছেন কিনা সেটা নিরূপণ করা যায়—তবেই যে উদ্দেশ্যে এই বিলটা এসেছে সেই উদ্দেশ্যের পূর্ণতা লাভ হবে। তা না হলে বোর্ড যদি নমিনেটেড কয়েকজন লোক নিয়ে হয় তবে সেখানে স্বজনপোষণ হবে এবং এই বিলের উদ্দেশ্য নষ্ট হবে। সেজন্য এদিকে বিশেষ নজর রাখবার জন্য আমি বলছি। যাতে বোর্ডের কাজ সুষ্ঠুভাবে হতে পারে এবং সিলেক্ট কমিটির বোর্ডকে পুনর্গঠন করবার অধিকার থাকে সেদিকে নজর রাখবার জন্য অনুরোধ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Sj. Chitto Basu:

মিঃ স্পীকার, স্যার, এই যে ওয়েস্ট বেঙ্গল খাদি এ্যান্ড ভিলেজ ইন্ডাস্ট্রিজ বোর্ড বিল Bengal Khadi and Village Industries Board Bill

আমাদের সামনে রাখা হয়েছে তাতে আমি আমার বক্তব্য সাধারণভাবে ভিলেজ ইন্ডাস্ট্রীর উপর সীমিত রাখব। আপনি জানেন আমাদের পশ্চিমবাংলার গ্রামাঞ্চলে সাধারণ মানুষের ভিতর বেকার সমস্যা দিনের পর দিন বেড়ে যাচ্ছে এবং এমন একটা স্তরে পৌঁছেছে যে, যদি আমরা এই সমস্যার ভালভাবে সমাধান না করতে পারি তাহলে আমাদের একটা গুরুত্বপূর্ণ অর্থনীতি ধ্বসে পড়বে এবং এই অর্থনীতি ধ্বসে পড়লে সাধারণভাবে আমাদের সমগ্র অর্থনীতির উপর কি প্রতিক্রিয়া দেখা দেবে সেটা চিন্তা করা দরকার। আমরা একটা সার্ভে করে দেখেছি যে, কুটির-শিল্প ও অন্যান্য গ্রামীণ শিল্পে কমসে কম ৩৫ মিলিয়ন লোক নিযুক্ত আছে এবং আমাদের ন্যাশনাল ইকনমির পক্ষে যা প্রয়োজন সেই ৩০০-৪০০ কোটি টাকার ৩।৪ ভাগ অর্থ এর দ্বারা সংগৃহীত হয়। এসব গ্রামীণ শিল্পে এবং অন্যান্য বিভাগীয় শিল্পে নিয়োজিত লোকের অবস্থা দিনের পর দিন খারাপ হয়ে যাচ্ছে এবং যে শিল্পগুলি আজকে গ্রামে কোন রকমে বেঁচে আছে সেগুলিও কোন প্রকার সরকারী সাহায্য না পাওয়ার দরুন আস্তে আস্তে ধ্বংসের দিকে যাচ্ছে। কাজেই এই বিল যখন আমাদের সামনে এসেছে তখন আমাদের একথা চিন্তা করা উচিৎ এবং যাঁরা এই বিল প্রণয়ন করেছেন তাঁদের বিশেষ করে চিন্তা করা উচিত ছিল আমাদের বাংলা-দেশের গ্রামে গ্রামে যেসমস্ত কুটিরশিল্প আছে, যেসমস্ত গ্রামীণ শিল্প আছে তাদের সামনে আজ

শিল্প সমস্যা এবং এই সমস্যার পরিপ্রেক্ষিতে কি ধরনের বিল রচনা করলে তাদের সহায়তা হতে পারে সেটা বিবেচনা করা উচিত ছিল। কিন্তু তা না করে, মিঃ স্পীকার, স্যার, আমরা দেখতে পাচ্ছি যে, শুধুমাত্র সর্বভারতীভিত্তিক যে আইন বাংলাদেশে তারই অর্থাৎ সেই আইনেরই প্রোটো-টাইপ করবার পক্ষে সমস্ত দৃষ্টিভঙ্গি তারই উপর নিবদ্ধ করা হয়েছে যার ফলে বাংলাদেশের গ্রামীণ শিল্প এবং গ্রামীণ শিল্পে নিযুক্ত শ্রমিকদের সম্পর্কে আলোচনা করবার সুযোগ এখানে নেই। কাজেই যাঁরা সিলেক্ট কমিটির সদস্য হবেন তাঁদের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, গ্রামীণ শিল্পে নিযুক্ত শ্রমিক এবং যেসমস্ত সমস্যা আছে, তাদের অবস্থার উন্নতি ও সেইসব সমস্যার সমাধানকল্পে নতুনভাবে যাতে বিল রচনা করতে পারেন তার ব্যবস্থা করতে হবে। আজকে গ্রামীণ শিল্পের বাজার পাওয়া একটা মস্তবড় সমস্যা। যে জিনিস উৎপন্ন হয় তা বিক্রী করবার ব্যবস্থা নাই। এবং যে প্রতিযোগিতা হয় বৃহৎ শিল্পের দিক থেকে সেই প্রতিযোগিতার সামনে তারা দাঁড়াতে পারে না। এ সম্পর্কে আমার বিস্তৃত আলোচনা করার ইচ্ছা ছিল, কিন্তু আপনি, মিঃ স্পীকার, স্যার, সময় সীমিত করে দিয়েছেন, সেজন্য বিস্তৃত আলোচনা করতে পারব না। তবে আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে, ১৯৫৫ সালে প্ল্যানিং কমিশনের পক্ষ থেকে ভিলেজ এ্যান্ড স্মল স্কেল ইন্ডাস্ট্রিজ, সেকেন্ড প্ল্যান কমিটি সেই কমিটি সমস্ত ভারতীয় কুটির-শিল্প ও গ্রামীণ শিল্প সম্পর্কে বিস্তৃত আলোচনা করে কতকগুলি সুপারিশ রেখেছিলেন; কিন্তু অত্যন্ত দুঃখের বিষয়, সেই সুপারিশসমূহের অধিকাংশই এই বিলের মধ্যে গ্রহণ করা হয় নি।

তা না করার ফলেতে আমার মনে হয় পশ্চিম বাংলার মুমূর্ষু যে কুটিরশিল্প, যার পুনর্জীবন একান্ত প্রয়োজন জাতীয় অর্থনীতির খাতিরে, তা আমরা সফল করতে পারবো না। আমি তাই মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি কার্ভে কমিটি যে সুপারিশগুলি করে-ছিলেন, তাঁরা যে বক্তব্য রেখেছিলেন সর্বভারতীয় দৃষ্টিতে, সেটাকে পশ্চিমবাংলার ক্ষেত্রে কিভাবে প্রয়োগ করা যায়, পশ্চিম বাংলার ক্ষেত্রে তাকে কিভাবে কার্যকরী করতে পারি, বাংলাদেশে ক্রম-বর্ধমান বেকার সমস্যার সমাধান করতে পারি, সেদিকে তিনি বিশেষ দৃষ্টি দেবেন।

[6—6-10 p.m.]

Sj. Basanta Lal Chatterjee:

মাননীয় স্পীকার মহোদয়, কুটিরশিল্পের মাধ্যমে গ্রামাঞ্চলে বেকার সমস্যার সমাধান করা যেতে পারে এবং সেক্ষেত্রে বহু পন্থাও রয়েছে। আমি দু'-একটি উল্লেখ করব। উত্তর বাংলায় বা পশ্চিমদিনাজপুরে যারা বাঁশের চাটাই তৈরি করে তাদের যদি সাহায্য করা যায় তা হলে তাদের প্রতিপালনের অনেকখানি ব্যবস্থা হয়ে যায়। গ্রামের গরীব বিধবাদের যদি ধান বা টাকা দিয়ে সাহায্য করে ঢেঁকিছাঁটা চাল করান হয় তাতে এই অসহায়া নারীরা প্রতিপালিত হতে পারে। তারপর, গ্রামাঞ্চলে যে সমস্ত রিফিউজিরা এসেছেন তাঁরা সাধারণতঃ বাঁড়ী তৈরি করতে ইঁট বা মাটির দেয়াল ব্যবহার করতে পারেন না। অনেক জায়গায় যেমন বাঙ্গুরঘাট, রায়গঞ্জে দেখেছি তাঁরা বাঁশের চাটাই দিয়ে ঘর তৈরি করেন—ঘরের দেয়ালও বাঁশের চাটাই দিয়ে হয়, উপরের যে ছাদ সেটাও হচ্ছে বাঁশের চাটাই। কাজেই বাঁশের চাটাই তৈরি করা একটা ভাল কুটিরশিল্প। এ ছাড়া তাঁতের কাপড় এবং অন্যান্য জিনিস আছে, কিন্তু এগুলির সম্বন্ধে একটা জিনিস প্রয়োজন সেটা হ'ল এই সব শিল্পীরা যাতে তাদের জিনিসের ন্যায্য মূল্য পায় তার ব্যবস্থা করা। সরকার যদি জিনিসগুলি নিজেদের গুদামজাত করে বাজারে ছেড়ে ন্যায্য মূল্যের ব্যবস্থা করে দেন সরকার যদি সেই গ্যারান্টি দেন তাহলে কুটিরশিল্প গ্রামাঞ্চলে দাঁড়াতে পারবে এবং তাতে গ্রামাঞ্চলের বেকার সমস্যার কিছুটা সমাধান হবে। আমরা জানি ভারী শিল্পের দ্বারা আমাদের গ্রামাঞ্চলের সমস্যা মেটান এখন সম্ভব নয়, তাই কুটিরশিল্পের প্রসারের জন্য কয়েকটি কথা বলে আমার বক্তব্য শেষ করলাম।

Sj. Sudhir Chandra Bhandari:

মাননীয় স্পীকার মহোদয়, আপনি জানেন যে হাওড়া এবং চব্বিশ পরগনা জেলায় নানা রকম ক্ষুদ্রশিল্পের এবং ছোট ছোট লৌহ শিল্পের হাজার হাজার কারখানা আছে এবং তাতে কয়েক লক্ষ মানুষ কাজ করে। কিন্তু দুর্ভাগ্যের আজ প্রধান সমস্যা কাঁচা মালের সমস্যা। বিশেষ

করে লৌহ শিল্পের ক্ষেত্রে এটা অতি বড় সমস্যা হয়ে দেখা দিয়েছে। সেখানে মাসিক ৩০ টন কাঁচা লোহা দরকার হয় এবং সেখানে লোহার দর ৩০-৩২ টাকা হলদর সেখানে এই লোহার জন্য চোরাকারবারীদের উপর নির্ভর না করে উপায় নেই। ৩০ টন যেখানে মাসে দরকার সেখানে এই সমস্ত লৌহশিল্পীরা মাত্র এক টনের পারমিট পান—বাদবাকী ২৯ টন তাদের ৩০-৩২ টাকার জায়গায় ৫০-৫২ টাকা হলদর দরে চোরাকারবারীদের কাছ থেকে কিনতে হয়, কারণ, নিয়ন্ত্রিত দরে লোহা পাওয়া যায় না। এদের যদি কাঁচামালের ব্যবস্থা করে না দেওয়া যায় তাহলে শুধু এই বিল এনে কোন লাভ হবে না। অনেক লম্বা-চওড়া কথা বিলে বলা হয়েছে কিন্তু এই যে হাজার হাজার কারখানা রয়েছে যেখানে লক্ষ লক্ষ মানুষ কাজ করে সেখানে সরকারের কোন সুষ্ঠু নীতির রূপায়ন দেখতে পাইনে।

আর একটি কথা বলব। জোর প্রচার করা হচ্ছে যে বিদেশ থেকে মাল আমদানি করা হবে না। আপনি খোঁজ নিলে দেখতে পারেন যে বাজারে যে সমস্ত মাল বিক্রি হচ্ছে যদিও কাগজে-কলমে বিদেশ থেকে মাল আসছে না—আসলে সেই সব মাল জাপানী। জাপানী নাট, বোল্ট-এ বাজার ছেয়ে গেছে। এক ইঞ্চি, দুই ইঞ্চি লোহার পাত হাজার টন বড়বাজার গিয়ে কিনতে পারবেন। কি করে এগুলি আসছে তা জানি না। গ্রাম্য শিল্পীরা এক্ষেত্রে কি করে প্রতিযোগিতায় দাঁড়াতে পারে সেটা চিন্তা করে দেখুন তাদের মাল কি করে বিক্রি হবে সেদিকে সরকারের একেবারেই কোন দৃষ্টি নেই।

পিতল শিল্প সম্পর্কে বলব যে বাইরে থেকে পিতলের সিট যে সমস্ত আসে তা একচেটিয়া পুঁজিপতিরা কিনে নেয় এবং ইচ্ছামত দরে তারা তা বিক্রী করে। এর ফলে ডবল দাম দিয়ে এগুলি ছোট ছোট ব্যবসায়ীদের কিনতে হয়। এর উপর জাপানী মালের প্রতিযোগিতা রয়েছে। সুতরাং আমাদের কুটিরশিল্পকে বাঁচাতে গেলে আজ দৃষ্টিভঙ্গীর পরিবর্তন প্রয়োজন। তারপর এই যে বোর্ডের কথা বলা হয়েছে এই বোর্ড গঠিত হবে সরকারের মনোনীত লোক দিয়ে—সেখানে দলগত রাজনীতির খেলা চলবে।

ঋণের ব্যাপারে দু-একটি কথা বলব। যে সমস্ত কুটিরশিল্পীরা ১৯৫৩ সালে সরকারের কাছে ঋণের দরখাস্ত করেছেন আজ পর্যন্ত শুধু তদন্তই চলছে, ঋণের টাকা পাওয়া যাচ্ছে না। যে রকম দুর্নীতি এর মধ্যে রয়েছে তাতে এই এক হাজার টাকা নিতে গেলে দুর্নীতির আশ্রয় না নিলে তা পাওয়া যায় না। যাই হোক—আমার বক্তব্য সমস্ত দিক বিবেচনা করে যাতে কুটির-শিল্পের সত্যিকারের উন্নতি হয় তার ব্যবস্থা যেন করা হয়।

[6-10—6-18 p.m.]

The Hon'ble Bhupati Majumdar:

মাননীয় স্পীকার মহোদয়, আমাকে কিছু বক্তৃতা শুনতে হবে এটা আমি ধরেই নিয়েছিলাম। বিশেষ করে, মাননীয় বন্ধু শ্রীযুক্ত সুরেশ ব্যানার্জির, তাঁর কথা শুনবার আমার আগ্রহ ছিল এবং অন্যান্য যে সমস্ত সাজেশনস এসেছে মাননীয় সদস্যদের কাছ থেকে সেগুলি লিপিবদ্ধ করা হবে এইজন্য যে এটা সিলেক্ট কমিটিতে যাচ্ছে এবং সেখানে বিশেষ করে প্রত্যেকটি বিষয় সম্বন্ধে আলোচনা হবে। সেখানে তিন মাসের মধ্যে এই রিপোর্ট দিতে হবে। কাজেই আজকে যেটা এখন এখান থেকে সিলেক্ট কমিটিতে যাচ্ছে সেই সময় জাপানী নাটস এ্যান্ড বোল্টস কেন বাজারে আসে আর উত্তর দিতে পারবো না, বা পিগ আয়রন এবং স্টিল কেন বাজারে বিক্রয় হবে তার উত্তর এই খাদি গ্রামীণ শিল্প আলোচনার সময় দেওয়া সম্ভব নয়। তবে মাননীয় সদস্যরা যদি আমার সঙ্গে আলাদা আলোচনা করেন তাহলে তাঁদের এই অবস্থা সম্বন্ধে বুঝিয়ে দিতে পারবো। এখন এর সঙ্গে ওর কোন সম্পর্ক নেই।

এখানে ডাক্তার ব্যানার্জি যে কথা জানতে চেয়েছিলেন যে সেখানে যে ব্র্যাঞ্চ হবে, স্টেট বোর্ড হবে তারা কিভাবে কাজ করবে—অল ইণ্ডিয়া খাদি কমিশনএর যে নীতি আছে সেই নীতিই এরা অবলম্বন করবে। অন্যান্য প্রদেশে সেখানেও এই রকম স্টেট বোর্ড হয়েছে, সেখানেও এই কমিশনএর নির্দেশ অনুযায়ী হয়েছে। এবং আজকে এখানে যে স্টেট স্ট্যাটুটরি বোর্ড খাদি

এ্যান্ড ভিলেজ ইন্ডাস্ট্রিজএর জন্য হবে সেটা সমস্তই ঠিক যে, যে নির্দেশ অল ইন্ডিয়া খাদি এ্যান্ড ভিলেজ ইন্ডাস্ট্রিজ কমিশন দিয়েছে ঠিক সেই অনুযায়ী হবে। উনি আরো বলেছেন যে দুইটি আইটেম কেন বাদ দেওয়া হল। এখানে কোন আইটেম বাদ দেবার কেন ইচ্ছা নেই। সিলেক্ট কমিটি ইচ্ছা করলে এই দুইটিকে নিতে পারবেন। তারপর তিনি দুইটি পয়ের কথার ভিতর কনট্রাডিকশন বা পরস্পরবিরোধী বলে বলেছেন। এটা ঠিক। কিন্তু কতকগুলি আইনের কথা আছে যা ব্যবহার করতে আমরা অনেক সময় বাধ্য হই। যদি দরকার হয় তাহলে পরে এটা আলোচনা করে সংশোধন করতে পারবো। এখানে যে দুইটি প্রশ্ন করেছেন তা সিলেক্ট কমিটি গ্রহণ করতে পারে এবং যে কনট্রাডিকশন আছে, সেটা দূর করতে গেলে পর আইনের কোন ভুল কি না সেটা আমরা আমাদের লিগ্যাল রিমেমব্রান্সারের কাছে জেনে নিয়ে যদি দেখি যে তাতে কোন অসুবিধা হবে না তা হলে তা দূর করার চেষ্টা করবো। বাকী যে সমস্ত গ্রামে দুঃখ, দারিদ্র্য রয়েছে সে সম্বন্ধে আমরা ওয়াকিবহাল আছি। কমিটি করার উদ্দেশ্য হচ্ছে যে সেটা না করা হলে কাজ শুরু করতে দীর্ঘ সময় লাগে, সেইজন্য এই রকম একটা স্ট্যাটুটরি বোর্ড দরকার। তাতে শীঘ্র কাজ হবে এবং গ্রামে যেখানে যেখানে শিল্পের উন্নতির প্রয়োজন আছে সেখানে এই বোর্ডই দ্রুত কাজ করতে পারবে, তার উন্নতি করতে পারবে এবং সমবায়ের বকলমে ব্যবস্থা করতে পারবে।

এক বন্ধু বলেছেন সব যদি কিনে নিতে পারেন গভর্নমেন্ট তাহলে ঠিক হবে। গভর্নমেন্ট যদি এই কুটিরশিল্পের এবং গ্রামীণশিল্পের সমস্ত জিনিস কিনে নেন তাহলে তাদের ভাণ্ডার ভর্তি হয়ে যাবে, বিক্রি করবে কে? তার জন্য সমবায় বিপনি যেখানে যেখানে হয়েছে অন্যান্য তাঁতের কাপড়, সিল্কের কাপড় তাদের বেলায় বিক্রয়ের কোন অসুবিধা হচ্ছে না। বিপণনের অসুবিধা যেটা সেটা এই বোর্ড দূর করবে, যদি আমরা বিপণনের ব্যবস্থা করতে পারি। তখন গ্রামীন শিল্পগুলি সঞ্জীবিত হবে, শুধু তা নয়, তা প্রসারিত হবে এবং তাতে বেকার সমস্যা তাড়াতাড়ি দূর করবার পথও হবে। সেজন্যই এই বোর্ড করা হয়েছে এবং সেখানে যে কোন সদস্য, যে কোন দলের সদস্য সেখানে তাদের সাজেশন দিতে পারবেন যা কিছু বক্তব্য তা জানাতে পারবেন। উদ্দেশ্য নিশ্চয়ই আমাদের সকলের এক, সন্দেহ কোন কোন জায়গায় হতে পারে কিন্তু উদ্দেশ্যের দিক দিয়ে একবার বিফল হয়েছি বলেই যে সকল সময় বিফল হবো তা নয়। আমি মনে করি এ বিল যখন সিলেক্ট কমিটি থেকে বেরিয়ে আসবে সেটা সত্যই দেশের সেবা করার জন্যই বেরিয়ে আসবে।

The motion of the Hon'ble Bhupati Majumdar that the West Bengal Khadi and Village Industries Board Bill, 1958, be referred to a Joint Committee of the Houses consisting of 29 members; 24 members from this House, namely:—

(1) The Hon'ble Bhupati Majumdar (the mover),
(2) Sj. Ras Behari Pal,
(3) Janab Abul Hashem,
(4) Sj. Bijoylal Chatterjee,
(5) Sj. Amarendra Nath Sarkar,
(6) Sj. Bijoy Singh Nahar,
(7) Sj. Bhawani Prasanna Talukdar,
(8) Janab Mohammed Israil,
(9) Sj. Tarapada Chaudhuri,
(10) Sj. Debendra Nath Mahato,
(11) Sj. Bhabataran Chakravarty,
(12) Sj. Panchanan Digpati,
(13) Sj. Arabinda Roy,
(14) Sj. Satyendra Narayan Mazumdar,
(15) Sj. Dasarathi Tah,

(16) Sjkta. Labanya Prova Ghosh,
(17) Sj. Bhakta Chandra Roy,
(18) Sj. Apurba Lal Majumdar,
(19) Dr. Suresh Chandra Banerjee,
(20) Sj. Khagendra Nath Naskar,
(21) Sj. Brindabon Gayen,
(22) Sj. Monoranjan Hazra,
(23) Dr. Narayan Chandra Ray, and
(24) The Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department,

and 5 members from the Council;

that in order to constitute a sitting of the Joint Committee the quorum shall be one-third of the total number of members of the Joint Committee;

that the Committee shall make a report to the House by the 30th of April, 1959;

that in other respects the rules and procedure of this House relating to Committees will apply with such variations and modifications as the Speaker may make; and

that this House recommends to the Council that the Council do join in the said Joint Committee and communicate to this House the the names of members to be appointed by the Council to the Joint Committee,

was then put and agreed to.

Mr. Speaker: For the information of the members, I have directed my office to receive amendments regarding the Panchayat Bill up to the 13th February, 1959.

Adjournment

The House was then adjourned at 6-18 p.m. till 3 p.m. on Friday, the 6th February, 1959, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal [illegible] Assembly under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Friday, the 6th February, 1959, at 3 p.m.

Present:

Mr. Speaker (The Hon'ble SANKARDAS BANERJI) in the Chair, 15 Hon'ble Ministers, 11 Deputy Ministers and 204 Members.
[3-3-10 p.m.]

UNSTARRED QUESTIONS.

(answers to which were laid on the table)

Number of strikes in Tea Gardens of Darjeeling from March, 1957, to November, 1957

18. (Admitted question No. 1558.) **Sj. Dan Prakash Rai:** Will the Hon'ble Minister in charge of the Labour Department be pleased to state—

(*a*) the number of strikes in the Tea Gardens of Darjeeling from March, 1957, to November, 1957, mentioning the names of such affected Gardens;

(*b*) the cause of strikes in details and the period of continuance of such strikes in each Garden;

(*c*) the total man-days lost in the above strikes;

(*d*) the total number of workers involved;

(*e*) the total amount of earning by way of daily wages, etc., lost by the workers;

(*f*) the approximate fall in manufacture of tea as a result of strikes; and

(*g*) the approximate average loss in cash as a result of such fall in production of tea?

The Minister for Labour (The Hon'ble Abdus Sattar): (*a*) Thirteen namely, in (1) Barnesbeg Tea Estate, (2) Gayabari Tea Estate, (3) Asamabad Tea Estate, (4) Maidhar Tea Estate, (5) Marinbari Tea Estate (three strikes), (6) Manjha Tea Estate, (7) Khoribari Tea Estate, (8) Pulbari Tea Estate, (9) Makaibari Tea Estate, (10) Kumai Tea Estate, and (11) Atal Tea Estate.

(*b*) A statement is laid on the Library Table.

(*c*) 43,513 (provisional).

(*d*) 3,747 (provisional).

(*e*) Rs. 18,311 in the first eight strikes mentioned in the statement under (*b*) above. Of the remaining five, information is not yet available.

(*f*) and (*g*) Information not available.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Establishment of a Health Centre at Bijanbari-Poolbazar C.D.P. Block area, Darjeeling

*26.—(Admitted question No. *899.) **Sj. Rama Shankar Prasad** and **Sj. Bhadra Bahadur Hamal:** Will the Hon'ble Minister in charge of the Health Department be pleased to state—

(*a*) whether any scheme for opening a Health Centre in the Bijanbari-Poolbazar C.D.P. Block area has been sanctioned by the Government; and

(*b*) if so, what progress, if any, has been made towards the implementation of the scheme?

The Minister of State for Health (The Hon'ble Dr. Anath Bandhu Ray): (*a*) Two Health Centres—one subsidiary Health Centre at Lodhoma and one Primary Health Centre at Bijanbari-Poolbazar—have been sanctioned for the Bijanbari-Poolbazar C.D.P. Block in the district of Darjeeling.

(*b*) Constructional works in respect of Health Centre at Lodhoma are nearing completion, while steps are being taken to start the works for the other Health Centre at Bijanbari-Poolbazar.

Sj. Bhadra Bahadur Hamal:

পুলবাজার হেলথ সেন্টার কবে, কত বছর আগে স্যাংশন হয়েছিল?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: Work is completed but sanitary works are still going on.

Sj. Bhadra Bahadur Hamal:

১৯৫৫ সালে আরম্ভ হয়েছিল?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: It was started in 1955. The proposal took some time for selection of site.

Sj. Bhadra Bahadur Hamal:

যদি ১৯৫৫ সালে আরম্ভ হয়ে থাকে তা হ'লে শেষ হ'তে এত দেরি হ'ল কেন?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: Availability of materials such as cement etc. and other things delayed the completion of the work; otherwise the whole structure has been completed.

Sj. Bhadra Bahadur Hamal:

কবে টেন্ডার কল করা হয়েছিল?

Mr. Speaker: Question disallowed.

Sj. Bhadra Bahadur Hamal:

आपने कहा है कि हेल्थ सेन्टर तैयार होने से। लेकिन क्या यह बात सत्य नहीं है कि १९५५ में लोधमा में हेल्थ सेन्टर तैयार हो चुका था?

The Hon'ble Anath Bandhu Ray: No.

Sj. Bhadra Bahadur Hamal:

लोधमा में हेल्थ सेन्टर था। वहां १९५५ साल में तैयार हो चुका था। क्या यह बात ठीक नहीं है?

The Hon'ble Anath Bandhu Ray: No.

Negligence of duty of the Medical Officer in charge of the Hospital at Chanditala, district Hooghly

*27. (Admitted question No. *1277.) **Sj. Monoranjan Hazra:** Will the Hon'ble Minister in charge of the Health Department be pleased to state—

(ক) সরকার কি অবগত আছেন যে, গত ২৮-১২-৫৭ তারিখে হুগলি জেলার চণ্ডীতলা হাসপাতালে বেগমপুরের শ্রীলালবিহারী দত্ত প্রমুখ সাতজন বিশেষভাবে আহতবস্থায় গেলে, সেখানকার মেডিকেল অফিসার তাঁহাদের কোন চিকিৎসার ব্যবস্থা করেন নাই ; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক বলিবেন কি—

(১) ঐরূপ চিকিৎসার ব্যবস্থা না করার কারণ কি, এবং

(২) এ সম্বন্ধে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

The Minister of State for Health (The Hon'ble Dr. Anath Bandhu Ray):

(ক) মেডিকেল অফিসার যথাসাধ্য চিকিৎসার ব্যবস্থা করিয়াছিলেন।

(খ) প্রশ্ন উঠে না।

Establishment of Health Centre at Barokalanki in the district of Midnapore

*28. (Admitted question No. 26.) **Sj. Mrityunjoy Jana:** Will the Hon'ble Minister in charge of the Health Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার সদর দক্ষিণ মহকুমার নারায়ণগড় থানার বড়কলঙ্কী গ্রামে হেলথ সেন্টারের জন্য ১৯৪৭ সালে প্রয়োজনীয় টাকা ও জমি দেওয়া হইয়াছে ;

(খ) সত্য হইলে, হেলথ সেন্টার এখনও খোলা হইয়াছে কিনা ;

(গ) না হইলে, তাহার কারণ কি ; এবং

(ঘ) সরকার উহা অবিলম্বে খুলিবার কথা বিবেচনা করেন কিনা?

The Minister of State for Health (The Hon'ble Dr. Anath Bandhu Ray):

(ক) ১৯৪৮ সালের জুলাই মাসে টাকা ও ১৯৪৭ সালের সেপ্টেম্বর মাসে জমি পাওয়া গিয়াছে।

(খ) না।

(গ) এবং (ঘ) প্রাথমিক তদন্তের পর প্রদত্ত জমি গৃহাদি নির্মাণের পক্ষে উপযুক্ত নহে বলিয়া বিবেচিত হইয়াছে। জমিটি পুনরায় পরীক্ষা করিয়া এ-বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হইবে।

Sj. Ramanuj Halder:

প্রাথমিক তদন্ত কখন করা হয়?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: Whenever any proposal is taken up it is included in the plan.

Sj. Ramanuj Halder:

এরকম প্রপোজাল দেওয়ার পর রিফিউজ করা হয়েছিল কি?

The Hon'ble Dr. Anath Bandhu Ray:
Yes, there are various grounds for refusal.

Sj. Ramanuj Halder:

ভূমি ও টাকা প্রদান করার পর প্রাথমিক তদন্ত করা হয়েছে এবং প্রত্যাখ্যান করা হয়েছে। প্রাথমিক তদন্ত করার পূর্বেই ভূমি ও টাকা গ্রহণ করা হয়েছে এমন খবর কি অবহিত আছেন?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: Yes, there are many such cases like that; even though donations and lands have been accepted still there is delay.

Sj. Narayan Chobey:

প্রাথমিক তদন্ত কোন সালে করা হয়েছে?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: That I cannot tell you.

Sj. Narayan Chobey:

১৯৪৮ সালে জুলাই মাসে টাকা এবং '৪৭ সালের সেপ্টেম্বর মাসে জমি দেওয়া হয়েছে—তবে তদন্ত কবে হয়েছে বলতে পারছেন না কেন?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: It takes long time for selection of sites.

Sj. Narayan Chobey:

১৯৪৮ থেকে ১৯৫৮ সালেও লঙ টাইম হল না? এতদিন পর ফাইনাল ডিটেইল বিবেচনা করার কথা বলছেন?

Mr. Speaker: The Minister will collect the details and give the reply later. The question is held over.

Jangipur Subdivisional Hospital

*29. (Admitted question No. *1535.) **Janab Lutfal Hoque:** Will the Hon'ble Minister in charge of the Health Department be pleased to state—

(ক) জঙ্গীপুর মহকুমা হাসপাতাল প্রতিষ্ঠা বা বর্তমান অবস্থা পরিবর্তন করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা;

(খ) থাকিলে, সেই পরিকল্পনা রূপায়িত করিবার জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন; এবং

(গ) এই মহকুমা হাসপাতাল প্রতিষ্ঠাকল্পে স্থানীয় জনসাধারণ কি কি সহযোগিতা করিয়াছেন এবং সাহায্যের প্রতিশ্রুতি সরকারকে দিয়াছেন?

The Minister of State for Health (The Hon'ble Dr. Anath Bandhu Ray):

(ক) হ্যাঁ।

(খ) হাসপাতালের জন্য স্থিরীকৃত জমি দখলের প্রয়োজনীয় ব্যবস্থা করা হইয়াছে।

(গ) জঙ্গীপুর হাসপাতাল উন্নয়ন কমিটি জমি ইত্যাদি বাবত খরচ উপলক্ষে ৫,০০০ টাকা দান সংগ্রহ করিয়াছেন, জঙ্গীপুর মিউনিসিপ্যালিটিও ২,৫০০ টাকা দান করিয়াছেন। এই ৭,৫০০ টাকা ট্রেজারীতে জমা দেওয়া হইয়াছে। জনসাধারণের নিকট হইতে ২,৫০০ টাকার দান পাওয়া গিয়াছে। নির্বাচিত জমির মালিকগণের মধ্যে কেহ কেহ তাঁহাদের জমি বিনা শর্তে দান করিয়াছেন এবং কেহ কেহ গবর্নমেন্টের কাছে প্রতি বিঘা জমি ৪০০ টাকা করিয়া বিক্রয় করিতে লিখিত সম্মতি দিয়াছেন।

Sj. [illegible] Bhattacharjee:

এই পরিকল্পনায় সমস্ত জমিই এ্যাকোয়ার করা হয়েছে?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: No plot has been acquired. The Collector of Murshidabad has been asked to give notice for acquisition.

Sj. Shy[illegible] Bhattacharjee:

কত বিঘা জমি নেওয়া হয়েছে?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: About 49.1 bighas of land.

Sj. Shyamapada Bhattacharjee:

সমস্ত জমিটা পাওয়া গিয়েছে, না বাকী আছে?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: That is the site which has been selected and it belongs to various persons.

Sj. Shyamapada Bhattacharjee:

মন্ত্রী মহাশয় কি অবগত আছেন যে, এই জমিটা অলরেডী গভর্নমেণ্টকে পজেশন দিয়ে দেওয়া হয়েছে?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: I am not aware of that.

Service condition of workers and compounders under private pharmacists and dispensaries

***30.** (Admitted question No. *1476.) **Sj. Samar Mukhopadhyay:** (*a*) Will the Hon'ble Minister in charge of the Health Department be pleased to state whether Government keep any statistics in respect of the number of workers and compounders working in the pharmacist shops and private dispensaries and the emoluments they are receiving?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) the number of such workers;

(*ii*) their service condition and the emoluments they are getting; and

(*iii*) whether Government contemplate fixation of their minimum salary?

The Minister of State for Health (The Hon'ble Dr. Anath Bandhu Ray): (*a*) No.

(*b*) Does not arise.

Sj. Ganesh Ghosh:

গভর্নমেণ্ট সার্ভিসএ কত কম্পাউণ্ডার কাজ করেন এবং তাদের [illegible] কত জানা আছে কি?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: This relates to the question of the compounders engaged in the non-official hospitals.

Supply of medicines for tuberculosis cases by State Government

***31.** (Admitted question No. *1384.) **Dr. Narayan Chandra Roy:** Will the Hon'ble Minister in charge of the Health Department be pleased to state—

(*a*) what are the medicines supplied from the State Government for T.B. cases;

(*b*) whether this supply is available at all hospitals and Chest Clinics;

(*c*) names of the places and shops where this supply is available;

(*d*) what are the grounds on which such medicines are supplied or withheld; and

(*e*) whether Government have got any scheme to increase the volume of supply as well as number of places of supply?

The Minister of State for Health (The Hon'ble Dr. Anath Bandhu Ray: (*a*) Usually Streptomycin, P.A.S. and I.N.H.

(*b*) and (*c*) Yes, supply is available at Government institutions, such as State Hospitals, Health Centres, Chest Clinics, etc. The Mobile Medical Units also give the supply to the patients under their care.

(*d*) Supply is made to the indigent indoor as well as outdoor patients if after proper examination, the disease is confirmed and the medicine prescribed. Supply is not made from the hospital store to non-indigent patients as well as patients occupying paying beds.

(*e*) No.

Dr. Narayan Chandra Roy: Will it be more correct to say, in answer to (a), "Usually P.A.S. and I.N.H., and occasionally Streptomycin"?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: It may not be that always.

[3-10—3-20 p.m.]

Dr. Narayan Chandra Roy:

আপনি (বি) এ্যান্ড (সি)-তে বলেছেন—

supply is available at Government institutions, such as State Hospitals, Health Centres, Chest Clinics, etc., State Hospitals

ছাড়াও কলকাতায় অন্য কোন নন-অফিসিয়াল হসপিটাল-কে কি দেন?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: Not given to other hospitals except only in case of indigent patients. I remember several cases in the R. G. Kar Hospital where on account of patient's condition being indigent, it was supplied.

Dr. Narayan Chandra Roy: Are you aware that there are different hospitals, which are not State hospitals, which complain that they do not receive any P.A.S. or I.N.H.?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: It might be; I do not know.

Dr. Narayan Chandra Roy: Are you aware that Health Centres and Chest Clinics in the villages have got to come to the district hospitals to get the medicine and then go back to the villages which means that the cost of such journeys more than covers the cost of the medicine?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: Usually the patient attends the chest clinic or the health centre. Whenver the patient is so ill that he cannot come, arrangement is made for treatment in this home. As regards having to come to the district hospital, you know very well that medicine is not sent to the Centres direct.

Dr. Narayan Chandra Roy:

As regards answer to the question (e),

আপনি বলেছেন 'নো'। সেটার সম্বন্ধে আপনি এই বাজেটের পরে কি বিবেচনা করবেন?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

আমাদের টাকা নেই, কোথা থেকে হবে?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: We cannot consider it on account of want of resources just at the present moment.

Dr. Abu Asad Md. Obaidul Chani: Who decides whether a patient is indigent or not?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: That is an important question, but the thing is that we always depend on the opinion of the doctor. He is a reliable person.

Dr. Abu Asad Md. Obaidul Chani: Is there any criterion of income?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: There is no criterion of income.

Dr. Abu Asad Md. Obaidul Chani: Categorically you have said that supply is not made to non-indigent patients as well as patients occupying paying beds. Supposing a poor patient, who is not able to pay, but is admitted to a paying bed through the kindness of a charitable relation of his, but he is really indigent, will he be able to get the benefit of the medicine?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: No.

Dr. Colam Yazdani:

মফঃস্বলে হেলথ সেন্টার থেকে একজন রুগীকে কত দিনের মেডিসিন সাপ্লাই এক সঙ্গে দেওয়া হয়?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: According to the condition of the patient. Usually, it is 7 days; sometimes exceeded even for a greater period also.

Dr. Colam Yazdani:

কি রকম ডোজএ দেওয়া হয়?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: According to the condition of the patient. Therefore, there cannot be any inviolable rule for the purpose.

Sj. Gopal Basu:

মন্ত্রী মহাশয় বলেছেন ইন্ডিজেন্ট পেসেন্ট হলেও তারা যদি আরও অসুস্থ হয়ে পড়ে তা হলে তার ব্যবস্থা আছে। ধরুন যে অত্যন্ত অসুস্থ হয়ে পড়েছে, ভমিট করছে, যেতে পারলে না। তখন সেখানে তাকে ওষুধ সাপ্লাই করার কি ব্যবস্থা আছে?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

আমাদের সে রকম কোন মেসিনারি নেই।

Sj. Gopal Basu:

মন্ত্রী মহাশয় কি জানেন নৈহাটী, জগদ্দল, কাঁচরাপাড়া প্রভৃতি সমস্ত এলাকা হতে এবং তার আশপাশের গ্রাম থেকে লোকের হয় ওপারে যেতে হয়, নয়, কলকাতায় আসতে হয় ওষুধ নিতে? তিনি এ বিষয় কি চিন্তা করে দেখেছেন?

The Hon'ble Dr. Anath Bandhu Ray:

হ্যাঁ, দেখা হয়।

Sj. Dhirendra Nath Dhar:

কলকাতায় এবং বিভিন্ন মিউনিসিপ্যাল টাউনে মোবাইল মেডিক্যাল ইউনিট আছে কি না? এবং মোবাইল মেডিক্যাল ইউনিট থাকলে কয়টা আছে?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: That does not relate to this question.

Sj. Sunil Das:

জোমিসিলিয়ারী ট্রিটমেন্ট যে সমস্ত পেসেন্টদের করা হয়, তাদের ওষুধগুলি সাপ্লাই করা হয় কি না?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: I told you in the beginning that if a patient is so ill that he cannot come to the hospital, we arrange specially for the mobile unit.

Construction of Bongaon Subdivisional Hospital

***32.** (Admitted question No. *1371.) **Sj. Ajit Kumar Ganguli** Will the Hon'ble Minister in charge of the Health Department be pleased to state—

(ক) বনগ্রাম মহকুমা হাসপাতাল নির্মাণের জন্য কত টাকা মঞ্জুর করা হইয়াছিল;

(খ) মঞ্জুরীকৃত সমস্ত টাকা ব্যয় হইয়াছিল কিনা; এবং

(গ) কতদিনে হাসপাতালের নির্মাণকার্য সম্পূর্ণ হইবে?

The Minister of State for Health (The Hon'ble Dr. Anath Bandhu Ray):

(ক) ৬,৪০,৯২১ টাকা।

(খ) হ্যাঁ।

(গ) হাসপাতালের নির্মাণকার্য শেষ হইয়াছে।

Sj. Ajit Kumar Ganguli:

এই যে প্রশ্নোত্তর (খ)তে হ্যাঁ বলেছেন। কবে এই টাকাটা খরচ হয়েছে? এবং কবে এই হাসপাতালটার নির্মাণ কাজ শেষ হয়?

Mr. Speaker:

যে জিনিসটা হয়ে গিয়েছে সেটা জানবার কি দরকার আছে? সেটা জেনে কোন লাভ নেই।

Sj. Ajit Kumar Ganguli:

হাসপাতাল নির্মাণের কাজ শেষ হয়েছে অথচ সেখানে একজনও ডাক্তার পাওয়া যাচ্ছে না কেন?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: The Hospital is working now.

Inadequacy of Anaesthetists in the Lower Operation Theatre of Nilratan Sircar Medical College Hospital, Calcutta

***33.** (Admitted question No. *1351.) **Dr. Golam Yazdani:** Will the Hon'ble Minister in charge of the Health Department be pleased to state—

(a) if it is a fact that in the Lower Operation Theatre at the Nilratan Sircar Hospital, Calcutta, there are only two Anaesthetists with no assistants;

(b) if so, how many cases they have to manage every day; and

(c) how many days a patient has to wait before operation for want of Anaesthetists?

The Minister of State for Health (The Hon'ble Dr. Anath Bandhu Ray): (a) Yes, there are only two Anaesthetists. But they have assistants.

(b) Each Anaesthetist is to manage four cases on a working day.

(c) A patient is to wait 7.6 days for operation. But the delay is not for want of Anaesthetists.

Dr. Golam Yazdani:

ওখানকার অপারেশন থিয়েটার-এ অপারেশন টেবিল কয়টা আছে?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: There is one operation table, because anaesthesia sometimes is also done outside the operation room.

Dr. Golam Yazdani:

কয়জন এ্যানেস্থেটিস্টস ও ক্লিনিক্যাল এ্যাসিস্ট্যান্টস অপারেশন থিয়েটার-এ কাজ করছেন?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: Now we have got House Surgeons and also the clinical assistants who are there. Their services are available.

[3-20—3-30 p.m.]

Dr. Golam Yazdani:

৭-৬ ডেজ বলেছেন দেরী হয় অপারেশন করতে এ্যানেস্থেসিয়ার জন্য নয়; তা হলে কি কারণে দেরী হয়?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: Sir, as doctor he knows it much better that for operation it requires some time for fulfilling certain conditions, namely, giving medicines etc.

Dr. Abu Asad Md. Obaidul Chani: Everybody knows that preparation takes some time but why the patient has to wait for a very long time?

Mr. Speaker: You are putting an argumentative question. Put a straight question.

Dr. Abu Asad Md. Obaidul Chani: Is the time taken only for preparation?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: Time is taken for fullfilling certain conditions, namely, pathological examination etc.

Smallpox in Murshidabad in 1957

***34.** (Admitted question No. *1188.) **Sj. Shyamapada Bhatta-Charjee:** (a) Will the Hon'ble Minister in charge of the Health Department be pleased to state whether Government are aware of the widespread prevalence of smallpox in the district of Murshidabad from the beginning of 1957

(b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(i) what is the total number of deaths of—

(A) adults and

(B) children; and

(ii) what steps have been taken by Government to put a stop to the epidemic?

The Minister of State for Health (The Hon'ble Dr. Anath Bandhu Ray): (a) Smallpox prevailed in sporadic form in the dictrict since the early part of 1957.

(*b*) (*i*) Total number of deaths from January, 1957, to January, 1958, is—

(A) Adults—392.

(B) Children—1,031.

(*ii*) A statement is laid on the Table.

Statement referred to in reply to clause b(ii) of starred question No. 34

1. Regulations for prevention and control of smallpox, giving wide powers to local Public Health authorities, have been promulgated throughout the district under the Indian Epidemic Diseases Act, 1897 (III of 1897)

2. The District Board who are mainly responsible for prevention and control of epidemic diseases in rural areas normally maintain one Sanitary Inspector, one Health Assistant, one Additional Health Assistant and one Vaccinator in each of the Rural Public Health Circles meant for each thana. Besides the said staff, the District Board, Murshidabad, have employed 10 Lady Vaccinators, 20 Seasonal Vaccinators and 10 Sanitary Assistants in order to cope with epidemic.

3. The Municipality of Berhampore, which was also badly affected with the outbreak, employed three permanent Vaccinators and two temporary Vaccinators for carrying on mass vaccination work. The other Municipalities of the district also employed some addtional staff for mass vaccination work.

4. Government maintain 19 Mobile Medical Units and 42 Health Assistants in the district of Murshidabad for supplementing the work of the local bodies in controlling epidemic. In addition there are 23 Health Centres in the district, the staff of which are also carrying on anti-smallpox work in their respective areas.

Sj. Shyamapada Bhattacharjee:

এই যে ফিগার, এই ফিগার কি সমস্ত ডিস্ট্রিক্ট-এর, না মিউনিসিপ্যালিটির—এই যে নাম্বার অব ডেথ?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: I can give you the figures for the whole district up to 1958 but I have not the recent figures. There were 386 deaths out of 635.

Sj. Shyamapada Bhattacharjee:

এবার প্রিভেন্টিভ মেজার এখানে কিছু নেওয়া হয়েছে কি?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: Vaccination and inoculation are going on. There are also 19 mobile units in the districts and there are some extra vaccinators.

Sj. Shy[illegible] Bhattacharjee:

মোবাইল ইউনিটএ কত ভ্যাকসিনেশন দিয়েছে এ পর্যন্ত?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: For that I require notice.

Mr. Speaker: Mr. Bhattacharjee, do not take it amiss. If you read the question you would have understood that it relates to the district and as such the municipalities are included.

Establishment of Union Health Centre at [illegible]tra, police-station Nanoor, district Birbhum

*38. (Admitted question No. *984.) **Sj. Gobardhan Das:** Will the Hon'ble Minister in charge of the Health Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে, গত ৬-৭ বৎসর যাবৎ বীরভূম জেলার নানুর থানার জলুন্দী ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্ট ব্যাচোতরা গ্রামে স্বাস্থ্যকেন্দ্র নির্মাণের জন্য বীরভূম ট্রেজারীতে তিন হাজার টাকা জমা দিয়াছেন ;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) আজ পর্যন্ত কেন ঐ স্বাস্থ্যকেন্দ্র নির্মাণ হয় নাই,

(২) এই স্বাস্থ্যকেন্দ্র নির্মাণে সরকারের কি কোনও আপত্তি আছে,

(৩) থাকিলে, তাহা কি, এবং

(৪) না থাকিলে, কখন হইতে এই স্বাস্থ্যকেন্দ্রের নির্মাণকার্য শুরু হইবে ;

(গ) লাভপুর থানায় জামনা ইউনিয়নে স্বাস্থ্যকেন্দ্র নির্মাণ হইবে কিনা ;

(ঘ) উক্ত স্বাস্থ্যকেন্দ্রের জন্য কি টাকা জমা দেওয়া হইয়াছে, এবং

(ঙ) বীরভূম জেলার স্বাস্থ্যকেন্দ্র নির্মাণ করিবার জন্য কোন্ কোন্ জায়গা হইতে ট্রেজারীতে টাকা জমা পড়িয়াছে ?

The Minister of State for Health (The Hon'ble Dr. Anath Bandhu Ray):

(ক) হ্যাঁ।

এই কথা তাঁরা লিখেছেন। আর আমাদের রাজ্যসরকার দিকে দিকে রোজি পিকচার দেখতে পাচ্ছেন। তারপর ধরুন কৃষি সমস্যা—কৃষি সমস্যা একটা গুরুতর সমস্যা। এই ব্যাপারে আমাদের দেশে নাকি ভয়ঙ্কর নজর দেওয়া হচ্ছে, টপ প্রায়রিটি দেওয়া হচ্ছে। ডাঃ আমেদকে এখানে দেখতে পাচ্ছি না। যাই হোক, কিন্তু হচ্ছে কি? এমন ব্যবস্থা তাঁরা করেছেন, এমন টপ প্রায়রিটি দিচ্ছেন যে আমরা দেখছি, প্রতি বৎসরই আমাদের শুনতে হচ্ছে খাদ্যাভাবের কথা। ১১ বৎসরে পশ্চিম বাংলাকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করতে পারলেন না। কি চমৎকার ব্যবস্থা দেখুন—কি রকম আমাদের প্ল্যানিং দেখুন—১৯৪৭ সালে যেখানে ৩৫ লক্ষ ১৯ হাজার ৬ শত টন চাল উৎপাদন হত সেখানে আমরা দেখতে পেলাম ১৯৫৬ সালে কিছু বেড়ে সেটা ৫৪ লক্ষর মত হয়েছে, এবার আমরা দেখতে পেলাম যে, ১৯৫৭ সালে সেটা কমে গিয়েছে ৪১ লক্ষ হল। এরকম প্ল্যানিং হচ্ছে। এখন দেখা যাক ১৯৪৭ সালে যে প্রোডাকসান হত তাতে মানুষ কি পেতে পারত—একটা হিসাবে দেখছি, ৪·০২ মণ চাল গড়পড়তা একজন মানুষ পেতে পারত। এবারের হিসাবে দেখছি, ৩·৪২ মণ গড়পড়তা একজন মানুষ পারে—এইরকম চমৎকার টপ প্রায়রিটি দিচ্ছেন। এই হচ্ছে এগ্রিকালচারের অবস্থা। আমি আগেই বলেছি, এ্যাভারেজ ইলড্ গড়পড়তায় বিঘা প্রতি যে ধান উৎপাদন করা যায় সেদিকে আমরা মোটেই এগুতে পারছি না, একটা স্ট্যাগনেসানএর মধ্যে আমরা রয়েছি। আমরা দেখতে পাচ্ছি যে, ১৯৫৭ সালে ৩ লক্ষ ৮০ হজার টন কম পড়েছে, ১৯৫৮ সালে অর্থাৎ গত বৎসর ৭॥ লক্ষ টন কম পড়েছিল, এই বৎসর ৯ লক্ষ টন কম পড়বে। অবশ্য এবার শ্রীপ্রফুল্লচন্দ্র সেন সাবধান হয়ে গিয়েছেন হিসাবের ব্যাপারে, তাহ'লে আমরা যতদূর জানি, ৭॥ লক্ষের কম তো কিছুতে হতে পারে না। এবার শুনতে পাচ্ছি কংগ্রেসের বন্ধুরাও নাকি বক্তৃতা দেবেন, আমরা তাঁদের বক্তৃতাই শুনতে চাই আমরা যে অঙ্কগুলি দিলাম সেই অঙ্কগুলি ঠিক কি না। যদি ঠিক হয় তাহলে তাঁরা কি সিদ্ধান্তে পৌঁছেন সেটাও আমরা শুনতে চাই। শুধু সরকারকে প্রশস্তি করব এটা ঠিক নয়। সেজন্য যে পরিসংখ্যানগুলি দিলাম সেগুলি তারা বিবেচনা করে দেখবেন। চীনে চাবুক মেরে এসব করা হয়নি। সেখানে ৩১ কোটি কৃষককে জমির মালিক করেছে, সার দিয়েছে, সেচের ব্যবস্থা করে দিয়েছে; সেখানে তারা ট্যাক্সের বোঝা কমিয়ে দিয়েছে, নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের দাম কমিয়ে দিয়েছে, জীবনের মান উন্নত করেছে এবং সেখানে সমস্ত মানুষকে কোঅপারেটিভএর মধ্যে আনবার জন্য আবেদন করা হয়েছে। চীনে যেভাবে সমাজবাদ প্রতিষ্ঠা করা হয়েছে আমাদের এখানে সেভাবে হবে না। আমরা বলতে চাই আপনারা গঠনমূলক কাজের কথা, সমাজবাদের কথা বলতে হবে বলেই শুধু বলেন। আমরা প্রকাশ্যেই বলতে চাই, আপনারা সমাজবাদ প্রতিষ্ঠা করছেন না। ভারতবর্ষে বা পশ্চিম বাংলায় আপনারা পুরানো ক্যাপিটালিস্ট প্রথাই নিয়েছেন, ধনতান্ত্রিক প্রথাই নিয়েছেন যতই পন্ডিত নেহরু বড় বড় কথা বলুন যে আমরা সমাজবাদ প্রতিষ্ঠা করব। আপনাদের কথা হচ্ছে, টাটা, বিড়লা, সিংহানিয়া, ইংরাজ কলকারখানার মালিক, রাজামহারাজা, এসবই থাকবে—একটা মানুষ, একটা পরিবার ৫০ লক্ষ টাকায় কলিকাতার আলীপুরে বাড়ী করবে, ইংরাজ বসেসও থাকবে, বড় বড় মালিকও থাকবে, তার মধ্যে আমাদের ভারতীয়, বাঙ্গালী, মাড়োয়ারী থাকবে এবং এইরকম কয়েকটা পরিবার মিলে কোটি কোটি করবে। একজন অফিসার ১৭।২৭ জন চাকর পাবেন, কারণ তিনি অফিসার। কুকুর এ্যালাওয়েন্স পাবেন। বিলাতে বেড়াতে যাবার জন্য এ্যালাওয়েন্স পাবেন—এসব ব্যবস্থাকে সমাজবাদ বলে না। এই ব্যবস্থায় যারা ধনী তারা আরো ধনী হবে, এই সমাজ ব্যবস্থায় মানুষের ক্রয়ক্ষমতা কমে যাবে। আপনারা সমাজবাদ করতে পারেন না, সমাজবাদ জানেন না, করতে পারবেন না। তাই আমি বলছি, আপনারা যে পদ্ধতি নিয়েছেন সেই ধনতান্ত্রিক পদ্ধতিতেও কতগুলি জিনিস করলে এখন যা অবস্থা আছে তার থেকে উন্নতি হতে পারে। তারপর, ল্যান্ড রিফর্মসএর কথা—ভূমি সংস্কারের কথা। বিমলবাবু এখানে নাই। নাগপুরের অভয়ঙ্করনগর সেখানে কি চমৎকার বক্তৃতা দিয়েছেন!

[4—4-10 p.m.]

আপনারা বলেছিলেন সাত লক্ষ একর জমি পাব। আপনারা বলেছিলেন কৃষকরা জমির মালিক হবে, কিন্তু কোথায় গেল সেই জমি—সবটা তো চাঁদে চলে গেল। জমি এখানে আছে।

জুপালিকা তাঁর বক্তৃতায় বলেছেন এক লক্ষ একর জমি আছে। আর এক জায়গায় আমরা শুনেছিলাম ৪০ হাজার একর (এ ভয়েসঃ—আগে ৪০ হাজার বলেছিলেন।) হ্যাঁ তাও শুনেছিলাম এখন কোনটা ঠিক আপনারা বিবেচনা করে নেবেন। যাই হোক সাত লক্ষ একর কোথায় গেল। সেটা তো সব ভাগ বাটোয়ারা করে নিয়েছেন। সেটা যখন রিভিউট করতে গেলেন তখন বললেন জমি চুরি করা হয়নি। অথচ জমি নেই। আমরা জানি—নাম, ধাম, ঠিকানা পর্যন্ত জানি, আমাদের এম-এল-এ যারা গ্রামে গ্রামে ঘুরে থাকেন তাঁরা জানেন এইরকম কত জমি বিভিন্ন গ্রামে ভাগ বাঁটোয়ারা করে তারা রেখে দিয়েছেন। এর ফলে কিছুই হল না, জমিও পাওয়া গেল না, কৃষকও জমির মালিক হ'ল না। গরীব বাঙালী মধ্যবিত্ত যারা জমিদার তারা ফাঁক দিতে পারলেন না তাদের জমি ধরে ফেললেন, সাধারণ মধ্যবিত্ত বাঙালী দু-দশ বিঘা জমির মালিক যারা চাকুরী করেন এবং জমি থেকে বংসরের খোরাক পান তাদের সর্বনাশ হয়ে গেল। অথচ কৃষকের কোন লাভ হল না। আমরা বলি এগুলি করার ক্ষেত্রে কোন অসুবিধা ছিল না, এগুলি তো কংগ্রেস গভর্নমেন্ট করবেন বলেছেন—এটা সমাজবাদের কথা নয়, এগুলি না করে অন্য পথ নেই, এগুলি তো প্রাথমিক কথা। জমির মালিক কৃষক হবে তাকে উৎসাহিত করতে হবে, তাকে সার দেওয়া হোক, জলের ব্যবস্থা করে দেওয়া হোক, তাকে ট্যাক্স মুক্ত করা হোক—এগুলি তো গোড়ার কথা। তা না করে ময়ূরাক্ষীর ট্যাক্স ক্রমশই বাড়িয়ে দিলেন, ডি-ভি-সি বিল করে আমেরিকানরা বলেছে বলে নোতুন করে ট্যাক্স বাড়িয়ে দিলেন। এ না করে কি করে কৃষককে ট্যাক্স থেকে মুক্ত করা যায়, কি করে তাকে উৎসাহিত উদ্দীপিত করা যায় যাতে সে কাজ করে দেখতে—এক বছর, দু বছর, তিন বছর কাজ করে দেখতে পায় তার ফসল বেড়েছে তাই করা দরকার। তা হলে পরবর্তীকালে সে মাথায় করে বয়ে এনে ট্যাক্স দিয়ে যাবে এটা তো করা হ'ল না, সেজন্যে আমরা বলেছিলাম উৎপাদন বাড়াতে হলে এগুলি প্রথমে করা দরকার। আপনারা বড় বড় পরিকল্পনা নিয়েছেন—ময়ূরাক্ষী, দামোদর, কংসাবতী। ময়ূরাক্ষী পরিকল্পনায় বলেছিলেন ৬ লক্ষ একর জমিতে জল দেবেন কিন্তু হঠাৎ টার্গেট কমে গিয়ে চার লক্ষ একর হয়ে গেল কেন? ডি-ভি-সির ক্ষেত্রে আপনারা বলবেন—আমরা এত জমিতে জল দেব, কেন হঠাৎ পরিমাণ কমে গেল এবং জল দিতে পারলেন না? আমরা দেখছি ১৯৫৭-৫৮ সালে ১·৯২ লক্ষ একর জমিতে ডি-ভি-সি থেকে জল দেবার কথা কিন্তু সেখানে ১·৪৪ লক্ষ একরে জল দেওয়া গেল। এগুলি তো এক ইঞ্চিও কমে যাওয়ার কথা নয়। যে টার্গেট নিজেরা ঠিক করেছেন তাতে সময়মত পৌঁছাতে হবে। কংসাবতী পরিকল্পনা সম্বন্ধে ডাঃ রায় বার বার আশ্বাস দিয়েছেন যে কেন্দ্রীয় সরকার এতে যত টাকা দরকার তা দিচ্ছে না, তবুও এটা আমরা সঠিক করব এবং সময়মত করব। কিন্তু সেদিন এক বক্তৃতায় বলেছেন যে, ১৯৭৫ সালে কংসাবতী পরিকল্পনা রূপায়িত হবে। সেখানে ৮ লক্ষ একর জমিতে জল দেবার ব্যবস্থা করতে পারবেন মেদিনীপুর এবং বাঁকুড়া অঞ্চলে সেখানে এই গাফিলতি কেন? বড় বড় পরিকল্পনার কথা ছেড়ে দিলাম—আমরা বার বার বলেছি বঙ্কিমবাবু যা বলেছেন—যে ছোট ছোট পরিকল্পনা করে দেখুন। টিউবওয়েল পরিকল্পনা তো সরকার নিতে পারেন। ছোট তিন ইঞ্চি ডায়মিটার টিউবওয়েল দিয়ে যদি করি তাহলে অনেক জমিতে আমরা জলসেচের ব্যবস্থা করতে পারি—অল্প টাকায় আমরা জল দিতে পারি এটা আমরা হিসাব করে দেখেছি। কয়েকজন বিশেষজ্ঞও এই কথা বলেছিলেন। একবার শ্রীঅজয় মুখার্জী হিসাব করে শ্রীবঙ্কিম মুখার্জীকে বলেছিলেন যে এটা বাজে কথা—বরং বড় বড় পরিকল্পনা করে যেমন ময়ূরাক্ষী, দামোদর, কংসাবতী পরিকল্পনা মারফৎই সস্তায় জল দেওয়ার নাকি ব্যবস্থা করা যায়। কিন্তু আমাদের হিসাবে বড় টিউবওয়েল নয়, তিন ইঞ্চি ডায়মিটারের টিউবওয়েল করে আমরা দেশ ভরে সস্তায় জল দিতে পারি। সেজন্যে আমাদের কথা—বিশেষ করে অনাবৃষ্টির জন্য এই টিউবওয়েল মারফৎ স্মল ইরিগেসান-এর কথা ভেবে দেখা দরকার। সেইভাবে হিসাব করে দেখেছি পশ্চিম বাংলায় যদি ১ কোটি ৩১ লক্ষ একর জমিতে চাষ হয় তার মধ্যে এক কোটি একর জমিতে অর্থাৎ শতকরা ৮৮ ভাগ জমিতে এক ফসল হয়। কেন এটা হবে? ওই জমিতে কেন দুই ফসল হবে না? এদিকে শতকরা ৮৮ ভাগ জমি রইল ওয়ান ক্রপ জমি হয়ে অথচ আপনারা বলছেন আর জায়গা নেই, আমাদের দেশে মানুষের অতিরিক্ত ছেলেমেয়ে হচ্ছে। সেজন্যে পরিকল্পনা নিয়েছেন যাতে বেশী ছেলেমেয়ে না হয়। আমি বলি এসব কিন্তু নয়, এতে কতটা সাকসেসফুল হয়েছেন জানি না—আমার কথা হচ্ছে যেখানে জমিতে বিঘা প্রতি ১ মণ আধ মণ ধান হচ্ছে সেখানে যাতে পাঁচ মণ দশ মণ হয় সেই ব্যবস্থা করুন। যদি এক কোটি একর জমিতে এক ফসলের জায়গায় দুই

ফলনের ব্যবস্থা করতে পারেন তাহলে এ চিন্তা আর করতে হবে না যে পশ্চিম বাংলায়, কেন বুড়ো মানুষগুলো মরছে না আর কেন এত বেশী ছেলেমেয়ে লোকের হচ্ছে।

তার পর আমরা জানি আমাদের পশ্চিম বাংলায় চাষযোগ্য করা যায় এরকম দশ থেকে ষোল লক্ষ একর জমি আছে পুরাতন রিপোর্টে। নোতুন রিপোর্টে সমস্ত জড়িয়েই আমি বলছি, এগুলির কিছু কিছু বছর বছর উদ্ধার কেন করা হচ্ছে না। আমি বলেছিলাম এইরকম কয়েক লক্ষ একর জমি উদ্ধার করে তার কিছুটা বাস্তুহারাদের যারা পশ্চিম বাংলায় থাকতে চাইছেন তাদের দিয় আর বাকীটা পশ্চিম বাংলার কৃষকদের মধ্যে বিতরণ করুন তাহলে আমাদের অর্থনীতি যেটা দুর্বল হয়ে আছে তা সবল হতে পারে। অথচ এরকম কোন পরিকল্পনা আজ অবধি নিচ্ছেন না, শুধু নিচ্ছেন না তা নয়, বাস্তুহারাদের ব্যাপার নিয়ে আলোচনা করে দেখেছি পশ্চিম বাংলা সরকার ভারত সরকারকে, পন্ডিত নেহেরুকে বুঝিয়েছেন—আমাদের আর টাকার দরকার নেই—এখানে আর কিছু করা যাবে না, তোমরা বাস্তুহারাদের বাইরে নিয়ে যাও। এখন যদি বাস্তুহারারা চলে যায় বাইরে, আর টাকা চাইবেন কি করে। অথচ এই টাকাটা যদি চাইতেন এবং তাই দিয়ে যদি এখানকার জমি উদ্ধার করতেন তাহলে পূর্ববঙ্গের উদ্বাস্তু এবং পশ্চিম বাংলার কৃষক উভয়েই উপকৃত হোত। কিন্তু সরকার বললেন এখানে তিল ধারনের জায়গা আর নেই—টাকা আমরা আর চাই না। প্রথম তারা বলেছিলেন বাস্তুহারাদের কোথাও জায়গা দিতে হবে এবং বলে দন্ডকারণ্যের খোঁজে গিয়েছিলেন, এখন বলছেন—না তো, ওটা তো মধ্যপ্রদেশের একটা পরিকল্পনা। আমি জিজ্ঞাসা করেছিলাম এই টাকাটা কি ডাইভার্ট করা যায়, ওঁরা বললেন—না ডাইভার্ট করা যাবে না। আর জমি এখানে নেই, উদ্ধার কি করব, সুতরাং টাকার দরকার কি?

[4-10—4-20 p.m.]

অথচ আমরা জানি, এমন কি আমরা বাজেটেও দেখেছি কলিকাতায় যে বাস সেই বাস এসেছে রেফিউজির টাকায়। অর্থাৎ রিফিউজির টাকা থেকে পশ্চিমবঙ্গ সরকার এই বাস কিনেছেন। এটা ভাল কাজ হয়েছিল। তাতে ওদের কিছু আনএমপ্লয়েড, বেকার, তাদের কিছু চাকরী দেওয়া হয়েছে এবং এখানকার অনেককেও চাকরী দেওয়া হয়েছে। এইভাবে টাকা নেবার ব্যাপারে নিশ্চয়ই তাঁরা চাইতে পারতেন কিন্তু তা তাঁরা করেন নি। এমন কি আমরা দেখেছি, পন্ডিত নেহেরু, তিনি জবাব দিয়েছেন পরিস্কারভাবে, পশ্চিমবঙ্গ সরকার বাস দিয়েছে আমি আর কি করবো। আমরা যখন বলেছিলাম যে এই জায়গায় দেবেন তাহলে আমাদের অর্থনীতি জোরদার হবে কিন্তু তা তাঁরা করবেন না। ঠিক সেইভাবে ধরুন আমাদের সারের ব্যাপার। এখানে আমরা দেখছি যে ৫০ হাজার টন সার নাকি গত বৎসর আমরা বিতরণ করেছি পশ্চিমবঙ্গে। অথচ ডাক্তার আমেদ বলেছিলেন যে গত বৎসর আমরা চেয়েছিলাম ৪০ হাজার টন কিন্তু পেয়েছিলাম ১৮ হাজার টন। আর রাজ্যপাল বলছেন ৫০ হাজার টন বিলি করেছেন। যদি বিলি করে থাকেন ভাল কথা। এখানে সারের একটা কারখানা করার কথা অনেকদিন থেকে চলছে, সেটা করার কথা ছিল অনেক আগে এবং সেটা করা উচিত ছিল। অথচ এই রকম একটা গুরুত্বপূর্ণ ব্যাপার যা তাঁরা আগে করলেন না, এখন কি জানি সরকার কেন শ্রী বিড়লার হাতে সেটা তুলে দিচ্ছেন এবং বিড়লার সেই ভার নেবার ব্যবস্থা করছেন এই সর্তে যে, সেটা করতে খরচ হবে ১০০ টাকা সেটা সরকারকে ৩০০ টাকায় কিনতে হবে। এই রকম ৩০ বৎসরের জন্য একটা কনট্রাক্ট তার সঙ্গে করছেন। এও বড় গুরুত্বপূর্ণ একটা বিষয় একজন প্রাইভেট ব্যবসাদারের হাতে তুলে দিচ্ছেন। ফলে সারের কি হবে না হবে, আমাদের এগ্রিকালচারএর কি হবে না হবে, তা ঠিক করবার ভার কয়েকটি ব্যবসাদারের উপর ছেড়ে দিচ্ছেন আমাদের পশ্চিমবঙ্গ সরকার। স্টেট সেক্টার সম্বন্ধে বড় বড় কথা বলা হয় অথচ এটা প্রাইভেট সেক্টরএর হাতে তুলে দিচ্ছেন। চীনদেশ যেমন করেছে, পন্ডিত নেহেরু একটা বক্তৃতায় বলেছিলেন যে তারা যেমন গ্রিন ম্যানুওর কম্পোস্ট সার ব্যবহার করে, তোমরা কেন এইসব বেশি করে ব্যবহার করতে পারো না। কিন্তু এঁরা আদৌ তার ব্যবস্থা করেনি, বিন্দুমাত্র তার উল্লেখ নেই। আজ যদি এইসব সার এই ১১ বৎসর ধরে ব্যবহার করা হোত তাহলে চীনের মত না হোক অন্তত ৪ মণের জায়গায় ৮।১০ মণও হতে পারতো, কিন্তু তা আপনারা করেন নি। চীনদেশ অনেক বেশি করেছেন; আমরা জানি জাপান আরো বেশী প্রতি বিঘায় উৎপাদন করে, স্পেন বেশী করে, ইজিপ্ট, তারাও বেশী ধান উৎপাদন করছে। অথচ এইগুলি আপনারা করেন নি। এখনও

করবার সময় আছে কিন্তু তার ব্যবস্থা কিছু দেখি না এই বক্তৃতার মধ্যে। কৃষির ব্যাপারটা এত গুরুত্বপূর্ণ বলে এত দীর্ঘ বক্তৃতা করলাম।

আর একটা বিষয় বলবো সেটা হচ্ছে শিল্প। শিল্পের ব্যাপারে দেখছি যে এই ১১ বছরের মধ্যে কোন বিশেষ নূতন শিল্প গড়ে উঠেনি, এক দুর্গাপুর বাদ দিলে, বরং অনেক শিল্প যা ইংরাজ আমলে ছিল সেগুলি বন্ধ হয়ে গিয়েছে এবং তার ডিপার্টমেন্ট পর্যন্ত বন্ধ হয়ে গিয়েছে। এই জিনিস আমরা দেখেছি এবং যার জন্য আমাদের শ্রমিক সংখ্যা পর্যন্ত পশ্চিমবঙ্গে কমে গিয়েছে। সবগুলির মধ্যে যেতে চাই না। এখানে আমাদের গুরুত্বপূর্ণ ব্যাপার হচ্ছে যে রাজ্যপাল বলেছেন যে বড় বড় শিল্প কেন্দ্রীয় সরকারের অধীন এবং এটা কেন্দ্রীয় সরকারের ব্যাপার। কিন্তু এতে আমরাও ইন্টারেস্টেড। বড় বড় শিল্প, যেমন চট শিল্প, সেখানে আমরা দেখছি, তাকে চট শিল্প বলে দেখলেই চলবে না তার উপর আমাদের কৃষকের একটা বিরাট অংশ নির্ভর করছে এবং সেই কাজে লিপ্ত আছে। কাজেই আমাদের একথা বললে চলবে না যে বিষয়টা কেন্দ্রের ব্যাপার, আমাদের দরকার নেই। নিশ্চয়ই আমাদের দরকার আছে এবং আমাদের বিষয়টা বিবেচনা করতে হবে এবং সরকারকেও বলবো যে আজকে এ নিয়ে তাকে চিন্তা করতে হবে এই পাটকল ও শিল্প সম্বন্ধে। কেন? কারণ সব থেকে বেশী ফরেন এক্সচেঞ্জ আমরা এর থেকে পাই। দ্বিতীয়ত হচ্ছে যে ইংরাজ আমলে ৩ লক্ষ লোক এতে কাজ করতো, আজকে অবশ্য, কংগ্রেস আমলে, ২ লক্ষ ৪০ হাজার লোক কাজ করছে—কমে গিয়েছে। এবং আমরা দেখতে পাচ্ছি আগে থেকে অনেক তাত বন্ধ করে দিয়েছে, প্রায় ১০-১৫ ভাগ তাত বন্ধ করে দিয়েছে।

আবার ছাটাই হবে, আবার লোকের কম রোজগার হবে, তাহলে আমাদের ইন্টারেস্ট হবে কি নিয়ে। আমাদের বলতে হবে কিনা। সেজন্য বলছি এদিকে নজর দিতে হবে। কিন্তু ইতিমধ্যে কি করলেন? নজর দিলেন না। তিনি গর্ববোধ করে বল্লেন

84.6 lakh bales of jute was grown in West Bengal.

তাতে এত গর্ববোধ করবার কি আছে? আপনারা বলেছেন তারা দাম পাবে—পাকিস্তানের উপর যাতে নির্ভরশীল না হয় এইসব বলে তাদের করিয়েছেন। কিন্তু কি আশ্চর্য বলতে পারি না যেখানে ২২ টাকা খরচ পড়ে পাট প্রতি মণ তৈরি করতে উৎপাদন করতে সেখানে বাজার দর দাঁড়াচ্ছে ১৬ টাকা। হিসাব করে দেখলাম, রাফ ক্যালকুলেশন করে দেখলাম এবার প্রায় ৩১ কোটি টাকা খরচ হচ্ছে যারা পাট চাষ করেছে। যেখানে ২২ টাকা খরচ পড়ে সেখানে যদি ১৬ টাকা দাম দাঁড়ায় হিসাব করে যা দেখছি, তাতে ৩১ কোটি টাকার উপর 'লস্' হয়ে যাচ্ছে—এ টাকা কে দেবে? এই যে কংগ্রেস সরকার ব্যবস্থা করেছেন কাকে দেবার জন্য? এরা কোথায় নিয়ে ন্যায্য মূল্যে বিক্রয় করবে। মিল মালিকদের কাছে? সেজন্য আমার কথা হচ্ছে এই জুট ইন্ডাস্ট্রিজকে এই শিল্পকে জাতীয়করণ না করুন স্টেট ট্রেডিং কর্পোরেশান মারফৎ এই সব পাট কিনতে হবে এবং তারাই বিক্রি করবে মিল মালিকদের কাছে। শুধু তাই নয়, তাদের প্রতিনিধি থাকতে হবে। অ্যামেরিকান মার্কেটের উপর যেখানে—আমরা ৯০ পারসেন্ট নির্ভরশীল সেখানে আর কোথাও, অন্য কোথাও মার্কেট আছে কিনা সেটা বার করতে হবে।

তৃতীয় কথা এই ব্যাপারে সরকারের প্রতিনিধিও থাকুন। জুট দিয়ে নানা রকম জিনিস তৈরি করা যায়, সেগুলি শুধু বিদেশে পাঠাবার জন্য নয় আভ্যন্তরীণ বাজারের জন্যও।

Diversification of jute goods.

এটার গবেষণা, রিসার্চ করা যায় কিনা দেখতে হবে। আমাদের এখানেও মার্কেট আছে। কিন্তু দুর্ভাগ্যবশত সরকার সেসব কিছু করলেন না। এইসব যে আগে বলিনি তা নয়। আজকে বিশেষ করে বলা হচ্ছে স্টেট ট্রেডিংকে সরকারের আওতায় আনতে পারেন অন্তত খানিকটাও আনতে পারেন কিনা দেখতে হবে তা না হলে সর্বনাশ হয়ে যাবে। কৃষককে যেভাবে [illegible] করা হয়, আর এক যেভাবে ফরেন এক্সচেঞ্জ চুরি করা হয় সেটার একটা ব্যবস্থা করা খুব দরকার। আপনারা দেখেছেন দু'একটি ব্যাপার হয়েছে আরও যে কত টাকা চুরি হয়ে যাচ্ছে তার ঠিক নাই। আমাদের এই টাকা বিদেশে জমা পড়ছে। সেইজন্যই বললাম শিল্পকে জাতীয়করণ করতে হবে। তারপর কারখানার ব্যাপার—এটা জাতির একটা সম্পদ, সেটাও এরা নষ্ট করে দিচ্ছেন। এরা তাড়া-তাড়ি করে এমনভাবে কাটছে যে শিল্পকে নষ্ট করে দিচ্ছে—এখানে হয়ত ১ লক্ষ লোক কাজ

করে—এই যে শিল্প এদিকেও নজর দেবার প্রয়োজন আছে। কিন্তু সেসব কিছু করছেন না, বড় বড় কথা এসে বলেন। তারপর ছোট এবং মাঝারী শিল্প, ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রি সেগুলি বড় ইন্ডাস্ট্রির সঙ্গে প্রতিযোগিতায়, কমপিটিসানএ পারে না সেখানে যদি মধ্যস্থতা না করেন, দু'জনের মধ্যে ব্যবস্থা না করেন ছোট এবং মাঝারী কি কি জিনিস তৈরি করবে তাহলে অত্যন্ত ক্ষতি হবে। এখানে বহু বাঙ্গালী এবং অবাঙ্গালী পরিবারও—লক্ষ লক্ষ লোক এর উপর নির্ভরশীল, হাওড়ায় গেলে দেখতে পাবেন—এরকম বিভিন্ন জায়গায় যাচ্ছে তারা কম্পিটিসনে পারে না। সেজন্যই বলছি কাঁচা মাল লৌহ ইস্পাত কে কতটা পাবে সেটা ঠিক করে দিতে হবে একটা বৈজ্ঞানিক উপায়ে। নইলে এই যে কাঁচামাল ব্ল্যাক মার্কেটে চলে যায়, ভয়ঙ্কর রকম ব্ল্যাক মার্কেট হয়। কাজেই অন্তত ডিস্ট্রিবিউশন কিভাবে হবে—পারমিট প্রভৃতি যদি নিয়ন্ত্রিত হয়,—এটা যদি ঠিক করে দেন তাহলে আমরা অনেক বেশী লাভবান হবো এবং ছোট এবং মাঝারী শিল্পকে বাঁচিয়ে রাখতে পারবো।

[4-20—4-30 p.m.]

যেমন একটা হিসাব আমি দিলাম যে ১১ হাজার রেজিস্টার্ড ফ্যাক্টরী আছে, তার মধ্যে ২৫টা পারমিট পায় লৌহ এবং ইস্পাতের। এরা নিজেদের মধ্যে এমনভাবে ব্যবস্থা করে নিয়েছে যাতে সেটা বাজারে যায়, সেটা ব্ল্যাকমারকেটে বিক্রি হয়। যেগুলোকে পারমিট দেওয়া হচ্ছে জিনিসপত্র তৈয়ারি করবার জন্য সেগুলি ব্ল্যাকমারকেটে চলে যাচ্ছে, এইভাবে আমরা দেখছি শুধু মাঝারি এবং ছোট ইঞ্জিনিয়ারিং ব্যাপারে নয়, কাঁসা শিল্প ইত্যাদি আছে। কাঁসার বাসন ইত্যাদি যারা তৈরি করে তারা আমাকে বলেছে এবং শঙ্খশিল্প যা আছে তারাও বলেছেন। সম্প্রতি আমি বাঁকুড়া গিয়াছিলাম সেখানে এই শিল্প আছে এবং উত্তর কলিকাতায় বিভিন্ন জায়গায়ও এই শিল্প ছড়িয়ে আছে—তারাও বলছেন সরকার তাদের দিকে বিন্দুমাত্র নজর দিচ্ছেন না, তাদের মারকেট 'ফেসিলিটি' নাই, কোথায় বিক্রি করবে সে বিষয়ে সরকারের সাহায্য দরকার, তাদের কাঁচামাল পাওয়া বিষয়ে সরকারের সাহায্য দরকার। পারমিটের ব্যাপারে দেখা যায় কতকগুলো লোক পারমিট জোগাড় করে বিভিন্ন জায়গা থেকে ঘুষ দিয়ে বা অন্য উপায়ে এবং সেগুলো ব্ল্যাক-মারকেটে বিক্রি করে। আসলে যারা শিল্পী তারা এগুলো পান না। এইভাবে আমাদের কুটির-শিল্প ধ্বংস হচ্ছে। এখানে রাজ্যপালের ভাষণে অনেক বড় কথা বলা হচ্ছে যে আমরা কুটিরশিল্পীকে পুনরুজ্জীবিত করেছি। কোথায় করেছেন? সেই সব জায়গাগুলো কংগ্রেস মেম্বাররা বলতে পারেন। কামার, কুমার, তাঁতি এদের কি পুনরুজ্জীবিত করেছেন? তাঁত-শিল্পের জন্য কি খরচ করছেন! সুতা পর্যন্ত তাঁতিরা পায় না। আর মাদ্রাজের তাঁতিরা সেজন্য যে টাকা পায় পশ্চিম বাংলায় তাহা পায় না, কারণ, স্পিনিং মিল পশ্চিম বাংলায় সরকার করতে পারেন নাই, কবে করবে তাহাও জানি না। আগে বলেছিলাম এজন্য আড়াই কোটি টাকা খরচ হবে, এখন বলছেন ১ কোটি টাকা খরচ হবে। সেজন্য আমি বলছি আমরা সবাই মিলে বসে এ্যাসেমব্লীর মেম্বাররা সবাই মিলে বসে যদি আলোচনা করি তাহলে এগুলো পুনরুজ্জীবিত করা যায়। এইভাবে করলে কিছু অদল-বদল করে করা যেতে পারে, তারপরে বলব পুরুলিয়ার কথা, আমি সেখানে গিয়েছিলাম এবং একটা কথা শুনে এলাম। পুরুলিয়া একটা নতুন এলাকা, আমাদের মধ্যে এসেছে—বিহার থেকে। তাঁরা বললেন আমাদের যে ল্যাক ইন্ডাস্ট্রি আছে তা নষ্ট হয়ে যাচ্ছে। কয়েকজন একচেটিয়া পুঁজিপতি, বিরাট বিরাট ধনী, তাঁরা সমস্ত দখল করে বসে আছেন। অথচ ছোট ছোট বহু শিল্পী আছে, তারা বলছেন সরকার যদি একটু ব্যবস্থা করে দেন আমরা যে প্রডাকশন করব সেগুলো বাহিরে কিভাবে বিক্রি করব আমাদের শক্তি নাই, বড়রা যা করতে পারেন আমরা তা করতে পারি না। সরকার যদি একটু সাহায্য করতেন তাহলে হাজার হাজার মানুষ যারা এর ওপর নির্ভরশীল তারা বেঁচে যান। এত বড় সম্পদ তাদের আছে। তারা বলছে আমরা বিহার থেকে এসেছি, কিন্তু এলেও আমাদের ত কিছুই হচ্ছে না, সেখানে যেমন পিছিয়ে পড়েছিলাম এখানে সে রকম পিছিয়ে পড়ে আছি। আমি আর একটা কথা বলতে চাই, আমরা বারে বারে এমন কথা শুনি যে জমি নাই, এত জমি চাষ হচ্ছে আর জমি কোথায় পাবে তাহলে আমাদের এখানে এই যে শিল্প ছিল সে কি স্ট্যান্ড স্টীল অবস্থায় থাকবে আর কি শিল্প বাড়বে না এক দুর্গাপুর করছে কিন্তু তার উপর কি করে,

Electric Industry, Chemical Industry, Ceramic Industry.

এমন কি কাগজের কল এবং সুগার মিল এসব আর বাড়ান যেতে পারে, এবং এগুলো আর বাড়াবার প্রয়োজন আছে। তা হলেই ২য় পঞ্চবার্ষিকি পরিকল্পনায় শিল্পের ব্যাপারে আমরা অগ্রসর হতে পারব। আজকে হয়ত বলবেন ৩৫ হাজার বাস্তুহারা পরিবারকে দণ্ডকারণ্যে পাঠাবার যখন ব্যবস্থা হয়েছে তখন শিল্প ক'রে কি হবে? যা আছে তাই নিয়ে চলবে। কি বলবেন জানি না কিন্তু এখানে চমৎকার একটা ব্যাপার দেখছি। শিল্পের কথা ব'লে স্টেট এন্টারপ্রাইজের কথা বলে কিন্তু তাহলে প্রাথমিক কথা হচ্ছে দয়া করে সরকার এটা করবেন, স্টেট এন্টারপ্রাইজের ব্যাপারে দেখছি সরকারের গভীর জলে মাছ ধরবার ব্যাপার বা স্টেট বাস্ করার ব্যাপার। কিন্তু প্রত্যেকটা জায়গাই সুষ্ঠুভাবে না চালাতে পারেন, লোভনীয় লাভ দেখাতে না পারেন তাহলে সর্বনাশ হবে। গভীর জলে মাছের ব্যাপারে দেখেছি যে ২৭ লক্ষ টাকা ক্ষতি হয়েছে প্রথম থেকে শেষ অবধি, তখন মাছ খাবার ব্যাপারে যে কি হবে তা বুঝা যায়। ব্যবসা করতে যাতে ক্ষতি না হয় তা দেখতে হবে। বাঙ্গালী মাছ খেতে ভালবাসে সবাই সেটা চায় কিন্তু তারজন্য এত টাকা যখন নষ্ট করছেন তখন বাংলাদেশের ভিতরে সুইট ওয়াটার ফীসের জন্য নানা রকম পুষ্করিণী করে সেখানে অনেক কিছু ব্যবস্থা করে আর, মাছের চাষ করা যায় কি না এজন্য চেষ্টা করতে পারতেন। কোন পরিকল্পনা আছে কি? করে যদি ব্যর্থ হত সে আলাদা কথা, বাঙ্গালী মাছ চায় তার জন্য করা হবে না কেন? তার কোন আভাষ ইঙ্গিতও কোন বাজেট থেকে পাচ্ছি না, রাজ্যপালের বক্তৃতায়ও নাই এগুলো করবার কথা বলতে গেলে সরকার বলবেন টাকার দরকার, কিন্তু টাকা কি করে আসবে তা পরে দেখবেন কারণ প্রথমেই টাকার দরকার বল্লেই চলবে না, প্রথমে প্রয়োজনের কথা দেখতে হবে তারপরে টাকা, সরকার বলবেন সবই প্রয়োজন। আমরা আমাদের রিসোরসেস জানি, আমাদের দেখতে হবে রিসোরসেস বাড়ে কি করে আমাদের দেখতে হবে কি করে এ্যাডমিনিসট্রেশনের খরচ কমান যায় প্রয়োজন হলে এমনও হতে পারে যে, প্রথমেই মন্ত্রীদের মাহিনা কমিয়ে দোব তাতে হয়ত ১২ লক্ষ টাকা বাঁচবে তারপরে হয়ত মন্ত্রীর সংখ্যা কমাতে হবে, এত মন্ত্রী তাদের অনেকেরই কাজ নাই কোন কাজ করেন না এই একটা ছোট স্টেটের জন্য এত দরকার নাই তাঁদের বসবারই ঘর নাই। এখন আমাদের করতে হবে কি? সবকিছু কনট্রাক্টরের হাতে তুলে না দিয়ে গ্রামবাসীদের বলতে হবে তোমরা আমাদের সঙ্গে বসবে কম খরচে করা যায় কিনা দেখতে হবে। হাসপাতাল করতে হবে, রাস্তা করতে হবে, সেগুলো কম খরচে করা যায় কি না। যাঁদের অভিজ্ঞতা আছে তাঁরা জানেন সরকার যেখানে ১০ টাকা খরচ করেন সে কাজ ৫।৬ টাকায় হতে পারে যদি জনসাধারণ এ ব্যাপারে সহযোগিতা করে তাহলে ঘুস দিতে যে টাকা বেরিয়ে যায় সে টাকা বাঁচতে পারে, প্রত্যেকটা স্তরে ঘুস দিতে হয়। এরকমভাবে কাজ করলে অনেক টাকা বাঁচতে পারে, তারপরে ধরুন, অধিক আয়ের জন্য আমি বলেছিলাম যদি চায়ের ব্যবসার ট্রেডিংয়ের মধ্যে যান তাহলে সরকারের হাতে কিছু উদ্বৃত্ত থাকতে পারে, পাটের ব্যাপারেও যদি স্টেট ট্রেডিং করেন তাহলেও সরকারের লাভ হতে পারে। এই রকম বিভিন্নভাবে আমরা অন্ততঃ ১৯।২০ কোটি টাকা বার করতে পারি, এবং তদ্দ্বারা অনেক গঠনমূলক কাজও করতে পারি. সরকার সেদিকে নজর দেবেন কি না জানি না অন্ততঃ বক্তৃতার মধ্যে তার আভাস নাই। তারপর এসব যদি করতে হয় তাহলে জনসাধারণের সহযোগিতার প্রয়োজন আছে। পঞ্চবার্ষিকী পরিকল্পনায় একথা বলা হয়েছে কিন্তু কোথায় সে কো-অপারেশনএর কথা।

একটা সামান্য জিনিসের জন্য লজ্জায় মাথা হেঁট হয়ে যায়, ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গই একমাত্র রাজ্য যেখানে স্বায়ত্তশাসনের প্রতিষ্ঠা নাই. প্রাপ্তবয়স্কদের ভোটের ব্যবস্থা নাই, কেন সুরেন্দ্রনাথের বাংলাদেশে তা নাই? মানুষকে যতদূর সম্ভব সরিয়ে রাখা যায় এখানে সেই রকমই ব্যবস্থা। পঞ্চায়েৎ ব্যবস্থা সমস্ত ভারতবর্ষেই হয়ে গেছে, এখানেও করতে হবে কিন্তু যতদিন ঠেকিয়ে রাখা যায় তারই চেষ্টায়, আজ মিউনিসিপ্যালিটি উঠে যেতে বসেছে। মিউনিসিপ্যাল ফাইনান্সের উপর নির্ভর করে সে প্রতিষ্ঠান টিঁকতে পারে না। যে ফাইনান্স আছে তা ঐ রেট বাড়িয়েও থাকতে পারবে না। আজ মানুষের যে ক্রয় ক্ষমতা সেটা কমিয়ে দিচ্ছেন সে রেটস তারা কি করে বেশি দেবে? তাই বলছিলাম তাদের জন্য শেয়ার অফ টাক্স দেওয়া যায় কিনা এরকম কোন পরিকল্পনা আছে কিনা জানি না।

[4-30—4-40 p.m.]

এইভাবে এই বক্তৃতার মধ্যে খুব ছোট কথা—কোলকাতার মাঠে খেলাধুলোর জন্য একটা স্টেডিয়ামের কথা নেই। সেই রকম জাতীয় নাট্যশালা তৈরির কোন কথা নেই। আপনারা জানেন যে শ্রীশিশির ভাদুড়ী লজ্জায় আপনাদের সরকারের খেতাব পর্যন্ত ছুড়ে ফেলে দিয়ে প্রতিবাদ জানালেন। আপনারা এই ১১ বৎসরের মধ্যে একটা জাতীয় নাট্যশালা তৈরি করতে পারলেন না। এই নাটোর ব্যাপারে বাংলাদেশ একদিন মাথা তুলে দাঁড়িয়েছিল কিন্তু আজ আপনাদের দয়ায় সেসব মাটি হতে চলেছে। আপনারা আগে বলতেন যে গ্রান্ট নেই, ইন্ডিয়া গভর্নমেন্ট গ্রান্ট দিচ্ছেন না কিন্তু এখন আমি জানি শ্রীকৃষ্ণ মেনন অফার দিয়েছেন যে ক্যালকাটা ফুটবল গ্রাউন্ডে বা যে-কোন জায়গা আপনারা স্টেডিয়াম করার জন্য নিতে পারেন। কিন্তু পশ্চিম বাংলার এই সামান্যতম জিনিস আপনারা করতে পারলেন না। এইভাবে যুবকদের সমস্ত কিছু আপনারা নষ্ট করে দিচ্ছেন। তারপর আমি বলব যে সাধারণ মানুষের সহযোগিতা আপনাদের নিতে হবে। আপনাদের অপোজিশনের সহযোগিতাও নিতে হবে। আমরা সব বিষয়ে আপনাদের সহযোগিতা যেমন দেব তেমনি আপনাদের গদিচ্যুত করবার চেষ্টাও আমরা করব। কারণ যতদিন আপনারা গদীতে বসে আছেন ততদিন দেশের আমূল পরিবর্তন অসম্ভব। আপনাদের ক্যাপিটালিস্ট সমাজব্যবস্থা, ক্যাপিটালিস্টিক অর্থনীতিকে আমরা পালটে দিতে চাই। কিন্তু যতদিন আপনারা আছেন ততদিন কতকগুলো কাজে আপনাদের আমাদের সহযোগিতা নিতে হবে এবং আমাদেরও দিতে হবে। অথচ তার কোন দৃষ্টান্ত আমরা দেখি না। যেমন আমি বলছি যে আপনারা যদি আইন করে ট্রেড ইউনিয়ন মেনে নেন তাহলে হাজার হাজার গোলমাল হয় না। ট্রেড ইউনিয়ন ব্যাপারে সাত্তার সাহেবকে বললেই উনি বলেন যে ও'র কিছু করার নেই। সেইভাবেই আমি বলছি যে শিক্ষক, প্রফেসর, প্রাথমিক শিক্ষকদের মাইনে বাড়াবার কথা। কি আশ্চর্য মাত্র ৪০।৫০ টাকা একটা লোক মাইনে পাবে? মন্ত্রী মহাশয় এই টাকায় থাকতে পারেন? এই সামান্যতম কাজগুলোও আপনারা করতে পারছেন না। সেইজন্যই তাঁরা বিক্ষোভ প্রদর্শন করছেন। ডাইরেক্ট এ্যাকশনের দিকে তাঁদের তো আপনারাই নিয়ে যাচ্ছেন। এইরকম ছাত্রদের বেতন কমাবার ব্যাপারে সেদিন মুখ্যমন্ত্রী বললেন যে তিনি হেলপলেস, তাঁর কিছু করার নেই। এভাবে দেখছি কংগ্রেস সরকার সমস্ত এ্যাডমিনিস্ট্রেশন কুক্ষিগত করছেন। কংগ্রেস নেতারা নির্বাচনে হেরে গেলে হাইকোর্টের জজ হয়ে যান এতো স্পীকার মহাশয়, আপনিও জানেন, আর একজন ভদ্রলোক এসপেশাল তাঁকে ডিস্ট্রিক্ট জজ করা হয়, প্রধান বিচারপতি তাঁকে নিয়োগ করেন, পুলিশ রিপোর্টে বন্ধ হবে না, তাঁকে ডিস্ট্রিক্ট জজ করা যায় না কারণ ১৯৪৭ সালে তিনি কমিউনিস্ট পার্টির মেম্বার ছিলেন। শ্রীশংকরপ্রসাদ মিত্র হোতে পারেন, শ্রীদেবব্রত মুখার্জি, যাঁকে শ্রীমতী মণিকুন্তলা সেন হারিয়েছিলেন তিনি হোতে পারেন। তাঁদের বিরুদ্ধে আমি কিছু বলছি না, তাঁরা ভাল জজ হোতে পারেন কিন্তু এস পি সেনের কেন হবে না? তিনি কমিউনিস্ট পার্টির মেম্বার ছিলেন বলে? এভাবে একজন প্রফেসরকে আপনারা তাড়িয়েছেন পুলিশ রিপোর্টের উপর। অথচ আপনারা নির্বাচনের সময় শিক্ষকদের ব্যবহার করেন। আপনাদের সাহায্য করলে কিছু হয় না, আর অন্য পার্টির বেলায় চাকরী চলে যায়, ট্রান্সফার হয়ে যায় এ জিনিস আমরা দেখছি। এভাবে হলে সরকারী কর্মচারীর ১১ বছরের মধ্যে চাকরী চলে গেছে পুলিশ রিপোর্টের উপর। আমরা জিজ্ঞাসা করেছি পুলিশ রিপোর্টে তাঁদের নামে কি আছে? তাঁরা কি চুরি, ডাকাতি করেছেন, না কি করেছেন একথা যখন জিজ্ঞাসা করেছি তখন বিধানবাবু দাঁড়িয়ে বলেছেন বলবো না—এই হচ্ছে আপনাদের গণতন্ত্রের নমুনা। কেন্দ্রিয় সরকারের সার্কুলার আছে যে কেউ কমিউনিস্ট অথবা আর এস এস হোলে সে চাকরী পাবে না, তার সঙ্গে কোন সম্পর্ক থাকবে না। কেরালা সরকার যখনই ফাইলে সেই সার্কুলার দেখলেন তখনই তা ছিঁড়ে টুকরা টুকরা করে ওয়েস্ট পেপার বাসকেটে ফেলে দিয়েছেন। সংবিধানের কোথায় লেখা আছে যে কমিউনিস্ট বা আর এস এস হোলে চাকরী পবে না, কংগ্রেস ঘেঁষা হোলে চাকরী পাবে? এজন্যই এতদিন আপনাদের কিছুই হয় নি, এজন্যই আপনারা এগুতে পারছেন না—এজন্যই আজ উৎসাহ উদ্দীপনা কোথাও নেই, পশ্চিমবাংলার চারিদিকে তাকিয়ে দেখুন অন্ধকার।

Dr. Prafulla Chandra Ghosh: Mr. Speaker, Sir, I have read the Governor's speech with all the attention and care that it deserves, but I must frankly confess that I consider it as a disappointing performance with, of

course, some poetic effusion in conclusion and devoid of realities. The Governor says "already I see a new life pulsating through our towns and villages". With the vast bulk of our population living on a sub-human standard, if our Governor sees that they are pulsating with a new life, then I must say that either it is an optical illusion or it is a huge joke with the people. (Sj. Ganesh Ghosh: It is both.) Some friend says it is both. It may be, but it is difficult for us to swallow that. If our villagers had been pulsating with new life, year after year our Food Minister who is just absent now would not have to go to the Centre for the supply of foodgrains worth Rs. 30 crores to 40 crores a year. That is the position we are in and yet if we say that the villagers are happy and are pulsating with a new life, it is only a governmental truth but I do not find it is consistent with real truth.

Sir, in this address every conceivable subject has been mentioned—food problem, refugee problem, educational problem, unemployment problem—everything has been mentioned, but no solution has been suggested. So, it appears to me that it is an excellent address if you consider it as a school boy's essay, but coming from a Governor, it is not an excellent address, it is a disappointing performance.

Sir, we were so long hearing from our Food Minister and almost from everybody on the treasury benches that we have a bumper crop. If I remember correctly—because I could not get a copy—I heard over the radio the Governor's speech on the 26th January in which she said that there was a bumper crop in West Bengal, but today it is said that it is not unsatisfactory. They do not give us any figure, simply she says that it is not unsatisfactory. Two negatives do not make a definite positive—they make a weak positive. That means that it is not very satisfactory. Every year our Food Minister used to give us some figures as to what is the final forecast. This year he has failed to give us anything. But, at the same time, something has appeared in the press which figures he neither accepts nor denies. In the Statesman of the 30th January is given the final estimate of Aman yield as 37.2 lakh tons. It has been said that the West Bengal Government's final estimate of the total Aman crop would this year be so and so and ultimately there is more deficit than last year. I believe this is more consistent with truth. But our Food Minister says neither 'yes' nor 'no' to it. You draw your own conclusion. He is discreetly silent.

[4-40—4-50 p.m.]

Let him say that he has no statistics or his Department cannot give the accurate statistics. Let us know where we stand. With this kind of statistics if we are to deal with our food problem and the Governor says that everything is all right, then the Governor may be satisfied but we are not.

In the Governor's address it is nowhere mentioned that there has been difficulty about the supply of rice in towns and villages—not merely rice but wheat also. In the villages we are to purchase *ata* at ten annas a seer; that means Rs. 25 per maund. If we want even one seer of *ata* it is difficult to get it unless we pay ten annas a seer. That is the position we are in. Our Food Minister knows that unscrupulous tradesmen and businessmen are conspiring against the Government's food policy. He knows it. Even certain Calcutta newspapers published their advertisements in big columns. He knew about it but what are the steps that he has taken? He says now that within a month the position will be all right. That is the statement which he made in the Council. That is what I got from the Press. I was not present in the Council; the Education Minister was. Within one month prices would come down, and he said also that foodstuff would be available in the market.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: The Food Minister said any other things. He fully explained the position the other day. You ere not present here. You should take note of it.

Dr. Prafulla Chandra Ghose: He has not contradicted my statement. e has simply said that the Food Minister made the position clear. It is grettable that while we are speaking on an important thing like the overnor's address, the Treasury Bench is almost empty except the Educa-on Minister who is not a member of this House. I find on my right the rigation Minister busy in conversation. That is how I understand our inisters take this discussion. They do not take it seriously. They come th a definite conclusion, "because we have got the majority we shall pass by vote and say that the Governor's address is excellent". The is the osition we are in. We are in an unreal atmosphere.

About rice, our Food Minister has said that he has issued directions in l the areas that one and a half seers of rice and one seer of *ata* will be sued per adult. We are between the devil and the deep sea, with the nscrupulous tradesmen on the one hand and inefficient and corrupt lministration on the other. The amount of sand and gravel that we are etting now out of the ration rice we were not getting before. In a friend's ouse yesterday we were eating ration rice and in every morsel of food we ere getting three or four gravels—which we did not get before. We are etween the devil and the deep sea. We are in an unenviable position. ay I request the Food Minister at least to see that our teeth are not broken r the gravels that he supplies us but if he says that his 10 per cent. deficit nnot be met, he must bring gravels and sand from Purulia or some other lace and then supply rice with gravel and sand and everything will be all ght! At least we do not want to get that kind of rice. Again I do not nderstand why this softness for these traders—my friend Rai Harendra ath Chaudhuri says 'no'; but we find continuous softness for the traders, nd you do not take a little time to arrest the ex-General Secretary of the ongress—I said last time and I again repeat it—but you cannot arrest one ngle trader under the Security Act. You cannot; you will not. That the position. If half-a-dozen men or one dozen men, those who form the ng of traders, unscrupulous traders, would have been arrested, my friend ai Harendra Nath Chaudhuri would not have been required to shake his ead. I do not know whether he shakes his head in approbation or in sapprobation—probably he shakes his head in approbation and not in sapprobation. Unless the food production can be increased, we shall be this unhappy position. We do not know how long we will be in this nhappy position. I do not want to cite any example of other countries ut I only want to say that we have the lowest production of rice or wheat the world—lowest production—that is the Food and Agricultural rganization's report. Japan produces more, China produces more, Spain roduces more per acre but we have the lowest production and not merely at our agriculture today is uneconomic and I shall read out a sample of report of the Agriculture Department. It is a pamphlet which has been rought to my notice by a co-worker from my Constituency, Sutahata hana and it has been handed over to me. It is published by the *'aschim Banga Sarkar Prochar Bibhag*—Publicity Department. Therein is written:

বঘা প্রতি ৩ মণ সরষের খইল অথবা ২ মণ ১৩ সের বাদামের খইল প্রয়োগ এবং ধানের ফসল বঘা প্রতি ২ মণ বাড়ান যায়।

but three maunds of mustard cake costs much more than two maunds of addy. Excepting the foolish Agricultural Department nobody would do —no cultivator would agree to do it. But this is in the pamphlet issued y the Publicity Department, page No. 7. The Agricultural Minister is ot here. That is how they are going to increase production, Sir,

(Sj. Deben Sen: It is a printing mistake). It cannot even be a printing mistake; because repeatedly it is there—twice it is there. I should it to a Congress friend of mine. He first said that it is a printing mistake but afterwards he told me that it could not be even a printing mistake. (A voice from Congress Benches: Is it per acre?) No, per bigha. That is what they have written there. That is their efficiency and with this efficiency they want to increase production.

And then as it has been said, our agriculturists are unemployed for eight months in the year more or less. Unless there is cottage industry there is no hope for the agriculturists. If the Irrigation Minister cannot assure the cultivators sufficient water for nine months in the year there is no hope for them. They must have sufficient water and sufficient work for the whole year; otherwise agriculture will continue to remain uneconomic and agriculturists will leave their work. Today they are in agriculture. Why? Because they have no other occupation. That is why they are in agriculture. Today you must change this; otherwise there is no solution for the food problem in the country.

[4-50—5 p.m.]

Then, whenever there is question of cottage industry our Agriculture Minister stands up and says the days of *dhcki* are gone. That means the days of those cottage industries are gone. But he says that this is his personal view. He adumbrates his personal view as a Minister. It is a strange thing which I have never heard. Cottage industry, I must say, will survive if there is demarcation in the spheres of cottage industry and big industry. Otherwise you will be simply wasting money.

About agriculture, as you see in the field of jute, the jute growers have lost—I do not know how-much they have lost—and whether they have sold their lands or next year they will not produce jute at all. Unless you fix the price beforehand, unless the cultivators know that this is the price they will get the will not produce as otherwise they will be at the mercy of the unscrupulous traders. That is the position. Therefore I say that unless you solve this problem you will not solve the problem of agriculture.

Then I come to the refugee problem. About this problem every time we are given a lecture on the Dandakaranya scheme. Sir, on the 5th of July, 1957, we passed a unanimous resolution. The resolution is this: "The West Bengal Government should ascertain from the Governemnt of India the details of the proposed scheme for the development of Dandakaranya, thereafter call a conference of the representatives of the different parties and groups in this House and place the scheme before them for consideration and the implementation of the scheme when finally approved should be undertaken by a statutory body in which the West Bengal Government should be adequately represented." This is the resolution which we unanimously passed but after that the Government never called us. And now they say, "You have done this, you have done that.". I say Government has non-co-operated with this legislature, they have insulted this legislature. These people have offered not Satyagraha but Duragraha but I do not justify the Satyagraha that is going on now for not sending people to Dandakaranya. It must be clear. The Government has non-co-operated with this Legislature and it does not now lie in the mouth of the Government to question other people if they have themselves failed. I say, Sir, I am not against sending refugees to Dandakaranya if they can be properly rehabilitated. We offered every time to go and I suggested that the Minister or the Deputy Minister or the State Ministers, one of them should go there. There are four of them in the Department. But then the Food Minister says it does not matter whether we go or not. We know the truth. What is the source of this revelation? Is it because the Governemnt of India have said and therefore we must accept it? Why are these four

Ministers there, I do not understand. Is it only for giving some salary or solving some unemployment in the Congress bench, I cannot understand. You may say, Sir, that I am becoming harsh towards my colleagues, but the cicumstances make me harsh. We offered our co-operation. I have said repeatedly in this House that we are prepared to go to Dandakaranya and see things. They did not take our co-operation. But every time they say that with the co-operation of everybody we shall do everything. Where is the proof? It is untrue to say that Government want our co-operation. Government do not want co-operation from any body because they think that they have the majority of votes and so long they have the majority they can do anything they like. And they say that others do not co-operate. That is the position even about the refugees. However, Sir, although I say this, I want to make it clear that if the refugees go to Dandakaranya and get proper rehabilitation facilities no one will be happier than myself. But I cannot support the Dandakaranya scheme without knowing what it is. No scheme, no definite picture has been placed before us and they want our co-operation. I can only say this that if the refugees are properly rehabilitated I shall be happy.

That is the position I take. Again, in the press, there have been some remarks about Dandakaranya that Bengali officers are not there. But I say, Sir, in Auckland House almost all officers are Bengali officers and it had been said repeatedly even from that side or from this side that things are shady in the Auckland House. At least one Central Minister had told me privately—I don't want to mention his name—that at least 50 per cent. of the money sanctioned for refugees has been wasted. But if the Bengali officers become thieves are we to support thieves because they are Bengalis? If the officers who are placed in charge of Dandakaranya are efficient and honest, it does not matter whether they are Bengalis or not. It does not matter so long as they are sympathetic, honest and have feeling for the refugees, for the suffering humanity. Every time you raise this question that the officers must be Bengalis. This shows you are suffering from inferiority complex. I do not suffer from inferiority complex. This is about Dandakaranya Scheme.

I shall now discuss the education problem that has been touched. It had been said that education would be made compulsory up to the age of 11 within certain years. Under the Constitution—in the Directive principles—within 10 years of the formation of the Republic there would be free and complusory education up to the age of 14. Now, after so many years our Prime Minister has become conscious that when he signed that he did not realise how much money would be necessary. This is the position of our Prime Minister of India. But I say, Sir, 6 to 11 would be useless because they would more or less relapse into illiteracy after some time, and even the Governor of Bihar Dr. Zakir Hossain, who was President of the Basic Education Committee, said that if we want to make it compulsory it must be made compulsory up to 14; not merely 14, it must be 8 years course, because some people start education later. I entirely agree with him. It must be eight years' course. You take responsibility from 9 and finish at 14 so that if you have to spend a little more that little more money can be had if you really want to have it. Education is an integrated whole. British education, when the Britishers came to India, they had a purpose behind their educational system. We have not got that purpose today. Our purpose is entirely different, but the education is more or less like that. You have only dotted the i's and crossed the t's. My friend Rai Harendra Nath Chaudhuri differs from me, and I differ from him. It is only simply dotting i's and cutting t's. That is what even our President of the Republic has said that within 10 years we have made much progress in many things, but in education we have not made any material change. That is what Dr.

Rajendra Prosad, the President of the Indian Republic, said. I am not quoting exactly his words, but that is the idea. We are now even producing white collared gentleman from our educational factories. We are creating unemployment, and that is what I say when I find in the Governor's address that we have made arrangements for appointing teachers for relief of educated unemployed.

[5—5-10 p.m.]

I have never heard of such a thing. If you want teachers, you appoint qualified teachers. To give only relief to the educated unemployed you want teachers—that is an unheard of thing in any country. Why not have them in your Secretariat—as Rai Harendra Nath Chaudhuri's assistants —in order to give them relief, and then he will understand what that means. His hair will become grey in no time.

Then about teachers I would like them to have good pay, but at the same time they must be qualified and they must not go in for private tuition here and there. Government must give them sufficient pay just in comparison with the Secretariat level or even I should say the ministerial level, and then there would be no difficulty. My friend Sj. Jyoti Basu was referring to the capitalistic society and socialistic society. I can say that in London a B.Sc. gets a starting salary of £270 annually whereas the starting salary of a railway porter is sometimes more than £270. The agricultural labourer gets about 250 pounds annually and, as I have said, a London B.Sc. gets £270 annually. The only difference is that the London B.Sc. will go up to 530 to 600 pounds, whereas a porter or an agricultural labourer will never go beyond 350 pounds or something like that. There is the question of minimum, but here there is no question of minimum. Even in Capitalist Germany the minimum is 200 to 250 marks. But here in this poor country there is an inflated value of the big people, whereas people at the lower level live a sub-human life. This is not connected with capitalism or socialism. Even in capitalist countries things are done for the good of common man.

Then, Sir, I want to refer to the Community Development because they say that by community development they are going to solve the problem. If they could, I would have been happy. I would like to mention what Mr. Gorwalla has said. "It is a monumental folly". He said "even our Prime Minister has become conscious of this that this money is being wasted considerably". Even Mr. S. K. Dey, who is Community Development Minister at the Centre, said "unless we hand over the responsibility to the village people, nothing can be solved". That means we have failed. My friend Rai Harendra Nath Chaudhuri knew it 40 years before that this scheme would solve our problem. I have seen some community development areas. My young friend Shri Tarun Kanti Ghosh told me that he would make arrangements for showing me the community development areas, and whatever suggestions I would make he would consider them as a Minister. I said that I would go, but as I was not keeping good health I could not go, but as soon as I am physically fit I would certainly go and see things as they are. But from whatever little I have seen and whatever I have heard from my friends and colleagues I have come to the conclusion that as far as development is concerned, as far as production work is concerned—not what is called social welfare, i.e. dance, drama and things like that—it is a dismal failure—I have myself seen them and I have asked questions and my friends told me but still I am prepared to go. I do not want to say that whatever Mr. Gorwala has said should be taken as gospel truth. The Ministers are here and they should assess everything. After all it is public money. You must assess properly whether the money will be

wasted—whether it will be spent for nothing. You must assess whether the money will be turned into good work. If they are turned into good work you can go ahead for two years. I hope I shall be able to live for two years and see whether Rai Harendra Nath Chaudhuri is right or I am right. Pandit Jawaharlal Nehru, the Prime Minister of India, said that we shall be self-supporting in food after 1966. At first they said we shall be self-supporting in the first five year plan. When the first five year plan was over we were told that we were already self-supporting. Now they say we shall be self-supporting in 1966. If so, whatever they said at that time should not be believed. It seems that we are not to put reliance on what they say on education, on unemployment, etc. Sir, I want to refer to unemployment, the staggering unemployment, not merely of the educated and the uneducated people but of all. A suggestion has come from my valued colleague and comrade who has been more or less my life-long colleague, Dr. Suresh Chandra Banerjee that 80 per cent. of the services in Bengal should be reserved for Bengalis but I think what he has said is wrong and it is ultra vires of the Constitution. You cannot say that people of Bihar are not citizens of India. Behari, Oriya everyone is a good citizen of India. You cannot have a discriminatory law. This Government cannot give any assurance that only Bengalis should be appointed. It is wrong on principle, it is wrong in reality and it is wrong factually and what will happen if such a thing is done. You will disintegrate India in the long run. If you say that Bengal is for Bengalis, Bihar is for Biharis, U.P. is for U.P. men—if you bring in that consideration then you will disintegrate India. Though this has been suggested by my valued colleague, but I cannot accept that suggestion for I think this means disintegration and I must have the courage to oppose the suggestion even if it comes from my comrade and colleague. What I feel is that there must be an open door everywhere—in Bengal, in Bihar, in U.P. There should not be any discrimination. They have this consideration that Bihar is for Biharis and so on. But that does not mean that because they are bad we shall also be bad. When I was a boy looting was going on in a bazar and somebody suggested that when looting was going on let me also take part in the looting and here it is going to be the same thing—if Bihar does a wrong thing why should we do the same. If they be in the wrong path why should we not be in the right path. We hear in Bengal there is surplus of doctors but in Orissa, in Bihar, in U.P. there are not sufficient number of doctors. I believe our doctors who will be appointed there will feel at home as Oriyas feel in Orissa or as a Bihari feels in Bihar. If I settle in U.P. I must be considered as a good citizen like Pandit Govind Ballav Pant or Pandit Jawahar Lal Nehru. There should not be any restriction anywhere. If a Bengali doctor is good I believe he will be called in a Marwari house and not a bad Marwari doctor because he is a Marwari. If a Bihari is efficient in some respects even Dr. Suresh Chandra Banerjee will appoint him for that work.

Sir, I must say that in the Governor's address I do not find any hope for future. There is no solution for any problem whether it is for food position or whether it is for unemployment or refugee rehabilitation. Nothing is there. It only looks like a schoolboy's essay.

That is how the Miinsters are taking it as a school-boy's essay and that is why they are also discreetly absent. They think, all right, let them also discuss it in school-boy fashon, we have got th majorty of votes—that is the only solution.

Sir, with these words I close my speech and I consider it a disappointing performance of the Governor.

[At this stage the House was adjourned for 15 minutes]

[After adjournment]

Sj. Shyamadas Bhattacharyya: Mr. Speaker, Sir, in associating myself with the motion of respectful thanks to the Governor for her most excellent speech, I should say in the beginning that the speech gives us a very real picture of the situation in West Bengal. The Governor does not say, Sir, as Dr. Ghosh seemed to imply, that everything is all right in West Bengal. Sir, the Governor has not drawn a rosy picture of the situation. She has not said anything which will give us a very optimistic idea, although a tone of optimism is discernible throughout the speech. Sir, the difficulties of the situation have not been concealed in any manner and very naturally the food problem has come to occupy the topmost place in her speech. Sir, it has been stated in Shri Mehta's report that the food problem is likely to remain with us for some time to come and we know that the stresses and strains of a growing economy are likely to lead to disparities in prices in different areas of the country. Sir, it is agreed by all sections of the people that food prices should be stabilised within reasonable limits, otherwise all our plans, all our development programmes will come to nothing. Sir, prices, of course, should be stabilised at a level which will be remunerative to the grower and, at the same time, fair to the consumer. Of course, Sir, our aim should be to stabilise prices of foodgrains as also of other related commodities as far as practicable. Sir, it is too true to say that foodgrains at the present moment are not available at fixed prices in the ordinary shops. There are several reasons for this state of things. One is that this State of West Bengal has been suffering from recurring deficit in foodgrains. Last year we had a deficit of the order of 7 lakh tons. Although our production has increased, the deficit remains because the forces of demand are very strong—not only because population is increasing at a very fast rate but also because of the influx of refugees and the inflationary forces which are at work resulting from implementation of the development programmes. Further, Sir, there have been changes in the consumption pattern of the people resulting from rapid organisation and also increase in the national and per capita income in this country.

The second cause is that the surplus growers of the country have better holding power today. The need for cash of the surplus growers can be met by lower sales. His increased propensity to save under the present circumstances will have to be taken into consideration.

The third cause is that there has been unscrupulous propaganda by interested parties including the mill-owners, wholesalers, big jotdars and, I am sorry to say, certain interested political parties with the result that panic has been created and there has been an encouragement for rush for stocks of foodgrains.

The fourth cause is that attempt is being made to make political capital out of the present food situation in West Bengal. I know cases where certain friends of ours belonging to certain so-called leftist parties have gone to people and induced the growers to demand higher prices and at the same time encouraged consumers to demand rice at lower prices.

Dr. Ghosh was saying that we do not want co-operation. I might say that we on this side are always eager to grasp the hand of co-operation of Dr. Ghosh and other sincere friends of ours. At the same time I must clearly state that when any particular individual or a particular political party throws principles of democracy to the wind and when we find any individual or a political party is out to condemn the Government in season and out of season and is eager to use any pretext to decry the Government, it becomes difficult for us to co-operate with such a party or with such an individual

Sj. Jyoti Basu was telling us the very same thing. May I tell him that with all his dogmas and doctrines which induce him always to offer stiff resistance to Government's constructive proposals, it becomes difficult for us to co-operate with him and his party. He was referring to China and China's ramarkable progress in different fields. May I tell him of one of the oft-quoted sayings of Mao Tse-tung—dogma is less useful than horse-dung. When we find a person guided by dogma and doctrine alone I find it difficult for myself to co-operate with him.

After I have stated the causes for the present state of things in the rice market, I want to say that Government has taken wise and timely steps to meet the situation. The Government has been following a policy intermediate between complete free trade and complete rationing. Free trade in foodgrains is not desirable in the present imperfect market conditions of India where semi-monopolistic elements are trying to make unfair gain at the cost of the consumers. Similarly full control in the sense of complete rationing is not desirable. Therefore, Government has been following a middle path in this regard. Today under modified rationing, as stated in the Press statement yesterday, seven million people have been receiving rice and wheat from different centres in West Bengal.

In this regard, may I offer some suggestions? The first suggestion is that a large number of modified ration shops, wherever needed and wherever prices shoot up, should be opened at once. Wherever there is a pocket of scarcity modified ration shops should be immediately opened there. Success of the scheme depends on the popularity of the modified ration shops. I have received complaints regarding bad quality of rice. To my utter dismay, I found that the complaints were true in many cases. Sand particles, dust and other impurities are mixed up in many instances with rice which is supplied to us through these M.R. shops and the offenders must be firmly dealt with. My second suggestion is that publicity should be given in a wide manner to Government's determination to put a check to anti-social elements who would try to upset Government's policy. My third suggestion is that Government should express its firm determination to sell out rice and paddy at fixed prices not only now but in the lean months of September and October this year. This will subside panic and restore confidence in public mind. My next suggestion is that there should be strict enforcement of rules against smuggling of foodgrains out of West Bengal into the neighbouring areas of Bihar. My next suggestion would be regarding strict enforcement of the law against those persons who contravene the same. Offenders should be meted out exemplary punishment whether they be wholesalers or retailers —whoever they may be, they must be dealt with sternly. Sir, the traders have thrown out a challenge and it must be accepted. In the past they have not played the rules of the game well and exploited the market mechanism for their own end. This must not be allowed any further this year. We have got to be prepared to check the trading community or millowners or any particular section whoever they may be who want to disturb the policy of the Government or try in a deliberate manner to upset Government policy. We have to take firm steps against them. It may be necessary for the Government to see that the entire wholesale trade in foodgrains is nationalised and recalcitrant mills may also have to be nationalised. Sir, the last suggestion in this regard is that there should be seizure of stocks from persons who may have built up these stocks ostensibly to make unfair gains.

Sir, I should only tell a few words with regard to education. There has been tremendous progress in the field of education and the next census figures will show high percentage of literacy in West Bengal. Sir, I want to say a few words about teachers of different categories who are not regularly getting their salaries. Sir, Government should see that

regular and timely payments of Government grants to schools of all categories are made. I shall also like to submit that there should be better facilities for technical and vocational training. Sir, there is an amendment (No. 17) of Shri Gopal Basu which says that the Government has failed to tackle the problem arising out of the agitation carried on by the students of big colleges of Calcutta to reduce the amount of enhanced tuition fees. On this point I would like to say a few words. Sir, I know that there are many poor students who cannot afford to pay tuition fees but if they are meritorious and good students and if they are unable to meet their educational expenses they must be assisted with money. More stipends and more scholarships should be awarded to meritorious students. But I do not like that the taxpayers' money should be ill-spent for the education of most ordinary students. I know that 73 per cent of the students are third division stundents and they are misfits for receiving educational benefits.

[5-40—5-50 p.m.]

They will not benefit by the education they are receiving in the big colleges in Calcutta—arts, science and general education. Sir, in order that the tax-payers' money may be best utilised only selected candidates should receive help in all possible manner. For them, technical and vocational courses of study should be opened. The real problem, however, Sir, in my view is this: It is not overcrowding but want of diversified course of education—technical course of study, vocational course of study—should be opened as early as possible so that students who have not the equipment, who have not the capacity for general education, may be fitted in according to their capacity and the needs of the country by imparting to them the education for which they are suitable. Merely lessening the rate of fees does not mean anything. As I have said, the fees constitute a very small part of education which, however, unfortunately has been rising in these days. I want, therefore, that only the suitable students and good students should be helped in all possible manner. I admit that every student has got the right to be educated and every student should be given education in the proper manner by opening up new courses of study, diversified courses of study.

I wish to speak only a few words with regard to unemployment situation. I have seen that in the Governor's speech it has been stated that the problem of unemployment is causing the Government much anxiety. Sir, I am constrained to say that in the countryside and in the towns among all sections of the people there is widespread unemployment and under-employment. This has got to be tackled in all seriousness and in all earnestness. Sir, with abundant manpower at our disposal, labour intensive methods of poduction should be followed. I agree with regard to the Second Five-Year Plan report that labour saving device may be a necessary condition for creating employment opportunities but when I find even for the purpose of excavating our lakes and tanks mechanical devices are utilised I feel dismayed. I do not think that with abundant manpower at our disposal labour saving device in these fields should be followed. The objective should be to absorb in gainful employment all the youths seeking employment.

With these words, Sir, I associate myself with the respectful address to the Governor which has been proposed on our side.

Sj. Hemanta Kumar Basu:

স্পীকার মহোদয়, রাজ্যপালের এ্যাড্রেসে এ্যান্টি-প্রফিটিয়ারিং বিলের কথা উল্লেখ করা হয়েছে। এ্যান্টি-প্রফিটিয়ারিং বিল জনসাধারণের আন্দোলনের ফলে এই বিল সরকার অনিচ্ছা-সত্ত্বেও এনেছেন। কিন্তু এই বিল যেভাবে কার্যকরী করা হচ্ছে তাতে করে যে সমস্যার সমাধানের কথা আমরা ভেবেছিলাম সেই ধরনের সমস্যার সমাধান হচ্ছে না। বাজার থেকে চাল উধাও হয়ে

যাচ্ছে। সেই চাল কোথায় আছে তার সন্ধান নিশ্চয় সরকারের গোয়েন্দা বিভাগের কাছে যে আছে সে বিষয়ে কোন সন্দেহ নেই। যে চাল বাজারে বিক্রি হচ্ছিল আজ সেই চাল একদম বাজার থেকে উধাও হয়ে গেছে।

[5-50—6 p.m.]

সরকার এ বিষয়ে সম্পূর্ণ উদাসীন। সরকারী নীতি যেভাবে পরিচালিত করা হচ্ছে তাতে যাদের ঘরে চাল রয়েছে তাদের ঘর থেকে চাল নেওয়ার ব্যবস্থা হচ্ছে না। শ্রীপ্রফুল্লচন্দ্র সেন মহাশয় বলেছেন, কৃষকের ঘরে ধান রয়েছে। কিন্তু কৃষকেরা তাদের ঘরে ধান রাখতে পারে না, তাদের দেনার জ্বালায় এমন কি মাঠে ধান থাকতে থাকতেই তা বিক্রি হয়ে যায়, কাজেই কৃষকের ঘরে ধান রয়েছে একথা বলার কোন মূল্য নাই। সমস্ত ধান বড় বড় গোলাদার ও চোরাকারবারীদের ঘরে রয়েছে। যদি কোন লোক সরকারবিরোধী কাজ করে তাহলে গোয়েন্দা বিভাগ তাকে খুঁজে খুঁজে বার করে তাকে নানারকম সাজা দেবার ব্যবস্থা করা হয়। কিন্তু এত বড় একটা অন্যায় চলছে মানুষের মুখের খাবার নিয়ে অত্যধিক লাভের জন্য—এই অন্যায়কারীরা যারা বাজার থেকে চাল সরিয়ে নিয়েছে তাদের উপর কোনরকম আইন প্রয়োগ করা হচ্ছে না—এর আমি বিশেষভাবে ও তীব্রভাবে নিন্দা করি। শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় পদত্যাগের সময় যেকথা বলেছিলেন তা আজ অক্ষরে অক্ষরে প্রমাণিত হচ্ছে। বড় বড় কারবারী যারা তাদের গুদামে সমস্ত চাল জমা রয়েছে—এদের সঙ্গে কোন একটা যোগসাজস ও ষড়যন্ত্র আছে, নতুবা কেন বাজারে চাল পাওয়া যায় না তার জন্য সরকারকে জনসাধারণের কাছে কৈফিয়ৎ দিতে হবে। তারপর বেকার সমস্যার কথা। প্রায় ১৬ লক্ষ লোক বেকার। দুর্গাপুর কোক ওভেন প্ল্যান্ট সম্বন্ধে এসেম্বলীতে বিবৃতি দেবার সময় ডাঃ রায় বলেছিলেন যে, দুর্গাপুর কোক ওভেনের সঙ্গে সঙ্গে যেসব শিল্প গড়ে উঠবে তাতে প্রায় ১॥ লক্ষ লোকের কাজের ব্যবস্থা হবে। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় প্রায় ১ কোটি লোকের বেকার সমস্যা সমাধানের কথা ছিল। আর, দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ৮০ লক্ষ লোকের। কিন্তু আমরা দেখতে পাচ্ছি, বেকার সমস্যা দিন দিন বেড়েই যাচ্ছে। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার অর্ধেক শেষ হল, কিন্তু বেকার সমস্যা বেড়েই চলেছে। এর মানে হচ্ছে, একটা প্ল্যান্ড ওয়েতে কিছু করার চেষ্টা হচ্ছে না। একটা বৈজ্ঞানিক পদ্ধতিতে ও সুনিয়ন্ত্রিত কর্মধারার মধ্যে এই ভয়াবহ বেকার সমস্যা সমাধানের কোন পরিকল্পনা নাই। প্রকৃত সমস্যা কি, কি আজকে দেশের সম্মুখে প্রশ্ন, কি আমাদের জনসংখ্যা—এই পরিপ্রেক্ষিতে এই সমস্যা সমাধানের দিকে দৃষ্টি দেওয়া হচ্ছে না। যদি আনপ্ল্যান্ড ওয়েতে আমাদের শিল্প গড়া যায় তাহলে বেকার সমস্যার সমাধান হবে না। প্রফুল্লচন্দ্র সেন মহাশয় বলে থাকেন যে, জনসংখ্যা বৃদ্ধির জন্য লোককে খাদ্য দিতে পারছেন না। যদিও সব দেশেই জনসংখ্যা বেড়েছে তাহলেও কোন দেশের সরকার একথা বলেন না যে, জনসংখ্যা বৃদ্ধির জন্য লোককে খাদ্য দেওয়া যাচ্ছে না। আমাদের দেশে যে পরিমাণ জমি আছে সেই জমিতে যদি বিজ্ঞানসম্মত উপায়ে ফলন বাড়ান যায় তাহ'লে যেখানে ৫ মণ ফলন হয় সেখানে কেন ১০ মণ ফলন হবে না? আমরা বারে বারে বলে এসেছি, বড় বড় পরিকল্পনা যা হচ্ছে হোক, কিন্তু তার সঙ্গে ছোট ছোট সেচ পরিকল্পনা গ্রহণ করা হোক। এতদিন পরে আমাদের রাজ্যসরকারের ড্রাফটএর মধ্যে সেকথা উঠেছে, কিন্তু এটাকে কবে ও কিভাবে এইসমস্ত পরিকল্পনার মধ্যে গ্রহণ করা হবে এখনো তা আমরা জানি না। তারপর, কুটিরশিল্পের দ্বারা কি করে বেকার সমস্যা সমাধানের উপায় হবে বুঝতে পারি না। যেসমস্ত কুটিরশিল্প আমাদের দেশে রয়েছে তাদের সামনেও আজ বহু সমস্যা—যেমন, তাঁতশিল্প এমন অবস্থায় পৌঁছেছে যাতে করে তাঁতীর ঘরে কাপড় পড়ে থাকে, বাজারে তার চাহিদা হচ্ছে না। মার্কেটএর ব্যবস্থার জন্য যে মার্কেটিং বোর্ড সরকারের করা উচিৎ সেই ধরনের কোন ব্যবস্থা এই সরকারের নাই। তারপর, ভারী শিল্পের প্রতিযোগিতায় কুটিরশিল্প দাঁড়াতে পারে না। আমাদের মুখ্যমন্ত্রী জাপানে গিয়েছিলেন। জাপানে শিল্প যেভাবেতে গড়ে উঠেছে তাতে ভারী শিল্পের পার্টস কুটীর শিল্পের মধ্যে দিয়ে তৈরি হয়। জাপানে এজন্য কুটিরশিল্প ও ভারীশিল্প যাতে পাশাপাশি চলতে পারে তার জন্য বিজ্ঞানসম্মতভাবে ব্যবস্থা করা হয়েছিল। সকলেই বলছেন, কুটিরশিল্প, কুটিরশিল্প। আমি চ্যালেঞ্জ করে বলছি, দুয়েকটা শিল্পের সমস্যার সমাধান হওয়া ছাড়া কুটিরশিল্পের মাধ্যমে বাস্তবিক এই বিরাট বেকার সমস্যার সমাধান হতে পারে না। কাজেই বেকার সমস্যা যেরকম ভয়াবহভাবে বেড়ে চলেছে তার সমাধান না হলে একটা বিরাট আগুন দেশময় জ্বলে উঠবে।

তারপর, বেরুবারী। এই বেরুবারী সম্পর্কে কোন কথা রাজ্যপালিকার এ্যাড্রেসএর মধ্যে নাই, অথচ এই ব্যাপার নিয়ে সারা দেশময় একটা বিরাট অসন্তোষের সৃষ্টি হয়েছে। এ্যাসেমব্লিতে আমরা উভয়পক্ষ মিলে একটা প্রস্তাব পাস করে ভারত-সরকারকে পাঠিয়েছি, কিন্তু সেবিষয়ে কি হল তার কোন কথার উল্লেখও রাজ্যপালিকার ভাষণে নাই। বেরুবারীর লোকেরা বেরুবারী হস্তান্তরিত হবে একথা জেনে ভীত ও সন্ত্রস্ত হয়ে তাদের ঘরবাড়ী ছেড়ে আসতে বাধ্য হয়েছে। তাদের এতবড় একটা দাবী, জনসাধারণের এ নিয়ে এতবড় একটা আন্দোলন—অথচ সে সম্বন্ধে মাননীয়া রাজ্যপালিকার ভাষণে একটি কথারও উল্লেখ নাই।

তারপর, যে পরিমাণ জমি সরকারের হাতে আসার কথা ছিল জমিদারী বিলোপের পর, সেই জমি আসেনি এবং আসবেও না। যদি কৃষককে জমির মালিক না করা যায় তবে টিলার বা কৃষক অধিক ফসল ফলাতে উৎসাহিত হবে না এবং তার আরো একটা কারণ রয়েছে যে ফসল ফলবে তার ভাগ নেবে যে পরিশ্রম করবে না, এই ব্যবস্থাও তার একটা অন্যতম কারণ। কাজেই যতক্ষণ পর্যন্ত না কৃষক জমির মালিক হচ্ছে তার আগে এই দেশে খাদ্যোৎপাদন বাড়ান সম্ভব নয়। কাজেই আমরা সমস্ত দল এই খাদ্য সমস্যা দলীয় স্বার্থের ঊর্ধে রেখে সরকারের সঙ্গে সহযোগিতা করতে চাই। আমার পূর্বে বিরোধীপক্ষের যে দুইজন নেতা বলেছেন তারা কোন ডগমেটিক কথা বলেন নি, তাঁরা সম্পূর্ণভাবে কনস্ট্রাকটিভ সাজেসান দিয়েছেন। সেগুলি যদি সরকার গ্রহণ করেন এবং আমরা সকলপক্ষ এই ব্যাপারে একসঙ্গে মিলে যদি সহযোগিতা করি তাহলে নিশ্চয়ই দেশের কল্যাণ হবে সে বিষয়ে কোন সন্দেহ নাই, কিন্তু সরকারী নীতি সম্পূর্ণ বিপরীত, তাঁরা অর্থাৎ সরকার কিছুই করতে চান না।

কাজেই আমরা এই খাদ্য সমস্যাকে সমস্ত দলের ঊর্ধে রেখে, আমরা সরকারের সঙ্গে সহ-যোগিতা করতে চাই। আমার পূর্বে বিরোধী দলের যে দুইজন নেতা বলেছেন, তাঁরা কোন ডগমেটিক কথা বলেন নি, তাঁরা কনস্ট্রাকটিভ সাজেশন হিসাবে বলেছেন। সেগুলি যদি সরকার গ্রহণ করেন এবং আমাদের সঙ্গে সহযোগিতা করে যদি এক সঙ্গে কাজ করেন তাহলে নিশ্চয়ই তার দ্বারা দেশের কল্যাণ হবে সে বিষয় কোন সন্দেহ নেই। কিন্তু সরকারের নীতি সম্পূর্ণ বিপরিত। সরকার সে বিষয় কিছুই করতে চান না।

তারপর ছাত্রদের বেতন বৃদ্ধি সম্বন্ধে, মুখ্যমন্ত্রী মহাশয় নিজে স্বীকার করেছেন যে, বর্তমানে কলেজের ছাত্রদের মাইনে বাড়ান ঠিক হয়নি। যিনি রাজ্যের মুখ্যমন্ত্রী, তিনি যদি কেবল এই কথা বলে তাঁর কর্তব্য শেষ করেন, সেটা অত্যন্ত পরিতাপের বিষয়। এর পূর্বে ছাত্ররা তাদের দাবী নিয়ে এক বিরাট আন্দোলন করে এগিয়ে গিয়েছিল এবং সেই আন্দোলনে, তাদের যে দাবী ছিল সেটা সরকার স্বীকার করতে বাধ্য হয়েছিলেন। আজকে যখন ছাত্ররা তাদের দাবী নিয়ে এ্যাসেম্বলীর সামনে এসেছে মুখ্যমন্ত্রীর কর্তব্য হচ্ছে—যদি তিনি মনে করেন যে এই মাইনে বাড়ানটা সম্পূর্ণ অসঙ্গত, তাহলে নিশ্চয়ই এমন ব্যবস্থা অবলম্বন করা উচিত যাতে কলেজে ছাত্রদের মাইনে না বাড়ে। বাস্তবিক আজকের দিনে মধ্যবিত্ত সাধারণের আর্থিক অবস্থা শোচনীয়, এবং জিনিসপত্রের দাম অত্যন্ত বেড়ে গিয়েছে, তার উপর যদি ছাত্রদের মাইনে বাড়ান হয়, তাহলে অভিভাবকদের পক্ষে সেই অর্থ দেওয়া সম্ভব নয়। কাজেই আমি বলবো মুখ্যমন্ত্রী মহাশয়কে, এমন ব্যবস্থা নিশ্চয়ই গ্রহণ করতে হবে যাতে করে ছাত্রদের কলেজের মাইনে না বাড়ে, তার ব্যবস্থা করা।

তারপর আপনারা জানেন হাসপাতালের কর্মচারীরা যে সামান্য মাইনে পায়, তা দিয়ে তাদের জীবনযাত্রা চালান অসম্ভব। বহুদিন ধরে তারা তাদের বেতন বৃদ্ধির দাবী নিয়ে আন্দোলন করে আসছে। তাদের সেই বেতন বৃদ্ধির দাবী নিয়ে গত দুবছর ধরে সরকারের কাছে বহুবার আবেদন-নিবেদন করেছে। কিন্তু এ পর্যন্ত সরকার সে দিকে কোন নজর দেননি। তাঁরা কালকে বাধ্য হয়ে, শোভাযাত্রা করে এসেছিল সরকারের কাছে, এ্যাসেম্বলীর কাছে তাদের দুঃখের কথা জানাতে। মুখ্যমন্ত্রী মহাশয় তাদের ভয় দেখিয়েছেন। যারা তাদের সঙ্গত দাবী নিয়ে এখানে উপস্থিত হয়েছিল, তারা এই ধরনের হুমকিতে ভীত নয়। তারা ভয় পায় না, তাদের ন্যায্য দাবীর পিছনে তারা নিশ্চয়ই দাঁড়াবে।

রুগীদের, পেসেন্টদের সেবা করা কর্তব্য, এই বলে গরীব [illegible] উপর দায়িত্ব চাপিয়ে দেওয়া হয়। কিন্তু কেবল তাদের উপর এই দায়িত্ব চাপিয়ে দিলেই গভর্নমেন্টের কর্তব্য শেষ হবে না। সেখানে মুখ্যমন্ত্রী মহাশয়ের কর্তব্য রয়েছে—তাঁর দেখা উচিত, বিবেচনা করা উচিত

যে কি কারণে তারা তাদের দাবী নিয়ে এগিয়ে আসে এবং তারা বিপদের সামনে হাজির হয়। সেইজন্য আমি বলবো মুখ্যমন্ত্রী মহাশয় যেন যথা সত্বর চেষ্টা করেন, ৩১শে মার্চ নয়, তার আগেই যেন চেষ্টা করেন।

এক্ষেত্রে ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট এ্যাক্ট কখনও প্রয়োগ করা উচিত ছিল না, কিন্তু তা তাঁরা এখানে প্রয়োগ করেছেন।

[At this stage the honourable member having reached his time limit resumed his seat.]

[6—6-10 p.m.]

Sjta. Labanya Prova Ghosh:

মাননীয় রাজ্যপালের ভাষণের প্রতি প্রশংসাসূচক প্রস্তাব উত্থাপন করা হয়েছে। কিন্তু তাঁর ভাষণে দেশের বাস্তব পরিস্থিতির রূপ যথাযথভাবে পরিস্ফুট না হওয়ায় এবং প্রদেশিক শাসনের অযোগ্যতার বিভিন্ন দিক অনুধাবন করে যে প্রতিকার ব্যবস্থার নির্দেশ তাঁর কাছ থেকে আসা উচিত ছিল তা না থাকায় এই প্রশংসাসূচক প্রস্তাবটি সমর্থনে আমি অসমর্থ হচ্ছি।

মাননীয় রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন, তা যেমন আশাহীন গতানুগতিক আবৃত্তির নিদর্শন-রূপে প্রতিভাত হয়েছে তেমনি তা' বর্তমান প্রাদেশিক শাসনের দৈন্য ও অযোগ্যতাকে মূর্ত করে তুলেছে জীবনের বিভিন্ন বিভাগে তাঁর সরকার কত কাজ করেছেন তথ্য পরিসংখ্যান দিয়ে তা' তিনি দেখাতে বহু প্রয়াস করেছেন কিন্তু এই বহু কাজের তালিকা এবং তথ্য পরিসংখ্যানই তাঁর সরকারের অসামর্থ্যের নজীররূপে আজ অভ্রভেদী মাথা তুলে দেখা দিয়েছে।

দুর্দশাগ্রস্ত দেশের নিগৃহীত শোষিত বাঞ্ছিত জনগণের জরুরী চাহিদা কি তা আজ দেশের লোকের মনে সুস্পষ্ট হয়ে উঠছে।

এই চাহিদা মেটাবার দায়িত্ব নিয়ে যে সরকার অগ্রসর হয়েছেন তাঁর যোগ্যতা, সদিচ্ছা ও পরিকল্পনার শক্তি কি পরিমাণ থাকলে এই দায়িত্ব পালনের শক্তি কি সময় পর্যায়ে কোন্ গতিতে কতটা সাফল্যের পথে অগ্রসর হতে পারে তার ধারণাও আজ দেশের মনে ব্যাপকভাবে দেখা দিয়েছে।

যিনি পরিচালনায় অসমর্থ তিনি অবিরতই প্রতিকূল অবস্থার দোহাই দিয়ে থাকেন। যোগ্যতার শক্তির পরিচয় অন্যরূপ। পৃথিবীতে এর নজিরও অনেক ঘটেছে।

সমস্যা মথিত এই পৃথিবীতে বহু ভয়াবহ প্রতিকূল অবস্থার মধ্য দিয়ে পৃথিবীর অন্যান্য দেশের সুযোগ্য সরকারের নিজেদের অপরিমেয় উদ্যম ও অভাবনীয় শক্তিতে কিরূপ দ্রুতগতিতে সাফল্যের পথে অগ্রসর হয়ে চলেছেন তার বিস্ময়কর ইতিহাসও আজ আমাদের সকলেরই সামনে উদ্ঘাটিত হয়েছে।

অগ্রগতির পথে এই সব বিরাট সাফল্যের বলিষ্ঠ জীবন্ত তথ্য পরিসংখ্যানের মাপকাঠি দিয়ে, আমরা যখন মাননীয়া রাজ্যপালের প্রদত্ত পরিসংখ্যানগুলি বিচার করে দেখছি, তখন দেখছি এগুলি যেমন নির্জীব, আশাহীন, চিন্তাহীন, ও যোগ্যতাহীন শাসন জীবনের অবাধ অব্যবস্থার পরিচায়ক, তেমনি এগুলি এই দরিদ্র দেশের বিপুল পরিমাণ অর্থ অপব্যয়ের বিনিময়ে শাসক-কুলের অসামর্থ্য ঢাকবার ব্যর্থ কৈফিয়ৎরূপেই দেখা দিয়েছে মাত্র।

মাননীয়া রাজ্যপালের ভাষণে আমরা জাতীয় জীবনের বহু দিকের বহুবিধ কাজের অজস্র তথ্য পরিসংখ্যান দেখছি।

হিসাবের এই বহুমুখীন তথ্য পরিসংখ্যানই শাসন-জীবনে কাজের দৃষ্টির অভাব ও যোগ্যতার অভাবই সূচিত করেছে।

অন্যান্য দেশের সুযোগ্য পরিচালকেরাও একসঙ্গে এত কাজ হাতে নেবার সাহস ও সমীচীনতা বোধ করেন নি। দেশের অতি জরুরী কাজগুলিকে বাস্তব ক্ষেত্রে অগ্রাধিকার দিয়ে, একটার পর একটা বলিষ্ঠ ভিত্তিভূমি রচনা করে দ্রুত অগ্রগতির পথে তাঁরা এগিয়ে চলেছেন। আর আমাদের সরকারের কাজের দৃষ্টি, সদিচ্ছা বা সততা নেই আসন বজায় রাখবার জন্যে, জনসাধারণকে বিভ্রান্ত করার জন্যে, অপরের দেখে বহুবিধ কাজের অভিনয় করা হচ্ছে মাত্র। এবং তার ফল

হচ্ছে বিভ্রান্তি, ব্যর্থতা, বিপর্যয় ও বিশৃঙ্খলা এবং জনগণের জীবনে আত্ম-অবিশ্বাস ও নৈরাশ্য। এবং তাকে ঢাকবার জন্যে ব্যর্থ প্রয়াসরূপে মাননীয়া রাজ্যপালের এই ভাষণ। যার অবদান হচ্ছে শুষ্ক, নির্জীব, শূন্যগর্ভ এই তথ্য পরিসংখ্যানের সমষ্ঠিজাল যার সত্যকার পরিচয় নেই আমাদের বাস্তব জীবনে। এদিকে বাস্তব জীবনে আমাদের দৈন্য দশা আরো দীনতর, আরো বিভ্রান্তিময়, আরো অবনত ও বিশৃঙ্খলাপূর্ণ হয়ে উঠছে। মাননীয়া রাজ্যপালের সরকারের কাছে আমাদের নিবেদন এই যে, তথ্য পরিসংখ্যানের বহুমুখী হিসাব আপনারা দাখিল করতে পারেন, কিন্তু সেই হিসাব দেশের চাহিদার তুলনায় যেমন নিতান্ত অকিঞ্চিতকর ও ব্যর্থ, তেমনি বাস্তব জীবনের পক্ষে তা ভিত্তিহীন এবং অসত্য—এই সত্যের উপলব্ধি যেন তাঁদের হয়। সরকারী তথ্য পরিসংখ্যান পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রভৃতির কাজ আজ অনাবিল ফাঁকির ধারাতেই প্রবাহিত হয়ে চলেছে। কুয়া হয়েছে জল নেই, বাঁধ হয়েছে নামমাত্র, জলাধার নেই, স্কুল হয়েছে সরকারী খাতায় স্কুলের অস্তিত্ব নেই; রিলিফ দেওয়া হয়েছে কাগজে কলমে আর্তমানুষে তা পায়নি।

এইভাবে জনগণের ভান্ডার ও সরকারী কাজ—অবাধ অপচয় ও লুণ্ঠনের পথে অধিকাংশ নিঃশেষ হয়ে গেছে।

ওদিকে জীবনের ক্ষেত্রে গঠনের কোনো চিহ্ন নেই কেবল অযোগ্যতা অসামর্থ্য স্তূপীকৃত হয়ে উঠেছে দিকে দিকে।

এত জ্বলন্ত জাগ্রত প্রমাণ অলঙ্ঘ্যনীয় হয়ে দাঁড়িয়ে আছে আমাদের জীবনে। যাদের সাহস আছে যাচাই করার জন্যে তাদের প্রতি আহ্বানও আজ জাগ্রত হয়ে রয়েছে। বিদেশীর উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত আমলাতান্ত্রিক ধারাতেই আজও শাসনের কাজ চলেছে আসলে এর নামই পরাধীনতা। দেশের দুর্গততম অরণ্যের মানুষও আজ আত্মশাসনের অধিকারের অংশ পাবে, আত্মচেতনায় স্বাবলম্বনের দায়িত্ববোধে, দেশের সম্পদ গঠনের কাজে অংশ গ্রহণ করবে এই ধারাতেই স্বরাজ এবং সাফল্য রয়েছে। কিন্তু আমাদের বর্তমান শাসনধারা এর থেকে আজ বহু দূরে। শাসন যেমন আজও বিকেন্দ্রিত ধারায় গঠিত হয় নি তেমনি দেশের পরিকল্পনার কাজে কোটি কোটি মানুষের শক্তিও আজ আদৌ নিয়োজিত হয়নি। এর চেয়ে জাতীয় জীবনে ব্যর্থতা আর কি হতে পারে। বাস্তব সত্য আজ এই যে, দেশের বর্তমান শাসন শক্তি আজ দেশের আত্মশক্তি গঠনের কাজে নিয়োজিত নয়। শাসনের সাফল্য বিষয়ে পরাজিত মুষ্ঠিমেয় এক গোষ্ঠীকে আসনে প্রতিষ্ঠিত রাখবার জন্যেই শাসনের সমস্ত শক্তি আজ নিয়োজিত। তারই প্রয়োজনে আজ সরকারী অর্থের অপচয় ঘটছে এবং কুশাসনের বিরোধী শক্তিগুলিকে শাসন সুযোগে দলিত করার ব্যবস্থা চলেছে। মাননীয়া রাজ্যপাল বলেছেন কৃষিই আমাদের আর্থিক ব্যবস্থার মূলে সেজন্য আমার সরকার একেই সর্বোচ্চ অগ্রাধিকার দিয়েছেন। এর থেকে আমাদের ধারণা হয়েছে আমাদের দেশের কৃষিকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়ার বাস্তব রূপ কি হতে পারে তা এঁদের ধারণাতেই নেই। আকাশ নির্ভর সেচ ব্যবস্থা বিহীন কৃষিই আজ ভারতবর্ষে সমস্ত অগ্রগতির প্রতিবন্ধক এবং সমস্ত অর্থনৈতিক সমস্যার মধ্যে সর্বপ্রধান। দু'একটা পঞ্চবার্ষিকীতে আমাদের দেশের পরিকল্পনার সমস্ত অর্থ সমস্ত শক্তি দেশের ব্যাপক সেচ ব্যবস্থার জন্যই ব্যয়িত করা উচিত ছিল। লক্ষ লক্ষ ক্ষুদ্র সার্থক সেচ পরিকল্পনার মধ্য দিয়ে দেশের কোটি কোটি মানুষের শ্রম শক্তি আজ সারা বৎসর কর্মে যুক্ত হতে পারতো। কিন্তু আজ অজস্র রকমের নূতন পরিকল্পনার জাল সৃষ্টি ক'রে তার মধ্যে, কৃষিকে অন্যতমের একটা বিষয়রূপে খাড়া ক'রে কোনো দিকেই আমরা কিছুই করতে পারি নি। একাগ্রমুখী সেচ ও কৃষিকে ভিত্তি করে কৃষি সহায়ক সমবায়কে ও কৃষিসহযোগী কুটিরশিল্পকে যে স্থান ও গতি দেওয়া উচিত ছিল তারও আজ কিছুই করা হয় নি। তার ফল এই হয়েছে যে, বছরের পর বছর পঞ্চবার্ষিকীর বিরাট অপব্যয় হয়ে চলেছে আমরা আদৌ এগুতে পারিনি। বেকার সমস্যা ও ব্যাপক অনাহার ক্রমবর্ধমান গতিতেই আজ এগিয়ে চলেছে।

সঙ্কটজনক খাদ্য পরিস্থিতিও তাই নিত্যকার ভয়াবহ সমস্যা হয়েই রয়েছে। আমরা আহার্যের জন্যে বিদেশে ভিক্ষা করতেও যাচ্ছি; খাদ্য সঙ্কট নিবারণে আইন কানুনের নিত্য বেড়াজালও সৃষ্টি করছি, অথচ অপরদিকে ভয়াবহ অনটন, অবাধ চোরাকারবার, মুনাফা শিকার, মূল্য বৃদ্ধি ও খাদ্য গোপন প্রভৃতির কাজ অব্যাহত ধারাতেই চলেছে। তবুও কিন্তু সত্যকে স্বীকার করা

হয়নি। এর কারণ এই যে এই সব শ্রেণীর সঙ্গেই আজ সরকারের বন্ধুত্বের সম্বন্ধ ছুটেছে। দুঃখের হলেও তা আজ না বলে উপায় নেই। অবিসংবাদিতরূপে এর প্রমাণ ঘটেছে পরিষ্কার-ভাবে। কিন্তু এর প্রতিকার কিছুই হয়নি। মাননীয়া রাজ্যপাল এ বিষয়ে নীরব থেকে দেশের শাসন জীবনের প্রতি অবিচার এবং ক্ষতিসাধনই করেছেন তা বলতে আমি বাধ্য হচ্ছি। মাননীয়া রাজ্যপাল উদ্বাস্তুদের প্রসঙ্গে বলেছেন সীমান্তের অপর পার্শ্ব থেকে যারা নিজেদের কোন দোষ না থাকা সত্ত্বেও চলে আসতে বাধ্য হচ্ছে তাদের প্রতি সহানুভূতিতে অন্ধ হলে চলবে না। এর অর্থ এই যে, তাদের জন্য আমাদের এখানে স্থান নেই। একথা তাঁর ভাষণে আশা করছি। কংগ্রেস নেতৃত্বই আজ ঐসব মানুষকে ভয়াবহ জীবন পরিবেশে বাধ্য করেছে। সেখানে বসবাস তাদের অসহনীয় হলে তাদের জন্য দায়িত্ববোধ এবং হস্ত প্রসারিত রাখতে আজ আমাদের সরকার বাধ্য। সমগ্র ভারতেরই এই দায়িত্ব এর জন্য আজ যোগ্যতার সঙ্গে বলিষ্ঠ ব্যবস্থা আমাদের রাখতেই হবে এবং তাদের প্রতি দৃঢ় আশ্বাসও জানাতে হবে। কিন্তু আমাদের নেতৃশক্তি অপরের বিপদের মূল্যে নিজেদের নেতৃত্ব বহন করেন এবং দায়িত্ব এসে পড়লে কথার চাতুরী দিয়ে তাকে এড়ানোর উপায় আবিষ্কার করেন। এই দুর্বল নেতৃত্বই আজ দেশের জীবনে বিঘ্ন ঘটিয়েছে। মাননীয়া রাজ্যপালের তা সমর্থন করা আদৌ উচিত হয়নি। এই সূত্রে বলি বেরুবাড়ী সম্পর্কে নীরব থাকাও মাননীয়া রাজ্যপালের উচিত হয় নি। পশ্চিমবঙ্গের বিধান-মন্ডলীর সামনে আজ প্রশ্ন এই যে, কেন্দ্রীয় সরকারের সংবিধান বিরোধী কাজের সঙ্গে তাকে যুক্ত হতে হবে এবং না হলে অপমানিত হতে হবে, অথবা তাকে, সংবিধানের তথা ভারতীয় জনগণের মর্যাদা ও অধিকার রক্ষায় তার কর্তব্য পালন করে চলতে হবে। সময়োচিত এই গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয়া রাজ্যপালের কাছ থেকে কোনো অভিমত না দেখে দুঃখ বোধ করছি।

বর্তমান সরকারের দৃষ্টিভঙ্গী কর্মধারণা ও কাজের ধারা অনুসারেই দেশের শিক্ষা ব্যবস্থায় বিভ্রান্তি, পল্লী শাসন প্রতিষ্ঠায় অসামর্থ্য অনুন্নত শ্রেণীসমূহের উন্নতি ব্যবস্থা প্রভৃতি সকল বিষয়ে অযোগ্যতা স্বাভাবিকভাবেই দেখা দিয়েছে।

এই সব বিষয়ে শাসনের সাধারণ যোগ্য ব্যবস্থা করাও এই সরকারের দ্বারা সম্ভব হয় নি।

সেজন্য আমরা মাননীয়া রাজ্যপালের ভাষণের প্রতি প্রশংসাসূচক প্রস্তাব সমর্থন করতে অসমর্থ হচ্ছি।

[6-10—6-30 p.m.]

Sj. Bijoylal Chattopadhyay:

সভাপাল মহাশয়, রাজ্যপালিকার সুন্দর বক্তৃতাকে সমর্থন করতে উঠে যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে, সে প্রস্তাব সমর্থন করতে উঠে দু'একটি কথা বলতে চাই। আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা এই বক্তৃতার যে সমালোচনা করেছেন আমি সেই সমালোচনা খুব মনোযোগের সঙ্গে শুনেছি। এতে আমরা উপকৃত হয়েছি ছাড়া ক্ষতিগ্রস্ত হয়েছি—এমন কথা বলতে পারিনে। কারণ বিখ্যাত মনীষী এমার্সন বন্ধুর একটা চমৎকার সংজ্ঞা দিয়েছেন। তিনি বলেছেন
A friend is a beautiful enemy.
আসলে যে বন্ধু তাকে বাইরে থেকে দেখলে শত্রু বলে মনে হয় তবে সেই শত্রু খুব সুন্দর, কারণ সে আমাদের দোষ ত্রুটি দেখিয়ে দেয়। আমি কখনো এমন কথা বলবো না যে কংগ্রেস গভর্নমেন্ট আমাদের "সব-পেয়েছির দেশে" পৌঁছে দিয়েছে, আমরা যা কিছু পাবার পেয়ে গিয়েছি এবং আমাদের আর কিছু করবার নাই। আমি জানি স্বরাজের পথে আমরা অনেক দূর অগ্রসর হয়েছি বটে কিন্তু তাঁর মন্দির-প্রাঙ্গণে উপস্থিত হবার জন্য আমাদের সুদীর্ঘ পথ অতিক্রম করতে হবে। অনেকদিন আগে গান্ধীজী বলেছিলেন তাঁর
Constructive programme
বইতেঃ
The road to Swaraj is stiff and narrow.
স্বরাজের যে গৌরীশৃঙ্গ তাতে পৌঁছাবার পথ খবই দুর্গম।
There are many slippery ascents and many deep chasms.
অনেক উতরাই, অনেক খাদকে অতিক্রম করতে যদি আমরা পারি তাহলেই সেই স্বরাজের আলো-কলমল গৌরীশৃঙ্গে পৌঁছুতে পারবো।

They have all to be negotiated with unfaltering steps before we can reach the summit and breathe the fresh air of freedom.

এই বহু উতরাই এবং বহু চড়াই অতিক্রম করে একদিন আমরা পৌঁছুতে পারবো স্বরাজের সেই গিরিশিখরে যেখানে স্বাধীনতার নির্মল বায়ু প্রবাহ।

সুতরাং আমরা খুব ভাল করে জানি যে, স্বরাজ আমাদের যেটা নাকি স্বপ্নের স্বরাজ—সেখানে পৌঁছানো—সে এই শেয়ালদা স্টেশনে রেলে চাপলাম আর বোম্বাই স্টেশনে পৌঁছে গিয়ে নেমে পড়লাম—এই রকম একটা সমতল ভূমির উপর দিয়ে—সুখের যাত্রা নয়। সে হচ্ছে তেনজিং হিলারির দুর্গম পার্বত্য পথে যাত্রা—অনেক গিরি-গহ্বর অনেক উত্তুঙ্গ পর্বতশ্রেণী অতিক্রম করে তবে সে জায়গায় পৌঁছাতে পারা যায়।

ডাঃ ঘোষ এবং জ্যোতিবাবু—এঁরা খুব ভাল করেই জানেন যে, আমাদের দেশের জনসাধারণ কি অবস্থার মধ্যে পড়ে আছে, কি রকম জড়তায় তারা পঙ্গু। তাদের সেই জড়তা ভেঙে উৎসাহে তাদের উদ্দীপ্ত করা কত কঠিন ডাঃ ঘোষ তা ভাল করেই জানেন—আমি যতখানি জানি তার চেয়ে ভাল করে জানেন, এবং আমি জানি জ্যোতি বসু ও হেমন্ত বসু মহাশয় যাঁরা নাকি জনসাধারণকে নিয়ে কারবার করেন এবং জনসাধারণের আন্দোলন পরিচালনা করেন তাঁরাও ভাল করেই জানেন গভর্নমেন্টের সমালোচনা করা যত সহজ একটা সমগ্র দেশকে কল্যাণের পথে এগিয়ে নিয়ে ঈপ্সিত লক্ষ্যে পেঁাছে দেওয়া তার তুলনায় অনেক কঠিন। সেইজন্য তাঁরা যখন আমাদের সমালোচনা করেন তখন তাঁদের উপর আমাদের কোন রাগ হয় না, কিছু দুঃখ হয়। দুঃখ হয় এই বলে যে তাঁরা শুধু সত্যের একটা অংশই লোকের সামনে উপস্থিত করেন; সত্যের যে আর একটা দিক আছে সেটা লোকের চোখের আড়াল করে রাখছেন। এই যে হাফ ট্রুথ—অর্ধ সত্য এ মিথ্যার চেয়েও খারাপ।

সভাপাল মহাশয়, আমি খুব ভাল করেই জানি—এঁরা যে সব কথা বলেছেন তার মধ্যে অনেক কথা সত্য। আমরা জানি আমাদের দেশে এখনো এমন রাস্তা বহু রয়েছে গ্রামে গ্রামে যা দুর্গম হয়ে আছে; আমরা জানি আমাদের দেশে এখনো বহু লোক নিরক্ষর রয়েছে; আমরা জানি আমাদের দেশে একদল মানুষ ঐশ্বর্যের গিরি-চূড়ায় বসে আছে এবং তাদের পাশাপাশি লক্ষ লক্ষ মানুষ দারিদ্র্যের জগদ্দল পাথরে নিষ্পেষিত হচ্ছে। এ দুয়ের মধ্যে বিস্তর ব্যবধান রয়েছে—একথা অস্বীকার করি না। আমরা বলি না যে ডাঃ ঘোষের অপটিক্যাল ইলিউসান আছে; আমরা তা মনে করি না যেহেতু আমরা চক্ষুষ্মান। আমরা পরিষ্কারই দেখতে পাচ্ছি—বহু বাধা অপসারণ করে আমাদের দীর্ঘ পথ অতিক্রম করতে হবে তবেই সে স্বপ্নের স্বরাজে পৌঁছতে পারব। আমার দুঃখ হয় এই ভেবে—যে গভর্নমেন্টের যত কিছু কাজ তার একটাকেও তাঁরা ভাল বলে বলতে পারেন না। ওঁরা যদি আমাদের নদীয়া জেলায় যান দেখতে পাবেন—আমাদের জেলার এক প্রান্ত থেকে আর এক প্রান্ত পর্যন্ত চলে গেছে কত সুন্দর সুন্দর রাজপথ।—ডাঃ ঘোষ যদি যান আমি তাঁকে সঙ্গে করে নিয়ে যাব এবং দেখাব—যে সব রাস্তা পূর্বে দুর্গম ছিল, যেখান দিয়ে গাড়ী যেতে পারত না এখন সেখান দিয়ে অসংখ্য মানুষ ও গাড়ী স্বচ্ছন্দে আসা-যাওয়া করছে। এ রকম দু' মাইল দশ মাইল নয়, শত সহস্র মাইল রাস্তার উন্নতিসাধন হয়েছে। ডাঃ ঘোষ যদি নদীয়ায় যান তাহলে দেখবেন—যেখানে কোন স্কুলের অস্তিত্ব ছিল না সেখানে আজ বিদ্যালয়ে বিদ্যালয়ে অসংখ্য ছেলেমেয়ে শিক্ষালাভ করছে। তা ছাড়া সেখানে যে সব শিক্ষা প্রতিষ্ঠান আছে সেখানে যদি তাঁদের নিয়ে যাওয়া যায় তাহলে দেখতে পাবেন ৫ বছর আগে যেখানে কোন রকম লাইব্রেরী ছিল না আজ সেখানে কত আঞ্চলিক লাইব্রেরী হয়েছে—যার ফলে বহু যুগের তমসাচ্ছন্ন গ্রামে গ্রামে আজ শরৎচন্দ্র, রবীন্দ্রনাথ, রামকৃষ্ণ ও বিবেকানন্দের চিন্তাধারা ছড়িয়ে যাচ্ছে। এবং তাঁরা দেখতে পাবেন গ্রামের বহু লোক সেই সব লাইব্রেরীর মেম্বার হয়ে গেছে এবং বহু রকমের বই পড়ে জ্ঞানলাভ করছে। এইভাবে গ্রামে গ্রামে জ্ঞানের আলোক প্রবেশ করেছে। এ সব দেখেও যদি বলেন কিছুই হয় নাই—তাহলে বলব অপটিক্যাল ইলিউসান আমাদের নয়, এ সব অস্বীকার করেন যাঁরা তাদেরই। যেমন চোখে যখন কারো ন্যাবা হয় তখন সবই সে হলদে দেখে। রাজ্যপালের বক্তৃতার উপর মন্তব্য করতে গিয়ে তিনি বলেছেন—শেষের দিকটায় কিছু উচ্ছ্বাস হয়ে গেছে। আমি তাঁকে বলব—আগে, নিজের চোখ কান ভাল আছে কিনা সেইটে ভাল করে দেখা উচিত। তাকে জিজ্ঞাসা করছি এই যে হাজার হাজার মাইল রাস্তা করা

হয়েছে—এ কি মায়া? এই যে শত শত স্কুলে ছাত্রছাত্রীরা লেখাপড়া শিখছে এ কি মায়া? এই যে এতগুলি লাইব্রেরী হয়েছে এ কি মায়া? ওঁরা মায়া বলতে পারেন কিন্তু আমরা কখনো একে মায়া বলব না।

কমিউনিস্ট পার্টির বন্ধুরা সর্বহারাদের জন্য বহু অশ্রু বর্ষণ করেছেন। আমার তো মাঝে মাঝে মনে হয়, এ কি মানবাশ্রু না কুম্ভীরাশ্রু? জ্যোতিবাবু এবং তাঁর বন্ধুরা যদি বাস্তবিকই মনে করে থাকেন যে দেশের দরিদ্রদের জন্য কিছু করা উচিত তাহলে আমি বলি, এই যে এদেশের গ্রামে গ্রামে হাজার হাজার দরিদ্র মেয়ে চরকায় সুতা কেটে কায়ক্লেশে তাদের জীবিকার সংস্থান করছে—কেন তাদের সুতায় তৈরী খদ্দর তাঁরা পরেন না? তাহলে মিলের কাপড় কেন তাঁরা পরেন? মিলের কাপড় তো ধনবান মিল-মালিকদের দ্বারা প্রতিষ্ঠিত ও পরিচালিত মিল থেকেই উৎপন্ন হয়। মিলের কাপড় পরা মানে—গ্রামের টাকা শহরের কলওয়ালাদের কাছে পৌঁছে দেওয়া, কলওয়ালাদের নীতিকে সমর্থন করা। মিলের কাপড় পরা মানে ক্যাপিটালিস্ট মেন্টালিটি নিয়ে থাকা। খদ্দর পরা মানে সর্বহারাদের সাহায্য করা। কিন্তু মিলের কাপড় পরলে কাদের বেশী সাহায্য করা হয় সেটা বুকে হাত দিয়ে বলুন তাঁরা আমরা শুনেছি—
The way to hill is proverbially paved with good intentions.

আমরা জানি, ৪ টাকায়ই একখানা মিলের কাপড় যেখানে পাওয়া যায় সেখানে ৮ টাকা দিয়ে এক এক খানা খদ্দর কিনে আমাদের পরতে হয়। কারণ আমরা জানি ঐ বেশী টাকা দিয়ে খদ্দর পরলে সে টাকাটা গরীব লোকদের হাতে যাবে। এবং আমরা এও জানি পৃথিবীতে এমন মেরুদণ্ডহীন স্বপ্নবিলাসী বহু লোক আছে যারা শুধু স্বপ্ন দেখে, শুধু অশ্রু বর্ষণ করে, পুরুষোচিত কাজের মতো কাজ সারা জীবনে একটাও করে না। আমি আমাদের কমিউনিস্ট পার্টির বন্ধুদের এই কথাটা নিবেদন করতে চাই গ্রামবাসীদের জন্য আজকে যে তাঁদের কান্নার সাগর উথলে উঠেছে, সর্বহারাদের জন্য তাঁদের এই দরদ যদি সত্যিই আন্তরিক হয় তাহলে গ্রামের দরিদ্র মেয়েরা এবং নিঃস্ব প্রায় তাঁতিরা যে জিনিস তৈরী করে—তা ব্যবহার করতে হবে। শহরের কোন জিনিস ব্যবহার করা চলবে না তা নয়; আমি বলছি না একথা যে শহরের কোন জিনিস ব্যবহার করব না, কিন্তু একথা মনে রাখতে হবে যে আমাদের ভারতবর্ষ হচ্ছে লক্ষ লক্ষ গ্রাম নিয়ে।

সেই ভারতবর্ষের উন্নতি যদি আমরা করতে চাই তাহলে সর্বপ্রকারে আমাদের চেষ্টা করতে হবে গ্রামের মেয়ে এবং পুরুষদের তৈরী জিনিস যাতে আমরা নিষ্ঠুর সঙ্গে ব্যবহার করি। তখনই বুঝব যে গ্রামের প্রতি, গরীবদের প্রতি আমাদের দরদ আছে। সভাপাল মহাশয়, আমি আর একটি কথা শুধু বলতে চাই যে কেবল বিরুদ্ধ সমালোচনা করে দেশকে জাগান যায় না। জাতির উন্নতি নির্ভর করছে বিশেষভাবে জনসাধারণের ভেতরে যে উৎসাহ উদ্দীপনা হয়েছে তাকে জাগানোর উপরে। বহুকাল আগে মহাত্মা গান্ধী বলেছিলেন স্বরাজের প্রসঙ্গেঃ
It has to be built up brick by brick by corporate self-effort.
আমরা যদি মনে করে থাকি যে এই স্বরাজ দিল্লীর গভর্নমেন্ট, জহরলাল নেহেরু বা কংগ্রেস গ্রামে গ্রামে লোকের হাতে এনে দেবে তাহলে আমরা ভুল করব। স্বরাজ যদি আমাদের পেতে হয় তাহলে
by our corporate self-effort
পেতে হবে। আমাদের সমবেত আত্মপ্রচেষ্টার দ্বারা স্বরাজের গগনস্পর্শী মন্দির গড়ে তুলতে হবে। একে শোভাযাত্রা চালিয়ে অথবা শ্লোগান দিয়ে কোনকালে গড়া যাবে না। সেজন্য গভর্নমেন্টের নিন্দার দিকে বেশী জোর না দিয়ে বা গভর্নমেন্ট কি করল না করল তার উপর বেশী জোর না দিয়ে গ্রামে গ্রামে যে নিদ্রিত গণদেবতা রয়েছে তাকে আজ জাগান দরকার। দেশে যে অন্ন, বস্ত্র, শিক্ষার সমস্যা রয়েছে সেই সমস্যাগুলি কোন পার্টিগত সমস্যা নয়। এখন আমাদের সকলকে হাতের সঙ্গে হাত মিলিয়ে বৃটিশ সাম্রাজ্যবাদের ভগ্নস্তূপের উপর নূতন সমাজ গড়তে হবে—যে সমাজের ভিত্তি সাম্যে, স্বাধীনতায়, সৌভ্রাত্রে। লক্ষ লক্ষ গ্রামকে কেমন করে আমরা গড়তে পারব, লক্ষ লক্ষ মানুষের মধ্যে কি করে প্রাণের স্পন্দন দেখাতে পারব, কি করে তাদের মধ্যে আবার উৎসাহ উদ্দীপনা আনতে পারব, গীতার ভাষায় তাদের মধ্যে ধৃতি ও উৎসাহ কি করে আবার আনতে পারব, হাজার হাজার বৎসর ধরে যে জাতি মোহনিদ্রায় ঘুমিয়ে রয়েছে তাদের আবার কি করে জাগ্রত করতে পারব, সেই দিকেই আমাদের সমস্ত কর্মধারা প্রধাবিত হওয়া

উচিত। আমি একথা বলতে চাই না ডাঃ ঘোষ, হেমন্ত বসু এবং জ্যোতি বসু মহাশয়রা খালি আর্ম চেয়ার পোলিটিশিয়ান। তাঁরাও বহু লোকের হৃদয় জয় করতে পেরেছেন বলেই তো এখানে এসেছেন। সুতরাং তাঁরাও একথা ভাল করে জানেন যে, জনসাধারণের মধ্যে উৎসাহ, উদ্দীপনা জাগান কি কঠিন এবং কি আয়াসসাধ্য ব্যাপার। এই উৎসাহ যাতে আমরা জাগাতে পারি তার জন্য উচিৎ হচ্ছে আমাদের সকলকে একসঙ্গে হাত মিলিয়ে চলতে হবে। সমালোচনা করার চেয়ে জনসাধারণের মনে আশা ও উদ্দীপনা জাগানই সবচেয়ে বড় কাজ। সভাপাল মহাশয়, আমি আপনাকে ধন্যবাদ দিচ্ছি যে আপনি আমাকে বলবার জন্য এতক্ষণ সময় দিয়াছেন। আমি পুনরায় রাজ্যপালিকা মহাশয়া যে বক্তৃতা দিয়েছেন সেই বক্তৃতাকে সমর্থন ও ধন্যবাদ জানিয়ে আমার বক্তৃতা শেষ করছি।

[6-30—6-40 p.m.]

Sj. Bhakta Chandra Roy:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালিকা যে ভাষণ দিয়েছেন, সেই ভাষণে তিনি তাঁর সরকারের কার্যকলাপ সম্বন্ধে এবং বাংলাদেশের বিভিন্ন সমস্যা সম্বন্ধে একটা চিত্র আমাদের কাছে রেখেছেন। আমি বাংলাদেশের নানা সমস্যার কথা বা তাঁর ভাষণের সমস্ত বিষয় সম্বন্ধে সমালোচনা করতে চাই না কারণ আমার সময় অল্প এবং আমার আগের বক্তারা তা বিশদভাবে আলোচনা করে গেছেন। আমি শুধু একটা বিষয়ের মধ্যে আমার আলোচনা সীমাবদ্ধ রাখবো। সে বিষয়ে রাজ্যপালিকা যে চিত্র এঁকেছেন তা বাস্তবের থেকে কত দূরে রয়েছে সেটা আমি আপনার কাছে উদ্ঘাটন করতে চাই। গ্রামাঞ্চলে সমবায়ের ভিত্তিতে কৃষি ব্যবস্থা প্রচলনের দ্বারা চাষীরা যে স্বতস্ফূর্তভাবে নিজেদের চাষের ব্যবস্থা করতে বলেছে সে বিষয়ে তাদের সাহায্য করার দিক থেকে গভর্নমেন্ট খুবই উদাসীন। আমার আগে গান্ধীবাদী বক্তা শ্রদ্ধেয় বিজয়বাবু বলে গেছেন যে আমাদের স্বরাজ দিল্লীর কোন গভর্নমেন্ট এনে দেবে না, বাংলাদেশের গভর্নমেন্ট এনে দেবে না, জনসাধারণ তাদের স্বতঃস্ফূর্ত চেষ্টার দ্বারা স্বরাজের পথে এগিয়ে যাবে কিন্তু আমি শ্রদ্ধেয় বিজয়বাবুকে বলবো যে স্বরাজের প্রথম ধারা ছিল ক্ষমতা নিজেদের হাতে গ্রহণ করা এবং জনসাধারণের সাহায্যে সেই ক্ষমতার সম্পূর্ণ সদ্ব্যবহার করে তার পরবর্তী ধাপে অর্থাৎ অর্থনৈতিক এবং সামাজিক উন্নততর পথে আমাদের এ বিষয়ে যেতে হবে কিন্তু সেই ক্ষমতা আমাদের দেশবাসীর হাতে আসার পর আমাদের সরকার কিভাবে সেই ক্ষমতার সদ্ব্যবহার করছেন সেকথা আমি বলবো, আমি আরও বলব যে সেই ক্ষমতার সদ্ব্যবহার করতে গিয়ে আমাদের সরকার পল্লী বাংলার জনসাধারণের উপর, বিশেষ করে সমাজের সর্ব নিম্ন স্তরের দুঃস্থ ব্যক্তি, সর্বহারা ব্যক্তি তাদের উপর অবিচার করেছেন, সুবিচার করতে পারেন নি। দৃষ্টান্তস্বরূপ বলব গত নাগপুর সেসনে বেশিদিনের কথা নয়—কংগ্রেসের ডাইরেকটিভ রয়েছে যে সমবায় প্রথায় আমাদের জয়েন্ট ফার্মিং গড়ে তুলতে হবে। আমি বলবো নিখিল ভারত কংগ্রেস কমিটির এই ডাইরেকটিভ আসার আগে, এই প্রস্তাব গৃহীত হওয়ার আগে আমাদের বর্ধমান জেলা বিভিন্ন জায়গায় চাষীরা তাদের চাষের উন্নতির জন্য সমবায় প্রথায় চাষ আরম্ভ করেছিল। আমাদের সার্দা ফার্মিং সোসাইটি তাদের আজকের কথা নয়, কংগ্রেসের প্রস্তাব গৃহীত হওয়ায় অন্ততঃ পাঁচ-সাত বছর পূর্বেকার প্রস্তাব কিন্তু আমি বলবো যে চাষীদের তরফ থেকে এই সমস্ত ফার্মিং সোসাইটির তরফ থেকে আমাদের চীফ মিনিস্টার—কো-অপারেটিভ মিনিস্টারের কাছে বারবার রিপ্রেজেন্টেশন করা সত্ত্বেও সরকার তাদের অসুবিধার কথা চিন্তা করেন নি। আমাদের রাজ্যপালিকা যদিও তাঁর ভাষণের মধ্যে কো-অপারেটিভের প্রগ্রেসের কথা উল্লেখ করেছেন কিন্তু সমস্ত ফার্মিং সোসাইটিগুলির প্রতিকূল অবস্থার কথা চিন্তা করা হয় নি এবং তাঁর ভাষণে এ সম্বন্ধে কোন নোট তিনি দেন নি। আমি একথা বলছি যে ছোট ছোট চাষী যারা ফার্মিং সোসাইটি গঠন করেছে তাদের ব্যক্তিগত ভূমির উপর কোন ইনকাম ট্যাক্স নেই কিন্তু সঙ্ঘবদ্ধ হওয়ার পরে ফার্মিং সোসাইটিগুলি বৃহৎ জোতদার হিসাবে এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্সের আওতায় এসে গেছে এবং ৮-১০ হাজার থেকে আরম্ভ করে এক লক্ষ টাকা পর্যন্ত ইনকাম ট্যাক্স তাদের উপর এ্যাসেসড হয়েছে। এ বিষয়ে বারবার অনুরোধ জানানো হয়েছে কিন্তু ট্যাক্স ফ্রী করা হয় নি। এই ব্যাপারটা এতদিন পর্যন্ত বিবেচনা না করে তাদের উপর অবিচার করা হয়েছে এবং গভর্নমেন্ট নতুন করে যে সমস্ত ফার্মিং সোসাইটি তৈরি করতে যাবেন সেই সমস্ত ফার্মিং সোসাইটিগুলি মিলিত হয়ে

প্রস্তাব পাশ করেছে যে তারা সমস্ত সোসাইটিগুলি ডিজল্ভ করে দেবেন এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্সের আওতা থেকে মুক্তি পাবার জন্য। আমি তাই বলবো যে কথা কংগ্রেস সরকার প্রচার করেছেন সেটা তাঁদের বাস্তব দৃষ্টিভঙ্গি নিয়ে বিচার করা প্রয়োজন। তাদের সর্বনিম্ন যে সাহায্য করার দরকার আছে সেটুকু পর্যন্ত সরকার করেন নি। ডাঃ রায় এ সম্বন্ধে রিপ্রেজেন্টেশনের উত্তরে কমিটমেন্ট দিয়েছিলেন যে বিবেচনা করা হবে কিন্তু আজ পর্যন্ত তা বিবেচনা করা হয় নি। যদি অবিলম্বে এই সমস্ত জিনিসগুলি বিবেচনা করা না হয় তাহলে এসমস্ত সোসাইটিগুলি ভেঙ্গে যাবে। গভর্নমেন্ট নতুন করে এই সমস্ত সোসাইটি তৈরি করার প্রস্তাব গ্রহণ করছেন। আমি তাই অত্যন্ত দুঃখের সঙ্গে বলছি যে উদার দৃষ্টিভঙ্গি নিয়ে এ সমস্ত জিনিসগুলি বিবেচনা করা হয় নি।

আজ যখন তারা নিজেদের স্বতঃস্ফূর্ত চেষ্টায় নিজেদের কৃষির উন্নতি করতে যাচ্ছে এবং সেই কৃষির উন্নতির দ্বারা একটা দেশের সামগ্রিক খাদ্যাবস্থার স্বাচ্ছন্দ্যবিধান করে চলেছে তখন তাদের এই প্রচেষ্টা জয়যুক্ত করবার জন্য গভর্নমেন্টের ব্যবস্থাবলম্বন করবার প্রয়োজন আছে। অন্য কিছু না বলে এবং গতানুগতিক কথার পুনরাবৃত্তি না করে আমার বক্তব্য কো-অপারেশন এর মধ্যে সীমাবদ্ধ রাখব। এখানে বলছেন,

the co-operative movement is playing a vital role in supplying rural credit to the agricultural sector.

এবং এই প্রসঙ্গে বলছেন যে, প্রতি বৎসর দুই কোটি টাকা এগ্রিকালচারাল ক্রেডিট সোসাইটির মারফত দেওয়া হচ্ছে। আমি বলব, এখানে গভর্নমেন্টের কিছু মস্তিষ্কবিকৃতি দেখা দিয়েছে। রুরাল ক্রেডিট সোসাইটি বাংলাদেশে বরাবরই ছিল। এই সোসাইটিগুলির পুনর্গঠন করতে গিয়ে.....

প্রতি ইউনিয়নে তা গঠন করলেন না এবং কোন সোসাইটি ফাংসেন করছে না করছে তার সম্পর্কে কোনরকম বিচার বিবেচনা না করে তাঁরা বলছেন প্রতি ইউনিয়নে ক্রেডিট সোসাইটি গঠন করতে হবে। এবার আবার আমরা শুনছি যে, নতুন পঞ্চায়েতের বেসিসএ এসব ক্রেডিট সোসাইটি গঠন করতে হবে। এই অবস্থায় দাঁড়িয়ে যে জনসাধারণকে আপনারা প্রেরণা দিতে চান, যাদের কাছ থেকে আপনারা স্বতঃস্ফূর্ত চেষ্টা পেতে চান তাদেরই নিজেদের ডেভেলপমেন্টএর জন্য, সেই জনসাধারণের মধ্যে এর প্রতিক্রিয়া কি হয়েছে? আমি কাটোয়া সেন্ট্রাল ব্যাঙ্কএর কথা বলব। গত দুই বৎসর ধরে তাকে ডিফাংক্ট করে রাখা হয়েছে—সেই ব্যাঙ্কে বহু সংখ্যক কালনাবাসী চাষী সেয়ার কিনে বসে আছে, কিন্তু তারা দুই বৎসর টাকা পায় নি। কিন্তু কার দোষে? ব্যাঙ্কের যদি দোষ থাকে তাহলে তার জন্য চাষী বঞ্চিত হতে পারে না। এইভাবে কালনা মহকুমার চাষীদের একটা বিরাট অংশ সরকারী ঋণ থেকে বঞ্চিত হচ্ছে। বাংলাদেশের ক্রেডিট ব্যাঙ্কগুলি রিঅর্গানাইজ করার কথা বলা হচ্ছে, ভাল কথা। আজকে চাষীরা অনাবৃষ্টি ও অতিবৃষ্টির দরুণ দুর্গতির চরম সীমায় পৌঁছেছে, কোন বছরই ব্যাঙ্কের মাধ্যমে গভর্নমেন্ট থেকে টাকা না নিয়ে তাদের চলতে পারে না। তারপর, বন্যায় ক্ষতিগ্রস্ত লোকদের আপনারা টাকা দিলেন না। পুরানো কো-অপারেটিভ আইনকানুন ও রুলস নিয়েই এখনো চলছে। আমি বলব, সত্যিকার কাজ করতে হলে, গ্রামাঞ্চলের দুর্গত চাষীদের যদি প্রকৃতই ইম্পেটাস দিতে চান তাহলে এই ব্যবস্থা অবিলম্বে পরিবর্তন করার আবশ্যকতা আছে। যদি আমাদের কো-অপারেটিভ মিনিস্টার মুখ্যমন্ত্রী এই ব্যবস্থা অবলম্বন না করেন তাহলে যতই মাথা ঘামান না কেন, এবং যত টাকাই খরচ করুন না কেন, এই সমস্যার সমাধান হবে না। যদি গ্রামাঞ্চলে উপযুক্ত পরিমাণ টাকা খরচ করে ডেভেলপমেন্টএর কাজে সরকার এগিয়ে না যান তাহলে সরকারী সকল প্রচেষ্টাই ব্যর্থতায় পর্যবসিত হবে।

[6-40—6-50 p.m.]

Sj. Ananda Gopal Mukhopadhyay:

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয়া রাজ্যপালিকার ভাষণের প্রশংসা করে আমাদের তরফ থেকে যে প্রস্তাব এসেছে সেই প্রস্তাব আমি সমর্থন করছি। এই প্রস্তাব সমর্থন করতে উঠব ভেবে আমি গত কয়েক বৎসরের রাজ্যপালিকার ভাষণ পড়ে দেখছিলাম এবং চিন্তা করছিলাম এবার আমাদের বিরোধী নেতাদের কি বক্তৃতা হতে পারে। গত বৎসর ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষ

জ্যোতিবাবু এবং হেমন্ত বসু মহাশয় যে বক্তৃতা করেন এবার তারই পুনরাবৃত্তি করলেন এবং ডাঃ ঘোষ আগেকার বছরের ফ্রেজগুলোশুদ্ধ এবার ব্যবহার করলেন। রাজ্যপালিকার ভাষণের আলোচনায় বিরোধীপক্ষ থেকে নতুন কথা কিছুই শুনতে পেলাম না এতে আমরা হতাশ হয়েছি। সরকারের তরফ থেকে রাজ্যপালিকার ভাষণে সারা পশ্চিমবংগে দেশ গড়ে তোলার কাজে কি অগ্রগতি হয়েছে তার পরিচয় দেওয়া হয়েছে এবং তার থেকেই সূচিত হচ্ছে আজ কিভাবে কাজ চলেছে। কংগ্রেসের তরফ থেকে আমরা যাঁরা এই বিতর্কে অংশ গ্রহণ করছি তাঁদের পক্ষ থেকে আমি একথা বলব যে, এই ভাষণের প্রতিটি পাতায় পুংখানুপুংখরূপে আমরা তা অনুধাবন করছি। অবশ্য যে সমস্ত তথ্য এই ভাষণের মধ্যে আছে তার দ্বারা একথা প্রমাণিত হবে না যে, পশ্চিমবংগ সোনার স্বর্গ হতে যাচ্ছে। প্রথমে আমি সরকারের খাদ্যনীতি সম্বন্ধে বলব। এই দেশের উপর আমরা এমন বছর পাচ্ছি না যে বৎসরে একটানা একটা প্রাকৃতিক দুর্যোগ না ঘটছে। এবারকার ফসলের অবস্থা আমি স্টেটসম্যান পত্রিকায় দেখেছি গত বৎসরের চেয়ে খারাপ এবার আরো কিছু কম ফসল ফলেছে। কিন্তু পশ্চিমবংগ সরকারের খাদ্যনীতির যাঁরা সমালোচনা করেন তাঁদের আমি একটা কথা জিজ্ঞাসা করি, পশ্চিমবংগ সরকারের খাদ্যনীতি কি যারা ফসল উৎপাদন করে সেই কৃষকের স্বার্থরক্ষা করছে না, যে চাষী বাজারে যে দর থাকে মিলার ও আড়তদারের কাছে তার চেয়ে কমে চাল দিয়ে যেতে বাধ্য হত, প্রাইস কন্ট্রোল অর্ডারএর পর এবং এ্যান্টি-প্রফিটিয়ারিং বিল পাস হবার পর তাদের স্বার্থরক্ষিত হচ্ছে কিনা। তারপর, ম্যাকসিমাম প্রাইসএর ব্যাপারে তাদের প্রতি সুবিচার হয়েছে কিনা তাঁরা বলবেন। আজ আমি বলব, আজ খাদ্য নিয়ে পশ্চিমবংগে রাজনীতি হচ্ছে, বিরোধীপক্ষের বন্ধুরা পশ্চিমবংগের দুরবস্থার সুযোগ নিয়ে মনে করছেন এবার সরকারকে কায়দার মধ্যে আনবেন এবং তাই তাঁরা খাদ্যের ব্যাপারে দেশকে চরম দুর্গতির মধ্যে নিয়ে যাচ্ছেন। তার একটা প্রমাণ, আজ যখন খাদ্যের ব্যাপারে দেশের চরম দুরবস্থা তখন তাঁরা সরকারের সংগে সহযোগিতার সর্ত নিয়ে এগিয়ে এলেন কিনা একটা কমিটি গঠন করতে হবে, একটা ফুড কমিটি করতে হবে এবং তাতে এত লোক তাঁদের পক্ষ থেকে নিতে হবে এবং কলকাতায় যদি তোমরা সাত আনায় চাল দাও তবেই তোমাদের খাদ্যনীতি সফল হবে। কোথায় সহযোগিতার হস্তপ্রসারিত করবেন, দেশের এই দুরবস্থার মধ্যে খাদ্যোৎপাদন কিভাবে বাড়তে পারে তার সম্বন্ধে আলোচনা করবেন, অথচ তার কোন আলোচনা নাই। তার পরিবর্তে খাদ্য কমিটিতে আমাদের এত মেম্বার থাকবে, তা না হলে খাদ্যনীতি বানচাল হয়ে যাবে—এই যদি এই দুর্দিনে বিরোধী নেতাদের কর্মনীতি ও মনোভাব হয় তবে পশ্চিমবাংলার খাদ্যাবস্থায় আরও দুর্দিন আসবে তাতে দ্বিমত নাই। আমি বলতে পারি, আমাদের দেশের মানুষ তাঁদের এই মুখোশ বুঝতে পারবে।

আজ যদি খাদ্যনীতি সফল করতে চাই, পশ্চিম বাংলার মানুষকে যদি বাঁচাতে চাই তাহলে মুনাফাখোর ব্যবসায়ীদের সংগে এক সুরে চাল নেই, চাল নেই বলে চীৎকার করে আতঙ্ক সৃষ্টি করলে চলবে না। এমনি করে চীৎকার করে শুধু আড়তদারদের আরও বেশী সুযোগ দেওয়া যেতে পারে। তাদের যদি বলা হয় এই সরকার দুর্বল হয়ে পড়েছে এ সরকার তার খাদ্যনীতি বদলাতে বাধ্য হবে, বাজারে চাল আপনারা আনবেন না তাতে তারা আরও উৎসাহিত হবে। এইভাবে যারা এই সরকারের নীতিকে ব্যর্থ করবার চেষ্টা করছেন তারা দেশের সমূহ ক্ষতি করছেন, কতখানি ক্ষতি যে করছেন তার পরিমাপ বোধ হয় তাঁদের চিন্তার বাইরে। আজ যদি সরকারের খাদ্যনীতিকে সার্থক করে তুলতে হয়, বাংলাদেশের মানুষকে বাঁচাতে হয় তাহলে বিরোধী পক্ষের বন্ধুদের মনোভাব পরিবর্তন একান্ত দরকার। বাংলার যারা সমাজসেবী তাদের আজ সতর্ক হতে হবে, মনে রাখতে হবে যেমন করেই হোক মুনাফাখোর ব্যবসায়ীদের জাত থেকে যারা এই [illegible] বানচাল করবার চেষ্টা করছে তাদের হাত থেকে বাংলার মানুষকে আজ বাঁচাতে হবে। এই মনোভাব আজ চতুর্দিকে গড়ে তোলা দরকার—নিজেদের পলিটিক্যাল ইন্টারেস্টএর খাতিরে, দলের স্বার্থে দেশের স্বার্থকে বলি দেওয়ার মনোভাব আজ ত্যাগ করতে হবে। সর্বশেষে মাননীয়া রাজ্যপালিকার ভাষণের মধ্যে যে দু-একটি জিনিস আমার চোখে পড়েনি তার উল্লেখ করব। দেশে এ বছর যে ফসল হয়েছে তাতে ঘাটতি আছে এবং তা গেল বছরের চেয়ে বেশি। আমি নিজে সাধারণ চাষী যারা তাদের সংগে আলোচনা করে দেখেছি তারা যে ফসল বাড়াতে পারছে না তার একমাত্র কারণ তারা জল পাচ্ছে না।

আজ গ্রামের চাষী যারা তারা স্কুল চাইছে না, রাস্তা চাইছে না, স্বাস্থ্যের উন্নতি ব্যবস্থার জন্য তারা দু বছর অপেক্ষা করতে রাজী আছে, কিন্তু সেচের জল তাদের আজ সবচেয়ে বেশী দরকার। চার ১৯৫২ সালে পশ্চিমবঙ্গ সরকার মোট যে ইরিগেশন স্কীম গ্রহণ করেছিলেন সেইভাবে যদি ছোট ছোট সেচ পরিকল্পনা কার্যকরী করা হত তাহলে এতদিনে পশ্চিম বাংলার সাধারণ চাষীদের সকলের কাছে জল পৌঁছাতে পারত। তাদের মনে আজ একটি কথা বিশেষভাবে লক্ষ্য করছি তারা বলছে—বাবু প্রাইভেট সেকটর পাবলিক সেকটর আমরা বুঝি না, কিন্তু গভর্নমেন্টের তরফ থেকে একটা সারের কারখানা যদি করা হত তাহলে আমরা বেশি করে সার পেতাম, যা সার এখন পাই তাতে আমাদের কুলায় না। পশ্চিম বাংলা সরকার আজ আর একটু পাবলিক সেকটরএর দিকে এগিয়ে আসুন এটা আমরা চাই। পশ্চিম বাংলার সাধারণ মানুষদের তরফ থেকে তাই আমি বলব—সরকার প্রথমে একটা ফার্টিলাইজার ফ্যাক্টরি করুন। এইরকম ফার্টিলাইজার ফ্যাক্টরি যদি একটা আমরা করতে পারি তাহলে পশ্চিম বাংলার মানুষকে আমরা বাঁচাতে পারব সাধারণ চাষী যে দুরবস্থার মধ্যে আছে তা থেকে তাকে উদ্ধার করতে পারব।

শিল্প ব্যবস্থা সম্বন্ধে বিরোধীপক্ষের বন্ধুরা খুব বেশি ইন্টারেস্ট হয়ত নেন নি, কিন্তু মাননীয় রাজ্যপালিকার ভাষণে শিক্ষার যে অগ্রগতির কথা রয়েছে তার সূচনা নিশ্চয়ই আমরা দেখেছি। আজ পশ্চিম বাংলার ২৫ হাজার ফ্রি প্রাইমারি এবং বেসিক স্কুল গড়ে উঠেছে। আজ বাংলাদেশে বহু ছেলের নিরক্ষরতা দূর করবার ব্যবস্থা হয়েছে এবং সরকার মনে করেন ১৯৬৩ সালের মধ্যে অন্ততঃ ১১ বছর বয়সের মধ্যে যারা আছে তাদের জন্য বাধ্যতামূলক অবৈতনিক শিক্ষার ব্যবস্থা করতে পারবেন। কিন্তু মাধ্যমিক শিক্ষা এবং কলেজী শিক্ষার আজ যে অবস্থা দেখছি তাতে আমি মনে করি আমরা যদি আজ একটা এডুকেশনাল কেডার গড়ে না তুলি তাহলে মেধাবী ছাত্ররা আজ শিক্ষা বিভাগে চাকুরি করতে আসবে না। আজ ইউনিভার্সিটির যারা ভাল ছেলে তারা যেমন আই,এ,এস,এ চলে যেতে চায় তেমনি আমরা যদি এডুকেশনাল কেডার গড়ে তুলে ভাল ছেলেদের হায়ার টিচার্স ট্রেইনিং দিয়ে মাধ্যমিক স্কুলগুলিতে সেইসব ছেলেদের পাঠাতে পারি তাহলে যে সমস্ত মাধ্যমিক স্কুলগুলিকে মালটিপারপাস স্কুল করা হয়েছে সেগুলি ভালভাবে ফাংশন করতে পারবে। মাধ্যমিক স্কুলগুলি আজ উপযুক্ত শিক্ষকের অভাবে ভালভাবে ফাংশন করতে পারছে না।

তারপর আমি বলব স্টেট ইলেকট্রিসিটি বোর্ড সম্বন্ধে। বাংলাদেশের গ্রামে গ্রামে সরকার ইলেকট্রিসিটি দেবার পরিকল্পনা করেছেন। আজ বাংলাদেশের সর্বত্র সেচের জন্য সেই বিদ্যুৎকে লাগান হবে। বাংলার বহু গ্রাম আছে সেখানে ইলেকট্রিসিটি ছাড়া চাষ হতে পারে না—সেখানে পুকুর আছে কিন্তু তার জল এত নিচুতে যে তা তুলে সেচের ব্যবস্থা করা অসম্ভব। আসানসোল, পুরুলিয়া অঞ্চলে এরকম অবস্থা দেখেছি, যদি সেইসব জায়গায় বিদ্যুৎ যায় তাহলে পাম্পের সাহায্যে পুকুরের নিচু জল উপরে তুলে সেচের ব্যবস্থা সহজতর হবে এবং তার ফলে বছরের পর বছর যেখানে অজন্মা হয় সেখানে তা না হয়ে ভাল ফসল ফলবে। এই কটি কথা নিবেদন করে আমার তরফ থেকে যে প্রস্তাব এখানে এসেছে তাকে সম্পূর্ণভাবে সমর্থন করে আমি বিদায় নিচ্ছি।

[6-50—7 p.m.]

8j. Rajkrishna Mondal:

মাননীয় সভাপতি মহাশয়, বাংলার রাজ্যপাল তাঁর ভাষণে পশ্চিম বাংলার যে বর্তমান রূপ, সেটা আমাদের কাছে উপস্থাপিত করেছেন। তাঁর সরকার এ পর্যন্ত যে সমস্ত কাজ করতে পেরেছে তার একটা ইতিহাস ও চিত্র আমাদের কাছে তুলে ধরেছেন। কিন্তু তিনি কোন জায়গায়ই বলেন নি যে তাঁর কাজ, অর্থাৎ পশ্চিম বাংলা সরকারের যে সমস্ত কাজ করবার ছিল, তা সবই কিছু করা শেষ হয়ে গিয়েছে। তাঁর সরকার যা কিছু করতে পেরেছে শিক্ষা, স্বাস্থ্য, কৃষি বিষয়, সেই সমস্ত বিষয়ের এ পর্যন্ত একটা ইতিহাস তিনি দেখিয়েছেন তাঁর ভাষণে। আমরা দেখতে পাই যে স্বাধীনতা আসার আগে ১৯৪৭ সালে বাংলাদেশে যে মৃত্যুর হার ছিল, বর্তমানে সেই মৃত্যুর হার কমে অর্ধেকের নীচে চলে গিয়েছে। বাংলার পল্লীতে ও

শহরে যেসমস্ত স্বাস্থ্যকেন্দ্র গড়ে উঠেছে, যে সমস্ত ভ্রাম্যমান স্বাস্থ্যকেন্দ্রী বিভিন্ন স্থানে ঘুরে বেড়াচ্ছে তাতে করে মানুষের মৃত্যুর হার কমিয়ে আনতে পেরেছে। বিশেষ করে ম্যালেরিয়া দেশ থেকে চলে গিয়েছে বলে ধরে নেওয়া যেতে পারে। ১৯৪৭ সালে আমাদের স্বাধীনতা আসার আগে, পল্লীর এক প্রান্ত থেকে শহরে যেতে যে ২৪ ঘণ্টা, ৩০ ঘণ্টা সময় লাগতো, সেই পথে আমরা এখন চার, পাঁচ ঘণ্টার মধ্যে যাতায়াত করছি। অর্থাৎ পল্লীর সঙ্গে শহরের যে যোগাযোগের রাস্তা, সেই রাস্তা বিভিন্ন অঞ্চলে ভালভাবে তৈরি হয়েছে, যার জন্য অল্প সময়ের মধ্যে আমরা দেশের এক প্রান্ত থেকে আর এক প্রান্তে যেতে পারছি ; এবং পল্লীর শিল্প ও কৃষিজাত দ্রব্য আমরা শহরে নিয়ে যেতে পারছি এবং শহরের মাল অতি সত্বর পল্লীতে পাঠিয়ে দিতে পারছি।

বড় বড় সেচ পরিকল্পনা যা সরকার করেছেন, যেমন ময়ূরাক্ষী, দামোদর প্রভৃতি, এই সেচের মাধ্যমে ১৯৪৭ সালে যেখানে মাত্র ৩২ লক্ষ টন খাদ্য উৎপন্ন হত, সেখানে আজ দেখছি যে ১৯৪৭-৫৮ সালে ৪৬ লক্ষ টন পর্যন্ত খাদ্য উৎপন্ন করতে পেরেছি; অর্থাৎ এই দশ বছরে আমরা ১২ লক্ষ টন অধিক খাদ্য উৎপাদন করতে পেরেছি এই সেচের মাধ্যমে। অর্থাৎ এই ১০ বৎসরে ১২ লক্ষ টন অধিক খাদ্য উৎপাদন করতে পেরেছে। কিন্তু এটা যথেষ্ট নয়। আমাদের খাদ্যের যে প্রয়োজন তার তুলনায় অতি কম। এইজন্য ছোট ছোট সেচ ব্যবস্থা করা প্রয়োজন এ বিষয়ে আমরা বিরোধীপক্ষের মতের সঙ্গে একমত। এরজন্য চাই পল্লীতে টিউবওয়েল দ্বারা জল সেচ এবং কুয়া কেটে পাম্পিংএর সাহায্যে জল সেচ করা। একটা কথা বলতে গেলে বলতে হয় আজ আমাদের খাদ্যের ঘাটতি গত বৎসরের তুলনায় যে আরও বেশি হবে সেটা আমরা স্বীকার করি। যারা পল্লীর মানুষ, আমরা এটা ঘুরে দেখলেই বুঝতে পারি। বিশেষ করে সুন্দরবনে প্রতি বিঘায় তিন মণের বেশি ফসল হয় নি। তার কারণ আমরা জানতে পেরেছি। তার কারণ হচ্ছে অন্যান্য অঞ্চলে যেমন সেচের জল দিয়ে ফসল করতে হয় ঠিক তেমনি এখানে সেই রকম সেচ ব্যবস্থা করলে হবে না। এখানে প্রকৃতি যে জল দেয় সেই জল নিষ্কাশনের ব্যবস্থা করতে হবে এবং নদীর লোনা জল আটকে দিতে হবে। এই দুইটি ব্যবস্থা সেখানে ভালভাবে হয় নি। একথা স্বীকার করি যে এই কাজ সেখানে ভালভাবে হয় নি। সেখানে যে স্লুইস লকস করা হয়েছিল সেগুলি অকেজো হয়ে গিয়েছে, সে সমস্ত স্লুইস বক্স্ কবরে চলে গিয়েছে। সরকার বহু টাকা ব্যয় করেছেন কিন্তু সেইগুলি কনট্রাকটররা এমন কায়দায় করেছে যাতে তিন বৎসর পর্যন্ত ও টিকল না এবং তারপর আর সেগুলি কাজে লাগবে না। তারপর জমিদারী প্রথা চালু থাকার সময় এক একটা ইউনিয়নে জমিদারী থেকে যে সমস্ত ক্রস বাঁধ দিয়েছিল সেইসব বাঁধের দিকে নজর না দেওয়ায় সেগুলি ভূমিসাৎ হয়ে গেছে, এবং তার ফল এই দাঁড়িয়েছে যে উচ্চ জায়গা থেকে নিচু জায়গায় জল চলে আসছে এবং নিচু জায়গায় জল বেশি জমার জন্য ফসল ভাল হচ্ছে না। সুন্দরবনে ফসল করতে গেলে এই ক্রস বাঁধগুলি কায়েম করে দিতে হবে। নদীর ধার দিয়ে যে বাঁধ আছে সেগুলি কায়েম হয়েছে স্বীকার করি, কিন্তু স্লুইস গেট যেগুলি ছিল তা সম্পূর্ণ নষ্ট হয়ে গিয়েছে। আমরা বিভিন্ন অঞ্চল ঘুরে দেখেছি, যেসব স্লুইস বক্স তৈরি হয়েছে তা নষ্ট হয়ে গিয়েছে এর কারণ আমরা চিন্তা করে দেখছি। এই স্লুইস বক্স্ শাল কাঠ দিয়ে করা হয় কিন্তু সরকারের আইডিয়া নেই যে শাল কাঠ মাটির নিচে দুই বৎসরের বেশি টিকতে পারে না। সেগুলি লোহা কাঠ দিয়ে তৈরি করে যদি জল নিকাশের ব্যবস্থা করা হয় তাহলে আমার মনে হয় আমরা যে ফসল এখন পাচ্ছি তার দুই গুণ ফসল পাবো। সুন্দরবনে গতবার ফসল হয় নি তার কারণ যত জল বেরিয়ে গিয়েছিল তার চেয়ে বেশি লোনা জল ঢুকে গিয়েছিল।

[7—7-10 p.m.]

আর একটা জিনিস আমি বলতে চাচ্ছি যে, উদ্বাস্তুদের সম্বন্ধে পশ্চিমবঙ্গে তাদের পুনর্বাসনের জন্য নাকি বহু জমি আছে জ্যোতি বসু মহাশয়ের কাছ থেকে একথা শুনলাম। তিনি দেখিয়ে দিলেন যে সুন্দরবনে অনেক জমি আছে, সেখানকার জঙ্গল সাফ করে উদ্বাস্তু বসান যেতে পারে এবং দণ্ডকারণ্যে না পাঠিয়ে সেখানে তাদের পুনর্বাসন করা উচিৎ। কিন্তু আমি জানি না তিনি সুন্দরবন অঞ্চল ঘুরে দেখেছেন কিনা। সুন্দরবনের যে অঞ্চলে আবাদ

হয়েছে সেই আবাদী জমিগুলি অত্যন্ত নীচু। বৃটিশ সরকার জমিদারদের এই জায়গা যখন বিলি ব্যবস্থা করেন তখন এই নীচু জায়গাও বিলি বন্দোবস্ত করে দেন, ফলে এখন নদীর জল ঠেকিয়ে রাখা যাচ্ছে না বাঁধ দিয়ে, এত নীচু জায়গা। যে অঞ্চল এখন জঙ্গলে পরিপূর্ণ হয়েছে সে অঞ্চলও অতি নীচু জায়গা। সে জায়গার জঙ্গল পরিষ্কার করে বাঁধ দিয়ে উদ্বাস্তুদের যদি বসাতে যান তাহলে সুন্দরবনের নীচু জায়গার বাঁধ রক্ষা করে ফসল উৎপাদনের জন্য যে ব্যয় করছেন পশ্চিমবঙ্গ সরকার, সেই ব্যয় বেড়ে যাবে। অর্থাৎ উদ্বাস্তুদের পুনর্বাসন করেই আবার তাদের উদ্বাস্তু করে দিতে হবে এবং এই পরিকল্পনা কখনই কার্যকরী হবে বলে মনে করি না। সেজন্য সুন্দরবনের যে সমস্ত অঞ্চল জঙ্গলে পরিপূর্ণ সেই জঙ্গলাকীর্ণ জায়গায় কখন আবাদ চলতে পারে না যেহেতু সেটা অনেক নীচু রয়েছে। এই সুন্দরবনের ফসল হয় একমাত্র বৃষ্টির জলের সাহায্যে আর বৃষ্টি হয় সুন্দরবনে বন আছে বলেই। কাজেই ওখানে যদি আবাদ হয় তাহলে সুন্দরবনে যে জল হয় তার আর সম্ভাবনা থাকবে না।

পরিশেষে আমি আর একটা কথা বলতে চাই—খাদ্য মূল্য নিয়ন্ত্রণের জন্য যে আইন পাশ হয়ে গেল সে আইনের দ্বারা যে মূল্য নিয়ন্ত্রিত হচ্ছে তা নয়, কারণ কৃষি অঞ্চলে এবং শিল্পাঞ্চলে বিরোধীদলের লোকের দ্বারা একটা অপপ্রচার চলেছে। যারা ধানের প্রোডিউসার তাদের কাছে গিয়ে বলছে ধানের মূল্য যাতে বাড়ে তার জন্য আমরা সরকারের উপর চাপ দিয়েছিলাম—সরকারকে অনুরোধ করেছিলাম যে ধানের মূল্য বাড়ান হক। কিন্তু তারা শুনেন নাই। তারা ভোটের জোরে পাশ করে নিয়েছে। তোমরা ধান ছেড়ো না, সরকার বাধ্য হবে ধান চাউলের দাম বাড়াতে। আর শিল্পাঞ্চলে গিয়ে এই অপপ্রচার করছে যে আমরা সরকারকে অনুরোধ করেছিলাম চালের দাম কমাতে কিন্তু সরকার সেকথা শুনলেন না। (এই সময় নীল আলো জ্বলে উঠল) আমি আর সময় নেব না স্যার, এইভাবে বিভিন্ন অঞ্চলে তারা বিভিন্ন রকম অপপ্রচার চালাচ্ছে খাদ্যের ব্যাপারে। এই কথা বলে রাজ্যপাল মহোদয়ার বক্তৃতার জন্য যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে আমি সে প্রস্তাব সমর্থন করছি।

Sj. Ananga Mohan Das:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের রাজ্যপালিকা যে অভিভাষণ দিয়েছেন তার উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে, সেটা সমর্থন করছি এবং সমর্থন করতে উঠে দুচার কথা বলতে চাই। প্রথম কথা হচ্ছে আমাদের বিরোধীপক্ষের সদস্যগণ বিশেষ করে বিরুদ্ধপক্ষের নেতারা আমাদের খাদ্যমন্ত্রী মহাশয়ের খাদ্যনীতির সঙ্গে উৎপাদনের কি গোলমাল হয়েছে, কৃষির কি অবনতি ঘটেছে এসমস্ত মিশিয়ে ফেলেছেন। কাজেই এভাবে বল্লে খাদ্যনীতির সমালোচনা করা হয় না, খাদ্যনীতি যেভাবে পরিচালিত হয় সেটাই সমালোচনার বিষয়বস্তু হওয়া উচিত বলে মনে করি। আমরা এটা স্বীকার করি যে এদেশে যে পরিমাণ জনসংখ্যা রয়েছে তাদের প্রয়োজনমত খাদ্যের কমতি হয়, ফসলের ঘাটতি হয়।

[7-10—7-20 p.m.]

ফসল কম হয়, এবং খাদ্যের অভাব দূর করতে বিদেশ থেকে খাদ্য আনতে হয়। গত বৎসর আমাদের একটা সঙ্কটের বৎসর গিয়েছে। সে বৎসর ৭ লক্ষ টন খাদ্যের অভাব পড়ে। সেই অভাব পূরণের জন্য আমাদের কেন্দ্রের উপর নির্ভর করতে হয়। কেন্দ্র থেকে যে গম এসেছিল এবং যে ধান চাল পাওয়া গিয়েছিল তা দিয়ে সঙ্কট কাটিয়েছিলাম। অতএব এটা সত্য যে আমাদের খাদ্যনীতি ব্যর্থ হয় নি। যদি ব্যর্থ হ'ত তাহলে দলে দলে লোক খাওয়ার অভাবে নিশ্চয় মারা যেত। কিন্তু অনাহারে মৃত্যুর একটা উদাহরণও আমাদের কাছে উপস্থিত হয় নি। তাই গত বৎসর যেভাবে খাদ্যনীতি পরিচালিত হয়েছিল তার মধ্যে যে ত্রুটি ছিল একথা বলতে পারি না। এ বৎসর ৯ লক্ষ টন খাদ্যের অভাব পড়বে। এ সম্বন্ধে তুলনা করতে গিয়ে বিরুদ্ধ পক্ষ থেকে চীনের ফসলের সঙ্গে তুলনা করা হয়েছে। বলা হয়েছে তুলনায় এখানে অনেক কম ফসল হয়েছে। চীনে লোকসংখ্যার তুলনায় জমির পরিমাণ বেশী। সেখানে বহু জমি অনাবাদী পড়ে ছিল। পতিত জমিতে আবাদ করতে গেলে প্রথম প্রথম বেশী ফসল হয়। সেইভাবের কোন অঞ্চলে যদি আবাদ হয় তাহলে 'বাম্পার ক্রপ' হওয়া আশ্চর্যের বিষয় নয়। কিন্তু বাংলাদেশে জমির তুলনায় লোকসংখ্যা বেশী, জমি কম, তার উপর দীর্ঘকাল ধরে ফসল দেওয়ার ফলে এবং উপযুক্ত পরিমাণ সার দেওয়ার অভ্যাসের অভাবে এদেশে ফসল ক্রমে ক্রমে কমে আসছে। অবশ্য

সরকার থেকে নূতন কোরে সারের ব্যবস্থা করা হয়েছে, কিন্তু জমিতে 'ফার্টিলাইজার' দিতে চাষীরা এখনও উদ্বুদ্ধ হয় নি। তার উপরে ও পক্ষীয় বন্ধুগণ তাঁরা চাষীদের কাছে প্রায়ই বলে বেড়ান যদি জৈব সার ব্যবহার না কোরে ফার্টিলাইজার ব্যবহার কর তাহলে জমি অনুর্বর হয়ে যাবে। এই রকম প্রচার গ্রামাঞ্চলে কোথাও কোথাও শোনা গিয়েছে। তার উপর ফসল কম হওয়ার অন্য কারণও আছে। বর্গাদার এবং জোতদারের মধ্যে বিরোধ লাগান হচ্ছে এবং তাও কম ফসল উৎপাদনের একটা কারণ। দু'চার বৎসর পূর্বে দেখেছি বর্গাদার ও জোতদার একত্র মিলিত হয়ে চাষ করত। কিন্তু এখন বন্ধুরা বর্গাদারদের ভিতর ঢুকে তাদের উস্কানি দেয় এবং জোতদারদের বলে তোমরা জোর করে ধান তুলে নাও। এইরকম ঘটনা মেদিনীপুর জেলার বহু স্থানে প্রতিদিন দেখছি এই রকম অবস্থা চলতে থাকলে চাষ ব্যাহত হয় এবং এই ব্যাঘাতের ফলে ফসলের ঘাটতি হয়। এ বৎসর ঘাটতি হলেও আমরা মনে করি খাদ্যনীতি ব্যাহত হবে না, কারণ যদি ৯ লক্ষ টনের অভাব হয় তাহলেও উড়িষ্যায় যে বাম্পার ক্রপ হয়েছে তা থেকে বাংলা সরকার ২ লক্ষ টন চাল এবং ১ লক্ষ টন ধান পাবে তা ছাড়া বিহার, নেপাল থেকেও চাল পাওয়া যাবে এবং যুক্তপ্রদেশ থেকেও গম পাওয়া যেতে পারে। তার উপর কেন্দ্রীয় সরকার বেশী করে গম সরবরাহ করবেন আশা করা যাচ্ছে, কাজেই আমি মনে করি আমাদের দেশে খাদ্যনীতি সফল করে তুলতে পারব। আজকে খাদ্যনীতির সফলতার জন্য এ্যান্টিপ্রফিটিয়ারিং এ্যাক্ট সেটা গত সভায় আমরা পাশ করিয়েছি। এর ফলে যে নূতন অবস্থা ঘটেছে তাতে বাজারে চাল পাওয়া যাচ্ছে না, তার কতকগুলি কারণ আছে—(১) এই আইন মতে চাল এবং ধানের দাম নির্ধারণ করা যখন হল তখন দেখেছি যে, সমস্ত সারপ্লাস এরিয়া বা (মেদিনীপুর জেলায়) সেখানে বিশেষ এক রাজনৈতিক দলের লোকেরা গিয়েছে এবং চাষীদের বলছে তোমরা কম বেচ। তাতে তোমাদের ফসলের দাম বেশী পাবে। সরকারের নির্দিষ্ট দামে বেচ না। আবার ডেফিসিট এরিয়াতে তোমরা চেপে থাক বিক্রী কোর না। চাষীদের তারা এই প্রকার বলে যে, দেখ গভর্নমেন্ট যে ব্যবস্থা করেছে তাতে বাজারে ধান চাল আসতে দিচ্ছে না, অবশ্য এই দু-মুখোর নীতিতে বাজারে খানিকটা আঘাত পেঁাছচ্ছে। তারপরে ধান চাল কম আসার ফলে যারা চাষী তারা মনে করেছিল যে, ফসল যখন কম হয়েছে তখন সংকটের অবস্থা আসছে আর ও পক্ষের বন্ধুরা যা বলেছেন তার ফলে তারা মনে করল ধান চালের দাম বাড়তে পারে এবং তারা চেপে বসে আছে।

আবার যারা বড় বড় চাষী তারা স্বভাবতঃই মনে করে যে, বেশী দাম পেলেই সুবিধা হয় এবং তারা ধান ছাড়ছে না, ইতিমধ্যে আবার মধ্যবিত্ত হোর্ডার যারা তারা ধান জমায়েত করে রাখছে। মিলওয়ালার কাছে ধান চাল জমা বেশী নাই ষ্টকিষ্টদের কাছে, হোর্ডারদের কাছেই আছে। বড় বড় চাষীর কাছে ধান চাল জমা আছে এই ধান চাল কি করে পাওয়া যাবে। মুনাফা বিরোধী আইনে যা আছে তাতে সরকার নিশ্চয় এটা প্রয়োগ করবেন। প্রথমেই যেখানে মজুতের সংবাদ পাওয়া যায় সেখানেই সরকার ক্রয় করতে আরম্ভ করে। তারপর এক বন্ধু বলেছেন আইন আছে কিন্তু আইন প্রয়োগ করছেন না। ও আইন ব্যবহার হবে কি করে? খবর তো পাওয়া চাই। যেখানে ধান চাল জমা আছে তার সন্ধান তো দিতে হবে। কিন্তু সন্ধান না দিয়ে বলছেন তোমরা চুপ করে বসে থাক। তাতে হোর্ডারদের ও ঐরকম লোকদেরই সুবিধা হয়েছে। যাতে সাধারণ বাজারে চাল আসে তা করছেন না। এই তো গেল খাদ্যের অবস্থার দিক দিয়ে। কিভাবে সরকার এ সমস্যার সমাধানের কথা চিন্তা করছেন এবার তা বুঝতে পারছেন।

এবার সেচের কথা বলি। বড় বড় সেচের কথা বলা হচ্ছে এ সবে কি লাভ? ক্ষুদ্র সেচ পরিকল্পনা কর। ইহাই ও পাশের বন্ধুরা বলেছেন। কিন্তু সে কথাও ঐ ভাষণের মধ্যে রয়েছে। জলের যেখানে অভাব সেখানে ক্ষুদ্র সেচ পরিকল্পনার দ্বারা ফসল হতে পারে। কিন্তু বড় বড় পরিকল্পনার দরকার যে নাই তা ঠিক নয়। যাঁরা তা বলেন তাঁরা ভুলে গেছেন যে, বাংলাদেশে জমির পরিমাণ কম। এখানে ৬ লক্ষ ভূমিহীন কৃষক পরিবার আছে। তাদের জমি কোথা থেকে দেওয়া যাচ্ছে। বলা হয়েছে এষ্টেট একুইজিশনের ফলে জমি পাওয়া যাবে। কিন্তু আমরা যতখানি মনে করেছিলাম ততখানি পাওয়া যায় নি। যে কারণেই হউক তা পাওয়া যায় নি। যে জমি পাওয়া যাবে সে কাকে দেওয়া হবে? বন্ধুরা বলেছেন উদ্বাস্তুদের দেওয়া হবে। তাদের দণ্ডকারণ্যে না পাঠিয়ে তাদের এখানেই রাখ। যদি উদ্বাস্তুদের এক লক্ষ একর জমি দেওয়া যায়

তাহলে আমাদের পশ্চিম বাংলার যে ভূমিহীন কৃষক পরিবার তারা কোথায় যাবে? আবার তাঁরা বলেছেন অনাবাদী ও নদী চরের জমি রিক্লেম কর। উদ্বাস্তুদের দণ্ডকারণ্যে পাঠিও না, চেষ্টা করলে ১৪ লক্ষ একর জমি রিক্লেম করতে পার। উহা করলে পর হয়ত তা হতে পারে, কিন্তু এখন ক্যাম্পের উদ্বাস্তুদের রেখে দেবেন কোথায়? কিন্তু পশ্চিম বাংলায় সে জমি তো নাই, আর রিক্লেম তো একদিনেই হয় না। কাজেই দণ্ডকারণ্যে না পাঠিয়ে এখানে রাখলে এখানকার যারা লোক তাদেরই উদ্বাস্তু করা হবে। এতে উদ্বাস্তু সমস্যা চিরকাল জিইয়ে রাখবেন, এ ধরণের চিন্তা যে কেন বন্ধুরা করছেন বুঝতে পারছি না। আবার বলেছেন দণ্ডকারণ্যে জোর কোরে পাঠিয়ো না, জোর কোরে পাঠানর তো কথাই নাই। সে কথা সরকারের নীতিতে কোথাও বলা হয় নি যে জোর কোরে উদ্বাস্তুদের পাঠান হবে। যে সমস্ত উদ্বাস্তু ইচ্ছুক আছে তাদেরই পাঠান হবে। তবে আমরা জানি চৌদ্দ আনা উদ্বাস্তু যারা ক্যাম্পে বাস করে তারা দণ্ডকারণ্যে যেতে রাজী আছে। যারা ক্যাম্পে বাস করে না, বাহিরে আছে, তাদের মধ্যেও প্রায় দশ আনা লোক যেতে রাজী আছে। তারা যেতে পারছে না বন্ধুদের আন্দোলনের জন্য।

[7-20—7-26 p.m.]

এক দল লোক মনে করেন এইসব না করলে যে দেশে বিশৃঙ্খলা আনা যায় না, গভর্নমেণ্টকে বিপন্ন করা যায় না। যে ডেমোক্রেসি আমরা স্থাপন করেছি, সেই ডেমোক্রেটিক ষ্টেট তাঁদের সহ্য হয় না। অর্থাৎ তাঁরা চান পাকিস্তান ইত্যাদি রাষ্ট্রে যেমন গণতন্ত্রের সমাধি হয়েছে, একনায়কত্ব স্থাপিত হয়েছে আমাদের এখানে তাই হোক। এখানে জনগণ যে ব্যক্তিস্বাধীনতা ভোগ করছে এটা তাঁদের সহ্য হয় না। কাজেই কি করে ভাগচাষী আন্দোলন, উদ্বাস্তু আন্দোলন, শিক্ষক আন্দোলন, সেবাব্রতী হাসপাতাল কর্মচারীদের আন্দোলন করা যায় এই চেষ্টাই হচ্ছে এবং এর দ্বারা শান্তি শৃঙ্খলা ভঙ্গ করাই হচ্ছে একমাত্র তাঁদের চেষ্টা। তাই আপনাদের কাছে আমার নিবেদন যে এইরকম ধরণের রাজনীতি আর কতদিন চালাবেন। সেজন্য আমি আপনাদের বলব যে আসুন কি করে সকলে মিলে মিশে দেশকে সমৃদ্ধ করে গড়ে তুলতে পারি সেই চেষ্টাই আমরা করি। এই কথা বলে আমি রাজ্যপালিকা মহাশয়া যে বক্তৃতা করছেন তা সমর্থন করছি।

Sj. Pramatha Nath Dhibar:

স্পীকার মহোদয়, রাজ্যপালিকার ভাষণে বাংলার জনসাধারণ মোটে সন্তুষ্ট হতে পাচ্ছে না। প্রথমতঃ সরকারের খাদ্যদ্রব্য মূল্য নির্ধারণ যে ব্যর্থ হয়েছে সে বিষয়ে সন্দেহ নেই। নির্ধারিত মূল্য কোন মতেই শেষ পর্যন্ত যে সরকার রাখতে পারবেন না তার আভাষ পূর্ব হতেই পাওয়া গেছে। এই ব্যাপারে বর্ধমান জেলার কথা আমি বলতে পারি। বর্ধমানের জেলা শাসক মিল মালিকদের একটা নির্দেশ দিয়েছেন যে, তাঁরা যেন খুচরা ব্যবসায়ীদের ২১৷৷০ দরে চাল বিক্রি করে। এর ফলে সাধারণ ক্রেতা যারা দৈনিক কিনে খায় তারা ২৩।২৪ টাকার কমে চাল পাচ্ছে না। এর কারণ কি। এর কারণ হচ্ছে যে খাদ্যমন্ত্রী মহাশয় জেলা শাসকদের বেসরকারীভাবে এই পদ্ধতি পরিচালনা করার জন্য একটা নির্দেশ দিয়েছেন। রাজ্যপালিকার ভাষণে ডি ভি সি-র ব্যর্থতার কোন উল্লেখ নেই। ডি ভি সি যে ব্যর্থ হয়েছে তা ডি ভি সি কর্তৃপক্ষরাই স্বীকার করেছেন। ডি ভি সি-র কর নির্ধারণ করার সময় যে বিল এসেছিল সেই সময় আমরা বলেছিলাম যে ডি ভি সি শুকা বৎসরে জল দিতে পারবে না। তার কারণ ডি ভি সি-র বর্তমানে যে ৪টা জলাধার আছে তাতে যে জল থাকে তা দুটো ফসলের জন্য ঠিকমত জল দিতে পারবে না। এ বছর দেখা গেছে যে, মাত্র ৪ লক্ষ ৩০ হাজার একরে তাঁরা জল দিতে পেরেছেন। কিন্তু তাঁদের টার্গেট ছিল যে ১০ লক্ষ একরে তাঁরা জল দেবেন এবং বলেছিলেন যে এই বৎসরে আমরা ৫ লক্ষ একরে জল সাপ্লাই করতে পারব। অথচ তা তাঁরা পারেন নি। পুরানো ক্যানেল যেটা ডি সি ক্যানেল নামে পরিচিত সেই ক্যানেলের মারফৎ পূর্বে ২ লক্ষ একরে সদর মহকুমার ৬টা থানায় জল সাপ্লাই করত এও তার জন্য স্থানীয় চাষীদের ৫৷৷০ কর দিতে হত—যদিও ইংরেজ আমলে ২৷৷৵০ কর দিত। এই ডি সি ক্যানেল নেওয়ার পর থেকে দেখা গেল যে ডি সি-র যে সমস্ত ক্যানেল রয়েছে এবং ডি ভি সির যে ক্যানেল রয়েছে তার দ্বারা মাত্র ৪ লক্ষ ৩১ হাজার একরে তাঁরা জল দিতে পেরেছেন। বর্ধমান জেলায় ২ লক্ষ একরে জল ডি সি ক্যানেল দিত। তাদের ১২৷৷০ টাকা এবং ১৫ টাকা একরে কর দিতে হবে অথচ পূর্বে ২ টাকা থেকে ৫৷৷০ টাকা পর্যন্ত কর তারা দিয়ে এসেছে। দামোদর ক্যানেলের যে অংশটুকু ডি ভি সি নেয়নি সেই অংশটুকুতে দুটো ডিস্ট্রিবিউটারী আছে এবং সেই ডিস্ট্রিবিউটারীর বহু জল বাঁকা নদী দিয়ে

বয়ে যাচ্ছে। এই ডিস্ট্রীবিউটারী যদি বাড়ানো যায় মাইল খানেক করে তাহলে আরো বহু একর জমি জল পেতে পারতো। ডি ভি সি কম্যান্ড এরিয়ায় স্টেট গভর্নমেন্ট কিছু করতে পারবেন কি না সেটা ডি ভি সি এবং স্টেট গভর্নমেন্টের মধ্যে এখনও কোন সিদ্ধান্ত হয়নি। কালকে সেচমন্ত্রীর সঙ্গে এ সম্বন্ধে আলোচনা হচ্ছিল, তিনি বলেছিলেন যে ডি ভি সি এখনও আমাদের ছেড়ে দেয়নি ডিস্ট্রীবিউটারী এক্সটেনসন করতে পারবো কি না, আবার ডি ভি সি বলে স্টেট গভর্নমেন্টের প্রপারটিজ, স্টেট গভর্নমেন্ট করবে, আমরা কেন তার এক্সটেনসানের ব্যাপারে হস্তক্ষেপ করবো? এই দুই-এর মাঝখানে পড়ে স্থানীয় চাষীরা নানাভাবে কষ্ট পাচ্ছে এবং তারা জমিতে সেচকার্য পরিচালনা করতে পারছে না তাহলে এই অঞ্চলে, বিশেষ করে মুসিদপুর ইউনিয়নে শুকা হওয়ার জন্য, অনাবৃষ্টি হওয়ার জন্য ২৫।৩০ জন লোক মারা গেছে। এ সম্বন্ধে মুসিদপুর ইউনিয়ন বোর্ড জেলা ম্যাজিস্ট্রেটকে জানিয়েছে কিন্তু আজ পর্যন্ত সরকার ঐ অঞ্চলের দুর্গত জনসাধারণের জন্য কোন কিছু করেছেন বলে মনে হয় না। ডি ভি সি মেন ক্যানেলে ইতিমধ্যে সমস্যা দেখা দিয়েছে। পারাপারের জন্য যদি আরো বেশী ব্রীজ না হয় তাহলে খুবই অসুবিধা সেখানে হবে। যে সমস্ত ফুট ব্রীজ রয়েছে তা কাজে লাগছে না—সে সম্বন্ধে স্থানীয় জনসাধারণ বহুবার ডি ভি সির কর্তৃপক্ষের নিকট জানিয়েছেন এবং কিছুদিন পূর্বে সাকুরীতে একটা ঘটনা ঘটে গেছে। ঐ ব্রীজ সংক্রান্ত ব্যাপারে ৭৬ জনকে হাজতে পাঠানও হইয়াছে। ডি ভি সির চেয়ারম্যানের কাছে রিপ্রেজেনটেসন দিয়েছেন যাতে কার্ট ব্রীজ হয়। পশ্চিমবঙ্গ সরকার যদি ঐ অঞ্চলে কিছু না করেন তাহলে ডি ভি সিও কিছু করবেন বলে আমাদের মনে হয় না। পশ্চিমবঙ্গ সরকারকে স্থানীয় জনসাধারণের সুখ-সুবিধার জন্য এবং ব্রীজের ব্যবস্থা করার জন্য তৎপর হতে হবে। এ ব্যাপারে গত ৭ই অক্টোবর জেলা শাসক একটা মিটিং ডেকেছিলেন। সেই মিটিং-এর থেকে কয়েকটা কার্ট ব্রীজের রেকমেণ্ডেসন এবং ফেরী দেবার রেকমেণ্ডেসন পাঠানো হয়েছিল—সে বিষয়ে ডি ভি সি বা পশ্চিমবঙ্গ সরকার কি করলেন সেটা আমাদের জানার প্রয়োজন আছে। রাজ্যপালের রাজ্যে শাসন বলে কোন বস্তু আছে কিনা সেটা আমরা ঠিক বুঝতে পারি না কারণ দিনদুপুরে রাহাজানি, চুরি, ডাকাতি, ছিনতাই লেগেই আছে। এ বিষয়ে পুলিশ বিভাগকে একটু তৎপর হোতে হবে। এমনি কারা করে তা সকলেরই জানা আছে।

আনন্দবাজারে একটা খবর দেখেছি হুগলী জেলার কয়েকটা ঘটনা বিচারাধীন ছিল, কিন্তু রাজ্যসরকারের নির্দেশে এই কেস তুলে নেওয়া হয়েছে।

Mr. Speaker:

কবে দেখেছেন?

Sj. Pramatha Nath Dhibar:

আজকের খবরের কাগজে দেখেছি—হুগলী জেলার চুরি-ডাকাতি, গুণ্ডামী, ঘটনা আনন্দবাজার পত্রিকায় দেখেছি—

Mr. Speaker:

আজ এখানেই থাক।

Mr. Speaker: The House stands adjourned till 9 a.m. tomorrow. There will be no questions.

Adjournment.

The House was accordingly adjourned at 7-26 p.m. till 9 a.m. on Saturday, the 7th February, 1959, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Saturday, the 7th February, 1959, at 9 a.m.

Present:

Mr. Speaker (The Hon'ble SANKARDAS BANERJI) in the Chair, 13 Hon'ble Ministers, 9 Deputy Ministers and 199 Members.

[9-9—10 a.m.]

Mr. Speaker: If our Government Officers emulate the examples of the Members of the Legislature in the matter of punctuality, how would it work?

Dr. Narayan Chandra Ray: Very well, Sir.

Sj. Pramatha Ranjan Thakur: I doubt if there is quorum.

Mr. Speaker: Mr. Thakur, you need not worry about it. That's my business. Quorum is there.

DEBATE ON THE MOTION OF ADDRESS IN REPLY TO GOVERNOR'S SPEECH.

Dr. Suresh Chandra Banerjee:

মাননীয় স্পীকার মহোদয়, প্রাইস কন্ট্রোল অর্ডার অনুসারে চাল ও ধানের যে দাম নির্ধারিত হয়েছে তাতে জনগণ খুশীই হয়েছে, বিশেষ ক'রে যারা কিনে খায়। অবশ্য ঠিক এই দরে পায় না, এক গ্রেড হায়ার দরে কিনতে বাধ্য হয়। অর্থাৎ যে চালের নির্ধারিত দর ১৯ টাকা ২০ নয়া পয়সা সেই চালের জন্য ২০ টাকা ৮০ নয়া পয়সা দিতে হচ্ছে। যে চালের দর ২০ টাকা ৮০ নয়া পয়সা নির্ধারিত হয়েছে, সেই চাল ২১ টাকা ৩৭ নয়া পয়সা দিয়ে কিনতে হচ্ছে, অর্থাৎ এক গ্রেড হায়ার রেটে। তবুও জনগণ খুশী হয়েছিল। কারণ ৩১এ ডিসেম্বর চালের যে দর ছিল, সেই দরের চেয়ে এই দর দু'-তিন টাকা কম। কিন্তু ১লা জানুয়ারি থেকে তারা এই আশঙ্কা প্রকাশ করেছে যে, এই দরে চাল পাওয়া যাবে না, হয়তো বাজার থেকে চাল একেবারে উধাও হয়ে যাবে, অথবা চোরাবাজারে অর্থাৎ ব্ল্যাকমার্কেট থেকে বেশি দরে চাল কিনতে হবে। এই কথা তারা ১লা, ২রা, ৩রা জানুয়ারি বলেছিল। স্যার, আমিও চিঠি লিখে, মুখে ব'লে গভর্নমেন্টকে জানিয়েছিলাম। খাদ্যমন্ত্রী প্রফুল্লবাবু বরাবর আশ্বাস দিয়েছেন, কোন ভয় নেই, আমরা অবস্থা আয়ত্তে রাখতে পারব, আগামী আমন ফসল ওঠবার আগে পর্যন্ত আমরা এই দামে চাল সমগ্র রাজ্যে সরবরাহ করতে পারব। কিন্তু কিছুদিন পরে, দু'-তিন দিনের মধ্যেই দেখা গেল গভর্নমেন্টের কথা খাটল না। জনগণ যে আশঙ্কা করেছিল যে, বাজার থেকে চাল উধাও হয়ে যাবে, তাই ঘটল। ২রা জানুয়ারি শুনলাম বাজারে চাল পাওয়া যাচ্ছে না। ১লা, ২রা জানুয়ারির আগে যেখানে বাজারে পাঁচশ মণ, হাজার মণ চাল পাওয়া যেত, সেখানে বর্তমানে মাত্র ৩০-৪০-৫০ মণ পাওয়া যায়, এবং লোকেরা ভয়ে, যে যেভাবে পারছে কিনেছে। প্রফুল্লবাবু বলেছেন, জনগণ যদি বেশি দরে না কেনে তা হ'লে এই অবস্থা কয়েক দিনের মধ্যেই আয়ত্তে আসবে। কিন্তু যারা চাল বাজারে পায় না তাদের মনের অবস্থা যে কি হয়, তা প্রফুল্লবাবু হয়তো ভাল ক'রে জানেন না।

আমরা স্টকিস্টদের জিজ্ঞাসা করেছি, তারা বলে, মিল-মালিক আমাদের চাল দেয় না, গভর্নমেন্ট আমাদের চাল দিলেই আমরা ঐ নির্ধারিত দরে জনসাধারণের কাছে বিক্রয় করতে পারব। এই অবস্থা কেন হ'ল তা বোঝা দরকার। ডাঃ রায় বলেছিলেন, এই অবস্থার পরিপ্রেক্ষিতে তিনি একটা বিবৃতি দেবেন। সেই বিবৃতি তিনি এখনও দেন নি। আমার এলাকায় ভাল ক'রে পরীক্ষা ক'রে দেখেছি, সেখানে চালের ব্যবসা কিভাবে চলে জানি। স্টকিস্টরা, বড় বড় মজুতদাররা চাল সংগ্রহ করে দু' জায়গা থেকে। প্রথমতঃ চালের কল থেকে। দ্বিতীয়তঃ গ্রাম থেকে যেসমস্ত লোক ঢেঁকিতে ধান ভেঙ্গে চাল বাজারে বেচতে নিয়ে আসে তাদের কাছ

থেকে। আর পাইকাররা চাল কেনে গ্রামবাসী ও স্টকিস্টদের কাছ থেকে। এখন চালের উচ্চ দর বেঁধে দেওয়ার ফলে হয়েছে কি? কেউ আর পাইকারদের কাছে চাল বিক্রয় করতে চাচ্ছে না। মিল মালিকরা চায় ডিরেক্টলি কনসিউমার্সদের কাছে বিক্রয় করতে এবং যারা গ্রামের চাষী বাজারে ধান ভেঙ্গে চাল নিয়ে আসে তারাও আর বাজারে আসছে না, তারা এখন গ্রামে বসেই আশপাশের লোকদের কাছে চাল বিক্রয় করে, তাদের আইন ও মানতে হয় না এবং ডিলার্সদেরও দিতে হয় না; সুতরাং বাজারে আর চাল নেই। দেশে যে সত্যিই চাল নেই, তা নয়। এভাবে একটা অচল অবস্থার সৃষ্টি হয়েছে। এই অচল অবস্থার প্রতিকার করা অনতিবিলম্বে দরকার। আমরা চিঠি পাচ্ছি, টেলিগ্রাম পাচ্ছি, কালও পেয়েছি যে, অমুক বাজারে চাল নেই, আমরা না খেয়ে আছি। সুতরাং অনতিবিলম্বে এই অবস্থার প্রতিকার করা একান্ত প্রয়োজন। একথা আমি ডাঃ রায় ও প্রফুল্লবাবুকে বলেছি, তাঁরা এ সম্বন্ধে ব্যবস্থা অবলম্বন করবেন বলেছেন, কিন্তু এখন পর্যন্ত এর কোন প্রতিকার হয়ে ওঠে নি। অবস্থাকে যদি আয়ত্তের মধ্যে আনতে হয় তা হ'লে দুটো কাজ করতে হবে। প্রথম কাজ হচ্ছে, মিল-মালিকদের ও স্থানীয় স্টকিস্টদের উপর একটু ফোর্স বা বলপ্রয়োগ করতে হবে—তাদের বাধ্য করতে হবে যেন, তারা চাল মজুত ক'রে না রেখে বিক্রয় করে। মিল-মালিকরা স্টকিস্টদের কাছে বিক্রয় করে এবং স্টকিস্টরা রিটেলার্সদের কাছে বিক্রয় করে। এ ধরনের বলপ্রয়োগ সাধারণতঃ কেউ পছন্দ করে না, কিন্তু বাধ্য হয়ে প্রয়োগ করতে হবে। আরও একটা কাজ করতে হবে। সেটা গভর্নমেন্ট করছেন বটে, কিন্তু ভালভাবে করতে পারছেন না। গভর্নমেন্ট বলেছেন যে, তাঁরা নিজেরা এম আর শপের মারফত বেশি ক'রে চাল ও গম সরবরাহ ক'রে অবস্থা আয়ত্তের মধ্যে আনবেন। ঘাটতি অঞ্চলে যেমন নদীয়া এবং কলকাতার ইন্ডাস্ট্রিয়াল এলাকায় সর্বত্র তাঁরা এম আর শপের মারফত সপ্তাহে দেড় সের চাল ও এক সের গম সকল পূর্ণবয়স্ক লোককে দেবেন। এই আশ্বাস দিয়েছেন এবং এভাবে চাল ও গম দিচ্ছেনও। ১৮ টাকা মণ দরে চাল ও ১৫ টাকা মণ দরে গম। কিন্তু গত সপ্তাহ থেকে এ আমি নিজে দেখেছি—যে চাল এই-সকল দোকান থেকে সরবরাহ করা হচ্ছে তা বাঙ্গালীরা খেতে পারে না। আতপ চাল ভাঙ্গা ও দুর্গন্ধযুক্ত। গভর্নমেন্ট যদি সত্যিই সাধারণ লোককে খাওয়াতে চান তা হ'লে খাবার মত ভাল পরিষ্কার চাল দিতে হবে। চাল মোটা হোক, মাঝারি হোক—তাতে আপত্তি নেই—কিন্তু ভাল কোয়ালিটির হওয়া দরকার—অর্থাৎ লোকেরা খেতে পারে এমন হওয়া চাই। চাল রীতি-মতভাবে যাতে বাজারে পাওয়া যায় সে ব্যবস্থাও করতে হবে। এম আর শপে চাল ও গম রীতিমত পাওয়া গেলে এবং তা খাবার উপযুক্ত হ'লে খোলাবাজারে চাল না পাওয়া গেলেও, লোকেদের খুব বেশি কষ্ট পেতে হবে না।

[9-10—9-20 a.m.]

এম আর শপ থেকে খাবার উপযুক্ত চাল রীতিমতভাবে পাওয়া যাচ্ছে না ব'লে লোকে অনাহারে, অর্ধাহারে দিন কাটাচ্ছে। এ অবস্থা আমি চাকদা শহরে নিজে দেখেছি।

সারা বৎসর ধ'রে ভাল চাল রীতিমতভাবে এম আর শপএর মারফত সরবরাহ করতে হ'লে গভর্নমেন্টকে চাল স্টক ক'রে রাখতে হবে। আমি কয়েক দিন আগে—প্রায় ১৫-২০ দিন আগে বলেছিলাম ৬ লক্ষ টন চাল স্টক ক'রে রাখতে। এই চাল উড়িষ্যা থেকে হোক, বিহার থেকে হোক, আসাম থেকে হোক এবং সম্ভব হ'লে বিহার থেকে আনতে হবে কারণ গভর্নরের অ্যাড্রেসে বলা হয়েছে যে, এবার বাম্পার ক্রপ হয়েছে। কিন্তু আবার শুনি যে, চাল বর্ধমান ও বাঁকুড়া থেকে বিহারে চ'লে যাচ্ছে। সেইজন্য যতটা সম্ভব চাল স্টক করা উচিত গ্রাম থেকে। আমি খোঁজ নিয়ে, বিশেষ খোঁজ নিয়ে দেখেছি এখন পর্যন্ত গ্রামের লোকেরা খুব বেশি চাল বিক্রয় করতে শুরু করে নি। এখন থেকে সরকার যদি নির্ধারিত মূল্যে খোলাবাজারে চাল সংগ্রহ করতে আরম্ভ করেন তা হ'লে ৬ লক্ষ টন চাল পাওয়া অসম্ভব নয়। গভর্নমেন্ট যদি কেনেন তা হ'লে মজুতদাররা বেশি কিনতে পারবে না। মজুতদারদের কেনার উদ্দেশ্য হচ্ছে কম দরে কিনে জমা ক'রে রেখে পরে উচ্চ হারে চোরাবাজারে বিক্রয় করা। গভর্নমেন্ট যদি এখন চাল কিনে জমা ক'রে রাখেন তা হ'লে তাদের যে কম দরে চাল দেবার নীতি সেই নীতি তাঁরা ঠিকভাবে চালু রাখতে পারবেন। এভাবে চাল জমা ক'রে রাখলে মজুতদারদেরও জমেকটা শায়েস্তা করা সম্ভব হবে। আমি যতদূর জানি অন্তত আমার অঞ্চলে গভর্নমেন্ট

এইরকম কোন কাজ করছেন না। তাঁরা এখনই অন্তত ৬ লক্ষ টন চাল রিজার্ভ ক'রে রাখুন। এবং সেই চাল যেন পচা না হয়, ভাল হয়, সেটার ব্যবস্থা করুন। এভাবে যদি কাজ করেন তা হ'লে এই

price control order throughout the year

চালু রাখতে পারবেন এবং তা হ'লে লোকেরও অশেষ মঙ্গল হবে।

গভর্নমেন্টকে খাদ্যশস্য উৎপাদন বৃদ্ধির দিকেও বিশেষ মন দিতে হবে। সরকার বড় বড় সেচ পরিকল্পনায় হাত দিয়েছেন—দামোদর উপত্যকা পরিকল্পনা, ময়ূরাক্ষী পরিকল্পনা, কংসাবতী পরিকল্পনা, প্রভৃতি রূপায়িত করছেন—ভাল কথা। কিন্তু আমরা বারবার ব'লে আসছি যে, ছোট ছোট সেচ পরিকল্পনা খুব দরকার। আমার এলাকা নদীয়া জেলায় দু রকম জমি আছে—ডাঙ্গা জমি, যা নদী থেকে দূরে, এবং চর জমি। চর জমিতে পুকুরের জল দিয়ে সেচের ব্যবস্থা করা যাবে না সেখানে যদি ডিজেল ইঞ্জিন দিয়ে জল পম্প করা হয় তা হ'লে খুব ভাল প্লাট হ'তে পারে এবং নানারকম শস্য ও তরিতরকারিও হ'তে পারে, যে তরকারী পরে কলকাতায় চালান দেওয়া সম্ভব। ডাঙ্গা জমিতে টিউব ওয়েল বা ট্যাঙ্ক দিয়ে জল সেচন সম্ভবপর। কিন্তু সরকার এদিকে কোনই নজর দেন নি। চাকদা শহরের কাছে একটা এগ্রিকালচারাল সিড ফার্ম কয়েক লক্ষ টাকা খরচ ক'রে করা হচ্ছে। কিন্তু চাকদা অঞ্চলে একটাও ডীপ টিউব ওয়েলএর ব্যবস্থা করা হয় নি। সীড এবং ফার্টিলাইজারএর ব্যবস্থা একটু পরে হ'লেও চলে। জলের ব্যবস্থা সর্বাগ্রে করা দরকার। কিন্তু তা করা হয় নি। ফলে জলের অভাবে সব নষ্ট হয়ে যাচ্ছে। গভর্নমেন্ট যেটা পরে করলেও চলে সেটা আগে করেন এবং যেটা আগে করা দরকার সেটা করেন পরে। যাতে ভবিষ্যতে আমাদের এ রাজ্যে ডেফিসিট অর্থাৎ ঘাটতির সম্মুখীন হ'তে না হয় সেজন্য এখন থেকে বিশেষভাবে যত্ন করা দরকার। সম্ভবমত স্মল ইরিগেশন, ভাল বীজ ও সারের ব্যবস্থা করা দরকার।

এর পরে আমি বলতে চাই বেকার সমস্যা সম্বন্ধে। বাঙ্গালীর দু'টি বড় সমস্যা। একটি খাদ্যসমস্যা আর একটি এই বেকার সমস্যা। এই বেকার সমস্যা না থাকলে উদ্বাস্তু সমস্যাও হয়ত থাকত না। বেকার সমস্যার সমাধানের জন্য দ্রুত শিল্পায়ন অত্যাবশ্যক। নানা রকম কাজের সংস্থান দ্বারা এ সমস্যার সমাধান হ'তে পারে। কিন্তু যে কথা আমি বার বার বলেছি, আজও বলছি, নূতন কর্মসংস্থানের সুযোগ হ'লে পরেই বাঙ্গালীর বেকার সমস্যার সমাধান হবে না। যাতে সেই কাজ বাঙ্গালীরা পেতে পারে সেটাও দেখতে হবে। কিছুদিন আগে আমি দুর্গাপুর গিয়েছিলাম। সেখানে দেখে এলাম বেশির ভাগ কাজই অবাঙ্গালীরা করছে। বর্তমান দুর্গাপুর দেখলে মনেই হয় না যে, এটা বাঙ্গালীদের শহর। যেমন কিছুদিন আগে —ব্যারাকপুর দেখে মনে হ'ত যে, এটা বাঙ্গালীর শহর নয়। দুর্গাপুরেও তাই মনে হ'ল। নতুন কর্মসংস্থান হ'তে পারে কিন্তু তাতে যদি বাঙ্গালীরা না ঢুকতে পারে—আর ঢোকাও বড় সহজ নয়—সে বন্দোবস্ত যদি সরকার করতে পারতেন তা হ'লে খুশি হতাম। শ্রমিক সংগঠন উপলক্ষে বহুদিন থেকে আমি কলকারখানার সঙ্গে জড়িত আছি। আমি দেখেছি কলকারখানায় কাজ পাওয়া খুবই কঠিন ব্যাপার। একথা সকলেই জানেন যে, বাঙ্গালীরা কলকারখানায় শ্রমিকের কাজ বড় একটা করত না। অন্য প্রদেশের লোকেরা এসে এ রাজ্যের কলকারখানায় শ্রমিকের কাজ করত। আজকাল উদ্বাস্তু আসার ফলেই হোক কিংবা অন্য কোন কারণেই হোক এ অবস্থার খানিক পরিবর্তন ঘটেছে। বাঙ্গালীরা এখন কাজ করতে চায়, একটা কাজ খালি হ'লে হাজার হাজার বাঙ্গালী সে কাজের দিকে ঝুঁকে পড়ে। কিন্তু আমরা জানি, ফর্মে নিয়োগের মেসিনারী বর্তমানে এতই কোরাপ্ট যে, নিয়োগের ভার গভর্নমেন্ট যদি মালিকের উপর ছেড়ে দেয় তবে বাঙ্গালীর পক্ষে কাজ পাওয়া বড় একটা সম্ভব হবে না, গভর্নমেন্টকে সুনিশ্চিত স্টেপ নিতে হবে যাতে বাঙ্গালীরা কাজ পায়—অন্তত ৮০ পারসেন্ট কাজ পায়। গভর্নমেন্টকে এটা নিশ্চয়ই করতে হবে নইলে বাঙ্গালী কাজ পাবে না, কর্মসংস্থান তাদের হবে না, বেকার সমস্যাও দূর হবে না। কথা উঠতে পারে যে, এটা শাসনতন্ত্রের বিরোধী—আমি সেটা জানি। কিন্তু শাসনতন্ত্রের পরিবর্তন সম্ভব। এ সম্বন্ধে জোর প্রচার চালাতে হবে। ভারতবর্ষের অন্যান্য প্রদেশে এমন অবস্থায় নয় কাজেই দরকার হ'লে এই শাসনতন্ত্রের পরিবর্তন করতেও হবে। অমন পরিবর্তন আকাশ থেকে পড়বে না, আপনাআপনি হবে না, এ পরিবর্তন যাতে হয় সে ব্যবস্থা

আমাদের করতে হবে। ঐ ধরনের ব্যবস্থা হয়ত আলট্রা ভায়ার্স অব দি কনস্টিটিউশন—এ আমি জানি, জেনেই বলছি। স্পীকার মহোদয়, এই যে ডিসক্রিমিনেশন, এটা প্রভিন্সিয়ালিজম নয়। প্রত্যেক প্রদেশেই সেই প্রদেশের লোকের দাবি সর্বাগ্রে। এ রাজ্যে যদি শতকরা আশীটি কাজ বাঙ্গালীরা পায়, শতকরা বাকি বিশটি অন্য প্রদেশের লোকেরা পেতে পারবে। আমি নতুন যে কাজ খালি হবে তার কথাই বলছি। পুরানো যা হয়ে গেছে তা তো হয়েই গেছে। যেমন উড়িষ্যায় চাল বেশি হয়েছে সেখানে লোক বেশি ক'রে খাবে, আর অন্য প্রদেশের লোক খেতে পাবে না—এটা ঠিক নয়। গভর্নমেন্ট অব ইন্ডিয়ার আইন তা নয়, আইনের সেই স্পিরিট নয়, কিন্তু উড়িষ্যা তার দরকারমত চাল রেখে বাকিটা অন্য প্রদেশকে দিক—এটা প্রভিন্সিয়ালিজম নয়, ডিসক্রিমিনেশন নয়। সেজন্যই একথা বলছি। এ যদি না করেন যে, বাঙ্গালীরা শতকরা আশীটি কাজ পাবে তা হ'লে বাঙ্গালীর বেকার সমস্যার সমাধান হবে না। এজন্য এ ব্যবস্থা করতেই হবে।

এর পর উদ্বাস্তুদের সম্বন্ধে দু'-একটি কথা বলব।

[9-20—9-30 a.m.]

এখন উদ্বাস্তুদের সবচেয়ে বড় সমস্যা দণ্ডকারণ্য সমস্যা। গভর্নর বলেছেন—জোর ক'রে কাউকে দণ্ডকারণ্যে পাঠানো হবে না। আমরা গত বৎসর মার্চ মাসে বলেছিলাম জোর ক'রে পাঠানোর আমরা বিরোধী। তখন ডাঃ রায় লিখে দিয়েছিলেন যে, জোর ক'রে কাউকে পাঠানো হবে না। সঙ্গে সঙ্গে গভর্নর তাঁর ভাষণে বলছেন যে, "৩১এ জুলাইয়ের পর আমরা সব ক্যাম্প তুলে দেব"—এ একটা ভীতিপ্রদর্শন (ইনটিমিডেশন) ব'লে আমাদের নিকট মনে হচ্ছে। তিনি একথা বলেন নি যে, ৩১এ জুলাইএর ভিতর সবাইকে পুনর্বসতি দেওয়া হবে। পুনর্বসতি দেওয়া হবে ব'লে ক্যাম্প থাকবে না—এ সম্পূর্ণ আলাদা কথা। তিনি একথা বলেন নি। কাজেই প্রকারান্তরে ভয় দেখানো হয়েছে। আগে তাদের অসুখ হ'লে স্পেশ্যাল মেডিসন দেওয়া হ'ত, এখন তা দেওয়া হয় না, স্বাস্থ্য রক্ষার জন্য ব্লিচিং পাউডার দেওয়া হ'ত, এখন দেওয়া হয় না। এইরকম যেসব সুবিধা ক্যাম্পে উদ্বাস্তুরা পেত তা বন্ধ ক'রে দিয়ে একটা ইনডাইরেক্ট প্রেসার তাদের উপর পুট করা হচ্ছে।

আর একটা কথা ব'লেই আমার বক্তৃতা শেষ করব। ক্যাম্প যদি না থাকে তা হ'লেও দুই শ্রেণীর উদ্বাস্তু থাকবে। জবরদখল কলোনীগুলির কথা গভর্নর বলেছেন—তাদের রেগুলারাইজ করা হবে একথাও তিনি বলেছেন। আশা করি, তাঁর একথা রক্ষিত হবে। জবরদখল কলোনী গেলে বাকি থাকে বিভিন্ন কলোনীতে পুনর্বসতিপ্রাপ্তদের সম্বন্ধে কাজ। তারা এ পর্যন্ত অনেক আশ্বাস পেয়েছে কিন্তু সে আশ্বাস কাজে পরিণত হয় নি। প্রায় সব কলোনীতেই এক একটি পরিবার ৪-৫ কাঠা আয়তনের প্লটের উপর ঘর বেঁধে বাস করছে। অধিকাংশ ক্ষেত্রেই তাদের কোন ব্যবস্থা করা হয় নি। তারা যে থাকে কি ক'রে সে এক বিস্ময়ের ব্যাপার। আশা করি গভর্নমেন্ট যাতে তাদের স্যানিটারি পায়খানার ব্যবস্থা হয় সে বিষয়ে অবহিত হবেন।

Sj. Hansadhwaj Dhara:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কাল থেকে রাজ্যপালের ভাষণের উপর বিতর্ক শুরু হয়েছে, এই বিতর্কের মধ্যে সকল সদস্য নিজের নিজের অঞ্চলের সকল রকম সমস্যার সমাধানের উপায় সম্বন্ধে বলবেন মাননীয়া রাজ্যপালের ভাষণের মাধ্যমে। এক এক সদস্য এক এক রকম সমস্যার উল্লেখ করে—সে সমস্যার সমাধানের ইঙ্গিত রাজ্যপালের ভাষণের মধ্যে নাই ব'লে মাননীয়া রাজ্যপালের ভাষণের জন্য যে ধন্যবাদের প্রস্তাব উত্থাপন করা হয়েছে সেটা গ্রহণ করতে পারছেন না। তাঁদের মতে রাজ্যপালের ভাষণ যেন একটা মুস্কিল আসানের মাদুলির মতন হবে—যার যা প্রয়োজন সমস্তই তার মধ্যে থাকবে—রাজ্যপাল মহাশয়ার ভাষণকে আমরা এই দৃষ্টিভঙ্গী দিয়ে দেখতে আরম্ভ করেছি এবং সেইভাবে আমরা এর উপর বিতর্ক ও আলোচনা শুরু করেছি।

আমি গত কয়েক বৎসরের রাজ্যপালের ভাষণ পড়েছি। বর্তমানে যিনি আছেন, তাঁর আগে সর্বজনবরেণ্য ডাঃ হরেন্দ্রকুমার মুখার্জি ছিলেন—তাঁর বেলায় দেখেছি, বিরোধী পক্ষের ভিতর সবচেয়ে বড় যে দল তাঁদের বক্তৃতা মোটামুটি যে হারে আগে চলেছিল ঠিক প্রায় সেই হারে

ও সেই পদ্ধতিতেই বর্তমানেও বক্তৃতা চলছে এবং একই অবস্থা দেখতে পাচ্ছি, এর কোনই পরিবর্তন নাই। সেইজন্য বিরোধীপক্ষের ঐ বন্ধুরা তাঁদের প্রথামত রাজ্যপালের ভাষণে সেই একই ভাবের বিতর্কে অবতীর্ণ হবেন—এটা স্বাভাবিকই।

অপরদিকে, আমি কেরালার রাজ্যপালের ভাষণ সংগ্রহ ক'রে এনে পড়ে দেখেছি—তা একখানা ১৩ পাতার বই এবং তার প্রায় তিন পাতায় আছে—কি কি বিল উত্থাপিত হবে তার তালিকা। তার পরে মুখবন্ধের কিছু কথা। তার পরেই প্রশস্তির কথা ভাল রকমই আছে। সেখানে বিরাট সমস্যা যে খাদ্য সমস্যা তার কথা এবং অন্যান্য কথাও আছে। আমাদের রাজ্যপাল মহাশয়ার যে ভাষণ তাতে প্রতি সমস্যার যেভাবে আলোচনা হয়েছে এবং যে কার্য পরিকল্পনা গ্রহণ করেছেন তার ইঙ্গিত আছে—কেরালায় তা কিছু নাই। সময় কম, সমস্ত প'ড়ে শোনানো যায় না। এখানে আমাদের খদ্যের যে ব্যবস্থা দেশের অবস্থা অনুসারে অবলম্বন করা হয়েছে—আমার মনে হচ্ছে—শ্রদ্ধেয় ডাঃ সুরেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয় তাকে অভিনন্দন জানিয়েছেন। কেরালার প্রদেশপাল এ সম্বন্ধে যে কথা বলেছেন—

The food position is bound to continue to be severe during the next five years.

অর্থাৎ কয়েক বৎসর ধরে সেখানে খাদ্য পরিস্থিতি যা তা ভীষণ আকারেই চলবে। সেখানে কমিউনিস্ট পার্টি পরিচালিত যে রাজ্যসরকার সেই রাজ্যসরকারের তরফ থেকে সেই ভাষণের জন্য ধন্যবাদের প্রস্তাব উত্থাপিত করা হয়েছে এবং তা গ্রহণ করা হয়েছে। একথা আমাদের বিরোধীপক্ষের বন্ধুরা মনে রাখুন। এখানে কমিউনিস্ট পার্টির যিনি নেতা—জ্যোতিবাবু, তিনি আমাদের রাজ্যপালের ভাষণ ধনতান্ত্রিক পদ্ধতিতে রচিত হয়েছে ব'লে বলেছেন এবং এটা প্রদেশপালের ঔদ্ধত্যপূর্ণ বক্তৃতা—একথা বলেছেন। সব বক্তৃতার সার শেষদিকে যে কথা বলেছেন তা হচ্ছে—"আমরা রাজ্য পরিচালনা করতে চাই, সেইজন্য গদী ছেড়ে দিতে হবে"। এইটেই আসল কথা এবং এই দৃষ্টিভঙ্গী থেকে যা বলা দরকার সেই কথাই তিনি তাঁর বক্তৃতায় পরিবেশন করেছেন। জ্যোতিবাবু কাল চীনের অগ্রগতির কথা উল্লেখ ক'রে সেখানকার উৎপাদনের বহু অঙ্ক তিনি দিয়েছেন, আমি তা পড়ে দেখেছি। তাঁর সমস্ত অঙ্কই এই পত্রিকা থেকে নেওয়া হয়েছে। আমার সময় হ'লে আমি এ বিষয় পরে উল্লেখ করব। সবচেয়ে বড় কথা ও সত্য কথা জ্যোতিবাবু বলেছেন যে, চায়নার যে অগ্রগতি হয়েছে, আর আমাদের দেশে যে কাজ হচ্ছে এই দুটোর মধ্যে বিরাট তফাৎ। সে দেশ একভাবে পরিচালিত হচ্ছে, আমাদের দেশ অন্যভাবে পরিচালিত। সে দেশ কমিউনিস্ট পার্টির পরিচালনাধীনে সমাজতন্ত্রের দিকে চলেছে আর আমাদের ভারতবর্ষ অন্য পথে সমাজতন্ত্রের দিকে চলেছে। এ বিষয়ে আমি তাঁর সঙ্গে একমত যে, এই দুই দেশের মধ্যে বিরাট পার্থক্য আছে। আমাদের রাজ্যপালের ভাষণ সম্বন্ধে বলতে গিয়ে তিনি বলেছেন—ধনতন্ত্রবাদের পদ্ধতিতে যে দেশের শাসন চলছে সে দেশের আর্থনৈতিক পদ্ধতি সেইভাবেই পরিচালিত হবে এবং সেই ভাবই রাজ্যপালের ভাষণে পরিস্ফুট হয়েছে। সামগ্রিক দৃষ্টিভঙ্গী দিয়ে জ্যোতিবাবু আমাদের দেশকে দেখছেন না এই হচ্ছে আমার অভিযোগ। তিনি মার্ক্সবাদীয় ব'লে ব্যক্ত করেন। আমি সেই দৃষ্টিভঙ্গী দিয়েই তাঁকে দেখবার চেষ্টা করব। কিন্তু মার্ক্সবিদের যে ধারা, যে পদ্ধতি তাকে তার ইতিহাস, অর্থনীতি ইত্যাদি দিক দিয়ে মোটামুটি ৬ ভাগে ভাগ করা যায়। এই ৬টি ভাগের মধ্যে দিয়ে আমাদের ভারতবর্ষের কথা চিন্তা ক'রে দেখতে হবে। তাঁদের কথায়ই বলছি ভারতবর্ষের কাজের সাধারণ পদ্ধতি নির্ভর করে এখানকার বিশেষ অবস্থার উপর। মার্ক্সবাদে আরও বলা হয়েছে দেশের ভিতর ভিন্ন সমস্যা এবং বাইরের চিন্তাধারার যে ঘাত-প্রতিঘাত তার দিকে সজাগ দৃষ্টি থাকা একান্ত প্রয়োজন। আমি একথা উত্থাপন করছি এইজন্য যে ভারতবর্ষের আজকের যে অগ্রগতি সে সমাজতন্ত্রের পথে চলছে কি চলছে না তা উপলব্ধি করতে হ'লে ভারতবর্ষকে সমগ্রভাবে জানতে হবে, দেখতে হবে বুঝতে হবে, সঙ্গে সঙ্গে ভারতবর্ষের বাইরে পৃথিবীর অন্যান্য দেশের পরিস্থিতি এবং তার রিঅ্যাকশন আপন ইন্ডিয়া এই সমস্ত কথা চিন্তা করে মার্কসের মূলনীতির সঙ্গে মিলিয়ে ভারতবর্ষকে দেখতে হবে।

[9-30—9-40 a.m.]

সঙ্গে সঙ্গে মার্ক্সবাদের ইতিহাসের ধারার মূল বিষয়, যুগ যুগ ধরে নানারকম সমাজের আরম্ভ, বিকাশ, পরিণতি ও শেষ দেখতে পাওয়া যায়। আরও সেখানে আছে মার্ক্সবাদের মধ্যে যে

মানুষের সমাজ বহু স্তর অতিক্রম ক'রে এক সময় সামন্ততন্ত্র যুগে এসেছিল এবং তার বিনাশ হয়েছে, ধনতন্ত্রের অভ্যুত্থান হয়েছে, কোন কোন দেশে এখন তার অবসান ঘটেছে। মার্ক্সবাদের কথা কালের যাত্রায় ধনতন্ত্রের বিনাশ অবশ্যম্ভাবী। আজকে সেজন্য যেখানে ক্যাপিটালিজম হায়েস্ট পিকে উঠে ধ্বংসে হ'তে বসেছে, সেখানে ভারতবর্ষে যে সমাজতন্ত্র স্থাপিত হ'তে চলছে সেই সমাজতন্ত্রকে যদি ধনতন্ত্রের আকারে দেখবার চেষ্টা হয় তা হ'লে নিজ স্বার্থে মার্ক্সবাদকে অস্বীকার করা হয়। সে যুগে মহামতি লেনিন যে সমাজতন্ত্রের কথা বলেছিলেন, ভারতবর্ষের মহাপুরুষরা সাধনার মধ্য দিয়ে এ যুগের গণতান্ত্রিক সমাজতন্ত্রের কথা বলেছেন। এ যুগের মানুষের অধিকতর মঙ্গলের জন্য একথা জ্যোতিবাবুকে অবহিত হ'তে হবে। আজকে মার্ক্সবাদের ফর্মুলার মধ্য দিয়ে ভারতবর্ষকে বুঝতে হবে, জানতে হবে, যতটুকু বৈজ্ঞানিক পন্থা তার মধ্যে আছে তার দ্বারা বিজ্ঞান সর্বক্ষেত্রে, সর্বদেশে নতুন আবিষ্কারের পূর্বে সত্য। ভারতবর্ষ স্বাধীন হয়েছে, ধনতন্ত্রের অভ্যুত্থান এখনও হয় নি—তার ভিত্তির উপর আমরা সমাজতন্ত্র প্রতিষ্ঠার চেষ্টা করেছি। ধনতন্ত্রের যে অবদান শিল্প গড়ে উঠা সেই ইন্ডাস্ট্রিয়াল রেভলিউশন আমাদের ভারতবর্ষে হয় নি, আজকে তার উপর আমাদের সমাজতন্ত্র করতে হচ্ছে। সেজন্য মানুষের মঙ্গলের জন্য যত রকম উপযোগী জিনিসপত্রের দরকার, সেই সম্পদ, সেই সামগ্রী, সেই অর্থ আমাদের নেই। আজকে বণ্টনের কথা শুধু চিন্তা ক'রে ভারতবর্ষ সমাজতন্ত্রের পথে অগ্রসর হচ্ছে কি হচ্ছে না এটা কেবল বিচার করলে ভারতবর্ষের মূলনীতি বুঝা অসুবিধা হবে। সেজন্য আজকে ভারতবর্ষের মূলনীতি সম্বন্ধে তাঁদের সন্দেহ হয়েছে। যে দেশে ধনতন্ত্রের অভ্যুত্থান হ'ল না ব'লে যন্ত্রশিল্প নেই, আমাদের উৎপাদনের উৎস জমি এবং যন্ত্রশিল্প ; যন্ত্রশিল্প হ'ল না, বৈজ্ঞানিক পদ্ধতিতে জমিতে উৎপাদনের চেষ্টা এবং যন্ত্রশিল্প একান্ত প্রয়োজন—তাও আমাদের দেশে নেই। আজকে একথা আমাদের ভাল ক'রে জানতে হবে যে, আজকের যুগে বলরামের লাঙ্গলের মাধ্যমে চাষ করলে আমরা যে উৎপাদন চাই সে উৎপাদন পাব না। ভারতবর্ষের এই অবস্থা চোখের সামনে রেখে মার্ক্সবাদের কথা আমাদের চিন্তা করতে হবে, তবেই আমরা ভারতবর্ষকে বুঝতে পারব। মার্ক্সবাদের ইতিহাসের বৈশিষ্ট্যগুলি—তাকেও মোটামুটি ছয় ভাগে ভাগ করা যায়- ইভলিউশন অথবা পরিবর্তন, সেই পরিবর্তনের গতি হবে জিগজ্যাগ কোর্স, অসমান গতি এবং সেখানে বিপ্লব ঘটানো যায় না, যেকথা বারবার ক'রে জ্যোতিবাবু বলেন—মার্ক্সবাদে বিপ্লব অবশ্যম্ভাবী। শ্রেণীসংগ্রাম এবং শ্রেণীভেদ ব্যাপারে আমরা তাঁদের সঙ্গে একমত হ'তে পারি না। তারপরের অবস্থা হচ্ছে বাহিরের এবং ভিতরের অবস্থায় সামঞ্জস্যবিধান, যেজন্য আমি এই প্রশ্নের অবতারণা করেছি যে, উৎপাদন ও বণ্টন ব্যবস্থার মাধ্যমে ভিন্ন ভিন্ন সমাজের ও সভ্যতার গঠন ও পতন হয় এ হচ্ছে মার্ক্সএর উক্তি। ইতিহাসে দেখা যাবে যাঁরা অগ্রবর্তী ছিলেন তাঁরা পিছিয়ে যাচ্ছেন এবং যাঁরা পিছিয়ে পড়েছিলেন তাঁরা ক্রমে এগিয়ে যাচ্ছেন। উনবিংশ শতাব্দীর রুশের ইতিহাস, তারা অনেকে পিছিয়ে ছিল, আজকে এগিয়ে গেছে। তেমনি ভারতবর্ষ অনেক পিছিয়ে পড়েছিল, অনেকদিন ধরে পাথর চাপা পড়েছিল। সামন্ততান্ত্রিক যুগের পর পাথর তুলে দেখা গেল ক্যাপিটালিজম ধ্বংস হয়ে যাচ্ছে, একটা ফেজ ভারতবর্ষের উপর দিয়ে যায় নি। অথচ ভারতবর্ষে আজকে আমাদের সমাজতন্ত্র প্রতিষ্ঠিত করতে হবে। এটা ইতিহাসের কথা যে অগ্রবর্তীরা পিছিয়ে পড়ছেন এবং যাঁরা অনগ্রসর তাঁরা ক্রমে এগিয়ে যাচ্ছেন—সেখানে রুশের কথা বলা হয়েছে। তেমনি ভারতবর্ষ পিছিয়ে ছিল, এগিয়ে যেতে আরম্ভ করেছে দ্রুতগতিতে। এগুলি চাপা দিয়ে রেখে কত মণ ধান হয়েছে, কেন লোকে পেট পুরে খেতে পাচ্ছে না সেজন্য রাজ্যপালিকাকে ধন্যবাদ দেওয়া গেল না—সেই "কেন" বিষয়বস্তুর মধ্যে না গিয়ে আজকে আমাদের অন্য বিচারবুদ্ধি দিয়ে দেশকে বুঝতে হবে। উৎপাদন এবং বণ্টন ব্যবস্থায় নূতন সমাজ সৃষ্টির কথা মার্ক্সএর মধ্যে আছে। ধনতন্ত্রের অবদান, উৎপাদন আমরা পাই নি—বণ্টন কি ক'রে পাব যদি আমাদের দেশে সমস্ত জিনিস তৈরি না হয়? অর্থের সৃষ্টি হ'ল না, সামগ্রী প্রস্তুত হ'ল না, সম্পদ সৃষ্টি হ'ল না—বিতরণ হবে কি ক'রে? (শ্রীযুত হেমন্তকুমার ঘোষালঃ ডক্টরেট অফ ফিলজফি হয়ে গেছেন।) (কমিউনিস্ট পার্টির বেঞ্চ হইতে হট্টগোল)। হেমন্তবাবু এসমস্ত জিনিস ভালো বুঝতে পারেন নি ব'লেই আমি বলছি। তিনি হাসনাবাদে কোন্ খাল কাটা হয় নি সেজন্য প্রদেশপালিকাকে তাঁর ভাষণের জন্য ধন্যবাদ দেওয়া যাচ্ছে না—এই সমস্ত কথা বলেন এবং তারই জন্য ফিলজফির কথা তোলা হয়েছে। মার্ক্সবাদের দৃষ্টিতে ভারতবর্ষের বস্তুবাদ দেখতে হবে। পুরাতন সামন্ততন্ত্রের দেশে কংগ্রেস গণতান্ত্রিক সমাজতন্ত্রের প্রতিষ্ঠায় অগ্রসর হ'তে চায়।

আজকের যুগে সাম্যবাদ ছিল এটা মার্ক্সবাদের স্বীকৃতি। সাম্যবাদ সোজা কথা নয়, ক্যাপিটালিজম যে দেশে খ্রো করে নি সে দেশে সমাজতন্ত্রবাদ প্রতিষ্ঠা করতে হবে। সেই দৃষ্টিভঙ্গী দিয়ে যদি ভারতবর্ষকে দেখবার চেষ্টা হয় ত' হ'লে প্রদেশপালিকার বক্তৃতার মধ্যেই আমরা ভারতবর্ষকে বুঝতে পারব এবং তাঁকে ধন্যবাদ দিতে পারব। আজকে আমাদের দেশের সমাজতন্ত্র কি তা জানা দরকার। মার্ক্সবাদের কথাতে বলি—উৎপাদনে মালিকানায় শোষণ রহিত ক'রে মানুষের মঙ্গলসাধন করাই হচ্ছে ভারতবর্ষের সমাজতন্ত্র। মার্ক্সবাদের কথা বলি, যন্ত্রশিল্পের চরম বিকাশ এবং একত্রিত বা যৌথ কাজের প্রবর্তন ভিন্ন বর্তমান যুগে সমাজতন্ত্র অসম্ভব—একথা কমিউনিস্ট পার্টির বইএর কথা, অমিত সেনের বইএর কথা। আমি এটা পড়ে শোনাচ্ছি—এখানে গণতান্ত্রিক পদ্ধতিতে সমাজতন্ত্রকে অগ্রসর হ'তে হচ্ছে এবং এখানেই চীন এবং রাশিয়ার সঙ্গে ভারতবর্ষের তফাৎ। এক জায়গায় বলেছেন—প্রথম সোস্যালিস্ট বিপ্লবের পর আত্মরক্ষার খাতিরে অনেক ব্যাপারে চণ্ডনীতির আশ্রয় আবশ্যক হয়ে পড়ে। শেষের দিকে বলছে নতুন পারিপার্শ্বিক অবস্থায় সশস্ত্র বিপ্লব ও গৃহযুদ্ধ ছাড়াও দেশবিদেশে সমাজতান্ত্রিক বিধিব্যবস্থা আসিতে পারে, শান্তিপূর্ণ উপায়ে সোস্যালিজম প্রতিষ্ঠার সম্ভাবনা এখানে স্বীকার করিতেই হইবে। কমিউনিস্টদের এখানে আপত্তি করিবার কিছুই নাই কারণ শুধু বলপ্রয়োগের খাতিরে বলপ্রয়োগ কারও কাম্য হ'তে পারে না—এ উক্তি অমিত সেনের "ইতিহাসের ধারা"। এদেশে সোস্যালিস্টিক প্যাটার্নের কথায় বারবার জ্যোতিবাবু বলেন যে, তিনি এটা বুঝতে পারেন না। কেন যে বুঝতে পারেন না তা বলতে পারি না। নাগপুর সম্মেলন হয়ে গেল, সেখানে কৃষি সম্বন্ধে কি করা হবে তা বলা হয়েছে এবং তার তারিখ পর্যন্ত নির্দিষ্ট হয়ে গেছে। তিনি বুঝতে পারছেন না যে, আমাদের দেশে উৎপাদনের প্রধান উৎস শিল্প এবং জমি। জমি সম্বন্ধে কংগ্রেস সরকার কি করছেন, তা তিনি যখন জানতে চাচ্ছেন, তখন সোস্যালিস্টিক প্যাটার্নের অবজেক্টিভ কি সেটা তাঁর অবগতির জন্য জানাচ্ছি—

In order to realise the object of the well-being and advancement of the people of India and the establishment in India by peaceful and legitimate means of a co-operative commonwealth based on equality of opportunity of political, economic and social rights and aiming at world peace and fellowship, and to further the objective stated in the Preamble and directive principles of the State policy of the Constitution of India, planning should take place with a view to the establishment of a socialistic pattern of society where (a) the principal means of production are under social ownership or control, (b) production is progressively speeded up, (c) there is equitable distribution of the national wealth, and (d) there is progressively fuller employment so as to lead to full employment within a period of 10 years.

[9-40—9-50 a.m.]

এই হচ্ছে ভারতবর্ষের সোস্যালিস্টিক প্যাটার্ন অফ সোসাইটির মেন অবজেক্টিভস। সেই পথেই আমরা ভারতবর্ষের কাজ ক'রে চলেছি। অতএব আমাদের দেশ সমাজতান্ত্রিক পথে চলেছে এ বিষয়ে সন্দেহ করলে মার্ক্সের বিদ্যানীতিকে অস্বীকার করতে হয়। এখন আমাদের শিল্প, জমি, সমাজতন্ত্রের উৎস তার সম্বন্ধে অনুধাবন করলে তবেই সহজে প্রদেশপালের ভাষণ ধন্যবাদের সঙ্গে গ্রহণ করতে পারব। আমাদের শিল্প এবং জমি এই দুটোই উৎপাদনের উৎস। সেইজন্যই আমরা বলতে আরম্ভ করেছি খাদ্যসমস্যাই আমাদের প্রধান সমস্যা। আজকে শিল্পের কথা উঠছে কারণ খাদ্য দেবেন কোথা থেকে? যথেষ্ট পরিমাণ খাদ্য তৈরি হ'লেও খাদ্য আমার কাছে অসবে না যদি না আমি মূল্য দিই, যদি আমার উপার্জন না থাকে। সেইজন্য খাদ্যসমস্যা এবং বেকার সমস্যা এই দুটো সমস্যাই একমাত্র আমাদের প্রধান সমস্যা। এই দুটো সমস্যার জন্য আমরা এগার বছর ধ'রে যে পদ্ধতিতে কাজ ক'রে চলেছি তা বুঝতে পারলে তবেই আমাদের পথ বোঝা যাবে।

[At this stage the honourable member reached his time-limit but was allowed to speak for five minutes.]

সেজন্য আমাদের জমি সম্বন্ধে নাগপুরের যে প্রস্তাব সে প্রস্তাবের কথা কালকে ভঞ্জবাবু উত্থাপিত করেছিলেন। দেশের সমস্ত মানুষ তা জানে। সেইজন্য পশ্চিম বাংলায় অন্তত

আমরা সিলিং ফিক্সেশন করেছি। সারপ্লাস ল্যান্ড তা পঞ্চায়তের অধীনে কো-অপারেটিভের মধ্যে আসবে. ল্যান্ডলেস পেজেন্টস এবং আনইকনমিক হোল্ডিং যার আছে তারা সে জমি পাবে। এবং তা ১৯৫৯র মধ্যে করতে হবে এই ডাইরেক্টিভ দেওয়া আছে। সেখানে আমাদের সারের ব্যবস্থা, জলের ব্যবস্থা এবং চাষীদের মূলধনের ব্যবস্থা করতে হবে। জলসমস্যা পশ্চিম বাংলার চাষের সবচেয়ে বড় সমস্যা। জল ইচ্ছা করলেও আমরা দিতে পারছি না। বাংলাদেশের কতকগুলি জেলাতে যেখানে যেখানে ময়ূরাক্ষী, দামোদর কংসাবতী গড়ে উঠবে সেখানে জল পাওয়া যাবে। কিন্তু ২৪-পরগনার দক্ষিণ অঞ্চলে যেখানে লোনা জলে চারপাশ ঘিরে রয়েছে সেখানে কোন ইরিগেশন করা যায় না। মাটির নীচ থেকে ইরিগেশন করতে হ'লে তা হ'লে কালকে জ্যোতিবাবু যে কথা বলছিলেন—সে সম্বন্ধে আমি অনেকের সঙ্গে আলোচনা করেছি যে, তিন ইঞ্চি ডায়মেটার টিউবওয়েলএ জল সেচ করা যায় কিনা। এ বিষয়ে অনেকে সন্দেহ প্রকাশ করেন যে, এতে হয়ত পাইপই ফেটে যেতে পারে। যদিও এ সম্বন্ধে এক্সপার্টএর অপিনিয়ন নেওয়া দরকার। যদি এটা করা যায় তা হ'লে হয়ত এতে অনেক সুবিধা হ'তে পারে। বেকার সমস্যা সম্বন্ধে আমি দুই-এক মিনিটে আমার বক্তব্য রাখব। তার কারণ সময় বেশি নেই। আজকে গ্রাম থেকে দলে দলে ছেলেরা যে স্কুল-কলেজে আসছে এবং হাজার হাজার লক্ষ লক্ষ ছেলে হায়ার এডুকেশনএর দিকে চলেছে বেকার সমস্যার মূল বিষয়বস্তু ঐখানেই লুকিয়ে রয়েছে। আজকে সমস্ত ইংলন্ডে ১১টা বিশ্ববিদ্যালয়ে যত ছাত্র আমাদের কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ছাত্রসংখ্যা তাদের চেয়ে বেশি। ইউনিভার্সিটি অত ছাত্রকে দেওয়া আগে বন্ধ করতে হবে। সেইজন্য আমাদের যে ব্যবস্থা হয়েছে শিল্প শিক্ষার জন্য তা হচ্ছে যে, আমাদের ছেলেরা বি এ পাশ ক'রে টেকনিক্যাল শিক্ষালাভ করতে পারে এই রকম বিদ্যালয় আমাদের ৩৭টা আছে। আই এস সি পাশ ক'রে বিভিন্ন জায়গায় ট্রেনিং নেওয়া যায়, ভোকেশনাল এবং টেকনিক্যাল ট্রেনিং—তার স্কুলের সংখ্যা আছে ১৩টি। এবং কম লেখাপড়া শিখেও ঐ ট্রেনিং নেওয়া যাবে এই রকম স্কুলের সংখ্যা আছে ১৩টা। আরও আছে স্কুল ফাইনাল পাশ ক'রে যে কলেজে না প'ড়ে টেকনিক্যালের দিকে যাবে তাদের স্কুলের সংখ্যা আছে ১৫টি; আবার শুধু ট্রেড সার্টিফিকেট, কমার্স এই সব ব্যাপারে আন্ডার ম্যাট্রিক এই সমস্ত ছাত্রদের পড়বার জন্য ৭টা স্কুল আছে। এবং ইঞ্জিনীয়ারিং এবং অ্যালায়েড ট্রেড ম্যাট্রিক পাশ না ক'রে এবং স্কুল ফাইনাল পাশ না ক'রে ছাত্ররা যে-কোন একটা বৃত্তির মধ্যে যেতে পারবে —এইরকম ২৮টা স্কুল করা হয়েছে। এবং ভোকেশানাল ট্রেড—যারা অত্যন্ত কম লেখাপড় করেছে তারা যে-কোন একটা হাতের কাজ শিখতে পারবে সেজন্য ১৭টা স্কুলের ব্যবস্থা হয়েছে। এইরকম নানা স্কুল মিলে যেখানে আমরা প্রতি বছর ছাত্র নিতে পারি তার সব মিলিয়ে সংখ্যা হচ্ছে ১৩ হাজার ২৫৬টা। এ ছাড়া এ বছর আরও ৭২০ জন বেশী নেওয়া যাবে এবং এর জন্য ৪টি স্কুল খোলা হচ্ছে। আমরা যদি

Technical education, Vocational Training

বিভিন্ন ক্ষেত্রে স্কুল ফাইনাল এবং তার নিচের ছেলেরা যারা গ্রামের মধ্যে পড়াশুনা ক'রে বেকার হয়ে যাচ্ছে তাদের যদি আমরা ডাইভার্ট করতে পারি এইভাবে তা হ'লে আমরা অনেকখানি বেকার সমস্যার সমাধান করতে পারব একথা আমি বিশ্বাস করি। সেইজন্য আমাদের সম্পদের উৎস এক হচ্ছে শিল্প আর এক হচ্ছে জমি এই দুই ব্যবস্থা যদি পাশাপাশি রেখে আমরা যদি এইভাবে কাজ করতে পারি তা হ'লে আমাদের সমস্যা সমাধানের কাজ এগিয়ে যাবে। কালকে শ্রদ্ধেয় জ্যোতিবাবু চীনের কথা তুলেছিলেন এবং বলেছিলেন চীনের সমস্ত ওয়েস্ট ল্যান্ড তারা কাল্টিভেশনএর মধ্যে এনেছে। আমি পিকিং রিভিউজ থেকে পড়ে দিচ্ছি সেটা ১৯৫৮এর সংখ্যা, এখানে বলা হয়েছে

There are 1500 million mous of wasteland in China that could be reclaimed for agricultural use since liberation and only 500 million mous have been found to be ready for cultivation.

সেজন্য সমস্ত জমি আসার প্রশ্ন এখানে উঠে না। এখানে [illegible] দেখছি না। তিনি বলেন এদেশের কিছু হবে না। এদেশে আয়ুব খাঁ এসে পৌঁছালেই তবে এদেশে হবে। তাঁর চিত্ত ঠিক ঐরকমই, সেজন্য তিনি ভারতবর্ষ সম্বন্ধে ঐরকম উক্তি করতে পারেন। তাঁকে প্রশ্ন করা হয় তাঁর রাজনৈতিক দলের কি নীতি আছে? তার কোন উত্তর তিনি দিতে

পারবেন না। কারণ এদেশে ভোটে দাঁড়ালে ২-৪ জন জেতা যায়। সেইজন্যই তিনি আজ এখানে এসেছেন এবং একটি দল করেছেন। আজকে রাজ্যপালের ভাষণের জন্য ধন্যবাদ দিতে পারা যায় এই জন্য যে, যেখানে তিনি বলেছেন

"Today we are living in stirring time and dynamic changes are taking place in the world. In several countries dictatorship have been established but we in India are pledged by our Constitution to upholding the ideals of democracy. We shall always cherish the priceless blessing of the liberty of the individual and his full development.....".

এই ভাষণের জন্যই তাঁকে ধন্যবাদ দেওয়া যায়। তার পরে চীনের সম্বন্ধে জ্যোতিবাবু যে কথা বলেছেন তার সম্বন্ধে আমি তাঁকে

India and China Comparitive Study

থেকে পড়ে শুনিয়ে দিচ্ছি।

It is interesting to know that the first systematic census in China was taken in June 1954.

এদের সম্বন্ধে কোন স্ট্যাটিসটিকস দিতে হ'লে একটা জিনিস মনে রাখতে হবে চায়না সম্পর্কে যে

"In the case of China, the facts and figures that are published are unsystematic and the targets are shown in terms of ratios or percentages of earlier figures whose magnitude is not disclosed."

[9-50—10 a.m.]

এই পদ্ধতিতে এদের সেন্সাস নেওয়া হয়

And it is very difficult for Sj. Hemanta Kumar Ghosal to understand all these things.

এখানে আমাদের যে

Development projects of agricultural production.

সেটা হচ্ছে যেমন ডাঃ উইলফ্রেড যেটা ইন্ডিয়া এবং চায়নার ডেভেলপমেন্ট কন্ট্রাস্ট ক'রে বলেছেন

'It would appear that on the whole equal amounts of agricultural investment in the two countries over five or ten years' period would yield a significantly larger output in India than in China.'

একথা এজন্যে তিনি বলেছেন যে, চীনে এগ্রিকালচারাল ইনভেস্টমেন্ট কোনদিক দিয়ে হয়েছে এবং ভারতবর্ষে এগ্রিকালচারাল ইনভেস্টমেন্টস কোনদিক দিয়ে হয়েছে এই দুটো দেখা দরকার। সেটা হচ্ছে ভারতবর্ষের যেসমস্ত ইনভেস্টমেন্টস টুওয়ার্ডস এগ্রিকালচার হয়েছে আর চীনের যেটা এগ্রিকালচারাল ইনভেস্টমেন্টসএর মধ্যে চীনের ইনভেস্টমেন্টস হয়েছে ইনভেস্টমেন্টস অন প্রডিউসারস গুডস ইন্ডাস্ট্রিজের মধ্যে আর ভারতবর্ষের যেটা সেটা হয়েছে কটন অ্যান্ড টেক্সটাইলসএর মধ্যে। সেজন্যে কোন কোন ক্ষেত্রে ভারতবর্ষ অনেক বেশি প্রডিউস করতে পেরেছে এবং কোন কোন ক্ষেত্রে চীন বেশি প্রোডিউস করেছে

"According to the available statistics, the per capita output in India exceeds the corresponding figures in China in respect of cotton textiles by 75 per cent., cement by 33 per cent. and sugar by 300 per cent. and the per capita output in India would be less than the corresponding figures in China in respect of steel by 58 per cent., coal by 53 per cent., and paper by 132 per cent."

সেজন্যে আজকে আমাদের দেশে যে ধরনের উৎপাদন এবং যে পদ্ধতিতে তা চলছে এবং চীনে যে পদ্ধতি চলছে দুটোর মধ্যে আল্টিমেটলি আমাদের এগ্রিকালচারাল প্রোডাকশন অনেক বেশি এগিয়ে যাবে টেন ইয়ার্স পরে এটা বলতে পারি। সেজন্যে আজকে আমাদের প্রদেশপাল মহোদয়া যে ভাষণ দিয়েছেন—যে ভাষণ বিরোধীপক্ষের বন্ধুরা ধন্যবাদের সঙ্গে গ্রহণ করতে

পারছেন না—আমি সেই ভাষণের মধ্যে সমস্ত ভারতবর্ষের এবং এই বাংলাদেশের অগ্রগতির এবং সাফল্যের যে ছবি দেখতে পেয়েছি সেজন্যে সেই ভাষণকে ধন্যবাদের সঙ্গে সকলকে গ্রহণ করতে অনুরোধ করছি।

Dr. Narayan Chandra Ray: Mr. Speaker, Sir, our Governor spoke about the efficiency of the Health Services. Sir, I would have been very glad if I could give my speech before the Chief Minister because it is to him that I want to put my case. Our Chief Minister is now absent from the House because he never comes into the picture of the Health Services except for ceremonial garlanding on ceremonial occasions. So, he does not at all come into the picture. I would, however, like to place my case before the Chief Minister.

Sir, our Governor spoke about the efficiency of the Health Services. I am asking you, don't you see the daily papers which are full of complaints of inefficiency, insufficiency, dissatisfaction, disorganisation and defects of the hospitals? Don't you find them every day? Don't you see that in every hospital machines are always out of order? Don't you see that departments are represented by notice boards and not by ability to serve?
I ask you, can you explain why specific schemes and patterns of exquisite beauty are daily realed off by our Health Department and daily belied in practice? I pose the question, can you explain why the people, why the members feel that the whole health service is becoming rotten to the core, when the outer skin is being painted the brightest?

I want to place before the House some facts which the Cabinet must attend to and correct before they can expect the health services to function as we would like them to. One of the important facts to which I would draw your attention is the centralisation of power which has taken place of late in Writers' Buildings and the form it has developed into. Are you aware of the process of centralisation? I draw your attention to the monster that has crept in—the centralisation of power. Today no hospital is entitled to do anything until there is directive from the one good man in the centre at Writers' Buildings. If a machine, for instance, in any hospital goes wrong it is only the honest man in Writers' Buildings who can give order for it. If any stock of medicine is sort in any hospital, no one except that one person in Writers' Buildings at the centre who can tackle it—nobody else has the right—and that also if his statistics show the shortage. If there is shortage in the hospital—if any ration or any other staff is necessary, the hospital authority is helpless, even if the whole work at the hospital is at a standstill, nothing can be done until that one honest man in Writers' Buildings gives the order. For removal of even their smallest grievance the staff of the hospital will have to wait for his order.

Our Cabinet has permitted centralisation of power—and it has created a monster—a Hitler in Writers' Buildings—and it has thereby brought about lack of efficiency in every hospital. I am posing the question, will the Cabinet provide the necessary authority, the necessary machinery and the necessary local finance to different hospital authorities? Otherwise, how can you expect things where they should be and the requisite number of persons to be there at the requisite time? This system has given rise to a set of dittomen in posts of strategic importance where we want people with initiative and creative outlook. These persons cannot be expected—like late Sir Ashutosh Mukherji—to stand up to their duty and say, "this is my duty and I must do it". How can you expect it? You cannot.

In hospitals you want the requisite number of persons to be present at the requisite time and how can you expect it—how can you expect all this without providing the necessary authority, the necessary machinery and the necessary local finance to the different hospital authorities?

Let us now analyse the Medical Services cadre. It is said that something new has been created—as if there was no Medical Service before. Look at it more closely. You will find that a narrow mind is operating on the White Paper of National Creation. How can an underling stand up against the sawdust Caesar of the Writers' Buildings? The whole policy is that no high pay can be sanctioned except to persons who are operating in and from Writers' Buildings anchored to the centre of power.

[10-10—10 a.m.]

Those who can influence the centre of power they only can get promotion. Now in the selection of cadre, skill, knowledge and education carry no weight. The standard of education, status of life, cost of production of their skill have no place in the calculation of their wages. The only thing that counts is whether you are connected with the centre of power or not. For the best of cadre in the West Bengal Services you are not getting recruits because the scale of pay is so low and it is so undignified that the better type of entrants refuse to come and join your cadres. They are applying for such services in different provinces and in different countries and many have migrated to those places. Some of our Bengalee doctors are holding very honourable posts in different parts of the world just because our Health Services could not provide suitable jobs for them. Sir, I would draw the attention of the Government and the Legislature to the fact that unless these cadres are revised it is sure that a crash is going to come to the Health Department. It is high time that our Legislature and the Cabinet should give their serious attention to it before the crash actually takes place.

Sir, I may place before you the condition of the Nursing Services. Here also you find the same policy prevailing—promotion depends on proximity to the centre of power. Sir, I may place before you the story of lowering down of the pay scales, the story of demotions and promotions on the theory of pay according to the proximity to the centre of power which do not reflect any credit on the administration of Dr. Bidhan Chandra Roy. Let us take up the new nursing scheme. I will place before you the two tables side by side. The pay of the Assistant Director of Health Services (Nursing) according to the old scale was Rs. 600, diet allowance 150, house rent Rs. 100 and conveyance allowance Rs. 35. But the new scale of pay is Rs. 600 with increment of Rs. 50 every year rising up to Rs. 1,200. I do not know what diet allowance and house rent are being paid under the new scale but the conveyance allowance is Rs. 50. Now, Sir, in the case of the R. G. Kar Hospital it was held by this Department that it was forbidden to pay travelling or conveyance allowance to Government servants. So the R. G. Kar nurses lost Rs. 10 although in the case of the Assistant Director of Health Services (Nursing) a conveyance allowance of Rs. 50 was allowed.

Side by side this I will give you a second table in connection with the nurses of the Kanchrapara Hospital. Their old scales of pay was Rs. 60-3-90 with diet allowance of Rs. 60 but the new scale is Rs. 40-1-60 with diet allowance of Rs. 45. So you see the difference. In the case of the Assistant Director of Health Services (Nursing) who is working in the Writers' Buildings, the scale is Rs. 600—50—1200 but in the case of nurses in the Kanchrapara Hospital the scale is only Rs. 40——60. In the case of the nurses in the Kanchrapara Hospital the diet allowance

has been reduced from Rs. 60 to Rs. 45. This reduction in the scale of diet allowance has got an ugly story behind it. They were asked to eat at Health Services canteens which supplied food said to be worth Rs. 60 a month. They were told that if they took their food at the canteens they would get Rs. 60 worth of food but if they did not take their food there and if they wanted cash money for their family they were asked to accept only Rs. 45 in cash. Sir, this is the whole picture. Does it reflect any credit on the Department? How can you expect these people to have grateful memory of your Directorate when you have cut down their pay from Rs. 60 to Rs. 40? Sir, this is really a dirty job. I am coming to this point, Sir. We have wanted a commission of enquiry in this matter. Do you know, Sir, what sort of bogus information is supplied to us? I am talking of the nurses. They say the ratio of nurses is 5 beds to 1. Now I am asking these questions. Do they expect the nurses to work 24 hours? Do they exempt the Sisters and other staff from that? About hospitals it has been calculated on the basis of 400 beds. As a matter of fact, they have got to provide for extra 400 beds. What happens is that on paper the legislators and the public are shown the ratio as 5 to 1, but when it comes to actual operation one nurse has to attend 30 to 35 beds. Sir, it is high time they work for real operation, not the paper theories. If they want a good, efficient and healthy Health Directorate, they will have to look into the practical difficulties, not the paper statements of their Directors. Unless these very fundamental state of things are corrected we cannot have an atmosphere, we cannot have a precise working of a healthy nursing system. It requires a ratio of patients, nurses and shifts, where people can work nicely, with efficiency and attend to the number of patients. I will ask the Chief Minister, as he was told of the ratio of 5 beds to 1 nurse, to go one day *incognito*—he is such a famous man that he cannot go *incognito*, as he told us the other day when he went to purchase a bag of rice, still he can pay a surprise visit and see how many nurses are attending how many patients. I am just putting a question to the House. Our Rajyapal has said of 25,000 beds. It is time to ask how many nurses are attending these 25,000 beds—if 5 beds to 1 nurse is the order. I am asking the Chief Minister—he himself signed an order on 11th December 1957—an order for 1000 Sevikas whether these 1000 Sevikas added to the existing nurses supply the whole set. Not only this, Sir, in Kanchrapara 900 patients are looked after by 85 nurses. Does that satisfy the ratio of 5 to 1?

Now the important question comes in. It is a pity that when the nurses protested their soft feminine voice could not draw attention either of the Cabinet, or of the Ministers or of the press or of the public or of the legislators—it was such a soft voice. The doctors also protested and asked for interview but could not get it. This question has now come to the forefront. Just on the pressure it has come to the fore—a pressure which the Directorate could not ignore. But why did it come up? This question remained unattended to for the last one year.

The same dirty trick was being played with the Class IV employees. As this question comes up I want to draw the attention of the House to the fact that the struggle of the Class IV employees which is now going on is against the hospital administration, against the Directorate. We see the same ugly picture and long story of broken promises, promises not unimplemented but misimplemented. Before the Chief Minister has the right to speak as he spoke on he 5th afternoon. I am putting one

[10-10—10-20 a.m.]

accusation. He spoke about 8 hours duty in June, and spoke about it many times. He told me and also many others that on the 8 hours duty question he calculated that 15 per cent. more men will be required. That is a categorical statement given, but that is not on paper. It was given five or six times; but what happened? In Kanchrapara in December an order was made, and what was the order? Previously one Sweeper used to attend 10 patients; now the order was that one sweeper was to attend 15 persons, and Sir, 49/50 beds were attended by 3 sweepers. Now, I am putting this question, how will you work that? I am putting another question. The Chief Minister said 15 persons will be increasing. What was the implementation? The implementation was that the personnel was not only not increased but that the Directorate showed that the existing personnel were surplus. So, while the Chief Minister said that 15 more men will be required, the Director said that there was a surplus.

Dr. Hirendra Kumar Chattopadhyay: Sir, where is the Chief Minister and where is the Health Minister? They administer by their absence.

Mr. Speaker: Don't bother.

Dr. Narayan Chandra Ray: I am putting another question which is really important. It is not only the breakage of promise but also a question of prestige. I am putting it categorically that through the Director, and with the Director the Chief Minister, promised a scale in June that the scale of the third lower grade would be Rs. 35-40, 40-60 and 50 to 75. What happened? Everything was quiet and silent, and then on the 11th October 1959 just on the eve of his departure to Delhi, Bombay and America, in the evening, he signed an order in front of us. We were told that the pay scale that was going to be given was less than what was before. It was Rs. 30—35, Rs. 35—40 and Rs. 40—60. Dr. Ganguli was there, Secretary of the Jadabpur Hospital was there. I was surprised at this breakage of promise. I told the Chief Minister that your promise was this. The Director was there; he said, yes sir, you promised this. But the Chief Minister said that Finance has disagreed, the Chief Minister promising and the Finance stabbing from the back. To me and to you, Sir, it might have a meaning, but to the poor people there is no difference between the Finance Minister and the Chief Minister. On the background of such broken promises the Directorate has given rise to a monster. Standing on the top of a huge series of broken promises the Chief Minister is asking the people to go back just on his words. I am telling you categorically on behalf of the people, on behalf of the workers that they do not want a strike, they do not want to paralyse the hospital administration. I can tell you that the Ministers and many big people can afford to get treatment at home, but the people in general and the workers themselves are very poor and they need hospital treatment. They are more interested than anybody else to see that the hospital services do not go wrong. Sir, is it not proper, am I not justified in telling you, and through you the Legislature and our Chief Minister that it is high time that our Chief Minister should realise the background of this trouble? The strike is a spontaneous one. If, as I have narrated before, this is not the background of the trouble, I do not know what it is. Now, I can categorically tell you that it is the Chief Minister—I say the Chief Minister alone and not anybody else—who can save the situation by giving a categorical assurance, by giving something tangible and acceptable. The workers have seen many promises broken. I am asking the Chief Minister, through you, to stand up here and now and say emphatically and categorically something more practical and tangible than a verbal promise, the like of which the workers

have heard many times and seen broken shamelessly and misimplemented. If he says so, I can assure the House that the workers will be willing and eager to meet all the demands for service and withdraw the strike notice. I will talk to them, but he must say that if the Director does not implement his orders he will sack him.

Sir, I may tell you about one of the painful episodes in my life. I personally hang my head in shame. I can tell you, Sir, that one of my idols of my adolesence and youth was smashed in the Chief Minister's room on the evening of 11th October, 1958, when he promised to me to give something, signed an order and that promise was not implemented. I can categorically tell you that we are prepared to do everything to see that the trouble is over, but I would request the Chief Minister, through you, Sir, that he should be more categorical, that he should be more accomodating, that he should see that the promise that will be made will be implemented.

Thank you, Sir.

Sj. Pijus Kanti Mukherjee:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত দুদিন যাবৎ এই হাউসের মধ্যে যেসমস্ত বক্তারা বক্তৃতা দিয়েছেন তা আমি বিশেষ মন দিয়ে শুনেছি। বিশেষতঃ আমার বিরোধীপক্ষের বন্ধুরা যা বলেছেন তা যতদূর সম্ভব বোঝবার চেষ্টা করেছি। তাতে মনে হ'ল যে তাঁদের বক্তৃতায় বাদবিতণ্ডাই হয়েছে এবং তাকে সমালোচনা বলা যায় না। সমালোচনা তখনই জোরালো হবে যখন কোন বক্তৃতার মধ্যে 'ডার্ক অ্যান্ড ব্রাইট সাইড' দেখানো হয়, দোষ-ত্রুটি দেখানো হয়। কিন্তু তা না ক'রে একটা হতাশার সৃষ্টি করার চেষ্টা করেছেন। এই হতাশার সৃষ্টি করাকে কোন দলের পক্ষে সুস্থতার লক্ষণ বলা যায় না। কিন্তু এই হতাশা, পুরাতন আর্তনাদ এই চলেছে। স্বাধীনতার পরবর্তী যুগের কথা আমরা যদি বিচার করি, আমরা যেসব সুন্দর পরিকল্পনা করেছি সেই পরিকল্পনার ভিত্তি হচ্ছে গণতান্ত্রিক। গণতান্ত্রিক উপায়ে আমরা পরিকল্পনাকে সার্থক ক'রে নিয়ে যাবার চেষ্টা করছি। গণতান্ত্রিক উপায়ে পরিকল্পনা গ্রহণ করা জগতের মধ্যে ভারতেই হয়েছে। এই পরিকল্পনাকে যদি সার্থকভাবে রূপায়িত করতে পারি তা হ'লে গণতন্ত্রের সার্থক প্রতিষ্ঠা হবে। আর তাকে যদি সার্থকভাবে রূপায়িত না করতে পারি তা হ'লে শুধু ভারতবর্ষে নয়, সমস্ত জগতে গণতন্ত্রের সমাধি রচনা হবে।

[10-20—10-30 a.m.]

সুতরাং এ বিষয়ে আমাদের সতর্কতার সহিত অগ্রসর হওয়া প্রয়োজন। অবশ্য এই পরিকল্পনার ব্যর্থতায় অপরপক্ষের যে আনন্দের কারণ হবে সে বিষয়ে কোন সন্দেহ নেই। সেজন্য বিভিন্ন সমস্যা ও প্রতিকূল অবস্থার মধ্যে আমরা আমাদের অর্থনৈতিক উন্নয়নের চেষ্টা করছি। আমাদের দেশে সবচেয়ে বড় সমস্যা হচ্ছে খাদ্যসমস্যা এবং এই খাদ্যসমস্যার সমাধান আমাদের সর্বাগ্রে করতে হবে। এজন্য গত বৎসরে সরকারকে কঠোরভাবে পরিশ্রম করতে হয়েছে। কিন্তু যাতে আগামী বৎসরে এই অবস্থার পুনরাবৃত্তি না ঘটে সেজন্য সরকার নূতন নীতি গ্রহণ করেছেন। কিন্তু আজ আমরা দেখতে পাই যে এই নূতন নীতিকে ব্যর্থ ক'রে দেখার জন্য লক্ষ লক্ষ ছোটবড় ব্যবসায়ীরা চেষ্টা করছেন। সেজন্য আমাদের এ বিষয়ে অত্যন্ত কঠোর ব্যবস্থা অবলম্বন করা দরকার। আমাদের এই নতুন নীতিকে যারা ব্যর্থ ক'রে দেবার জন্য চেষ্টা করছেন, প্রয়োজন হ'লে সেই সমস্ত কলকে সরকারের হাতে নেওয়া প্রয়োজন। কিন্তু এই খাদ্য সমস্যার কারণ কি? আমরা দেখতে পাই যে, খাদ্যের উৎপাদনের জন্য সবচেয়ে বেশি প্রয়োজন জলের, সেই জলেরই আমাদের বেশি অভাব। সার ও বীজের চেয়ে আমাদের দেশে জলেরই বেশি প্রয়োজন। সেজন্য আমাদের দেশে অতিবৃষ্টির চেয়ে অনাবৃষ্টির দ্বারাই ক্ষতি বেশি হয় এবং এর ফলে দেশে খাদ্যাভাব দেখা যায়। সুতরাং আমি বলব যে, এর জন্য ছোট ছোট পরিকল্পনার খুব বেশি প্রয়োজন। আমরা ময়ূরাক্ষী, দামোদর প্রভৃতি বড় বড় জিনিস গড়ে তুলছি, কিন্তু আমরা যদি আমাদের বাস্তব অবস্থার সঙ্গে বিচার বিবেচনা না করি তা হ'লে আমাদের কাজ ব্যর্থ হ'তে বাধ্য হবে। এ বিষয়ে আমাদের সরকারের মানসিক পরিবর্তন খানিকটা প্রয়োজন আছে। বড় বড় পরিকল্পনার দ্বারা আমরা জগতের কাছে বড় হ'তে পারি,

কিন্তু তার দ্বারা আমাদের দেশের সামগ্রিক উন্নতি হবে না। পুকুর, টিউবওয়েল, ছোট ছোট নদীতে বাঁধ দিয়ে আজ আমাদের জলসেচ করা প্রয়োজন এবং এতে একরপ্রতি খরচও কম হয়। অর্থাৎ যেখানে দামোদর প্রভৃতি বড় পরিকল্পনার দ্বারা একর-প্রতি ২৫০।৩০০ টাকা খরচ পড়ে আর সেখানে ছোট ছোট পরিকল্পনার দ্বারা ২০ থেকে ৬০ টাকা মাত্র খরচ পড়ে। আমাদের উত্তরবঙ্গে, বিশেষ ক'রে এর সুযোগ খুব আছে। এ ছাড়া কৃষি উন্নয়নের জন্য আমাদের আরও অনেক দিকে নজর দেওয়া দরকার। অর্থাৎ কৃষকদের মধ্যে অধিক পরিমাণে খাদ্যশস্যের উৎপাদন বৃদ্ধি করার মতন প্রেরণা আমরা এখনও সৃষ্টি করতে পারি নি। এ বিষয়ে আমাদের যে মেসিনারি কাজ করছে সেই মেসিনারি ঠিক সার্থকভাবে নিজেরা গড়ে তুলতে পারে নি এবং এই পরিকল্পনাকে সার্থক করার জন্য যে দৃষ্টিভঙ্গির প্রয়োজন তাও তাদের বিশেষ নেই। সুতরাং আমি আশা করব যে, এই দৃষ্টিভঙ্গির যাতে পরিবর্তন হয় তার জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ করা দরকার। এরপর আমাদের উদ্বাস্তু সমস্যার কথা আসে। উদ্বাস্তু যাঁরা এখানে এসে গেছেন তাঁদের মধ্যে আংশিক পুনর্বসতি এবং একেবারে পুনর্বসতি হয় নি এইরকম বহু লোক আছে। এজন্য আমাদের যে দণ্ডকারণ্য পরিকল্পনা গ্রহণ করা হয়েছে সে বিষয়ে আমাদের অত্যন্ত সচেতনভাবে অগ্রসর হওয়া প্রয়োজন। কেরালা পাঞ্জাব, অন্ধ্রের লোকের কাছে যদি দণ্ডকারণ্য বিদেশ ব'লে মনে না হয় তা হ'লে বাঙালীর পক্ষেও এটা মনে হওয়া উচিত নয় এবং এর বিরোধিতা করাও সমীচীন নয়। পূর্বে বাঙালীরা যখন সারা ভারতবর্ষে বিভিন্ন প্রদেশে নিজেদের প্রভাব বিস্তার করেছিল তখন বাঙালী ভারতবর্ষকে সামগ্রিকভাবে উন্নতি করবার চেষ্টা করেছে। কিন্তু যেদিন থেকে আমরা বাঙালী বাঙালী ব'লে চিৎকার আরম্ভ করেছি সেদিন থেকেই বাঙালীরা প্রকৃতপক্ষে সমগ্র ভারতীয় দৃষ্টিভঙ্গিতে চলতে পারছে না। সুতরাং দণ্ডকারণ্য পরিকল্পনা অত্যন্ত যুক্তিসঙ্গত হয়েছে। আমরা গত কয়েক বছরে, বিশেষ ক'রে স্বাধীনতার পরবর্তী যুগে, শিক্ষাব্যবস্থায় প্রভূত উন্নতিলাভ করেছি। ১৯৪১ সালে বাংলাদেশে শিক্ষার গড় যেখানে ১৬ ছিল সেখানে ১৯৫১ সালে সেটা ২১ হয়েছে এবং ১৯৬১ সালে সেটা ৭০এর কাছাকাছি যাবে। আমাদের প্রাথমিক, মাধ্যমিক, কলেজের সংখ্যাই যে শুধু বাড়ছে তা নয়, ছাত্রের সংখ্যাও দ্রুতগতিতে বৃদ্ধি পাচ্ছে। স্বাধীনতার পর আমাদের দেশের জনসাধারণের মধ্যে শিক্ষার আগ্রহ যে বেড়েছে তার কারণ হচ্ছে শিক্ষা সম্পর্কে সরকারের উদার দৃষ্টি রয়েছে। সাধারণ শিক্ষা বাদে আমাদের দেশে টেকনিক্যাল এডুকেশন আমাদের স্টেটে অনেক ভালই হচ্ছে। আমি বলতে চাই যে, টেকনিক্যাল নলেজ আমাদের যতটা প্রয়োজন তা দিন দিন বাড়ছে এবং আমরা যা আশা করতে পারি নি তার চেয়ে অনেক বেশি বেড়েছে। সুতরাং টেকনিক্যাল শিক্ষাপ্রাপ্ত যেসমস্ত ছেলেরা বেরিয়ে আসছে তাদের জ্ঞানকে যাতে আমরা পুরোপুরিভাবে কাজে লাগাতে পারি সেই ব্যবস্থা আমাদের করতে হবে। এই টেকনিক্যাল শিক্ষাপ্রাপ্ত ছেলেরা যাতে স্বাধীনভাবে ছোটখাট কুটিরশিল্প গড়ে তুলতে পারে তার জন্য চেষ্টা করা দরকার এবং তা হ'লে বেকার সমস্যার অনেকটা সমাধান হবে। আমাদের দেশে যখন বড় বড় শিল্প ক'রে বেকার সমস্যার সমাধান করা সম্ভব নয় তখন ছোট ছোট শিল্প ক'রে যাতে আমরা অন্নের সংস্থান করতে পারি এবং দেশকে সমৃদ্ধির পথে এগিয়ে নিয়ে যেতে পারি সেই চেষ্টাই করতে হবে। এখানে কেবলমাত্র শিক্ষা দিলে চলবে না তারা যাতে সমবায় পদ্ধতিতে কাজ করতে পারে তার জন্য আর্থিক সাহায্য করতে হবে। কুটিরশিল্পকে যদি রক্ষা করতে হয় তা হ'লে আমাদের আরও কতকগুলি ব্যবস্থা অবলম্বন করা দরকার। অর্থাৎ যেমন বড় বড় কারখানার সঙ্গে প্রতিযোগিতায় আমাদের কুটিরশিল্প বাধাপ্রাপ্ত না হয় তার জন্য ব্যবস্থা করা দরকার। এজন্য আমি বলব যে একটা লিমিটেশন রাখা দরকার। যেমন কতকগুলি ব্যাপারে প্রাইভেট এবং পাবলিক সেকটারে একটা লাইন অফ ডিমারকেশন টানা হয়েছে। ঠিক এইরকম বড় ও কুটিরশিল্পের মধ্যে একটা লিমিটেশন টানা দরকার যাতে তারা বড় শিল্পের প্রতিযোগিতা থেকে আত্মরক্ষা করতে পারে এবং নিজেদের জীবিকার্জন করতে পারে। এই কারণেই তারা দেশকে সমৃদ্ধির পথে এগিয়ে নিয়ে যেতে পারবে এবং এইভাবেই আমরা অগ্রসর হ'তে পারব। এদিকে যদি সরকার নজর দেন তা হ'লে আমি মনে করি, সমস্ত দিক দিয়ে দেশের সার্থকতা আসবে এবং গণতন্ত্রের সার্থকতা প্রমাণিত হবে। আমাদের দেশে যে গণতন্ত্রের উপর ভিত্তি ক'রে পরিকল্পনা চলছে সেই পরিকল্পনা যদি সার্থক হয় তা হ'লে গণতন্ত্র বাঁচবে আর তা না হয়ে যদি পরিকল্পনা ব্যর্থ হয় তা হ'লে গণতন্ত্রের সমাধি শুধু ভারতবর্ষেই হবে না সমস্ত জগতে গণতন্ত্রের উপর একটা অবিশ্বাস দেখা দেবার যথেষ্ট সম্ভাবনা রয়েছে।

আমি বিশ্বাস করি এই নীতি গ্রহণ ক'রে যদি এভাবে এগিয়ে যান তা হ'লে পর আমাদের মানসিক পরিবর্তনের যে প্রয়োজন সেই প্রয়োজনের সঙ্গে সঙ্গে যে যন্ত্রের দ্বারা কাজ করা হয় সেই যন্ত্রেরও সংস্কার ও উন্নতিসাধনের প্রয়োজন। মাননীয় স্পীকার মহাশয়, আমাদের এই প্রচেষ্টা যদি এভাবে বাড়ানো হয় তবে আজকে যাঁরা এই হলে দাঁড়িয়ে যেসব বিভিন্ন বক্তৃতা দিয়েছেন, আলোচনা করেছেন, সমালোচনা করেছেন তাঁদের সকলের পক্ষেই সেটা আনন্দের কথা হবে। এই আনন্দকে যদি বাড়িয়ে দিতে চান, অর্থাৎ যদি আমাদের দেশকে সমগ্রভাবে অর্থ-নৈতিক শিক্ষার এবং অন্যান্যভাবে উন্নয়নের চেষ্টা করতে চান তা হ'লে তার জন্য সচেষ্ট হওয়ার প্রয়োজনীয়তা আছে ব'লে বিশ্বাস করি।

[10-30—10-40 a.m.]

Sj. Chitto Basu:

মিঃ স্পীকার, স্যার, কিছুক্ষণ আগে কংগ্রেসের জনৈক সদস্য শ্রীহংসধ্বজ ধাড়া মহাশয় রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদ জ্ঞাপন করতে উঠে সমাজতান্ত্রিক কাঠামোতে সমাজ গঠনের যে আদর্শ আমাদের সামনে রাখা হয়েছে তার তারিফ করলেন। যদিও এ সম্পর্কে বিস্তৃত আলোচনা করবার সুযোগ নাই তবুও আমি আপনার মাধ্যমে তাঁর কাছে কয়েকটা কথা বলব। যাঁরা নাকি সেই সমাজতান্ত্রিক ধাঁচে পশ্চিম বাংলায় সমাজব্যবস্থা গঠন করবেন সেই সরকারী কর্মচারীদের সামনে কি দৃষ্টান্ত ও কি আদর্শ রাখা হয়েছে তাঁদের সমাজ গঠনের কাজে উদ্বুদ্ধ করবার জন্য? আপনি জানেন, মিঃ স্পীকার, স্যার, আজকে সরকারী কর্মচারীদের মধ্যে ১ লক্ষ ৫৩ হাজার নন-গেজেটেড যে স্টাফ তাদের কি অবস্থা। তাদের শতকরা মাত্র ৪৮ জন স্থায়ী, আর চতুর্থ শ্রেণীর সরকারী কর্মচারীদের মধ্যে মাত্র ২০ ভাগ স্থায়ী। তা ছাড়া এক বিরাট সংখ্যা অস্থায়ী রয়েছে। অপরপক্ষে, বেতনের কথা যদি বলি তা হ'লে দেখতে পাবেন যে, শতকরা ৪৭ জনের মাসিক বেতন ৭৫ টাকারও কম—এবং এ সংবাদও আমরা জানি যে, ২০ টাকা বেতনেও সরকারী কর্মচারী কাজ করে। ওঁরা যে কল্যাণরাষ্ট্রের গর্ব করেন সেই কল্যাণ-রাষ্ট্রে আজকে তা হ'লে দেখুন কতখানি বৈষম্য আছে। আপনি জানেন, ৪১০ জন সরকারী কর্মচারীর বেতন ১,০০০ টাকার উপর এবং ২৭ জন ভাগ্যবান পুরুষ মাসিক ৩,০০০ টাকার বেতন পান। এ রকম [illegible] যেখানে সরকারী কর্মচারীদের বেতনের হার নির্ধারিত হয়েছে, সেই সরকার নাকি সমাজতান্ত্রিক সমাজ গঠন ও প্রতিষ্ঠা করতে চান শ্রী ধাড়া মহাশয় বলেছেন। বৃটিশ আমলের কন্ডাক্ট রুলস-এ যেখানে সরকারী কর্মচারী ও সরকারের ভিতর একটা দাস ও প্রভুর মনোবৃত্তি ছিল এখনও তা বহাল আছে। ১৯৪৯ সালে এগুলি পরি-বর্তনের জন্য চেষ্টা করা হ'লেও সরকারী কর্মচারীদের উপর অবমাননাকর ও কঠোর নিয়ন্ত্রণ চলে এবং পরিবর্তনের ব্যবস্থা হয় নি। এই পরিবর্তনের গুরুত্ব কতখানি তা বুঝিয়ে বলার দরকার হয় না—এখনও পুলিস রিপোর্টের উপর নির্ভর ক'রে সরকারী কর্মচারী ছাঁটাই করা হয়—এ থেকেই এটা বোঝা যাবে। আমার কাছে নজির আছে এভাবে কত সরকারী কর্মচারীকে গত কয়েক বৎসরে কর্ম থেকে চ্যুত করা হয়েছে। এই অবস্থায় কি ক'রে ধাড়া মহাশয় সমাজ-তান্ত্রিক কাঠামোর কথা বলেন আমি বুঝতে পারি না। শ্রী ধাড়া মহাশয় মার্ক্সিজম্‌এর কথা বলেছেন—এ সম্বন্ধে আমি আলোচনায় প্রবৃত্ত হব না, কারণ এটা ডিবেটিং সোসাইটি নয়। কিন্তু, মিঃ স্পীকার, স্যার, এই কল্যাণরাষ্ট্রে জনসাধারণকে সমাজতান্ত্রিক আদর্শে উদ্বুদ্ধ করার ব্যবস্থা এঁরা কি করেছেন দেখুন। আমি কয়েকটা জিনিসের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। প্রথমেই বলি, পাটচাষীদের দুরবস্থার কথা। আপনি জানেন, স্যার, পশ্চিমবঙ্গের অর্থনীতিতে পাটের গুরুত্ব কতখানি। রাজ্যপাল তাঁর অভিভাষণে পাটের উৎপাদনের পরিমাণ বেড়ে গিয়েছে ব'লে উল্লেখ ক'রে গর্ব অনুভব করেছেন। এ সম্পর্কে গর্ব অনুভব করার নিশ্চয়ই আছে। কিন্তু আমি জিজ্ঞাসা করি এই গর্ব অনুভব করার অধিকার কার? এই অধিকার আমাদের দেশের কৃষককুলের যারা সরকারী সাহায্য না নিয়ে দেশের বাণিজ্যিক সম্পদ বৃদ্ধি ক'রে বৈদেশিক মুদ্রা অর্জনের ব্যবস্থা করে—যাতে পাকিস্তান থেকে পাট আমদানি না করতে হয় তার জন্য অধিক পাট উৎপন্ন করে। গত বৎসর যখন পাটের জমিতে পোকা লেগে ছিল সরকার গ্যামাক্সিন যা দিলেন তা অতি সামান্য এবং যাও দিলেন সেগুলিও ভালভাবে কার্যকরী করা হ'ল না। তারপর যে লোশন দিলেন পোকা ধ্বংস করার জন্য সেই লোশন প্রয়োগ করার জন্য যে পিচকারির প্রয়োজন তা পাওয়া গেল না। যখন স্প্রেয়িং মেসিন পাওয়া

গেল তখন তা প্রয়োগ করবার লোক পাওয়া গেল না। আপনি জানেন বর্তমানে পাটের দর কি? আপনার জেলাতেও পাটের সমস্যা প্রবল। আপনি জানেন যে, ভারত-সরকার যে তদন্ত কমিটি গঠন করেছিলেন সেই কমিটি পাটচাষীরা যাতে ন্যায্যমূল্য পায় সেই সুপারিশ করেছিলেন। ১৯৫৬ সালের একটা হিসাবে প্রকাশ যে, ভারতবর্ষ থেকে যে পরিমাণ কৃষিজাত দ্রব্য বাইরে রপ্তানি হয় তার শতকরা ৮০ ভাগ হচ্ছে পাট। ১৯৫৬ সালে ১১৮ কোটি ৩০ লক্ষ টাকার পাট এখান থেকে বাইরে রপ্তানি করা হয়। এই হিসাব থেকে দেখা যায়, পশ্চিম বাংলা ৯৬ কোটি টাকার পাট বাইরে রপ্তানি করতে পারে। ন্যায্যমূল্য সম্পর্কে যদি কোন গ্যারান্টি না থাকে, স্যার, তা হ'লে পাট উৎপন্ন হবে না। আপনি জানেন যে, এমন একটা ক্রাইসিস সৃষ্টি হয়েছে, এমন একটা ভিসিয়াস সার্কল সৃষ্টি হয়েছে যে, বলা যেতে পারে বেটার প্রোডাকশন তো হবেই না, বরং আনইকনমিক প্রাইস-এর জন্য

lower production, less export, less foreign exchange, acuter foreign exchange and prunning of the plan.

রাজ্যপাল তাঁর ভাষণে এই সমস্যা সমাধানের কথা কিছু উল্লেখ করেন নি। যা উল্লেখ করেছেন সেটা অত্যন্ত অকিঞ্চিৎকর।

[10-40—10-50 a.m.]

Sj. Pramatha Ranjan Thakur:

মাননীয় স্পীকার মহোদয়, আমি সর্বাগ্রে রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন সেটা সমর্থন করছি এবং তাঁকে অভিনন্দন জানাচ্ছি।

আমি একটা জিনিস এখানে সেদিন শুনে অত্যন্ত দুঃখিত হলাম, বিরোধীপক্ষের সদস্য মাননীয় প্রফুল্লচন্দ্র ঘোষ মহাশয় বলেছেন, রাজ্যপালের ভাষণ যেন একটা স্কুল বয়েজের এসে। তিনি এক সময় পশ্চিম বাংলার চীফ মিনিস্টার ছিলেন, তাঁর মুখ দিয়ে এটা একটা স্কুল বয়েজের এসে ব'লে আখ্যা দেওয়া শোভা পায় নি। আমি জানি না তিনি যখন পশ্চিম বাংলার চীফ মিনিস্টার ছিলেন তখন সেই সময় কোন গভর্নর স্পীচ দিয়েছিলেন কিনা? কিন্তু তাঁর চীফ মিনিস্টার হিসাবে থাকাকালীন সময় যদি কোন গভর্নর স্পীচ দিয়ে থাকেন তা হ'লে সেই সময়কার অপোজিশন সদস্যরা কখনই ইউনিভার্সিটি বা কলেজ বয়েজের এসে ব'লে আখ্যা দিতে পারতেন না। তিনি চীফ মিনিস্টার ছিলেন, তিনি জানেন যে, গভর্নমেণ্ট পরিচালনার ব্যাপারে কি কাজ করতে হয়, বা কি কাজ করতে হয় না। অথচ তিনি এখন পরিষ্কারভাবে ব'লে দিলেন বর্তমান পশ্চিম বাংলার গভর্নমেণ্ট এমন কিছু কাজ করে নি বা এমন কিছু কাজ করছে যা লোকের দৃষ্টি আকর্ষণ করতে পারে। এটা বড়ই দুঃখের বিষয়, সেদিন অপোজিশন লিডার জ্যোতিবাবু বলেছেন যে, রাজ্যপালের ভাষণের শেষদিকে রয়েছে

I see a new life is pulsating through our towns and villages.

একথা প্রসঙ্গে তিনি বলেছেন যে, বাগনানে কংগ্রেসের জয় হয়েছে, সেখানে যে উল্লাস দেখা যাচ্ছে তাতেই রাজ্যপাল বলেছেন

a new-life is pulsating in villages.

বাগনানে ইলেকশনের ব্যাপারটা কি যদি জানতেন তা হ'লে বুঝতে পারতেন সেখানকার অধিবাসীদের কি অবস্থা। গত বাগনান ইলেকশনের কিছুদিন পূর্বে আমি সেখানে গিয়েছিলাম। কয়েকজন কংগ্রেস কর্মী আমাকে ধরলেন, বললেন ঠাকুর, আপনাকে বাগনানে যেতে হবে—আমি সেখানে যাই। সেখানে গিয়ে আমি সেখানকার রিফিউজিদের জিজ্ঞাসা করি, আপনারা ভোট দেবেন কাকে? তাঁরা বললেন, ঠাকুরকে জিজ্ঞেস করতে হবে না, আমাদের যথেষ্ট অভিজ্ঞতা হয়ে গিয়েছে, আমরা কংগ্রেসকে ভোট দেব। আমি বললাম, আপনাদের আমি কোন কংগ্রেস ক্যান্ডিডেটকে ভোট দিতে বলছি না, আপনারা নিজেরা ঠিক করুন কাকে ভোট দেবেন। তারা বলে, আজ চার-পাঁচ বৎসর ধ'রে ক্যাম্পে রয়েছি, আমাদের বর্তমান যে দুর্দশা, সেই দুর্দশা একমাত্র কমিউনিস্ট লিডাররা সৃষ্টি করেছেন। যখনই আমরা আমাদের মাসিক বা সাপ্তাহিক বরাদ্দের টাকা পাই তখনই কমিউনিস্টরা এসে আমাদের উপর জুলুম করে, বলে আমাদের চাঁদা দিতে হবে। * * *

[Interruptions]

Mr. Speaker: Mr. Thakur, bringing in all these things in a debate is not desirable.

Sj. Pramatha Ranjan Thakur:

তাদের মধ্যে যে ভাব জেগেছে তাতে স্পষ্ট বোঝা যাচ্ছে যে, তারা কমিউনিস্টকে ভোট দিতে চায় না। তাদের যে বর্তমান অবস্থা, তাতে আর তারা ক্যাম্পে বাস করতেও চায় না। তারা বললে আমাদের ক্যাম্প থেকে আর কোথাও পাঠাতে পারা যায়, তার ব্যবস্থা করুন। আমি তাদের বললাম, দেখ তোমাদের দণ্ডকারণ্যে পাঠানোর জন্য ব্যবস্থা অবলম্বন করা হচ্ছে। কিন্তু আমাদের চীফ মিনিস্টার ঠিক করেছেন কারও ইচ্ছার বিরুদ্ধে, কাহাকেও পাঠানো হবে না। তোমরা যদি ইচ্ছা কর তা হ'লে সেখানে যেতে পার। আমি এখানে এসেছি কংগ্রেসের পক্ষ থেকে, কিন্তু আমি বলছি না যে, তোমরা কংগ্রেসকে ভোট দাও। তোমরা নিজেরা ভেবে চিন্তে কাকে ভোট দেবে ঠিক কর। তাঁরা ঠিক ক'রে ফেলেন যে, কংগ্রেসকে ভোট দেওয়া উচিত এবং তাই দিয়েছেন। আমাদের প্রার্থী জয়ী হয়েছেন। সেদিন অপোজিশন লিডার বললেন যে, বাগনানে কংগ্রেসের জয় হয়েছে তাই রাজ্যপাল বলেছেন নিউ লাইফ ইজ পালসেটিং। আমিও জানি কমিউনিস্ট লিডাররা সমস্ত ব্যাপার কিভাবে চিন্তা ক'রে থাকেন.....

Mr. Speaker: I think, you could steer your vessel on some other track. You are not discussing election; you are discussing something else here.

Sj. Pramatha Ranjan Thakur:

তাঁরা যা বলেছেন তার উত্তর দিচ্ছিলাম। যাই হোক, আর একটি কথা আমি বলব—

one thing has disappointed me very much

আপনারা জানেন যে, আমাদের পশ্চিম বাংলা একটি বর্ডার স্টেট। প্রতিনিয়ত সংবাদপত্রে দেখতে পাচ্ছি যে, বর্ডারে নানারকম গোলমাল হচ্ছে—ক্যাটল লিফটিং হচ্ছে, এরকম নানা ব্যাপার ঘটছে। এই ব্যাপারগুলির প্রতিকার করবার কোন চেষ্টা গভর্নমেন্টের তরফ থেকে দেখতে পাচ্ছি না, এটা খুব দুঃখের বিষয়। এইসব ঘটনাগুলি যদি মিথ্যা হয় তা হ'লে আমি বলি গভর্নমেন্ট যেন উহা সংবাদপত্রে প্রকাশ করতে না দেন। আর যদি সত্য হয় তা হ'লে এর প্রতিকারের ব্যবস্থা না করলে রাষ্ট্র চলতে পারে না। আমি নিজে বর্ডারে বাস করি, প্রতিনিয়ত দেখতে পাই কত লোক আমার কাছে এসে বলছে—আমাদের আজ গরু নিয়ে গেছে, ধান কেটে নিয়ে গেছে, পাট কেটে নিয়ে গেছে। এরকম অবস্থা দেখে আমরা যারা বর্ডারে বাস করি তারা মনে করি যে, হয়ত কোনরকম ইন্দো-পাক চুক্তির ফলে ওয়ান ফাইন মর্নিং ঘুম থেকে উঠে শুনতে পাব যে, এই জায়গাটা পাকিস্তানে চ'লে গেছে। এই আশংকাটি দূর করা উচিত। আমি সাজেস্ট করি, এই গভর্নমেন্টের একটা রেজলিউশন সেন্ট্রাল গভর্নমেন্টএর কাছে পাঠানো দরকার, যাতে সেন্ট্রাল গভর্নমেন্ট, ক্ষমতা আমাদের সরকারের হাতে ডেলিগেট করতে পারে টু ডিল উইথ দিজ ইমার্জেন্সিস ম্যাটার্স। এ না হ'লে বর্ডারে যারা থাকে তাদের স্বস্তি আসবে না। আমরা বর্ডার-এর কথা যখন জিজ্ঞাসা করি গভর্নমেন্ট বললেন যে, এটা তো সেন্ট্রাল গভর্নমেন্টের অধিকারে—আমাদের কোন অধিকার এখানে নেই, কিন্তু সেন্ট্রাল গভর্নমেন্টের অধিকারে থাকলেও এঁরা সেখানে পুলিস আউটপোস্ট করেছেন। এই পুলিস আউটপোস্ট বোধ হয় ইন্টারন্যাল পীস রক্ষার জন্য। কিন্তু বর্ডারএর ইন্টারন্যাল পীসএর জন্য পুলিস যদি যথেষ্ট না হয়, তা হ'লে মিলিটারীর দরকার এবং বর্ডার সুরক্ষিত হওয়া দরকার। আর একটি কথা বলব। আজ বর্ডারে যাঁরা আছেন তাঁদের যদি বুঝে বুঝে আর্মস দেওয়া হয় এবং পুলিসের সঙ্গে সহযোগিতা ক'রে কাজ করার অধিকার দেওয়া হয় তা হ'লে বর্ডার সুরক্ষিত হবে এবং বর্ডারে পাকিস্তানী হামলা অনেক হ্রাস পাবে। এদিকে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। সেন্ট্রাল গভর্নমেন্টের যে ক্ষমতা রয়েছে সেই ক্ষমতার খানিকটা ডেলিগেট ক'রে প্রভিন্সিয়াল গভর্নমেন্টকে দেওয়া হোক যাতে তারা ইমার্জেন্সিস ম্যাটার্স ডিল করতে পারে।

এখানে দণ্ডকারণ্য সম্বন্ধে একটি কথা বলতে চাই। সরকার বলেছেন যে, শুধু ক্যাম্প রিফিউজিস সেখানে পাঠানো যাবে, কিন্তু ক্যাম্প রিফিউজিস যাবে কিনা তা বলা যায় না, কারণ, ইচ্ছার বিরুদ্ধে কাহাকেও সেখানে পাঠাবার নীতি নেই। কিন্তু আমি জানি ক্যাম্পের বাইরে অনেকে যারা আছে, যাদের রিহ্যাবিলিটেশন সুবিধামত হয় নি সেরকম বহু উদ্বাস্তু দণ্ডকারণ্যে যেতে চায়। বাস্তবিক তাদের এ ব্যাপারে প্রেফারেন্স দেওয়া দরকার, কারণ, তারা

গেলে অনেক জিনিস সেখানে তারা সৃষ্টি করতে পারবে। যারা সম্পূর্ণভাবে কমিউনিস্ট আওতার ভিতর প'ড়ে গিয়েছে তারা যদি না যেতে চায় তা হ'লে যারা যেতে চায় অথচ ক্যাম্পের বাইরে বাস করে, তাদের সেখানে পাঠানোর ব্যবস্থা করা দরকার।

[10-50—11 a.m.]

আর একটা জিনিস দেখতে পাচ্ছি, গভর্নমেন্ট প্রতি বৎসর ১০ কোটি টাকা ক্যাম্প রিফিউজিদের জন্য খরচ করেন। ক্যাম্পে প্রায় আড়াই লক্ষ রিফিউজি আছে। এদের জন্য প্রতি বৎসর দশ কোটি টাকা খরচ করা হয়। তা হ'লে আমরা যারা বাইরে আছি, গভর্নমেন্টএর এস্টিমেটএ আমরা প্রায় ৫০ লক্ষর উপর রিফিউজি নিজেদের চেষ্টায় পশ্চিম বাংলার বিভিন্ন স্থানে বসতে পেরেছি আমাদের জন্য কত টাকা ব্যয় করেছেন? আমরা অনেকে অনেক জায়গাতে বসেছি, সেখানে জমি অনুর্বর, জলের ব্যবস্থা নেই, সেইগুলির কিছু ব্যবস্থা যদি গভর্নমেন্ট ক'রে দিতেন তা হ'লে আমরা ধান উৎপাদন করতে পারতাম, নানাপ্রকার সুবিধা করতে পারতাম, আমরা অনেক রকম কাজ করতে পারতাম; কিন্তু তা করা হয় নি। সেই জায়গায় কেন মাত্র আড়াই লক্ষ লোকের উপর দশ কোটি টাকা ব্যয় করা হচ্ছে? এই টাকা দিয়ে অন্য ভাল কাজও করতে পারা যেত।

আর একটা কথা, স্পীকার মহাশয়, আপনার দৃষ্টিতে আনতে চাই। এই দণ্ডকারণ্যের ব্যাপারে কিছুদিন আগে আনন্দবাজার পত্রিকায় লিখেছিল যে, দণ্ডকারণ্য বাঙ্গালীদের হাতছাড়া হয়ে যাবার উপক্রম হয়ে পড়েছে। যদি দণ্ডকারণ্য বাঙ্গালী উদ্বাস্তুদের বাসোপযোগী করতে হয় এবং পূর্ব বাংলার উদ্বাস্তুদের সেখানে বসাতে হয় তা হ'লে নিশ্চয়ই আমি বলব যে, যদি বাঙ্গালী অফিসার সেখানে না নিয়ে যাওয়া হয় তা হ'লে এই বিষয় আপনারা সফল হ'তে পারবেন না। কারণ সেখানে যেসব লোক যাবে তারা বাংলা ছাড়া আর অন্য কোন ভাষার কথা বলতে পারবে না। যদি অন্যান্য অফিসার দিল্লী থেকে বা অন্যান্য জায়গা থেকে এই প্রোজেক্টএর কাজে নিযুক্ত হয় তা হলে বাঙ্গালী রিফিউজিদের কথা বা আবেদন নিবেদন করবার কোনরকম সুযোগ-সুবিধা থাকবে না এবং এই দণ্ডকারণ্য প্রোজেক্ট ফেলিওর হয়ে যাবে।

আর একটা বিষয়, মিঃ স্পীকার, স্যার, আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। দিল্লীর একজন উচ্চপদস্থ কর্মচারীর সংগে আমার দেখা হয়েছিল। তার সংগে ওয়েস্ট বেংগলএর নানাপ্রকার ডেভেলপমেন্ট সম্বন্ধে অনেক আলোচনা হয়েছিল। তিনি একটা কথা বললেন, স্পীকার মহাশয়, শুনুন, ইন্ডিয়া গভর্নমেন্টএর নাকি নির্দেশ আছে, জানি না কথাটা কতখানি সত্য যে, গঙ্গার পূর্ব পারে কোনরকম হেভি ইন্ডাস্ট্রি বা কোনপ্রকার প্রোজেক্ট, বা কোন পরিকল্পনা রূপায়িত হতে পারবে না। এটা গোপন নয়, এটা ডিক্লেয়ার্ড পলিসি অফ দি গভর্নমেন্ট অফ ইন্ডিয়া। এটা সত্য কিনা আমরা জানতে চাই। আমাদের ময়ূরাক্ষী বলুন, দামোদর বলুন, দুর্গাপুর প্রোজেক্ট বা কংসাবতী প্রোজেক্টই বলুন, এইরকম কতকগুলি জিনিস যা রয়েছে তা সবই দেখতে পাচ্ছি ভাগীরথীর পশ্চিম পারে। আমাদের ভাগীরথীর পূর্ব পারে কোন রকম হেভি ইন্ডাস্ট্রি হয় নি এবং অন্য কোন প্রোজেক্ট হবার কথা আমরা শুনি নি। এটা একটা অফিসারএর কথা, উড়িয়েও দিতে পারেন কিন্তু গভর্নমেন্ট এই সম্বন্ধে কি উত্তর দিতে চান সেটাই আমরা জানতে চাই। বাস্তবিকই ভাগীরথীর পূর্ব দিক হচ্ছে একটা নেগলেক্টেড এরিয়া। এখানে বহু লোক বসবাস করছেন। এম এল এ-রা আছেন, আপনারা জিজ্ঞাসা করুন যে, গভর্নমেন্টের কোন রকম হেভি ইন্ডাস্ট্রি বা অন্য কোন জিনিস গঙ্গার পূর্ব পারে করতে কোন আপত্তি আছে কিনা। এই রকম প্রস্তাব সত্যই আছে কিনা সেটা আমরা সরকারের কাছ থেকে জানতে চাই। অনেক লোকই এই অবস্থার কথা বলছে। এই অফিসারের কথা সত্য হোক বা না হোক ভাগীরথীর পূর্ব পারে কেন কোন পরিকল্পনা কার্যে পরিণত করবার চেষ্টা হয় নি বা হচ্ছে না। আর একটা জিনিস মিঃ স্পীকার, স্যার, আপনাকে বলতে চাই, যদি ভাগীরথীর পূর্ব পার দিয়ে ডেভেলপমেন্ট না করা যায়, তবে উহা কালে বসবাসের অযোগ্য হয়ে পড়বে। দেখুন একটা খাল পর্যন্ত সেখানে নেই। আপনি নদীয়া ডিস্ট্রিক্টএর লোক, আপনি জানেন এই নদীয়াতে ডিস্ট্রিক্টএ কত ব্যারেন ল্যান্ড আছে, সেখানে কৃষকরা কত কষ্ট ক'রে কৃষিকাজ করে, নদিয়াতে এমন কোন খালের সুবিধা নেই যাতে ক'রে জলসেচ ক'রে সেখানে কৃষকরা প্রচুর ফসল উৎপাদন করতে পারে। গভর্নমেন্টএর পরিকল্পনা যদি এই হয় যে, তাঁরা শুধু ভাগীরথীর

পশ্চিম পারে যাবতীয় ডেভেলপমেন্টএর কার্য করবেন এবং পূর্ব পার অবহেলা করবেন তবে সবরই এর একটা প্রতিক্রিয়া দেখা দেবে। এতে কোনই সন্দেহ নেই।

স্যার, আপনার উপর আমরা অনেক ভরসা করি, আপনি নদিয়াবাসী, স্পীকারের সিংহাসনে ব'সে আছেন, কিন্তু কিছুদিন পর যখন ঐ সিংহাসনের আসন থেকে নেমে এসে নদীয়ার বিজন ঘরের দ্বারে দাঁড়াবেন তখন দেখবেন এতগুলি পরিকল্পনা হয়ে গেল তার একটিও আপনার জেলাকে স্পর্শ করে নি সেজন্যই আপনাকে বিশেষ ক'রে বলছি। নদীয়ার অবস্থা অত্যন্ত শোচনীয়। মুর্শিদাবাদের অবস্থাও তাই, ২৪-পরগনার অবস্থাও তাই। আমরা এম এল এ হয়েছি। আমি গভর্নমেন্টকে জিজ্ঞাসা করি, গভর্নমেন্টের হেভি ইন্ডাস্ট্রী বা কোন ডেভেলপমেন্ট প্রোজেক্ট কেন গঙ্গার পূব পারের জন্য করা হচ্ছে না?

তারপর আনএমপ্লয়মেন্ট সম্বন্ধে আমি কিছু বলতে চাই। সম্ভব হ'লে আমায় একটু টাইম দেবেন। আনএমপ্লয়মেন্ট বেড়ে গেছে। কিন্তু আমি দেখতে পাচ্ছি, এ সেকসন অফ দি প্রেস এই ওয়েস্ট বেঙ্গল এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ তুলে দিতে চাইছে। এটা তুলে দিলে সাধারণ লোক চাকরিবাকরি পাবার, বাঙ্গালীর চিলড্রেন অফ দি সয়েলএর চাকরি পাবার সুবিধা থাকবে না। আমরা দেখতে পাচ্ছি যে, সরকার একটা বিল আনতে চেষ্টা করেছিলেন যাতে যেসমস্ত প্রাইভেট সেকসন আছে তারা এই এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের থ্রু দিয়ে লোক নিতে বাধ্য হয়। কিন্তু একটা সেকসন অফ প্রেস এ ব্যাপারে বিরূপ ক্রিটিসিজম করেছে, নানাপ্রকার সমালোচনা করেছে যাতে এই এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ উঠে যায়। এটা বাস্তবিকই খুব দুঃখের বিষয়। আমি গভর্নমেন্টকে, বলব এই এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জকে যেন রাখা হয়। এটা শুধু ইন্ডিয়া গভর্নমেন্ট করে নি, ইউ কে, কানাডা, ফ্রান্স সব জায়গায় এই এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ আছে। কাজেই এই এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ রাখা হোক। নইলে চিলড্রেন অফ দি সয়েল অফ ওয়েস্ট বেঙ্গল চাকরি পাবে না। আমি অবাঙ্গালীরা কাজ পাচ্ছে ব'লে আপত্তি করছি না কিন্তু আমাদের দেশের লোক চাকরি পাবে না এটা কেমন কথা! কাজেই এই এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ রাখা হোক।

আর একটা জিনিস এখানে বলি, আমি এসেছি এখানে একটি সংরক্ষিত আসন থেকে। তাদের আমি রিপ্রেজেন্ট করি, পিপল হুম আই রিপ্রেজেন্ট তাদের কথা না বললে ইনজাস্টিস করা হয়। তারা প্রায়ই আমায় এসে জিজ্ঞাসা করে। এই যে দশ বৎসরের রিজার্ভেশন এটা তো প্রায় উঠে যাবার সময় হ'ল এর পরে কি দাঁড়াবে? সরকারের কি নীতি কি করতে চান সেটা বলুন। বাস্তবিক সিডিউল কাস্ট অ্যান্ড সিডিউল ট্রাইবস সম্বন্ধে সরকারের নীতি কি? আমি জানি লোকসভায় কিছুদিন আগে সরকার বলেছিলেন যে, দরকার হ'লে আরও দশ বৎসর কিংবা কুড়ি বৎসর রিজার্ভেশন দিতে পারা যাবে। কিন্তু আমি জানতে চাই, পশ্চিমবঙ্গ-সরকারের এই বিষয়ে কি নীতি আছে সেটা তাঁরা বলবেন আশা করি। এটা একটি জাতীয় সমস্যা। কেবল সিডিউল্ড কাস্ট বা ট্রাইবসদের সমস্যা নহে।

[As the red light was lit the hon'ble member took his seat]

[11—11-10 a.m.]

Sj. Subodh Banerjee:

স্পীকার মহাশয়, রাজ্যপাল মহোদয় যে বক্তৃতা দিয়েছেন তা আমি মনোযোগ সহকারে শুনেছি। শুনে আমার এই ধারণা হয়েছে যে, মূল যেসব সমস্যা আমাদের দেশে রয়েছে সেসব জায়গায় হাত দেবার কোন চেষ্টাই হয় নি। অভিভাষণে বলা হয়েছে, কত টাকা খরচ করা হয়েছে সেইটুকু। টাকা খরচ করা হয়েছে ভাল কথা। কিন্তু তার ফলে আমাদের দেশের গণজীবনে কি উন্নতি হয়েছে, যা চেয়েছিলাম তা পেয়েছি কিনা, যদি না পেয়ে থাকি তা হ'লে তার কারণ কি এইসব প্রশ্ন বিশ্লেষণ করার কোন চেষ্টা হয় নি। এইজন্য রাজ্যপালের ভাষণ অবাস্তব মনে হয়। রাজপ্রাসাদে বাসকারী গণজীবনের সঙ্গে সম্পূর্ণরূপে সম্পর্কহীন বিলাসী শাসকের পক্ষেই এইরকম অবাস্তব কথা বলা সম্ভব। তিনি অভিভাষণ শুরু করেছেন নববর্ষের প্রাচুর্য কামনা ক'রে সমৃদ্ধি কামনা ক'রে। তাঁকে জিজ্ঞাসা করি, তাঁর সরকারের যে নীতি তা কি এই সমৃদ্ধি আনতে সক্ষম হবে? অতীতের অভিজ্ঞতার ভিত্তিতেই বিচার করতে হবে ভবিষ্যতে কি পাব। পশ্চিম বাংলার গ্রামে এবং শহরে নতুন প্রাণের স্পন্দন উদ্বেলিত হয়ে চলেছে? আশ্চর্য কথা!

কোথায় সে স্পন্দন, বরং যেদিকে তাকাবেন সেইদিকেই অন্ধকার, সেইদিকেই হতাশা, সেইদিকেই দুর্গতি ও দুরবস্থা। অর্থনৈতিক চাপে জনসাধারণ শোষিত, রাজনৈতিক কারণে নিষ্পেসিত এবং সাংস্কৃতিক ক্ষেত্রে জনসাধারণ বিপর্যস্ত। এই যেখানে বাস্তব অবস্থা, সেখানে রাজ্যপাল তাঁর অভিভাষণে বলছেন প্রাণের স্পন্দনে চারিদিক আন্দোলিত হচ্ছে। রাজ্যপালের রঙিন দৃষ্টির তারিফ না ক'রে উপায় নেই। অর্থনীতির কথাই প্রথমে আলোচনা করি। উৎপাদনের উপায় কৃষি ও শিল্প। কৃষির দিকে তাকিয়ে দেখুন। আমার নিজের হিসাব দিয়ে কথা বলব না। সরকারের তরফ থেকে যে সমস্ত তথ্য প্রকাশিত হয়েছে তার ভিত্তিতেই আমি কথা বলব। মিস্টার স্পীকার, স্যার, ভূমিসংস্কার আইন হয়েছে, জমিদারী প্রথা বিলোপ আইন হয়েছে, কিন্তু তা কাগজপত্রেই সীমাবদ্ধ। এইসব আইনের উদ্দেশ্য হিসাবে বলা হয়েছিল যে, চাষীর হাতে বিনামূল্যে জমি দেওয়া হবে, উৎপাদন সম্পর্ক ও উৎপাদন পদ্ধতি নতুন ক'রে গড়ে তোলা হবে। তা কি হয়েছে? চাষীকে জমি দিতে পেরেছেন? গ্রামের দিকে যান একজন চাষীকেও জমি দিয়ে নতুন ক'রে পুনর্বাসন দিতে পারেন নি। জমি দিতে পারেন নি বড় জোর চাষীর সঙ্গে তার পুরানো জমি টেম্পোরারিলি সেট্‌ল করেছেন। জোতদার জমিদারেরা বেনামী ক'রে হাজার হাজার বিঘা জমি নিজের অধিকারে রেখে দিয়েছে। ১ লক্ষ ৯৭ হাজারের মত বেনামীর জন্য দরখাস্তই পড়েছে; আর দরখাস্ত হয় নি এমন বেনামীর সংখ্যার ইয়ত্তা নাই। বেনামীকৃত জমি ধরতে পেরেছেন, বা বেনামী বন্ধ করতে পেরেছেন? শুরুতে চেষ্টা করলে এই বেনামী বন্ধ করতে পারতেন। জমিদার জোতদারদের স্বার্থে তা করা হয় নি। চাষীর হাতে জমি দেবেন বলেছিলেন; জমি চাষীরা পায় নি, পক্ষান্তরে তারা লাখে লাখে জমি হ'তে উচ্ছেদ হয়েছে। গত তিন বছরে আড়াই লাখের মত ভাগচাষী জমিহারা হয়েছে। এই হ'ল ইতিহাস। এই উচ্ছেদ বন্ধ করার জন্য কেন আইন করেন নি? এই উচ্ছেদ বন্ধ করতে হবে; অন্তত যতদিন না বেনামিকৃত জমির সুষ্ঠু ফয়সালা হচ্ছে ততদিন ভাগচাষীকে জমি হ'তে উচ্ছেদ বন্ধ রাখতে হবে এবং যারা বেনামি ব্যাপারে উচ্ছেদ হয়ে গিয়েছে তাদের হাতে জমি ফেরত দেবার আইন করতে হবে। শুধু এই উচ্ছেদ নয়, উৎপাদনও কমছে। যেখানে চাষী জমি থেকে উচ্ছেদ হচ্ছে, উৎপাদন সেখানে বাড়বে কি ক'রে? প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনার উদ্দেশ্য হিসাবে বলা হয়েছিল যে, দেশকে খাদ্য বিষয়ে স্বাবলম্বী করতে হবে। তা কি হয়েছে? স্বাবলম্বী করা দূরে থাকুক প্রতি বছর বিঘাপ্রতি গড় ফলন কমছে। পরিকল্পনা কমিশন পর্যন্ত স্বীকার করতে বাধ্য হয়েছেন যে, অধিক খাদ্য ফলাও অভিযান কাগজপত্রের মধ্যেই সীমাবদ্ধ; বাস্তবে উৎপাদন বাড়ে নি। পরিকল্পনা কমিশন আরও বলছেন যে, ক্ষেত-খামারের শতকরা ৯০ ভাগের উৎপাদন বাড়ে নি। কিছুদিন আগে কৃষিমন্ত্রী মহাশয় এখানে এক তথ্য পরিবেশন করেছিলেন। তাতে দেখা গেছে যে, ১৯৫৫, '৫৬, '৫৭ সালে একরপ্রতি উৎপাদন ক্রমশ কম হয়েছে। কেন কম ফলছে তার জবাব দেবে কে? জবাব দিতে হবে যাঁরা রাষ্ট্রশক্তি পরিচালনা করছেন, যাঁরা ক্ষমতায় অধিষ্ঠিত হয়ে আছেন তাঁদের। বিরোধীপক্ষকে গালাগালি দিলে হবে না।

এগার বৎসর ক্ষমতা পেয়েছেন, কেন তাঁদের আমলে খাদ্যের উৎপাদন বাড়ে না? স্বাধীনতা আন্দোলনের ইতিহাস যাঁরা জানেন, যাঁরা সেই সময় চাষী আন্দোলন করেছিলেন তাঁরা সকলেই জানেন যে, সেই লড়াইয়ের দাবি ছিল চাষীদের জমি দিতে হবে, খাজনা কম করতে হবে, উন্নত প্রথায় চাষবাসের ব্যবস্থা করতে হবে এবং চাষীর পুরানো ঋণ মকুব করতে হবে, বিনা সুদে বা নামমাত্র সুদে প্রচুর পরিমাণে কৃষিঋণ দেবার ব্যবস্থা করতে হবে। এই সব সম্পর্কে কি করছেন? দুটো আইন করেছেন মাত্র, যে আইনের একবর্ণও চাষী বোঝে না, যার কোন সুযোগ চাষী-মজুর নিতে পারে না। এর নাম ভূমি-সংস্কার? এর জন্য আমরা লড়েছিলাম? আজি বলি, যদি খাদ্য বিষয়ে বাংলাদেশকে স্বাবলম্বী করতে হয় চাষীর হাতে জমি দিতে হবে, উন্নত প্রথায় চাষবাসের ব্যবস্থা করতে হবে, জলসেচের ব্যবস্থা করতে হবে এবং সেই সঙ্গে চীপ রুরাল ক্রেডিটএর ব্যবস্থা করা দরকার। এর একটি কাজও আজ পর্যন্ত করেন নি। চব্বিশ-পরগনার সুন্দরবন যাকে পশ্চিম বাংলার খাদ্যভাণ্ডার বলা হতে পারে সেখানে চাষ হয় না সেখানে জলসেচের ব্যবস্থা নাই, জলনিকাশের ব্যবস্থা নাই। সেখানে টিউবওয়েল বসিয়ে জল-সেচের ব্যবস্থা করা যায় না? ১১ বছরের ভিতর বসান নি আর এখন বলেন দুর্ভিক্ষের কথা। রাজ্যপালিকা দেশের মধ্যে যা দেখেছেন তা প্রাণের স্পন্দন নয় তা দুর্ভিক্ষের, অকালমৃত্যুর

পদধ্বনি। এই তো কৃষির অবস্থা। শুধু তাই নয়, আজ চাষী জমি হ'তে উচ্ছেদ হচ্ছে এবং জমিহারা হয়ে ক্ষেতমজুরে পরিণত হচ্ছে। জমিদার জোতদার এরা নিজের অধিকারে জমি রেখে দিয়ে এইসব মজুর দিয়ে চাষ করাচ্ছি। মজুর দিয়ে চাষ করাছি ক্যাপিটালিস্ট ওয়ে অফ প্রোডাকশন। গ্রামের অর্থনীতিতে এইভাবে পুঁজিবাদী কায়দায় চাষ করানো বাড়ানো হচ্ছে।

এখন একবার শিল্পের দিকে তাকিয়ে দেখুন। সেখানে ছোট ও মাঝারি যেসমস্ত শিল্প প্রতিষ্ঠান ছিল তারা লালবাতি জেলে উঠে যাচ্ছে। ১৯৫১ সাল থেকে আরম্ভ ক'রে ১৯৫৭ সাল পর্যন্ত এই ছয় বছরে মোট ৯৬৩টা ছোট ও মাঝারি জয়েন্ট স্টক কোম্পানি লালবাতি জেলেছে। তাদের সাবস্ক্রাইব্ড ক্যাপিটালএর পরিমাণ হ'ল ২৩ লক্ষ ৩৩ হাজার টাকা। এটা কেন হয়? কংগ্রেসের তরফের কোন কোন বন্ধু বলেছেন যে, কুটিরশিল্প প্রবর্তন ক'রে সমস্যার সমাধান করতে হবে। হাসি লাগে তাঁদের এই কথা শুনে। তাঁরা অর্থনীতি বোঝেন না। পুঁজিবাদ তার নিজস্ব অন্তর্নিহিত আইনে একচেটে পুঁজিতে রূপ নিতে বাধ্য। এই একচেটিয়া পুঁজিবাদের সামনে ছোট ছোট পুঁজির মালিক টিঁকতে পারে না। যেমন আমরা সাবানশিল্পে দেখতে পাই—লিভার ব্রাদার্সএর আক্রমণে ছোট ছোট সাবানের কারখানা বাজারে টিঁকে থাকতে পারছে না। এটা কি বোঝানোর দরকার? কুটিরশিল্প দিয়ে ঠেকাতে যাওয়া পুটিং দি ক্লক ব্যাক। ইতিহাসের ঘড়ির কাঁটাকে কেউ পিছিয়ে দিতে পারে না। তাই কুটিরশিল্প নয়; এই অবস্থা হ'তে মুক্তি পাবার পথ সমাজতন্ত্র।

কোন কোন বন্ধু শান্তিপূর্ণ পদ্ধতিতে সমাজতন্ত্রে পেঁছাবার কথা বলেছেন। সাম্যবাদী যারা তারা শুধু রক্তপাতের জন্যই সশস্ত্র বিপ্লবের কথা বলে না। তারা এই কথা বলে যে, যেহেতু কলকারখানার ও জোতজমির মালিক স্বেচ্ছায় রাষ্ট্রক্ষমতা ত্যাগ করে না অথচ সেই ক্ষমতা শ্রমিক চাষী মধ্যবিত্তের হাতে না এলে সমাজকে গড়া যায় না তাই পুঁজিপতি শ্রেণীর প্রতিরোধ শক্তিকে সামাজিক প্রয়োজনে ধ্বংস করার জন্যই সশস্ত্র বিপ্লবের দরকার হয়। যারা পুঁজিবাদে বিশ্বাস করে, পুঁবাদীর দালালি যারা করে তারা ছাড়া আর কেউ বর্তমান অবস্থায় শান্তিপূর্ণ পদ্ধতিতে সমাজতন্ত্র আনার কথা বলতে পারে না। পরিষ্কার বোঝা দরকার যে, পুঁজিবাদ ও সমাজতন্ত্রের দূরত্ব ২০ গজ নয় যে, বিধানবাবুর স্থলে আমাকে বা জ্যোতিবাবুকে মন্ত্রীর গদিতে বসিয়ে দিলেই সমাজতন্ত্র এসে যাবে। পুঁজিবাদ এবং সমাজতন্ত্রের পার্থক্য প্রভূত, কাজেই আমাকে গদিতে বসিয়ে দিলেও পুঁজিবাদই চলবে তাতে দেশের কাজ হবে না। রাষ্ট্রের কাঠামো যতদিন অপরিবর্তিত থাকবে, উৎপাদন সম্পর্কে যতদিন মালিক মজুর সম্পর্ক থাকবে উৎপাদনের উদ্দেশ্য যতদিন মুনাফার উদ্দেশ্যে পরিচালিত হবে ততদিন সমাজতন্ত্র আসবে না।

[11-10—11-20 a.m.]

আবাদী কংগ্রেসের প্রস্তাবে পুঁজিবাদী উৎপাদন সম্পর্ক ও উদ্দেশ্য টিকিয়ে রেখে সমাজতন্ত্র আনার কথা বলা হয়েছে। তা সমাজতন্ত্র নয়, এ হচ্ছে রাষ্ট্র পুঁজির দ্রুত প্রসারের মাধ্যম ভারতীয় পুঁজিপতি শ্রেণীর বিশ্বের বাজার দখল করার চেষ্টা ছাড়া আর কিছুই নয়। এতে রাষ্ট্রে একচেটে পুঁজির বৃদ্ধি ঘটবে। তাতে জনসাধারণের দুঃখ-দুর্দশা বাড়বে বই কমবে না। তাই দেখি ১১ বছর কংগ্রেস শাসনের ফলে জনসাধারণের জীবনধারণের মান অবনমিত হচ্ছে। জনসাধারণের অবস্থা আরও খারাপ হচ্ছে। বেকার সমস্যার দিকে তাকিয়ে দেখুন সারা দেশ এই সমস্যায় ছেয়ে গিয়েছে। পূর্ণ বেকারের সংখ্যা শহরে হচ্ছে ১০ লক্ষ, আর ক্যাজুয়াল এমপ্লয়েড এবং আন্ডার এমপ্লয়েড তার সংখ্যাও প্রায় ১০ লক্ষ। পশ্চিম বাংলায় তা হ'লে শহুরে বেকারের সংখ্যা দাঁড়ায় ২০ লক্ষ। এবং প্রত্যেক বছর এই সংখ্যা বাড়ছে ১ লক্ষ ২০ হাজার ক'রে। কি ব্যবস্থা করেছেন একে রোধ করার জন্য? এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের ফিগার-গুলি আমি দিতে পারি। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে যারা নাম লেখায় তারাই একমাত্র বেকার, আর বেকার নেই দেশে এ অবস্থা নয়। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের ফিগারগুলি শুধু গতিনির্দেশ করে it indicates the trend and nothing more.

১৯৫৭ সালের তুলনায় ১৯৫৮ সালে ৫০ হাজার বেশি নাম সেখানে রেজিস্টার্ড হয়েছে, আর ১লা জানুয়ারিতে রেজিস্টার্ড বেকারের সংখ্যা আছে ২ লক্ষের উপর প্রত্যেক বছর এ জিনিস বেড়ে চলেছে। শহরে বেকারত্ব কি রকম বেড়েছে কয়েকটা ঘটনার দিকে তাকালে তা বুঝতে

পারছেন। ২৫৭টা পোস্টের জন্য রেলে ১০ হাজার লোক পরীক্ষা দিতে বসেছে। চিন্তা করতে পারেন অবস্থার গুরুত্ব মিঃ স্পীকার, স্যার, আপনার স্মরণে আছে দৈনিক কয়েক আনা মজুরিতে ১০-১২টা পোস্টের জন্য অ্যাডভারটাইজ করা হয়েছিল, আমাদের দেশের কয়েক হাজার মেয়ে সেখানে কিউ দিয়ে দাঁড়িয়েছিল ঐ চাকরি পাবার জন্য। চিন্তা করতে পারেন, বেকার সমস্যার তীব্রতার কথা? ১১ বছর ক্ষমতা পেয়েছেন কংগ্রেসী সরকার গ্রামীণ বেকার সমস্যার সমাধান করা দূরে থাক, তার হিসাবটুকু নেবার পর্যন্ত ওঁদের ফুরসত হয় না। আর ওদিকে বিজয়বাবু লাফিয়ে লাফিয়ে নেচে নেচে গালভরা কথা বললেন যে, বাংলাদেশ গ্রামসর্বস্ব, —ভারতবর্ষ গ্রাম-প্রধান অথচ সেই গ্রামের লক্ষ লক্ষ মানুষ বেকার হয়ে রয়েছে, কংগ্রেসী সরকারের তরফ থেকে একটু চেষ্টা হ'ল না তার হিসাব নেবার জন্য। পশ্চিম বাংলার ৯০ লক্ষের মত গ্রামীণ বেকার আছে তার হিসাব পর্যন্ত নেবার চেষ্টা ওঁরা করেন নি। কংগ্রেসী নেতারা কথায় কথায় বলেন আরাম হারাম হ্যায়। জিজ্ঞাসা করি, মন্ত্রীদের এই যে ২০ লক্ষ শহুরে আর ৯০ লক্ষ গ্রামীণ একুনে ১ কোটি ১০ লক্ষ বেকার তাঁরা কি মন্ত্রিমহাশয়দের বলেছেন যে, "আমাদের আরাম দাও, আমরা খাটে শুয়ে থাকব, আমাদের খেতে দিতে হবে"—না এঁরা বলছেন, "আমাদের কাজ দাও, আমরা কাজ ক'রে সংসার প্রতিপালন করব।" ক্ষমতা আছে আপনাদের এদের কাজ দেবার? তা যদি না থাকে তা হ'লে

it is a censure against you.

কেবল জনতাকে গালাগালি দিলেই চলে না। রাজ্যপালিকা এই বেকার সমস্যা সমাধানের কয়েকটা কথা বলেছেন। তিনি বলেছেন, আমরা স্টেট ট্রান্সপোর্টে কাজ দিয়েছি, ইট তৈরি করার কাজ দিয়েছি, ইনল্যান্ড ওয়াটার ট্রেনিং স্কীম করেছি। আশ্চর্য! এই বিরাট সংখ্যক বেকারদের জন্য শুধু এই ব্যবস্থা করেছেন। আর বলেছেন ফ্যামিলি প্ল্যানিংএর জন্য কয়েকটা ক্লিনিক খুলেছেন। ভালগার হয়ে যায় মিঃ স্পীকার, স্যার, আপনাকে আমি বলব যে, ফ্যামিলি প্ল্যানিংএর ক্লিনিক খুলে এই ১ কোটি ১০ লক্ষ লোককে কোথায় পাঠাবেন। যেখান থেকে তাঁরা এসেছেন সেখানে? তা না হ'লে যারা জন্মে গেছে, বেকার হয়ে দাঁড়িয়ে আছে, ক্লিনিক খুলে তাদের সমস্যার সমাধান কি ক'রে হবে? ক্লিনিক খুলে যদি এ সমস্যার সমাধান করতে চান তা হ'লে ২০ বছর বাদে তা হবে, আজ নয়। কাজেই বর্তমানে যাঁরা বেকার আছেন তাঁদের জন্য কি ব্যবস্থা করবেন সেকথা কিছু বলা নেই। কেবল বড় গলা ক'রে ক্লিনিকের কথা তিনি বলেছেন।

মিঃ স্পীকার, স্যার, আমরা জানি যতদিন পুঁজিবাদী ব্যবস্থা থাকবে ততদিন বেকার সমস্যাও থাকবে। তবুও অন্যান্য পুঁজিবাদী দেশে যা করছে আমরা তাও করি না। অর্থাৎ আপনারা এখনও আনএমপ্লয়মেন্ট ইনসিওরেন্স চালু করেন নি, কোন আইন করেন নি যাতে ছাঁটাই বন্ধ হয়। গ্রীসের মত ছোট দেশে যদি তারা আনএমপ্লয়মেন্ট বোনাস দিতে পারে তা হ'লে ভারতবর্ষের মত বড় দেশ কেন তা দিতে পারবে না? ভারতবর্ষের আয় গ্রীসের আয়ের চেয়ে বহুগুণ বেশি। ইংলন্ড, আমেরিকা, ওয়েস্ট জার্মানি যা পারে ভারতবর্ষ তা এখনও পারে নি। আপনারা কেউ কেউ বলেন যে, শিক্ষাকে সংকুচিত কর, লেখাপড়া বন্ধ ক'রে দাও তা হ'লেই বেকার সমস্যার সমাধান হবে। উচ্চশিক্ষা বন্ধ করলেই যদি বেকার সমস্যার সমাধান হয় তা হ'লে গ্রামে আর বেকার থাকত না। শিক্ষাসংকোচের আসল উদ্দেশ্য অন্য জায়গায়। সাধারণ শিক্ষা যদি বন্ধ করা যায়, তবে পুঁজিবাদী রাষ্ট্রব্যবস্থা এবং কংগ্রেসের দুর্নীতি ও দুঃশাসন সম্বন্ধে জনসাধারণ বুঝবে না। অতএব তাদের অন্ধকারে রেখে নিরঙ্কুশে শোষণ করা যাবে। শুধু বেকার সমস্যা নয় অবস্থার অবনতিও ঘটছে। প্রথমেই মূল্যমানের দিকে দেখুন। কনজিমার গুডসএর প্রাইস ইনডেক্সএর বেলায় ১৯৪৯ সালকে যদি ১০০ ধরি তা হ'লে সেটা ১৯৫৬-৫৭ সালে ১০৭, ১৯৫৭-৫৮ সালে ১১২ এবং ১৯৫৮-৫৯ সালে ১১৭ হয়েছে। এইভাবে প্রত্যেক বছরই ভোগ্যদ্রব্যের মূল্যমান সূচক দিনের পর দিন বেড়ে চলেছে। এই কস্ট অফ লিভিং ইনডেক্স বাড়াতে কারা সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হচ্ছে, সেই তথ্যই আমি এখানে পরিবেশন করছি। ধনীদের ক্ষেত্রে এই মূল্যমান বৃদ্ধির জন্য জীবন ধারণের ব্যয় বেড়েছে শতকরা ৫ থেকে ১০ ভাগ, যাদের ১৫০ থেকে ৫০০ টাকা পর্যন্ত মাসিক আয় তাদের ব্যয় বেড়েছে ১০ থেকে ১৫ ভাগ এবং যাদের ১৫০ টাকার কম আয় তাদের মাসিক ব্যয় বেড়েছে ১৫ থেকে ২০ ভাগ। অতএব যারা ১৫০ টাকার কম আয় করে তারাই সবচেয়ে

বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে। অথচ এই মূল্যবৃদ্ধি রোধ ক'রে আয় বৃদ্ধি করার কোন চেষ্টাই এ পর্যন্ত হয় নি। বরং যে আয় করছিলাম তা থেকেই যেখানে আমি বঞ্চিত হচ্ছি ছাঁটাই হয়ে গিয়ে সেখানে আয় বৃদ্ধি তো দূরের কথা। এর জন্য আমাদের জীবনধারণের মানের অবনতি ঘটছে এবং ক্ষয় প্রভৃতি রোগ হচ্ছে। সরকার গর্ব করেন যে, ম্যালেরিয়া দূর করেছেন কিন্তু তার স্থলে আর একটি ভীষণ ব্যাধি আমদানি করেছেন সেটা হচ্ছে ক্ষয়রোগ। বি-সি-জি দিয়ে ক্ষয়রোগ ঠেকাতে পারবেন না—

T. B. is a social malady, is a social disease.

টি বি থেকে যদি বাঁচাতে হয় তা হ'লে লোককে ভাল খেতে দিন, সুস্থ আমোদপ্রমোদের ব্যবস্থা করুন, আলো-বাতাসযুক্ত বাসস্থানের ব্যবস্থা করুন। তা না করলে ক্ষয়রোগ বাড়বে —আর বস্তুত প্রত্যেক বছর

Incident of death from T.B.

বেড়েই চলেছে। ১৯৫৫ সালে যেখানে মাসিক গড় ছিল ৫৩২, সেখানে ১৯৫৬ সালে তা হ'ল ৫৩৪, ১৯৫৭ সালে আরও বেড়ে হ'ল ৫৫২। এই পশ্চিম বাংলায় আপনারা কি করেছেন একবার তাকিয়ে দেখুন। কংগ্রেস নেতারা বলেন—দেশে যখন দারিদ্র্য রয়েছে তখন সকলে দারিদ্র্য ভাগ ক'রে নেওয়া উচিত। সত্যি যদি তাই হয় তা হ'লে তা নিতে আমরা পিছিয়ে থাকতাম না। দেশের ডাকে যেমন একদিন সাধারণ মানুষ সমস্ত ত্যাগ করেছিল আজও তারা তা করতে প্রস্তুত আছে। কিন্তু তা আজ আর হবার নয়, কারণ আপনাদের ব্যবস্থায় গরিব আরও গরিব হচ্ছে এবং ধনিক আরও ধনী হচ্ছে। এবং যদি প্রমাণ চান তা হ'লে রেট অফ প্রফিটের ইনডেক্স ধরুন। যুদ্ধ পূর্বাবস্থাকে যদি ভিত্তি ধরেন তা হ'লে ১৯৫২ সালে লাভের সূচক ছিল ১৯০;৬, ১৯৫৩ সালে সেটা বেড়ে হ'ল ২৬১;২, ১৯৫৪ সালে তা বেড়ে হ'ল ৩২০·৮ এবং ১৯৫৫ সালে আরও বেড়ে হ'ল ৩৩৪·৩। এরই নাম আবাদী সোস্যালিজম, এরই নাম প্রাণের স্পন্দন।

[11-20—11-30 a.m.]

কংগ্রেস সরকারের আমলে এইভাবে জনসাধারণ অর্থনৈতিক দিক দিয়ে শোষিত আর রাজনৈতিক দিক দিয়ে নিষ্পেষিত হচ্ছে। এই হচ্ছে এদের সোস্যালিজম! আপনি জানেন, মিঃ স্পীকার স্যার, একটার পর একটা মিথ্যা মামলায় চাষীদের জড়িত করা হয়, ট্রেড ইউনিয়নএর অধিকার রক্ষার জন্য যেসমস্ত শ্রমিক লড়াই করে তাদের ধরে ধরে জেলে পোরা হচ্ছে, অথচ তখন

Preventive detention Act or Security Act

প্রযুক্ত হয় না খাদ্যসঙ্কটের সুযোগ নিয়ে যারা মুনাফাখোরী করছে তাদের বিরুদ্ধে প্রযুক্ত হ'ল রাজনৈতিক দলের বিরুদ্ধে। আজ দেশের কি অবস্থা হয়েছে, কালচারালি আমরা কোথায় নেমে যাচ্ছি? ছোট ছোট ছেলেরা বাড়ির দুয়ারে ব'সে রক এন রোল গান করে। কেন করে? তাদের চারিদিকে যে অন্ধকার—তাদের জন্য সুস্থ আমোদপ্রমোদের ব্যবস্থা নাই। এমনকি আজকে সিনেমার মধ্যে দিয়ে সাহিত্যের মধ্যে দিয়ে দীনতা প্রচার চলেছে বাধাবন্ধহীনভাবে। এ দোষ পুঁজিবাদের, তাই পুঁজিবাদ হ'তে মুক্তি না পেলে আমাদের উদ্ধার নাই—একথা আজকে পরিষ্কার।

Sj. Satindra Nath Basu:

মাননীয় স্পীকার মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর অভিনন্দন জ্ঞাপক যে প্রস্তাব এসেছে আমি তা সর্বান্তঃকরণে সমর্থন করছি। বিরোধীপক্ষের দলপতি রাজ্যপালের ভাষণের উপর বক্তৃতা দিতে গিয়ে বলেছেন, চীনের প্রজাতান্ত্রিক শাসনতন্ত্রের উল্লেখপ্রসঙ্গে যে, ১৯৫০ সালের পর থেকে চীন সর্বক্ষেত্রে বেভাবে সমৃদ্ধির পথে এগিয়ে যাচ্ছে সেই অনুপাতে স্বাধীনতা অর্জন করা সত্ত্বেও এই ১৯৫৮ সালেও আমাদের অগ্রগতি কিছুই হয় নি। এ সম্পর্কে আমি তাঁর দৃষ্টি আমাদের কনস্টিটিউশনএর আর্টিকল ১৯ এবং আর্টিকল ৩৫এর প্রতি আকর্ষণ করতে চাই। এখানে বলা হয়েছে, ফান্ডামেন্টাল রাইটস অফ দি সিটিজেনস সম্বন্ধে।

what are the duties of the citizens পড়লে Constitution of the Republic of China not only fundamental rights of citizen but fundamental duties of the

citizen সম্পর্কিত article 100 of the Constitution of China বলছে citizen of the Peoples Republic of China must abide by the Constitution and the law, uphold discipline at work, keep public order and respect Social ethics.

আবার article 101এ বলছে public property of the people's Republic of China is sacred and invoilable. It is the duty of every citizen to respect and protect public properties.

তারপর Article 102তে বলছে it is the duty of the citizen of the Peoples Republic of China to pay taxes according to law.

সুতরাং এই জিনিসগুলি আমরা দেখতে পাই। স্বাধীনতা লাভের পর নাগরিক অধিকার কি ক'রে খর্ব হচ্ছে সে সম্বন্ধে ওঁরা বিশেষ বিচলিত ও সচেতন হয়েছেন, কিন্তু আমরা নাগরিকের কর্তব্য সম্পাদনে এগিয়ে গিয়েছি কিনা, তৎপর হয়েছি কিনা, এ সম্পর্কে উপলব্ধি করছি না। যদি আমরা প্রত্যেকে আমাদের নাগরিক কর্তব্য সম্পাদন না করি এবং আমাদের এই দৃষ্টিভঙ্গির পরিবর্তন না করি আমরা যে স্বাধীনতা অর্জন করেছি তাও থাকবে না একথা ঠিক। এখানে আমার বলবার কথা হচ্ছে, রাজ্যপালের ভাষণে তিনি এমন কি অন্যায় কথা বলেন নি—তিনি দেশময় এই দারিদ্র্য, অজ্ঞতা, বাসগৃহের সমস্যা কিভাবে এই সরকারের চেষ্টায় ধীরে ধীরে দূরীভূত হচ্ছে সেই কথাই বলেছেন—তিনি বলেছেন আমাদের সরকারের এই প্রচেষ্টা সার্থক হয়েছে। যদি আমরা সকলে মিলে একপ্রাণে এগিয়ে যাবার সংকল্প গ্রহণ করি তা হ'লে আমরা বড় হব—এই কথা তিনি বলেছেন। এই চেষ্টা করাই আমাদের একমাত্র কর্তব্য এবং তা হ'লেই আমাদের শাসনতন্ত্রের সম্মান রক্ষা করা হবে। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাধীনে যদি আমাদের সবদিক দিয়ে উন্নয়ন করতে হয় তা হ'লে আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন, আমাদের আড়াইশত কোটি টাকার প্রয়োজন। কিন্তু ভারত-সরকারের কাছ থেকে আমরা পেয়েছি ১৫৩ কোটি টাকা। বিহারের যে অঞ্চল পশ্চিমবঙ্গে এসেছে তার জন্য ৪ কোটি টাকা—সব মিলে ১৫৭ কোটি টাকা। এই ১৫৭ কোটি টাকার উপর নির্ভর করে আমাদের শিক্ষা, স্বাস্থ্য, খাদ্য সংগ্রহ—সমস্ত কিছুর ব্যবস্থা করতে হচ্ছে। এর দ্বারা যে কাজ হয়েছে এবং হচ্ছে তাতে ওঁরা যদি বলেন সেই সমস্ত কাজ অন্যায় হয়েছে বা অল্প হয়েছে তা হ'লে আমরা তাঁদের সঙ্গে একমত হ'তে পারি না। যে সামান্য অর্থ আমরা পেয়েছি সেই অর্থ ঠিকভাবে ব্যয়িত হয়েছে কিনা, ঠিকভাবে কাজে লেগেছে কিনা সেটাই আমাদের বিবেচ্য বিষয়। আমাদের রাজ্য-সরকারের সমস্ত পরিকল্পনা এই সামান্য মূলধনের মধ্যে নির্বাহ করতে হবে। কিন্তু এই আমাদের পশ্চিমবঙ্গের বিরাট বিরাট সমস্যা; এখানে খাদ্যসমস্যা প্রবল, এখানে শিক্ষাসঙ্কট তীব্র, আর সর্বোপরি আমাদের উদ্বাস্তু সমস্যা—এই সমস্যাটা অন্যান্য রাজ্যে নাই। এই সমস্ত সমস্যা সমাধানে আমরা সকলের সহযোগিতা নিয়ে যাতে এগিয়ে যেতে পারি সেটাই আমাদের কাম্য। আমি তাই বলছি, এই দৃষ্টিভঙ্গিতে না দেখে চীনে তাঁরা কি করেছেন না করেছেন সেদিক থেকে বিচার করি, তা হ'লে ভুল করা হবে। চীনজাতির উন্নতিও আমরা কামনা করি। এখানে একটা কথা স্মরণ রাখা দরকার—অনেকদিন পর্যন্ত আমরা সাম্রাজ্যবাদীদের দ্বারা লাঞ্ছিত, শোষিত ও বঞ্চিত হয়েছি। আমাদের দেশের সম্পদ সমস্ত জিনিসপত্র লুণ্ঠন ক'রে নিয়ে ইংলণ্ড গ'ড়ে উঠেছে—আমাদের দেশ থেকে, ভারত থেকে মূলধন নিয়ে, ধনসম্পদ নিয়ে ইংলণ্ডের ইণ্ডাস্ট্রি গ'ড়ে উঠেছে। তাই এখন আমাদের এই সংকল্প নিতে হবে—আবার আমরা ভারতকে নতুন ভারতে পরিণত করব, সমৃদ্ধিশালী করব এবং এ চেষ্টা নিয়ে আমরা সকলে এগিয়ে যাব। মিঃ স্পীকার, স্যার, আপনার মাধ্যমে আমি তাই সকলকে বলছি তা তাঁরা বিরোধীপক্ষ হলেনই বা—ভারতীয় নাগরিক প্রত্যেকে এই কর্তব্যে এগিয়ে আসুন—আপনারা যদি আপনাদের বিদ্যাবুদ্ধি ও সহযোগিতা নিয়ে এগিয়ে আসেন তা হ'লে আমরাও চীনের মত সমৃদ্ধিশালী হ'তে পারব। আজ আমাদের দেশে নানারকম কলকব্জা, মূল শিল্প গ'ড়ে উঠছে, চা-শিল্প, পাটশিল্প আমরা এখন গঠন করছি। এই দুটি শিল্পে আমরা অন্যান্য দেশ থেকে টাকা আনতে পারছি। ইতিপূর্বে সমস্ত রকম মেসিনপত্র আমরা বাইরে থেকে আনতাম। আজকে আমাদের এখানে শেলাইকল তৈরি হওয়ায় এতেও আমরা বিদেশ থেকে টাকা আনতে পারছি। একথা ঠিক যে, আজকে আমাদের শিল্প গ'ড়ে তুলতে হ'লে বৈদেশিক সাহায্য নিতে হবে। চীনও আজকে রাশিয়ার সাহায্য নিয়ে গড়ে উঠেছে। এই বিজ্ঞানের যুগে যদি আমরা বৈদেশিক শক্তির সাহায্যে পিছিয়ে না প'ড়ে থেকে এগিয়ে চলতে পারি, নিশ্চয়ই আমরা সমৃদ্ধি-শালী হব। তাই আমি সকলের কাছে প্রার্থনা করি, আমাদের সংবিধানের প্রতি আনুগত্য

স্থাপন করে এগিয়ে চলুন। নিশ্চয়ই আমরা অন্যান্য দেশের মতই এগিয়ে চলতে পারব। রাজ্যপাল তাঁর ভাষণে এই আশাই প্রকাশ করেছেন। আজকে যদি আমরা তাঁর নির্দেশিত পথে দৃঢ়পদক্ষেপে জাতি গঠনের কাজে এগিয়ে যাই তা হ'লেই রাজ্যপালের ভাষণ সার্থক হবে। তা হ'লেই বাংলাদেশ অগ্রসর হবে, একথা ব'লেই আমি রাজ্যপালের ভাষণের প্রতি সমর্থন জানাচ্ছি।

[11-30—11-40 a.m.]

Sj. Amarendra Nath Basu:

শ্রদ্ধেয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণ উপলক্ষে সত্যিই আমরা খুব খুসি হতাম যদি অন্তরের সহিত আমরা সেটা গ্রহণ করতে পারতাম। কিন্তু তা না পারার কারণ কি? একটা প্রবাদ বহুকাল হ'তে চ'লে আসছে—'রাজা কর্ণেণ পশ্যতি' অর্থাৎ রাজা দেখেন কানে। যুগ পরিবর্তন হয়ে গিয়েছে, রাজা এদেশে নেই, কিন্তু তাঁর প্রাসাদ আছে, তাঁর সেই প্রথাগুলি আছে। আমার মনে হয় মাননীয় রাজ্যপাল তাঁর কান যদি শুধু মন্ত্রীদের কথায় নিবন্ধ ক'রে না রেখে, যদি সাধারণ মানুষের কথা একটু শুনতেন তা হ'লে অন্তত এমন হ'ত না। সংবাদ-পত্রে যেসমস্ত কথা বেরোয় দেশের বর্তমান অবস্থা সম্পর্কে, খাদ্য পরিস্থিতি সম্পর্কে—সেটা শুধু কলকাতায় নয়, সারা বাংলাদেশের যে অবস্থা ও অন্যান্য প্রদেশের যে অবস্থা, সেগুলি যদি একটু ভাল ক'রে পড়তেন। পড়েন নিশ্চয়, কিন্তু সেগুলি যদি একটুখানি ভাষণে জানাতে পারতেন, তাহ'লে আমরা খুশি হতাম। এখনও পুরানো প্রথা আছে যা মন্ত্রীরা তুলে ধরবেন সেইটাই তিনি গ্রহণ করবেন। বর্তমান যুগপরিবর্তনের সময় এই ধরনের নিয়ম হওয়া উচিত ব'লে আমি মনে করি না। আমার বিশেষ বন্ধু কবি বিজয় চট্টোপাধ্যায় মহাশয় বলেছেন, আমরা নাকি 'সব পেয়েছির দেশে বাস করতে চাই। আমি তাঁকে বলব, তিনি যদি শ্রদ্ধেয় নেতা জ্যোতিবাবুর ভাষণ একটু মন দিয়ে শুনতেন তা হ'লে কখনই এই কথা বলতেন না। আমরা কখনও কোনদিন এই রকম আশা করি না। আজকে দেশের যে অবস্থা, আজকে কংগ্রেস যে পথে চলেছে, যে নীতি গ্রহণ করেছে, তাতে এখনই আমাদের দেশ সব পেয়েছির দেশে পরিণত হ'তে পারে না। যদি তাঁরা তাঁদের নীতিও বদলান তা হ'লে, তাতেও কিছু সময় লাগবে। কিন্তু আমাদের আকাঙ্ক্ষা কি? আমরা চলতে চাই কোন্ পথে? আমরা চলতে চাই 'কিছু পাবার' দেশে। আমাদের দেশ গরিব, তাকে বাঁচিয়ে রাখবার অর্থাৎ দেশের মানুষকে বাঁচিয়ে রাখব, এইটাই আমাদের সবচেয়ে বড় দরকার। আমাদের কথাটা তাঁরা বুঝতে পারছেন না, আমাদের কথাটা তাঁদের কানে পৌঁচাচ্ছে না; প্রথমেই তাঁদের একটা ধারণা হয়ে গেছে—যে কথাটা একদিন বঙ্কিমবাবু এখানে বলেছেন—যে তাঁদের যদি কারুর উপর রাগ থাকে, কাউকে তাঁরা দাবাতে চান তা হ'লে তাঁরা অর্থাৎ এই কংগ্রেস-সরকার বিরোধীদলকে দাবাতে চান। আমার মনে হয় এই মনোভাব যতদিন তাদের দূর না হয় ততদিন আমাদের কোন বক্তব্যই তাঁদের কানে পৌঁছাবে না। আমার বন্ধু আনন্দগোপালবাবু একটি কথা বলেছেন—শেষের দিকে তাঁর বক্তৃতা ভাল হয়েছিল, কিন্তু প্রথম তিনি বলেছিলেন যে, বিরোধীদল সরকারের যে খাদ্যনীতি তা বানচাল করতে চান। এটা কিন্তু সত্য নয়। খাদ্য নিয়ে আন্দোলনের সময় মুখ্যমন্ত্রী এবং জ্যোতিবাবুর মধ্যে যে আলোচনা হয়েছিল মুখ্যমন্ত্রী যে কথা দিয়েছিলেন জ্যোতিবাবুকে তার মধ্যে পরিষ্কার-ভাবে একথা ছিল যে, সকলকে নিয়েই খাদ্য উপদেষ্টা বোর্ড হবে এবং সমস্ত পার্টি এবং পার্টির বাইরের লোক নিয়ে এমনভাবে কাজ করতে হবে যাতে কৃষির উন্নতি হয় যতে বেশি উৎপাদন হয় এবং যার দ্বারা দেশের সাধারণ মানুষের ভাল হয়। আমি আশ্চর্য হয়ে গেলাম যে, সেই উপদেষ্টা বোর্ড হ'ল না মুখ্যমন্ত্রী যে প্রতিশ্রুতি দিয়েছিলেন তার বিরুদ্ধে সমস্ত কংগ্রেস দাঁড়াল। আমি সেখানে এই কথা বলি যে, মুখ্যমন্ত্রী তাঁর কথা রাখতে চান কিন্তু কংগ্রেস সেই কথা মানতে চান না। এটা কি রকম অবস্থা? আমরা সেই সভায় বলেছিলাম যে, আপনি যেকথা দিয়েছেন সেই কথা কংগ্রেস রাখতে চায় না এ কিরকম কথা? আমি একথা এখানে পরিষ্কার বলতে চাই যে, খাদ্য নিয়ে ওঁরা রাজনীতি করবেন না বলেন, কিন্তু কার্যত তাই করেন। আমরা যদি সহযোগিতার হাত বাড়াই আপনারা মনে করেন, পাঞ্জা কষতে আসছি। এই ভুল মনোভাব আজ আপনাদের ত্যাগ করতে হবে।

আমি আর বেশি কিছু বলব না। শুধু কলকাতা সম্বন্ধে দু-একটা কথা বলব। সম্প্রতি একটি কাগজে পড়লাম—বোধ হয় আনন্দবাজার পত্রিকায় সেখানে প্রফুল্ল সেন মহাশয় বলেছেন যে, কলকাতা এবং শিল্পাঞ্চলের মানুষের ক্রয়ক্ষমতা বেড়েছে। আমি তাঁকে এই কথা বলি, আমার পূর্বে শ্রীসুবোধ ব্যানার্জি মহাশয়ও সংখ্যাতত্ত্বের দ্বারা দেখিয়ে দিয়েছেন বেকার কত আছে এবং আমি মনে করি এর বাইরেও বহু বেকার আছে। কলকাতার প্রত্যেকটি দরজায় যদি কড়া নেড়ে দেখেন দেখবেন বহু ঘর আছে যেখানে দুবেলা উনান জ্বলে না। আর দু-একটি কথা সংক্ষেপে বলব। আমর বহুদিন আগে থেকেই খাদ্য উপদেষ্টা বোর্ডের প্রয়োজনীয়তা অনুভব করেছিলাম। তা ছাড়া অনুভব করেছিলাম যে, কলকাতার পল্লীতে পল্লীতে এমনকি বস্তিতে বহু বৃদ্ধ, রুগ্ন, অসহায় মানুষ আছে যাদের সরকার থেকে সাহায্য দেওয়া উচিত। শুনেছি, এরকম করবার কোন আইন নেই, কিন্তু আমি বলি আইন নেই ব'লে আপনারা ব'সে থাকেন কেন? বহু গরিব আজ শহরে আছে।

[11-40—11-50 a.m.]

যাদের সরকার থেকে সাহায্য দেওয়া উচিত। শুনেছি নাকি আইন নেই। আমি জিজ্ঞাসা করি, আইন নেই ব'লে তাঁরা ব'সে থাকবেন কেন? আইন পরিবর্তনের চেষ্টা তাঁরা করেন না কেন? এটা করা উচিত। বহু গরিব, অসহায় আজ শহরে আছে। আজ যখন কলিকাতা শহরে এত বেকার, যদি প্রত্যেক পরিবার একটা ক'রে বেকার পালন না করত, সাধারণত লোকে যারা ১½—২ শত টাকা মাইনে পায়, এইরকম পরিবার একটা ক'রে বেকার পালন করবার ভার গ্রহণ যদি না করত তা হ'লে দেখতেন কলিকাতায় এই বেকাররা কি আন্দোলন সৃষ্টি করত। ক্রয়ক্ষমতা কলিকাতার লোকের বেশি নেই।

আর একটা কথা বলব, আমি একটা অনুরোধ করেছিলাম, সেটা হচ্ছে এক সপ্তাহে আপনারা যে জিনিস দেন সেটা দুইবারে যাতে পেতে পারে। শ্রমিক শ্রেণীর মানুষ, গরিব, এরা এক-সঙ্গে চাল ও গম পরিবারের জন্য কিনতে পারে না। তারা দুইবারে যাতে পেতে পারে তার চেষ্টা করুন। মুখ্যমন্ত্রী মহাশয় রাজী ছিলেন, তিনি বলেছিলেন যে, আমি চেষ্টা ক'রে দেখব যাতে তারা এইভাবে পেতে পারে। কিন্তু এখনও তা হয় নি। আর একটা কথা বলব, সেটা হচ্ছে গম না নিলে চাল পাওয়া যায় না। এটা পরিবর্তন করা দরকার। ক্ষতি কি? একটা মানুষ যদি শুধু চাল নিয়ে গমটা সরকারের ঘরে বিক্রি করতে চায় তা হ'লে ক্ষতি কি আছে? এই কাজ অতি শীঘ্র করা উচিত ব'লে আমি মনে করি এবং কলিকাতার মানুষ এটা চায়। আশ্চর্যের কথা, ১লা জানুয়ারি থেকে কলিকাতায় অতি মিহি, মিহি এবং মাঝারি চাল হঠাৎ লোপ পেয়ে গেল। এর কোন কারণ খুঁজে পেলাম না। যেখানে দেখেছিলাম ৫ দিন আগে ১০০ বস্তা চাল রয়েছে সেখানে নিজে খোঁজ করতে গিয়ে দেখলাম দুই বস্তা মাত্র আছে; যেখানে ১০ বস্তা ছিল, সেখানে দুইটি কেরোসিন তেলের টিনে চাল রয়েছে। এইভাবে আমি প্রায় ১০০টি দোকান দেখেছি যে, চাল নেই। মাঝারি চাল যদি চান এবং মোটা চাল যদি চান তা হ'লে দেখবেন যে, তার একই অবস্থা। কেন এই অবস্থা হবে, কেন খাদ্যমন্ত্রী মহাশয় চেষ্টা করছেন না? যেখানে বড় বড় মিলমালিক আছে, চালের কল আছে, মজুতদার আছে তাদের ঘরে লোক পাঠিয়ে যাতে ছোট ছোট কারবারীরা চাল পেতে পারে—যারা কলিকাতা শহরের গৃহস্থদের কাছে চাল বিক্রি করে—তার ব্যবস্থা করছেন না কেন? আশ্চর্যের কথা, এর কোন উচ্চবাচ্য দেখতে পাই না। তিনি বলছেন যে, এক মাস বাদে সব ভাল হয়ে যাবে যদি আমরা সহযোগিতা করি। বলুন কি সহযোগিতা করব? এবং তিনি এই কথা বলেছেন, সাধারণ মানুষ কেন প্রতিরোধ করে না। একথার অর্থ বুঝতে পারি না। সাধারণ মানুষকে কিভাবে প্রতিরোধ করতে হবে, তারা কি হামলা করবে ধানকলে গিয়ে? না, বড় বড় মালিকদের বলবে যে, বল কোথায় লুকিয়ে রেখেছো? এবং তারও একটা সংবাদ বলি। শোভাবাজারের এক সংবাদ বেরিয়েছিল যে, সেখানকার একজন ব্যবসায়ীর ঘরে কাঁকর মিশানো চাল পাওয়া গেল। তার ঘরে আলাদা ১০-১২ টিন কাঁকর এবং অনেক ভাল চাল এবং কাঁকর মিশানো চাল পাওয়া গেল এবং সে সব সুদ্ধ ধরা পড়ল। এ খবর সংবাদপত্রে বেরুলো কিন্তু তারপর তার আর কোন সংবাদ আমরা পাচ্ছি না। একমাস হয়ে গেল, আমরা জানতে চাই, মন্ত্রিমহাশয়ের কাছ থেকে, যে এই কাজ করেছিল তার কি হয়েছে। এটা পরিষ্কার ক'রে এই সভায় বলা উচিত যাতে আমরা মনে করতে পারি এসব অন্যায় কাজ যারা করে তাদের সাজা দিতে সরকার প্রস্তুত আছেন।

পরিশেষে আমি শ্রদ্ধেয় জ্যোতিবাবু যে কথা বলেছেন সে সম্বন্ধে একটু বলব এবং আপনাদেরও বলব যে, তিনি যেকথা বলেছেন সেটা কোন কটূক্তি ক'রে নয়। পাশের একটি দেশ সমাজবাদের দিকে এগিয়ে চলেছে, সমস্ত জাতিকে উদ্বুদ্ধ করেছে, দেশের সম্পদ গড়ে তুলে চলেছে তাদের দিকে নজর দেওয়া উচিত। জ্যোতিবাবু সেকথাই বলেছেন কোন অপমানের কথা তিনি বলেন নি।

Sj. Khagendra Kumar Roy Choudhury:

মাননীয় সভাপাল মহাশয়, মাননীয়া রাজ্যপাল মহোদয়া তাঁর ভাষণের শেষে যে দুটি লাইন বক্তৃতায় বলেছেন, সে সম্বন্ধে ইতিপূর্বে অনেকেই অনেক কথা ব'লে গেছেন। তিনি বলেছেন, "আমি ইতিমধ্যেই আমাদের শহর ও গ্রামগুলিতে নূতন প্রাণস্পন্দন এবং আমাদের জনসাধারণের মধ্যে স্বনির্ভরতা, গৌরববোধ ও মর্যাদার নূতন বিকাশ দেখিতে পাইতেছি।" এখন আমরা গ্রামে যা দেখছি তাতে গ্রামাঞ্চলে সাধারণ মানুষের মধ্যে গৌরববোধ খুব বেড়েছে। তার কারণ হচ্ছে গ্রামের খয়রাতি তালিকায়, সাধারণ মানুষ ভিখারীর তালিকায় নাম অন্তর্ভুক্ত করতে পেরে খুব গৌরববোধ করছে এ বিষয়ে কোন সন্দেহ নাই, আর রিলিফের পচা আটা খেয়ে সাধারণ মানুষের যে প্রাণের স্পন্দন বেড়েছে তাতে কোন সন্দেহ নাই। তারপর বিশেষ ক'রে খাদ্যের উপর রাজ্যপালের যে বক্তৃতা আছে—তিনি বলেছেন—খাদ্যের সামগ্রিক অবস্থা ১৯৫৮ সালে যা ছিল এ বৎসর তাহা অপেক্ষা ভাল হইবে। কিরকম ভাল হইবে? সরকারই বলেছেন আগেকার তুলনায় এ বৎসর দু' লক্ষ টন ঘাটতি হইবে। তাহলে অগ্রগতি কিরকম হ'ল? বিয়োগের দিক দিয়ে অগ্রগতি হ'ল আর যোগের দিক দিয়ে পেছনে অগ্রগতি হয়েছে। তারপরে তিনি কয়েকটি আইনের কথা বলেছেন, আমাদের সরকার কি কি করেছেন আর কি কি করার আছে। মুনাফা নিয়ন্ত্রণ সম্বন্ধে বলেছেন। তারপর হচ্ছে পশ্চিমবঙ্গের সমস্ত চালকলের শতকরা ২০ ভাগ লেভি ক'রে সংগৃহীত হবে। কবে হবে? সমস্ত চালকল তো বন্ধ। বড় বড় মজুতদার তো সব বেরিয়ে গেল! তখন প্রয়োজন হ'ল না, কবে প্রয়োজন হবে তা সরকারেরই জানা আছে। এই প্রসঙ্গে খাদ্যসঙ্কট সম্বন্ধে বলতে চাই। সরকারের তরফ থেকে যারা প্রোডিউসার, যারা উৎপন্ন করে তাদের ঘাড়ে দায়িত্ব চাপাবার চেষ্টা করেছেন। সাধারণ চাষী, গরিব ভাগচাষী যারা তাদের ঘরে চাল মজুত রাখবার ক্ষমতা তাদের নাই। বড় বড় মজুতদার, জমির মালিক যারা তাদের ঘরেই চাল আছে। অনেক কংগ্রেসী বন্ধু বলেছেন, আমরা নাকি, বিরোধীপক্ষের লোক নাকি উৎসাহ দিয়েছি কৃষকদের ধান-চাল মজুত রাখতে। আমার বক্তব্য হচ্ছে উৎসাহ আমরা দিচ্ছি না। উৎসাহ দিচ্ছেন ওঁরাই। যারা বড় বড় জমির মালিক তারা তাঁদেরই সমর্থক, কাজেই তাঁরা যেন তাদের সমর্থকদের বলেন—বাজারে চাল বার করবার জন্য। তারপর কমিউনিস্ট পার্টির তরফ থেকে আগের বারেও সঙ্কটের কথা বলা হয়েছে তারপর একথাও বলা হয়েছে যে, এই পদ্ধতি যদি না নেওয়া হয় তা হ'লে সঙ্কট বাড়বে কিন্তু সরকারের তরফ থেকে তাঁরা সে পদ্ধতি গ্রহণ করেন নাই। পরামর্শও গ্রহণ করেন নি। তাঁরা প্রথমে ব'লে দিলেন এত লক্ষ টন ঘাটতি হবে। কিভাবে বললেন? প্রফুল্লবাবু র‍্যানডম সার্ভের রসিকতা যতদিন বন্ধ না করা যাবে ততদিন বাংলাদেশের কপালের অনেক দুর্ভোগ আছে।

[11-50—12 noon.]

তার পরে বললেন ৭ লক্ষ টন। পরে দেখা গেল, গত বৎসর সরকার ৯ টন বিলি করেছেন অথচ ৭ লক্ষ টন ঘাটতির জন্য প্রয়োজন ছিল সেই ঘাটতির চেয়েও দু' লক্ষ টন বেশি ছিল, তা সত্ত্বেও চালের দর কেন বাড়ল? যেটা তাঁরা স্বীকার করছেন কৃত্রিমভাবে সঙ্কট সৃষ্টি করা হয়েছে। সেই কৃত্রিমভাবে সঙ্কট সৃষ্টি করবার শক্তি যাদের ছিল তারাই বাজার থেকে ধান চাল কিনল আমরা যে বার বার বললাম—সরকার কিনে রাখুন, সরকার তা কিনলেন না। ফলে ৩২ টাকার থেকে ৩৫ টাকা পর্যন্ত চালের দর হ'ল। হিসাব ক'রে দেখেছি—এই যে বাড়তি দাম বা স্বাভাবিক দাম ছাড়িয়ে উঠেছিল তার জন্য, আমাদের দেশের সাধারণ লোককে ৩০ কোটি টাকা বেশি দিতে হয়েছে শুধু চালের জন্য। আমাদের কংগ্রেসী বন্ধুদের ব'লে দিতে পারি, এই ৩০ কোটি যখন তাঁরাও পাবেন এ থেকে নিশ্চয়ই তাদের ইলেকশন ফান্ডে টাকা এসে যাবে। তারপর অনেক কষ্টে একটা আইন হ'ল, হাটে মাঠে তা নিয়ে চিৎকার ক'রে বেড়ালেন, কিন্তু সে আইন কার্যে পরিণত করা হ'ল না। একটিমাত্র গ্রেপ্তারও এই আইন মারফত হ'ল না।

আইন দ্বারা ভাঙ্গল তাদের কাউকেই গ্রেপ্তার করা হয় নাই। কেন গ্রেপ্তার করা হয় নাই তা আমরা জানি। কারণ আমাদের খাদ্যমন্ত্রীর সঙ্গে যে তাদের অনেক দিনের প্রণয় আছে সেইজন্য গ্রেপ্তার করা সম্ভব হয় নাই। যাদের সঙ্গে ভালবাসা তারা কেউ সহযোগিতা করে না। আর বিরোধীপক্ষদের বলছেন সহযোগিতা করতে। তারা তো বলেছিল ৪ লক্ষ টন কিনতে, তা কেনা হ'ল না কেন? সহযোগিতা আমরা যে করব—সে কি সংকট সৃষ্টি করবার জন্য? আমরা বলেছিলাম আগে থেকেই একটা সর্বদলীয় খাদ্য কমিটি করতে, কিন্তু সেই খাদ্য কমিটি যদি একটা পান্তির মাঠ হয় ত' হ'লে সে কমিটিতে লাভ কি? খাদ্যমন্ত্রী তথা পরিবেশন করেছেন আগে মাথাপিছু মাত্র সাড়ে দশ ছটাক চাল দেওয়া হ'ত রেশনে। সেখানে প্রফুল্লবাবু এম আর শপে ঢের বেশি বিলি করেছেন, কিন্তু তাতে কি মহাভারত উদ্ধার হয়েছে? তা সত্ত্বেও চালের দর কি ৩২ টাকা হয় নাই? আজ সহযোগিতার মুখোশ পরার ছলনা কেন? আমরা ভাল করেই জানি—সহযোগিতা মানে কি? এবারে ধান কেনবার কোন ব্যবস্থাই হচ্ছে না। আগেই বলা হয়েছে—ধান আপনারা কিনুন। গতবার তবু একটা লক্ষ্য ছিল, এবারে কোন লক্ষ্যই নাই। ৭ লক্ষ টনের ঘাটতি নিয়ে ৯ লক্ষ টন দিয়েও কুলোয় নি। এবারে যেখানে ৯ লক্ষ টন ঘাটতি তা সত্ত্বেও এবারে যা কেনবার তা কিনলেন না, বাজার থেকে ধানচাল কেনা-বেচা হয়ে গেল পর পশ্চিমবঙ্গ-সরকার কি বাজারে বেরিয়ে খড় কিনবেন? ফসল যখন মাঠে তখন উল্টো তথ্য দিলেন—এবার অবস্থা ভাল, যখন ধান চাষীর হাত থেকে বেরিয়ে গেল তখন বলা হ'ল এত টন ঘাটতি। এই প্রসঙ্গে যশোরের পাড়াগাঁয়ের একটা প্রবাদ মনে পড়ে একদিন ননদকে সঙ্গে নিয়ে বৌদি গঙ্গার ঘাটে স্নানে গিয়েছিল। ননদকে কুমিরে নিয়ে গেল। বাড়ি ফিরে বৌদি সেকথা কাউকে কিছু বললে না। তারপর ভাত খাওয়ার পর আঁচাবার বেলা বললে—

ভাল কথা মনে পড়ল আঁচাতে আঁচাতে
ঠাকুরঝিরে কুমিরে নিল নাচাতে নাচাতে।

এঁদের সেইরকম ব্যবস্থা। এঁরাই আবার বলছেন আমাদের সঙ্গে সহযোগিতা কর। আমার বন্ধু বিজয়বাবু বললেন, যারা দেশের ভাল চায় তারা খদ্দর পরে। আমরা দেশের ভাল চাই, তাই খদ্দর পরি। খদ্দর পরার ব্যাপার কি আমরা জানি

উপরে কোঁচার পত্তন
ভিতরে ছুঁচোর কেত্তন।

আমরা জানি স্বাধীনতার পরে মিলওয়ালারা, কলের মালিকেরা খদ্দর পরতে শুরু করেছে। সেদিন প্রফুল্লবাবুর কাছে গিয়েছিলাম। বললাম, ২৪-পরগনা জেলায় চাল তো কোথাও পাওয়া যাচ্ছে না। তিনি বললেন—আমি একথা স্বীকার করি না 'চাল নাই' একথা সিদ্ধার্থবাবু যখন বলেছিলেন তখন খগেন দাশগুপ্ত মহাশয় কোমর বেঁধে লাফিয়ে উঠে বল্লেন আমরা সেখানে দেখে এসেছি, চালের কোন অভাব নেই, প্রচুর চাল আছে। আজ কোথায় গেল সে চাল? ভোজবাজির মতন কি উড়ে গেছে? বিরোধীপক্ষ বার বার হুঁশিয়ার করে দিয়েছে। তারা বলেছে—সংকট দেখা দিয়েছে, সংগ্রহ করুন। তারা বলেছে—লেভি করুন। তা করা হয় নাই। এবার বলছেন—বিরোধীপক্ষের কুম্ভীরাশ্রু আর তাঁদের দরদের অশ্রু! আমরা তো জানি এই যে দরদের অশ্রুর দরদ সে কেবল যেখানে দু পয়সা আছে সেখানেই দরদ দেখা যায়। ৩০ কোটির ভাগ যে পাওয়া গেছে তাতেই দরদের প্রমাণ! যাক সে কথায় আমি আর বেশি যেতে চাই না। এবারেও আমরা বলছি—বাংলাদেশকে দুর্ভিক্ষের পথেই নিয়ে যাচ্ছেন। আগে তো অনাবৃষ্টির জন্য হয়েছে? এবার হচ্ছে কিজন্য? এ তো টাকে করে বাক্সের অন্ধকারে পাচার করবার জিনিস নয়। তাই জিজ্ঞাসা করি, এবার চাল গেল কোথায়? অতি-বৃষ্টি অনাবৃষ্টির ভাঁওতা না দিয়ে সত্যিকারের যদি দেশকে খাদ্য বিষয়ে স্বয়ংসম্পূর্ণ করতে চান ত' হ'লে চাষীকে জমি দিন। আসল কথা, চাষীর হাতে জমি নাই। অতিবৃষ্টি অনাবৃষ্টির ওজুহাত আর চলবে না। অনাবৃষ্টি যে হয় তার জন্য কি কোন ব্যবস্থা করেছেন? কোন ব্যবস্থাই এ পর্যন্ত আপনারা করেন নি। সুতরাং আজকে যে অবস্থার সৃষ্টি করেছেন তাতে সহযোগিতার প্রশ্ন ওঠে না। যেমন বলেন আপনারা—আইন আপনারা করেছেন।

যখন আমরা বলি যে, সেই আইন যারা ভাঙছে তাদের সাজা দিন। দেবেন সাজা? দেখবেন বাংলাদেশের লোক সহযোগিতা করে কিনা—বলুন কোথায় চাল আছে খুঁজে বার কর—দেখবেন তাতে বাংলাদেশের লোক সহযোগিতা করে কিনা। নইলে সহযোগিতা মানে—আপনারা যা বলবেন—আর সঙ্গে সঙ্গে ডিটো মারা সবরকম সহযোগিতা কংগ্রেসী বন্ধুদেরই পে যায়। আমরা করি না। যেমন পি আর ঠাকুর একজন—মা-বোনের ইজ্জৎ যারা রাখতে জানে না তাদের সম্বন্ধে কথা বলতে ইচ্ছা হয় না। তাঁর কথার জবাব আমরা দিতে জানি। তাঁর বাড়িতে যে বরুণীর মেলা হয় তার ঐতিহ্য আমাদের জানা আছে। পরের স্ত্রীকে নিয়ে যে বেড়াতে যাওয়া, সে ঐতিহ্য আমাদের নেই। আর একজন হচ্ছেন হংসধ্বজ ধাড়া। তিনি মার্ক্সবাদকে ছয় ভাগে ভাগ করেছেন। তিনি মার্ক্সের বই নিজে পড়েছেন কি কারও থেকে শুনে আউড়ে গিয়েছেন জানি না। সেইজন্য তাঁর অবস্থা হয়েছে সেই ছেলের মতন, যাকে মা শিখিয়ে দিয়েছিলেন—

দুটি পাকা বেল
সরিষার তেল।

কিন্তু তার মুখ দিয়ে বেরুল—

দুটি পাকা তেল
সরিষার বেল।

ওঁরও হয়েছে তাই। সর্বশেষে শুধু এই কথা বলতে চাই আপনারা যে রাস্তায় যাচ্ছেন তাতে যে সমাজতন্ত্রের কথা আপনারা যখন তখন বলে বেড়ান, আপনাদের যে রাস্তা সে রাস্তা সমাজতন্ত্রের সমাধি রচনারই রাস্তা, সমাজতন্ত্রের সেই কবর রচনার জন্য কি বাংলাদেশের মানুষ সহযোগিতা করবে?

[12—12-10 p.m.]

Sj. Gobinda Chandra Maji:

সভাপাল মহাশয়, কংগ্রেসপক্ষীয় সদস্য উদ্বাস্তু নেতা পি আর ঠাকুর মহাশয় আমাদের সামনে তথ্য পরিবেশন করে বলেছেন যে, তাঁর বক্তৃতায় উদ্বুদ্ধ হয়ে এবং তাঁর ঠাকুর কল্যাণ উদ্বাস্তুদের সেবায় মুগ্ধ হয়ে বাগনানের উদ্বাস্তুরা কংগ্রেসপক্ষকে সব ভোট দিয়েছেন। একথা অতিশয় অসত্য কথা। আপনারা ওখানকার বুথের যদি খবর নেন তা হলে দেখবেন যে, যদিও বামপন্থীরা সেখানে পরাজিত হয়েছেন তথাপি সেখানে ফরোয়ার্ড ব্লক প্রার্থী সবচেয়ে বেশি ভোট পেয়েছেন। আমার যতদূর মনে হয় শতকরা ৭৫ থেকে ৮০ ভাগ ভোট বামপন্থী প্রার্থীরা পেয়েছেন। কাজেই তাঁর বক্তৃতায় উদ্বুদ্ধ হয়ে এবং ঠাকুর কল্যাণের সেবায় মুগ্ধ হয়ে কংগ্রেসীদের তারা ভোট দেয় নি।

মাননীয়া রাজ্যপালিকা তাঁর অভিভাষণে আমাদের পশ্চিমবঙ্গের যে সুন্দর চিত্র অঙ্কনের প্রয়াস পেয়েছেন আমার মনে হয় বাস্তবের সঙ্গে তার লেশমাত্র সম্পর্ক নেই। তাঁর সরকারের খাদ্যনীতির আলোচনা প্রসঙ্গে দেখা যায় যে, ১৯৫৯ সালের ১লা জানুয়ারি থেকে মুনাফা-বিরোধী আইন চালু হবার সঙ্গে সঙ্গে পশ্চিমবঙ্গের সর্বত্র মফঃস্বল শহর এবং শহরতলী থেকে ধান এবং চাল একেবারে অন্তর্হিত হয়ে গেছে। নূতন ফসল ওঠার সঙ্গে সঙ্গে জনসাধারণ বৎসরের প্রথম দিক হ'তেই এক চরম বিপর্যয়ের সম্মুখীন হলেন। পশ্চিমবঙ্গের বৃহত্তর অংশে আজ চালের দাম ২২ টাকা থেকে ২৬ টাকা এবং মোটা, মাঝারি, সরু প্রভৃতি সরকার যে বিভিন্ন স্তর ঠিক করেছিলেন বাজার ঘুরলেই তার পরিণতি কোথায় দাঁড়িয়েছে তা বুঝতে বাকি থাকে না। কৃষক যাতে ফসলের ন্যায্য মূল্য পায় সেজন্য সর্বনিম্ন মূল্য লিখে নির্দিষ্ট ক'রে দেওয়া হয়েছে। কিন্তু পশ্চিমবাংলার কৃষককুলের এক বৃহৎ অংশ মাঠে ধান পাকার পূর্বেই ৬-৭ টাকা দরে ধান বিক্রয়ের প্রতিশ্রুতিতে ঋণ গ্রহণে বাধ্য হয়। কারণ শ্রাবণ-ভাদ্র মাসে চাষীদের কোন কাজ থাকে না ব'লে সংসার প্রতিপালনে অপারগ হয়ে ঋণ গ্রহণে বাধ্য হয়। পশ্চিমবঙ্গের অধিকাংশ মিল সরকারী দরে চাল বিক্রি করছে না—নির্ধারিত দর অপেক্ষা ২-৩ টাকা বেশি দাবি করছে এবং প্রবর্তিত দরে মেমো দিচ্ছে। এর ফলে হোলসেলার

এবং সঙ্গে সঙ্গে রিটেলারদের পক্ষে সরকারী নির্দিষ্ট দরে চাল বিক্রি করা অসম্ভব হয়ে পড়েছে। দোকানে গেলে শোনা যায় চাল নেই। নেহাৎ জানাশুনা লোক থাকলে সরকারী নির্ধারিত মূল্য অপেক্ষা মণপ্রতি ৩-৪ টাকা বেশি দিলে চাল পাওয়া যেতে পারে। মিল-মালিকরা তাঁদের চালকল বন্ধ ক'রে রেখেছেন এবং বলছেন যে, সরকার প্রবর্তিত দরে তাঁরা ধান কিনতে পারছেন না। প্রত্যক্ষ অভিজ্ঞতা থেকে দেখা যাচ্ছে যে, এটা আংশিক সত্য। চালের কল যদি বন্ধ থাকে তখন শতকরা ২৫ ভাগ লেভি কি কাজে লাগবে বোঝা যাচ্ছে না। প্রয়োজন হ'লে সরকার খোলাবাজার থেকে ধান ও চাল কিনবেন, কিন্তু ধান-চাল যদি দেশে থাকে তা হলে সরকার তা কিনতে আরম্ভ করছেন না কেন? আবশ্যক হ'লে সরকার বড় বড় মজুতদারদের ধান ও চাল দখল করতে পারতেন। কিন্তু মাননীয় রাজ্যপালিকার সরকার কি বর্তমান অবস্থাতেও ধানচাল দখল করার আবশ্যকত বোধ করছেন না? সরকারকে জ্ঞাত করানো আবশ্যক যে, বহু জোতদাররা ধান না ঝেড়ে এখনও গাদা ক'রে রেখেছে। তাদের সম্বন্ধে কি ব্যবস্থা অবলম্বন করা হবে তা নির্ধারিত হওয়া আবশ্যক। গত বৎসরে ৯ লক্ষ টনের উপর ঘাটতি ছিল। এ বৎসর মাননীয় রাজ্যপালিকার সরকার আশা করেন যে, সামগ্রিক খাদ্যাবস্থা ১৯৫৮ সালে যেরূপ ছিল এ বৎসর তার অপেক্ষা ভাল হবে। দেশের কোন কোন অংশে অনাবৃষ্টি হওয়া সত্ত্বেও আমন ফসল অসন্তোষজনক হয় নাই। কিন্তু সরকার যেসব অঞ্চলে ফসল সন্তোষজনক ব'লে মনে করেন সেইসব অঞ্চলে, যথা মেদিনীপুর, সুন্দরবন অঞ্চল, বীরভূম, বাঁকুড়া, এমনকি বর্ধমানের এক বৃহৎ অংশে অনাবৃষ্টি এবং সরকারের সেচ-নীতির ব্যর্থতার ফলে আমন ফসলের ফলন একেবারেই অসন্তোষজনক। প্রতিবেশী রাজ্য আসাম, উড়িষ্যা, বিহার এমনকি নেপালের প্রচুর শস্যের অবতারণা করা হয়েছে—এর কারণ বুঝলাম না। প্রতিবেশী রাজ্যের শস্যের ফলন ভাল এটা কি মাননীয় রাজ্যপালিকার সরকারের কৃতিত্বের ব্যাপার না সরকারের নিজস্ব পুলিস বাহিনীর উপর বিশ্বাস না রাখতে পেরে পশ্চিমবঙ্গের ধান যখন প্রতিবেশী রাজ্যে চালান হয়ে যায় তখন প্রতিবেশী রাজ্যের ভাল ফসলের কথা ঘোষণা করা হয়। মোটামুটি পশ্চিমবঙ্গের বিভিন্ন অঞ্চলের সংবাদ পরিদর্শনে একথা বুঝতে কারুর বাকি থাকে না যে, পশ্চিম বাংলায় ঘাটতির পরিমাণ এ বৎসর ৯ লক্ষ টনের অনেক বেশি উপরে। কিন্তু সরকারপক্ষ নানা উপায়ে এই আসল তথ্য পরি-বেশনে লজ্জা বোধ করছেন। যদি সত্যি ৯ লক্ষ টন ঘাটতি হয়ে থাকে তা হ'লে উড়িষ্যা থেকে ২½ লক্ষ টন চাল এবং ১ লক্ষ টন সাপ্লিমেণ্ট ৩½ লক্ষ টন খাদ্য যদি পাওয়া যায় এবং কেন্দ্রীয় সরকার যদি ৬-৭ লক্ষ টন গম দেন তা হ'লে ঘাটতির কোন কথাই উঠতে পারে না এবং বৎসরের প্রথম থেকেই এরূপ বিপর্যস্ত অবস্থা আসাও সম্ভবপর নয়। পশ্চিমবঙ্গের ধানচাল বাহিরে চালান দেওয়া নিষিদ্ধ ব'লে যে কড়া ব্যবস্থা আছে তাও সঠিক কার্যকরী হচ্ছে ব'লে মনে হচ্ছে না। বীরভূম জেলার সিউড়ি অঞ্চল থেকে কিছু চাল বিহার রাজ্যে যেতে আরম্ভ হয়েছে। পাট ১৯৫৮ সালে ৩৫ ৬ লক্ষ গাঁট উৎপন্ন হয়েছে ব'লে আত্মপ্রসাদ লাভ করেছেন। এর সঙ্গে সঙ্গে বীজ ও রাসায়নিক সার ব্যবহারের জন্য এই বিপুল পাট উৎপন্ন হয়েছে ব'লে বলেছেন। ফসলের মণপ্রতি উৎপাদনের খরচ প্রায় ২৫-২৬ টাকা এবং চাষী এ বৎসর ১৬ টাকার বেশি দাম পায় নি। সুতরাং চাষীর বিরাট ক্ষতির পরিমাণ সহজেই অনুমেয়। আগামী বৎসর আরও ভাল রাসায়নিক সার ও বীজ সরবরাহ করলেই চাষীরা পাটচাষে প্রেরণা পাবে কিনা তা একমাত্র মাননীয়া রাজ্যপালিকার সরকারই বলতে পারেন। দুগ্ধ সরবরাহ সম্বন্ধে তাঁরা বলেছেন যে, ১৯৫৭ সালের পর হরিণঘাটা দুগ্ধ কলোনিতে দুগ্ধবতী গো-মহিষের সংখ্যা দ্বিগুণ হইয়াছে এবং ৫২ হাজার পাউন্ড হইতে বাড়িয়া ১ লক্ষ পাউন্ড হইয়াছে। কিন্তু মফঃস্বল অঞ্চলে এই দুগ্ধ সরবরাহের জন্য তাঁরা কি ব্যবস্থা করেছেন বা সেখানে গোজাতির উন্নতি ও গোচারণভূমির কি ব্যবস্থা করেছেন সেটা জানতে চাই। আমরা দেখেছি যে, এস্টেটস অ্যাকুইজিশনের সঙ্গে সঙ্গে সমস্ত গোচারণভূমি বহু জোতদার এবং জমিদার তাঁদের নামে বিলি ব্যবস্থা ক'রে নিয়েছেন। কিন্তু তার কি ব্যবস্থা করেছেন সে সম্বন্ধে কোন ইঙ্গিতই তাঁর ভাষণে আমরা দেখতে পেলাম না। তারপর তিনি সেচব্যবস্থার কথা বলেছেন। দামোদর ও ময়ূরাক্ষীর পরিকল্পনার দ্বারা কিছু কিছু জমিতে জল দেওয়া হচ্ছে সত্য কথা কিন্তু দামোদর থেকে যেসব খাল কাটা হয়েছে, বিশেষ ক'রে হুগলি ও হাওড়া জেলায় যেসব খাল কাটা হয়েছে এ বৎসর অনাবৃষ্টির দিনে সেইসমস্ত খাল দিয়ে এতটুকুও জল আসে নি যাতে ক'রে সামান্য পরিমাণ জমিতে চাষীরা চাষ করতে পারে। গভর্নমেণ্টের সেচনীতির ব্যর্থতার ফলে বর্ধমানের

রায়না, হুগলির আরামবাগ এবং হাওড়ার আমতার এক বিরাট অঞ্চল মরুভূমিতে পরিণত হ'তে চলেছে। দামোদরের যেটা আমতার দিক দিয়ে বয়ে যাচ্ছে সেই আমতা চ্যানেল একেবারে শুকিয়ে গেছে, তার জন্য বিরোধীপক্ষ থেকে বহুবার দাবি উত্থাপন করা হয়েছে যে, বর্ধমান জেলায় একটা ড্যাম করা হোক। একথা আমাদের সেচমন্ত্রী মহাশয় জানেন। তার দ্বারা বৃহত্তর অংশে সেচ-ব্যবস্থা হ'তে পারে। মাননীয় রাজ্যপালিকার ভাষণে এর কোন ইঙ্গিত আমরা পেলাম না। রাস্তার কথায় বলা হয়েছে যে, রাস্তা গেল বৎসরে ৪৩৩ মাইল হয়েছিল এবং এ বৎসরে ৪০০ মাইল হবে। কথা হচ্ছে যে, রাস্তা হচ্ছে, কিন্তু আমাদের ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে দেখছি যে রাস্তা হয়ে বিশেষ কিছু লাভ নেই। কারণ এমন কতকগুলি রাস্তা আমাদের সরকার তৈরি করেছেন যে, রাস্তা বহুদিন আগে নির্ণীত হয়ে গেছে। কিন্তু সে রাস্তা সরকারপক্ষ কোন মিলমালিক বা বড়লোকের সুবিধার জন্য বন্ধ ক'রে রেখেছেন। উদাহরণস্বরূপ হাওড়া আমতা রোডের কথা বলতে পারি। এই রাস্তাটি বহুদিন ধরে বড়গাছিয়ার নিকট শিকল দিয়ে বন্ধ করা হয়েছে মার্টিন কোংএর স্বার্থে। এই ভাবে দেখতে পাওয়া যায় যদিও গভর্নমেন্ট ৪০০ মাইল রাস্তা করেছেন কিন্তু সেই সমস্ত রাস্তা জনসাধারণকে ব্যবহার করার সুযোগ পর্যন্ত তাঁরা দেন না।

[12-10—12-20 p.m.]

Dr. Kanai Lal Bhattacharyya:

মাননীয় স্পীকার মহাশয়, এবারের রাজ্যপালের ভাষণে নতুন কিছু দেখতে পেলাম না। প্রতি বৎসর যেভাবে ভাষণ দেন এবারও ঠিক তারই চর্বিতচর্বণ করেছেন। এবারের নতুনত্ব হচ্ছে, তাঁর ভাষণটি কিছুটা সংক্ষিপ্ত। তিনি সরকারের নতুন খাদ্যনীতির কথা বলেছেন। এই খাদ্যনীতি গ্রহণ করার আগে যে পরিমাণ সরকারী প্রস্তুতির প্রয়োজন ছিল—এই নীতি চালু হবার পর আমরা দেখতে পেলাম সেই প্রস্তুতির অভাবে আজকে সেই নীতি বানচাল হ'তে চলেছে। আমি এ বিষয়ে দীর্ঘ ও বিস্তৃত আলোচনা করতে চাই না আমার আগে মাননীয় সদস্যরা এই বিষয় আলোচনা করেছেন। আমি এটুকু শুধু বলতে চাই, বড় বড় জোতদার ও মালিকদের সরকার পেয়ারের চোখে দেখেন ব'লে সরকারী শাসনযন্ত্র তাদের ঘাড়ে ফেলতে সরকার দ্বিধাবোধ করছেন। আমরা জানি সরকারের এই খাদ্যনীতি তাঁরা বানচাল ক'রে দিচ্ছে এবং ভবিষ্যতেও দেবে। মাননীয় স্পীকার মহাশয়, খাদ্যসংকট আজকে আমাদের দেশে নতুন নয়—গত ১০ বৎসর ধরে এই খাদ্যসংকটের সম্মুখে দেশ রয়েছে। প্রত্যেকটা পঞ্চবার্ষিক পরিকল্পনার আগে আমাদের শুনতে হচ্ছে যে, খাদ্যসমস্যার সমাধানই এসব পঞ্চবার্ষিকী পরিকল্পনার মূল লক্ষ্য, কিন্তু প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার পর দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাও প্রায় সমাপ্তির পথে, তৎসত্ত্বেও খাদ্যসমস্যার কোন সমাধান হ'ল না। তার কারণ, 'অধিক খাদ্য ফলাও' আন্দোলনে কোটি কোটি টাকা খরচ ক'রেও সেই আন্দোলনে তাঁরা জনসাধারণকে উৎসাহিত করতে পারলেন না। এই আন্দোলনের ব্যর্থতার কারণ হচ্ছে, এই সরকারের দোষত্রুটিযুক্ত ভূমি সংস্কারব্যবস্থা। ভূমি-সংস্কারের জন্য তাঁরা দুটো আইন প্রণয়ন করলেন বটে, কিন্তু অত্যন্ত দুঃখের বিষয়, সেই আইনের ভিতর এমন কয়েকটা গলদ রয়ে গেল যে, ভূমিসংস্কার আইন ও জমিদারি উচ্ছেদ আইনের দ্বারা গ্রামের জনসাধারণের মধ্যে তাঁরা কোন প্রাণের স্পন্দন জাগাতে পারলেন না। জমিদারি উচ্ছেদ হ'ল, সরকার নিজে জমিদার সেজে বসলেন। বলা হয়েছিল, কৃষকদের দেয় খাজনা সম্বন্ধে বিবেচনা করা হবে এবং ভূমিসংস্কারের পর যে উদ্বৃত্ত জমি সরকারের হাতে আসবে সেই জমির ন্যায়সংগত পুনর্বণ্টন করা হবে। কিন্তু কত জমি সরকারের উদ্বৃত্ত রয়েছে বা কত জমি কৃষকদের মধ্যে বণ্টন করা হবে তার কোন নির্দেশ এই ভাষণে নেই। আমরা জানি বেশির ভাগ জমি জোতদাররা ও বড় বড় মালিকেরা আইনের ফাঁকির সুযোগে বেনামী ক'রে রেখে দিয়ে সরকারকে ফাঁকি দিয়েছে। এই ভূমিসংস্কার আইনসম্পূর্ণ ব্যর্থ হয়েছে যার ফলে কৃষকেরা এখনও জমির মালিক হ'তে পারে নি এবং যার ফলে অধিক খাদ্য ফলাও আন্দোলন সার্থক হয়ে উঠছে না। এ ছাড়াও দেশের এই খাদ্যসংকটের আরও একটা কারণ আছে। ছোট ছোট সেচ পরিকল্পনা গ্রহণ করার জন্য বারেবারে আমাদের পক্ষ থেকে বলা হয়েছিল, কিন্তু আমাদের কথায় কর্ণপাত করা হয় নি। কেন্দ্রীয় সরকার ছোট ছোট সেচ পরিকল্পনায় যে অর্থ বরাদ্দ করেন তার শতকরা ২৫ ভাগও রাজ্যসরকারগুলি গ্রহণ করতে পারেন না। তার কারণও আছে—তার কারণ হ'ল, জনসাধারণের সহযোগিতা লাভ না করলে এবং যে টাকা খরচ হবে জনসাধারণ

তাহা অর্থেক না দিলে এই পরিকল্পনা সফল ক'রে তোলা যাবে না—এখানে জনসাধারণ বলতে কৃষি-মজুর এবং ছোট ছোট জমির মালিক যেসমস্ত কৃষক তারা এগিয়ে যেতে চায় না। কারণ, তারা দেখেছে এই সমস্ত পরিকল্পনার দ্বারা তাদের এমনকিছু উপকার হবে না, বরং বড় বড় জোতদারদেরই উপকার হবে। অর্থাৎ তাদের মধ্যে এই পরিকল্পনা দ্বারা উৎসাহ সঞ্চার করতে পারা যায় নি, যার ফলে এই ছোট ছোট সেচ পরিকল্পনা ব্যর্থ হয়েছে। রাজ্যপাল বলেছেন যে, ছোট ছোট সেচ পরিকল্পনা অনেক গ্রহণ করা হয়েছে। আমি জিজ্ঞাসা করতে চাই, কতগুলি সফল হয়েছে, কতগুলি গ্রহণের কথা ছিল। এদিক দিয়ে দেখা যায়, দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা এই খাদ্য সমাধানের ব্যাপারে সম্পূর্ণ ব্যর্থ হয়েছে। আমরা মনে করি ভূমি সংস্কার ও ছোট ছোট সেচ পরিকল্পনা গ্রহণ না করলে এবং জনসাধারণের মধ্যে উৎসাহ সঞ্চার না করলে এই পরিকল্পনা সফল হ'তে পারে না। তারপর, বেকার সমস্যা—আমি বিশেষ কিছু বলতে চাই না, সুবোধবাবু এ বিষয়ে বিস্তৃত আলোচনা ক'রে গিয়েছেন, অনেক তথ্য উপস্থাপিত করেছেন। এটা সত্য কথা যে, প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা ও দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় দেশের বেকার সমস্যার সমাধান হয় নি এবং এ বিষয়ে সরকারের কোন সুষ্ঠু পরিকল্পনাও নাই। গৃহ-সমস্যা সমাধানে সরকারী ব্যর্থতার একটা স্পষ্ট চিত্র এখানে দেওয়া যেতে পারে। লো ইনকাম গ্রুপ হাউসিংএর জন্য গৃহনির্মাণ ব্যাপারে সরকার একটা পরিকল্পনা করেছিলেন এবং সেটাকে চারিধারে ঢাকঢোল পিটিয়ে বলা হয়েছিল যে, যারা স্বল্পবিত্ত সরকার তাদের গৃহনির্মাণকল্পে ঋণ দেবেন। এ ব্যাপারে প্রায় ৫০ হাজার দরখাস্ত পড়ে। রাজ্যপাল বলেছেন, মাত্র ৯৭৫টি নূতন বাড়ি করার জন্য লোন দেওয়া হয়েছে। অর্থাৎ দরখাস্ত পড়েছিল—যা চাহিদা তার শতকরা মাত্র ২ ভাগকে দেওয়া হয়েছে। আজকে গৃহসমস্যা কত প্রকট তা দরখাস্তের সংখ্যার মাধ্যমেই বেশ ভালভাবে বুঝতে পারা যায়—৫০ হাজার লোক ঋণ চেয়েছিল, মাত্র ১ হাজার লোককে ঋণ দেওয়া হয়েছে। ইন্ডাস্ট্রিয়াল হাউসিং প্রোজেক্টএর মাধ্যমে কেন্দ্রীয় সরকার ১ কোটি ৬ লক্ষ টাকা ঋণ দেবার প্রস্তাব করেছিলেন পশ্চিমবঙ্গ-সরকারকে, কিন্তু পশ্চিমবঙ্গ-সরকার তার মধ্যে মাত্র ৪৬ লক্ষ টাকা গ্রহণ করতে পেরেছেন। সেদিন মাননীয় খগেনবাবুকে জিজ্ঞাসা করায় তিনি বললেন মাত্র ৪৬ লক্ষ টাকা গ্রহণ করা হয়েছিল। বাংলাদেশে বাড়ি করতে যে পরিমাণ টাকা খরচ হয় তার একটা এস্টিমেট কেন্দ্রীয় সরকারকে পাঠানো হয়েছিল, পরে সেই এস্টিমেট বের করতে ২ বৎসর সময় লেগেছে যার ফলে তাঁরা সমস্ত টাকাটা আনতে পারেন নি। এটা কি একটা যুক্তি হ'ল? ২ বৎসর ধরে চিঠিপত্র লেখালেখি ক'রে একটা এস্টিমেট স্যাংশন করতে হ'ল! কেন্দ্রীয় সরকার বলছেন তাঁরা পশ্চিম বাংলা সরকারকে ১ কোটি ৬ লক্ষ টাকা ঋণ দিয়েছিলেন, কিন্তু তাঁরা ৪৬ লক্ষ টাকার বেশি গ্রহণ করতে পারেন নি—একমাত্র এটাই যদি কারণ হয় তা হ'লে খগেন-বাবুর পদত্যাগ করা উচিত—এটা তাঁর ডিপার্টমেন্টএর পক্ষে লজ্জা ও দুঃখের বিষয় ছাড়া আর কিছু নয়।

[12-20—12-30 p.m.]

Sj. Subodh Chandra Maiti:

মাননীয় সভাপাল মহাশয়, আজকে দুদিন ধ'রে রাজ্যপালের ভাষণের উপর যে বিতর্ক চলছে তাতে বিরোধীপক্ষের বন্ধুরা যে বক্তৃতা দিয়েছেন তাতে শুনলাম তাঁরা সকলেই চোখে অন্ধকার দেখছেন। বক্তৃতার শেষে এবং প্রথমে তাঁরা বলেছেন পশ্চিম বাংলার সর্বত্র আজ অন্ধকার। আমরা বলি যে, তাঁরা সত্যই অন্ধ অথবা তাঁরা জেগে ঘুমুচ্ছেন। আমি বলছি না যে, এই এগারো বছরে আমরা সমস্ত সমস্যার সমাধান করেছি। আমাদের প্রদেশ সমস্যাসঙ্কুল প্রদেশ —তার মধ্যে প্রধান সমস্যা যা তা হ'ল খাদ্যসমস্যা, বেকারসমস্যা আর উদ্বাস্তু সমস্যা। গত কয়েক বছরে ভারতবর্ষের অন্যান্য প্রদেশে যে অগ্রগতি হয়েছে তার সঙ্গে তুলনা করলে দেখা যাবে পশ্চিম বাংলা পিছিয়ে নেই। ভারতবর্ষের অগ্রগতির সঙ্গে পশ্চিম বাংলাও যে এগিয়ে যাচ্ছে এ বিষয়ে সন্দেহ নেই। আমরা কি এটা অস্বীকার করতে পারি যে, বাংলাদেশের মৃত্যুদণ্ড যে ম্যালেরিয়া তা দূরীভূত হয়েছে এবং অল্প যা আছে তাও দূর করবার চেষ্টা হচ্ছে। বাংলাদেশের পাশ-করা সব ডাক্তাররা আজ বলছেন চাকরি চাই, কারণ গ্রামে প্র্যাকটিস সুবিধামত হচ্ছে না। আজ প্রায় সকল ডাক্তারই সরকারী চাকরি করতে চান, কারণ পল্লীগ্রামের স্বাস্থ্যের উন্নতির সঙ্গে সঙ্গে নানারকম জটিল অসুখ-বিসুখ সেরে গেছে। অবশ্য একথা অস্বীকার ক'রে লাভ নেই

যে, এখনও পর্যন্ত মাঝে মাঝে কলেরা এবং বসন্ত হয়, কিন্তু তার প্রতিকারের চেষ্টা সরকার যথাযথ করছেন। আজ প্রতি ৪০০ জন প্রতি টিউবওয়েল ব্যবস্থা অনেক দূর এগিয়ে গেছে এবং দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় প্রায় সমস্ত জায়গায় ওয়াটার সেডএর ব্যবস্থা হয়ে যাবে। তারপর গত এগারো বছর আগে যে রাস্তা ছিল আজ তুলনা করলে দেখা যাবে যে, বর্তমানে রাস্তাঘাটের প্রভূত উন্নতি হয়েছে। শিক্ষার কথা যদি বলি—কেউ কেউ বলেন শিক্ষার সংহার করা হয়েছে—আমে দেখতে পাচ্ছি প্রতি বছর বিশেষ ক'রে স্কুল ফাইন্যালে একজামিনীদের সংখ্যা অত্যন্ত বেড়ে যাচ্ছে। এতেই বুঝা যায় জনসাধারণ লেখাপড়া শিখবার জন্য উদ্‌গ্রীব এবং সুযোগও পাচ্ছে। আজ শুধু বিশ্ববিদ্যালয়ের দিকে চেয়ে লাভ নেই—এ নেশন অফ গ্র্যাজুয়েটস ক্যান নট লিভ, তাই ডাইভার্সিফায়েড কোর্সএর ব্যবস্থা হয়েছে। এই সুযোগের মারফৎ যার যেখানে যথাস্থান সে তা নিতে পারবে। ইংরাজ আমলে যে শিক্ষাব্যবস্থা প্রচলিত ছিল আজ তার সুষ্ঠু পরিবর্তন সাধিত হয়েছে। যা করা হয়েছে তাতেই আমরা সন্তুষ্ট নই। আমি বলি না সব সমস্যার সমাধান হয়ে গিয়েছে। চেষ্টা চলছে এবং সেই চেষ্টা যাতে ঠিকমত হয় সেদিকে আমাদের লক্ষ্য রাখতে হবে। ১৯৪৭এর পর দেশে কিছুই ছিল না, শূন্যের উপর নির্ভর পশ্চিম-বাংলাকে, ভারতকে গ'ড়ে তুলতে হয়েছে। সেই পরিপ্রেক্ষিতে রাজ্যপালের ভাষণ বিচার করলে আমরা নিশ্চয়ই দেখতে পাই যে, আলোর শিখা চতুর্দিকে জ্বলছে।

খাদ্য সম্বন্ধে প্রত্যেক সদস্য উদ্বেগ বোধ করেছেন। আমরা যারা কংগ্রেস সদস্য তাঁরাও নিশ্চিন্ত নই। কারণ, আমরা জানি এই সমস্যার সমাধানের উপর পশ্চিম বাংলার জীবনমরণ নির্ভর করছে। পশ্চিম বাংলার যেসমস্ত জমিতে এক ফসলের ফলন হয় সেখানে যাতে দুই ফসল ফলানো যায় তার চেষ্টা করা দরকার। সেচের জল যাতে সমস্ত জমিতে যায়—শতকরা অন্ততঃ ৮০ ভাগ জমি যাতে দুই ফসলী হয় তার চেষ্টা করতে হবে এ বিষয়ে সন্দেহ নেই। কিন্তু রাতারাতি এই সমস্যার সমাধান হ'তে পারে না। আজ ময়ূরাক্ষী হয়েছে, দামোদর ভ্যালি হয়েছে, কংসাবতী হ'তে যাচ্ছে এবং এগুলি দিয়ে বন্যানিয়ন্ত্রণ ইত্যাদি কাজ যেমন সফল করতে হবে তেমনি ছোট ছোট ইরিগেশন কাজের দিকে নজর দিতে হবে, যাতে টিউবওয়েল দিয়ে ইরিগেশনের ব্যবস্থা করা যায় সেদিকে নজর দিতে হবে। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যাতে টিউবওয়েল ইরিগেশনের ব্যবস্থা হয় তার জন্য এক্সপেরিমেণ্ট করা হচ্ছে। সেটা যদি সাফল্যমণ্ডিত হয় তা হ'লে বড় বড় পরিকল্পনা মারফত যেখানে বন্যা নিয়ন্ত্রণ করা যাবে না সেই সমস্ত জায়গায় ছোট ছোট পরিকল্পনা রূপায়িত করতে হবে, সেই সমস্ত জায়গায় টিউবওয়েল প্রোজেক্ট মারফত জল দেবার ব্যবস্থা করতে হবে। কৃষিব্যবস্থার উন্নতির জন্য সার ইত্যাদি দিতে হবে, এগ্রিক লচারাল ক্রেডিট দিতে হবে। বিরোধীপক্ষের বন্ধুরা বলেছেন এগ্রিক লচারাল ক্রেডিট দেওয়া হয় না, কিন্তু আমরা যারা গ্রামে থাকি, গ্রামের সঙ্গে ওতঃপ্রোতভাবে জড়িত আমরা সেখানে দেখেছি কো-অপারেটিভ সোসাইটির মাধ্যমে লোন দেওয়া হয়। সেজন্যে প্রত্যেক সদস্যের আজ কো-অপারেটিভ সোসাইটি গঠন করবার দায়িত্ব নিতে হবে যাতে এইরকম সোসাইটি মারফত কৃষক লোন পায় সেই চেষ্টা করতে হবে। আমাদের এখানে গণতান্ত্রিক সরকার চলেছে, এখানে জোরজবরদস্তির দ্বারা কিছু হবে না; এখানে জনসাধারণের সহযোগিতা নিয়ে একটা ব্যবস্থার পরিবর্তন ঘটাতে হয়। কো-অপারেটিভ-এর মাধ্যমে চাষের ব্যবস্থা আজ করতে হবে। ছোট ছোট ক্ষেতখামার যা আছে আনপ্রোডাকটিভ সেগুলিকে ভাল ক'রে চাষ করতে গেলে কো-অপারেটিভএর মাধ্যমে করতে হবে। জোর ক'রে জনসাধারণের ঘাড়ে এগুলি চাপানো চলে না—তা করতে গেলে ওঁরা বলবেন গণতন্ত্রের সমাধি আমরা রচনা করছি, আবার জনসাধারণের সহযোগিতা নিয়ে কিছু করতে গিয়ে যদি সফলতা না আসে তা হ'লে এখানে এসে গালাগালি শুনতে হয়। কিন্তু শুধু গালাগালি দিয়ে সমস্যার সমাধান হবে না, যাতে কৃষির উন্নতি হ'তে পারে তার জন্য কো-অপারেটিভের ব্যবস্থা করতে হবে। আমাদের পশ্চিমবাংলায় খাদ্যের ঘাটতি আছে একথা অস্বীকার করি না, কিন্তু ঘাটতি থাকা সত্ত্বেও আমাদের এগুতে হবে, বাঁচতে হবে, শুধু খাদ্যমন্ত্রীকে গালাগালি দিলে কোন লাভ হবে না। আমি মনে করি আজ বলিষ্ঠ খাদ্যনীতি গ্রহণ করা হয়েছে যাতে ক'রে প্রত্যেক এরিয়াতে ন্যায্যমূল্যে খাদ্য দেওয়া যায় তার ব্যবস্থা হয়েছে—কলকাতার সর্বত্র ওইরকম দোকান খোলা হচ্ছে। খোলাবাজারে যদি চাল না পাওয়া যায় সরকারের দোকান থেকে চাল দেওয়া হবে—যাতে ক'রে মুনাফাখোররা যে চ্যালেঞ্জ দিয়েছে সেই চ্যালেঞ্জের সম্মুখীন হওয়া যায় তার

ব্যবস্থা করতে হবে। আজ যদি ফুড স্টেট ট্রেডিং মারফত সরকারকে সমস্ত খাদ্যশস্যের ভার নিতে হয় আমাদের সেখানে ফুড কন্ট্রোলের জন্যে প্রস্তুত হ'তে হবে। এই বিধানসভার সমস্ত সদস্য যদি বলি যে, যে কন্ট্রোল ব্যবস্থা আগে ছিল বর্তমান পরিস্থিতিতে সেই কন্ট্রোল ব্যবস্থা ফিরিয়ে আনতে হবে তা হ'লে সেটা সম্ভব হ'তে পারবে। একথা যদি আমরা স্বীকার করি এবং দেশের লোককে সেইভাবে বুঝিয়ে বলি তা হ'লে স্টেট ট্রেডিং সম্ভব হ'তে পারে।

[12-30—12-37 p.m.]

একথা যদি আমরা স্বীকার করি, যদি আমাদের মনের জোর থাকে, দেশের লোককে যদি আমরা বলি, তা হ'লেই স্টেট ট্রেডিং সম্ভব হ'তে পারে। সরকার সমস্ত জিনিস আজকে হাতে নিতে পারেন এবং যার উদ্বৃত্ত ধান হবে তার ধান সরকার জোর ক'রে ছিনিয়ে নেবেন এবং তারপরেও যদি ঘাটতি হয় তা হ'লে বাইরে থেকে খাদ্যশস্য আমদানি করবেন। এবং তাঁকে প্রত্যেকের প্রয়োজন অনুযায়ী আজকে বণ্টন করতে হবে। আজকে এই যে সমবণ্টনের নীতি, সেই নীতি আমাদের গ্রহণ ক'রে নিতে হবে। তা হ'লে আজকে বিরোধী দলের সকলে বলুন যে, হ্যাঁ, আজকে ফুড কন্ট্রোল দেশে প্রবর্তন হোক, তাতে আমাদের কোন আপত্তি নেই। তা হ'লে নিশ্চয়ই খাদ্যমন্ত্রী তা গ্রহণ করবেন, সরকারও সেটা গ্রহণ করবেন, একথা অস্বীকার করবার কোন কারণ নেই। বর্তমান পরিস্থিতিতে এই ট্রেডার্সরা যে চ্যালেঞ্জ দিয়েছে তার সম্মুখীন আমাদের হ'তেই হবে। সরকার নিশ্চয়ই একটা বলিষ্ঠ নীতি নিয়েছেন। এই নীতি কার্যে পরিণত করার জন্য আজকে তাঁরা বদ্ধপরিকর, দৃঢ়প্রতিজ্ঞ। তার সঙ্গে আজ সকলে আমরা যদি সহযোগিতা করি তা হ'লে খাদ্যনীতি নিশ্চয়ই সফল হবে এবং গত বৎসরের মত ২০ টাকা দরে ধান বিক্রি হবে না, ৩০ টাকায় চাল বিক্রি হবে না একথা আমরা বলতে পারি এবং ন্যায্য-মূল্যের দোকান থেকে আমরা ন্যায্যমূল্যে খাদ্যশস্য পাব, তা হ'লে আতঙ্কের কোন কারণ নেই। কিন্তু তা না হয়ে আমি তো বলব যে, আমরাই এই বিধানসভার মধ্যে বক্তৃতা দিয়ে আরও দেশের মধ্যে আতঙ্ক বাড়িয়ে দিচ্ছি যাতে ক'রে যাঁদের হোল্ডিং ক্যাপাসিটি আছে তাঁরা আজ বাইরে ধান ছাড়তে গররাজী হচ্ছেন যাতে ভবিষ্যতে বেশি পাওয়া যায় এবং এমনও আমরা শুনেছি অনেক জায়গায় এই বিরোধীপক্ষই যাতে খাদ্যশস্যের মূল্য বৃদ্ধিপ্রাপ্ত হয়—তা হ'লে পর পলিটিকালি গেন তাতে হবে—এই মনে ক'রে ট্রেডার্সদের বলেছেন যে, সরকার বলিষ্ঠ নীতি ব'লে বলছেন এদের নিশ্চয়ই নীতি স্বীকার করতে হবে কিছুদিন তোমরা আরও একটুখানি চেপে থাক। তা যদি হয়, তা হ'লে তাদের যে উদ্বেগ সেই উদ্বেগটা কুম্ভীরাশ্রু ছাড়া আর কিছুই নয়। আমার মনে হয়, আজকে এই বলিষ্ঠ নীতির সঙ্গে আমরা যদি সকলে সহযোগিতা করি এবং সরকার যদি ন্যায্যমূল্যের দোকান প্রত্যেকটি জায়গায় দিতে পারেন এবং তার মাধ্যমে যদি আমরা খাদ্যশস্য পাই তা হ'লে নিশ্চয়ই এই খাদ্যশস্যের দাম যেটা বৃদ্ধির মুখে যাচ্ছে সেটা কমে আসবে এবং ভবিষ্যতে কোন আতঙ্কের কারণ নেই ব'লে আমরা মনে করি। আমি আর একটা কথা ব'লেই আমার বক্তব্য শেষ করছি, সেটা হচ্ছে আজকে দণ্ডকারণ্যের এই যে পরিকল্পনা, পশ্চিম বাংলায় এই দণ্ডকারণ্য পরিকল্পনা নিয়ে আজ অনেক কথা হয়েছে। বিধানসভায় বলা হয়েছে যে, দণ্ডকারণ্য পরিকল্পনা আমরা সমর্থন করি। কিন্তু যখন দণ্ডকারণ্যে উদ্বাস্তুদের পাঠাবার সময় এসেছে তখন আন্দোলন করা হচ্ছে যে, না তাদের সেখানে পাঠানো হবে না। তার নানা কারণ থাকতে পারে। আমরা জানি যে উদ্বাস্তু দণ্ডকারণ্যে চ'লে গেলে পর উদ্বাস্তু নিয়ে যে দাবা খেলা সেটা করা সম্ভবপর হবে না। কিন্তু প্রত্যেকটি বাঙ্গালী যারা বাংলাদেশকে ভালবাসে, বাঙ্গালীকে যারা ভালবাসে, বাংলার ঐতিহ্য যারা রক্ষা করতে চায় তারা আজকে মনে করে যে, দণ্ডকারণ্য হবে আমাদের দ্বিতীয় বাংলাদেশ। আজকে সেখানে বাঙ্গালী বসবাস ক'রে বাংলার সংস্কৃতি, বাংলা ভাষার প্রচার এবং প্রসার করতে পারবেন। সেইদিক দিয়ে যদি আমরা চিন্তা করি, তা হ'লে উদ্বাস্তুরা যাতে সেখানে স্বতঃপ্রবৃত্ত হয়ে যায় তার পরামর্শ তাদের দিতে হবে, বলতে হবে বাঁচতে যদি চাও, বাংলাকে যদি বাঁচাতে হয়, পশ্চিম বাংলাকে যদি উদ্ধার করতে চাই তাহ'লে এই বিরাট উদ্বাস্তু তাদের দণ্ডকারণ্যে যাবার জন্য আমাদের উৎসাহিত করতে হবে। যদি দণ্ডকারণ্যে তাঁরা যান এবং সেখানে গিয়ে যদি সেটল হন তা হ'লে আমার মনে হয় আর একটা বাংলাদেশ এখান থেকে কয়েক শত মাইল দূরে আমরা রচনা করতে পারলাম এবং সঙ্গে সঙ্গে বাংলা-দেশের বুকের উপর এই যে একটা বিরাট ভার যার জন্য আজকে অন্নের সমস্যাই বলুন, আর

জোড়ারি সমস্যাই বলুন, এই দুই সমস্যা আজ জগদ্দল পাথরের মত বাংলার বুকের উপর আজ ব'সে রয়েছে তার খানিকটা সুরাহা করা সম্ভবপর হবে। আমাদের নিজেদের এক্‌জিসটেন্সএর জন্য, বাংলাদেশের কল্যাণের জন্য, উদ্বাস্তুদের পশ্চিম বাংলার বাইরে, দণ্ডকারণ্যে পাঠাবার যে পরিকল্পনা সেটাকে সার্থক করার জন্য আজ সমস্ত দলমত নির্বিশেষে আমাদের চেষ্টা করা উচিত। আর আমরা যদি চেষ্টা না করি তা হ'লে অন্য প্রদেশের লোকরা উদ্‌গ্রীব হয়ে আছে তারা সেখানে যেতে চায়। আমরা জানি আমাদের দেশের যে ভূমিহীন কৃষক, যারা এই পশ্চিমবঙ্গেরই সন্তান তারা আমাদের কাছে এসে বলছে যে, উদ্বাস্তুরা যদি যেতে না চায় তা হ'লে আপনারা ব্যবস্থা ক'রে দেন আমরা সেখানে যেতে চাই। আমরা আজ সুন্দরবনে গিয়েছি আমরা সেখানে বাঘের সঙ্গে, কুমীরের সঙ্গে যুদ্ধ ক'রে, জমি সাফাই ক'রে বসবাস করি; আমরা উড়িষ্যার বহু জায়গায় গিয়ে জঙ্গল সাফাই ক'রে বসবাস করি। অতএব যারা বাঘের সঙ্গে লড়াই ক'রে বাঁচতে পারে তারা আজকে নিশ্চয় এই দণ্ডকারণ্যে—যেখানে সরকারের আজকে এত রকমের উন্নতির সম্ভাবনা রয়েছে এবং সরকারের চেষ্টা এর পিছনে রয়েছে সেখানে আমরাই যেতে চাই। আমাদের মেদিনীপুর জেলায় বহু ভূমিহীন কৃষক আছে যারা দণ্ডকারণ্যে যেতে চায়। আমি সরকারকে বলব যে, যদি উদ্বাস্তুরা যেতে না চায় তা হ'লে পশ্চিমবঙ্গের যারা ভূমিহীন কৃষক তাদের সেখানে পাঠাবার একটা ব্যবস্থা ক'রে দিন। তা হ'লেও দেখবেন দেশের সমস্যার কিছুটা সমাধান হবে, আমরাও বাঁচার খানিকটা সুযোগ পাব। এইভাবে যদি চিন্তা করেন দলমতনির্বিশেষে, তা হ'লে আমরা পশ্চিমবঙ্গের সমস্যা, বেকার সমস্যা সমাধান করতে পারব। তা না হ'লে যদি রাজনীতি করতে চান তা হ'লে এখানে বক্তৃতা দিলে কাগজে বেরুবে তাতে বাহবা নিতে পারবেন। এঁরা গিয়ে গ্রামদেশে বক্তৃতা দেন এবং যখন বলেন কংগ্রেস দেশকে ডুবিয়ে দেবে তখন পশ্চিমবঙ্গের মানুষ বুঝে যে, এদের কোন নীতি নাই, কোন বলিষ্ঠ সুষ্ঠু পরিকল্পনা নাই, অতএব তাদের হাতে সরকার গেলে একনায়কত্ব দাঁড়াবে এবং দেশ যে গণতন্ত্র পেয়েছে সেটা রক্ষিত হবে না। এটা তারা বার বার নির্বাচন এবং উপনির্বাচনের ভিতর দিয়ে দেখিয়ে দিয়েছে। পশ্চিমবঙ্গ তথা ভারতবর্ষের লোক কংগ্রেসের এই বলিষ্ঠ নীতিকে সমর্থন করে। এইভাবে কংগ্রেস জয়ী হয়েছে এবং হবেও। অতএব শুধু বাজে কথা ব'লে লাভ নেই। সুষ্ঠু যে পরিকল্পনা আছে সেটা যাতে সার্থক হয় সেদিকেই সকলের সহযোগিতা কাম্য। একথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

Adjournment.

The House was then adjourned at 12-37 p.m. till 3 p.m. on Monday, the 9th February, 1959, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Monday, the 9th February, 1959, at 3 p.m.

Present:

Mr. Speaker (The Hon'ble SANKARDAS BANERJI) in the Chair, 10 Hon'ble Ministers, 6 Deputy Ministers and 208 Members.

[3—3-10 p.m.]

SUPPLEMENTARIES TO HELD OVER QUESTION NO. *28.

Mr. Speaker: Have you anything more to add?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: Sir, there was preliminary investigation and in December 1956 it was taken in the N.E.S. block.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Establishment of a Union Health Centre at Bangohatra, police-station Nanoor, district Birbhum

*35. (Admitted question No. *984.) **Sj. Gobardhan Das:** Will the Hon'ble Minister in charge of the Health Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে, গত ৬।৭ বৎসর যাবৎ বীরভূম জেলার নানুর থানার জলুন্দী ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্ট ব্যাংচোতরা গ্রামে স্বাস্থ্যকেন্দ্র নির্মাণের জন্য বীরভূম ট্রেজারীতে তিনহাজার টাকা জমা দিয়াছেন;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) আজ পর্যন্ত কেন ঐ স্বাস্থ্যকেন্দ্র নির্মাণ হয় নাই,

(২) এই স্বাস্থ্যকেন্দ্র নির্মাণে সরকারের কি কোনও আপত্তি আছে,

(৩) থাকিলে, তাহা কি, এবং

(৪) না থাকিলে, কখন হইতে এই স্বাস্থ্যকেন্দ্রের নির্মাণকার্য শুরু হইবে;

(গ) লাভপুর থানায় জামনা ইউনিয়নে স্বাস্থ্যকেন্দ্র নির্মাণ হইবে কিনা;

(ঘ) উক্ত স্বাস্থ্যকেন্দ্রের জন্য কি টাকা জমা দেওয়া হইয়াছে; এবং

(ঙ) বীরভূম জেলায় স্বাস্থ্যকেন্দ্র নির্মাণ করিবার জন্য কোন্ কোন্ জায়গা হইতে ট্রেজারীতে টাকা জমা পড়িয়াছে?

The Minister of State for Health (The Hon'ble Dr. ANATH BANDHU RAY):

(ক) হ্যাঁ।

(খ) প্রদত্ত জমি ইউনিয়নের একপ্রান্তে অবস্থিত হওয়ায় স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের যোগ্য বলিয়া বিবেচিত হয় নাই।

(গ) হইবে।

(ঘ) ২,৮০০ টাকা।

(ঙ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

Dr. Radhanath Chattoraj:

এই স্বাস্থ্যকেন্দ্র নির্মাণের জন্য সরকার যখন টাকা ও জায়গা নিয়েছিলেন তখন সে সম্পর্কে কি কোন তদন্ত করেন নি?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: Yes. I may say that the land was not found suitable and so at Bonogram the unit was opened—in the same area a subsidiary centre has been taken up and orders for construction was issued on the 23rd June 1958.

Mr. Speaker: When the construction will start?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: It started on 23rd June 1958. The difficulty is that it is not yet taken in the N.E.S. block.

Mr. Speaker: Dr. Chattoraj, you know my sentiments in this matter and you are not alone interested in it, I am also anxious for its inclusion.

The Hon'ble Dr. Anath Bandhu Roy: As soon as N.E.S. Block is there.

Mr. Speaker: Therefore, everything is in thin air.

The Hon'ble Dr. Anath Bandhu Ray: But the place has been tentatively selected.

Mr. Speaker: May I take it that so far as this particular health centre is concerned, you are going to take it up as a special case, N.E.S. Block or no N.E.S. Block?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: No, as soon as N.E.S. Block is there, it will be taken up. We hope that soon there will be an N.E.S. Block in that place.

Mr. Speaker: I am personally interested in these things. What has happened is this. The original idea was that it would cost Rs. 44,000. Later on it was found that it would cost Rs. 1,44,000. Therefore, they said that they were financially incapable of executing this. They wanted the aid of the Central Government. The Central Government said that if it was included in the N.E.S Block, then and then alone they would finance, otherwise not. Therefore, the State Government is powerless in the matter. There is one other difficulty which I would ask the Government to remember. If the land has been conveyed to the Collector and the money has been accepted, the legal position is completely altered. You cannot return the money or the land. That is my point.

Sj. Niranjan Sen Gupta:

এর আগেও আমাদের ঐ জায়গায় এই রকম একটা কেস হয়েছে স্যার।

Mr. Speaker: The Health Directorate is tightening up in these matters and they are rightly doing so. I think we have had enough discussion on this matter.

Santipur Thana Health Centre

*36. (Admitted question No. *979) **Sj. HARIDAS DEY:** Will the Hon'ble Minister in charge of the Health Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে-

(১) শান্তিপুর থানা স্বাস্থ্যকেন্দ্রে ইলেকট্রিক লণ্ডয়ার সংযোগ আছে, এবং

(২) ঐ স্বাস্থ্যকেন্দ্রে ইলেকট্রিক লণ্ডয়া হয় নাই এবং ঐ কেন্দ্রে কোন ফেনসিং বা বাউন্ডারী ওয়ালস নাই;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) অদূর ভবিষ্যতে উক্ত স্বাস্থ্যকেন্দ্রে সরকারের ইলেকট্রিফিকেশন করা ও ফেনসিং বা বাউন্ডারী ওয়ালস দেওয়ার পরিকল্পনা আছে কিনা, এবং

(২) থাকিলে, তাহা কতদিনে কার্যকরী হইবে;

(গ) ইহা কি সত্য যে, ২০-টি শয্যাযুক্ত স্বাস্থ্যকেন্দ্রে একটিমাত্র দেড় ইঞ্চি ডায়মিটারের টিউব-ওয়েল আছে এবং সেখানে প্রায়ই জলের দুষ্প্রাপ্যতা দেখা যায়; এবং

(ঘ) সত্য হইলে, সেখানে আরও একটি টিউব-ওয়েল বসাইবার কথা সরকার বিবেচনা করেন কিনা?

The Minister of State for Health (The Hon'ble Dr. ANATH BANDHU RAY):

(ক) এবং (খ) হ্যাঁ।

(খ) যে-সমস্ত স্থানে ইলেকট্রিসিটি আছে সে-সমস্ত স্থানে স্বাস্থ্যকেন্দ্রগুলিকে ইলেকট্রিফাই করার প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে। কতদিনে কার্যকরী হইবে সঠিক বলা যায় না। স্বাস্থ্যকেন্দ্রে বাউন্ডারী ফেনসিং বা বাউন্ডারী ওয়াল দেওয়ার কোন পরিকল্পনা আপাতত নাই।

(গ) পূর্বের প্ল্যান অনুযায়ী যে-সকল স্বাস্থ্যকেন্দ্র স্থাপিত হইয়াছে, তাহাতে একটি করিয়া টিউবওয়েল আছে এবং কোন কোন ক্ষেত্রে দুষ্প্রাপ্যতা দেখা গিয়াছে।

Sj. Haridas Dey:

আপনি "গ"-এর উত্তরে বলেছেন যে, কোন কোন ক্ষেত্রে জলের দুষ্প্রাপ্যতা দেখা গিয়াছে এবং টিউব-ওয়েল বসানোর পরিকল্পনার উত্তরে "হ্যাঁ" বলেছেন, কতদিনে হবে তা বলতে পারেন কি?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: It will be completed very soon. The Works and Buildings Department have been asked to give an estimate and then the work will start.

Opening ceremony of Bongaon Subdivisional Hospital

*37. (Admitted question No. *1372.) **Sj. AJIT KUMAR GANGULI:** Will the Hon'ble Minister in charge of the Health Department be pleased to state—

(ক) বনগ্রাম মহকুমা হাসপাতালটির দ্বারোদ্ঘাটন অনুষ্ঠান কবে এবং কাহার দ্বারা সম্পন্ন হইয়াছিল;

(খ) দ্বার উদ্ঘাটন-কার্য সম্পন্ন হওয়ার সাথে সাথেই কি হাসপাতালের দৈনন্দিন কার্য আরম্ভ হইয়াছিল;

(গ) না আরম্ভ হইলে, তাহার কারণ কি,

(ঘ) বর্তমানে কি এই হাসপাতালটি মহকুমা হাসপাতালের পর্যায়ে কার্য করিতেছে; এবং

(ঙ) না করিলে, কি পর্যায়ে ইহা কার্য করিতেছে?

The Minister of State for Health (The Hon'ble Dr. ANATH BANDHU RAY):

(ক) মুখ্যমন্ত্রী কর্তৃক ২৮-১-৫৭ তারিখে।

(খ) এবং (গ) পরিবর্ধিত হাসপাতালের কার্য পুরাপুরি আরম্ভ করা যায় নাই কারণ (১) হাসপাতাল ভবনের বৈদ্যুতিকরণের কার্য সম্পন্ন এবং (২) ডাক্তার ও অন্যান্য স্টাফ সম্বন্ধে এখনও কোন সিদ্ধান্ত গৃহীত হয় নাই। ইহা সরকারের সক্রিয় বিবেচনাধীন আছে।

(খ) এবং (৩) না।

পুরাতন মহকুমা হাসপাতাল এবং এ জি হাসপাতাল একত্রে নতুন হাসপাতাল ভবনে কাজ করিতেছে।

In this connection I would like to add that when this answer was written, the hospital was not running as a subdivisional hospital, but only an A. G. hospital was accommodated, but since then, from November, it has been functioning as a subdivisional hospital and we have got all the staff necessary.

UNSTARRED QUESTIONS

(answers to which were laid on the table)

Establishmennt of a Thana Health Centre in Sutahata police-station of Midnapore district

19. (Admitted question No. 1685.) **Sj. BHUPAL CHANDRA PANDA:** Will the Hon'ble Minister in charge of the Health Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে--

(১) মেদিনীপুর জেলার সুতাহাটা থানায় একটি থানা স্বাস্থ্যকেন্দ্র নির্মাণের জন্য ১৯৫২ সালের শেষভাগে (নবেম্বর মাসে) সরকারের নিকট ২০,০০০ টাকা জমা দেওয়া হইয়াছে, এবং

(২) ১৯৫৪ সালে উক্ত সুতাহাটা থানার গোরুনখালি গ্রামনিবাসী সেখ নেহারুদ্দিন মহাশয় উক্ত থানা স্বাস্থ্যকেন্দ্র নির্মাণের জন্য একটি ট্রাস্টী বোর্ডের নামে ৭ একর জমি রেজেস্ট্রী দানপত্র করিয়া উৎসর্গ করিয়া দিয়াছেন; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ঐ স্বাস্থ্যকেন্দ্র অদ্যাবধি নির্মিত হইয়াছে কিনা,

(২) না হইয়া থাকিলে, কি কারণে উক্ত স্বাস্থ্যকেন্দ্র এখনও নির্মিত হয় নাই, এবং

(৩) কবে নাগাদ উক্ত স্বাস্থ্যকেন্দ্রটি নির্মাণ ও চালু করা হইবে?

The Minister of State for Health (The Hon'ble Dr. ANATH BANDHU RAY):

(ক) (১) সুতাহাটা থানা স্বাস্থ্যকেন্দ্র নির্মাণের জন্য ১৯৫৪ সালে ২০,০০০ টাকা সরকারের নিকট জমা দেওয়া হইয়াছে।

(২) ট্রাস্টী বোর্ডের নামে বা ট্রাস্টী বোর্ড হইতে কোন জমির দানপত্র সরকার প্রাপ্ত হন নাই।

(খ) (১) না।

(২) এই সম্পর্কে ৩।৪ স্থানে জমি দিবার প্রস্তাব করা হইয়াছিল, কিন্তু কোনটিই গৃহাদি নির্মাণের পক্ষে উপযুক্ত বলিয়া বিবেচিত হয় নাই।

(৩) সুতাহাটা থানায় N.E.S. Block স্থাপিত হওয়ার পরে তথায় স্বাস্থ্যকেন্দ্র নির্মাণ আরম্ভ হইবে।

Electrification of Barasat Subdivisional Hospital

20. (Admitted question No. 1580.) **Sj. CHITTO BASU:** Will the Hon'ble Minister in charge of the Health Department be pleased to state—

(*a*) if it is a fact that there is no arrangement for electric lights in Barasat Hospital;

(*b*) if so, the reasons thereof;

(*c*) if it is a fact that a representation met the Hon'ble Minister in June, 1957, and placed a memorandum drawing the attention of the Minister to this and other grievances of the local inhabitants in this connection; and

(*d*) if so, what step has so far been taken for the electrification of the said hospital and for the redress of other grievances?

The Minister of State for Health (The Hon'ble Dr. ANATH BANDHU RAY): (*a*) and (*c*) Yes.

(*b*) As Government intend to establish an expanded subdivisional hospital at Barasat, at a new site, the proposal for electrification of the existing buildings, which was taken up earlier, had to be kept in abeyance. Now that it has been decided that the existing hospital buildings will also be utilised, the proposal for electrification of the same has again been taken up.

(*d*) Up-to-date estimate for electrification of the existing buildings of the hospital has been called for from the Works and Buildings Department and further steps in the matter will be taken after the estimate has been prepared.

As regards the other grievances, it has not been possible for Government to agree.

3-10—3-20 p.m.]

Sj. Chitto Basu:

ইলেকট্রিফিকেশন স্কিম যেটা পুনরায় গ্রহণ করা হবে বলা হয়েছে সেটা কবে নাগাদ গ্রহণ করা হবে?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: First of all the plan was to have a separate hospital altogether on a new site and so the question of the electrification was not taken up. It was then decided that the subdivisional hospital will be utilised—the existing buildings will be utilised and since then the question of electrification has been taken up. The Works and Buildings Department are going to be consulted for the estimates etc.

Sj. Chitto Basu:

একথা কি সত্য যে, একটা এস্টিমেট পেস করা হয়েছে আপনার ডাইরেক্টরেটে?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: I have got it.

Sj. Chitto Basu:

মন্ত্রী মহাশয় কি জানেন, যে জায়গা এ্যাকোয়ার করা হয়েছে সেখানে কোন কনস্ট্রাকশন কাজ এখন করা হয় নি?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: We are going to utilise the existing buildings for the moment.

Thana Health Centre at Beldanga, Murshidabad

21. (Admitted question No. 1552.) **Sj. NIRANJAN SENGUPTA:** Will the Hon'ble Minister in charge of the Health Department be pleased to state—

(ক) মুর্শিদাবাদ জেলার বেলডাঙ্গা থানার ভূতপূর্ব এ জি হাসপাতালের বেডের সংখ্যা কত ছিল;

(খ) বর্তমান থানা হেলথ সেন্টারে বেডের সংখ্যা কত;

(গ) এই হেলথ সেন্টার স্থাপনের জন্য সরকার কি পরিমাণ জমি ও অর্থ জনসাধারণের নিকট হইতে গ্রহণ করিয়াছেন;

(ঘ) এই হেলথ সেন্টারটিকে আরও বাড়াইবার কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা

(ঙ) থাকিলে, তাহা কবে কার্যকরী করা হইবে;

(চ) ঐ হেলথ সেন্টারে কোনও প্রসূতি সদন আছে কিনা; এবং

(ছ) না থাকিলে, উহা খুলিবার কথা সরকার চিন্তা করিতেছেন কিনা; এবং করিলে, কবে উহা কার্যকরী করা হইবে?

The Minister of State for Health (The Hon'ble Dr. ANATH BANDHU RAY):

(ক) পঁয়ত্রিশটি।

(খ) কুড়িটি।

(গ) জনসাধারণের নিকট হইতে ১৩ বিঘা ১৭ কাঠা ও জেলা বোর্ডের নিকট হইতে ৩ বিঘা ১০ কাঠা জমি এবং স্থানীয় একজন দাতার নিকট হইতে ১৫,০০০ টাকা।

(ঘ) না।

(ঙ) প্রশ্ন উঠে না।

(চ) প্রসূতি-চিকিৎসার ব্যবস্থা আছে।

(ছ) স্বাস্থ্যকেন্দ্রের সঙ্গে একটি প্রসূতি সদন (Maternity and Child Welfare Clinic) স্থাপনের বিষয় সরকারের বিবেচনাধীন আছে।

Sj. Niranjan Sengupta:

ক ও খ প্রশ্নের উত্তর দিয়েছেন, যথাক্রমে ৩৫ ও ২০। নাম্বার কমালেন কেন?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: This was an Auxiliary General hospital. This is a primary health centre consisting of 20 beds. Because there are other health centres which were opened, which were very near, that is why it is considered that this 20-bedded hospital will serve the purpose for the present.

Sj. Niranjan Sengupta:

আপনি জানেন কি, সেখানে জনসংখ্যা বেড়ে গিয়েছে—বেডের সংখ্যা কমানোর জন্য স্থানীয় লোকের অসুবিধা হয়েছে?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: According to the proportion of the population required for starting a 20-bedded hospital, that is adequate.

Sj. Niranjan Sengupta:

এখানে লেখা আছে স্বাস্থ্যকেন্দ্রের সঙ্গে প্রসূতিসদন স্থাপনের বিষয় সরকারের বিবেচনাধীন আছে—কবে নাগাদ করা হবে একটা আইডিয়া দিতে পারেন?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: I cannot at present give you the idea.

Sj. Niranjan Sengupta:

প্রসূতিসদন না থাকার জন্য স্থানীয় জনসাধারণের অসুবিধা হচ্ছে জানেন কি?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: In our health centres we have got provision for treatment of maternity cases. In a 20-bedded hospital we can have ten beds for females and of this number 5 can be utilised for the maternity side.

Hazi Abdul Hameed:

যখন বেলডাঙ্গা হেলথ সেন্টারএর প্রস্তাব করা হয় তখন জনসাধারণ ১৫ হাজার টাকা ও ১৪ বিঘা জমি দিয়েছিল, তখন কি গবর্নমেণ্ট বলেন নি ৪০ বেডের হাসপাতাল হবে?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: Since then the plan has been revised.

Hazi Abdul Hameed:

হেলথ সেন্টার এবং এই যে কুড়িটি বেড, এটা কি জনসংখ্যার ভিত্তিতে হয়েছে?

Mr. Speaker: Was it not the original idea that the Thana Health Centre should have 50 beds? I think since then the plan has been revised.

Hazi Abdul Hameed: Beldanga has a population of more than a lac.

Sj. Deben Sen:

১ লক্ষ ৬০ হাজার পপুলেশনএ ২০টি বেড, এটা কি রকম?

Mr. Speaker:

যেরকম মনে করেন সেরকম।

Dr. Narayan Chandra Roy: Then are we to understand যে, ১৪ বিঘা জমি আর ১৫ হাজার টাকা দিলে বেড এবং সংখ্যা কমে যায়?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: The donation can be taken to be a token donation.

Sj. Ganesh Ghosh: Why then they take token donation at all?

Mr. Speaker: As a gesture.

The Hon'ble Dr. Anath Bandhu Ray: By giving a donation of Rs. 10,000 you cannot have a Health Centre. One Health Centre costs more than a lac of rupees.

Subdivisional Hospital at Lalbagh, Murshidabad

22. (Admitted question No. 1549.) **Dr. NARAYAN CHANDRA ROY:** Will the Hon'ble Minister in charge of the Health Department be pleased to state—

(*a*) whether there is a subdivisional hospital at Lalbagh in the district of Murshidabad;

(*b*) if so, the number of—

(*i*) beds, and

(*ii*) nurses in the hospital;

(*c*) if it is a fact that Hospital Advisory Committee in its latest meeting adopted a resolution requesting the Government to increase the number of nurses; and

(*d*) if so, what action, if any, has been taken by Government on that resolution?

The Minister of State for Health (The Hon'ble Dr. ANATH BANDHU RAY). (*a*) Yes.

(*b*) (*i*) Twenty-five.

(*ii*) Four.

(*c*) No intimation from the Hospital Advisory Committee has been received.

(*d*) Does not arise.

Selection of candidates for training in Junior Nursing Course and for Dai Training

23. (Admitted question No. 1411.) **Sj. PHAKIR CHANDRA RAY:** Will the Hon'ble Minister in charge of the Health Department be pleased to state—

(*a*) the number of candidates called for interview at Burdwan Bijay Chand Hospital this year for Dai Training;

(*b*) the number of candidates called for interview at Burdwan Bijay Chand Hospital this year for Junior Nursing Training; and

(*c*) the number selected for training under each category?

The Minister of State for Health (The Hon'ble Dr. ANATH BANDHU RAY): (*a*) One hundred and sixteen.

(*b*) Eighty-four.

(*c*) Twenty-two for Auxiliary Nursing (Junior Nursing) Training. No candidate for Dai Training was selected, Dai candidates being considered for training as Auxiliary Nurses, included in this number.

Health Centre in Bangaon subdivision

24. (Admitted question No. 1374.) **Sj. AJIT KUMAR GANGULI:** Will the Hon'ble Minister in charge of the Health Department be pleased to state—

(ক) বনগ্রাম মহকুমায় কতগুলি স্বাস্থ্যকেন্দ্র আছে;

(খ) এই স্বাস্থ্যকেন্দ্রগুলির মধ্যে কয়টিতে বেড-এর ব্যবস্থা আছে এবং কতগুলিতে বেড নাই;

(গ) কতগুলি নূতন স্বাস্থ্যকেন্দ্র আরও নির্মাণ করা হইবে;

(ঘ) ঐ স্বাস্থ্যকেন্দ্রগুলির সহিত প্রসূতিদের কোনও ব্যবস্থা আছে কিনা; এবং

(ঙ) যদি থাকে, কিরকম ব্যবস্থা আছে?

The Minister of State for Health (The Hon'ble Dr. ANATH BANDHU RAY):

(ক) সাতটি।

(খ) পাঁচটিতে বেড আছে। দুইটিতে বেড নাই।

(খ) আপাততঃ চারটি নির্মাণের পরিকল্পনা আছে।

(ঘ) এবং (ঙ) প্রসূতিদিগের জন্য পৃথক কোন ব্যবস্থা নাই। অর্ধেক-সংখ্যক বেড স্ত্রীলোক-দিগের জন্য রাখা হয়। তন্মধ্যে বেড খালি থাকিলে, প্রসূতিদিগকে ভর্তি করিয়া চিকিৎসা করা হয়।

Government hospitals in Burdwan district and in Asansol subdivision

25. (Admitted question No. 1056.) **Janab TAHER HOSSAIN:** Will the Hon'ble Minister in charge of the Health Department be pleased to state—

(*a*) how many Government hospitals there are at present in Burdwan district;

(*b*) how many Government hospitals there are at present in Asansol subdivision;

(*c*) how many beds there are in the abovementioned hospitals;

(*d*) how many Government-employed Pathologists there are and in how many hospitals in the district there is Department of Pathology;

(*e*) in such Pathological Departments what are the charges of examination of blood (differential count and total count), urine and sputum for—

(*i*) indoor patients in free beds,

(*ii*) indoor patients in paying beds,

(*iii*) outdoor patients, and

(*iv*) outsiders;

(*f*) how many hospitals there are in the district which have fully equipped X-ray department; and

(*g*) in such departments what are the charges for each exposure for—

(*i*) indoor patients in free beds,

(*ii*) indoor patients in paying beds,

(*iii*) outdoor patients, and

(*iv*) outsiders.

The Minister of State for Health (The Hon'ble Dr. ANATH BANDHU RAY): (*a*) Thirty-three.

(*b*) Three.

(*c*) Six hundred and thirty.

(*d*) (*i*) Two in Bijay Chand Hospital, Burdwan, and one Honorary Pathologist in Asansol L. M. Hospital.

(*ii*) In two hospitals, viz., Bijay Chand Hospital, Burdwan, and L. M. Hospital, Asansol.

(*e*) (*i*) to (*iii*) and (*g*) (*i*) No charge.

(*iv*) Rs. 2 for each "ordinary" examination.

(*f*) Two hospitals, viz., Bijay Chand Hospital, Burdwan, and L. M. Hospital, Asansol.

(*g*) (*ii*) Rs. 5 per exposure for ward patients and Rs. 8 per exposure for Cabin patients, subject to a maximum of Rs. 25 in the case of former and Rs. 40 in the case of latter, requiring more than five films.

(*iii*) Same as in the case of paying ward patients, indigent patients being treated free of charge.

(*iv*) Same as in the case of Cabin patients.

Establishment of Health Centres in Birbhum district

28. (Admitted question No. 944.) **Dr. RADHANATH CHATTORAJ:** Will the Hon'ble Minister in charge of the Health Department be pleased to state—

(ক) বীরভূম জেলায় কোন্ কোন্ থানায় এখনও থানা স্বাস্থ্যকেন্দ্র হয় নাই এবং না হওয়ার কারণ কি;

(খ) বীরভূম জেলায় কতগুলি স্বাস্থ্যকেন্দ্র নির্মাণ হইয়া পড়িয়া আছে এবং আজ পর্যন্ত সেখানে কোন ডাক্তার নিযুক্ত করা হয় নাই;

(গ) সেই কেন্দ্রগুলি চালু না করার কারণ কি এবং কতদিনের মধ্যে সেই কেন্দ্রগুলিতে ডাক্তার যাইবে;

(ঘ) লাভপুর ও নানুর থানায় কয়টি স্বাস্থ্যকেন্দ্র আছে;

(ঙ) ঐ দুই থানায় কত জায়গায় টাকা ও জমি দেওয়া সত্ত্বেও আজ পর্যন্ত স্বাস্থ্যকেন্দ্র খোলা হয় নাই;

(চ) ঐরূপ কেন্দ্রগুলি কতদিনে খোলা হইবে;

(ছ) দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় বীরভূম জেলায় কয়টি স্বাস্থ্যকেন্দ্র নির্মাণ হইবে; এবং

(জ) টাকা ও জমি দিলে সরকারের স্বাস্থ্যকেন্দ্র নির্মাণকার্যে কোন বাধা আছে কি?

The Minister of State for Health (The Hon'ble Dr. ANATH BANDHU RAY):

(ক) রাজনগর, নানুর, মুরারই, মৌরেশ্বর ও খয়রাসোলে, কারণ উপযুক্ত জমি পাওয়া যায় নাই।

(খ) পাঁচটি।

(গ) "ক" বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(ঘ) লাভপুর থানায় দুইটি ও নানুর থানায় একটি নির্মিত হইতেছে।

(ঙ) ও (চ) "খ" বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(ছ) ছত্রিশটি।

(জ) যে-স্থানে স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য টাকা ও জমি দেওয়া হইবে সে-স্থানে যদি N.E.S. কিংবা C.D. Block থাকে, তাহা হইলে ঐরূপ প্রস্তাব বিবেচিত হইবে।

[3-20—3-30 p.m.]

Sj. Radhanath Chattoraj:

মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন, উপযুক্ত জমি পাওয়া যায় নাই। কিন্তু ২৬-১০-৫৭ তারিখে জেলা স্বাস্থ্য কমিটি সেই জায়গায় ঠিক করে কি গভর্নমেন্ট-এর কাছে রিপোর্ট দিয়েছিল?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: I am not aware of that.

(At this stage the honourable member, Sj. Radhanath Chattoraj, handed over a document to Mr. Speaker).

Mr. Speaker: Dr. Ray, I would request you to kindly check up with reference to this document.

The question is held over.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

House-building loans for Bongaon subdivision

***38.** (Admitted question No. *364.) **Sj. AJIT KUMAR GANGULI:** Will the Hon'ble Minister in charge of the Refugee Relief and Rehabilitation Department be pleased to state if it is a fact—

(*a*) that funds for second instalment of house-building loans for the year 1955-56 in the subdivision of Bongaon, district 24-Parganas, have not yet been placed although such funds have already been placed for the year 1956-57; and

(*b*) if so, what is the reason of this anomaly?

The Minister for Refugee Relief and Rehabilitation (The Hon'ble PRAFULLA CHANDRA SEN): (*a*) No.

(*b*) Does not arise.

Kadamdiha Refugee Transit Camp, Garbeta

***39.** (Admitted question No. *314.) **Sj. SAROJ ROY:** Will the Hon'ble Minister in charge of the Refugee Relief and Rehabilitation Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে—

(১) মেদিনীপুর জেলার গড়বেতা থানার অন্তর্গত "কদমডিহা রিফিউজি ট্রানজিট্ ক্যাম্প"-টি প্রায় ৩ বৎসর যাবৎ কদমডিহা নামক স্থানে আছে,

(২) ঐ-স্থানে প্রায় ৬০০ রিফিউজি পরিবার বাস করে, এবং

(৩) ইহাদিগকে প্রায় তিন বৎসর যাবৎ ছোট ছোট কাপড়ের তাঁবুতে রাখা হইয়াছে; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) রিফিউজিদের ঐ Transit Camp -এ আর কতদিন রাখা হইবে,

(২) তাঁবুর বদলে খড়ের ঘর তৈয়ারী করার জন্য উহাদের যে ৫০ টাকা করিয়া দিবার ব্যবস্থা হইয়াছিল, সেই ব্যবস্থা কি কার্যকরী করা হইবে,

(৩) ১৯৫৬ সাল ও ১৯৫৭ সালের মে মাস পর্যন্ত ঐ ক্যাম্পের কতজন লোক মারা গিয়াছে এবং কি কি রোগে,

(৪) উহাদের পুনর্বসতির কি কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে, এবং

(৫) আজ পর্যন্ত কতজনের পুনর্বসতি করানো হইয়াছে?

The Minister for Refugee Relief and Rehabilitation (The Hon'ble PRAFULLA CHANDRA SEN):

(ক) (১) ১৪ই জুন, ১৯৫৫ তারিখ হইতে আছে।

(২) ৬০০-টি পরিবার বাস করে।

(৩) হ্যাঁ।

(খ) (১) নিশ্চয় করিয়া বলা যায় না।

(২) হ্যাঁ। ২৭৬-টি ঘর তৈয়ারী হইয়াছে এবং ৬১-টির নির্মাণকার্য চলিতেছে।

(৩) মোট ১১২ জন—

ম্যানিন্‌জাইটিস্‌	...	৩ জন
শিশুমৃত্যু	...	৪৮ জন
বার্ধক্যজনিত	...	৩০ জন
উদরাময় ও আমাশয়	...	২২ জন
তড়কা	...	১ জন
ম্যালেরিয়া	...	৪ জন
শোথ	...	১ জন
দুর্ঘটনায় অপমৃত্যু	...	২ জন
জ্বরাতিশয়	...	১ জন
মোট	...	১১২ জন

(৪) পশ্চিমবঙ্গে কিছু পরিবারকে পুনর্বাসন দেওয়া হইয়াছে। সরকারী পরিকল্পনা অনুযায়ী তাঁহাদের ঋণ দেওয়া হইয়াছে।

(৫) পুনর্বাসনপ্রাপ্ত পরিবারের তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

Sj. Somnath Lahiri:
আপনি বলেছেন ৬০৩টি পরিবার বাস করে। এখানে লোকসংখ্যা কত বলতে পারেন?

The Hon'ble Prafulla Chandra Sen:
লোকসংখ্যা ২,৫০৫।

Sj. Somnath Lahiri:
২,৫০০ জনের মধ্যে প্রায় এক বৎসরে ১১২ জন মারা যায় তাহলে এত অতিরিক্ত মৃত্যুহারের জন্য কোন ব্যবস্থা অবলম্বন করা হয়েছে কি?

The Hon'ble Prafulla Chandra Sen:
হ্যাঁ, ব্যবস্থা অবলম্বন করা হয়েছে। বেশি কঠিন অসুখ হলে তাকে গড়বেতা হাসপাতালে নিয়ে যাওয়া হয়।

Sj. Somnath Lahiri:
তাদের ক্যাম্পএ রাখা হয় এতদিন ধরে, সেইজন্য এত বেশি মৃত্যু হয় এই রকম কারণ কি?

The Hon'ble Prafulla Chandra Sen:
না, তা আমার মনে হয় না।

Dr. Jnanendra Nath Majumdar:
খ (১)-এ বলা হয়েছে যে, নিশ্চিত করে বলা যায় না। অথচ একটা নোটিস দিয়েছিলেন যে, ১লা জুলাই ১৯৫৯এর পর আর কোন ক্যাম্প থাকবে না। তাহলে ট্রানজিট ক্যাম্পগুলি কি থাকবে?

The Hon'ble Prafulla Chandra Sen:
এখন আমরা এই সমস্ত নোমেনক্লেচার বাদ দিয়ে দিয়েছি। এখন ট্রানজিট ক্যাম্প বলে কিছু নেই। পুনর্বাসনের জন্য তাদের কদমডিহায় নিয়ে যাওয়া হয় এবং তাদের আমরা বাংলাদেশের মধ্যেই রাখবার ব্যবস্থা করছি।

Sj. Bhadra Bahadur Hamal:

मंत्री महोदय क्या बतलायेंगे कि ये जो कैम्प हैं, उसमें टी० बी० के रोगी हैं या नहीं? मैं यह प्रश्न इसलिए पूछ रहा हूं क्योंकि तालिका में इसका कोई उल्लेख नहीं है।

The Hon'ble Prafulla Chandra Sen:

वहां टी० बी० के पेसेन्ट नहीं हैं।

Sj. Bhadra Bahadur Hamal:

वहां खाना क्या बहुत अच्छा मिलता है, जिसके कारण टी० बी० के रोगी नहीं हैं?

Rehabilitation scheme for refugees at Salanpur, Asansol

***40.** (Admitted question No. *1547.) **Janab TAHER HOSSAIN:** Will the Hon'ble Minister in charge of the Refugee Relief and Rehabilitation Department be pleased to state—

(*a*) how much money has been spent up to date by the Government on the scheme for rehabilitation of refugees at Salanpur in Asansol subdivision of Burdwan district;

(*b*) how many refugee families were sent there for rehabilitation;

(*c*) how many of them have been rehabilitated and the nature of rehabilitation;

(*d*) whether Salanpur scheme for rehabilitation of refugees has been fully implemented; and

(*e*) if not, what are the reasons for that?

The Minister for Refugee Relief and Rehabilitation (The Hon'ble PRAFULLA CHANDRA SEN): (*a*) Rs. 6,35,950.40 nP.

(*b*) One hundred and twenty-two.

(*c*) Ninety in agriculture.

(*d*) No.

(*e*) The Salanpur site offers considerable scope for the settlement of middle-class people when more industries are located in the Chittaranjan area. The agricultural scheme covers only 600 acres out of 1,200 acres comprising the entire scheme. The full implementation of the scheme by settling non-agriculturist middle-class families is awaiting further industrialisation of the area.

Sj. Benoy Krishna Chowdhury:

सालानपुरे येसव एग्रिकालचारल ल्यान्ड रिहाबिलेटेट करा हयेछिल सेगुलि समस्त अनुपयुक्त चाषेर पक्षे जानेन कि?

The Hon'ble Prafulla Chandra Sen:

सालानपुरे यादेर आमरा निये गेछलाम तारा सकलेई नन-एग्रिकालचारिस्ट—तबे एई उद्देश्ये निये गेछलाम ये चित्तरञ्जनेर आशेपाशे येसमस्त इन्डाष्ट्रि आछे ताते एरा नियुक्त हबे। यखन चित्तरञ्जने आर बेशि लोक नियुक्त करते पारलाम ना तखन प्रस्ताव हल ये १,२०० एकर जमि रिक्लेम करे चाषबास करा याय कि ना। रिक्लेम करे देखा गेल जमि भाल नय, डाँगा-जमि, सदस्य महाशय एटा भाल करे जानेन ये आमरा टाका खरच करेछि, पुकुरओ काटान हयेछे किछु किछु फसलओ हयेछे, तबे सन्तोषजनक हय नि। मूल कथा हच्छे यादेर निये गेछलाम तादेर इन्डाष्ट्रिते नियुक्त करबार जन्यई निये गेछलाम।

Sj. Benoy Krishna Chowdhury:

এই ১২২টি পরিবারের মধ্যে ৯০টি পরিবার উত্তরে বলেছেন এগ্রিকালচারাল ল্যান্ডএর ভিতর হয়েছে। ইন্ডাস্ট্রিয়াল স্কিমে আদৌ কোন ফ্যামিলি কি হয় নি?

The Hon'ble Prafulla Chandra Sen:

১২২টি পরিবারকে নিয়ে যাওয়া হয়েছিল ইন্ডাস্ট্রিতে কর্মসংস্থানের জন্য কিন্তু যেহেতু চিত্তরঞ্জনে নিয়োগ করা গেল না তখন চেষ্টা হয়েছিল কিছু জমি নিয়ে চাষবাস করার জন্য।

Sj. Benoy Krishna Chowdhury:

এই ১২২টি পরিবারের ভিতর কটি ফ্যামিলি হয়েছে, একটিও হয় নি?

The Hon'ble Prafulla Chandra Sen:

না।

Sj. Benoy Krishna Chowdhury:

এদের যখন নন-এগ্রিকালচারাল স্কিমে নিযুক্ত করার জন্য নিয়ে যাওয়া হল তখন কার্যত দেখা গেল কাউকে নিয়োগ করা গেল না, এগ্রিকালচারাল স্কিমএ সবাইকে রিহ্যাবিলিটেট করা গেল না, তাহলে এদের নিয়ে যাওয়া হল কেন? এগুলো কাগজে বেরিয়েছে, স্টেটসম্যানএ বেরিয়েছে.....

The Hon'ble Prafulla Chandra Sen:

এটা সত্য কথা যে ইন্ডাস্ট্রিয়ালি তাদের আমরা করতে পারি নি।

Mr. Speaker: I told you again and again, and I tell you even now, if you want to put a question it will be allowed, but when that question becomes a speech, I will stop it at once.

Sj. Chitto Basu:

এই যে বলেছেন—৬০০ একর জমি রিক্লেম করা হয়েছে, এগ্রিকালচার স্কিমএ কতগুলি পরিবারকে সেগুলি দেওয়া হয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

Question (c) উত্তর দেখুন—প্রশ্ন হচ্ছে how many of them have been rehabilitated and the nature of rehabilitation উত্তর হ'ল (c). Ninety in agriculture.

Mr. Speaker: Question time over.

Enhancement of fees in Calcutta Colleges

[3-30—3-40 p.m.]

Sj. Jyoti Basu:

স্পীকার মহাশয়, সেদিন ছাত্রদের ফিজ সম্বন্ধে একটা বিবৃতি মুখ্যমন্ত্রী এখানে দেন আমাদের প্রশ্নের জবাবে। তার পরের দিন ৮।১০টা কলেজের প্রিন্সিপালরা একত্রিত হয়ে একটা বিবৃতি দেন, যাতে মনে হল মুখ্যমন্ত্রী মহাশয় তাঁর বিবৃতিতে যা না কি বলেছেন তার বিরুদ্ধে তাঁরা অনেক কথা বলেছেন। যেমন তাঁরা বলেছেন—আমরা মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনার সময় কখনো বলি নি যে ফিজ আমরা বেশি নেব না, দ্বিতীয়তঃ, তাঁরা বলেছেন—আমরা হিসেব যা দেবার তা দিয়েছি, আমরা সরকার থেকে আর কিছু জানি নি। তৃতীয় কথা, শ্রী দেশমুখ যখন এখানে এসেছিলেন একটা আলোচনায়ও একথা তিনি বলেন নি যে, ভবিষ্যতে ফিজ বাড়ানো চলবে না। এই ধরনের স্টেটমেন্ট তাঁরা দিয়েছেন। মুখ্যমন্ত্রী মহাশয় তা দেখেছেন কি না জানি না। সেটা তাঁরা কাগজে দিয়েছেন।

আর একটা কথা—ছাত্রেরা এই কথা বলছেন—ডেভেলপমেন্ট ফিজ যেটা সরকার করেছেন সে সম্বন্ধে মুখ্যমন্ত্রী কিছুই বলেন নি। অর্থাৎ ডেভেলপমেন্ট ফিজ স্পনসর্ড কলেজের জন্য যেটা করা হয়েছে সে সম্বন্ধে মুখ্যমন্ত্রী কিছু বলেন নি, সেইজন্য আমি বলছি—মুখ্যমন্ত্রী যদি এখানে

কিন্তু বলেন এখন কি করণীয়; প্রিন্সিপালরা একরকম বলছেন আর মুখ্যমন্ত্রী একরকম..... মুখ্যমন্ত্রী বলেছিলেন যে তিনি সাবসিডি দেবেন প্রয়োজন হলে, কিন্তু প্রিন্সিপালরা বলছেন যে মুখ্যমন্ত্রী এরকম কথা আমাদের কাছে কখনো বলেন নি আলোচনার সময়। কাজেই একটা ডেড্‌লক হতে চলেছে। আশা করি মুখ্যমন্ত্রী এখানে বিষয়টা একটু পরিষ্কার করে দেবেন।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, the position with regard to seven colleges in Calcutta which have got a roll strength of more than 1,500 students is that some of these colleges have got 14,000 students—7,000 in commercial classes and 7,000 in ordinary classes. We have been long exercised in our mind as regards the method of developing education and we realise and every member of the House will realise that such a large number could not be catered by one institution or could not be guided and controlled by one Principal and the governing body. Therefore it is not today but about four years ago—I called the Principals of the Colleges and made some suggestions then. If the members today say that they have not heard it from me, I am sorry for their memory. I suggested then that if they agreed to bring down the total number of students to 1,500—a figure which I thought was as much as one Principal could manage—at that time the University Grants Commission was not in view—then I would, in the first place, give them a non-recurring grant for the purposes of development of the institution, particularly those Departments which cater to the amenities of the students, like a restaurant, library, reading room and so on, provided they gave us a complete picture of their accounts. I did get some accounts from them, but they could hardly be correctly described as properly audited accounts. Things went on in this fashion for some time. Now again I did call them, several of them, in order to find out what their ideas were. Meantime the University Grants Committee came up and they suggested that they would be prepared to give contribution for the salaries of professors and teachers in the first instance. Later on they agreed to extend these facilities to demonstrators and those who were helping the library assistants, but not for increasing the salaries of the menials or the clerks and accountants, and so on. They asked the Government of West Bengal or the University to pay the other half of whatever the contribution was provided that they make a phased programme to lessen the number of students to 1,500 in the course of 4 to 5 years. They agreed to that. Then we asked them to give us a scheme for that. They took a little time to do that but meanwhile without reference to Government or to the University or the University Grants Commission they increased the fees of the students. Their argument was that they wanted to pay increased emoluments to those members of the staff who were not covered by the Grants Commission. When this matter came up many of the colleges, according to the statement of the Principals, had already increased their fees and no objection was taken. Their further statement was that most of the students and their guardians were prepared to pay the enhanced fees. My suggestion was and Dr. Deshmukh was also agreed that until you improve the quality of teaching you cannot ask the students to pay enhanced fees. It is true there are colleges in Calcutta like the La Martiniere, Loreto or Gokhale Memorial, they charge tremendously but still they have a very large number of students. We suggested to them that time has come when they should improve their type and quality of education and when they have done that they might ask for enhanced fees. I saw in the paper that the colleges had given this idea that I did not say this. That I said this will be evident from the fact that one of the Principals of a college told me if they could take half the fees. I told him that when they enhanced the fees they did not consult us and so they need not consult as to how much they should charge now. Sir, I told them if they bring down the number of students

to 1,500 even if the University Grants Commission did not pay I shall pay and not only that I told them that whatever they have in their reserve today they might keep them for the rainy days. If any expenditure was necessary, such as for building or library or a reading room or a restaurant etc., Government would be prepared to pay money for them. I told them also that "As soon as you satisfy us about the accounts—we have got accounts of four colleges—Government would be prepared to pay the deficit." We had discussion with Dr. Deshmukh when he was here and he was sympathetic and he realised as everyone realises that there is a great demand for education among the students. We told them that when you have 3,000 students you can have two colleges with 1,500 each—two units of 1,500 and to each unit the Commission and Government of West Bengal would give similar benefits.

[3-40—3-50 p.m.]

The question came up about the Commerce classes. The City College, for instance, has got classes in Commerce where there are 7,000 students—some study in the morning, some study in the evening and so on. We realise that the students who are working and earning their livelihood and, at the same time, are studying Commerce, should have some arrangement provided for them so that they may be able to prosecute their studies also. Dr. Deshmukh agreed with this idea that we might devise some method by which we can consider the question of the Commerce students separately from that of the students of other classes.

Sir, the present position is that Dr. Deshmukh and I agree that as soon as possible I shall call the Principal of each college and I hope the Principals of Colleges will get the permission of the Governing Body or the Chairman of the Governing Body to implement the results of any discussion that might take place for considering the problem of each college. I think we shall be in a position to indicate what help the Government of West Bengal can give. I may repeat again as I said very emphatically to the Principals of colleges: Please do not charge extra fees at the present moment because you have no need for the extra fees at the present moment. Your resources now are quite ample, but your resources will be difficult when you reduce your number to 1,500 or when you come down to 2,000 scale, your resources may be difficult. At that time, we may have to come in and give help—we are prepared to give that help. So, there is no reason why the Principals should not stop charging extra fees at the present moment. With regard to their statement that no question arises, I may remind the Principals that when I asked them not to charge extra fees, their reply was that most of the students are prepared to pay their increased fees. The parents and guardians also come to pay the increased fees. It is only a few recalcitrant students who are creating the trouble. How is it then that this discussion had taken place? They say now that no discussion took place. However, the position is quite clear. We must first know the financial position of each college when it gets down to the 1,500 standard—the amount of deficit that is likely to occur as soon as it reaches the 1,500 standard. The promise of the Government of West Bengal is, of course, there. So, there is no reason why the students should be made to pay extra fees at the present moment.

Sj. Jyoti Basu: But you have not stated whether the Chief Minister will request the Finance Minister of West Bengal not to give development fees for the sponsored colleges.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I have seen that in the press statement. I will find it out.

Dr. Hirendra Kumar Chattopadhyay:

স্যার, একটা প্রশ্ন আছে কিছুদিন পূর্বে গভর্নমেন্ট অব ওয়েস্ট বেঙ্গল একজন ফাইনান-সিয়াল এ্যাডভাইসার পাঠিয়েছিলেন মিঃ ব্যানার্জিকে

to enquire into the accounts of the colleges.

তার রিপোর্ট কি সাবমিটেড হচ্ছে?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I am sorry you did not follow me. He has finished four colleges and he is going to finish the other colleges.

Mr. Speaker: The accounts of seven colleges were placed. Four of them have been enquired into and completed and the remaining three are being enquired into now.

Motion of Address in reply to Governor's Speech

Sj. Renupada Halder: I beg to move that the following be added at the end of the address in reply, viz.,—

"But regret that no mention has been made—

(1) about steps to be taken or proposed to be taken by Government to acquire lands of Benami owners, to suspend eviction of Bargadars from lands cultivated by them till the cases of Benami transfer of lands are properly dealt with;

(2) about any scheme of Small Irrigation for the improvement of agriculture in the Sundarban areas;

(3) about any scheme for the introduction of Minimum Wages Act for agricultural labourers fixing their minimum wages, hours of duty, work-load, etc.;

(4) about measures to stop extortionate rate of interest charged by way of 'Bari' system by Jotedars on the poor cultivators."

Sj. Mihirlal Chatterji: I beg to move that the following be added at the end of the address in reply, viz.,—

"But regret the step taken by the Government in ordering the agriculturists to take licence on payment of Rs. 3 for storing even his own produce of rice and paddy exceeding one hundred maunds without making any allowance for the needs of his family for the whole year."

Sj. Siddhartha Sankar Ray: I beg to move that the following be added at the end of the address in reply, viz.,—

"But regret—

(i) that no note has been taken and concern expressed at the startling disclosures made in the recent Food Enquiry Committee Report regarding the Food Department of the Government;

(ii) that no practical steps have been suggested whereby the problem of unemployment in the State can be solved;

(iii) that no notice whatever has been taken of the widespread discontent, distress and difficulty existing amongst Government employees due *inter alia* to insufficient wages and the continuance of a set of harsh, inequitous and antiquated Conduct Rules."

Sj. Monoranjan Hazra: I beg to move that the following be added at the end of the address in reply, viz.,—

"দুঃখের বিষয় নিম্নলিখিত বিষয়ের কোন উল্লেখ নাইঃ—

(ক) জমিদারী প্রথা উচ্ছেদের ভিতর দিয়া ভূমিহীন কৃষকের হাতে কোন জমি বিলির ব্যবস্থা হয় নাই, উপরন্তু জমিদারদের বাড়তি জমি তাঁহাদেরই আত্মীয়স্বজনের নামে বেনামী হইয়া যাওয়ায় উদ্বৃত্ত জমি পাওয়ার সম্ভাবনাও নাই এবং ইহাতে এক একচেটিয়া ভূমি মালিক সৃষ্টি হইয়াছে। ইহা পূর্বেতন সামন্তবাদেরই পরিপূর্ণ রূপ। ইহা ছাড়া জমিতে নীট আয়ের উপর আয়কর পদ্ধতি চালু না করিয়া খাজনা পদ্ধতি চালু রাখায় সেই পুরাতন সামন্তবাদকেই জীয়াইয়া রাখা হইতেছে। জমির একচেটিয়া মালিকানার দাপটে, খাজনা পদ্ধতির চাপে এবং ঋণভারে দেশের সর্বত্র ভাগচাষী, চাষী জমি হইতে ব্যাপকভাবে উচ্ছেদ হইতেছে। ইহা সামগ্রিকভাবে দেশের কৃষি, অর্থনীতি ও কৃষি-উৎপাদনকে বিপর্যস্ত করিতেছে। স্পষ্টতরই ইহাতে বুঝা যায় ইহা কৃষিতে উৎপাদনের ক্ষেত্রে ধনতান্ত্রিক উৎপাদনও সম্ভব করিয়া তুলিতে পারিবে না—সমাজতান্ত্রিক উৎপাদন তো দূরের কথা;

(খ) খাদ্যের ব্যাপারে মুনাফাবিরোধী আইন ও অত্যাবশ্যক পণ্যদ্রব্য আইন অনুযায়ী ধান ও চাউলের মূল্য নিয়ন্ত্রণে সরকার ব্যর্থ হইয়াছেন এবং এই ব্যর্থতার উপরে খাদ্যে একচেটিয়া ব্যবসাদারশ্রেণী খুচরা ব্যবসায়ীদের গ্রাসাচ্ছাদনের উপায়টুকু পর্যন্ত গ্রাস করিয়া ন্যায্যদরে জনসাধারণের চাউল পাওয়ার ব্যবস্থাকে বানচাল করিয়া দিয়াছে;

(গ) শ্রমিককে ছাঁটাইয়ের পর সালিশী বা ট্রাইবুনাল ইত্যাদির ব্যবস্থা হইলেও ইহার দীর্ঘসূত্রতার মধ্যে শ্রমিককে বিরোধ চলাকালীন কোন বেতন বা ভাতা না দেওয়ায় কার্যত শ্রমিকের উপর মালিকের প্রতিহিংসাবৃত্তি চরিতার্থ করিতেই দেওয়া হয়;

(ঘ) সম্প্রতি শিক্ষাক্ষেত্রে অরাজকতার নীতি সুস্পষ্টরূপে প্রতিভাত হইয়া উঠিতেছে এবং ইহা দূরীকরণ না করিলে দেশের মধ্যে ভয়াবহ অবস্থার সৃষ্টি হইবে;

(ঙ) কর্মসংস্থান কেন্দ্রগুলিতে সম্প্রতি বেকারদের নাম রেজেস্ট্রী করা হইতেছে না।"

Dr. Ranendra Nath Sen:

মাননীয় সভাপাল মহোদয়, রাজ্যপালের অভিভাষণ আমাদের বিরোধী দলকে সন্তুষ্ট করতে পারে নি। এটা ঠিক যে রাজ্যপাল মহোদয় যখন তাঁর অভিভাষণ শুরু করলেন তাতে দেশের বিভিন্ন সংকট সম্পর্কে তিনি কিছু মতামত উপস্থিত করেছেন, কিন্তু আমাদের দেশে যে একটা সংকট সারা ভারতবাসীর মুখে মুখে রয়েছে সেই সংকটের ইঙ্গিত রাজ্যপালের ভাষণের মধ্যে আমরা পেলাম না। আমাদের দেশে এখন প্রধান আলোচ্য বিষয় হয়ে উঠেছে দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার সংকট, বৈদেশিক মুদ্রার সংকট, দেশে ব্যবসা-বাণিজ্যের সংকট এসেছে। এর প্রতিঘাত আমরা পশ্চিম বাংলাতেও অল্পবিস্তর দেখতে পাচ্ছি, কিন্তু রাজ্যপালের ভাষণে তার কোন ইঙ্গিত আমরা খুঁজে পেলাম না। আমাদের সামনে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যে সম্পূর্ণ স্কীম উপস্থিত করা হয়েছিল সেই স্কীম আলোচনার মধ্য দিয়ে আমরা দেখতে পাই যে পঞ্চবার্ষিকী পরিকল্পনার ৩ বছর হয়ে যাওয়া সত্ত্বেও যেসব স্কীমের কথা এখানে বলা হয়েছিল সেই স্কীমগুলো কার্যকরী হবার পথে অগ্রসর হচ্ছে না। আমি জরুরী ২।১টি স্কীম যার উপর বাংলার ছোটখাট শিল্পের ভবিষ্যৎ নির্ভর করছে—সেই রকম স্কীমের কথা বলব—

manufacture of surgical instrument.

এটা বড় খাতে ছিল,

Dovelopment of Ceramic industry.

এর আর একটা

central shot-blasting, electroplating and stove-enamelling station for small cycle manufactures.

এই ৩টির কথা বিশেষ করে বলছি। এই ছোটখাট শিল্পে এই রকম ব্যবস্থা থাকলে পর তারা উন্নতিশীল হতে পারত। কিন্তু আমাদের এই গভর্নমেন্ট ছোটখাট শিল্পের কোন সমস্যার কথা না বলে, কোন সহানুভূতি তাঁদের না থাকার ফলে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার এই সমস্ত স্কীমগুলি কাগজেই রয়ে গেছে। গত বছর আমি যখন ইন্ডাস্ট্রির উপর বলেছিলাম তখন ভূপতিবাবু আমাকে আলাদা ডেকে নিয়ে বললেন যে আমরা দুর্গাপুরে একটা অপটিক্যাল গ্লাস ফ্যাক্টরী এবং আর একটি কোল-মাইনস মেসিনারী প্রস্তুত করার ফ্যাক্টরীর ব্যাপারে বাহিরের গভর্নমেন্টের সঙ্গে আমরা যে চুক্তি করেছি সে-সব কথা কেন বললেন না? এখানে তিনি নেই তাঁকে আমি বলে দিতে পারি যে এই দুটো প্ল্যান্টের কথা যা গতবারে হয়েছিল তা এই দ্বিতীয় পরিকল্পনায় সংকটের জন্য তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় ঠেলে দেওয়া হয়েছে। বড় শিল্পের যে সমস্ত সংকট এসেছে সেই সংকট সম্পর্কে গভর্নমেন্টের ব্যবস্থা অদ্ভুত। চটশিল্পে সংকট উপস্থিত হোল, গভর্নমেন্ট ওমনি বলে দিলেন যে র‍্যাসনালাইজ কর, আমরা তোমাদের ঋণ দিচ্ছি অর্থাৎ লোক ছাঁটাই কর। সুতাকল শিল্পে সেই সংকট উপস্থিত হোল গভর্নমেন্ট থেকে তাদের বললেন যে তাই তো, বৈদেশিক মুদ্রার প্রয়োজন আছে। সুতরাং মালিকরা তোমরা অটোমেটিক পাওয়ার লুমস ব্যক্তিগত শিল্পে লাগাতে পারবে—গভর্নমেন্ট একথা বললেন না যে, কেন বৈদেশিক মুদ্রার সংকট আছে। অটোমেটিক পাওয়ার লুমস-এর কারখানা আমরা করবো, আমরা টেক্সটাইল মিল করবো। আমি আগেই পশ্চিম বাংলার দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার টার্গেটের কথা বলেছিলাম। আমি একটা জিনিস বলতে ভুলে গিয়েছিলাম—হাউজিং সম্বন্ধে তাঁরা টার্গেট নিয়েছিলেন ১৪ হাজার টেনামেন্ট হাউস হবে। সেদিন খগেনবাবু বললেন যে ১০ হাজার আমাদের কোটা দু' বছর মাত্র বাকী আছে, তাঁরা করেছেন মাত্র ৬ হাজার বিগত প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনা এবং দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় ৩ বছর মিলিয়ে—৮ বছরে তাঁরা বাড়ি করেছেন ৬ হাজার, কাজেই ১০ হাজার কর্তিত যে টার্গেট সেটা কতদিনে তাঁরা করবেন তা জানি না। আমি একথা জোরের সঙ্গে বলতে পারি যে দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার শেষে তাঁরা এখানে দাঁড়িয়ে বলবেন যে আমরা ১০ হাজার বাড়ি করতে পারলাম না। সামান্য একটা ব্যাপার যা নিয়ে এত হৈচৈ হোল হরিণঘাটা সম্বন্ধে—আমি হিসাব মিলিয়ে দেখেছিলাম রাজ্যপালিকা বলেছেন যে ১ লক্ষ পাউন্ড দুধ কোলকাতা শহরে সরবরাহ করা হচ্ছে—অথচ দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় ৪ লক্ষ ৯২ হাজার পাউন্ড এই কোলকাতায় সরবরাহ করার কথা ছিল আর দু' বছর মাত্র বাকী আছে। কাজেই হিসাব করলে এটা নিশ্চিতরূপে বলা যায় যে তার কোন সম্ভাবনা নেই।

[3-50—4 p.m.]

তারপর রাজ্যপালের বক্তৃতার মধ্যে আরেকটা মারাত্মক জিনিস দেখে আমরা আশ্চর্যান্বিত হলাম। তিনি বলছেন শিক্ষিত বেকারদের সম্বন্ধে

various schemes under the Second Five-Year Plan are undoubtedly giving employment.

undoubtedly employment

দিচ্ছে একথার মানে কি? তাঁরা কোথায় কোথায় এমপ্লয়মেন্ট দিয়েছেন? এক

Inland Steam Navigation

এ ২ হাজার, আর স্টেট ট্রান্সপোর্টএ ২ হাজার এই তো দিয়েছেন। ডাঃ রায় ২ বৎসর আগে বাজেটে গর্ব করে বলেছিলেন যে, ফার্স্ট ডিভিসনএ ম্যাট্রিকুলেশন পাশ করলে চাকরী পাওয়াটা সোজা হয়ে যায়। এডুকেটেড অনএমপ্লয়েডদের উপর ১৯৫৬ সালে প্ল্যানিং কমিশন যে রিপোর্ট দিয়েছিলেন তার থেকে একটু পড়ে দিলেই বুঝতে পারা যাবে বিধানবাবু যে কথা বলেছেন তা নিছক বাজে কথা এবং রাজ্যপাল যা বলেছেন তা কত বাজে কথা। আমি এখানে ন্যাশনাল স্যামপল্ সার্ভে থেকে উদ্ধৃত করছি:

"National Sample Survey estimated that 15.6 per cent. of the matriculates, 15.1 per cent. of the intermediates and 9.1 per cent. of the graduates in the labour folk were unemployed. The proportion of the unemployed who are

registered at Employment Exchanges has been estimated to be 45 per cent. of the matriculates, 47 per cent. of the intermediates and 22 per cent. of the graduates".

গ্রাজুয়েটস বলতে তাঁরা বলেছেন ইঞ্জিনীয়ারিং কলেজএর বি ই, মেডিকেল কলেজএর এম বি বি এস, শুধু বি এ, বি এস-সি পাশ নয়। সেজন্য গভর্নমেন্ট চেষ্টা চালাচ্ছেন হাইয়ার এডুকেশনএর পথ কি করে রুদ্ধ করা যায়। অন্য কোন্ স্তরে কি বেকার আছে সেই প্রশ্নের মধ্যে আমি যাব না। আমি একটা প্রশ্নই শুধু করতে চাই, গভর্নমেন্টের কি জানা আছে, রাজ্যপালের কি জানা আছে বিভিন্ন কলকারখানায়, চা-বাগানে কত লোক প্রত্যেক বৎসর ছাঁটাই হয়, একথা কি তাঁদের জানা আছে কত অফিস বন্ধ হয়েছে; মধ্যবিত্তের মধ্যে কত লোকের চাকরী গিয়েছে? আমি শুধু এখানে চা-বাগানের হিসাব দেব—৪টা চা-বাগান বর্তমানে ২ হাজার লোক ছাঁটাই হয়ে গিয়েছে বা হতে যাচ্ছে। গভর্নমেন্টের এটা জানা আছে কি? আর, গভর্নমেন্টের এটা জানা আছে কি যে, অটোমেটিক লুমস চলকলে প্রবর্তিত হওয়ার ফলে কত লোক ছাঁটাই হতে যাচ্ছে। তাঁরা বলেছিলেন যে, দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় পাবলিক সেক্টর বহু লোককে নিয়োগ করতে পারবেন, অথচ

Director of Employment and Resettlement

এর যে রিপোর্ট প্রকাশিত হয়েছে সেই রিপোর্টে বলেছেন স্টেট সেক্টরএ যে পরিমাণ আশা করা হয়েছিল সেই পরিমাণের অর্ধেকেরও অনেক কম লোককে কর্মে নিয়োগ করতে পারা গিয়েছে এবং একথা আরো বলেছেন যে পারা দুষ্কর হবে। আমাদের সরকার সোস্যালিজমএর কথা বলেন। তাঁরা বলেন, এখানে সোস্যালিজম প্রতিষ্ঠিত হয়েছে, তাঁরা বলেন, এখানে ধনী ও দরিদ্রের মধ্যে ব্যবধান কমিয়ে নিয়ে আসা হবে। কি করে তাঁরা একথা বলেন জানি না। তাঁরা কি কোন তথ্যের খবর রাখেন সেন্সাস অব ম্যানুফ্যাকচারার্সএ যে তথ্য দেওয়া হয়েছে সেই তথ্যে এটা দেখা যায় যে, বড় বড় ধনীদের মুনফা কিরকম বাড়ছে। ১৯৫২ সালের আগে ছিল ১৯০·৬, ১৯৫৩।৫৪ সালে ৩২০·৪৮, আর ১৯৫৬ সালে ৩২৬·৫, অর্থাৎ মুনাফা ক্রমেই বাড়ছে। বিভিন্ন শিল্পে যে সমস্ত জিনিস উৎপন্ন হচ্ছে টোটাল আউটপুটএর আমদানীকৃত আয়ের পার্সেন্টেজ যে ভাগ করা হচ্ছে তাতে সেন্সাস অব ম্যানুফ্যাকচারার্স বলছে, যেখানে পার্সেন্টেজ অব ওয়ার্কার্স সেয়ার টোটাল ছিল ১৯৫০ সালে ৬০ পারসেন্ট, ১৯৫৫ সালে হয়েছে ৫৫ পার্সেন্ট; আর পার্সেন্টেজ অব এমপ্লয়ার্স সেয়ার টোটাল ১৯৫০ সালে যেখানে ছিল ৪০ পারসেন্ট সেখানে ১৯৫৫ সালে হয়েছে ৪৪·৯ পারসেন্ট। অর্থাৎ, শ্রমিক ও কর্মচারীর অংশ কমে আসছে, ধনীদের অংশ বাড়ছে। সেন্সাস অব ম্যানুফ্যাকচারার্সএ এই হিসাবটা দেওয়া হয়েছে। সুতরাং এই হচ্ছে তাঁদের সোস্যালিজমএর নমুনা। এই হচ্ছে এঁদের সোস্যালিজম যে সোস্যালিজমএ গরীবের অংশ ক্রমে কমে আসে এবং ধনীদের অংশ ক্রমে বাড়তে থাকে। তবু তাঁরা বলে থাকেন, আমরা গণতন্ত্রের প্রতিষ্ঠা করছি, আমরা সকলের সহযোগিতা চাই, দেশের সকল লোকের সহযোগিতা চাই, আমরা বিরোধী দলেরও সহযোগিতা চাই। এ সম্পর্কে আমি কয়েকটা কথা বলব। তাঁরা প্রকৃতই সহযোগিতা চান না। আমি গতকাল দেখছিলাম গত ১ বৎসর।২ বৎসরের গেজেট—যতগুলি কমিটি ও বোর্ড হয়েছে বিভিন্ন ব্যাপারে তাতে এই এ্যাসেমব্লির কংগ্রেসের লোক কতজন আছেন আর বিরোধীপক্ষের লোক কতজন আছেন। অপরাধ হচ্ছে তাঁরা বিরোধীপক্ষ। বক্তৃতায় বলা হবে, আমরা বিরোধীপক্ষের সহযোগিতা চাই। আমার কাছে লিস্ট আছে, কিন্তু পড়তে দেরী হবে বলে পড়ছি না। আমি জোরের সঙ্গে বলতে পারি যে, তাঁরা বিরোধীপক্ষের লোকদের বাদ দেবার চেষ্টা করেছেন বিভিন্ন কমিটি ও বোর্ড থেকে। গতবার আমি এই এ্যাসেমব্লিতে বলেছিলাম যে, বামপন্থী এম এল এ-কেও তাঁর এলেকার হাউসিং বোর্ডএ অবশ্য নিতে হবে, কংগ্রেসের এম এল এ-ও থাকুন তাতে আমাদের আপত্তি নাই। কিন্তু আমি দেখছি খড়্গপুরে যে

employment advisory board

আছে তাতে কংগ্রেসপ্রার্থীকে পরাজিত করে যিনি নির্বাচিত হয়েছেন এই হাউসের সভ্য, সেই শ্রীনারায়ণ চৌবের নাম নাই। আরেকজন ভদ্রলোকের নাম আছে। একে কি ডিসক্রিমেনেসন বলে না, একে কি বলবেন সহযোগিতা? কিন্তু তাঁরা নেন, কখন? যখন বাধ্য হন, যখন উপায় থাকে না, তখন তাঁদের সঙ্গে আমাদের জড়িত করেন। কিন্তু সেখানে যে সর্ববাদিসম্মত

সিদ্ধান্তগুলি গৃহীত হয় তাঁরা সেগুলি পরে অগ্রাহ্য করেন। গত ২ বৎসর আমি লেবার ডিপার্টমেন্ট সম্বন্ধে কিছু বলিনি, আজকে বলতে বাধ্য হচ্ছি। স্টেট লেবার এ্যাডভাইসরি বোর্ডএর অন্যান্য সিদ্ধান্তের কথা ছেড়ে দিয়ে আমি দুটি অত্যন্ত জরুরী সিদ্ধান্তের কথা বলি —একটা হচ্ছে,

Minimum Wages Act, Cinema Industry,

এটা পাস হল ৮ মাস আগে। লেবার ডিপার্টমেন্টে স্টেটের কেন্দ্রীয় মন্ত্রী শ্রী নন্দের মধ্যে আলোচনায় ঠিক হল জানুয়ারির মধ্যে নোটিফিকেশন দেওয়া হবে। দেখুন, নোটিফিকেশন দিতেই ৮ মাস লেগে গেল। আরেকটা হচ্ছে হাউসিং বোর্ড। এর নীতি সম্বন্ধে খগেনবাবু ও সত্তার সাহেবের সঙ্গে একত্রে বসে সিদ্ধান্ত হল এতে ট্রেড ইউনিয়নের প্রতিনিধি থাকবে, মালিক-দেরও প্রতিনিধি থাকবে। কিন্তু গভর্নমেন্ট সব ভুলে গেলেন। তাই জিজ্ঞাসা করছি, এসবগুলি রেখেছেন কেন? মুখে কেন বলেন গণতন্ত্রের কথা? কেন বলেন সহযোগিতার কথা? এমপ্লয়িজ স্টেট ইনসিওরেন্স বোর্ডএ আমি ছিলাম। ১৯৫৪ সালে এই বোর্ড হয়েছিল। পরে আমি ঘেন্নায় ছেড়ে দিলাম। ঠিক হল কত ফ্যামিলিকে নেওয়া হবে, ঠিক হল একটা আলাদা হাসপাতাল হবে। কিন্তু ২।৩ বৎসর ধরে কেবলি ঠিক হচ্ছে, কার্যে আর পরিণত হচ্ছে না। সেদিন ডাঃ নারায়ণ রায় এই হাসপাতাল প্রসঙ্গে রাইটার্স বিল্ডিংসএর খুদে লাটের কথা বলেছেন। যদিও বোর্ডের মিটিংএ পাস হয় খুদে লাট বলে দিলেন, কেটে দিলাম।

[4—4-10 p.m.]

শ্রমিকরা তাদের বেতনের শতকরা আড়াই ভাগ দেন, আর মালিকের কাছ থেকে শতকরা ওয়ান থ্রি-ফোর্থ আদায় করা হয়। শ্রমিকের অর্ধেক মালিক দেয়, গভর্নমেন্ট এক পয়সাও দেয় না। ১৪ কোটি টাকা জমা হয়ে পড়ে আছে। লজ্জার কথা, হাসপাতাল হয় না কলকাতা শহরে শ্রমিক কর্মচারীদের জন্য, অথচ এই ১৪ কোটি টাকা পড়ে আছে স্মল সেভিং স্কীমএ। তাঁদের সেকেন্ড ফাইভ ইয়ার প্ল্যানএ গরীব শ্রমিকদের টাকাগুলি খাটাচ্ছেন। স্টেট গভর্নমেন্ট বলছেন যে, সেন্ট্রাল গভর্নমেন্টকে আমাদের স্মল সেভিংস স্কীমএর টাকা থেকে লোন দিচ্ছি। কিন্তু শ্রমিক কর্মচারী ও তাদের ফ্যামিলির জন্য সুচিকিৎসার কোন ব্যবস্থা নেই, তাদের জন্য হাসপাতাল বা অ্যাম্বুলেন্সের ব্যবস্থা করা হয় নি। ওয়ান আন্ড থ্রি-ফোর্থ পারসেন্ট মাত্র মালিক দিচ্ছেন আর শ্রমিকের বেলায় টু অ্যান্ড হাফ পারসেন্ট আদায় করা হচ্ছে—এবং এটা বোর্ডের সিদ্ধান্ত। আমি চার বছর সেই বোর্ডে মেম্বার হিসাবে ছিলাম, গত নভেম্বরে আমি ঘেন্নায় রিজাইন করে ছেড়ে দিয়েছি। শ্রমিকের প্রত্যেকটি জিনিস তাঁরা তামাসার কথায় পর্যবসিত করেছেন।

গভর্নমেন্ট বড় বড় কথা বলেন—এমপ্লয়ার ও এমপ্লয়িজদের রিলেসান ভাল হোক। আমি জিজ্ঞাসা করি,

charity begins at home,

গভর্নমেন্ট নিজে কি সেই রিলেসান পালন করছেন? কর্মচারীদের সার্ভিস কনডাক্ট রুলস বদলানর কথা শুনলেই ত ডাঃ রায় লাফিয়ে ওঠেন। সম্প্রতি একটা ঘটনা ঘটেছে। তাঁরা কি রকম ট্রেড ইউনিয়ন অধিকার কর্মচারীদের দিচ্ছেন দেখুন। তাঁরা বলছেন বর্তমান যুগে ট্রেড ইউনিয়নের সিদ্ধান্ত মানতে হবে, অথচ কার্যত তা দেখা যায় না। বাঁকুড়ায় ট্রেড ইউনিয়নের এক কনফারেন্স হয় তার সভাপতিত্ব করেন সিদ্ধার্থশঙ্কর রায়। এস এন রায়, চীফ সেক্রেটারী তাতে আপত্তি জানিয়ে এক পত্র দেন। তিনি বলেন সিদ্ধার্থশঙ্কর রায়কে কেন প্রেসিডেন্ট করা হয়েছিল এবং তোমরাই বা তাঁকে নিয়ে কেন মিছিল করে বেরিয়েছ? তোমাদের ইউনিয়ন রেকগনিসান দেওয়া হবে না। তিনি এতবড় এক চিঠি লেখেন, তার সমস্ত রেফারেন্স আমার কাছে রয়েছে। লেটার নম্বর হচ্ছে

566—P from S. N. Roy, I.C.S., Chief Secretary to the Government of West Bengal to Secretary, West Bengal Ministerial Officers' Association date হচ্ছে Calcutta, the 24th January, 1959.

এই চম্বুকে তিনটা কথা আছে। এস এন রায় বলেছেন কেটে দাও। অথচ তাঁরা বলেন আমরা ট্রেড ইউনিয়নের অধিকারকে স্বীকার করি। আর একটা বিষয়ের কথা এখানে বলা হয়েছে।

টাইপিস্ট, কপিস্ট, তাঁরা সকলে গভর্নমেন্টের লোক। তাঁরা গত দশ বছর ধরে কত চিঠি লিখেছেন তাঁদের সার্ভিসকে রেগুলারাইজ করবার জন্য। প্রতি তিন মাস অন্তর রিমাইন্ডার দিয়েছেন, কিন্তু তার কোন জবাব সরকারের তরফ থেকে তাঁরা পাননি। শেষকালে ১৯৫৭ সালে তাঁদের চিঠির জবাব দেওয়া হল

Your matter is still under consideration.

তাঁরা বলেন আমরা রাজ্যপালের ভাষণ থেকে কোন প্রাণ স্পন্দন পেলাম না, এখন আমরা হৃদকম্প অনুভব করছি যে আমাদের ১০-১১ বছরের চাকরিটা বুঝি চলে যায়। তাদের উৎসাহ দেবার জন্য কোন ব্যবস্থাই করা হয়নি। আর একটা দেখুন—ওয়ার্কার্স এডুকেসান বা

workers' participation in industry

সম্বন্ধে তাঁরা কিছুই করছেন না। আমি বলি

Chirity begins at home.

আমি জিজ্ঞাসা করেছিলাম পশ্চিম বাংলায় যে স্টেট ট্রান্সপোর্ট করা হয়েছে, সেখানে

workers participation in industry

করেছেন?

State Government servant

দের বেলায় করেছেন?

Bengal Government Press

এ করেছেন? তিনি বললেন এখানে তা হতে পারে না। আর রাইটার্স বিল্ডিং বা নিউ সেক্রেটারিয়েটএর কর্মচারীদের বেলায় ত দূরের কথা। গভর্নমেন্টের নিজের যে সমস্ত ছোট ছোট কারখানা, শিল্প, যাকে ইন্ডাস্ট্রি বলা চলে সেখানে গভর্নমেন্টের কোন নীতি নেই। ট্রেড অ্যাডভাইসারি বোর্ডের কথা, তাঁদের এজেন্ডাতে আসবে না, কাটা যাবে।

তারপর রাজ্যপাল বলেছেন কোড অব ডিসিপ্লিন এই সম্পর্কে আরো কতকগুলি কথা আছে। আমাদের দেশে নূতন নূতন কথার আমদানি হচ্ছে কোড অব ডিসিপ্লিন, কোড অব এফিসিয়েন্সি কত সব জিনিস আমরা আগে জানতাম না। এবার আমরা জানতে পেরেছি যে কোড অব ডিসিপ্লিনএ ঠিক হয়েছে যে ইউনিয়ন এইগুলি মানবে, মালিক এইগুলি মানবে, গভর্নমেন্ট এইগুলি মানবে। কলিকাতা ট্রাম স্ট্রাইকএর পরে অমনি বেঙ্গল চেম্বার অব কমার্সএর যিনি এখন কর্তা ব্রাউন সাহেব ঐ ডিউক অব এডিনবার্গএর দেশের লোক, লেডি মাউন্টব্যাটেনএর দেশের লোক, তিনি মুভ করলেন গভর্নমেন্টের কাছে যে ট্রামএর ওয়ার্কার্সরা কোড অব ডিসিপ্লিন ভঙ্গ করেছে, অমনি রাতারাতি, ট্রাম ইউনিয়নকে জানানো হল না, ট্রামএর ওয়ার্কার্সরা জানলো না, হঠাৎ তিন মাস পর জানানো হল যে তোমরা নাকি ডিসিপ্লিন ভেঙ্গেছো। ভেঙ্গেছো কিনা তার তদন্ত হবে। সেই তদন্ত বসে গেল। কিন্তু আমরা বললাম যে বিরলার কারখানা

Kesoram Cotton Mills code of discipline

ভেঙ্গেছে তার বিচার হল না। পদ্মবিভূষণ, তার পদ্মের পাপড়ি ভেঙ্গে দেওয়া ত দূরের কথা তার পাপড়িতে হাত দিতে তাঁরা ভয় পান, সেখানে তাঁরা অগ্রসর হলেন না। সেখানে বলা হল যে ঐ কমিটি আছে। কনফারেন্স আছে অর্থাৎ এটা তাদের কাছে দিয়ে ৩-৪ বৎসরের মত কবর দিয়ে রাখা হ'ল। এই হচ্ছে ব্যাপার। আমরা দেখেছি বোনাস এগ্রিমেন্ট ভায়লেট করেছে, cash relief agreement violate

করেছে। এটা মিনিস্টাররা জানেন। মিনিস্টার বলেছেন যে ওয়ার্কার্স কনটেনসান বা দ্যাট ইজ কারেক্ট, কিন্তু তার কিছুই হল না। আর বলা হচ্ছে কোড অব ডিসিপ্লিন, তারপরে কারখানা হঠাৎ বন্ধ করে দেওয়া হল যেমন ডুলেক্স কারখানা। কারখানা খোলবার পর লোক ছাঁটাই করা হবে কিন্তু সেই লোকের চাকরিতে ফিরে যাবার কোন বিচার হবে না। এগ্রিমেন্ট হল ডানলপ কটন মিলস্এ, তারা ক্লোজার সম্পর্কে এগ্রিমেন্টএ এলেন সেই এগ্রিমেন্ট ভায়লেট করে সিফট তারা বন্ধ করতে লাগলেন। এবং আশ্চর্যের ব্যাপার হচ্ছে যে, বিভিন্ন জায়গায় এই রকম দুইটি চা-বাগান, বাগনান আর রুমাফিল্ড চা-বাগান সেখানে মালিকরা বললেন ঐ যে আমাদের সংগঠন থেকে বোনাসএর এগ্রিমেন্টএ সই করেছে আমরা তা জানি না। সুতরাং আমরা দেবো না

অর্জিন ঠিক হয়ে গেল যে বোনাস আর মালিকদের দিতে হবে না। কিন্তু যদি ট্রেড ইউনিয়ন বলে যে অমুক জায়গায় সেন্ট্রাল ট্রেড ইউনিয়ন অর্গানাইজেসান যে এগ্রিমেন্ট করেছে সেটা ত আমরা মানি না। তাহলে হবে না। সেখানে বলা হয় যে সেটা তোমার জানতে হবে, জানা উচিত, জাননি কেন সেটা তোমার অপরাধ। এমপ্লয়ার্সদের বেলায় সেটা অপরাধ নয়, আর ট্রেড ইউনিয়নএর বেলায় সেটা অপরাধ। এই রকম চলেছে, দৈনিক চলেছে, আমার বহু উদাহরণ আছে যার

evaluation and implementation

তাদের কাছে পড়ে রয়েছে তার কোন বিচার হয় না। আমি এখানে দুইটি উদাহরণ দেবো এবং দিলে আপনারা সকলেই বুঝতে পারবেন মার্টিন বার্ন এবং ইন্ডিয়ান আয়রন এ্যান্ড স্টীল কোম্পানী, তারা তাদের ফার্নেস ব্লো আউট করে দিলেন। ফার্নেস ব্লো আউট করে দেবার ফলে লোক সারপ্লাস হল। অনেক দিন পরে আবার সারপ্লাস লোক নিয়েছেন, কিন্তু আমরা যখন ডাঃ বি সি রায়এর কাছে গেলাম যে এত লোক সারপ্লাস হয়ে গেল, যে দিল্লী এগ্রিমেন্ট মালিকরা আমাদের সঙ্গে করলো সেই এগ্রিমেন্ট ভায়লেটেড হচ্ছে। এটা আমি নিশ্চয়ই স্বীকার করবো যে ডাঃ রায় তখনই সেই কথার উল্লেখ করে খবর পাঠালেন মার্টিন বার্নসএর কাছে যে আমি শুনলাম যে তোমরা দিল্লী এগ্রিমেন্ট ভায়লেট করছো? ডাক্তার রায়ের পরিস্কার জানা ছিল না যে দিল্লী এগ্রিমেন্টটা কি, ১৯৫৭ সালে সেটা গৃহীত হয়েছিল। এমপ্লয়ার্সরা চিঠি দিলেন ডাক্তার রায়ের কাছে, এবং ডাক্তার রায় সেই চিঠির কপি পাঠালেন আমাদের কাছে, আমরা পড়ে আশ্চর্য হলাম মার্টিন বার্নস কোঃ লিখছে, ১৯৫৯ এর ২০শে জানুয়ারি ডাক্তার রায়কে বলছে যে আমরা ঐ দিল্লী এগ্রিমেন্ট যা ১৯৫৭ সালে হয়েছিল উনি বলছেন তার কোন খবর রাখি না। মার্টিন বার্নস খবর রাখেন না, বিরলা খবর রাখেন না, টাটারা খবর রাখেন না, বড় বড় এমপ্লয়ার্সরা খবর রাখেন না, কিন্তু শ্রমিকদের বেলায় কোড অব ডিসিপ্লিনএ, পান থেকে যদি চুণ খসে তাহলেই প্রাণ নিয়ে টানাটানি। এবং আরো আশ্চর্যের ব্যাপার আমাদের পশ্চিমবঙ্গ সরকার এত ভীত হয়ে যান কেন? কেরলাতে চা-বাগানে ধর্মঘট, সমস্ত ভারতবর্ষে মালিকরা হৈ চৈ করলেন, গভর্নমেন্ট অব ইন্ডিয়া বললেন যে আমরা প্রোব বসাবো শ্রমিকদের দোষ না মালিকের দোষ। কেরলা গভর্নমেন্ট বললেন যে আমরা ঢুকতে দেবো না, এখানে আমাদের গভর্নমেন্ট আমরাই এর বিচার করবো, বাইরে থেকে প্রোব আসবে কেন? একটু সাহস ও ত দেখান দরকার।

[4-10—4-20 p.m.]

একটু সাহস দেখান দরকার তা হল না। ইন্ডাস্ট্রিয়াল কমিটি অন জুট হল—তাতে কতকগুলি এগ্রিমেন্ট হয়েছিল। এগ্রিমেন্ট হওয়ার পরের দিন থেকে সেগুলি ভায়লেট হচ্ছে। একটা এগ্রিমেন্ট হল বদলীওয়ালাদের কাজে নিয়োগ করা হবে। সেগুলিকে পার্মানেন্ট করা হবে। নূতন বদলীওয়ালা নিয়োগ করবে না এবং বদলীওয়ালাদের লিষ্ট ট্রেড ইউনিয়নের কাছে দিতে হবে। আজও সে লিষ্ট আসেনি। এতগুলি ইন্ডাস্ট্রিয়াল কমিটি অন জুট হল জিজ্ঞাসা করি, তাতে যে একটা ধারা সন্নিবেশিত করা হয়েছিল যে ট্রেড ইউনিয়নকে স্বীকার করতে হবে এই যে বিশ্ব নির্দেশ তার কি হল? যেখানে একটিমাত্র ট্রেড ইউনিয়ন তার সভ্য সংখ্যা স্থায়া সেটার রেকগনিসান দিতে হবে। কিন্তু আই এন টি ইউ সি,র কোন্ ট্রেড ইউনিয়নকে কোড অব ডিসিপ্লিনএ যে ধারাগুলি সন্নিবেশিত হয়েছে তার রেকগনিসান দেওয়া হয়েছে? গভর্নমেন্ট থেকে বলা হয়েছে একটির বেশি যদি ট্রেড ইউনিয়ন থাকে তাহলে রেকগনিসান দিতে হবে সেই ইউনিয়নকে যে ইউনিয়নএর সভ্যসংখ্যা বেশি সবচেয়ে। আমি জিজ্ঞাসা করি ক্যালকাটা ট্রাম কোম্পানীকে ইউনিয়নকে রেকগনিসান দেওয়া হয়েছে কি? দেওয়া হয়নি। ছ মাস আগেও লিখেছে, এক বৎসর আগে লিখেছে। গভনসমেন্ট জানে সে কথা। কোড অব ডিসিপ্লিন সেখানে প্রয়োগ করা হোক্। সেখানে প্রয়োগ করা হয়নি। রাজ্যপাল মহোদয়া বলেছেন ইন্ডাস্ট্রিয়াল পিস মেন্টেন হয়েছে—একথা ঠিক নয়। গভর্নমেন্ট নিপীড়নের উদ্দেশ্যে বিভিন্ন আইন করেছেন, স্ট্রাইক করলে শ্রমিকরা ক্ষতিগ্রস্ত হচ্ছে তা সত্ত্বেও এই স্ট্রাইক বেড়ে যাচ্ছে। যেমন ১৯৫৩ সালে ৪,৬৬,০০০ শ্রমিক স্ট্রাইক করেছিল, ১৯৫৭ সালে ৮ লক্ষ ৮৯ হাজার শ্রমিক স্ট্রাইক করেছিল ১৯৫৮ সালে ৭ লক্ষ ৫১ হাজার ইতিমধ্যেই—মনে হচ্ছে এটা আরও বেশি হবে। আমি একটি কথা না বলে পাচ্ছি না সেটা হচ্ছে ল অ্যান্ড অর্ডার সম্বন্ধে—আমরা মুলতুবি প্রস্তাবও দিয়েছিলাম—বেঙ্গল কোল কোম্পানির কোলিয়ারিতে চিনাকুড়িতে যে দুর্ঘটনা হয় সেই দুর্ঘটনার পর

রাতারাতি কোম্পানী বহু মৃতদেহ মাটির তলায় পুতে ফেলে। যে মৃত্যু হার দেখান হয় প্রকৃত হার অনেক বেশী। পাড়ার লোক বল্লে, পুলিশ বল্লে কিন্তু বেঙ্গল কোল কোঃকে অ্যানডর ইউল অ্যান্ড কোঃকে আজ পর্যন্ত গভর্নমেন্ট কিছুই করেন নি। ইউনিয়ন বলেছে ২০৬ জন মারা গেছে, বেঙ্গল কোল কোঃ বলেছে ১৭৬ জন—কোর্ট-এর রেকর্ডেও আছে ২০৬ জন তা সত্ত্বেও বিচার হল না। এই তো ল অ্যান্ড অর্ডারের ব্যবস্থা করেছেন।

আর একটা বলি। মেটিয়াবুরুজে সম্প্রতি একটা দাঙ্গা হয়ে গেল, মামলা সাব-জুডিস সেকথা বলব না, আর নালিশ করে কি হবে, সেখানে অমুক অফিসার বিরলার তাকে কিন্তু গ্রেপ্তার করা হল না—এত লোককে ধরা হল, তার বন্দুক সীজ করা হল না, হোম মিনিস্টার কালীবাবু অসুস্থ শরীর বলে তিনি এখানে আসতে পারেন না কিন্তু তার এস পি ডিসিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে নিয়ে ধুকতে ধুকতে সেখানে গিয়েছেন, সেখানে তাঁর বিড়লার অফিসারের কি হল দেখতে। নালিশ দু পক্ষই করেছে কিন্তু বিড়লার অফিসারের বেলায় চুপ করে গেলেন। এসব কথা বলতে বাধ্য হচ্ছি যে আজকে যে কোড অব ডিসিপ্লিনএর কথা বলা হয়েছে, ইন্ডাস্ট্রিয়াল পিসএর কথা বলছেন—এ সমস্ত মিথ্যায় পর্যবসিত হচ্ছে।

[4-20—4-30 p.m.]

Sj. Jatindra Chandra Chakravorty:

পশ্চিম বাংলার প্রতি যে একটা ঘোরতর ও অন্যায় ব্যাপার অনুষ্ঠিত হচ্ছে, তা রাজ্যপালের বক্তৃতায় উল্লিখিত আছে। প্রাক্ স্বাধীনতার যুগে স্যার, আপনি জানেন, যে উত্তর প্রদেশের যা আয়তন ছিল, সে আয়তন স্বাধীনোত্তর কালে অনেক বেশী বেড়েছে। স্বাধীনতার আগে যেখানে ১,০৬,১১২ স্কোয়ার মাইল ছিল, সেখানে পুনর্গঠনের পর, স্বাধীনতার পর হয়েছে ১,১৩,৪২৩ স্কোয়ার মাইল। বোম্বাই রাজ্যের আয়তন স্বাধীনতার আগে ৭৬,৪৭৭ স্কোয়ার মাইল ছিল, স্বাধীনতার পর হয়েছে ৯০,৬৬৮ স্কোয়ার মাইল। মধ্যপ্রদেশের আয়তনও বেড়েছে। বিহার যেটুকু ছেঁটে কেটে দিয়েছিল, তাও তারা পুষিয়ে নিয়েছে উড়িষ্যার কাছ থেকে; আর বাংলাদেশ স্বাধীনতার জন্য চরম আত্মোৎসর্গ করে, যে খণ্ডিত হয়, এবং তার পূর্বের আয়তনের তুলনায় মাত্র এক-তৃতীয়াংশ পরিমাণ জমি নিয়ে বেঁচে আছে। প্রদেশ পুনর্গঠনের সময় তার প্রতি সুবিচার করবার কথা এবং সুযোগ হয়েছিল। তা থেকে তাকে বঞ্চিত রাখা হয়েছে, এবং তার উপর আবার বহু সমস্যায় ভারাক্রান্ত। বিশেষ কোরে উদ্বাস্তু সমস্যার জর্জরিত পশ্চিমবাংলার সঙ্কুচিত আয়তন রাতারাতি কলমের খোঁচায় আজ আরও সঙ্কুচিত কোরে, তার অঙ্গচ্ছেদ কোরে আজ পাকিস্তানকে প্রদান করা হচ্ছে। মুর্শিদাবাদ সীমান্ত এলাকার ১৭ মাইল দীর্ঘ এবং ১½ মাইল প্রস্থ জমি পাকিস্তানকে দেওয়া হয়েছে। আমরা দেখেছি,—আনন্দবাজার পত্রিকায় বেরিয়েছে—কেমন কোরে ৯ হাজার, ১০ হাজার মানুষের জীবনে আজকে বিপর্য্যয় ঘনিয়ে এসেছে। জলপাইগুড়ি জেলার বেরুবাড়ী ইউনিয়নের ১১ বর্গমাইল জমি পাকিস্তানকে দিয়ে দেওয়া হয়েছে। সেখান থেকে রাতারাতি দশ হাজার মানুষকে উদ্বাস্তু করা হচ্ছে। যুগান্তরের সংবাদদাতা সেখান থেকে খবর দিয়েছেন যে, কেমন কোরে আজ তারা ত্রাসে, আশঙ্কায় সেই সমস্ত জায়গা ছেড়ে চলে আসছে। এর বিরুদ্ধে প্রতিবাদের কণ্ঠ আমরা তুলেছি। সেই প্রতিবাদের কণ্ঠকে আজ স্তব্ধ কোরে দেবার জন্য যে জঘন্য চক্রান্ত চলেছে তা আপনার কাছে রাখতে চাই। কিছুদিন আগে কেন্দ্রীয় সরকারের অর্থমন্ত্রী মোরারজী দেশাই বলেছিলেন, যখন পশ্চিমবঙ্গের পক্ষ থেকে একটা মোটা টাকা ডেভেলপমেন্টের জন্য মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় তাঁর কাছে প্রার্থনা করেন তখন মোরারজী দেশাই সরাসরি সেই টাকা দেবার প্রস্তাব প্রত্যাখ্যান করেন এবং রাজভবনে মুখ্যমন্ত্রীর সঙ্গে তাঁর কথা কাটাকাটি হয় এবং হাতাহাতি হবার উপক্রমও হয়। মুখ্যমন্ত্রী কর্তৃক কেন্দ্রীয় আইনমন্ত্রী অশোক সেনকে দূত ধরা হয়েছে। তিনি জওহরলাল নেহরুর কাছে সেই টাকার জন্য তদ্বির করেছেন। কিন্তু আমরা নির্ভরযোগ্য সূত্রে জানতে পেরেছি যে মুখ্যমন্ত্রীর উপর চাপ দেওয়া হচ্ছে যে সেই টাকা দেওয়া হবে, কিন্তু তার শর্ত হল যে বেরুবাড়ীর ব্যাপারে জওহরলাল নেহরু যে বন্দোবস্ত করেছেন, যে চুক্তি করেছেন, সেই চুক্তি যেন মেনে নেওয়া হয় সর্ববাদি-সম্মতিক্রমে আমাদের এখানে। যে প্রস্তাব আমরা এ সম্বন্ধে

গ্রহণ করেছি তাকে যেন বানচাল কোরে দেওয়া হয়—এই চক্রান্ত চলেছে। তাহলে দেখছি উন্নয়নের জন্য টাকা চাওয়া হয়েছে, সেই টাকা দেওয়া হবে, কিন্তু বেরুবাড়িকে এখান থেকে পাকিস্তানকে দেবার যে চুক্তি তাকে সমর্থন করতে হবে।

তারপর একথা বার বার বলা হয়েছে যে পশ্চিম বাংলার প্রশাসনিক ব্যবস্থা—'সেট্ আপ্'—সেটা মাথাভারী; এবং এ কথাও বলা হয়েছে যে এই শাসন ব্যবস্থা দুর্নীতিপূর্ণ এবং জরাজীর্ণ। আমি তার পুনরাবৃত্তি করতে চাই না। কিন্তু একথা লক্ষণীয় যে রাজ্যের যে বৃহৎ সমস্যা তার কোন উল্লেখ কোন সময় আমরা পাই নি। এটা যে পাওয়া যায় না তা থেকে প্রমাণ হয় যে কেবলমাত্র উন্নয়ন পরিকল্পনার প্রশ্ন নয়, এবং তার ব্যয় বরাদ্দ দেখান বড় কথা নয়, কোন ধরনের যন্ত্রের দ্বারা এই পরিকল্পনাগুলি কার্যকরী করা হবে সেইটাই চিন্তা করা প্রয়োজন। অভিজ্ঞতা আমাদের এই কথা বলছে যে 'এড্‌মিনিস্ট্রেশন্'এর ত্রুটির জন্য পরিকল্পনা কার্যকরী হয় না, অথবা কার্যকরী করার পথে বাধা সৃষ্টি করে। বাজেটের প্রতি বছরের ব্যয় বরাদ্দের টাকা উদ্বৃত্ত থেকে যায়। এডমিনিস্ট্রেশন সে টাকা ব্যয় করতে সমর্থ হয় না। এ জিনিস বৎসরের পর বৎসর অডিটর জেনারেল-এর রিপোর্ট থেকে পাচ্ছি। সব চেয়ে মারাত্মক কথা ডেভেলপমেন্ট-এর খাতে কৃষি, সেচ ও খাদ্যোৎপাদনের প্রশ্নেও যে অর্থ সাহায্য কেন্দ্র থেকে পাওয়া গেছে, কেন্দ্রীয় মন্ত্রীর দপ্তর থেকে যে টাকা চেষ্টা কোরে পাওয়া গেছে, সে টাকাও ব্যয় করা যায় না। আজ গলদ কোথায়? আজ গলদ ফাইন্যান্স দপ্তরের হাতে। শুধু এই অভিযোগ সংবাদপত্রে বার বার প্রকাশিত হয়েছে। কেবল তাই নয়। উদ্বাস্তু দপ্তরেও প্রতি বৎসর আমরা দেখি এই কাণ্ড ঘটে চলেছে। প্রতি বৎসর এই কাণ্ড দেখি বীজ বিতরণ, কৃষিঋণ বিতরণ, হাসপাতাল, চিকিৎসালয় —যেগুলো 'এমার্জেন্সি মেজার'—সেই সমস্ত ক্ষেত্রেও এই গণ্ডগোল দেখা যায়। ঠিক তেমনি কোরে ফাইন্যানস্যাল বুরোক্রাসি তাও এই উন্নয়ন প্রচেষ্টাকে প্রতিরোধ কোরে দিচ্ছে। এই গুরুত্বপূর্ণ বিষয়টা—অর্থাৎ উন্নয়ন পরিকল্পনার সঙ্গে ফাইন্যানস্যাল দপ্তরের কি সম্পর্ক হবে, নূতন যুগের দায়িত্ব পালনের জন্য কিভাবে আমলাতন্ত্রকে গতিশীল করা যায়, সে চিন্তা ডাঃ বিধানচন্দ্র রায় করেন নি। তা ছাড়া 'কন্ট্রোল অব ফাইন্যান্স' সম্বন্ধে এখনও কোন নূতন চিন্তা বা নূতন প্রণালী তৈরি হয় নি, এমন কি ডাঃ রায়ও চেষ্টা করেন নি। একদিকে সরকারের অর্থ-দপ্তর ও অডিটর জেনারেল, অন্যদিকে সরকারের একজিকিউটিভ ব্রাঞ্চ-এর একজিকিউটিভ অফিসার—এই দুইয়ের মধ্যে সম্পর্ক নিয়ন্ত্রণ এবং সংশোধন দরকার সেটা ভাবা হয় নি। সেটা ভাবা হয় নি বলেই পরিকল্পনাগুলি বাধাপ্রাপ্ত হচ্ছে, এবং অচল হয়ে যাচ্ছে। আসলে মাথা-ভারী শাসন ব্যবস্থারই প্রমাণ পাওয়া যাবে—যদি আমরা দেখি—

what is the total intake of revenue for maintaining officers.

এবং সেই রেভিনিউএর কতটা অংশ 'সোস্যাল ওয়েলফেয়ার'এর খাতে ব্যয় করা হয়েছে। উচ্চ-পদস্থ এবং অন্যান্য কর্মচারীর সংখ্যা দেশ বিভাগের পর বহুগুণ বেড়ে গিয়েছে, কিন্তু ইংরাজ দয়া কোরে যে কাঠামো কোরে দিয়ে গিয়েছেন তাই দিয়েই এরা কাজ চালিয়ে আসছেন। যদিও মুখে বলা হচ্ছে যে গভর্নমেন্ট এবং রাষ্ট্র যা ছিল তার নামে মৌলিক পরিবর্তন হয়েছে। ছিল Colonial State, হয়েছে

Collectivist Welfare State,

কিন্তু আমরা জিজ্ঞাসা করতে পারি কি যে যন্ত্র কি বদলেছে? যে যন্ত্র দিয়ে কাজ করা হয় সেটা কি বদলেছে? আজ পর্যন্ত জব এ্যাসেসমেন্ট যা হয়েছে, ঐ কনটেক্সটে ঐ 'এমস'এ কি ধরনের প্রমোশন দরকার তার বিষয়ে এ পর্যন্ত পশ্চিমবঙ্গে কোন তদন্ত হয়েছে কি? অথচ আমরা জানি কেন্দ্রীয় সরকার কর্তৃক নিযুক্ত 'কম্ সে কম' মিঃ এপ্‌ল্‌বী, ও মিঃ গোরওয়ালা ঐ সম্বন্ধে রিপোর্ট দিয়েছেন, অথচ আমরা পশ্চিমবঙ্গে দেখছি সে দিকে কোন লক্ষ্য নাই। তার ফল কি হচ্ছে? একদিকে অফিসার 'সারপ্লাস' হচ্ছে, আর একদিকে দেখছি যে 'কি পজিশন'এ উপযুক্ত দক্ষ [illegible] অভাব দেখা যাচ্ছে। দুটো ঝোক দেখা যাচ্ছে,—অফিসার বাড়িয়ে যাও, এবং তার জন্য এলাউন্সএর খরচও বাড়াও।

[4-30—4-40 p.m.]

আর একটা দেখছি যে সবাই রাইটার্স বিল্ডিংসএ থাকতে চান। কি যে মধুচক্র ঐ রাইটার্স বিল্ডিংসএ আছে তা জানি না। কিছুদিন আগে বর্ধমান ডিভিসানের [illegible] পদ খালি

হয়। এটা একটা গুরুত্বপূর্ণ এবং কন্ভেনেড পোস্ট। শ্রীশম্ভু ব্যানার্জি এবং সি কে রায় ইত্যাদি এঁরা সবাই এই পোস্টটা প্রত্যাখ্যান করলেন এবং এর অনেক জুনিয়ার অফিসার মিঃ সুরিটাকে ডবল প্রোমোশান দিয়া এখানে পাঠান হল। অথচ আমরা জানি যে সি কে রায়কে নিয়ে ডাঃ রায় কয়েকদিন আগে আমেরিকায় গিয়েছিলেন। এই সি কে রায় কিছুদিন বাদে যখন রিটায়ার করবেন তখন আমেরিকান এক্সপিরিয়েন্স আছে সেই অজুহাতে তাঁকে হয়ত কয়েকটা এক্সটেনসান দিয়ে দেওয়া হবে। তিনি রাইটার্স বিল্ডিংসে ছাড়তে চান না। তিনি ঐ ফার্টিলাইজারের মধ্যে কি মধু পেয়েছেন যাঁরা ফার্টিলাইজার স্ক্যান্ডেল ব্যাপারটা জানেন তাঁরা সকলেই সেটা জানেন। এই ব্যাপারে ও'র ছেলের বিরুদ্ধে একটা কেস হবে বলে নির্ভরযোগ্য সূত্রে আমি খবর পেয়েছি। জেলার অফিসারদের মধ্যেও এই রোগ সংক্রামিত হচ্ছে। এই উদাসীনতা এবং নিষ্ক্রিয়তা এটা উপরতলার অফিসার থেকে আরম্ভ করে নীচের তলা অফিসার পর্যন্ত সংক্রামিত হয়েছে। জেলার অফিসারদের একটা করে জীপ আছে—যতদূর জীপ যায় তাতে করে তাঁরা যান এবং তারপর জেলা হেডকোয়ার্টার্স-এ তাঁরা ফিরে আসেন। এর জন্য ১০০ টাকা ড্রাইভ'রের মাইনে এবং ২৫০ টাকা পেট্রোল যে পোড়ে তার বিনিময়ে কি পাচ্ছেন জানি না। স্যার, আপনি জানেন যে মন্ত্রী-মণ্ডলী এই নিষ্ক্রিয়তা এবং ঔদাসীন্য থেকে মুক্ত নন। কিছুদিন আগে রাজ্যপালিকা মুখ্যমন্ত্রীর কাছে তিরস্কার করে একটা চিঠি দিয়েছেন সেটা সাপ্তাহিক দর্পণ কাগজে বেরিয়েছে। তাতে আমরা দেখছি যে উপলক্ষ্য হল রাষ্ট্রপতি ইন্দোনেশিয়ায় যাবার সময় দমদম বিমানঘাঁটিতে একজন মন্ত্রীরও হাজির না থাকার। রাজ্যপালিকা বলেছেন যে এটা কেবল কর্তব্যে অবহেলাই নয়, এটা রাষ্ট্রের প্রতি অমর্যাদা দেখান। অর্থাৎ যে প্রোটোকল করেছেন এটার বিরোধী কাজ তাঁরা করেছেন। তারপর স্যার, সেক্রেটারীরা যদি কোন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা করবেন বলে মন্ত্রীদের কাছে যান তাহলে মন্ত্রীদের সঙ্গে তাঁদের দেখা হওয়ার সুযোগ পাওয়া মুস্কিল। মন্ত্রীদের ঘিরে আছেন হয় তাদের ছোট ভায়েরা, না হয় কনস্টিটুয়েন্সীর লোকেরা। সেখানে দেখা গেছে বেশ গাল গল্প চলছে, চা, কফি চলছে—এর ফলে সেক্রেটারীরা খানিকক্ষণ অপেক্ষা করে তাঁরা ফিরে আসেন। স্যার, এই প্রসঙ্গে আমি একটা কথা আপনার কাছে বলতে চাই সেটা হচ্ছে আমাদের এটা সেকুলার রাষ্ট্র। আমরা দেখছি হয়ত এটা চানস কো-ইন্সিডেন্স—যে একটা প্রচ্ছন্ন সাম্প্রদায়িকতার ভাব রাইটার্স বিল্ডিংসএর মধ্যে দেখা যাচ্ছে। আমাদের মুখ্যমন্ত্রী যে সমাজভুক্ত সেই ব্রাহ্মসমাজের কিছু লোক সব কি-পজিসন নিয়ে আছেন। আমি একটা লিস্ট আপনার সামনে দিচ্ছি। প্রথমে বলি পছন্দ করেন তাঁর যে সব বিধান সেই নববিধানভুক্ত লোকেদের। তা যদি না হয় তাহলে সাধারণ ব্রাহ্ম সমাজের লোকেদের স্কোপ দেওয়া হয়। যেমন দেখুন চীফ সেক্রেটারী এস এন রায় তিনি একজন ব্রাহ্ম, এডুকেশন সেক্রেটারী ডি এম সেন যিনি মুখ্যমন্ত্রীর অত্যন্ত প্রিয়পাত্র তিনি একজন ব্রাহ্ম, অ্যাডিসনাল ফাইন্যান্স সেক্রেটারী মনীষী সেন ছিলেন, তাঁকে সেক্রেটারী করবার বোধ হয় ইচ্ছা ছিল কিন্তু দুর্ভাগ্যবশতঃ কেন্দ্রীয় সরকার তাঁকে নিয়ে চলে গেলেন, আই জি হীরেন সরকার তিনি একজন ব্রাহ্ম, ভাইস চ্যান্সেলারকে গভর্নমেন্ট অ্যাপ্রুভ করেন শ্রী এস কে সিদ্ধান্ত তিনি একজন ব্রাহ্ম, অ্যাডমিনিস্ট্রেটর সেক্রেটারী বোর্ড অব এডুকেসন ডাঃ শিশির মিত্র, তিনিও একজন ব্রাহ্ম, দুর্গাপুর স্টীল প্ল্যান্টের জেনারেল ম্যানেজার ডেপুটেড বাই দি গভর্নমেন্ট অব ওয়েস্ট বেঙ্গল কে কে সেন, তিনি একজন ব্রাহ্ম, চীফ ইলেকসন অফিসার, গভর্নমেন্ট অব ওয়েস্ট বেঙ্গল এ কে নিয়োগী তিনি একজন ব্রাহ্ম—জানি না স্যার এটা চানস কো-ইন্সিডেন্স কি না। মুখ্যমন্ত্রী ভেবে দেখুন প্রচ্ছন্নভাবে এটা সমাজের কথা কি না, সমাজবাদ বোধ হয়। শেষে আর একটা কথা বলবো সেটা হচ্ছে যে প্রশাসনিক দপ্তরে ঊর্ধতন মহলে ক্ষমতার দ্বন্দ্ব, অফিসারে অফিসারে রেষারেষি এবং চক্রান্তের কথা আজ প্রকাশিত হয়ে পড়েছে। একমাত্র বোটানিক্যাল গার্ডেনস-এর ব্যাপারে [illegible] মামলার চক্রান্তের চেহারা যেভাবে প্রকাশ পেয়েছে তাতে যে কোন সুস্থ বুদ্ধি সম্পন্ন লোক আশঙ্কিত হয়ে উঠবেন বোধ হয় ডাঃ রায় ছাড়া, লাইক অ্যান ওল্ড ম্যান। তাঁর চোখের সামনে দেখা গেল গুরুত্বপূর্ণ একটা গোপন দলিল সংবাদপত্রে হুবহু প্রকাশিত হয়ে গেছে। অতএব পরিষ্কার বুঝা গেল রাইটার্স বিল্ডিংসএর ঐ তদন্তকারী অফিসারেরা মহীউদ্দিনের মামলাটি সংবাদপত্রে ফাঁস করে দিলেন। এই ফাঁস করার ব্যাপারে একটা অভিসন্ধি ছিল, সেই অভিসন্ধি হচ্ছে কয়েকজন বড় বড় অফিসারকে জনসাধারণের সামনে অভিযুক্ত করে দেয়া। তারপর আরো দেখা গেল সেই রিপোর্টে যে অভিযুক্ত ব্যক্তিরা পাল্টা দলবদ্ধ হয়ে তদন্তকারী অফিসারদের বিরুদ্ধে চক্রান্ত এবং অভিযোগ তুলতে আরম্ভ করলেন সেসব কথা সংবাদপত্রে বেরিয়েছে অর্থাৎ কোন পক্ষ কতখানি দোষী

আমরা জানি না সেটা ঠিক, কিন্তু একথা স্পষ্ট যে পুলিশের সর্বোচ্চ কর্তৃপক্ষ এবং রাইটার্স বিল্ডিংসএর জয়েন্ট সেক্রেটারী, সেক্রেটারী মহলে পর্যন্ত একটা গভীর ক্লিক ও ষড়যন্ত্রের আড্ডা তৈরি হয়েছে এবং মুখ্যমন্ত্রীর নাকের উপর হাইয়ার অফিসাররা পরস্পরের বিরুদ্ধে ক্লিক এবং চক্রান্ত করবার দুঃসাহস দেখাচ্ছে। বাংলাদেশের কোন লোক আজকে জানে না যে আই জির সঙ্গে চীফ সেক্রেটারী বনিবনা নেই? পুলিশ কমিশনার এনফোর্সমেন্টের ব্রাঞ্চের বিরুদ্ধে খড়্গহস্ত। এনফোর্সমেন্ট ব্রাঞ্চ সুযোগ পেলেই রাইটার্স বিল্ডিংসএর চীফ সেক্রেটারীর স্নেহ পুষ্ট অফিসারদের গায়ে কাদা ছেটান এবং কে না জানে রাইটার্স বিল্ডিংসএর ক্লিক সুবিধা পেলেই এনফোর্সমেন্ট ব্রাঞ্চের ডেপুটী কমিশনারকে খতম করে ছাড়বে। স্যার, আমি নাম উল্লেখ করাটা শোভন মনে করি না দু'একটা ক্ষেত্রে ছাড়া কিন্তু একথা ভাববার সময় এসেছে যে কোন্ সেক্রেটারীর সঙ্গে চীফ সেক্রেটারীর বনিবনা আছে বা নেই সে সংবাদ আজ গোপন নেই। কোন কোন সেক্রেটারী সৎ এবং দক্ষ হওয়া সত্ত্বেও কলকে পেলেন না যদিও আমরা জানি তাঁদের সাহায্য এবং পরামর্শ ছাড়া কোন কাজ সম্পন্ন হয় না। এটা আমরা জানি উন্নয়ন দপ্তরের সঙ্গে জেলায় জেলায় ম্যাজিস্ট্রেট মহলে রেষারেষি আছে অর্থাৎ রাইটার্স বিল্ডিংস একদিকে এবং অন্যদিকে রাজভবনের উন্নয়ন দপ্তর—এদের মধ্যে আজ ৬-৭ বছর ধরে কোন সদ্ভাব সৃষ্টি করা গেল না। এস কে দের আমল থেকে সেটা দুটো তরফ হয়েছিল—বড় হিস্সা, আর ছোট হিস্সা—তাদের মধ্যে ক্ষমতার লড়াই যে আরম্ভ হয়েছিল সেটা আজও পর্যন্ত দূর হোল না শ্রীহিরণ্ময় ব্যানার্জির চেষ্টা সত্ত্বেও এবং তার ফলে আমরা দেখছি যে প্রত্যেকটা পরিকল্পনা আজকে বাধাগ্রস্ত হচ্ছে, প্রত্যেকটা উন্নয়নকার্য আজকে শ্লথ গতিতে চলেছে এবং আমরা দেখছি যে সেক্রেটারীরা নিজেদের দক্ষতা থেকে এই ক্লিকের খাতায় নাম লেখায়, সেই ক্লিকের মধ্যে এসে জোট বাঁধে, তাঁরা সেটাকে মনে করে পদোন্নতির পক্ষে সেটা সব থেকে বেশী প্রয়োজন। কিছুদিন পূর্বে অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারীদের প্যানেল তৈরি করবার ক্ষেত্রে আমি জানি জঘন্যতম ব্যাপার হয়েছে, দেখা গেছে যে ঐ চীফ সেক্রেটারী এবং তিনি যার সাথে জড়িত, সেই হোম ডিপার্টমেন্টের লোকেরা কেবলমাত্র ঐ অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারীর যে প্যানেল সেই প্যানেলের জন্য নির্বাচিত হয়েছেন। শুধু তাই নয় আমি জানি বহুদিনের অভিজ্ঞ শ্রম দপ্তরের একজন কর্মচারী যাঁর অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারীর পোস্ট পাওয়া উচিত ছিল তাঁর প্রতি অত্যন্ত অবিচার করা হয়েছে। ঊর্ধ্বতন পর্যায়ে আজ এই ডিকেডেন্স যদি দ্রুত গতিতে চলতে থাকে এবং মন্ত্রীরা যদি দলীয় রাজনৈতিক চক্রান্ত এর সাথে যুক্ত করেন তাহলে এই দুই চক্রান্তে পড়ে উন্নয়ন বা পরিকল্পনার যে মূল্য সে মূল্য মানুষের পক্ষে পাওয়া সম্ভব হবে না। এবং সেজন্য এইসমস্ত যে ডিকেডেন্স এই খবর, এই যে দলাদলি এই উপদলির চক্রান্তের খবর যেটা অ্যাডমিনিস্ট্রেটিভ সেট আপএর মধ্যে বাসা বেঁধেছে—আজকে মাননীয় রাজ্যপালিকার অভিভাষণের মধ্যে তার কোন উল্লেখ না থাকার জন্য এই যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে সেটা আমি সমর্থন করতে পারলাম না।

Sj. Sisir Kumar Das: Mr. Speaker, Sir, in speaking on the address delivered by the Governor of West Bengal, I beg to point out certain things before this House. Of late, Pandit Jawaharlal Nehru has become a Socialist, and he is preaching for the last few months that it is now high time that small schemes of irrigation, small schemes of agriculture, should be given preference. Now, why is it that Pandit Jawaharlal Nehru, a supporter of very great things, big dams, big schemes, all on a sudden has become supporter of small schemes, small irrigation schemes, shall agricultural schemes, we have got to analyse that. The reason is not far to seek. He has got no funds. The Government of India has gone insolvent. The policy is to issue notes to the tune of one thousand crores of rupees for the next Five-Year Plan. Though he has been made wise by various economists including Mr. Gorwalla and others, Congress Economists, that there should not be deficit financing to that extent, he is still going on merrily. Let him go on, we cannot help it.

We, sitting in this Assembly, cannot stop it. Even then he is not getting sufficient money.

Some money has been turned over to this province, money to the extent of 3 crores of rupees, for small irrigation schemes and small drainage

schemes. You know on the 15th September last there was a heavy flood in almost all the parts of West Bengal, specially in 24-Parganas and Midnapur, and due to that heavy flood the crop which could be grown did not grow, and vast areas of land were flooded. Telegrams were sent to our Irrigation Minister, Sri Ajoy Mukherji. Various plans were submitted to him from Midnapur district and other places so that small irrigation and drainage schemes may be included in the next year's budget, that is, in the coming budget. Sj. Ajoy Mukherji went to Midnapur and Contai. He had a discussion with the people there and with the M.L.As; but what was the conclusion? The conclusion was, "we have not sufficient money to undertake any drainage work to that extent or even to a minor extent.". Therefore, all this talk of schemes for agriculture, schemes for drainage and irrigation, they are all moonshine. Sj. Ajoy Mukherjee was not here so long; he has come back. He would confirm me that he has confessed that there is no money for the small drainage schemes. That is how the socialistic pattern of society is being developed.

Next, if you look to the food policy of our Food Minister, in paragraph 5, seven items have been summarised as laying down the policy of the Government regarding food.

[4-40—4-50 p.m.]

But, Mr. Speaker, Sir, you will nowhere find any policy regarding distribution of food. No policy is laid down as to how the food is to be distributed. The procurement is there. The procurement policy is there as to how it is to be procured, how from Orissa it is to be procured, but how the food is to be distributed, there is no scheme about that. Why is this? It is deliberate, I tell you, because the food that they will be able to procure through the agency of the Orissa Government is not sufficient to feed the whole of Bengal. Sir, I come from a village constituency and I know the acute distress that prevails in the villages. In the villages the price level is much higher than what it prevails in Calcutta. There in open markets paddy is being sold at Rs. 13 and rice is being sold at Rs. 25 much above the price indicated by the Food Minister. Now has the price level come down since the policy was declared by the Food Minister? I come to the Bar Library. The Barristers who seem to be affluent ask me always this question: Das, what are you doing about the food policy? We do not get rice. We have to purchase rice in the black market at Rs. 28 or Rs. 30 a maund. What are you doing? I would ask the Food Minister "what are they doing?" I would ask this question to the Food Minister through you. Mr. Speaker, Sir, I am engaged in talking here and he is talking here. Anyway the Food Minister is not here. Nobody would listen to me now, but time would come when you have got to listen to our voice. The whole point is that in the villages there is no food now. What is the policy that Government is going to pursue. Are they going to open ration shops? Are they going to open shops for the free sale of rice and paddy? Why should not they do it? I can tell you that Government would not do it, because they cannot do it. And why can't they do it and why they would not do it I have analysed the reason. The Congress Government does not care for the villages. Why don't they care for the villages? Because they know very well that the town of Calcutta and the industrial area must be fed at a low price even at the cost of the villagers, because the people of Calcutta know how to surround the Writers' Buildings or to go on march to the Legislative Assembly. They know how to defeat the Congress candidates in every election. Therefore, they must be fed even at the cost of the villagers. Secondly, the people of the villages may remain half-fed, because who will lead the hunger march, who will come to Calcutta from the District of Midnapore or from the outskirts of 24-Parganas, who will come on a

hunger march? Thirdly, the Congress Government have opened some relief shops and the Congress members will go there and will say "look here, the Congress Government has done this; we have opened relief shops. You give us votes in the next election. Then there is the money of the Birlas and Tatas to give some grants to village pathsalas or to a village library and to get the votes of the majority of the persons. They know this very well. There are also Muhammadan voters and, Mr. Speaker, Sir, it is not, therefore, very difficult for them to obtain the majority in a village constituency. Therefore they are pursuing this policy of half-feeding the agricultural people of West Bengal, but may I tell them that their time is drawing nigh. People will rise in revolution if they go on like this. They are pursuing this policy not one year, two years but they are continuing this year after year. Last year they didn't give sufficient food at least at controlled price to the villagers. This year also they have done the same.

Sir, about the land reforms, I am glad that the Revenue Minister has come today, I may only say that their action baffles me. It is a policy of indecision, a policy of not taking any firm policy. It has simply bewildered me. Sir, the Bargadar Act is there and the Estates Acquisition Act is there but, Sir, what is the result? They have taken the lands from the zemindars and jotedars but they have up to now not taken any firm policy. They have passed a resolution in Nagpur for fixing ceiling, about co-operative and about vesting the extra land in others. But, Sir, only 25 acres are to be retained by jotedars. What are they going to do with the middle class zemindars? If you do not take any firm action there will be chaos in the countryside. On 12th December last you had a meeting in Writer's Buildings—I have the proceedings with me—and what happened—you have tempted the bargadars by asking them to pay Rs. 10 per acre and take away the whole paddy. You do not do anything for jotedars. The obliging tehsildars take some money and give rent receipts to the bargadars and do the bargadars get right over the land? Of course they get the whole produce. Sir, under similar circumstances in Sunderbans those who are cultivating the land are now moving from village to village in search of recovering the benami land. What has Bimal Babu done? All that he has done is that he has started cases under section 144 of the Cr. P. C. *suo motu* followed up by proceedings under section 145 attaching produce and taking consequential steps. Sir, this is a short view of the picture.

[4-50—5 p m.]

Sir, political parties are taking advantage of the situation. Mr. Speaker, Sir, I could tell you that it is not the Congress which is taking advantage of the situation. It is another party which is taking advantage of the situation. (A voice from the Congress benches: What is that party?) You know that very well. But due to this unsettled situation in the country, if you let loose forces of disorder in the villages, ultimately you will come to sorrow. Sir, I would ask the Hon'ble Minister that he must decide once for all in the course of this year or next year what he is going to do with regard to the land problem—whether the land will be given to the bargadars or whether the land will be given to persons who have not enough lands to cultivate? What will be the real position of the jotedars? All these things he must decide and he must bring a comprehensive piece of legislation, otherwise I can tell you that disorder will prevail because of this policy of indecision. Many persons have been killed in the Sundarbans—that is my information. Government should adopt a firm policy. If they want to make a gift of land to bargardars, let them do it by all means, but let them do it at once so that chaos may be stopped, disorder may be stopped.

Further, Sir, I should point out that Government will never pay compensation to the jotedars and zemindars, but this policy of dangling something before their noses

পারিবে বৎস পারিবে,
তপ্ত তাওয়ায় নাড়িয়া নাড়িয়া
ভাজিয়া ভাজিয়া খাইবে,

this policy of indecision, this policy of untruth will not avail them in the long run. First, they said that after three years, they will pay compensation, but they did not do it. Then they said after one year more they will do it. For another year they deferred payment of compensation. Now, they have got an amendment by which they want to say that after another three years more they will pay compensation. I can tell Bimal Babu that he will never pay compensation. The motto of the Congress is 'সত্যমেব জয়তে' I would ask you to add one expression more 'চৌর্যমেব জয়তে' because you have robbed the people of their right of getting compensation. As you have robbed, as you have sowed, so you will reap. The advantage will be taken not by the Congress but by other parties. Sir, you know that.

Sj. Bankim Chandra Kar: Sir, I rise to support the motion tabled by Sj. Bimalananda Tarkatirtha. Sir, in my humble opinion, Her Excellency has given broadly a true picture of the policies and the problems of the State. She has not gone into details. For that, I am sorry to say, uncharitable remarks and unseemly observations have been made by certain members.

Sir, first of all, this speech has been characterised as a school-boy's or school-girl's essay. I am sure that this observation is contrary to all existing facts. If my friends had looked around, they would have found that in every sphere of life India and all the States are marching ahead. If anyone says that the condition of the State has been all along stagnant and has even deteriorated since after the attainment of independence, that would not be telling the truth. It has been said further that Her Excellency has been suffering from optical illusion. I do not know who is suffering from what. Suffering there is and that is from jaundiced eyes. My friends must be suffering from jaundiced eyes because wherever they see, everything looks yellow to them. So these strong words that my friends have used, these unseemly observations, these uncharitable remarks would break no bones. It is a fact that many more things could have been done, as we expected. We could not achieve our aims, but to say that nothing has been done is a perversion of truth. What has been done and what is being done are simply means to an end which is certainly far off. We must be ready to sacrifice; we must be ready to suffer for our next generation. When the aims are fulfilled and our achievements completed, I am sure, the next generation will enjoy the fruits.

I have listened with care and attention to the debate and discussion on Her Excellency's speech. (Sj. Sisir Kumar Das: You were not present.) I was not present but I read the papers. Thank you very much. On both sides of the House members have been very keen about the supply of food and about unemployment. Certainly these are the two most important points which are before us. I would like to say a few words about them, but before doing so, there is one matter which strikes me. It has been said, by comparison with China and Russia, that we have not gained so much

benefit as they have done. Analogy has been drawn, but the honourable members know that the people there, the Government there and the policy there are quite different from what are existing in this State or in India. There, nobody can oppose any State policy; he is compelled and forced to obey it. Whereas, here, the State policy is ruthlessly opposed and openly challenged in the name of democracy and on the strength of the Constitutional rights, by political parties. So no comparison can be drawn in this light.

I would now like to say a few words about unemployment which is eating away the vitals of the people of West Bengal. Thousands and thousands of our boys are coming out of the Universities every year adding to the number of the unemployed. It has been suggested by certain honourable members that the gates of the Universities should be closed to them. I would say that that would mean only disaster.

It has been further suggested that the boys should be given mechanical training. I am sure these thousands and thousands of boys of our State will not certainly all get employment in one big industry which has been started or in one or two others which may be started in future. We cannot accommodate them even in cottage industries. This is problem, which has never been solved. Last year I remember, I said, that the elders of the State should meet together, form a committee and try to find out ways and means as to how this unemployment problem can be solved.

[5—5-25 p.m.]

I confess I thought over the matter. I discussed with by friends but I could not come to any conclusion. Furthermore, Sir, the other day we heard that birth rate has been increasing and death rate is reducing. That means more population, and necessarily more unemployment in future. I do not understand how this most important problem can be solved. I would request my friends at least to think out and place before the House what is the solution of this.

Next, I shall say a few words about the scarcity of food. Sir, I would like to give my own views in the matter. Sir, I do not care whether a few lakh tons of food, I mean rice or paddy, is grown this year less than in the years past because we can get the supply from other surplus States inside India by importing the same. But the most important thing which strikes me today is the scarcity of supply. Peculiarly enough, just on the 1st January, 1959, when the Price Control Order was given effect to, we found, to our utter dismay that not a particle of rice could be had in the retail shops, not even in the wholesalers shops. You know, Sir, that Ramkrishnapur Char Ghat is one of the oldest and biggest rice markets in West Bengal. From that place practically half of Calcutta and Howrah and other places are fed. Two lakh maunds of rice normally used to be kept there daily. Forty to fifty thousand maunds of rice used to be imported there by river, by lorries and by trains every day. Now you go there and you would not find a single particle. I questioned the merchants there. The position is this. The retail shop-keepers say that they are not getting rice from the wholesalers, the wholesalers say that they are not getting rice from the millers and the mill-owners say that the jotedars and the cultivators are not selling paddy to them. So the paddy must have been hoarded somewhere. Sir, without wasting your time any longer, I would at once suggest to Government through you to immediately take serious action in the matter. Unless Government take immediate measures, we may fall into greater difficulties in future and the whole position will be completely out of control. I suggest in my humble way that let Anti-hoarding

Ordinance be promulgated immediately and I am sure if the officers are honest, with the help of this Anti-hoarding Ordinance, paddy which has been secreted by the cultivators and jotedars will be released and thrown into the market. I would request Government to give due consideration to this matter.

Lastly, Sir, I have got a few more words to say. It has been criticised in the House, as Her Excellency said that new life was pulsating in towns and villages. Let us take the case of developments in various spheres of life. I agree Sir, that new life is yet to be felt but there is absolutely no doubt that it is pulsating in towns and villages. Sir, let us take the question of electricity. The other day I read in the papers that the target under the Plan was that 850 miles would be covered.

What we find is that 335 miles out of that have already been covered.

Regarding road, Sir, the physical target of metal road is 2,390 miles. Out of that 1,223 miles have been constructed and out of 500 miles of village roads 200 miles have been completed.

Then, Sir, regarding housing, under the Model Village Scheme, the idea was to construct 32,000 houses with the people themselves participating in the Scheme. It is claimed that 15,000 houses have been built and 2,000 more are under construction. If we go to villages we see in every village, there is a health centre. So, if we consider all these things and other matters of development, I would certainly say, Sir, progress is being made even in the remote villlages. Therefore, Her Excellency's observation, namely that life is pulsating in towns and villages is absolutely correct and true. It is certainly true also that we expected more to be done but it could not be done due to certain adverse circumstances and other factors over which Government had no control.

With these words, Sir, I associate myself with the motion of thanks that has been moved by Sj. Tarkatirtha.

[At this stage the House was adjourned for 15 minutes.]

[After adjournment.]

[5-25—5-30 p.m.]

Sj. Satyendra Narayan Mazumdar:

মাননীয় স্পীকার মহাশয়, রাজ্যপালের বক্তৃতায় শিক্ষার সম্বন্ধে বলা হয়েছে যে, স্টেডি প্রগ্রেস হচ্ছে—নিরবচ্ছিন্ন অগ্রগতি হচ্ছে। কিন্তু আমি দুঃখের সহিত বলতে বাধ্য হচ্ছি, যে ছবি দেওয়া হয়েছে সেটা বাস্তব নয়, তাতে বিভ্রান্তিরই সৃষ্টি করা হয়েছে। আমি জানি একথা শুনে আমাদের কংগ্রেসপক্ষের বন্ধুরা বলবেন যে, বিরোধী পক্ষের সদস্যদের কাজই হ'ল এই-রকম নেতিমূলক সমালোচনা করা। আমি গত দুই বছরের শিক্ষাখাতে আলোচনার সময় কংগ্রেসপক্ষীয় বন্ধুরা যে যুক্তি দিয়েছেন, তার কতকগুলি বক্তৃতা ভাল ক'রে পড়ে দেখলাম —তাতে সাধারণত যে যুক্তি দেওয়া হয়েছে তা হচ্ছে শিক্ষার খাতে টাকা বেড়েছে, ছাত্র বেড়েছে, স্কুলের সংখ্যা বেড়েছে। রাজ্যপালও তাঁর ভাষণে বলেছেন, স্কুলের সংখ্যা বেড়েছে; কিন্তু প্রগতি কি মাপব টাকার সংখ্যা, ছাত্রের সংখ্যা ও স্কুলের সংখ্যা দিয়ে? আমি আজ এখানে বিশেষ শিক্ষাসংক্রান্ত ব্যাপার একটা একটা ক'রে দেখাচ্ছি।

প্রাথমিক শিক্ষার ব্যাপারে রাজ্যপালের ভাষণে বলা হয়েছে—সংবিধানে ডিরেক্টিভ প্রিন্সিপল যাই থাকুক না কেন—প্ল্যানিং কমিশন বলে দিয়েছেন—৫ থেকে ১১ বৎসর পর্যন্ত বয়সের ছেলেদের বাধ্যতামূলক অবৈতনিক প্রাথমিক শিক্ষা ১৯৬৫-৬৬ সালের মধ্যে প্রবর্তন করতে হবে। সেইটেই কি তাঁরাও সমর্থন করেন এবং তাই করা হবে? সংবিধানের যে ডাইরেক্টিভ প্রিন্সিপলসএর কথা এ সম্বন্ধে শিক্ষামন্ত্রী একবার মত প্রকাশ করেছিলেন—সংবিধানের এই মন্তব্য অবাস্তব অলীক।

[5-30—5-40 p.m.]

সেখান থেকেই আমি শুরু করছি। জাতি ও দেশ পুনর্গঠনে প্রাথমিক শিক্ষার ভূমিকার কথা সকলেই স্বীকার করেন। সত্যি সত্যি প্রাথমিক শিক্ষার যে কি গুরুত্ব সেই কথা ব'লে আমি শুরু করছি। এখানে একটা কথা আমি বলতে চাই যে, সরকারপক্ষের লোকেরা মন্ত্রী-মহাশয়রা আমাদের কথায় বিশেষ গুরুত্ব দেন না, বরং তাঁরা সাহেবদের কথায় বেশি গুরুত্ব দেন ব'লে আমি তাঁদেরই একজনের মত বলছি। তাঁর নাম সার জন সার্জেন্ট। তিনি কলকাতা বিশ্ববিদ্যালয়ের শতবার্ষিক উৎসব উপলক্ষে একটা আর্টিকেল লিখেছিলেন এবং তাতে তিনি বলেছেন—

"Stressed the importance of basing any new educational system on a secure foundation by bringing all the children into school at the earliest possible date and provide ample opportunities for the abler ones to proceed to the higher stages." সেই আর্টিকেলে তিনি আবার বলেছেন "Brains were available in the great untapped reservoir of the illiterate population which could easily remedy this deficiency if efficient education at the lower stages could only be provided within a reasonable time."

একথা তিনি বলেছেন এবং আরও অনেকে বলেন যে, শিক্ষাব্যবস্থা নতুন ক'রে গ'ড়ে তুলতে গেলে প্রাথমিক শিক্ষা থেকে শুরু করা দরকার। আজ আমাদের জাতীয় কর্তব্যে, দেশের, শিল্পোন্নয়নে, উন্নত কৃষিব্যবস্থা প্রবর্তনে জনসাধারণের সৃজনীশক্তিকে যদি কাজ করার পূর্ণ সুযোগ দিতে হয়, তা হ'লে প্রাথমিক শিক্ষার উপর যে গুরুত্ব দেওয়া দরকার এ বিষয়ে কোন দ্বিমত থাকতে পারে না। কিন্তু এ সম্বন্ধে সরকার কি করছেন? সংবিধানের যে ডাইরেক্টিভ প্রিন্সিপল ছিল, সেই ডাইরেক্টিভ প্রিন্সিপলকে তাঁরা কাটছাট ক'রে নিলেন কি অজুহাতে? না, টাকা কম। শিক্ষাকে যদি যথার্থ গুরুত্ব দিতে হয় তা হ'লে টাকার অজুহাত বড় হ'তে পারে না। দুর্ভাগ্যক্রমে দুজন লোক যারা শিক্ষাজগতে মাননীয় শিক্ষামন্ত্রীর চেয়ে অনেক বেশি সম্মানভাজন তাঁরা সম্প্রতি মত প্রকাশ করেছেন যে, সংবিধানের ডাইরেক্টিভ প্রিন্সিপল কাজে পরিণত করা সম্ভব। এঁদের মধ্যে একজন হচ্ছে ডক্টর রাধাকৃষ্ণণ এবং অপরজন ডক্টর জাকির হোসেন। কিন্তু আমাদের সরকার এ বিষয়ে একমত নন। দ্বিতীয় কথা হ'ল, যে নীতি এখানে নিয়েছেন তাতে প্ল্যানিং কমিশন করেছেন ৬ থেকে ১১ বছর পর্যন্ত প্রাথমিক শিক্ষা দেওয়া হবে। শিক্ষাগত হিসাবে এটা ত্রুটিপূর্ণ, কারণ সমস্ত শিক্ষাবিদ এবং শিক্ষা কমিশন বলেছেন যে, এটা হবে খানিকটা ট্রানকেটেড শিক্ষা। অর্থাৎ আমাদের দেশের জনগণকে যদি শিক্ষা দিতে হয় তা হ'লে সেটা ৬ থেকে ১৪ বছর পর্যন্ত হওয়া উচিত। বেশির ভাগ লোকের পক্ষে এর বেশি শিক্ষা পাওয়া আমাদের দেশে সম্ভব হবে না। সেজন্য শিক্ষা যদি পরিপূর্ণ করতে হয় তা হ'লে ৬ থেকে ১৪ বছর পর্যন্ত শিক্ষা দেওয়া হোক একথা সমস্ত শিক্ষা কমিশনই বলেছেন। আমাদের সরকার যাঁদের কথায় ৬ থেকে ১১ বছর পর্যন্ত শিক্ষা দেবার কথা বলছেন সেটা আসলে শিক্ষাগত দিক থেকে ভুল এবং বিভ্রান্তিকর।

তারপর প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে আর একটা কথা সবাই বলেন, সমস্ত শিক্ষাবিদরা বলেন এবং এমনকি প্ল্যানিং কমিশন যে সার্ভে করেছিলেন তাতে তাঁরা বলেছেন যে, সেখানে অনেক বেশি অপচয় হয়। অর্থাৎ যেসমস্ত ছাত্রছাত্রী প্রথম শ্রেণীতে ভর্তি হয় তাদের শতকরা ৬০ ভাগ চতুর্থ শ্রেণী পর্যন্ত গিয়ে পৌঁছায় না। এই অপচয়ের প্রধান কারণ যে, শিক্ষাব্যবস্থার মধ্যেই গলদ রয়েছে। ১৯৫৭ সালের বাজেট অধিবেশনের প্রসিডিংসএর পাতায় দেখলাম যে, ডাঃ ঘোষ যেকথা বলেছিলেন তার জবাব দিতে গিয়ে আমাদের মুখ্যমন্ত্রী বলেছিলেন যে, এই ওয়েস্টেজ যে হয় তার নানা কারণ আছে। যেমন যেসমস্ত ছাত্র-ছাত্রী চতুর্থ শ্রেণী পর্যন্ত পৌঁছাতে পারে না, তারা ইকনমিক্যালি আনফিট, ফিজিক্যালি আনফিট এবং মেন্টালি আনফিট। জনসাধারণ সম্বন্ধে এই দৃষ্টিভঙ্গি যে তারা মেন্টালি আনফিট এটাই হচ্ছে মূল কথা এবং এটাই সরকারী শিক্ষানীতির মধ্যে রয়েছে। ওয়েস্টেজ কি, ওয়েস্টেজ আসলে কেন হচ্ছে, এগুলি বোঝার চেষ্টা তিনি করেন নি, তাঁর দপ্তর করেন নি অথচ শিক্ষাব্যবস্থা দেশে পরিচালনা ক'রে যাচ্ছেন। রাজ্যপালিকা তাঁর ভাষণের মধ্যে হিসাব দিচ্ছেন যে, ২৫ হাজার প্রাথমিক শিক্ষার

স্কুল হয়েছে এবং ছাত্রছাত্রী ভর্তি হয়েছে ২৩ লক্ষ কিন্তু বাস্তব চিত্র যদি দিতে হয় তা হ'লে সঙ্গে সঙ্গে দেখা উচিত ছিল যে, এতগুলি ছাত্রছাত্রী কতদূর পর্যন্ত গিয়ে পৌঁছেচে। সেই হিসাবটা যদি না দেন তা হ'লে বাধ্য হয়ে বলব যে, আপনারা বিভ্রান্তির সৃষ্টি করছেন, বাস্তব চিত্র আপনারা দেন নি। তারপর প্রাথমিক শিক্ষা সম্বন্ধে আমাদের রাজ্যসরকারের কি মনোভাব তার একটা দৃষ্টান্ত দিচ্ছি। সম্প্রতি প্রাথমিক শিক্ষা সম্বন্ধে একটা সার্ভে হয়েছে, সমস্ত রাজ্যেই হয়েছে, পশ্চিমবঙ্গেও হয়েছে। সার্ভে শেষ হয়ে গেছে কিন্তু সেই সার্ভের কোন রিপোর্ট আজকে পর্যন্ত তাঁরা জনসাধারণকে দেন নি, এমনকি কেন্দ্রীয় সরকারকে পর্যন্ত দেন নি। এখানে শিক্ষামন্ত্রী নেই, তবুও আমি একটা চিঠি পড়ে দিচ্ছি। গার্জিয়ানস অ্যাসোসিয়েশন এখানে একটা আছে—তাঁরা চিঠি লিখেছিলেন—তার জবাব দিচ্ছেন অফিসার অন স্পেশাল ডিউটি, কেন্দ্রীয় মন্ত্রণালয়

No. F.3-1/57-B6(8).—New Delhi, 12th December, 1958, Sir, with reference to your letter dated the 3rd December, 1958 addressed to Dr. K. L. Srimali I am directed to state that so far the Government of West Bengal has not collaborated in the educational survey carried out by the Ministry of Education and no copy of the survey report said to have been completed by them long ago has been received in this Ministry, and as such it is regretted that your request for the supply of a copy of the same can not be granted.

ঐ গার্জিয়ান অ্যাসোসিয়েশনের সেক্রেটারিকে লেখা এখানকার শিক্ষাদপ্তরের একজনের চিঠি আছে, সময় সংক্ষেপের জন্য আমি তা পড়ছি না, তাতে তাঁরা স্বীকার করছেন যে, সার্ভে করা হয়েছিল কিন্তু সেই রিপোর্ট সরকারের ব্যবহারের জন্য, সেটা দেওয়া যেতে পারে না এবং সেই যে সার্ভে করেছিলেন তাতে কলকাতা সম্বন্ধে কোন সার্ভে করা হয় নি এবং কলকাতা কর্পোরেশনের শিক্ষা অফিসারকেও কিছু জিজ্ঞাসা করা হয় নি। কাজেই কি সার্ভে করা হয়েছে তা বুঝতেই পারছেন, রাইটার্স বিল্ডিংসএ ব'সে বোধ হয় সার্ভে করা হয়েছে। আজ প্রাথমিক শিক্ষার অবস্থা কি—প্রাথমিক শিক্ষায় ছাত্রছাত্রীর সংখ্যা বেড়ে যাচ্ছে, স্কুলের সংখ্যা বেড়ে যাচ্ছে, টাকার পরিমাণ বেড়ে যাচ্ছে এসব কেবল বললেই হয় না। শিক্ষা কি দিচ্ছেন? প্রাথমিক শিক্ষার অবস্থা পশ্চিমবঙ্গে সম্পূর্ণ বিশৃঙ্খল থাকে ব'লে কমপ্লিট কনফিউসন, কমপ্লিট কেওস। তার কারণগুলি এখানে বার বার ক'রে বলা হয়েছে যে, বিভিন্ন ধরনের যে স্কুল আছে তার কোনটার মধ্যে শিক্ষার মান বলুন, পাঠক্রম বলুন, টেক্সট বুক বলুন, শিক্ষকদের অবস্থা বলুন কোন মিল নেই। কলিকাতার পর্যন্ত এক স্কুল থেকে আর এক স্কুলে ভর্তি হওয়া সম্ভব নয়, কারণ সেখানে পাঠক্রমের কোন মিল নেই, বিষয়বস্তুর মিল নেই, মানের মিল নেই, শিক্ষকদের মধ্যেও সেখানে তারতম্য করা হয়েছে, বেসিক ও নন-বেসিক স্কুলের মধ্যেও তারতম্য আছে। পৌরসভা এলাকায় যেসব স্কুল আছে সেসব স্কুলের অবস্থা দুর্দশাগ্রস্ত—এর কোন প্রতিকার হয় নি। প্রাথমিক শিক্ষার দুটো আইন আছে একটা ১৯১৯ সালের, আর একটা ১৯৩০ সালের সেই আইন আজও পর্যন্ত চলেছে। তার সংশোধন হয়েছে ঠিকই, সংশোধন হয় নি তা বলছি না, কিন্তু আজকের যুগে প্রাথমিক শিক্ষার গুরুত্বের উপর সকলেই বেশি জোর দিচ্ছেন—বিভিন্ন কমিশন ব'লে গেছেন যে, প্রাথমিক শিক্ষা এমনভাবে গড়ে ওঠা উচিত সেটা আট বছরের হবে, একটা অর্গানিক কন্টিনিউয়িটি থাকা দরকার যাতে কমপ্লিট ইন দেমসেলভ্‌স হয়—একটা ইন্টিগ্রেটেড জিনিস হওয়া দরকার যাতে প্রাথমিক শিক্ষা স্বয়ংসম্পূর্ণ হ'তে পারে। কিন্তু সেই জিনিস সম্বন্ধে আজও পর্যন্ত কোন পরিকল্পনা বা দৃষ্টিভঙ্গি কিছু নেই। ১৯৩১ সালের আইনে ছিল যে, রাজ্যসরকার ইচ্ছা করলে সমস্ত রাজ্যের জন্য একটা প্রাথমিক শিক্ষাবোর্ড করতে পারেন কিন্তু সেই জিনিসটা আজও পর্যন্ত তাঁরা করেন নি অথচ আজকে এটার সবচেয়ে বেশি প্রয়োজন। বিভিন্ন ধরনের স্কুল রয়েছে বিভিন্ন অথরিটির অধীনে কিন্তু কোনটাতে কোন মিল নেই; এটা অবিলম্বে দূর করা দরকার এবং আমি বলব যে, একটা প্রাথমিক শিক্ষাবোর্ড অবিলম্বে গঠন করা উচিত যার কাজ হবে নীতি নির্ধারণ করা এবং সেই নীতি কার্যে পরিণত হচ্ছে কিনা তা দেখা।

[5-40—5-50 p.m.]

এবং তা গঠন করতে হবে গণতান্ত্রিক উপায়ে। সেখানে শিক্ষক এবং শিক্ষাবিদদের প্রাধান্য থাকবে এবং সেইভাবে জেলা স্কুল বোর্ডগুলি পৌরসভা এলাকায় এই প্রাথমিক শিক্ষাব্যবস্থা

পরিদর্শন করবার জন্য নীতি কাজে পরিণত করবার জন্য সেখানেও ঐ গণতান্ত্রিক ভিত্তিতে শিক্ষাবোর্ড গঠন করতে হবে। এ করার দায়িত্ব যদি এড়িয়ে যান তা হ'লে যতই টাকার হিসাব দেখান তাকে প্রগতি ব'লে মানতে বাধ্য নই বা মানা চলে না। তার উপর কথা হ'ল যে, সর্ব-ভারতীয় ভিত্তিতে প্রাথমিক শিক্ষা কমিশনের প্রয়োজন আছে আজ। কেননা শিক্ষা সংস্কার শুরু করা প্রয়োজন আজ ঐখান থেকে। শিক্ষা সংস্কারের ব্যাপারে সমস্ত কমিশনই বলেছেন এমন কি প্ল্যানিং কমিশন যে প্রথম সার্ভে করেন সেখানেও তাঁরা ব'লে গিয়েছিলেন যে, শিক্ষার বিভিন্ন স্তরের ভিতর ইন্টিগ্রেশন দরকার। এমনভাবে তার পাঠ্যক্রম তার কারিকুলাম পরি-কল্পিত হওয়া দরকার যাতে সেটা একটা অর্গ্যানিক কন্টিনিউটি হয়, যাতে ইন্টিগ্রেটেড হয়, যাতে এক স্তর থেকে অন্য স্তরে যাওয়ার মধ্যে কোন আন্ট্রাপ্ট ব্রেক না হয়, কোন হঠাৎ ছেদ না পড়ে। এমনভাবে সমস্ত জিনিসটা করতে হবে যে, যারা একটা স্তরে শিক্ষা নিয়ে চ'লে গেল, তারাও ভবিষ্যতে যদি আবার সুযোগ পায়, উচ্চশিক্ষার সুযোগ হউক অথবা অ্যাডাল্ট এডুকেশনের ভিত্তিতে হউক, যদি উচ্চশিক্ষার সুযোগ দেওয়া হয় তা হ'লে সঙ্গে সঙ্গে তারা যাতে সেটা কাজে লাগাতে পারে, এই হিসেবে জিনিসটা করা উচিত। কিন্তু সেদিকে কি করেছেন আমাদের সরকার? একটা কথা হয়ত বলতে পারেন ওরা যে, কেন্দ্রীয় সরকার ঘোষণা করেছেন যে, বুনিয়াদী শিক্ষাটাই হবে প্রাথমিক শিক্ষার

Pattern, Basic education will be pattern of elementary education.

যদি তাই হয় তা হ'লে বলতে হয় যে, কবে সেই জিনিস হবে? সেটা অবাস্তব। কেননা প্রথম কথা যে বেসিক স্কুলগুলি এত ব্যয়বহুল যে কবে সমস্ত স্কুল বেসিক স্কুলে পরিণত হবে তার কথা জোর ক'রে যাঁরা বেসিক এডুকেশনএর অত্যন্ত গোঁড়া সমর্থক তাঁরাও বলতে পারেন না। দ্বিতীয়ত, বেসিক এডুকেশন অ্যাসেসমেন্ট কমিটি তাঁরা যে যে জিনিসগুলি বলেছেন তা এই গভর্নমেন্টের সময় এসেছে যে, বেসিক এডুকেশন ফেটিসএ পরিণত না ক'রে নতুনভাবে প্রাথমিক শিক্ষার কথা ঐ সর্বভারতীয় শিক্ষা কমিশনের পরিপ্রেক্ষিতে ভাল ক'রে দেখা উচিত। তাঁরা বেসিক এডুকেশন সম্বন্ধে বলেছেন সেই রিপোর্টে যে প্রথম কথা যেভাবে কম্প্যাক্ট এরিয়া ক'রে তাঁর বেসিক এডুকেশন করছেন তার দ্বারা তার কোন উন্নতি হয় নি। নন-বেসিক স্কুল এবং বেসিক স্কুলের ভিতর বিরাট ব্যবধান রয়ে গেছে। সে ব্যবধান কবে দূর হবে তার কোন ঠিক নেই। বেসিক এডুকেশন ব'লে কি শিক্ষা দেওয়া হয়েছে তাই বোঝা যায় না বেসিক অ্যাসেসমেন্ট কমিটির রিপোর্ট পড়ে। এক এক রাজ্য এক এক রকম করছেন। এবং সেটাকে গ্রামের লোকদের জন্য রেখে দেওয়া হয়েছে এবং তার ভাবটা এই যে চাষীর ছেলেরা গ্রামে থাকবে চাষ করবে তারা কুমোর হবে, জোলা হবে, তাঁতী হবে, এর বেশি কিছু হবে না। মন্ত্রীরা কি তাঁদের ছেলেদের পাঠান বেসিক স্কুলে জিজ্ঞাসা করতে চাই? তার পরে বেসিক এডুকেশন অ্যাসেসমেন্ট রিপোর্টএ কি বলছে? বিভিন্ন রাজ্যে এক এক রকম চলেছে, সেখানেও কমপ্লিট কনফিউশন। পশ্চিমবঙ্গের সম্বন্ধে বলেছেন

It is in the process of undergoing misdirection.

এখন মূল কথা হ'ল, এই সরকার আমি বলছি যে জিনিস, যে পশ্চিমবঙ্গ-সরকার ও বেসিক এডুকেশনকেও সেইভাবে মেনে নেন নি। তাঁরা এই জিনিস এই দৃষ্টিভঙ্গিতে মেনে নেন নি। উত্তরপ্রদেশও মেনে নেন নি। আজকে সেজন্য নতুনভাবে সর্বভারতীয় প্রাথমিক শিক্ষা কমিশনের কথা বিশেষভাবে বিবেচনা করার প্রয়োজন আছে। বেসিক এডুকেশনএ কতকগুলি ভাল ভাল কথা বলা হয়েছে—যেমন শিক্ষার সঙ্গে প্র্যাকটিসএর সম্বন্ধ দৈনন্দিন জীবনের কাজের সঙ্গে অঙ্গাঙ্গী সম্পর্ক, শিক্ষার সঙ্গে উৎপাদনের ও শ্রমের সম্পর্ক, জীবন সামাজিক ও প্রাকৃতিক পরিবেশের সঙ্গে মিল রেখে শিক্ষা ইত্যাদি এগুলি সত্যি কথা। কিন্তু এগুলি তো শুধু বেসিক এডুকেশনএর একচেটিয়া নয়। সমস্ত প্রগতিশীল শিক্ষাবিদরা এই তত্ত্ব দিয়েছেন। কিন্তু বেসিক এডুকেশনএর যে অসঙ্গতিগুলি, দুর্বলতাগুলি সেটা রয়ে গেছে, যে জিনিস এঁরাও স্বীকার করতে বাধ্য হয়েছেন যে, ক্র্যাফ্‌ট সেন্টার শুধু নয়, ঐ ধরনের চরকাকাটা, সুতাকাটা এই যে সেন্টার এই ধরনের জিনিস হয়ে গেছে। এবং বেসিক এডুকেশন অ্যাসেসমেন্ট রিপোর্টএ দেখবেন যে, তাঁরাও বলছেন, কো-রিলেশনএর যে কথা ছিল সেটা হচ্ছে শুধু ক্র্যাফ্‌টএর সম্বন্ধে। জীবনের সাথে সামাজিক পরিবেশের সঙ্গে প্রাকৃতিক পরিবেশের সঙ্গে কো-রিলেশন কিছু এগোয় নি। এই রকম যে সম্ভাবনা আছে সে সম্বন্ধে আমরা

নই, বিশ্ববিদ্যালয় শিক্ষা কমিশন অনেক আগে সাবধান করেছিলেন। এর মধ্যে ভাল সম্ভাবনা আছে, কিন্তু জিনিসটা ডিসাটর্টেড হয়ে যাবারই বেশি সম্ভাবনা। সেইজন্য আমি বলছি প্রাথমিক শিক্ষার ব্যাপারে আজকে এইভাবে নতুন ক'রে ভেবে নেওয়া দরকার।

তারপর মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে আসুন। রাজ্যপাল ব'লে গেছেন রিঅর্গ্যানাইজড করা হয়েছে অনেকগুলি স্কুল, কিন্তু সেখানেও কিভাবে তাঁরা অগ্রসর হয়েছেন। শিক্ষার যে মূল কথা যেটা আমি বললাম যে, প্রত্যেক শিক্ষাবিদ, প্রত্যেক শিক্ষা কমিশন বলেছেন যে, শিক্ষার বিভিন্ন স্তরগুলি ইন্টিগ্রেটেড করা দরকার। অর্গ্যানিক কন্টিনিউইটি হওয়া উচিত। এইভাবেই প্ল্যান হওয়া উচিত। সেটা তো দূরের কথা, সরকার শুরু করেছেন কিভাবে, না, মাধ্যমিক শিক্ষা তাঁরা ছয় থেকে অষ্টম শ্রেণী সংস্কার না ক'রে নবম শ্রেণী থেকে সংস্কার শুরু করেছেন। ছয় থেকে অষ্টম শ্রেণীর পাঠক্রম তেমনি অপরিবর্তিত রয়ে গেছে। যেখানে বিভিন্ন শিক্ষা কমিশন বলেছেন যে, এমনভাবে পরিকল্পনা করতে হবে যাতে কোন অ্যাব্রাপ্ট ব্রেক না হয় ছাত্রদের সামনে। তার সেই অ্যাব্রাপ্ট ব্রেক ছাত্রদের সামনে এনে দিয়েছেন নবম শ্রেণীতে এনে যে অ্যাব্রাপ্ট ব্রেক হয়ে যায়। বুনিয়াদ তৈরি হয় নি, তাদের পরিবেশ তৈরি হয় নি, মানসিক প্রস্তুতি তৈরি হয় নি হঠাৎ নবম শ্রেণীতে এসে ছাত্রদের সামনে কোর্স চাপিয়ে দিচ্ছেন, বোঝা চাপিয়ে দিচ্ছেন—তাদের সামনে বলে দিলেন যে, তোমরা বেছে নাও। একাদশ শ্রেণীর কোর্স তাঁরা রচনা করেছেন —এ সম্বন্ধেও তাঁরা শিক্ষাবিদ্‌দের সঙ্গে পরামর্শ করেন নি, বিশ্ববিদ্যালয়ের সঙ্গে করেন নি, শিক্ষকদের সঙ্গে করেন নি এবং বিভিন্ন শিক্ষা কমিশনের যে মত ছিল সে মত অগ্রাহ্য ক'রে তাঁরা জোর ক'রে চালিয়েছেন। চালিয়েছেন কোন রকম পরিকল্পনাহীনভাবে। এর ফলে আজকে শিক্ষাব্যবস্থা একটা সংকটের মধ্যে পড়েছে। সে সংকট কি? না, বেশির ভাগ বিষয়ের কোন টেক্সট বুক নাই। এখন বলা হয়েছে যে, রেফারেন্স বুক থাকবে স্কুলের লাইব্রেরিতে মাস্টাররা সেই রেফারেন্স বুক থেকে নোট ক'রে ছেলেদের পড়াবেন। এটা শিক্ষা সংস্কারের যে মূল নীতি সেটাকে পরাজিত করছে। আমি কি বলব যে, এটা না বুঝে করছেন—যাঁরা শিক্ষা দপ্তরে ব'সে এত অহংকার অহমিকার সাথে তাঁরা নিজেদের মতকে চালাচ্ছেন তাঁরা কি এটা বুঝেন নি, তাঁরা কি নাবালক যে, এই জিনিসটা চালাতে যাচ্ছেন? শিক্ষা সংস্কারের মূল একটা জিনিস হচ্ছে যে, আগের শিক্ষাব্যবস্থার যা দোষ ছিল যে মুখস্ত করা স্মৃতির উপর জোর দেওয়া জীবনের সাথে বিচ্ছিন্নভাবে শিক্ষা দেওয়া, আবার তাঁরা ঠিক সেই জিনিসটা করছেন শিক্ষা সংস্কারের নামে। এবং শিক্ষা সংস্কারের যে মূল নীতি তাকে তাঁরা ব্যর্থ করছেন। শুধু তাই নয়, রেফারেন্স বইএর যে সুপারিশ করা হয়েছে বেশির ভাগ বই ইংরেজী এবং বিলেতী কোম্পানির প্রকাশিত বই—এখানে পাওয়া যায় না এবং দামও অনেক বেশি। এক একটা বই তার দাম ২৫ শিলিং, ৩০ শিলিং। বইএর সংখ্যা বাড়িয়েছেন। ইংরেজীতে নবম, দশম ও একাদশ শ্রেণীতে ৩০টা ইংরেজী বই পড়বার জন্য তাঁরা সুপারিশ করেছেন। এ কি শিক্ষা সংস্কার করছেন? আজকে শিক্ষার ব্যয়বাহুল্য ক'রে সোজাসুজি এর পরিণাম হচ্ছে নিম্নমধ্যবিত্তদের ব'লে দেওয়া যে শিক্ষার রাস্তা তোমাদের বন্ধ। এই অষ্টম শ্রেণীর উপরের দিকে আর যেও না। যারা ধনী, তাদের জন্যই শিক্ষার দরজা খোলা থাকবে। এই মনোভাব আমাদের মুখ্যমন্ত্রীর কথা থেকেও প্রকাশিত হয়েছে। যখন বলেন যে, বেশির ভাগ ছেলেদের উচ্চশিক্ষায় যাওয়া উচিত নয়। যারা দ্বিতীয় শ্রেণী বা তৃতীয় শ্রেণীতে পাশ করে, সেটা কি শুধু তাদের দোষ? তার মূল দায়িত্ব হচ্ছে শিক্ষাব্যবস্থার। জীবনের সাথে বিচ্ছিন্নভাবে যে শিক্ষাব্যবস্থা গ'ড়ে তোলা হয়েছিল, যে শিক্ষাব্যবস্থায় শুধু স্মৃতির উপর জোর দেওয়া হয়েছে—সেই শিক্ষাব্যবস্থার ফলে এই জিনিস হয়েছে। কিন্তু আবার তাঁরা সেটাই করতে যাচ্ছেন। শিক্ষণীয় বিষয় সম্বন্ধে একটা কথা আমার মনে পড়ে যেটা ডাঃ ঘোষ বলেছিলেন যে, অ্যাটমিক এনার্জি ইত্যাদি বড় বড় জিনিস এই কোর্সএ দেওয়া হয়েছে। তার জবাবে মুখ্যমন্ত্রী বলেছিলেন, এই সব জিনিস আজকালকার ছেলেরা শুনতে চায় বুঝতে চায়। এটা সত্যি কথা- এগুলি শেখানো দরকার। আমরাও বলি, এগুলি শেখা দরকার। আগের দিনে আমরা যা শিখেছি তা অসম্পূর্ণ ছিল। কিন্তু মূল কথা হচ্ছে শেখানোর পদ্ধতিটা কি? শুধু টেক্সট বুক নয়, টেক্সট বুক তো চাই এবং শেখানোর পদ্ধতিটা এমন হওয়া উচিত যাতে বিভিন্ন বিষয় যা শেখানো হবে তার ভিতরে কো-রিলেশন থাকবে, তার ভিতরে জীবন্ত যোগসূত্র থাকবে এবং জীবনের সাথে তার যোগসূত্র থাকবে। তার জন্য

ক্লাসে নোট পড়িয়ে মুখস্থ করা নয়। তার জন্য অডিয়ো ভিসুয়াল এডুকেশনের যতগুলি ব্যবস্থা আছে সেগুলি কার্যকরী করতে হবে। এবং তার জন্য অনুকূল পরিবেশ সৃষ্টি করতে হবে। তা না ক'রে সরকার কি করেছেন, সমস্ত জিনিসটা করেছেন খামখেয়ালিভাবে। শুধু বই বাড়ানো নয়, একটা দৃষ্টান্ত আমি দিচ্ছি সোস্যাল স্টাডিজ—এর জন্য বিষয়বস্তুটা কি রাজ্যমানের উপজাতি সম্বন্ধে—কেন আমাদের বাড়ির পাশে উপজাতি নাই, তাদের মধ্যে ছাত্রছাত্রীদের নিয়ে যাওয়া যায় না, তাদের জীবন সম্বন্ধে ছবি দেখানো যায় না, তাদের সঙ্গে পড়ানো যায় না? এইসমস্ত জিনিসটাই একদম খামখেয়ালিভাবে চলেছে এতে শিক্ষাব্যবস্থাকে যানচালই ক'রে দিচ্ছে।

তারপর শিক্ষার যে মান দেওয়া হয়েছে সে মান সম্বন্ধে আমি কিছু বলতে চাই। উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়গুলি যা আছে, তাতে পাঠ করা অত্যন্ত কঠিন হয়ে যাচ্ছে। উপযুক্ত শিক্ষক পাওয়া যাচ্ছে না। মফঃস্বলে স্থাপিত স্কুল-কলেজগুলি তো পাচ্ছেই না। কলকাতার আংশিকভাবে শিক্ষক নিয়ে এসে পড়ানো হচ্ছে। শিক্ষার দিক দিয়ে এটা অত্যন্ত নিন্দনীয় ব্যাপার এবং এর জন্য সকলেই নিন্দা করছেন সরকারকে। ইন্টিগ্রেসনএর মূল কথা ভুলে গিয়ে, কি করা হচ্ছে? এই যে শিক্ষার ব্যাপার সেটা নিয়ে সমস্ত বিশ্ববিদ্যালয়ের সঙ্গে পরামর্শ করা হয় নি। ১১ বছরের যে হায়ার সেকেন্ডারি কোর্স তার পরিণতি হবে ৩ বছরের ডিগ্রী কোর্সএ। বলা হয়েছে বিশ্ববিদ্যালয়ের সঙ্গে পরামর্শ করা হয়েছে, ফলে কি রকম বিশৃঙ্খলা হয়েছে দেখুন। বিশ্ববিদ্যালয় কতকগুলি শর্ত মেনে নিয়েছেন, তার মধ্যে একটা হ'ল ১৯৬১ সাল থেকে তাঁরা ৩ বছরের ডিগ্রী কোর্স চালু করবেন। কিন্তু সেখানে যেসকল ছাত্রকে পড়বার সুযোগ দেওয়া হবে, তার কোন নিশ্চয়তা নেই। যেসমস্ত ছাত্র ১৯৬০ সালে স্কুল থেকে পাশ ক'রে বেরুবে, তারা যাবে কোথায়? হয়ত ব'লে দিতে পারেন শিক্ষামন্ত্রী বা শিক্ষা-দপ্তরের কর্মকর্তারা যে ঐ হায়ার সেকেন্ডারি কোর্সএর পাশাপাশি যেসমস্ত দশম শ্রেণীর স্কুল রয়েছে, সেখান থেকে পাশ ক'রে ছেলেরা বেরুলে পর, তাদের প্রি-ইউনিভার্সিটি কোর্স শিখে নিতে হবে। কিন্তু তাদের এই প্রি-ইউনিভার্সিটি কোর্স পড়ার জন্য কি ব্যবস্থা হয়েছে? শোনা যায় যে, বিশ্ববিদ্যালয় গ্রান্টস কমিশন তাঁরা জানিয়েছেন যে, প্রি-ইউনিভার্সিটি কোর্স যেটা, সেটা ইউনিভার্সিটির এক্তিয়ারভুক্ত নয়, তার জন্য আলাদা টাকা দিতে হবে। আজকে মাধ্যমিক শিক্ষার জন্য যেসকল শিক্ষক, শিক্ষিকা আছেন তাঁরা ঠিকমত শিক্ষিত। কিন্তু শিক্ষক, শিক্ষয়িত্রী, যাঁরা কলেজে রয়েছেন, তাঁরা পুরানো ধরনের কোর্সে শিক্ষিত। নূতন যে কোর্স দেওয়া হচ্ছে, সে সম্বন্ধে তাদের কখনও শিক্ষা দেওয়া হয় নি। সমস্ত জিনিসটাই একটা পরিকল্পনাহীন দৃষ্টিভঙ্গিতে নেওয়া হয়েছে। শিক্ষকরা বলছেন স্কুলে হায়ার সেকেন্ডারি কোর্স যা পড়াতে হয়, সেটা আমরা ঠিকভাবে পারি না, তার কারণ আমরা আমাদের শিক্ষা সেইভাবে পাই নি। কাজেই এই অবস্থায় এই কথা বলতে বাধ্য হচ্ছি যে—এখানে শুধু যে ব্যয়বাহুল্য বেড়েছে, শুধু যে বিশৃঙ্খলা হয়েছে তা নয়, সমস্ত রকম দোষ আছে। শিক্ষাকে সঙ্কুচিত করা হয়েছে এবং তাকে দেশের অন্যান্য পরিকল্পনার পিছনে রাখা হয়েছে। বেশির ভাগ লোক—যারা সাধারণ মানুষ, নিম্ন মধ্যবিত্ত, তারা এই ধরনের শিক্ষার দিকে যেতে চাইবে না। বলা হচ্ছে—কিছু কিছু টেকনিক্যাল শিক্ষা দেবার ব্যবস্থা তাঁরা করেছেন। কিন্তু জিজ্ঞাসা করি কি ধরনের টেকনিক্যাল শিক্ষার ব্যবস্থা তাঁরা করেছেন? তাঁদের ভাষায় বলতে গেলে একটা বায়াস সৃষ্টি হয়েছে। একটা ফাঁকা বিবৃতি দেওয়া হচ্ছে। ছাত্ররা স্কুল-কলেজ থেকে বেরিয়ে যাতে তাদের জীবনে একটা স্থান ক'রে নিতে পারে, সেরকম কোন ব্যবস্থা করা হয় নি। সুতরাং এইরকম একটা প্রগতির ছবি আমাদের সামনে দিয়ে লাভ কি? সে রাজ্যপালই বলুন বা রাজ্যপালের মারফত মুখ্যমন্ত্রীই বলুন, তাঁদের এই ধরনের ছবি জনসাধারণের সামনে দিয়ে কোন লাভ নেই। যা প্রকৃত অবস্থা সেইটাই বর্ণনা করা উচিত। যাঁরা শিক্ষাজগতের মধ্যে থেকে চিন্তা করেন, তাঁদের এ সম্বন্ধে ভেবে দেখতে বলছি। এই যে অবস্থা সৃষ্টি হচ্ছে চারিদিকে, ভিন্ন ভিন্ন স্থানে—ছাত্রছাত্রীকে, শিক্ষক-শিক্ষিকাকে জিজ্ঞাসা করুন, তাঁরা হয়ত সাময়িকভাবে নিজেদের কথা বলবেন। কিন্তু জাতীয় কল্যাণের দিক থেকে আমাদের নূতন ক'রে গড়ে তোলবার জন্য যদি অপরাধ করা হয়, তা হ'লে বলতে হবে, যা করা হচ্ছে এর চেয়ে বড় অপরাধ আর নেই এবং এই অপরাধের মার্জনা হ'তে পারে না।

তারপর শিক্ষকদের অবস্থা সম্পর্কে রাজ্যপালের ভাষণে বলা হয়েছে যে, শিক্ষকদের উন্নতি করেছেন কেন্দ্রীয় সরকারের সাহায্য নিয়ে। কিন্তু কতটুকু উন্নতি করেছেন? প্রথম যে জিনিসটা আমি বলতে চাই—সেটা হচ্ছে শিক্ষকদের সম্বন্ধে সরকারের মনোভাব কি? সেই মনোভাব ফুটে বেরিয়েছে সরকারের কার্যকলাপ, নীতি ও তাঁদের বক্তৃতার মধ্য দিয়ে। শিক্ষকদের যে অভিজ্ঞতা আছে, তা গ্রহণ ক'রে তাঁদের কি মর্যাদা দেওয়া হয়?

[5-50—6 p.m.]

এমনকি প্ল্যানিং কমিশন থেকে সার্ভে করা হয়েছিল ১৯৫১ সালে, সেখানেও বলা হয়েছে যে, শিক্ষকদের শিক্ষণশিক্ষার ব্যবস্থা করতে হবে, বেতন বাড়িয়ে দিতে হবে। কিন্তু তারা এই শিক্ষণশিক্ষার যে দায়িত্ব তাদের উপর তারাই যে নতুন মানুষ সৃষ্টি করবে এ স্বীকৃতি কোথাও নেই। এ একই দৃষ্টিভঙ্গি—ধনিক শ্রেণীর দৃষ্টিভঙ্গি যে, সাধারণ মানুষ
Hewers of wood and drawers of water
হয়ে থাকবে তেমনি তাদের শোষণের কাজের জন্য যতটুকু শিক্ষা দেওয়া দরকার তাই দেওয়া হবে। তাই আমি বলব যে, সমাজতন্ত্রের কথা ছেড়ে দিন, আপনারা যে সমাজতন্ত্র করবেন তা আমরা বিশ্বাস করি না, কিন্তু ধনতান্ত্রিক উন্নতির জন্যও শিক্ষাব্যবস্থাকে যতটুকু বৈজ্ঞানিকভাবে গড়ে তোলা দরকার তাও আপনারা করছেন না। সমস্ত জিনিসটা হচ্ছে একেবারে [illegible]। এই শিক্ষকদের ব্যাপারে যে দৃষ্টিভঙ্গি প্রকাশিত হয়েছে সে দৃষ্টিভঙ্গি হচ্ছে যে, তারা মাইনে করা চাকর, তাদের দিয়ে কাজ করিয়ে নিতে হবে। প্রাথমিক শিক্ষকদের বেতন অত্যন্ত কম দেওয়া হয়। জেলা বোর্ডের অধীনে যেসমস্ত শিক্ষকরা রয়েছেন তাঁদের অবস্থা সম্বন্ধে বিশেষ কিছু বলার নেই কিন্তু বিভিন্ন পৌরসভা যারা সাহায্য পান না, এই রকম পৌরসভার অধীনে যাঁরা কাজ করেন তাঁরা ২৫-৩০ টাকার বেশি মাইনে পান না। এবং সে মাইনেও ঠিক সময়মত পান না। বারবার এই কথা বলা হয়েছে যে, যেখানে শিক্ষকদের সংগঠন শক্তিশালী নয় সেখানে মাসের তৃতীয়, চতুর্থ সপ্তাহের আগে মাইনে পান না। কেন তাঁরা মাসের প্রথম সপ্তাহে যাতে মাইনে পান তার ব্যবস্থা করা যাবে না এটা জিজ্ঞাসা করতে পারি কি এবং এর জবাব তাঁরা দেবেন কি? শিক্ষকরা যে দাবি করেছেন সমস্ত ভারতবর্ষের All India Federation of Educational Association,
তাঁরা দাবি করেছেন যে, শিক্ষকদের নিম্নতম বেতন ১০০ টাকা করা দরকার। কেন সেটা করা যায় না? পৌরসভার অধীনে যেসমস্ত শিক্ষক রয়েছে তাদের জন্য একটা নিম্নতম বেতন ঠিক হয়েছে, তারা যাতে সেই নিম্নতম বেতন পায় তার জন্য কেন সরকার সাহায্য করতে পারবেন না? তারপর চাকরির নিরাপত্তা। সামাজিক জীবনের যে সামান্যতম নিরাপত্তা প্রভিডেন্ট ফান্ড এইগুলির ব্যবস্থা কেন হ'তে পারবে না? বরং সেখানে দেখা যাচ্ছে যারা বিহার থেকে বাংলায় এসেছেন সম্প্রতি তাঁরা এখন পর্যন্ত পশ্চিমবঙ্গে যে বেতনের হার তা পান না। আর বিহারে থাকার কালে যে প্রভিডেন্ট ফান্ডএর সুযোগ পেতেন সেই সুযোগ তাঁদের কাছ থেকে সম্পূর্ণভাবে কেড়ে নেওয়া হয়েছে। এই যে অবস্থা চলেছে এত টাকার অভাব এই কৈফিয়ত দিয়ে এটা ঢাকতে পারবেন না। যেটা তাঁরা দেবেন যে টাকা তাঁরা মঞ্জুর করেছেন তার থেকেই তাঁরা দেবেন। এ জিনিস থেকে এই মনে হয় যে, শিক্ষকদের তাঁরা দেখেন তাঁদের শোষণের যন্ত্র হিসাবে এ ছাড়া আর কিছু বলা চলে না। তার পর শিক্ষকদের সম্বন্ধে যে ধরনের ব্যবস্থা করা হয়েছে—প্রাথমিক শিক্ষক সম্বন্ধে দু'-একটি কথা ব'লেই আমার বক্তব্য শেষ করছি। কোন [illegible] কারণে কোন শিক্ষককে বরখাস্ত করা কিংবা পুলিসের রিপোর্টে চাকরি যাওয়া এটা মোটেই উচিত নয়। আমি শুধু একটা দৃষ্টান্ত দেব। পশ্চিম দিনাজপুরের একজন শিক্ষককে এরকম একটি কারণে ৭০ মাইল দূরে ট্রান্সফার ক'রে দেওয়া হয়েছে। অল্প মাইনে পায় কি দুরবস্থা! অথচ বুনিয়াদী শিক্ষার যিনি জন্মদাতা মহাত্মা গান্ধী তিনি পর্যন্ত বলেছিলেন যে, এরকমভাবে শিক্ষককে বদলি করা উচিত নয়। যেখানে থাকবে সেখানেই উন্নতির জন্য অংশগ্রহণ করুন এই ব্যবস্থা করা দরকার—এই হচ্ছে প্রগতি।

Sj. Bejoy Singh Nahar: মাননীয় স্পীকার মহাশয়, রাজ্যপালের অভিভাষণের উপর এখানে বহু রকম কথা শুনলাম। বিরোধী দলের নেতা জ্যোতি বসু মহাশয়ের কাছ থেকে এতদিন ধ'রে শুনে আসছিলাম কতকগুলি বড় বড় কথা। কেবলমাত্র এবারই তিনি কতকগুলি গঠনমূলক সাজেসশন দিয়েছেন এবং

আলোচনা করেছেন। এর জন্য তাঁকে ধন্যবাদ জানাই। হয়ত তাঁদের দলের হাতে কেরালার দায়িত্ব আসার পর বুঝতে পেরেছেন যে, কেবলমাত্র গালাগালি করলে, গঠনমূলকভাবে না বললে দায়িত্ব পালন করা যায় না। সে দায়িত্ব পালন করতে গেলে কাজ সুচিন্তিতভাবে করতে হয় ব'লে এখানে কতকগুলি গঠনমূলক কাজের কথা আলোচনা করেছেন। এটা এবারই প্রথম শুনলাম। দ্বিতীয় কথা হচ্ছে, এবার তিনি রুশ ছেড়ে দিয়ে চীন ধরেছেন, জানি না এর কারণ কি? হয়ত এতদিন রুশের সঙ্গে যে মিতালী ছিল এখন চীনের সঙ্গে মিতালী বেড়ে গিয়েছে —অন্য কোন কারণও হ'তে পারে।

[Noise]

Mr. Speaker:

ওনার প্রাণ যা চায় বলতে দিন, আপনাদের ভাল না লাগলে লবীতে গিয়ে বসুন।

[হাসা]

Sj. Bejoy Singh Nahar:

চীনে খাদ্যের ব্যাপারে যে প্রগতি হয়েছে, এগিয়ে গিয়েছে—রুশ এত বছর ধ'রে কমিউনিস্ট দলের হাতে থাকা সত্ত্বেও খাদ্যের ব্যাপারে সেরকম উন্নতি হয় নি। যতটা চীনদেশ অল্প সময়ে খাদ্যের ব্যাপারে উন্নতি করেছে রুশ তা পারে নি। সেজন্য হয়ত এবার তিনি রুশ ছেড়ে চীন ধরেছেন। তবে এটা আমি বলব যে, কমিউনিস্ট নীতি গ্রহণ করলেই সব সময় উন্নতি হয় না এবং বিভিন্ন জায়গায় বিভিন্ন স্থানে বিভিন্ন ব্যবস্থা অবলম্বনে কাজ না করলে উন্নতি সম্ভব হয় না। ভারতবর্ষ, চীন এবং রুশের মধ্যে তফাৎ আছে। রুশদেশে যেমন কালো রুটি খায়, কালো রুটি গমের নয়। বাজরার বা অন্য নানা রকম জিনিসের হয়। আমরা যদি এখানে কালো রুটি ব্যবস্থা করি তা হ'লে ডেপুটেশন হবে এবং জ্যোতিবাবুই তা লীড ক'রে বলবেন—সরকার অত্যন্ত অন্যায় করছেন।

[5—6-10 p.m.]

অতএব তাঁরা যে কোন্ নীতি পালন করেন, জানি না। যেমন চীনদেশে খাদ্য সম্বন্ধে যে ব্যবস্থা তা আপনারা অনেকেই কাগজে পড়েছেন, অনেকে বোধহয় সেখানে গিয়েওছেন। সেখানে ১২ ঘণ্টা থেকে ১৮ ঘণ্টা পর্যন্ত লোকদের খাটানো হয়। এখানে যদি বলা হয়, ৮ ঘণ্টার বেশি ৯ ঘণ্টা কাজ করতে হবে, অমনি এখানে গোলমাল শুরু, স্ট্রাইক চলে।

[এ ভয়েস ফ্রম দি অপোজিশন বেঞ্চেস: পয়সা দিলে হয় না।]

পয়সা দিলেও তারা খাটবে না। অথচ চীনদেশে—১২ ঘণ্টা থেকে ১৮ ঘণ্টা কাজ তারা করিয়ে নেয়। এমনকি সেখানে মানুষকে দিয়ে লাঙল টানায়। আমি জানি না—বিরোধী দলের বন্ধুরা যাঁরা চীনের কথা বড় গলায় বলেন, তাঁরা বাংলাদেশেও সেইরকম চান কিনা? নিশ্চয়ই তা চান না। আমরা ছবিতে দেখেছি—চীনদেশে মেয়ে আর পুরুষে পোশাকের ব্যবধান মিটিয়ে এনেছে। পুরুষরা যে কাপড় পরে—মেয়েরাও তাই। ফলে পুরুষ ও মেয়েকে একই রকম দেখায়। কেউ যদি বলে—সেখানে কাপড়ের অভাব সেইজন্য মেয়েদের বেলাও কাপড়ের বাহুল্য এড়াতে একই রকম ড্রেসের প্রবর্তন, একথা বললে, কিছু কি অসঙ্গত বলা হবে? অতএব চীনের কথা বললেও চলবে না—রাশিয়ার কথা বললেও চলবে না। বিরোধী দলের নেতা বলেছেন যে, বাগনানে তাঁর পার্টি হেরেছে এবং কংগ্রেস পার্টি জিতেছে এইজন্য রাজ্যপাল উৎফুল্ল হয়ে এই কথা বলেছেন। এরকমটা জ্যোতিবাবুর কল্পনায় আসার কারণ কি? কারণটা আর কিছুই নয়—কারণটা হচ্ছে মানুষের অবস্থা যখন খুব খারাপের দিকে যায় তখন সে নানা রকম ট্যাকটিক্স নিয়ে বাইরে প্রকাশ ও প্রচার করতে থাকে যে তার অবস্থা খুব ভাল চলছে। জ্যোতিবাবু ১৯৫২ সালের নির্বাচনে স্বপ্ন দেখেছিলেন যে, বাংলাদেশের শাসনক্ষমতা তাঁর

হাতে এসে পড়বে। আর ৫৭ সালের নির্বাচনের ফল সম্বন্ধে তাঁর এত দৃঢ় ধারণা জন্মেছিল যে, তিনি মন্ত্রীদের পোর্টফোলিও পর্যন্ত ভাগ ক'রে ফেলেছিলেন এবং সত্যেন মজুমদারকে এডুকেশনের পোর্টফোলিও দেবার জন্য তাঁকে পার্লামেন্ট থেকে এখানে নিয়ে এসেছেন কিনা তা জানি না। শুনেছি আবার এই প্ল্যানি মোছবার জন্য যেখানে সেখানে ব'লে বেড়াচ্ছেন—আগামী নির্বাচনে দেখে নেব। সেই সময় দেখা যাবে—মরদ কি বাত। সেইজন্য হয়ত স্বপ্নও দেখছেন ঘুমিয়ে নয় অন্য সময়ও যে, তিনি মুখ্যমন্ত্রী হবেন। এদিকে দেখা যাচ্ছে বাংলাদেশের লোক তাঁদের চায় না, তাঁদের হারিয়ে দেয়। সুতরাং আমরা দেখছি, এইটাই তাঁর মাননীয় রাজ্যপালের উক্তি সম্বন্ধে ঐ রকম বলার একমাত্র কারণ; ব্যবসায়ী মহলে আমরা হামেশাই দেখি—যখন মানুষ দেউলিয়া হয় তখন সে বাজারে রটায়—আমি অমুক বাড়িটা কিনব অথবা একটা নতুন ব্যবসা ফাঁদব ইত্যাদি—রটিয়ে লোককে জানাতে চায় যে, তার অবস্থা খুব ভাল আছে। হয়ত তাঁরও এই দেউলিয়া হবার অবস্থা, তাই তিনি ঢাক পেটাতে আরম্ভ করেছেন, বর্ধমানে গিয়ে বলছেন, আমি মুখ্যমন্ত্রী হব—তোমরা সাবধান। এ সম্বন্ধে আর বেশি বলার আমার সময় নাই।

এখন আমি রাজ্যপালের ভাষণের আর দু-একটা বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করতে চাই। রাজ্যপালের বক্তৃতায় ভবিষ্যতে আমাদের যে কাজ করা হবে তার অনেক ইঙ্গিত আছে। এখানে আমি তার দু'-একটা বিষয় উল্লেখ করছি। বাংলাদেশের গ্রামাঞ্চলে বহুবিধ কাজ হয়েছে সন্দেহ নাই। কিন্তু সঙ্গে সঙ্গে কলকাতা শহর এবং বাংলাদেশের বিভিন্ন শহরের দিকেও সরকারের দৃষ্টি রাখা উচিত। আজকাল কলকাতার বাইরে মোটর ক'রে যান দেখবেন কিরকম সব ভাল রাস্তা, কিন্তু যেই মিউনিসিপ্যাল টাউনে পড়বেন অমনি ধুলায় কষ্ট পাবেন এবং অন্যান্য নানারকম অসুবিধার সম্মুখীন হবেন এবং জলেরও যে ভাল বন্দোবস্ত অনেক মিউনিসিপ্যাল টাউনে নেই একথাও বলব। যতগুলি টাকা খরচ হচ্ছে গ্রামাঞ্চলের জন্যই হচ্ছে। শহর অঞ্চলের জন্যও টাকা কিছু কিছু খরচ করা দরকার। সবই মিউনিসিপ্যালিটির উপর ছেড়ে দিয়ে থাকা উচিত নয়। এর সঙ্গে সঙ্গে কলকাতা শহরের কথাও বলছি। কলকাতাকে সরকার সম্পূর্ণরূপে কর্পোরেশনের হাতে ছেড়ে দিয়েছেন। কিন্তু তাঁদের হাতে টাকা নাই। আর একটা কথা, কলকাতার স্টেডিয়াম সম্বন্ধে আমি একটা সাজেসশন দিতে চাই। আমি এর পূর্বেও বলেছিলাম কলকাতা থেকে 'রেস'টা তুলে দেওয়া হোক এবং তুলে দিয়ে ঐ রেস গ্রাউন্ডটায় স্টেডিয়াম তৈরি করা হোক। স্টেডিয়াম করার পক্ষে সেইটেই সবচেয়ে ভাল জায়গা। আর এই রেস খেলায় মধ্যবিত্ত বাঙালী পরিবারের যে সর্বনাশ করা হচ্ছে সেদিকেও আমি সরকারের বিশেষ দৃষ্টি আকর্ষণ করি। রেস থেকে হয়ত সরকারের কয়েক লক্ষ টাকা আমদানি হয় কিন্তু যদি সেখানে স্টেডিয়াম করা যায় তা হ'লে তার চেয়ে ঢের বেশি টাকা সরকার আয় করতে পারবেন। কিন্তু এই রেস বজায় রেখে যারা নাকি জুয়া খেলে তাদের সংখ্যা বৃদ্ধি করা হচ্ছে এবং এতে ক'রে একটা লাইসেন্সড জুয়ার আড্ডা সরকার যে বাংলাদেশে চলতে দিচ্ছেন এটা অন্যায়। আমি আশা করি আমার এ প্রস্তাব সকলেই সমর্থন করবেন। এবং ছাত্রসমাজ ও মধ্যবিত্ত সমাজকে বাঁচাতে হ'লে বিলাতী শৌখিন খেলা এবং তার থেকে যে রোজগার সেটা ইমিডিয়েটলি বন্ধ করা দরকার যে, ৪০।৫০ লক্ষ টাকা এজন্য আদায় হয় সেদিক থেকে আমি এই কথা বলব সরকার টাকার অভাব হবে ব'লে এটা চলতে দেওয়া আমি অত্যন্ত অন্যায় ব'লে মনে করি। সুতরাং রেস তুলে দিয়ে স্টেডিয়াম করবার ব্যবস্থা করা হোক, বিশেষ ক'রে বাংলাদেশে যেখানে এত খেলাধুলার ব্যবস্থা রয়েছে সেখানে একটা স্টেডিয়াম নাই—এ কি ক'রে হয়?

(শ্রীযুত শিশির দাসঃ একথা বলবেন না—বিধানবাবুর হার্টফেল হবে।)

বিধানবাবুর হার্ট অনেক স্ট্রং।

এই কয়েকটি কথা ব'লে মাননীয় রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন তার জন্য তাঁকে ধন্যবাদ দেবার যে প্রস্তাব এখানে আনা হয়েছে সেটা আমি সমর্থন করছি।

Sj. Krishna Kumar Shukla:

अध्यक्ष महोदय, राज्य पालिका के भाषण के समर्थन में जो प्रस्ताव यहां पर उपस्थित किया गया है उसी के समर्थन के लिए मैं खड़ा हुआ हूं। कई दिनों से उनके भाषण के संबंध में जो आलोचनायें हो रही हैं, उनको मैंने बड़े गौर से सुना है। विजय बाबू ने अभी अपने भाषण में बतलाया है कि आलोचना का वर्ग पहले से कुछ बदला जरूर है फिर भी यह पूर्णतः सत्य है कि विरोधी पार्टी राज्य पालिका के भाषण पर सहमति नहीं प्रकाशित कर सकी हैं। राज्य पालिका महोदया ने अपने वक्तव्य में पश्चिम बंगाल की वर्तमान अवस्था का समुचित चित्रण करने की चेष्टा की है। उन्होंने बंगाल का पूर्ण चित्र खींचने का प्रयास किया है। पिछले साल में पश्चिम बंगाल सरकार ने जो कुछ कार्य किये हैं और आनेवाले वर्ष में सरकार की ओर से जो योजनायें—नयी योजनायें, मुख्य मुख्य योजनायें काम में लगाई जा रही हैं—उनका विवरण उन्होंने अपने वक्तव्य में दिया है।

विरोधी पार्टी के बहुत से सदस्यों ने राज्य पालिका के भाषण की तीव्र आलोचना की है। विभिन्न विषयों की समालोचना करते हुए उल्लेख किया गया कि शिक्षा का समुचित वर्णन क्यों नहीं किया गया? खास करके डा० रनेन सेन ने, स्पीकर महोदय, आपने भी अभी सुना होगा, शिक्षा के संबंध में तिव्र आलोचना करते हुए कहा है कि इस सरकार की नीति है कि पश्चिम बंगाल में उच्चतर शिक्षा पर रोक लगा दिया जाय ताकि बंगाल के लड़के बहुत अधिक शिक्षा न प्राप्त कर सकें। लेकिन मैं समझता हूं कि डा० रनेन सेन ने राज्य पालिका के भाषण को पढ़ने की आवश्यकता का अनुभव नहीं किया है। राज्य पालिका के भाषण की पुस्तक के नवें पन्ने में शिक्षा के संबंध में स्पष्ट रूप से उल्लेख है कि कल्याणी में एक नयी यूनिवर्सीटी बनने जा रही है। यादवपुर और कल्याणी यूनिवर्सीटी की चर्चा निसन्देह इस बात का प्रमाण है कि पश्चिम बंगाल की वर्तमान सरकार पश्चिम बंगाल के लोगों को अधिक सुशिक्षित और सुदृढ़ बनाने का प्रयास कर रही है। उच्चतर शिक्षा को अग्रगति से चलाने की सदैव चेष्टा कर रही है। इसलिए विरोधी पक्ष का कहना कि सरकार इसके प्रति उदासीन है बिलकुल ही गलत है। यह उनकी भ्रान्ति है।

डा० रनेन सेन ने वर्तमान सरकार की मजदूर नीति की टीका-टिप्पणी की है। लेकिन उन्हें यह मालूम होना चाहिए कि मैं एक ऐसे क्षेत्र से चुनकर आया हूं जिस क्षेत्र के अधिकतर लोग मजदूर हैं। जहां तक वर्तमान सरकार की मजदूर नीति का संबंध है वह पूर्ण सुदृढ़ है इस पर कोई वहस नहीं किया जा सकता है। इस सरकार की मजदूर नीति बहुत ही वैज्ञानिक पद्धति पर प्रतिष्ठित और आधारित है। इसकी श्रम नीति शान्तिमय है। हां यह बात अवश्य ठीक है कि बहुत से कारखाने आज भी मजदूरों को बेवकूफ बनाने की चेष्टा कर रहे हैं। वे कानून के साथ धोकेबाजी करते हैं। फिर भी सरकार उनके हाथों में कानून की हथकड़ी लगाने की पूर्ण कोशिश कर रही है। आज चावल की समस्या और मजदूर नीति की समस्या प्रायः एक सा ही हो गया है। आज कहा जाता है कि लोग कानून का उल्लंघन कर रहे हैं और सरकार कुछ कर नहीं पा रही है। उनको जो कानून का उल्लंघन करते हुए मनमाना काम करते हैं उन्हें सरकार जेल में नहीं भेजना चाहती है। लोग न्याय का प्रतिरोध करते हैं फिर भी वर्तमान सरकार खामोश रहती है। लेकिन विरोधी पार्टी का निश्चित तौर

पर यह कह कर अलग हो जाना कि पश्चिम बंगाल सरकार की मजदूर नीति खोखली है, तमाम मजदूर नीति धोके के रास्ते पर चल रही है, यह कहना एक बहुत बड़ा अपराध है। यह कहना सत्य का गला घोंटना है। पिछले कई साल से पश्चिम बंगाल सरकार की मजदूर नीति ने यहां के मजदूरों को एक शक्तिशाली बल दिया है। एक सुदृढ़ साहस दिया है। उनके कार्य में सुविधा और सुगमता देने का प्रयास सरकार ने किया है। मैं समझता हूं कि इस विषय पर अधिक बहस करने की आवश्यकता ही नहीं है। आंकड़े देखने से स्पष्ट ज्ञात होता है कि १९४७ से लेकर १९५८–५९ तक के जमाने में मजदूरों को दिन प्रति दिन सुविधा सुव्यवस्था देने का सतत प्रयास किया गया है। अधिकतर हमें इस क्षेत्र में शान्ति स्थापित करने में सफलता मिली है। अगर आंकड़े पर विश्वास किया जाय, उसको माना जाय तो मैं दावे के साथ कह सकता हूं कि वर्तमान सरकार को इस ओर पूर्ण सफलता मिली है। हां, यह दूसरी बात है कि विरोधी दल के भाई हमेशा यदि इसे शंका की दृष्टि से देखें तो इसमें उनकी भूल के अलावा और क्या कहा जा सकता है? मजदूरों को आज तक जो भी सुविधायें दी गई हैं उन्हें विरोधी पक्ष के भाई हमेशा अस्वीकार करते हैं। क्या यह उचित है? मैं तो कहूंगा कि उनकी भ्रान्ति के सिवाय और कुछ भी नही है।

यहां पर जब खाद्य परिस्थिति पर आलोचना हो रही थी तो मैंने उसे बड़े साहस और धैर्य के साथ सुना। विरोधी दल के सदस्यों ने खास करके कम्युनिस्ट दल के लोगों ने यह कहने की चेष्टा की कि पिछले दिनों से जो खाद्य में घटती हो रही है उसकी सबसे बड़ी जिम्मेदारी इस सरकार पर है। लेकिन मैं दावे के साथ इस सभा भवन में कह सकता हूं कि यह बिल्कुल गलत बात है। मैं दावे के साथ कह सकता हू कि बंगाल की खाद्य परिस्थिति की बिगड़ती हुई दशा की सरासर जिम्मेदारी विरोधी दल के सदस्यों पर है। यहा पर अकाल की आशंका जब कभी भी नहीं की जा सकती है तब भी इन विरोधी दल के भाइयो ने ढोल पीट कर जनता को बतलाया कि यहां पर अकाल आनेवाला है। चावल होल्ड कर लो, खाना होल्ड कर लो। फिर यहां आकर पश्चिम बंगाल की गरीबी को पेश करते हैं। स्पीकर महोदय, आपही बतलायें कि इसकी जिम्मेदारी किस पर हो सकती है। चावल मे रोड़े मिलवाने की जिम्मेदारी किस पर हो सकती है? यह सब बामपंथी दल की चालें हैं जिसके कारण आज खाद्य परिस्थिति को भयावह बनाई जा रही है। मैं इस हाउस में दावे के साथ कह सकता हूं कि बामपन्थी दल के सदस्यों की निश्चित तौर पर जिम्मेदारी है। आज एण्टी-प्राफिटियरिङ्ग बिल के हाते से राइस मिल मालिकों को ये लोग बाहर निकाल ले जा रहे है। उनसे राइस होल्ड करवाते है। यदि प्रमाण चाहते हैं तो प्रमाण मेरे पास है। मै इसे दे सकता हूं।

बैरकपुर सबडिविजन के राइस मिलवालों की मदद करनेवाला कौन है? उनको कानून से बचानेवाला कौन हैं? क्या बामपन्थी दल के नेता नही हैं? मैं दावे के साथ कहता हूं उनके हिमायतीदार उनके मददगार बामपन्थी नेता के सिवाय और कोई भी नहीं है। एलेक्शान के समय एक पूंजीपति का समर्थन सारा बंगाल चावल मिल ने तो किया ही किन्तु उसके समर्थन के लिए कामरेड इस्माइल वहां गए। उसका समर्थन कांसारी हाल्दर ने भी किया। उसका पूर्ण समर्थन विरोधी दलों की ओर से किया गया। इस बात से पूर्ण सबूत मिलता है कि इनका हाथ राइस मिलवालों के साथ है। मैं इस विधान सभा में खड़ा हो कर कहता हूं कि इस कानून को बाधा देने की इन लोगों ने पूर्ण चेष्टा की है। इसका

पूर्ण सबूत मेरे पास है। इस विधान सभा में आकर कांग्रेस सरकार के कंधे पर जिम्मेदारी डालकर सारे बंगाल के लोगों को भूखों मारने की चेष्टा कम्युनिस्ट भाई ही कर रहे हैं। इस घटना से उनकी करतूतों का पूरा सबूत मिलता है।

कम्यूनिस्ट पार्टी के माननीय नेता डा० रनेन सेन ने अपने भाषण में अभी उल्लेख किया है कि केराला के चाय बगान में कुछ दिनों के पहले कुछ गड़बड़ी हुई थी। केन्द्रीय सरकार ने इसकी छान-बीन करने की चेष्टा की थी किन्तु केराला गवर्नमेन्ट ने उसे अपनी एरिया में घुसने तक भी नहीं दिया। उसने साफ शब्दों में कह दिया कि यह हमारी बाउण्डरी का झगड़ा है, हम स्वयं तैय करेंगे। किन्तु जिस केराला सरकार की प्रशंसा करने में हमारे कम्युनिस्ट पार्टी के नेता लोग प्रशंसा के पुल बांध देते है, आज वही कम्युनिस्ट सरकार न जाने कितने नाजायज कार्य कर बैठती है। मद्रास फर्म के साथ नाजायज गठबंधन करके पांच हजार टन चावल गोपालन के कहने से एक एक्स-कम्यूनिस्ट एजेन्ट को दिला दिया। आज वहां की सरकार गोपालन, एम० पी० की मर्जी पर चलती है।

मै निहायत अदब के साथ अर्ज करना चाहता हूं कि अब ऐसा समय आ गया है कि देश के करोड़ों आदमियों को बेवकूफ नही बनाया जा सकता है। बगनान के एलेक्शन का बार २ हवाला दिया जाता है किन्तु हमारे कम्युनिस्ट भाइयों को मालूम होना चाहिए कि बगनान ने उनके कमर को तोड़कर रख दिया है। बगनान की करारी चोट से कम्युनिस्ट पार्टी टिक न सकी। इनका दिवाला हो गया। अब उल्टे ही ढोल पीटते हैं कि देश की जनता हमारे साथ है।

स्पीकर महोदय, मै कहना चाहता हूं कि विरोधी पार्टी ही आज सारा गण्डोगोल मचाती है। मेरे पास इसका प्रमाण है।

नारायण चौबे जो एक कम्यूनिस्ट सदस्य है इनका ब्लैकमार्केटियरों के साथ गठबंधन है। बोलिए तो मैं पढ़ दू। रेलवेमेन्स यूनियन ने २६ जनवरी गणतंत्र दिवस के दिन लिखकर मुझको दिया था।

Sj. Deben Sen:

অন এ পয়েন্ট অফ প্রিভিলেজ, স্যার, আমার যতদূর মনে পড়ে কোন সদস্যের বিরুদ্ধে নাম ক'রে কিছু বলবার ব্যাপারে আপনার একটা রুলিং আছে। এখানে বিশেষ এক সদস্যের নাম কিছু বলা হচ্ছে, হিন্দী ব'লে বোধ হয় আপনি ধরতে পারেন নি। একজন সদস্যের নাম ক'রে উনি একটা অভিযোগ করছেন।

আপনি কি এটার এলাউ করবেন?

Mr. Speaker: The point of privilege can be raised after the speech is over.

Sj. Krishna Kumar Shukla: The soaring price of rice is due to the exhortation of Shri Narayan Chobey to the agriculturists.....

Mr. Speaker: What are you reading from?

Sj. Krishna Kumar Shukla: It is a letter sent to me by some members of the Railwaymen's Union, run by the Communist Party.

Mr. Speaker: Mr. Shukla, I believe in this principle there is a great deal of departure from it in this House. Give us the gist of it. What is the good of reading it? What somebody said is no evidence against anybody.

Sj. Krishna Kumar Shukla:

अच्छी बात है सर, मैं यह कहना चाहता हूं कि इस सरकार को दोषी ठहरा कर हमारे वामपन्थी भाई जिम्मेदारी से नहीं बच सकते हैं। ये लोग समाज के सभी दूषित वातावरण को और सारे पापों को हमारे ऊपर लादना चाहते हैं किन्तु मैं दावे के साथ कहता हूं कि सारे समाज का शोषण यही लोग कर रहे हैं। अतएव उनके शिल्ड करने की नीति या असेम्बली के हाते में आकर केवल हमारे ऊपर ही जिम्मेदारी डालने की चेष्टा करना, ये सारी बातें देश की उन्नति के मार्ग में रोड़े अटकाने का कार्य कर रही हैं।

[At this stage the honourable member, having reached his time limit, resumed his seat.]

[6-20—6-30 p.m.]

Sj. Apurba Lal Majumdar:

माननीय स्पीकार महाशय, राज्यापालের ভাষণে অনেক বিষয়ের অবতারণা করা হয়েছে। এই ভাষণ যেভাবে আমাদের সামনে রাখা হয়েছে বাংলাদেশের সাধারণ মানুষ দুঃখ এবং দারিদ্র্য জর্জরিত মানুষ তারা এই ধরনের ভাষণ সত্যিই আশা করতে পারে নি এবং বিশেষ ক'রে আমাদের দেশের সামনে, আমাদের রাজ্যের সামনে যখন খাদ্যাবস্থা ঠিক এমনি অবস্থায় গিয়ে পৌঁছেছে তখন রাজ্যপালের এই ভাষণ যে আমাদের দেশ ক্রমাগত উন্নতি এবং অগ্রগতির পথে এগিয়ে চলেছ—এই বিভ্রান্তিকর ভাষণ জনসাধারণের কাছে অত্যন্ত ক্ষোভের সঞ্চার করেছে। এর আগে কংগ্রেসের তরফ থেকে কোন কোন বক্তা বলতে চেয়েছেন যে, আমাদের রাজ্য প্রথম এবং দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার মধ্য দিয়ে ক্রমাগত অগ্রগতির পথে এগিয়ে চলেছে। কিন্তু যদি আমরা বিশ্লেষণ ক'রে দেখি যে, সমস্ত তথ্য আমাদের সামনে আছে সেই তথ্য বিশ্লেষণ ক'রে যদি দেশের খাদ্যশস্য উৎপাদনের বিষয় এবং শিল্পে যেসমস্ত প্রোডাকশন তার সম্পর্কে যদি আমরা একটু গভীরভাবে বিবেচনা ক'রে দেখি তাহ'লে দেখতে পাব যে, আমাদের দেশের আর্থিক স্থবিরতা ও আর্থনীতিক জীবনে স্থবিরতা দেখা দিয়েছে। যার জন্য পরিকল্পনা কমিশন নিজেই এই কথা বলতে বাধ্য হয়েছেন যে,

Food production is stagnating mainly because no intensive effort has yet been made to increase the yield from land. The yield per acre in India is the lowest in the world. As compared to 3,750 lbs. in Japan, 2,387 lbs. in China and 3,000 lbs. in the U.S.A., the average yield in wheat is 600 lbs. as compared to 1,800 lbs. in Japan. The basic problem therefore is to increase the productivity of land.

আমরা প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনায় দেশের খাদ্যের অবস্থাকে আরও উন্নত করার জন্য যে প্রচুর পরিমাণ অর্থ ব্যয় করেছি সেই প্রচুর পরিমাণ অর্থ ব্যয় ক'রে আমাদের দেশকে কতখানি খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করতে পেরেছি? ১৯৫৭ সালে আমরা দেখেছি যে, তার আগের বছরের যে খাদ্যশস্য উৎপাদন হয়েছে তার চেয়ে ৯·৮ পারসেন্ট আমাদের দেশে কম উৎপাদন হয়েছে। এবং যে এভারেজ এবং যে জমি খাদ্যশস্য উৎপাদনের জন্য নিয়োজিত হয়েছিল তার পরিমাণ যদিও ২·৯ পারসেন্ট কমে গেছে তবু সেক্ষেত্রে আমরা দেখি যে, খাদ্যের ফলন আমাদের দেশে অনেক বেশি পরিমাণে কমে গেছে। এই বিরাট পরিমাণ টাকা প্রথম এবং দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার মধ্যে ব্যয় ক'রেও দেখা যায় এগ্রিকালচারাল প্রোডাকশন যা আমাদের দেশে ১৯৫৩ এবং ১৯৫৪ সালে যে পরিমাণ খাদ্যশস্য আমাদের উৎপাদন হয়েছে তা আজকে ১৯৫৭-৫৮ এবং ১৯৫৯ সালেও ঠিক সেই পরিমাণেই খাদ্যশস্য রয়ে গেছে। বরং কোন কোন ক্ষেত্রে পরিমাণ অনেক কমে গেছে। যেমন খাদ্যের ব্যাপারে ল্যান্ড ইউটিলাইজেশনএর ব্যাপারে এই ধরনের আমরা তাদের যে তথ্য তাঁরা পরিবেশন করেছেন দেখা যায় ১৯৫৩-৫৪ সালে যে টোটাল ফুড গ্রেন আমাদের দেশে যতটা হয়েছে ২৫৯·৫ মিলিয়ন একরে তারা খাদ্যশস্য উৎপাদন করেছেন। আর ৫৭-৫৮ সালে ২৬৭·৪ মিলিয়ন একরে তাঁরা খাদ্যশস্য উৎপাদন করেছেন। এর ফলে আমরা দেখছি যে, চাল গত ৫-৬ বছর ধ'রে প্ল্যানিং কমিশন বলেছিল যে, গত দশ বছরের মধ্যে ৬০ পারসেন্ট ইনক্রিজ খাদ্যশস্য তাঁরা করবেন। কিন্তু এই ৬ বছরের

যে হিসেব তাতে দেখা যায় ১৯৫৩-৫৪ সালে রাইস প্রোডাকশন সারা ভারতবর্ষে যেখানে মাত্র ২৭·২৭ মিলিয়ন টন হয়েছিল। যেখানে ১৯৫৭-৫৮এ ২৪·৮২ মিলিয়ন টন এবং ৫৮-৫৯ সালে ২৯ মিলিয়ন টনের মত মাত্র হবে। কাজেই ৬ বছর ধ'রে ক্রমাগত এত হাজার হাজার টাকা এত কোটি কোটি টাকা ব্যয় ক'রে যদি খাদ্যশস্যের কোন অগ্রগতি না হয় বা কোন প্রোডাকশন যদি না বাড়ে তা হ'লে এত টাকা ব্যয় করার অর্থ কি? অবশ্য কিছু আগে মাননীয় বিজয় সিংহ নাহার মহাশয় বলছেন যে, বামপন্থীদের তরফ থেকে কেবল চায়না এবং জাপানের কথা উল্লেখ করা হয়। এবং সেখানকার প্রোডাকশন দেখিয়ে আমরা অনেক সময় বলি যে, ভারতবর্ষ অনেক পেছিয়ে পড়ে আছে। কিন্তু চায়নার কথা বাদ দিয়েও যদি আমরা অন্যান্য জায়গার প্রোডাকশনগুলি দেখি, বিশেষ ক'রে যেসমস্ত পশ্চাৎপদ দেশ রয়েছে এশিয়ার মধ্যে তার যদি আমরা প্রোডাকশন দেখি এবং সেখানকার পার ক্যাপিটা ইনকামএর সঙ্গে ভারতবর্ষের পার ক্যাপিটা ইনকাম তুলনা করি, তা হ'লে দেখব আমাদের দেশ কত পিছনে পড়ে আছে। যদিও ইউনাইটেড নেশনএর যে তথ্য সে তথ্য যদি আমরা দেখি যে ১৯৪৯ সনে ভারতবর্ষে ইউ এস ডলার অনুসারে পার ক্যাপিটা ইনকাম ছিল ৫৭ ওনলি, ১৯৫৭তে সেখানে দাঁড়িয়েছে মাত্র ৭২। কিন্তু অনগ্রসর সৌদি আরবিয়ায় যেখানে পার ক্যাপিটা ইনকাম ছিল ৪০ তারা ১৯৫৬ সালে ১৬৬ করেছে, চার গুণ পার ক্যাপিটা ইনকাম তারা বাড়িয়ে নিয়েছে। তেমনভাবে ইরাক যার পার ক্যাপিটা ইনকাম ছিল মাত্র ৮৫ সেখানে দাঁড়িয়েছে ১৯৫, ইস্রাইল তারা ছিল ১২৫ সেখানে আমরা দেখি ২৭০ পার ক্যাপিটা ইনকাম তারা বাড়িয়েছে। কাজেই মিডল ইস্টএ যেসমস্ত রাষ্ট্রকে আমরা বলি অত্যন্ত পিছিয়ে পড়া দেশ তাদের যদি পার ক্যাপিটা ইনকাম আমরা গত ৬ বছর ধরে দেখি তা হ'লে দেখব অধিকাংশ রাষ্ট্র তাদের আর্থিক অবস্থা এত তাড়াতাড়ি উন্নত করেছে যে, যার তুলনায় ভারতবর্ষ অত্যন্ত পিছিয়ে প'ড়ে আছে। তবুও কংগ্রেসী মহল থেকে গর্ব ক'রে বলা হয় যে, ভারতবর্ষে অভূতপূর্ব অগ্রগতি এবং দারুণভাবে আমরা এগিয়ে চলেছি—কি শিল্পের দিক দিয়ে, স্বাস্থ্য এবং ফুড গ্রেনস এবং প্রোডাকশনএর দিক দিয়ে আমরা এগিয়ে চলেছি। কিন্তু যেখানে সৌদি আরব ৪ গুণ এগিয়েছে সেখানে ভারতবর্ষ ৫৭ থেকে ৭২ মাত্র এগিয়েছে। এখানে প্রায়ই বলা হয় যে, আমাদের ওভার পপুলেশন। বেশ এখানকার পপুলেশন যা আছে সেই পপুলেশন হিসেবে যদি আমরা দেখি, তা হ'লে দেখব ভারতবর্ষে প্রতিটি মানুষের জন্য যত পরিমাণ চাষের জমি দেওয়া হয়, মাত্র ·১৭ হেক্টর। বাংলাদেশে এবং ভারতবর্ষে যদি গড়পড়তা নিই তাহ'লে এইটুকু মাত্র চাষের জমি আছে। কিন্তু মিডল ইস্টএ যেসমস্ত পশ্চাৎপদ রাষ্ট্র সেখানে আমরা দেখি ·২৬ হেক্টর তারা মাথাপিছু প্রত্যেক মানুষের জন্য জমি সেখানে আছে। তা সত্ত্বেও আমরা দেখি, সেখানে প্রোডাকশন হচ্ছে ২·৭০ কিলোগ্রাম পার হেক্টর, আর আমাদের এখানে হচ্ছে ২·০০ কিলোগ্রাম মাত্র। যদিও আমরা দেখতে পাই তাদের মাথাপিছু কম জমি রয়েছে। কাজেই ল্যান্ড ইউটিলাইজেশনএর ব্যাপারে বলেন যে, আমাদের দেশে অনেক জমি ইউটিলাইজ ক'রে ফেলেছি। ৫০ পারসেন্ট আমরা ইউটিলাইজ ক'রে ফেলেছি, কিন্তু সেখানে দেখা যায় অন্য জায়গায় ৫০ পারসেন্ট এখন এরেবল ল্যান্ড নয়। কিন্তু সেখানে দেখা যায় যে, আমাদের এখানে এখন পর্যন্ত ৭ পারসেন্ট ল্যান্ডএর যথেষ্ট সম্ভার আছে, ইউটিলাইজ করার মত জমি আছে। আর মিডল ইস্টএ মাত্র ১০ পারসেন্ট সে জমি আছে। এবং এ থেকে দেখা যায়, আমাদের দেশে ইরিগেশনএর যে সুযোগ আছে ৫০ পারসেন্ট এরেবল ল্যান্ডকে ইরিগেটেড করতে পারি, কিন্তু মিডল ইস্ট ঐ জমিও ইরিগেশনএর সুযোগ নিতে পারে না। তার কারণ সেখানে নদী এবং অন্যান্য অবস্থা এমনই সৃষ্টি হয়েছে যে, ভারতবর্ষে ইরিগেশনএর যে সুযোগ আছে মিডল ইস্টএ সেই সুযোগ নেই। তা সত্ত্বেও তারা ইরিগেশনএ যেটুকু সুযোগ আছে তার সদ্ব্যবহার করেছে। আর আমাদের ভারতবর্ষে এখন শতকরা ১৪ ভাগ জমি আমরা এখনও ইরিগেশনএর মধ্যে আনতে পারি নি। কাজেই যদি আমরা সমান পরিমাণ জমি ধরি, যে জমি মিডল ইস্টএ ইরিগেটেড হয় আর আমাদের দেশে যে জমি ইরিগেটেড হয় তার প্রোডাকশন যদি আমরা পাশাপাশি তুলনামূলক বিচার করি তা হ'লে দেখব ইজিপ্টে যে ইরিগেটেড জমি আর আমাদের যে ইরিগেটেড জমি তার ফসলের ডিফারেন্স হ'ল থ্রি টাইমস। আজ সিরিয়ার মত যে পশ্চাৎপদ রাষ্ট্র সেখানে আমাদের দেশে যে ফসল উৎপন্ন হয় সেই সমপরিমাণ জমিতে তারা দ্বিগুণ ফসল উৎপন্ন করে। এবং টার্কির মত জায়গাতে সেখানে ৩৬৪০ কিলোগ্রাম পার হেক্টর হয় আর আমাদের এখানে ১৩৬০ ইন ইন্ডিয়া। কাজেই যে ছবি আমাদের সামনে

দেওয়া হয় বছরের পর বছর হাজার হাজার কোটি টাকা ব্যয় ক'রে ভারতবর্ষ গ'ড়ে তোলবার যে ছবি আমাদের সামনে দেওয়া হয় শুধু জাপান আর চায়না যারা এশিয়ার নিম্নগামী রাষ্ট্রের সঙ্গে তুলনা করলেই দেখব আমাদের অগ্রগতি কত ক্ষীণ।

[6-30—6-40 p.m.]

কাজেই যে ছবি তাঁরা আমাদের সামনে দেন, জনসাধারণকে বিভ্রান্ত করবার জন্য এই ছবি আমাদের সামনে দেওয়া হয়। দিনের পর দিন এই ছবি আমাদের সামনে রেখে শুধু পশ্চিম বাংলার জনসাধারণকে নয়, সারা ভারতের অগণিত নরনারীকে প্রতারণা করবার চেষ্টা চলেছে এই কংগ্রেসের তরফ থেকে। আমরা দেখছি যে আমাদের পশ্চিম বাংলার একটা বিশিষ্ট অংশ আজকে পাকিস্থানের হাতে তুলে দেবার চেষ্টা চলেছে। শুধু বেরুবাড়ি ইউনিয়ন নয়, মুর্শিদাবাদের অংশ এবং এমনকি ইছামতী নদীর স্রোত, যেটা আমাদের ভারতবর্ষের ও পশ্চিম বাংলার, সেই ন্যাভিগেবল পোর্সানটা পাকিস্থানের হাতে তুলে দেবার চক্রান্ত হয়েছে। আজকে মন্ত্রী মহাশয়রা ও কংগ্রেসী সদস্যদের তরফ থেকে মাননীয় রাজ্যপাল মহাদয়ার ভাষণের প্রত্যুত্তরে সাদর সম্ভাষণ দেবার জন্য যে প্রস্তাব উত্থাপন করেছেন সেই প্রস্তাবের মধ্যে আমাদের বাংলা-দেশের অংশ, আমাদের ভারতবর্ষের মাতৃভূমির যে অংশ, সেই অংশকে পাকিস্তানের হাতে তুলে দেবার জন্য যে চক্রান্ত চলেছে, তার বিরুদ্ধে একটি কথা পর্যন্ত নেই। আমি অবাক হয়ে যাই, আমি লজ্জিত হচ্ছি—কিভাবে সেই ভাষণকে সম্পূর্ণভাবে সমর্থন করতে পারে কংগ্রেসের তরফ থেকে? কাজেই এই ভাষণের বিরুদ্ধে একটা পয়েন্ট আছে, যেটা হল ভারতবর্ষের অঙ্গ এবং বাংলাদেশের যে অঙ্গ, সেই অঙ্গকে যাঁরা রক্ষা করতে না পারেন, তাঁরা মন্ত্রীত্ব করতে গিয়ে যদি বীর্যহীন হয়ে পড়েন এবং কংগ্রেসী কেন্দ্রীয় সরকার বাংলাদেশটাকে লিকুইডেসানএ দেবার চেষ্টা করছেন, তার বিরুদ্ধে দাঁড়াবার যদি এতটুকু সাহস না থাকে, তাহলে নিশ্চয়ই তাঁদের সেই আসন থেকে নেমে আসা উচিত। আমি আশা রাখি বাংলাদেশের যদি মাত্র একটি অংশও চলে যায় তাহলে তাঁদের এখানে বসে রাজত্ব করবার কোন অধিকার থাকতে পারে না। কারণ বাংলাদেশের মানুষ অত্যন্ত সন্ত্রস্ত হয়ে লক্ষ্য করছে বিধান সভায় যদিও এই প্রস্তাব নেওয়া হয়েছে, তবুও তারপরে যে ঘটনা ঘটে চলেছে দিনের পর দিন, তার বিরুদ্ধে কংগ্রেসের তরফ থেকে ও তার মন্ত্রীসভার তরফ থেকে হাউসে মন্ত্রীদের বক্তৃতার ফোয়ারা যা চলছিল তা আমরা সকলে শুনেছি। তারা নীরব দর্শকের ভূমিকা অভিনয় করে ব্যবস্থা করে ফেলেছেন। খণ্ডিত বাংলাদেশের অংশকে আরও খণ্ড খণ্ড করবার চেষ্টা হচ্ছে এবং পাকিস্তানের কাছে আমাদের সত্ত্ব বিকিয়ে দেবার চেষ্টা চলেছে। তার বিরুদ্ধে আমি আশা করি সুবুদ্ধিসম্পন্ন দেশপ্রেমিক, কংগ্রেস বা যে কোন রাজনৈতিক দল হউন না কেন, তাঁরা রাজনৈতিক দলাদলির ঊর্ধ্বে দাঁড়িয়ে, বাংলাদেশকে রক্ষা করবার জন্য, বাঙ্গালীর মাতৃভূমিকে রক্ষা করবার জন্য এগিয়ে আসুন। আমি এই আবেদন তাঁদের জানাই। তাঁরা এগিয়ে আসুন আমরা তাঁদের সাহায্য করতে প্রস্তুত আছি। বাংলাকে বাঁচান এবং বাংলার বিরুদ্ধে যে চক্রান্ত চলেছে তার মূল উৎপাটন করুন। আমি মন্ত্রী মহাশয় এবং সঙ্গে সঙ্গে ওদিকে যে সমস্ত সদস্য বসে আছেন, তাঁদের সকলের কাছে আমার এই আবেদন রাখছি।

আর একটা কথা বলতে চাই। সেটা হল—রাজ্যপাল তাঁর ভাষণে বলেছেন দণ্ডকারণ্যের বিরুদ্ধে আন্দোলন করবার কোন প্রয়োজন নেই। তার কারণ ইচ্ছার বিরুদ্ধে কোন উদ্বাস্তুকে সেখানে নিয়ে যাওয়া হবে না। কিন্তু আমি জিজ্ঞাসা করি যদি কাউকে তার ইচ্ছার বিরুদ্ধে দণ্ডকারণ্যে নিয়ে যাওয়ার ব্যবস্থা না হয় তাহলে কেন নতুন নতুন আইন জারী করে নতুন নতুন অর্ডার আদেশ জারী করে পাঁচ বছরের কম, তিন বছরের কম বয়স্ক শিশুদের, যারা ক্যাম্পে আছে যাদের আট টাকা ক্যাশ ডোল ছিল, সেটা কমিয়ে দেওয়া হল? আজকে ক্যাম্পের লোক যদি বাইরের কোন লোকের সঙ্গে দেখা করতে যায় তাহলে কেন তার ক্যাশ ডোল কেটে দেওয়া হয়? আজ নানা জেলার অকটোপাসএর মত চারিদিক থেকে কংগ্রেস শাসন ব্যবস্থা যেভাবে ক্যাম্পের আবহাওয়াকে দূষিত করার চেষ্টা হচ্ছে, যেভাবে ক্যাম্পের সাধারণ, নিরীহ উদ্বাস্তুকে বিভ্রান্ত করবার চেষ্টা হচ্ছে, সেই চেষ্টার বিরুদ্ধে আমি প্রতিবাদ জানাই। আজ উদ্বাস্তুদের সঙ্গে সঙ্গে পাকিস্থানে না পাঠিয়ে দিয়ে, পিছন দিক দিয়ে, তাদের সরাবার জন্য ব্যবস্থা করা হচ্ছে। আজ তাদের দণ্ডকারণ্যে পাঠানর জন্য চেষ্টা চলেছে, এবং নতুন নতুন আইন জারী করে

যেভাবে তাদের জীবন জর্জরিত ও বিপন্ন করে তোলবার চেষ্টা হচ্ছে, তার বিরুদ্ধে প্রত্যেক দেশপ্রেমিক বাঙ্গালী মাত্রেই প্রতিবাদ জানাবে এবং আমিও জানাই। রাজ্যপালের বিভ্রান্তকারী অপপ্রচারে বাংলাদেশের অগণিত দুঃস্থ মানুষকে সর্বনাশ করবার যে চেষ্টা হচ্ছে, তার বিরুদ্ধে আমি সবল কণ্ঠে প্রতিবাদ জানাই, এবং আমি আশা করি দেশপ্রেম যাদের আছে তারা অন্ততঃ এগিয়ে এসে, রাজ্যপালের যে ভাষণ সেই ভাষণের বিরুদ্ধে আমরা যে বক্তব্য রেখেছি, সেই প্রস্তাবকে সমর্থন করে বাংলাদেশকে বাঁচিয়ে, গড়ে তোলবার জন্য চেষ্টা করুন। যারা দেশপ্রেমিক, যারা দেশের সত্যিকারের সেবা করতে চান এবং যাঁরা মন্ত্রীত্বের গদীতে বসে আছেন ও কংগ্রেসের বেঞ্চে যে সকল সদস্য বসে আছেন, তাঁদের সকলের কাছে আমার অনুরোধ যেন পশ্চিম বাংলার আর এক ইঞ্চি পরিমাণ অংশও পাকিস্তানের অংশে বা বাইরে না যায়, অন্ততঃ এইটুকু করে বাংলার মান রক্ষা করবেন। আমি এই কয়েকটি কথা বলে, রাজ্যপালের ভাষণের বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

Sj. Gokul Behari Das. Mr. Speaker, Sir, I rise to support the motion of thanks moved from this side of the House. Her Excellency's address is not full of sound and fury and therefore it has not pleased the opposition. But, Sir, it is a matter of fact and business-like speech appropriate for a country which is engaged in nation building work. I may emphasise, Sir, the food policy of the Government which is alive to the popular feeling of the country. We know, Sir that this policy, though backed by the people would not have a plain sailing, and as we feared, anti-social forces have reared their head. We are, Sir, emphatically of the opinion that Government should deal with these anti-social forces with iron hand. The Government must fight them out. If they gain the upperhand it will spell disaster for the State. The Government should therefore arm themselves with all legal weapons that are necessary to deal with the situation. If necessary, they should requisition the stocks wherever found; if necessary they should prosecute the anti-social elements; if necessary they should cancel the licences of the mill-owners and the wholesalers; they should make a frontal attack. We know, as soon as Government make a drive they may combine, and the paddy and rice may disappear from the market altogether leaving the people in the lurch. For that the Government must make large scale purchase from outside Bengal and after that they should make a frontal attack on these anti-social forces. Now, Sir, I welcome the Government for this measure. The Government have tried all other measures but they could not bring about a welcome situation, and as a last resort they have taken the extreme measure. They have the full backing of the people. I would also appeal to the newspapers that they should suggest, they should give constructive suggestions to the Government and mobilise the people against the anti-social forces.

Now, Sir, some most welcome reforms of the land system are also in the offing. Suggestions that have been made in the Nagpur Session of the Congress will revolutionise the land system of the country. The suggestion that the excess lands which have vested in the Government will go to the Panchayats and will be cultivated by the landless labourers is a very good suggestion. We think this would give impetus to the growth of food. Suggested abolition of bhag system has caused concern to my friend Sj. Sisir Das. He spoke in a strange voice today. A few years ago we knew that they were against compensation but today we find them pleading for compensation.

[6-40—6-50 p.m.]

He thinks that the jotedars would be thrown to the wolves. He has complained of indecision on the part of the Government. Sir, I should most respectfully submit that it is not indecision. The Government want

to balance the economy. They want to adjust the interests of both the jotedars and the bhagdars, and that is why the Government are seriously thinking in the matter. It is not indecision.

Sir, I also welcome the firm policy of the Government on the refugee problem. This has been a baffling problem so far and it is a hurdle to the progress of our country. They have now taken a desirable step, and we feel that if the Government steadily follow the Dandakaranya Scheme this problem will ultimately be solved. The Opposition members always speak of co-operation and they say that the Congress do not want their co-operation. But I must frankly say that there are misgivings so far as their conduct is concerned. They do not see eye to eye with the Government so far as this refugee problem is concerned. They are taking direct action against the Government so far as the food policy of the Government is concerned, we find that they want to increase the price of paddy. This is contrary to the policy of the Government. Therefore, we do not know in what way they want to co-operate with the Government. Now, Sir, unemployment is certainly the concern of the country. But we think that the unemployment problem cannot be solved, educated unemployment problem cannot be solved only by industrialisation, because we see that our Universities and schools are turning out thousands and thousands of students every year and it cannot be expected that any country can absorb so large a number in industry or in Government appointments or in other services. Therefore I would humbly suggest the starting of business based on co-operation and co-operatives. The people—our educated men—should be made co-operative minded and Government should give initiative to co-operative movement, so that our students and our young men can take to business based on co-operation. Now, Sir, we must supplement our rural economy by small-scale business and cottage industries. So far as this part of the Government programme is concerned, we feel, Sir, that much progress has not been done. Her Excellency has spoken of Ambar Charka, but the figure she gives is not an inspiring figure. We think that Government should cover new grounds in this matter —plastic goods, glass wares, matches and all these things should engage the attention of the Government. I would request the Government to consider whether they cannot produce these things on cottage industry basis. I would also ask them to eliminate the middlemen and to supply the raw materials to the village artisans direct. That is to say, they should supply to the village artisans raw materials, such as brass, copper, etc., direct. The Government should take a bold policy which is called for in the situation. (At this stage blue light was lit.) Sir, I am afraid my speech has to be cut short. So I would say, Sir, there are many schemes which could be worked out successfully and I would request Government to bring their full energy for the fulfilment and completion of their goal.

Sj. Jagannath Majumdar:

আজকে রাজ্যপালিকার ভাষণ সম্বন্ধে যে আলোচনা হচ্ছে তার তৃতীয় দিন। আমি বলতে চাই যে বিরুদ্ধ পক্ষের যাঁরা বক্তৃতা করেছেন তাঁরা ভাষণের একটা দিকই বলেছেন যে রাজ্যপালিকার ভাষণ খুব অবাস্তব। অবশ্য আমি খুব চেষ্টা করেছি বিরুদ্ধ পক্ষের বক্তৃতা থেকে কিছু কিছু বস্তু সংগ্রহ করতে। তাঁরা যদি বলেন রাজ্যপালিকার ভাষণে বস্তু নাই, তাদের ভাষণে যে কতটা বস্তু আছে আশা করি তাঁরা সেটা অন্বেষণ করবেন। তবে আমি বলতে চাই এবার ভাষণ সম্বন্ধে যে আলোচনা হচ্ছে তার ভিতরে রাজ্যপালিকার ভাষণে যে বস্তু আছে তা বোঝা যাচ্ছে বিরুদ্ধ দলের লোকেরা যে ৩৭টা সংশোধন প্রস্তাব এনেছেন তা থেকে। তার মধ্যে এই প্রদেশের বড় বড় সমস্যার বিষয়গুলি আছে এবং তিনি সে সবের উল্লেখও করেছেন। আমরা বিশ্বাস করি খাদ্য-সমস্যা ভয়ানক তীব্র সমস্যা এবং আমাদের বিরোধী পক্ষের বক্তারা খাদ্যসমস্যা ও কৃষিসমস্যার উপর জোর দিয়েছেন এবং সেটা দেওয়াই উচিত। সেদিক থেকে বলতে পারি যে, এবারকার

আলোচনার বাস্তবের দিকে চলেছে এবং রাজ্যপালিকার ভাষণও বাস্তব। এবারকার বক্তৃতা খানিকটা বাস্তবতার পক্ষপাতী এবং সেই হিসাবে বক্তৃতা আমার কাছে ভালই লেগেছে। জ্যোতিবাবু যে বক্তৃতা দিয়েছেন তাতে তিনি খাদ্য ও কৃষির উপর বেশি করে জোর দিয়েছেন, এবং ডাক্তার ঘোষও যে বক্তৃতা দিয়েছেন তাতে তিনিও খাদ্য ও কৃষির উপর জোর দিয়েছেন, রাজ্যপালিকার ভাষণে দেখছি তিনিও খাদ্য ও কৃষির সুব্যবস্থার কথা উল্লেখ করেছেন। এখানকার যে সমালোচনা তা গঠনমূলক সমালোচনা হওয়াই উচিত। মাননীয় জ্যোতিবাবু চীনের সম্বন্ধে একটা তুলনামূলক চিত্র এঁকেছেন, চীনের অগ্রগতিরই একটা চিত্র এঁকেছেন। তাঁর পক্ষে সেটা বলাই স্বাভাবিক। এইরকম তুলনামূলক চিত্র যে এঁকে দেখানো হয় তার কারণ এসিয়া খণ্ডে দুটো দেশের মধ্যে উন্নতির পথে প্রতিযোগিতা চলছে। গণতান্ত্রিক ভারতবর্ষ উন্নতির পথে চলেছে আর একনায়কত্বের পথ নিয়ে চীন ও উন্নতির পথে চলেছে। মানুষ চায় এই দুটা দেশের উন্নতি কেমনভাবে কতদূর এগিয়ে চলেছে তা দেখতে। জগতের লোক প্রতীক্ষা করছে কে কত উন্নয়ন করেছে। জ্যোতিবাবু বলেছেন বিপ্লবের পূর্বে চীনের চার কোটি টন চাল উৎপন্ন হত তা থেকে এখন ১৮ কোটি টন হয়েছে, আমার মনে হয় এখানে এই ৮ এর আগে ১ সংখ্যাটাই ভুল সেখানে ৮ কোটি টন হওয়াই সম্ভব। তার কারণ কিছুদিন আগে চায়না টুডে বলে একখানা বই আছে তাতে বলেছে যে, সেখানে সেন্ট পারসেন্ট বেড়েছে অর্থাৎ ৪ কোটি টন যদি রিভলিউসন-এর আগে সেখানে চালের প্রডাকশন থ কত তাহলে সেখানে ৮ কোটি টন হতে পারে, সেটা ৪০০ পারসেন্ট বেড়ে গেছে এটা বিশ্বাস যোগ্য নহে।

[6-50—7 p.m.]

সুতরাং যে তথ্য তিনি দিয়েছেন তার ভিতর কোথাও বোধ হয় ভুল আছে। তিনি কোথা থেকে সে তথ্য দিয়েছেন তা জানি না তবে মনে হয় যে তার ভিতর কিছু ভুল আছে। এখানে কিছুদিন আগে ইউনাইটেড নেসান্স থেকে ফরাসী দেশীয় এক প্রফেসার এসেছিলেন আমরা কয়েকজন এম. এল. এ তাঁর সঙ্গে মিট করেছিলাম তিনি কিছুদিন আগে চীন দেশ থেকে ঘুরে এসেছিলেন তিনি বলেছিলেন, চাইনিজ গবর্নমেন্ট ক্লেম করছে বটে যে তাদের দেশে সেন্ট পার সেন্ট খাদ্যের উৎপাদন বেড়েছে কিন্তু আমার মনে হয় সেখানে ৫০ পার সেন্ট বেড়েছে তবে খাদ্যের বৃদ্ধির পারমাণ যে ভাল এইটাই যথেষ্ট। এই খাদ্য উৎপাদন বাড়ানোর যে প্রচেষ্টা চীন করেছে আমাদের তার প্রতি সহানুভূতি আছে আমরাও এইরকম করে এগিয়ে যেতে চাইছি। এই খাদ্য নিয়ে আমাদের যে কৃষি মন্ত্রী সম্মেলন হয়ে গেল নয়াদিল্লীতে তাতে এই খবরগুলো কাগজে বেরিয়েছে যে, ১৯৬৫-৬৬ সালের মধ্যে আমরাও সেন্ট পার সেন্ট খাদ্যের পরিমাণ বাড়িয়ে তুলতে পারব। অর্থাৎ আমরা যে টার্গেট করেছি তাতে ১৯৬৫-৬৬, সালের মধ্যে আমরা কৃষির উৎপাদন দ্বিগুণ করতে পারব। আমি কিছুদিন আগে কেরালার নাম্বুদ্রিপাদের একটা আর্টিকল পেয়েছিলাম তাতে এই আভাসই ছিল যে, ১৯৬৫-৬৬ সালের মধ্যে তাঁরা খাদ্য উৎপাদন দ্বিগুণ করতে পারবেন।

জ্যোতিবাবু চীনের সঙ্গে তুলনা করলেন কেন? তাদেরত নিজেদের দলের শাসনাধীনে একটা দেশ আছে কেরল রাজ্য তার নাম। আমাদের ভারতবর্ষ হইল সার্বভৌম। এর ভিতর কেরালার মত কম্যুনিস্ট দেশও রয়েছে। যাঁরা বলেন আমাদের দেশে গণতন্ত্র নাই তাঁদের বলি গণতন্ত্রের এখানে কত বড় উদাহরণ যে একই দেশের ভিতর বিভিন্ন প্রদেশের কংগ্রেস শাসনের মধ্যে একটা কম্যুনিস্ট প্রদেশ পর্যন্ত রয়েছে। জ্যোতিবাবু তুলনাটা কেরলার সঙ্গে করলেই ভাল করতেন তার কারণ তাহলে আমরা বুঝতে পারতাম কেরালা কতটা এগিয়ে যাচ্ছে এই কম্যুনিস্ট শাসনে। চীনের অবস্থা এবং ভারতবর্ষের অবস্থার তফাত আছে। চীনে মার্জিনাল ল্যান্ড কালটিভেট করতে হয় না। ভারতবর্ষের ল্যান্ডে জনসংখ্যা অনেক বেশি সেদিক থেকে চীন অপেক্ষাকৃত ভাল অবস্থায় আছে, কাজেই আমার মনে হয় তুলনাটা কেরালার সঙ্গে করলেই ভাল হত।

খাদ্য সম্মেলনের রিপোর্ট থেকে পাওয়া যায় যে, কৃষি উৎপাদন কেরালার চেয়ে মাদ্রাজ, অন্ধ্র, উড়িষ্যায় এমনকি, উত্তর ভারতেও বেশি সুতরাং কেরালা যদি সব প্রদেশকে অতিক্রম করে যেতে পারত তাহলে বুঝতাম কেরালার এই কম্যুনিস্ট গবর্নমেন্ট সমস্ত প্রদেশকে অতিক্রম করে

ভালভাবে কাজ চালাচ্ছে। কিন্তু আনুপাতিক অঙ্ক দেখলে দেখা যাবে যে, কেরালার অগ্রগতি সমস্ত দেশকে অতিক্রম করে যায় নি। জ্যোতিবাবু কি বলতে চেয়েছেন যে, কম্যুনিস্ট গবর্নমেন্ট হলে বেশি খাদ্য উৎপাদন হবে আর অ-কম্যুনিস্ট গবর্নমেন্ট হলে বেশি উৎপাদন হবে না? এই কি তাঁর প্রতিপাদ্য বিষয়? আমরা জানি ব্রহ্মদেশে খুব চাল হয় সুতরাং কম্যুনিস্ট গবর্নমেন্ট হলেই দেশে চাল হবে তা না হলে হবে না এই প্রতিপাদ্য বিষয় হতে পারে না। এজন্য অন্য জিনিস আছে। কম্যুনিস্ট গবর্নমেন্ট হলেই যে, ধান চাল বেশি হবে বা কৃষি উৎপাদন হবে এ জিনিস নয়। অবস্থা অনুকূল হওয়া চাই, সেজন্য আমার মনে হয় তুলনামূলক যে চিত্রাঙ্কন তিনি করেছেন সেই চিত্রাঙ্কনের ভিতর খুঁটিনাটি অনেক ভুল রয়েছে। আমি জানি না তিনি চীনের যেসব তথ্য দিয়েছেন তা ঠিক তথ্য কিনা এবং সে তথ্যকে আমরা বিশ্বাস করতে পারি কিনা। স্ট্যাটিস্টিকস সংগ্রহ করার যে চীনে ভাল ব্যবস্থা আছে তা মনে করতে পারি না। চীনের পরিকল্পনা সম্বন্ধে একটা বই পড়েছিলাম তাতে দেখেছিলাম চীনের এই স্টেটিস্টিকস খুব বেশি পাওয়া যায় না সেজন্য তার বহুবিধ যে স্টেটিস্টিকস দেওয়া হয়েছে তা কতটা নির্ভর-যোগ্য এবং কোন সোর্স থেকে পেয়েছেন তা জানিয়ে দিলে ভাল হত। শিল্প বিষয়ে যে কথা বলেছেন লোহালক্করের কথা সেখানে প্রচার খুব চলেছে কিন্তু তার খুব ভাল স্টেটিস্টিকস যে আছে তা নয়। চীনের এই স্টেটিস্টিকস কোন বই থেকে পেয়েছেন তা জানতে পারলে বুঝতে পারতাম কোথা থেকে তিনি পেয়েছেন। এই যে, পঞ্চবার্ষিকী পরিকল্পনা করতে তারা ব্যয় করছেন সে কোথা থেকে আরম্ভ করে কতদূর গিয়েছে তা বললে ভাল হত। শুধু সে দেশ এতটা এগিয়ে গিয়েছে সে কথা বললেই ভাল হয় না। আমরা কি বিশ্বাস করব যে খাদ্য উৎপাদন চার কোটি টন থেকে ১৮ কোটি টন হয়েছে? আমরা খুব খুসী হতাম যদি ৪০০ পারসেন্ট চীনদেশে বাড়ত কারণ মাত্র তিন বছরে যে দেশে ৪০০ পারসেন্ট উৎপাদন বাড়ে সেখান থেকে নিশ্চয় আমরা অনেক সাহায্য পেতে পারব।

আজ আমাদের ব্রহ্মদেশ থেকে চাল আনতে হয় তাহলেও আমরা চীনদেশ থেকেই চাল আনতে পারতাম যদি সেখানে ৪০০ পারসেন্ট বেড়ে থাকে।

তার পর চীনের সঙ্গে শাসন ব্যবস্থার তারতম্য আছে। পি. এস, পি পার্টির অশোক মেটা স্টেটিস্টিকসএ একটা আর্টিকল লিখেছিলেন—চীনদেশ হয়ত ভারতের চেয়ে বেশি উন্নতি করতে পারে, কিন্তু একটা ফিফথ ইগ্রেডিয়েন্ট আছে। সেই আর্টিকেলটা শ্রীঅশোক মেটার এবং তাতে প্ল্যানিং সম্বন্ধে তিনি বলছেন

The reason is obvious. They use a fifth ingredient of production-terror.

এটা কোন কংগ্রেসী কথা নয় শ্রীঅশোক মেটার কথা। আমি এটাকে টেরর না বলে আমি বলব কম্পালসান। আমাদের গণতান্ত্রিক দেশে এটাকে টেরর না বলে কম্পালসান বলা উচিত। অর্থাৎ অশোকবাবু যে কঠিন কথা ইউজ করেছেন সে কথা আমি বলতে চাই না। এই কম্পালসান সেখানে আছে। বিজয়বাবু বললেন যে তারা ১২ থেকে ১৮ ঘণ্টা কাজ করে। একজন ফরাসী প্রফেসার ইউ, এন, ও, থেকে এখানে এসেছিলেন তিনি বললেন তোমাদের দেশে ৮ ঘণ্টা কাজ করে, কিন্তু ফরাসী, চীন, সোভিয়েট, রাশিয়ায় ৮ ঘণ্টা কাজ করে না তার চেয়ে অনেক বেশি কাজ করে। কিন্তু আমাদের লোকেরা ৮ ঘণ্টাও কাজ করতে চায় না, অথচ আমরা প্রডাকশান বাড়াতে চাই। সেই ফরাসী প্রফেসার আরও বলেছেন যে বীরভূম ইত্যাদি অঞ্চলে অনেক ডেভালপমেন্ট দেখলাম, অনেক খাল আছে কিন্তু চাষীরা নিজের নিজের জায়গায় সেই খালের জল নিয়ে যেতে চায় না তারা বসে থাকে। অর্থাৎ তারা লেবার দিতে চায় না, তার উপর আবার কর ধার্য করলে তারা আপত্তি করবে। সেজন্য তিনি বললেন যে তোমরা এই রকম কর যে সপ্তাহে প্রত্যেক ফ্রি লেবার একদিন করে দিতে হবে যাতে করে এটা তারা কম্পালসারী করতে পারে। কিন্তু এই কম্পালসারী লেবার করতে গেলে একটা বিরাট আন্দোলন হবে। সুতরাং এই সমস্ত দেখে সমস্ত লোককে যদি গণতান্ত্রিক উন্নয়নের পথে নিয়ে যেতে হয় তাহলে খানিকটা কঠোর-ভাবে তাদের নিয়ে যেতে হবে। কিন্তু সেখানে গণতন্ত্র আমরা বিসর্জন দেব না। এই উন্নয়ন ও গণতন্ত্র একসঙ্গে রক্ষা করে চলতে চাই বলে আমাদের যাত্রাপথ এত বাধাসঙ্কুল।

[At this stage the honourable member, having reached his time limit, resumed his seat.]

[7—7-10 p.m.]

Sj. Ramanuj Haldar:

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় রাজ্যপালিকার ভাষণ সম্পর্কে প্রশ্ন উঠেছে যে বিরোধী দল থেকে কেবল অবাস্তব বলা হয়, কিন্তু এটা অবাস্তব না হলেও বাস্তবের সঙ্গে এর কোন সামঞ্জস্য নেই। অর্থাৎ স্বপক্ষীয় কার্যকে অতিরঞ্জিত করে কোন কোন ঘটনার উত্থাপন করা হয়েছে। আমি শেষের দিকে লক্ষ্য করে দেখলাম যেখানে তিনি বলেছেন যে 'প্রানের স্পন্দন' মর্যাদা বোধ ইত্যাদি বৃদ্ধি পেয়েছে সেখানে কিন্তু আসলে অসংখ্য গ্রামবাসীর দুর্দশা ও অন্তহীন দুঃখ বেড়েই চলেছে। তিনি তাঁর ভাষণের মধ্যে রেখেছেন যে ১৯৫৮ সালের সমস্যাসঙ্কুল গ্রামগুলিতে প্রায় ৫০ ভাগ লোককে ঐ কয়েক মাস যাবত খাদ্য সরবরাহ করা হয়েছে। কিন্তু বাস্তব এই যে ১০-১২ মাইল পথ রাত্রির অন্ধকারে পূর্বদিন যাত্রা করে রেশন প্রাপকদের মডিফায়েড দোকানে ভোর থেকেই লাইন দিতে হয়, অথচ শতকরা ২০ থেকে ২৫ ভাগ লোক রেশন পায় বাকী লোক রেশন না পেয়ে ক্ষুন্নমনে ফিরে যেত। আমরা লক্ষ্য করে দেখেছি যে মাল সরবরাহ করা হত তা অত্যন্ত অপরিমিত এবং তাও আবার নিয়মিতভাবে সরবরাহ করা হত না। তারপর কৃষিসংক্রান্ত ব্যাপারে কিছু বলব। সংবাদপত্রে আপনারা লক্ষ্য করে দেখেছেন যে এই বৎসরে সারা পৃথিবীর মধ্যে চীনে বাদে অন্যত্র চালের যা উৎপাদন হয়েছে একা চীন সেই উৎপাদন করতে সমর্থ হয়েছে। আমাদের সরকার যে এগারো বছর ধরে কিছু করেন নাই এমন বক্তব্য আমার নয়, যেটুকু করেছেন তার জন্য তাঁরা প্রশংসার আশা করতে পারেন না। এই দীর্ঘ এগারো বছরব্যাপী সমস্ত সমাজের মধ্যে যে দারিদ্র্য, দুর্নীতি ও অসহায়তা ক্রমবর্ধমান,—বহু অর্থ অপচয় করে যে সামান্যতম কাজ করা হয়েছে এটা তাদের কাজের আর এক পরিচয় এবং এর জন্য দেশের জনগণ অত্যন্ত দ্রুতগতিতে নৈতিক অধঃপতনের পথে চলে গেছে। এই যে জাতীয় কলঙ্ক এটা কংগ্রেসের রাজত্বকালেই সম্ভবপর হয়েছে, আমাদের দেশে যে সামান্যতম ভূমি বাকী রয়ে গেছে আজও তা উদ্ধার করা যায় নি, আমাদের প্রায় বাইশ হাজার সাতান্ন বর্গমাইল ভূমিতে চাষ হচ্ছে। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার তৃতীয় বৎসরে লক্ষ্য করে দেখছি যে ৮১ কোটি টাকা ব্যয় করে যে উর্ধ্বতম সীমায় পৌঁছাতে হবে তার শতকরা ৩০ থেকে ৩৫ ভাগ মাত্র সাফল্যমণ্ডিত হয়েছে। অর্থ ব্যয়ের সঙ্গে এটা তুলনা করলে আমরা দেখি যে পশ্চিমবঙ্গ কত পশ্চাৎপদ হয়ে রয়েছে। অত্যন্ত পরিতাপের কথা বর্তমান বৎসরে কিছুদিন আগে মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয় বাম্পার ক্রপের কথা বলেছিলেন, এখন শোনা যাচ্ছে যে নয় লক্ষ টন খাদ্য ঘাটতি, আমি ইজিপ্ট জাপান প্রভৃতির কথা ছেড়েই দিলাম, কিন্তু চীনের কথা আপনি শুনেছেন এবং মাননীয় সদস্য অপূর্ববাবু এসিয়া এবং অন্যান্য ক্ষুদ্র ক্ষুদ্র রাষ্ট্রগুলির বিষয়, তাঁদের সাফল্যের কথা উল্লেখ করেছেন, এই অবস্থায় আমরা লক্ষ্য করে দেখছি যে পশ্চিম বাংলার মধ্যে প্রায় ২০ লক্ষ যে শুধু বেকার তাই নয়, ৩৫ লক্ষ লোক ভূমিহীন কৃষকরূপে বর্গাদাররূপে ভূমি চাষ করে অথবা অন্যের কাছে কৃষি মজুর হিসাবে কৃষি কর্মের উপর নির্ভর করে দিন চালায় এবং তাঁরা বৎসরের মধ্যে সাত-আট মাস বেকার থেকে যায়। নাগপুর অধিবেশনে যে ভূমির সর্বোচ্চ সীমা নির্ধারণের প্রশ্ন তোলা হয়েছে সেটাকে আমি অভিনন্দন জানাই, কিন্তু বহু পূর্বেই এটা করা উচিত ছিল। ভূমির সর্বোচ্চ সীমা নির্ধারণ করে দিলে সেই উদ্বৃত্ত ভূমি বাংলাদেশের ৩৫ লক্ষ লোক এবং অন্যান্য লোকের মধ্যে বিশেষতঃ কৃষি পরিবারের মধ্যে বণ্টন করলে যে বাংলাদেশের অগণিত কৃষকের দারিদ্রের পরিবর্তন হবে এমন আমি মনে করি না, ভূমিতে যে ফসল ফলবে সেই ফসলের মূল্য অগণিত জনসাধারণের প্রাপ্য হবে মাত্র। তাঁরা এর খানিকটা সুযোগ পাবেন, কিন্তু সঙ্গে সঙ্গে অন্যান্য মুনাফাখোর ব্যবসায়ীরা লক্ষ লক্ষ কোটি কোটি টাকা সঞ্চয়ের সুযোগ পাবেন। সেই সুযোগ যদি বিকেন্দ্রীভূত করা না হয় এবং জনসাধারণের মধ্যে সেগুলি পৌঁছে দেওয়ার ব্যবস্থা না হয় ন্যাশনালাইজ করে বা অন্যভাবে তাহলে জনসাধারণের দারিদ্রের পরিবর্তন হতে পারে না। সমস্ত দেশব্যাপী যে দুর্নীতি চলছে সেটা সকলেই জানে। মাননীয় কংগ্রেস সদস্যগণ কি অবহিত নন যে সমাজের সর্ব সম্মানীয় শ্রেণীর যে শিক্ষকগণ তাঁদেরও পর্যন্ত দুর্নীতির প্রশ্রয় ও মিথ্যা হিসাবের সম্মুখীন হতে হয়? প্রকৃতপক্ষে তারা যে পরিমাণ বেতন পান তদপেক্ষা বেশি হিসাবের খাতায় লেখার ব্যবস্থা করতে হয়। মানুষ ক্ষতিগ্রস্ত হলে পুলিসের কাছে যায়, কিন্তু ফল হতাশাব্যঞ্জক তাই সেই পুলিসের কাছে যাওয়ার চেয়ে মানুষ চুরিডাকাতির অত্যাচার সহ্য করা শ্রেয় মনে করে। রাজ্যপালের ভাষণে

দেখলাম যে দেশে অশান্তি যা প্রকট হয়েছে তা অনেকটা কমে গিয়েছে। কিন্তু প্রকৃত কথা, একটুও কমে নি। আজকে মানুষের মধ্যে হতাশা জেগেছে। আদালতে মামলা মোকর্দমা করতে যান ঘুষ লাগবে। উচ্চ শিক্ষার ব্যবস্থা করতে চান, উমেদারী করতে হবে। ব্যবসা বাণিজ্য করতে চান দুর্নীতির প্রশ্রয় নিতে হবে। সাধারণ মানুষ দিনের পর দিন নানাভাবে জর্জরিত হচ্ছে। স্বাধীনতা প্রাপ্তির পর এই রাজত্বের মেয়াদ যতই বাড়ছে ততই দিনকে দিন একদিকে অভাব যেমন বাড়ছে, আরেকদিকে লাভের অংশ মুষ্টিমেয়ের কুক্ষিগত হচ্ছে। সাধারণ মানুষের মনে আজকে হতাশার ভাব দেখা দিয়েছে এমন অবস্থা হয়েছে যে, সাধারণ মানুষের আয়ের ৬৭ ভাগ খাদ্যের জন্য ব্যয় করতে হয়। মাননীয় সদস্য কবি বিজয়লাল চট্টোপাধ্যায় মশাই চরখার কথা বললেন, কিন্তু রাষ্ট্রের যাঁরা কর্ণধার, রাষ্ট্রভার যাঁরা পরিচালনা করেন তাঁদের যদি আন্তরিক ইচ্ছা ও গঠনমূলক কাজের প্রত্যক্ষ রূপ দেবার মনোভাব না থাকে তাহলে কোন ক্ষুদ্রায়তন শিল্পই বৃহৎশিল্পের সঙ্গে প্রতিযোগিতা করে চলতে পারে না। আমরা লক্ষ্য করছি যে, বাংলাদেশের অগণিত অসহায় নারী যারা ধান ভেঙ্গে দিন গুজরান করতো হাসকিং মেসিন প্রভূতপরিমাণে চালু হওয়ার দরুন তারা বাধ্য হয়ে বেকার জীবন যাপন করছে। প্রথমে বলা হয়েছিল ল্যান্ড এ্যাকুইজিশনএর মাধ্যমে এক লক্ষ একর ভূমি পাওয়া যাবে, কিন্তু এখন শুনতে পাচ্ছি যে এর পরিমাণ ৪০ হাজার একরমাত্র। এই আইনে একই পরিবারের বিভিন্ন ব্যক্তি ৭৫ বিঘা ভূমি রাখবার সুযোগ পেয়েছে। এই সরকার বুভুক্ষু মানুষকে খাদ্য যোগাতে না পেরে পরামর্শ দিতে আরম্ভ করেছেন খাদ্যের পরিবর্তন কর, একাদশী পালন, পূর্ণিমার দিন খেয়ো না, আধ পেটা খাও, দেশের জন্য সহ্য কর। সরকারী নির্ধারিত মূল্যমান যে ব্যর্থ হতে বসেছে তাতে জনসাধারণের দোষ নাই, সরকারই এই ব্যাপারে দৃঢ়তার সঙ্গে কোনদিন অগ্রসর হতে পারেন নি। আমরা মনে করি এই যে স্টক পাচার হচ্ছে এটাতে সরকার সংশ্লিষ্ট ব্যক্তিদের যোগসাজসে, সরকারের জ্ঞাতসারেই এটা হচ্ছে এর জন্য বাজার থেকে চাল উধাও হয়ে যায় এবং সাধারণ মানুষ বাজারে চাল খরিদ করতে না পেরে নির্ধারিত মূল্যের অধিক দরে বাজার থেকে চাল সংগ্রহ করছে। এজন্য জনসাধারণের দোষ অপেক্ষা যে সরকার আইন প্রণয়ন করে সেই আইন কার্যে পরিণত করতে পারে না সেই সরকারেরই দোষ অধিক, এবং সেই সরকারকে কালোবাজারী সরকার বলে অভিহিত করা যেতে পারে। এই বলে যে অসামঞ্জস্যকর ভাষণ দিয়ে রাজ্যপাল সরকারী কাজকে বড় করে দেখাবার চেষ্টা করেছেন তার আমরা নিন্দা করি।

[7-10—7-20 p.m.]

Sj. Mrityunjoy Jana:

মাননীয় স্পীকার মহোদয়, রাজ্যপালের অভিভাষণের জন্য ধন্যবাদ জানাতে গিয়ে তিনি তাঁর ভাষণে কি বলেছেন আমি সে সম্পর্কে দুয়েকটা কথা আলোচনা করব। তিনি বলেছেন, ৯ লক্ষ টন খাদ্যশস্য বিতরণ করা হয়েছে, দুই কোটি টাকা ডোল হিসাবে দেওয়া হয়েছে, দুই কোটি ৪৫ লক্ষ টাকার কৃষিঋণ দেওয়া হয়েছে, ৫০ হাজার টাকা কৃষকদের মধ্যে বিতরণ করা হয়েছে, বিভিন্ন ধরণের সেচকার্যের জন্য ১০ কোটি টাকা ব্যয় করা হয়েছে, ৪ কোটি ৩০ লক্ষ একর জমিতে জল দেওয়া হয়েছে—এরকম বহু তথ্য তিনি বলেছেন। একথা যদি সত্য হয় তাহলে তাঁর কাজের প্রশস্তি না করে পারা যায় না—তাঁর প্রশংসা করা প্রত্যেকেরই উচিত। বিরোধী পক্ষীয় বন্ধুরা এ কার্যগুলির প্রতিবাদ করেন না, অসত্য বলছেন না, অথচ তার ভাষণে প্রতিবাদ করছেন—এটা কেমন হল বুঝতে পারি না। মাননীয় জ্যোতিবাবুর মত বিশিষ্ট নেতা এবং প্রফুল্লবাবুর মত আদর্শবাদী নেতা কেন সত্যকে অস্বীকার করছেন আমি ভেবে পেলাম না। মাননীয় জ্যোতিবাবুর বক্তৃতায় যখন জানতে পারলাম যে এদেরকে ওঁরা গতিচ্যুত করতে চান তখন বুঝতে পারলাম এটাই ওঁদের বিরোধিতার মূল কারণ। তা না হলে প্রফুল্লবাবুর মত একজন আদর্শবাদী নেতা সত্যকে অস্বীকার করতে পারেন তার কোন কারণ থাকতে পারে না। আমার মনে হয় তাঁরা উক্ত কারণে অন্তরে স্বীকার করলেও বাহ্যতঃ প্রতিবাদ করতে বাধ্য হন। যে দেশের জননেতা গদীর জন্য সত্যকে অস্বীকার করেন এবং ভাল কাজেরও প্রতিবাদ করেন সে দেশের অগ্রগতির চেষ্টাকে ব্যর্থ করা হয়। জ্যোতিবাবু বলেছেন কলকারখানায় ও ল্যান্ডএর উৎপাদন বৃদ্ধি করতে হবে। ৩ ইঞ্চি ডায়মিটারএর নলকূপ করে সেচের জলের ব্যবস্থা করতে হবে। তিনি বলেছেন, ছোট ছোট মধ্যবিত্তকে ক্ষতিপূরণ দেওয়া হচ্ছে না। আরেকটা কথা তিনি বলেছেন, যেসব কাজে ১০

হাজার টাকা খরচ হয়, জনসাধারণের সহযোগিতায় তা ৫ হাজার টাকায় হতে পারে। তাঁর এসব কথা আমি সমর্থন করছি। আমি পানীয় জল সরবরাহ সম্বন্ধে একটা নজীর দিচ্ছি। পানীয় জল সরবরাহে নলকূপের জন্য যে টাকা খরচ হয় কনট্রাকটরএর মাধ্যমে, দেশবাসীর দ্বারা করালে সেই টাকায় দ্বিগুণ কাজ হতে পারে। সেই একই টাকাতে দ্বিগুণ কাজ হতে পারত। সেইজন্য আমি অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো অন্ততঃ পরীক্ষামূলকভাবে কয়েকটা থানা নিয়ে এই জিনিসটা করুন। প্রথম কেশিয়াড়ী থানায় তিনি পরীক্ষামূলকভাবে কাজ করে দেখুন। এ বছরের বাজেটে যে টাকা বরাদ্দ হবে, সেই টাকাতে টিউবওয়েলের পাইপ, পাম্প ফিল্টার প্রভৃতি কিনে দিয়ে এবং দেশবাসীর দ্বারা এক বছর পরীক্ষামূলকভাবে কাজ করে দেখুন তাতে দ্বিগুণ পরিমাণ কাজ হয় কিনা? শুনতে পাওয়া যায় যে স্বাস্থ্য বিভাগের যিনি ইঞ্জিনীয়ারিং এক্সপার্ট তিনি মন্তব্য করেছেন যে সমস্ত কূয়া নলকূপ জনসাধারণের দ্বারা তৈরি হয়, তার দায়িত্ব তাঁরা নিতে পারবেন না। কিন্তু ন্যায়পূর্ণ দৃষ্টিতে দেখা উচিত। যেগুলি জনসাধারণের মাধ্যমে করা হয়, তার শতকরা কয়টি খারাপ হয়েছে এবং বৎসরে কয়টিই বা সারাতে হয়, এবং গবর্নমেন্ট কন্ট্রাকটারের মারফত যে সমস্ত নলকূপ টিউবওয়েল ও কূপ তৈরি হয়েছে, তার শতকরা কয়টি বৎসরে খারাপ হয় ও সারাতে হয়, তা নিরীক্ষণ করলেই বুঝতে পারবেন যে দেশবাসী বা জনসাধারণের দ্বারা যে কাজ হয়, তা গবর্নমেন্ট কন্ট্রাকটারের কাজের চেয়ে ঢের ভাল। তার কারণ এই সমস্ত কাজে গ্রামবাসীর যে দরদ থাকবে, সেই দরদ গবর্নমেন্ট কন্ট্রাকটরদের কাজে থাকতে পারে না। সেইজন্য ঐ বিভাগের অভিজ্ঞ, এক্সপার্টগণের কাছে আমার নিবেদন যে তাঁরা যেন সমস্ত জিনিসটা একটা ন্যায়পূর্ণ দৃষ্টিতে দেখে বিচার করেন, এবং এই কাজ তাঁরা কেশিয়াড়ী থানাতে অন্ততঃ এক বছরের জন্য পরীক্ষামূলকভাবে করুন। তা যদি করেন, আমি ভরসা রাখি যে, সেই একই টাকাতে কাজ করে সেখানে দ্বিগুণ পরিমাণ জল সরবরাহ ব্যবস্থা করা যাবে।

Mr. Speaker:

আর কতক্ষণ সময় নেবেন?

Sj. Mrityunjoy Jana:

স্যার, দু-বছরের মধ্যে আমি একদিন মাত্র টাইম পেয়েছি, সেইজন্য আমি একটু বেশি সময় চাচ্ছি। শুনতে পাই মেদিনীপুর জেলায় শিক্ষা, স্বাস্থ্য, সেচ, শিল্প প্রভৃতি বিভাগে বহুবিধ কল্যাণকর কাজ সরকারের তরফ থেকে হচ্ছে। কিন্তু আমি অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মন্ত্রীমণ্ডলীকে অনুরোধ করবো যে সমস্ত উন্নয়নমূলক কাজ তাঁরা করছেন, সেগুলি যাতে প্রত্যেক এলাকায় বিশেষতঃ পশ্চাৎপদ এলাকাগুলিতে আরও ব্যাপকভাবে হয় সেদিকে যেন দৃষ্টি রাখেন। আমি শুনেছি মেদিনীপুর জেলায় মাল্টিপারপাস স্কুল, বুনিয়াদি স্কুল স্থাপিত হয়েছে এবং স্বাস্থ্য বিভাগ থেকে বহু হেলথ সেন্টার খোলা হয়েছে ও ছোট ছোট শিল্পতে বহু টাকা খরচ করা হচ্ছে। কিন্তু দাঁতুন, মোহনপুর, কেশিয়াড়ী, কেশপুর, সদর, খড়্গপুর, পিংলা থানা প্রভৃতি জায়গায় একটিও হেলথ সেন্টার খোলা হয় নি, এবং সেখানে একটিও মাল্টিপারপাস বা বুনিয়াদী স্কুল স্থাপিত হয় নি। কুটিরশিল্পে সরকারী কোন টাকা খরচ হয় নি, আমি সরকারকে অনুরোধ করবো এই সকল অনগ্রসর থানাগুলির দিকে তাঁরা যেন বিশেষভাবে দৃষ্টি দেন। সেসকল থানায় একটিও স্বাস্থ্যকেন্দ্র হয় নি, যাঁহারা টাকা জমা দিতে প্রস্তুত আছেন, জমি দিতে প্রস্তুত আছেন। বহু জায়গা আছে সেখান থেকে ডাক্তার আনবার জন্য শহরে যাবার রাস্তা নেই। গ্রামের বহু পল্লীতে ডাক্তার নেই। যারা টাকা দিতে রাজী আছেন, তাদের ডাক্তার ও ঔষধ দিয়ে সেই এলাকার চিকিৎসার ব্যবস্থা করা হোক।

[7-20—7-30 p.m.]

Shrimati Olive Pemantle. Mr Speaker, Sir, at the very outset I must thank Her Excellency the Governor of West Bengal for the eloquent speech she delivered at the Joint Session of the West Bengal Legislature on the occasion of the opening of the Budget Session. A careful analysis of the speech will at once reveal to its readers the deep concern Her Excellency feels for the supply of food in the province and consequent

difficulties of the people. The reason was unfavourable weather condition which brought about the deficit in production of food and other commodities in the State. Inspite of this natural drawback thanks to the ceaseless efforts of the Food Department fair price shops were opened in large numbers as a result of which decline in the market price of rice was evident. She referred to anti-profiteering to check hoarding. Her Excellency then feelingly made a reference to the calamity of the people due to the influx of the people in some parts of the State as well as to the unhappy lot of the people across the border. She told us how Government tried its best to minimise their sorrow as Her Excellency's womanly heart bleeds at the thought of suffering humanity. Social worker of great repute she expressed her tenderest sympathy for them yet she was not blind to the grim facts and had to remind our refugee brothers and sisters that due to want of adequate lands they must agree to be settled outside West Bengal as all refugee camps would close down by the end of July 1959. In my humble way I sincerely believe that our brethren must be wise enough to remove themselves outside Bengal and follow the footsteps of the first batch of 200 families who have recently left for Dandakaranya and settled like free men and women to earn their own living. They must be animated by a sense of dignity of self and labour. It is better to die elsewhere as free men than to live here as destitutes and be perpetual dependants. It is, therefore, most befitting that Her Excellency expressed her anxiety for the solution of this vexed problem by our united efforts.

Her Excellency was equally troubled by the thought of frequent industrial disputes and fervently wished that these would soon disappear and bring in an era of industrial peace in the country.

The problem of housing as well as the acute problem of unemployment caused her the deepest concern. The Government of the State has been trying its best to tackle these problems but is being baffled as any other Government is sure to be because of the ever-growing population. She, therefore, felt the need of effective family planning methods.

•

Her Excellency was equally troubled by the thought of frequent indus- undertaken by the Government in various departments of its administration.

Towards the end, she touched upon the ideals of a democratic State for which our great country is striving successfully with the willingness of the great multitude of her people. These were great thoughts uttered in the deepest sincerity by one who had been brought up in the midst of great democrative ideals—Great Child of a Great Mother.

I must once again thank Her Excellency for the very excellent speech she made and fervently wish that it may be properly welcomed.

Thank you.

Sj. Gurupada Khan:

মাননীয় স্পীকার মহোদয়, মাননীয়া রাজ্যপাল মহোদয়ার ভাষণের জন্য যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব উত্থাপিত হয়েছে আমি তার সমর্থনে গুটি কয়েক কথা বলতে চাই।

প্রথমেই বিরোধীপক্ষের বিভিন্ন সদস্য রাজ্যপালের বক্তৃতার যে অংশটুকুর বেশি সমালোচনা করেছেন "আমি ইতিমধ্যেই আমাদের শহর ও গ্রামগুলিতে নতুন প্রাণ স্পন্দন এবং জনসাধারণের মনে স্বনির্ভরতা, গৌরববোধ ও মর্যাদার নতুন বিকাশ দেখিতে পাইতেছি।"

এই উক্তির মধ্যে সবচেয়ে বেশি প্রাণস্পন্দন' কথাটারই আলোচনা করতে চাই। পল্লী অঞ্চলের অধিবাসী হিসাবে পল্লীর মানুষ হিসাবে পল্লীর কথা বলার অধিকার আমার আছে।

রাজ্যপাল সত্যই বলেছেন "আজ আমরা যে দারিদ্র্য, অজ্ঞতা ও রোগের বিরুদ্ধে সাফল্যের সহিত সংগ্রাম করিতেছি, তাহা আমাদের জনসাধারণের সাগ্রহ সহযোগিতার জন্যই সম্ভব হইয়াছে।" এ কথাটা বিস্মৃত হলে চলবে না যে সংগ্রামরত জনসাধারণের জীবনে শান্তিকালীন স্বাচ্ছন্দ্য ও সুখ যেন না খুঁজি। কে বলেছে যে আমাদের সংগ্রাম শেষ হয়ে গেছে? পল্লীর জীবনে দুঃখ আছে, কষ্ট আছে, নানান ঝড়ঝঞ্ঝা অভাব অনটনের কঠোর নিষ্পেষণের মধ্যে পল্লীবাসী তাঁদের সহযোগিতা নিয়ে ত্যাগের মনোভাব নিয়ে এগিয়ে আসেন বিদ্যালয় প্রতিষ্ঠায়, স্বাস্থ্যকেন্দ্র প্রতিষ্ঠায়, কূপ, টিউবওয়েল রাস্তা নির্মাণে দৈহিক ও আর্থিক সাহায্য নিয়ে। পল্লীর জনসাধারণ আজ আর নিশ্চুপে বসে নেই। পল্লী উন্নয়নের জন্যে সবরকম কষ্ট ও ত্যাগ বরণ করে রাষ্ট্রীয় সহযোগিতায় পল্লীবাসীদের মধ্যে আশা ও উদ্দীপনা এবং প্রাণ স্পন্দন পল্লীবাসীদের যেকোন বৈঠক বা মিলনে আলোচনা করলেই সহজবোধ্য। আমি জিজ্ঞেস করি সমালোচকগণকে পল্লীবাসীর মধ্যে তাঁরা কি লক্ষ্য করেন নি যেকোন গঠনমূলক পরিকল্পনা রাষ্ট্রীয় সহায়তায় সফল করে তুলতে তাঁদের সামর্থ্যানুযায়ী সবরকম সাহায্য দিবার প্রতিশ্রুতি এবং প্রচেষ্টা ও উৎসাহ?

আমি জিজ্ঞেস করি সমালোচকগণকে পল্লীর আর্থিক, সাংস্কৃতিক উন্নয়নের জন্য পল্লীবাসীর সরকারী সাহায্যে কর্মপ্রচেষ্টা কি তাঁরা লক্ষ্য করেন না? পরাধীন জীবনে হতাশা ও মর্মবেদনায় ভরা হৃদয়গুলিতে সরকারী আর্থিক সাহায্য ও বিশেষজ্ঞের পরামর্শ পল্লীবাসীর মনে দারিদ্র্য অজ্ঞতা ও রোগের বিরুদ্ধে সংগ্রামে যে উদ্দীপিত করে তুলেছে তা কি পল্লী অঞ্চলে গেলে লক্ষ্য করা যায় না?

সীমিত রাষ্ট্রীয় শক্তিতে বিরাট দেশের বিরাট সমস্যার এক সঙ্গে সমাধান সম্ভবত নয়। তাই কোন কোন অঞ্চলে আগেপিছে কাজ হচ্ছে ও হবে তাই বলে পল্লীবাসীদের এই উন্নয়নের আগ্রহ তো অবাস্তব নয়; জাগরণ যে তাদের মধ্যে সুস্পষ্ট তা তো মিথ্যা নয়।

মুখর হয়েছে পল্লীবাসী এতদিনের পরাধীনতার স্তব্ধ কণ্ঠ আজ ভাষা পেয়েছে বলছে চাই আমাদের সেচ প্রকল্প, চাই শিল্প, চাই শিক্ষা স্বাস্থ্য সংস্কৃতির নব রূপায়ণ আমরা ত্যাগে দুঃখ বরণে প্রস্তুত। এই মনোভাব কি সমালোচকগণ লক্ষ্য করেন না? বর্তমান সরকারের গণতান্ত্রিক পথে সমাজতন্ত্র রূপায়ণের আদর্শ বলে তা সম্ভব হয়েছে তা অনস্বীকার্য।

আমাদের সমাজবাদের আদর্শকে সমালোচনা করে কোন কোন সদস্য, এই সরকারকে পুঁজিবাদের দালাল আখ্যা দিয়েছেন। তাঁরা যে শক্তির দ্বারা ত্রস্ত ও দ্রুত আঘাত হেনে পুঁজিবাদকে উচ্ছেদ করে দেশের আর্থিক সমস্যা সমাধানের ইঙ্গিত দিয়েছেন আমি তাঁদের জিজ্ঞেস করি এই সত্য অভিজ্ঞতাই কি মানুষ সঞ্চয় করে নি যে সেই শক্তির অনিবার্য ফলস্বরূপ গড়ে উঠেছে এমন আর এক বাদ যা মানুষকে তার সুন্দর শোভন মৌলিক অধিকার থেকে বঞ্চিত করে তাঁর চিন্তা জ্ঞান ধ্যান ধারণাকে খর্ব করে এক দুর্ধর্ষ শক্তিবাদের তলায় বিকৃত ও বিকৃত করেছে? সুস্পষ্ট ভাষায় আমাদের আদর্শ বিঘোষিত হয়েছে গণতন্ত্রের মাধ্যমে সমাজতান্ত্রিক সমাজ গঠন। কোটি কোটি ভারতের নরনারী প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সংগ্রামরত সমাজতন্ত্রের আদর্শে পৌঁছবার জন্যে। শুধু একজনের বা বিশেষ একদলের সংগ্রাম এ নয়। কোটি কোটি মানুষ আজ জাগ্রত। বিরাট দেশ আজ জেগেছে; এই সংগ্রামে যারা সৃষ্টি করবেন বিভেদ ও বিভ্রান্তি, চক্রান্ত ও দলাদলি গঠনের এই পবিত্র কালে দেশ তাদের ক্ষমা করবে না; ক্ষমা করবে না দেশ তাদের ও যাঁরা যেকোন কর্তব্যের ভার নিয়ে তাতে অবহেলা আলস্য আর ব্যক্তিগত বা দলীয় স্বার্থে যেকোন বিচ্যুতি বা অসহযোগিতার মনোভাব প্রদর্শন করবেন। পুঁজিবাদের উপর একচেটিয়া মনোভাবের উপর আমাদের সরকার যে কিভাবে আঘাত হানছেন তা যে কোন চক্ষুষ্মান ব্যক্তিই তো অতি সহজে লক্ষ্য করতে পারেন।

বস্ত্র শিল্পীদের একচেটিয়া মনোভাবকে দমিত করে দরিদ্র গ্রামীণ শিল্পীদিগের সুযোগ দেবার জন্যে এই সরকার যে আইন করেছেন তা কি তাঁরা বিস্মৃত হয়েছেন? এর ফলই তো দেশব্যাপী পল্লী তথা শহরের তন্তুবায়দের সমবেতভাবে এমনকি ব্যক্তিগতভাবে ও উন্নতি খাদি ও অম্বর চরকার বহুল প্রচার এই ব্যাপারে আরেক বলিষ্ঠ পদক্ষেপ। পুঁজিবাদের একচেটিয়ার ধ্বংসের উদ্দেশ্যেই তো নতুন ভারী শিল্পের প্রতিষ্ঠায় সরকারের দায়িত্ব গ্রহণ। প্রাইভেট সেকটরকেও নতুন শিল্প গঠন করবার সুযোগ দেবার প্রয়োজনীয়তা আছে এই দরিদ্র দেশে। দুর্গাপুরে প্রস্তাবিত যে সারকারখানা স্থাপনের ভার যেকোন ব্যক্তিবিশেষ কে দেওয়া হচ্ছে তা শুনেছি তবে এ কথা সত্য যে এই দেশেরই বিশেষ কোন দলের পরিচালিত কোন একটি রাজ্যসরকারের মত পশ্চিমবঙ্গ সরকার কোন শ্রমিক নিধন ও ধনীতোষণ শর্তে রাজী হয়ে তা দিচ্ছে না। এই প্রসঙ্গে আরো উল্লেখ করতে চাই যে পুঁজিপতি মিলমালিকগণকে বিবিধ আইন করে শ্রমিকগণকে বিবিধ সুযোগসুবিধা দেওয়ার ব্যবস্থা কি সরকার করেন নি? তাদের কাছ থেকে বর্ধিত হারে কর আদায়ের ব্যবস্থাটাকি সমালোচকগণ ভুলে গেছেন? কর ফাঁকি দেওয়া বন্ধের উদ্দেশ্যে ভারতের মিনিস্ট্রি অব ফাইনান্স একটি কমিটি করেছেন। এই পশ্চিমবঙ্গ সরকারের মুনাফা নিরোধ আইন এই ব্যাপারে আরেকটা দৃপ্ত পদক্ষেপ। বড় বড় জোতদার আর ব্যবসাদারদের অশোভনীয় প্রবৃত্তিকে এক জোরদার আঘাত হেনেছে এই আইন। এই আইনকে কার্যকরী করার বিরুদ্ধে স্বার্থান্বেষী ব্যক্তিদের কার্যকলাপ অজ্ঞাত নয়। কিন্তু সুস্পষ্ট ভাষায় খাদ্যমন্ত্রী এই চ্যালেঞ্জ গ্রহণ করেছেন আর যেসব ব্যক্তি এই আইন বানচাল করার চক্রান্ত করছেন তাদের উদ্দেশ্য ব্যর্থ করে দেবার জন্যে সরকার দৃঢ় সংকল্প এ ঘোষণা সমালোচকগণ ভুলে যান কেন?

কুটির শিল্পের উন্নয়নের দ্বারা বেকার সমস্যা সমাধান ও ধনবণ্টন নীতিকে বিস্তৃততর করার কথায় কেউ কেউ সমালোচনা করেছেন। বলেছেন এই গণতান্ত্রিক পদ্ধতিতে তা সম্ভব নয়। কিন্তু আমি জিজ্ঞেস করি তাঁরা কি ভেবেছেন যে আইন করে উৎপাদনের ক্ষেত্রে ভারী শিল্প ও কুটির শিল্পের সীমা নির্দিষ্ট করা যায় ও তা বস্ত্র শিল্পের ক্ষেত্রে সফল হয়েছে? তেমনিভাবেই ভারী লোহ শিল্পের উৎপাদন ক্ষেত্র হতে অধিকাংশ শিল্পের উৎপাদন ক্ষেত্র হতে অধিকাংশ কৃষিযন্ত্র উৎপাদন বাদ দিয়ে তার ভার ক্ষুদ্র লোহ শিল্পীদের হাতে দিয়ে, এলুমিনিয়ম শিল্পের সীমা নির্দিষ্ট করে এমনিভাবে বাসন শিল্প কাংস্য শিল্পীদের হাতে দিয়ে কুটির শিল্পকেও উজ্জীবিত উন্নীত করা যায় এবং বেকার সমস্যার অনেকটা সমাধান করা যায়। অবশ্য এর জন্য নতুনভাবে শিক্ষা দেওয়ারও প্রয়োজনীয়তা আছে। খাদ্য সমস্যার কথা রাজ্যপাল প্রথমেই উল্লেখ করেছেন। মুনাফা নিরোধ আইনকে কঠোরভাবে প্রয়োগ করে অন্য রাজ্য ও কেন্দ্র থেকে খাদ্যশস্য এনে এই সমস্যার যে সমাধান হবে এ আশ্বাস আমাদের আছে। এই প্রসঙ্গে দু-একটা কথা উল্লেখ করতে চাই। পল্লী অঞ্চলে এম, আর এর মাধ্যমে 'এ' ক্লাসএর লোকেরা খাদ্যশস্য পান। কিন্তু 'বি' ও 'সি' ক্লাসএর মধ্যেও অনেককে খাদ্যশস্য কিনে খেতে হয়; তা ছাড়া জমিদারী উচ্ছেদের পর অনেকের আয় কমে গেছে; কররূপে উৎপন্ন শস্যও তাঁরা পায় না—এরূপ পরিবারের জন্য ও এম, আর, এ খাদ্য শস্যের ব্যবস্থা থাকা উচিত এম, আর, দোকানগুলিতে নিয়মিত খাদ্য-শস্য সরবরাহ ব্যবস্থা অব্যাহত থাকা উচিত। যে অঞ্চলগুলি ফসল ভাল হয় নাই সেসব অঞ্চলে সকলের জন্য এম, আর, এর মাধ্যমে খাদ্যশস্য সরবরাহ করিতে হইবে। খাদ্যের সঙ্গে ঘনিষ্ট সম্পর্ক কৃষি ও সেচ। কৃষির জন্যে বড় বড় সেচ প্রকল্পগুলি যেমন মনোযোগ আকর্ষণ করে আমার মনে হয় ক্ষুদ্র সেচ প্রকল্প ততটা পাচ্ছে না। অথচ পশ্চিমবঙ্গের অধিকাংশ ক্ষেত্র অসমতল। ক্ষুদ্র ক্ষুদ্র সেচ পরিকল্পনাগুলির উপর আরও বেশি জোর দেওয়া উচিত। এতে দ্রুত ফল পাওয়া যায়, বিভিন্ন ও বিস্তৃত জায়গায় জমির কম ক্ষতি করেই সুফল পাওয়া যায়। এই প্রসঙ্গে উল্লেখ করতে চাই টি, আর এর কাজ। অগণিত সাময়িক বেকার গ্রাম্য মজুরদের কর্ম ব্যবস্থা ও তাদের কর্মশক্তিকে স্থানীয় কৃষক মধ্যবিত্ত জনসাধারণের আর্থিক ও অন্যান্য সাহায্য কেমনভাবে দেশ গঠনের শুভ কর্মপথে স্থায়ী ফলপ্রসূরূপে পরিচালিত করা যায় তার [illegible]। প্রত্যক্ষ-প্রমাণ আমরা দেখেছি। ক্ষুদ্র জল সেচ ব্যবস্থায় এই ব্যবস্থাকে আরও উৎসাহ ও সাহায্য দিলে বন্যাভাবাক্রান্ত গ্রামাঞ্চলের কৃষি ব্যবস্থা আরও শক্তিশালী হবে। শিক্ষা ব্যবস্থা এক নতুন ও ব্যাপকতর রূপ নিচ্ছে। কি শহরে কি গ্রামে তার প্রমাণ পাওয়া যাচ্ছে। এই প্রসঙ্গে কয়েকটি ব্যাপার উল্লেখ করা প্রয়োজন মনে করি।

[7-30—7-36 p.m.]

প্রাইমারী শিক্ষক শিক্ষিকাদের ছেলেমেয়েদের মাধ্যমিক স্কুলের শিক্ষক শিক্ষিকাদের ছেলে-মেয়েদের মত অন্ততঃ মাধ্যমিক স্তর পর্যন্ত অবৈতনিক শিক্ষার ব্যবস্থা করা উচিত। প্রাইমারী শিক্ষক শিক্ষিকাদের জন্য প্রভিডেন্ট ফান্ড ও গ্রাচুইটির ব্যবস্থা করা বাঞ্ছনীয়। জুনিয়ার ও সিনিয়ার স্কুলগুলির সংখ্যা বর্ধিত করা উচিত। কি প্রাইমারী কি মাধ্যমিক সব স্কুলেই আরও ঘন ঘন পরিদর্শনের ব্যবস্থা থাকা উচিত। মালটিপার্পাজ স্কুলগুলিতে কোয়ালিফায়েড শিক্ষকের বেশ অভাব রয়েছে। বিশেষ পল্লী অঞ্চলে। বেতনের হার কিছু বর্ধিত করা এবং বর্তমান শিক্ষকগণকেও সুযোগসুবিধা দিয়ে স্বল্পকালে সমাপ্ত হবে এমন উচ্চতর শিক্ষার ব্যবস্থা করে উচ্চ শ্রেণীগুলিতে পড়াবার উপযুক্ত করার ব্যবস্থা করলে ভাল হয়। পল্লী অঞ্চলের হাই স্কুলগুলির আর্থিক দুরবস্থা সকলেই জানেন। গ্রান্ট ইন এড দেওয়ার ব্যবস্থা যদি নিয়মিতভাবে দু-মাস বা তিন-মাস অন্তর করা যায় তবে এই সমস্যার অনেকটা সমাধান হয়। স্কুল-এর গরীব কেরানীদের কথাও বিস্মৃত হওয়া উচিত নয়। টেকনিকাল স্কুলএর সংখ্যা আরও বাড়ান প্রয়োজন এবং বর্তমান স্কুলগুলিতেও ছাত্রসংখ্যা বর্ধন করা উচিত। বর্তমান কলকারখানা-গুলিতেও শিক্ষানবিশী যুবক যাতে আরও বেশি সংখ্যায় নেয় তার ব্যবস্থা করা কাম্য। দুর্গাপুরে যে বিরাট শিল্প প্রতিষ্ঠান গড়ে উঠছে সেখানে যতটা সম্ভব স্থানীয় কর্মিগণের অগ্রাধিকার থাকা বাঞ্ছনীয়। এতে শিল্পাঞ্চলের গৃহসমস্যা খানিকটা মিটবে। আর আঞ্চলিক অধিবাসীরা অর্থনৈতিক সুযোগও পাবেন। যতটা সম্ভব এই অঞ্চলের বড় বড় কাজ যথা সরবরাহ, গৃহনির্মাণ প্রভৃতি গুলোকে ছোট ছোট ভাগে ভাগ করে আরও বহুতর কর্মীর মধ্যে বণ্টন করলে বেকার সমস্যার কিছুটা সমাধান হয়। ডি ভি সি ক্যানেলএর জন্যে যাতায়াত, এবং জলের স্বচ্ছন্দ চলাচল ব্যাহত হওয়ায় অধিবাসীদের অসুবিধা হয়েছে, অসুবিধা হয়েছে কৃষি-কার্যের। রাজ্যসরকারের এদিকে দৃষ্টি আকর্ষণ করি। ইলেকট্রিসিটি পল্লী অঞ্চলে যাতে দ্রুত বিস্তার লাভ করে তার দিকে লক্ষ্য করা উচিত। ক্যানেল গেছে জমির উপর দিয়ে, অথচ অনেক স্থানে জল পাওয়া যায় না। লিফট ইরিগেসন ছাড়া তা সম্ভব নয়। ক্যানেল অঞ্চলে ইলেকট্রিসিটি পাওয়া গেলে বহু জমি সেচ পাবে। টিউবওয়েল ইরিগেশনও সম্ভব হবে সহজে। গ্রামের কুটির শিল্প নতুনভাবে গড়ে উঠবে। গ্রামীণ শিল্পিগণের অনেকের সূক্ষ শিল্পে দক্ষতা আছে। বহু সূক্ষ্ম জিনিস বিদেশের মতই আমাদের শিল্পীরাও শিক্ষা ও সুযোগসুবিধা পেলে গড়তে পারবেন। গৃহনির্মাণকালীন পরিশ্রম ও কষ্টের অবস্থা দেখে কর্মীগণকে যদি কেউ গৃহবাসের স্বাচ্ছন্দের সঙ্গে তুলনা করে কর্মিগণের উৎসাহ উদ্দীপনাকে বাক্যজালে হতাশায় পর্যবসিত করতে চেষ্টা করেন, যদি কেউ সমবেত গঠন প্রচেষ্টাকে বিভ্রান্ত করতে চেষ্টা করেন বিশেষ উদ্দেশ্য প্রণোদিত হয়ে, তবে সে কাজ কে আর যাই বলি গঠনমূলক সমালোচনা বলা যায় না। রাজ্যপালের ভাষণে যেমন দেশের বিবিধ গঠনমূলক কাজের উল্লেখ দেখেছি তেমনি দেশের দুঃখ দুর্দশার কথা ও তার সমাধানের জন্য ইঙ্গিতও আছে দেখেছি।" সমস্ত পৃথিবী সহানুভূতি ও প্রশংসার দৃষ্টিতে আমাদের বীরত্বপূর্ণ প্রচেষ্টা লক্ষ্য করিতেছে আমরা নিশ্চয়ই ব্যর্থ হইব না এই বিশ্বাস আমাদের আছে সকলেরই থাকা উচিত। এই বলে আমি এতৎ সংশ্লিষ্ট উত্থাপিত প্রস্তাব সমর্থন করছি।

Mr. Speaker: The House stands adjourned till 3 p.m. tomorrow. There will be no questions tomorrow.

Adjournment

The House was accordingly adjourned at 7-36 p.m. till 3 p.m. on Tuesday, the 10th February, 1959, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Tuesday, the 10th February, 1959, at 3 p.m.

Present:

Mr. Speaker (The Hon'ble SANKARDAS BANERJI) in the Chair, 16 Hon'ble Ministers, 10 Deputy Ministers and 208 Members.

[3—3-10 p.m.]

MOTION OF ADDRESS IN REPLY TO GOVERNOR'S SPEECH

Sj. Deo Prakash Rai: Mr. Speaker, Sir. Yesterday by arrangement amongst ourselves it was decided that one of the independent members would speak and accordingly my name was submitted. But my turn did not come up.

Mr. Speaker: You can speak today.

Food situation.

Sj. Haridas Dey:

স্যার, আজকে কাগজে দেখলাম উড়িষ্যা থেকে এখানে যে চাল আনা হচ্ছিল সেটা নাকি সেন্ট্রাল গভর্নমেন্ট বন্ধ করে দিয়েছে—এই সংবাদে জনসাধারণ বিশেষ উদ্বেগ বোধ করছে, সুতরাং আমরা জানতে চাই এ খবর সত্য কি না?

The Hon'ble Prafulla Chandra Sen:

শ্রীযুক্ত হরিদাস দে মহাশয় যে প্রশ্ন তুলেছেন সেটা এই যে কেন্দ্রীয় সরকার না কি আমাদের উড়িষ্যা থেকে সরাসরি চাল আনা বন্ধ করেছেন। এ রকম কোন ঘটনা ঘটে নাই। আগে কথা হয়েছিল যে ওখানে যা সংগ্রহ করা হবে তার অর্ধেক পশ্চিমবঙ্গ-সরকারের কাছে সরাসরি পাঠাবেন উড়িষ্যা গভর্নমেন্ট, বাকি অর্ধেক কেন্দ্রীয় সরকারকে দেবেন। এখন ব্যবস্থা হয়েছে কেন্দ্রীয় সরকার সমস্তটাই নিয়ে আমাদের অর্ধেকটা দেবেন এবং আমরা বোধ হয় কিছু কম দামেই পাব—কাজেই আমাদের কিছু অসুবিধা হবে না।

Sj. Gopal Basu:

স্যার, চালের দর গতকাল ২৭ টাকা ২৬ টাকা হয়েছে বারাকপুরে।

Mr. Speaker:

কোথায়? কোন্ বাজারে?

Sj. Gopal Basu:

কালোবাজারে। খোলা বাজারে চাল ত পাওয়াই যায় না। কালোবাজারে যা পাওয়া যায় তা বারো আনার কম নয়; রেশনের দোকানে কিছু কিছু পাওয়া যায়—কেরোসিন পাওয়াই যাচ্ছে না।

Sj. Chitto Basu:

সংবাদ যা বেরিয়েছে সে সম্পর্কে মাননীয় খাদ্যমন্ত্রী যে জবাব দিলেন সে সম্পর্কে কিছু না ব'লে আমি দাম সম্পর্কে কিছু বলতে চাই—

Mr. Speaker: The point has been pointedly raised by Sj. Haridas Dey and the Hon'ble Minister has offered his explanation. I won't allow any further discussion on this.

Motion of Address in Reply to Governor's Speech.

Sj. Deo Prakash Rai: Mr. Speaker, Sir. I would like to open my speech by reading out a telegram received yesterday from Darjeeling. It reads "Open market rice disappearing but plenty in blackmarket. No rice in rural areas at controlled price. Sugar price exhorbitant. Flour scarcity acute." When we go through the speech of Her Excellency the Governor we find her speech completely bereft of realities of life that exist today in the State of West Bengal. Sir, after being in this House for the last two years I feel that we should do something to stop this practice of acting by the Governor while the playback is given by somebody else from behind. If we accept this Speech as portraying the true picture of the state of affairs and adopt a resolution thanking the Governor for this Speech, which has been termed as the most excellent one by the mover of the resolution, we shall be traitors to our people. Sir, if I were allowed I would call the speech a big lie. As I have been given a very short time, I shall confine myself to the food problem only, and that also particularly with regard to the district of Darjeeling from where I come. In para. 2 of the Governor's Address, it has been said that the peak price of rice reached in 1958 was Rs. 29.40 nP. per maund. I do not claim to know much about the position in other districts, but as regards the district of Darjeeling I can say with authority that the peak price of rice in 1958 in the district of Darjeeling was Rs. 40 per maund. Again in para. 4 of the speech, Her Excellency the Governor is exultant to say that there has been a welcome decline in the average market price of rice which stood at Rs. 19.33 nP. per maund on 14th January, 1959. Again, I do not claim knowledge of other districts, but so far as the district of Darjeeling is concerned, it was Rs 25 to Rs. 28 per maund. Therefore, by pointing out these two facts alone, I would like to place on record that I am not prepared to accept this speech as a true picture of the State of West Bengal.

On the eve of the promulgation of the Price Control Order, huge quantity of rice which was in stock in the district of Darjeeling suddenly went underground, specially in the subdivision of Siliguri. The recently transferred territories of Bihar have become a paradise for the inter-State smugglers and black-marketeers. Last year, in answer to my question the Hon'ble Food Minister was pleased to state that there were 228 modified ration shops in the district of Darjeeling. Taking into consideration the population of Darjeeling, which is about six lakhs and dividing the population by 228 existing ration shops, you will find that even from the statement of the Food Minister, it is not at all sufficient.

[At this stage the speaker reached his time limit and took his seat.]

[3-10—3-20 p.m.]

Sj. Mihirlal Chatterjee:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের অভিভাষণ যখন আমরা শুনেছিলাম এবং পরে তাঁর মুদ্রিত অভিভাষণ যখন আমরা পাঠ করলাম তখন আমার মনে হচ্ছিল যেন

England's work in India by N. N. Ghosh

পড়ছি কিম্বা শুনছি। আমরা ছাত্রাবস্থায় প্রায় ৪০।৪২ বৎসর পূর্বে স্কুলের পরীক্ষার জন্য England's work in India

পড়তাম। সেই বইটাতে একটানা বৃটিশ রাজ্যের গুণাগুণ লেখা থাকত। যথা, সতীদাহ নিবারণ, গঙ্গাসাগরে পুত্র বিসর্জন ও বিধবা বিবাহ সংক্রান্ত আইন, মিউনিসিপাল প্রতিষ্ঠা, ডিস্ট্রিক্ট বোর্ড প্রতিষ্ঠা, স্কুল, রাস্তাঘাট, কলেজ, পোস্ট আফিস প্রভৃতির প্রবর্তন ভারতে বৃটিশ

রাজ্যের চরম কীর্তি। রাজ্যপালের অভিভাষণও প্রায় সেই ধরনের—অর্থাৎ কোথায় কটা স্কুল হয়েছে, কত রিলিফ দেওয়া হয়েছে ইত্যাদি এই সব ফিরিস্তি দেওয়া হয়েছে।

England's work in India

এর মতন হুবহু সুর ঐ ভাষণের মধ্যে রয়ে গেছে। কিন্তু সবচেয়ে দুঃখ লাগে যে এই অভিভাষণের মধ্যে কোথাও এমন একটা পরিচয় দেখতে পাই না যে, এই শাসন বাংলাদেশের জনগণকে কতখানি অনুপ্রাণিত করেছে, সন্তুষ্ট করেছে। আমার মনে হয় বাংলাদেশে যে শাসন চলছে তাতে এই শাসন বছরের পর বছর ক্রমাগত দেশের নৈতিক চরিত্রকে অধঃপতনের দিকে টেনে নিয়ে যাচ্ছে এবং সর্বত্র সেই চিত্র আমরা দেখছি। গত ১লা জানুয়ারি থেকে বাংলাদেশে খাদ্যদ্রব্যমূল্য নির্ধারণ সম্পর্কে সরকার যে ব্যবস্থা করেছেন সেই ব্যবস্থা গত ১২ মাস যাবত এমনভাবে পরিচালিত হচ্ছে যার ফলে বাংলাদেশের চাষী, মিলমালিক, ব্যবসায়ী, ক্রেতা ইত্যাদি সকলের চরিত্রকে এবং আচরণকে দিনের পর দিন দুর্নীতির দিকে টেনে নিয়ে যাচ্ছে। গত দেড় মাস যাবত ধান-চাউলের বাজারে যে অবস্থা সৃষ্টি হয়েছে তাতে সর্বত্র হিসেবের মধ্যে মিথ্যাচার, জালিয়াতি, জুয়াচুরি পূর্ণোদ্যমে চলেছে এবং সকলেই তা করতে বাধ্য হচ্ছে। সরকার মিলওয়ালাদের জন্য চালের যে দাম বেঁধে দিয়েছেন অধিকাংশ মিলওয়ালারা সেই দামে চাল বিক্রি করছেন না। সরকার আড়তদারদের জন্য ধান কেনবার যে দাম নির্ধারণ করে দিয়েছেন তারা সেই দামে ধান কেনে না। সরকার খুচরা দোকানদারদের জন্য চালের যে দাম বেঁধে দিয়েছেন তারাও সে দামে চাল বিক্রি করছে না। নিতান্ত দুঃখের কথা বাংলার চাষীর জন্য ধানের দাম স্বেচ্ছাভাবে নির্ধারিত হয়েছে তাতে আমার নিজের মনে হয় বাংলার কুত্রাপি চাষীর ধান সেই দামে বিক্রি হয় না। স্যার, বিভিন্ন জেলার খবর আমার পক্ষে রাখা সম্ভবপর নয়। আমি একটা জেলার খবর রাখি এবং সেই জেলার খবর থেকে একথা বলতে পারি যে সেই জেলার জন্য যে দাম সরকার কর্তৃক নির্ধারিত হয়েছে ১১ টাকা আট আনা ধানের মণ—কোন মিলমালিক সেই দামে ধান কেনে না। তারা বার টাকা আট আনা ও তের টাকা দামে ধান কেনে। অন্যান্য জেলার বন্ধুদের জিজ্ঞাসা করেছি তাঁদের জেলায় ধানচালের দাম কি? খুচরা এবং পাইকারী কি দামে চাল বিক্রি হয়? আমি নিঃসঙ্কোচে একথা বলতে পারি যে বিভিন্ন জেলায় সরকারী নির্ধারিত দামে ধান চাউল কোথাও কেনাবেচা হয় না। ব্যবসায়ীরা সরকার ও পুলিসের চোখে ধুলা দেবার জন্য সর্বত্র এক দামে ধান চাউল কেনে এবং খাতায় অন্য দাম লেখে। চাষীরাও এক দামে বিক্রি করে এবং লোকে জিজ্ঞাসা করলে অন্য দাম বলে। স্যার, এই শাসন আমাদের বাংলাদেশের চাষী, ব্যবসায়ী, সাধারণ মানুষকে পর্যন্ত দুর্নীতি ও অধঃপতনের দিকে নিয়ে চলেছে। এই দুর্নীতি এবং অধঃপতন যদি বন্ধ করা না যায় তা হলে দেশের মধ্যে এমন একটা বিষের সঞ্চার হবে যে বিষের জ্বালা থেকে উদ্ধার পাওয়া সরকারের পক্ষে এবং দেশবাসীর পক্ষে সহজে সম্ভব হবে না। দুর্নীতি যদি রন্ধ্রে রন্ধ্রে, স্তরে স্তরে, পর্দায় পর্দায় অনুপ্রবেশ করে এবং সংক্রামিত হয় তবে সমস্ত দেশ দুর্নীতির অতল গহ্বরে নিমজ্জিত হবে। আমি আজ একথা বলবো যে রাজ্যপালিকার এই শাসনে আমাদের দেশে কটা রাস্তা হোল, কটা স্কুল হোল, কটা হাসপাতাল হোল এটা বিচারের বিষয় নয়—আমাদের বাংলার নৈতিক চরিত্র, বাংলার মনুষ্যত্ব জাগ্রত হচ্ছে অথবা বাংলার মনুষ্যত্ব দিনের পর দিন অধঃপতনের দিকে নেমে যাচ্ছে সেটাই হচ্ছে দেশের উন্নতি বা অবনতির সত্যিকারের মানদণ্ড। সেই মানদণ্ড দিয়ে যদি আমরা বাচাই করি তা হলে দেখতে পাবো যে এই শাসন গত কয়েক মাস যাবত আমাদের বাংলাদেশের নৈতিক চরিত্রকে দিনের পর দিন অধঃপাতের দিকে ঠেলে নিয়ে চলেছে, এ শাসনই সাধারণ চাষীকে পর্যন্ত মিথ্যাচার করতে শেখাচ্ছে। স্যার, তার প্রধান কারণ—আপনাকে আমি বলতে চাই—ধানচাল স্বাভাবিকভাবে বাজারে আসছে না এবং তা না আসার ফলে সমস্ত জেলায় চালের অভাব হয়েছে। সরকার যখন চালের মূল্য নির্ধারণ করেন তখন তাঁরা ভেবেছিলেন যে উড়িষ্যা, বিহার মধ্যপ্রদেশ প্রভৃতি অঞ্চল থেকে প্রচুর পরিমাণে ধানচাল সংগ্রহ করতে পারবেন এবং তা বাংলাদেশে সরবরাহ করবেন কিন্তু গত ১৪ মাসের অভিজ্ঞতা থেকে আমরা দেখছি যে বাংলাদেশের জেলাতে জেলাতে ধানচাল সরবরাহ করা তো দূরের কথা, বরং দিনের পর দিন বাজার থেকে ধানচাল উধাও হয়ে যাচ্ছে। স্যার, আমি দৃষ্টান্ত হিসাবে একটা জেলার কথা বলছি এবং আমি আশা করি অন্যান্য জেলাতেও এই অবস্থা। আমাদের বীরভূম জেলা, যে জেলা থেকে আমি এসেছি সেই জেলায় ৬৪টা ধানের কল, গত দেড় মাসের মধ্যে একে একে ১৪।১৫টা কল বন্ধ হয়ে গেছে। এই জেলা বরাবরই

উদ্বৃত্ত এলাকা, তা সত্ত্বেও এই জেলাতে ধানের কল বন্ধ হওয়ার কারণ কি? স্যার, যে দাম নির্ধারিত হয়েছে সেই দামে মিলমালিকরা ধান ক্রয় করছেন না, চাষীরা তাই মনে করে ধানের দাম বাড়বে। আমি কয়েকদিন পূর্বে শ্রীপ্রফুল্ল সেন মহাশয়কে ধানের দাম সম্বন্ধে চিঠি লিখেছিলাম। তিনি অত্যন্ত সৌজন্যের সাথে আমার সেই চিঠির জবাব দিয়েছিলেন। আমি অভিযোগ করেছিলাম যে এই জেলাতে সর্বত্র তের টাকা, তের টাকা চার আনা দামে ধান বিক্রি হচ্ছে, যদিও সরকার দাম নির্ধারণ করেছেন এগার টাকা আট আনা। যদি এই অবস্থা চলতে থাকে তা হলে এমন একটা সময় আসবে যখন হালে পানি পাওয়া যাবে না—খাদ্যমন্ত্রী সেই অবস্থা কখনও সামলাতে পারবেন না। আমি তাঁর কাছে মিলের নামও দিয়েছিলাম, তিনি অত্যন্ত সৌজন্যের সাথে আমাকে পত্র দিয়ে জানিয়েছেন যে আমরা ডি এস পি-র মারফত অনুসন্ধান করেছি এবং মিলমালিকের খাতা দেখেছি যে তারা ঠিক সাড়ে এগার টাকা দামে ধান কিনেছে। স্যার, আমি অত্যন্ত দায়িত্বের সাথে একথা বলতে পারি এবং আমি জানি আমাদের কংগ্রেসপক্ষীয় যে সমস্ত বন্ধু ওদিকে ব'সে আছেন তাঁরাও নিশ্চয় আমাকে সমর্থন করবেন যে গত জানুয়ারি মাসে বীরভূম জেলায় তের টাকা, তের টাকা চার আনা দরে ধান প্রায় প্রত্যেকটি মিলমালিক, যাঁরা কারবার করেন,

[3-20—3-30 p.m.]

তাঁরা খরিদ করছেন এক দামে আর খাতায় লিখছেন অন্য দাম। খাদ্যমন্ত্রী যদি পুলিস দ্বারা অনুসন্ধান করান তা হ'লে দেখতে পাবেন যে, খাতায় লেখা দাম ও রসিদের দামের সাথে বাজারে চালু দামের কোন মিল নাই। চাষীর কাছে যান, চাষীরা বলবে মিলমালিকেরা আমাদের ১১৷৷০ টাকা দাম দেয় না, খাতায় ১১৷৷০ টাকা দাম লিখে রসিদ দেয়, পরে আরেকদিন এসে ১৷৷০ ২ টাকা দাম নিয়ে যেতে বলে। দেশের ব্যবসা যদি এভাবে চলে, চাষীর নৈতিক চরিত্র যদি এভাবে পরিচালিত হয়, এভাবে যদি গ্রামে গ্রামে দুর্নীতির আবহাওয়া চলতে থাকে, স্যার, আপনি কি বিশ্বাস করেন দেশের ভবিষ্যৎ উজ্জ্বল এবং আপনি কি দেশের ভবিষ্যৎ সম্বন্ধে আশাবান হতে পারেন। রাজ্যপালের শাসন আমাদের অধঃপতনের দিকে, নৈতিক চরিত্রের পতনের দিকে টেনে নিয়ে যাচ্ছে। আমরা আগে মনে করতাম মুষ্টিমেয় কয়েকজন লোকই বুঝি শুধু দুর্নীতিপরায়ণ, কিন্তু, গত ১৷৷০ মাস দেশে এমন অবহাওয়া হয়েছে যার ফলে গ্রামের চাষীরা পর্যন্ত দুর্নীতির আশ্রয় নিতে বাধ্য হচ্ছে এবং নিচ্ছেও বটে। ১১৷৷০ টাকার পরিবর্তে চাষীরা যদি ১৩ টাকা ধানের দাম পায় আমার বলবার কিছু নাই, কিন্তু আক্ষেপের বিষয় হচ্ছে, সরকার যে দাম বেঁধে দিয়েছেন সেই দাম বজায় রাখতে পারেন না কেন? পুলিসের মারফত বা অন্যান্য যে-কোন পদ্ধতিতেই হোক, মিলমালিক, আড়তদার ও চাষী প্রভৃতিকে সরকার নিয়ন্ত্রিত মূল্য পালনে বাধ্য করতে পারেন না কেন? এই সরকার অত্যন্ত দুর্বল এবং সরকারী নীতি সম্বন্ধে সরকার নিজেই আস্থাবান নয়। সরকারী নীতি পরিচালনার জন্য যে কর্তব্যবুদ্ধির প্রয়োজন তার পরিচয় সরকার দিতে পারেন নি। সেজন্য আমার দুঃখ হচ্ছে, সরকারী অব্যবস্থা ও সরকারী দুর্বলতার জন্য, সরকারের মানসিক দৃঢ়তার অভাবে আজ কি অবস্থা হয়েছে, দেখুন। সর্বশ্রেণীর লোক দিনের পর দিন দুর্নীতির আশ্রয় নিতে বাধ্য হচ্ছে। সরকারী নীতির ফলে আমাদের দেশের সাধারণ মানুষের নৈতিক চরিত্র দিনের পর দিন অধঃপাতের দিকে যাচ্ছে। স্যার, আমি এ সম্বন্ধে আর বিশেষ কিছু বলতে চাই না। আমি শুধু সরকারকে অনুরোধ করব, সরকার ধান চাউলের যে মূল্যমান নির্ধারণ করেছেন সেই মূল্যমান যাতে প্রতিপালিত হয় তার জন্য যেন তাঁরা চেষ্টা করেন। সেই দাম কম কি বেশী সেই আলোচনার মধ্যে এখন আমি যেতে চাই না। কিন্তু সরকার যে দাম ঘোষণা করেছেন সেই দাম যাতে প্রতিপালিত হয় এবং আমাদের দেশের লোক যাতে সেই দামে কেনাবেচা করতে পারে—সরকার যথেষ্ট পরিমাণে শক্তিশালী—তার জন্য দৃঢ় ব্যবস্থা অবলম্বন করুন। স্যার, আরেকটা কথা বলতে চাই—আমার মনে হয় সরকার উড়িষ্যা ও অন্যান্য অঞ্চল থেকে ধানচাল আনতে অক্ষম এবং সেজন্য তাঁরা কলিকাতা ও বিভিন্ন জেলার মিল-মালিকদের কলে ধানচাল সরবরাহ করতে পারেন না। আমাদের দেশের মিলগুলি একে একে বন্ধ হতে আরম্ভ হয়েছে। আমার জেলার ৬৪টি কলের মধ্যে ১৪।১৫টি মিল ইতিমধ্যেই বন্ধ হয়ে গিয়েছে। আমি সরকারকে বলব, বাইরে থেকে ধানচাল আনবার চেষ্টা করুন। আমি আরো একটা কথা বলতে চাই। রাজ্যপালের অভিভাষণে আমাদের দেশের শিল্পোন্নতির কথা উল্লেখ করা হয়েছে দেখলাম। রাজ্যপাল বলেছেন, আমাদের দেশের বৃহৎশিল্পের মধ্যে আহমদ-পুরে যে ন্যাশনাল সুগার মিল হয়েছে সেই মিলের কাজের জন্য ১০ লক্ষ টাকা দেওয়া হয়েছে

এবং ১৫ লক্ষ টাকার দায়িত্ব গ্রহণ করা হয়েছে। ন্যাশনাল সুগার মিল-এর রিপোর্টে দেখলাম, কেন্দ্রীয় সরকার এবং পশ্চিমবাংলা সরকার থেকে তাঁরা এ পর্যন্ত ৫৩·৭৫ লক্ষ অর্থাৎ প্রায় পৌনে ৫৪ লক্ষ টাকা পেয়েছেন। সরকারী সাহায্যে যে ন্যাশনাল সুগার মিল প্রতিষ্ঠা করার চেষ্টা চলেছে সেই মিল কি অবস্থায় চলছে জানেন? সেখানে ইতিমধ্যে ৬০ জন লোক ছাঁটাই হয়ে গিয়েছে এবং কর্মচারীরা দুই মাস যাবত মাইনে পায় না। খিদিরপুর ডকে এবং আহমদপুর স্টেশনে মিলের মাল অনেক ক্ষেত্রে ডিমারেজ খায়—রেলের মাশুলের চেয়ে ডিমারেজ চার্জ কোন কোন ক্ষেত্রে অনেক বেশি। এই ন্যাশনাল সুগার মিল সম্বন্ধে ভালরূপ অনুসন্ধান করবার জন্য আমি অনুরোধ করি এবং যাতে সেই প্রতিষ্ঠানটি ভালভাবে পরিচালিত হয় সরকার তার ব্যবস্থা করুন।

Sj. Hemanta Kumar Ghosal:

মিঃ স্পীকার, স্যার, আমার বক্তব্য বলার আগে গত কয়েকদিন এই বিধানসভায় যেসব আলোচনা হ'ল, বিশেষ করে কংগ্রেসের শ্রীজগন্নাথ মজুমদার এবং শ্রীযুক্ত বিজয়সিংহ নাহার যে সব তথ্য পরিবেশন করলেন সে সম্পর্কে আমি কিছু বলব। তাঁরা চীনের সঙ্গে ভারতবর্ষের তুলনা করেছেন এবং তার সঙ্গে কিছু কিছু তথ্যও পরিবেশন করেছেন। আমি জানি না তাঁরা কতটুকু এ সম্বন্ধে পড়াশুনা করেছেন, তবে আমার ধারণা এ সম্বন্ধে তাঁদের ধারণা অত্যন্ত সীমাবদ্ধ। প্রকৃতপক্ষে কিছু জানাশুনার ব্যবস্থা করলে হয়তো তাঁরা তাঁদের এই পরিচয় এই বিধানসভায় দিতেন না। চীনে চাবুক মেরে ফসল বাড়ান হয় এই রকম তথ্য তাঁরা পরিবেশন করেছেন। আমিও এখানে একটা তথ্য রাখতে চাই—সেটা হচ্ছে

Economic survey of Asia and the Far East, 1956 and 1957, published by the U.N.O. Report of the Food and Agricultural organisation of U.N.O. published in the latest U.N.O. bulletin in which it has been said that the production of rice in China in 1958 is larger than the combined production of rice of all rice-producing countries and yield per acre is the second highest next to Japan.

এটা ইউ এন ও-এর রিপোর্ট। আমি আরেকটা তথ্য দিচ্ছি, সেটা হচ্ছে

Report of the official delegations on Agriculture and Co-operative to China —published by the Government of India.

একটা

statement by Dr. Deshmukh—

তিনি বই-টই প'ড়ে অভিজ্ঞতা সঞ্চয় করেছেন।

[3-30—3-40 p.m.]

এখানে আমার যে বক্তব্য রাখতে চাই তার মধ্যে সবচেয়ে দুঃখের কথা বলব এই যে যেটা প্রথম থেকে আরম্ভ করা উচিত ছিল সেটা সম্বন্ধে কিছুই করা হয় নি। বাংলাদেশের অগ্রগতির যেটা প্রথম ধাপ সেটা হ'ল জমির উন্নতি—সেই জমির অবস্থাটা কি—উৎপাদনের প্রথম এবং প্রধান যে জিনিস সেই জমির অবস্থা কি—যারা উৎপাদন করে সেই কৃষক সমাজের অবস্থাটা কি এসব জানা একান্ত দরকার। এগারো বছর স্বাধীনতা লাভের পর, ভূমি সংস্কার আইন পাস হবার পর সেখানে ঘোষণা করা হয়েছিল কৃষককে জমি দেওয়া হবে—তার পরেও জমি এবং কৃষক সমাজের অবস্থা কি? শহর থেকে আরম্ভ ক'রে গ্রামে গ্রামে আমাদের রাজ্যপাল দেখিয়েছেন যে আলো জ্বলছে—কিন্তু আলো জ্বালার প্রথম কথা যেটা অর্থাৎ কৃষককে জমি দেওয়ার কথা যা থেকে দেশের অগ্রগতি শুরু হতে পারে সেই আসল বিষয়টির অবস্থা কি তার বিশদ কোন ব্যাখ্যা বা বক্তব্য রাজ্যপালের ভাষণে নেই। একটা জায়গায় আছে আনুমানিক এক লক্ষ একর জমি তাঁরা পেয়েছেন। অবশ্য এখনও তার হিসাব-নিকাশ হয় নি—আনুমানিক পেয়েছেন। আমি স্যার,

আপনার কাছে বাংলাদেশের ১৯৫৮ সালের ৩১এ অক্টোবর, পর্যন্ত জমির যে অবস্থা তার এক আলাদা চেহারা এবং এ বিষয়ে তাঁদের যে তথ্য সেটা আপনার কাছে রাখছি—

Malda—		
	Number of cases enquired into	7,916
	Number of cases disposed of	7,899
	Number of cases pending for disposal	17
	Number of cases appealed against	223
	Number of cases found mala fide	969
	Number of cases pending	252
West Dinajpur—		
	Number of cases enquired into	6,428
	Number of cases disposed of	6,253
	Number of cases pending for disposal	75
	Number of cases found mala fide	640
	Number of cases appealed against	55
	Number of cases pending	85
Burdwan—		
	Number of cases enquired into	27,730
	Number of cases disposed of . ..	24,515
	Number of cases pending for disposal	3,215
	Number of cases found mala fide	952
	Number of cases appealed against	25
Birbhum—		
	Number of cases enquired into	7,889
	Number of cases disposed of	6,896
	Number of cases pending for disposal	9,083
	Number of cases found mala fide	224
	Number of cases appealed against	53
24-Parganas—		
	Number of cases enquired into	12,756
	Number of cases disposed of	12,740
	Number of cases pending for disposal	16
	Number of cases found mala fide	108
	Number of cases appealed against	30
Midnapore—		
	Number of cases enquired into	45,639
	Number of cases disposed of	52
	Number of cases pending for disposal	2,186
	Number of cases found mala fide	941
	Number of cases appealed against	314

Murshidabad—		
	Number of cases enquired into	14,021
	Number of cases disposed of	12,032
	Number of cases pending for disposal	1,089
	Number of cases found mala fide	95
	Number of cases appealed against	80
Nadia—		
	Number of cases enquired into	7,596
	Number of cases disposed of	7,479
	Number of cases pending for disposal	3,640
	Number of cases found mala fide	117
	Number of cases appealed against	39
Howrah—		
	Number of cases enquired into	3,640
	Number of case disposed of . ..	3,637
	Number of cases pending for disposal . ..	3
	Number of cases found mala fide	22
	Number of cases appealed against ..	—
Hooghly—		
	Number of Cases enquired into	3,241
	Number of cases disposed of	3,240
	Number of cases pending for disposal	2,345
	Number of cases found mala fide	1
	Number of cases appealed against	3
Cooch Behar—		
	Number of cases enquired into	3,228
	Number of cases disposed of	275
	Number of case pending for disposal	35
	Number of cases found mala fide	5
	Number of cases appealed against	29
Jalpaiguri—		
	Number of cases enquired into	7,632
	Number of cases disposed of	1,532
	Number of cases pending for disposal	426
	Number of cases found mala fide	170
	Number of cases appealed against	65

Darjeeling—

Number of cases enquired into	1,413
Number of cases disposed of	970
Number of cases pending for disposal	443
Number of cases found mala fide	60
Number of cases appealed against	3

Bankura—

Number of cases enquired into	19,129
Number of cases disposed of	18,485
Number of cases hending for disposal .. .	915
Number of cases found mala fide	1
Number of cases appealed against	1

মোট সমস্ত জেলায় ১ লক্ষ ৭১ হাজার ৭১৮টা এনকোয়ারির জন্য দিয়েছিলেন এবং কমপ্লিট হয়েছে ১ লক্ষ ৬২ হাজার ৬৫৫টি, পেন্ডিং ফর ডিসপোজাল ৯৬৫, আর ৪,৭৪৯টি ম্যালাফাইডি হয়েছে, এবং
number of cases appealed against
৮৮২।

এই রকম মোটামুটি সব মিলিয়ে ১০ পারসেন্টএর বেশী নয়, যত এনকোয়ারী করেছিলেন, যেটা ম্যালাফাইডি হয়েছে যা ট্রান্সফারএর হিসাব পেয়েছি সেগুলি সমস্তই সেখানে আছে। সত্যসত্যই অন্য হাতে যায় নি। অথচ আসল এবং প্রকৃত অবস্থা আমরা যা জানি এবং যে তথ্য আমাদের হাতে আছে সেই তথ্য মিলিয়ে দেখা যায় যে, যেগুলি আমরা চোখের সামনে দেখতে পাই সরকার কিন্তু তদন্ত ক'রে সেই জমি তাদের হাতে পেলেন না; কোথায় চলে গেল তার হদিস নেই। আমি দু'-একটা ঘটনা এখানে দিতে চাই। সন্দেশখালি থানার জোতদার মহীউদ্দিন ভাগচাষীর কাছ থেকে ৫,৩৫০ বিঘা জমির মালিক হিসাবে শেয়ার নিয়েছে ল্যান্ড রিফর্মস বিল পাস হবার পর। অথচ এখন সেই ভদ্রলোকের কাছে এক ছটাক জমিও সরকার পেলেন না। শ্রীনাথ জমিদারী লিমিটেড যেটা এখন আন্ডার রিসিভার, যেটা রিসিভারের হাতে আছে, এর কোর্ট সলিসিটর কেশববাবু। এখানে জমির পরিমাণ ৪,৫০০ বিঘা। এখন সেখানে হিসাব-নিকাশ করে দেখা গেল এক বিঘা জমি পাওয়া যায় না, অথচ আমরা বাল্যজীবন থেকে এই জমির কথা জেনে আসছি। অমূল্য গুহ—বটিগাছি, ইনি ভাগচাষ বোর্ডের কাছ থেকে ভাগ নিয়েছেন, রসিদ দিয়ে ধান নিয়েছেন, এখানে মামলায় আসামী করে চালান দেওয়া হয়েছে। ২,৫০০ বিঘা জমি থাকবার কথা, সেখানে সরকার তদন্ত করে দেখলেন এক বিঘা জমিও তার কাছ থেকে পাওয়া গেল না। সবচেয়ে আশ্চর্য্যের ব্যাপার দেখেছি কৃষ্ণমোহন মুখার্জির ক্ষেত্রে, ভদ্রলোক জাতিতে খ্রীস্টান, ল্যান্ড রিফর্ম বিল পাস হয়ে যাবার পর হঠাৎ ভদ্রলোক কালীভক্ত, হরিভক্ত হয়ে গেলেন; হঠাৎ তিনি বনদেবীর ভক্ত হয়ে পড়লেন। এ'র বাড়ি হ'ল রাধানগরে। প্রথম হলেন তিনি অমরপুরা ফার্মিং ফিসারিজ কো-অপারেটিভএর ডিরেক্টর শ্রীকৃষ্ণমোহন মুখার্জি, এ্যাডভোকেট ইনি হলেন ডাইরেক্টর এবং তাঁর নামে গেল ১,২০০ বিঘা। আমি নিজে তদন্ত করে দেখেছি সেখানে ফিসারিজ-এর 'ফ'ও নেই, ধান চাষ হচ্ছে। জাতিতে ইনি খ্রীস্টান, মিশনারীদের বড় বড় চার্চে নিয়মিত যেতেন, হঠাৎ ভয়ানক কালীভক্ত, হরিভক্ত হয়ে গেলেন, আমলনামা দিয়ে ২১ হাজার বিঘা জমি চলে গেল—ভদ্রলোকের কাছ থেকে এক ফোঁটাও জমি পাওয়া গেল না।

[3-40—3-50 p.m.]

ভাল করে যোগাড় করেছি পাছে ওখান থেকে কিছু প্রতিবাদ আসে। এ্যাট টাগদা জে,এল নং ৩৬এ ১,৯৫০ বিঘা। কার কার নাম? বেনামদার, অর্ধেন্দু নস্কর, পূর্ণেন্দু নস্কর, নির্মলেন্দু নস্কর, রবীন নস্কর। আর গড়াইডাঙ্গাতে জে,এল নং ৩২, ৩৫০ বিঘা ভাঙ্গড় থানায়

আন্ডার পি এস ডাংগড়। শৈলেন্দ্রনাথ নস্করের দুর্গাপুরে আবার ৫০০ বিঘা। এই জমি আরো দিয়েছে। বিনোদবিহারী গায়েন, ২৪ পরগনায় তিনশত বিঘা, এক সাগর মধুরাপুরে মৌজায় ২০০ বিঘা। ঈশ্বরচন্দ্র মাইতি, কাকদ্বীপ পি এস ২৫০ বিঘা; জানদা দাস দারিকনগরে ৭৫৩ বিঘা; লয়ালগঞ্জে হচ্ছে বার শত বিঘা, রাক্ষসখালিতে হচ্ছে ৬৫০ বিঘা; একই লোকের নামে। বিষ্ণুপদ বেরা, শিবনগর নামখানায় ১০০ বিঘা, ৭০০ বিঘা ও ৩০০ বিঘা। আপনি নিজে নিশ্চয়ই জানেন যে জমিদারী দখল আইন যখন পাস হল, সেখানে অন্ততঃ এইটুকু কথা যদি তার মধ্যে থাকতো সেই আইন পাস হবার সময়ে যে কোন জমি হস্তান্তর হওয়া বেআইনী তাহলেও বুঝতাম যে কিছু জমি সরকারের হাতে আসবে এবং তা দিয়ে গ্রামে একটা নতুন জীবনের পত্তন হবে এবং ঐ যে স্পন্দন, না আলো, কি তিনি বলেছেন, সেই আলোর কিছুটা রেশ সেখানে গিয়ে পড়তো। কিন্তু এখানে আমরা তার উল্টো দেখছি। আমরা দেখছি প্রথমে এইভাবে জমিকে ফাঁকি দিয়ে বিভিন্ন জায়গায় রাখবার জন্য সরকার সেই সময় তার অবাধ সুযোগ করে দিলেন ঐ মে বি বলে একটা কথা আছে, আপনি জানেন, স্যার, ঐ মে বি সর্বনাশ করেছে। তার ফলে সেখানে বলে দেওয়া হল, এবার তোমরা তোমাদের নিজেদের ঘর সামলাও। যত পারো ছেলের নামে—স্যার, এমন তথ্যও আমার আছে যে, ছেলের এখনও জন্ম হয় নি, হয়ত হবে হবে করছে, কি হবে বলে মনে হচ্ছে, এই রকম ছেলের নামেও জমি হস্তান্তর করা হয়েছে।

Mr. Speaker:

হিন্দু শাস্ত্রে আছে যে ছেলের জন্ম হবার পরও শেয়ার পায়। সুতরাং এটা নতুন কিছু নয়।

Sj. Hemanta Kumar Ghosal:

প্রকৃত যা অবস্থা এসে দাঁড়িয়েছে, তা হচ্ছে, এই ভূমিসংস্কার নীতি চালু হবার পর থেকে একটা ঘটনা গ্রামে গ্রামে দেখা যাচ্ছে যে, মালিককে আর খুঁজে পাওয়া যাচ্ছে না। আসল যে মালিক সেই মালিকের কত পর্যা, কত ডানা, কত পরগাছা যে বেরিয়েছে তার হদিশ পাওয়া অসম্ভব। এবং তার ফলে হয়েছে কি, গ্রামে গ্রামে, সহরে সহরে তাঁরা জীবনের স্পন্দন দেখছেন, জীবনের আলো দেখতে পাচ্ছেন যা বিজয়বাবুও একটু আগে বক্তৃতা দিলেন। কিন্তু আসল সত্য ঘটনাকে চেপে দিয়ে লাভ কি? গ্রামে গ্রামে একটা জিনিস হচ্ছে, সেটা হচ্ছে কৃষক উচ্ছেদ। আমাদের কথা নয়। তিনি যে গদিতে বসে আছেন এই সরকারের সারা ভারতবর্ষে যে বক্তব্য এসে দাঁড়িয়েছে সেটা হচ্ছে যে এই উচ্ছেদ আজ ভয়াবহ আকার ধারণ করেছে। অতএব যদি প্রকৃতপক্ষে দেশকে আজ অগ্রগতির পথে নিয়ে যেতে হয় তাহলে প্রথম এবং প্রধান কথা হচ্ছে এই উচ্ছেদ বন্ধ করে কৃষকদের হাতে কি করে জমি যায় তার ব্যবস্থা করা এবং যাতে তাদের উৎসাহ ও উদ্দীপনা বাড়ে এবং এর দায়িত্ব নিতে হবে সেটাই হচ্ছে প্রথম এবং প্রধান কথা। তা না করে শুধু এই ধরনের বক্তৃতা দিয়ে—আলোর স্পন্দন—এই সব নানা রকম কথা বলে কোন লাভ নেই।

স্পীকার মহাশয়, আমি এটা দেখেছি আপনারা যেকোন গ্রামে যান সেই গ্রামে একটা জিনিস দেখতে পাবেন যে প্রথমে যখন জমিদারী আইন পাস হয়েছিল সেই সময় একবার, পাস হবার পর সেটেলমেন্ট শুরু হলে আবার, একদফা উচ্ছেদ হয়ে গেছে এবং বর্তমানে যে অবস্থা দাঁড়িয়েছে এই অবস্থায় নতুন নতুন মালিক তৈরি হওয়ার ফলে কি দাঁড়াচ্ছে? বর্গাদার আইনে আছে ফর পার্সোনাল কালটিভেশন—এখন এই পার্সোনাল কালটিভেশনএর লোক গ্রামে গ্রামে ছেয়ে গেছে এখন এই অবস্থা ঠেকানর যদি চেষ্টা না করেন, এই অবস্থার প্রতি যদি হুঁশিয়ার না থাকেন—তা হলে যেকোন পরিকল্পনা করতে যান না কেন—কুটিরশিল্পই বলুন মেছোভেরীর কথাই বলুন সবই ব্যর্থ হয়ে যাবে যদি এই উচ্ছেদ শিল্পের ব্যবস্থা না হয়। এই যে হস্তান্তর হয়ে গেছে, সরকারী নীতি যা ছিল তাকে বানচাল করবার জন্য যে প্রতিক্রিয়াশীল শক্তি আছে তার বিরুদ্ধে এখন থেকে সচেতন না হলে কোন পরিকল্পনারই কিছু হবে না, সমস্ত বানচাল হয়ে যাবে। অত্যন্ত দুঃখের বিষয় বাংলাদেশের যখন এই অবস্থা, সরকার এই নীতিকে কার্যকরী করবার ব্যবস্থা করতে পারছেন না, বাংলাদেশের ভাগচাষী বাংলাদেশের গরীব কৃষক এই বেআইনী হস্তান্তরের প্রকৃত চেহারা যখন উপস্থিত করে সরকারের কাছে তুলে ধরে এবং সরকারী নীতিকে কার্যকরী করবার জন্য সক্রিয় অংশ গ্রহণ করে, তখনই বাংলাদেশের সরকার যাতে এই কাজ না করতে পারে এবং এই আইন যাতে বানচাল হয়ে যায় তার জন্য সমস্ত ব্যবস্থা

অবলম্বন করেছে অর্থাৎ পুলিসী জুলুম আরম্ভ করে। প্রকৃত জমির মালিক দ্বারা তাদের স্থলাভিষিক্ত বেনামে নানা রকমভাবে জমি রাখবার সুযোগ দিয়ে গ্রাম-জীবনকে তচনচ যখন করে এবং তার বিরুদ্ধে কৃষকের জাগরণ হয় তাকে ধ্বংস করার জন্য পুলিসী আইনে, আদালতে, ভাগচাষ বোর্ডে যে রকমেই হোক সবকিছু মিলিয়ে কৃষকের উপর আক্রমণ করে এবং মালিকদের স্বার্থ রক্ষা করে। এই হচ্ছে বর্তমান ভূমি সংস্কার নীতি অথচ তারা ফসল বাড়াবেন উৎপাদন বাড়াবেন এইভাবে গ্রামকে আলো দেবার ব্যবস্থা করবেন—গ্রামজীবনকে ধ্বংস করে দেবেন কৃষককে উচ্ছেদ করে দিয়ে। যারা উচ্ছেদের বিরুদ্ধে দাঁড়াবে তাকে ধ্বংস করে দিয়ে গ্রামের সমস্যার সমাধান করবেন গ্রামজীবন গড়ে তুলবেন—এই হচ্ছে গণতন্ত্র। এই ব্যবস্থাই শুরু হয়েছে। আজকে কৃষক ধান তুলতে গিয়ে মালিক পাচ্ছেন না, ভাগচাষী ধান তুলতে গিয়ে গত বছর যে ধান নিয়ে গেছে সে নানা রকম পর্দায় মিলে পরিবর্তিত হয়েছে। পরিবর্তিত মালিক একে বলছে আমাকে ধান দাও, সরকারী কর্মচারী এসে বলছে আমাকে খাজনা দাও—এ জমি খাসে গিয়েছে, এখন জমির মালিক এসে বলছে ওজমি আমারই আছে। এভাবে কৃষকদের উপর দু ধরনের আক্রমণ শুরু হয়েছে।

[3-50—4 p.m.]

সরকারী কর্মচারীরা বলছেন এটা খাসে কিনেছে আর জমির মালিক এসে বলছে এটা আমার আছে। একই কৃষকের দুই ধরনের আক্রমণ শুরু হয়েছে অথচ আসলে কে মালিক তা নির্ধারিত হয় নি, কৃষক তাই একথা বলছে যে আসল মালিক নির্ধারণ না হওয়া পর্যন্ত লেনদেন করা চলতে পারে না। সরকারের এই যে ভূমিসংস্কার আইন সেটাকে নষ্ট করবার, ধূলিসাৎ করবার চেষ্টায় আছে। বাংলাদেশের কৃষক সেটা হতে দিতে পারে না এবং এই আইনের পরিবর্তন করলে পর বেনামা হস্তান্তর যে হয়েছে, হাজার, হাজার, লাখো লাখো বিঘা যে জমি চলে গেছে সেই জমি ফিরে আসবে এবং সেই জমি কৃষক যাতে পায় তার পূর্ণ তদন্ত না হওয়া পর্যন্ত লেনদেন বন্ধ রাখতে হবে, এবং সমস্তরকম উচ্ছেদ বন্ধ রাখতে হবে এই আবেদন তারা সব সরকারের কাছে করেছে, তারা পুলিসকে, জেলা ম্যাজিস্ট্রেটকে জানিয়েছে যে, এর তদন্ত করে...

(The Honourable Dr. Rafiuddin Ahmed).

একটু আস্তে বলুন) আস্তে আস্তে নয়। খোলাখুলি শুনতে হবে যিনি কৃষি বিভাগের মন্ত্রী তিনি চাষবাস বাড়াবেন কৃষককে সুখী করাবেন জল দিবেন কিন্তু কার মাথায় ঢালবেন জানি না। আমরা জানি যে, ভাল বীজ, সার, জল দিলে পর উৎপাদন বাড়বে কিন্তু কৃষকের যদি জমি না রইলো তাহলে সার কোথায় গিয়ে পড়বে, কার জমিতে পড়বে, কিভাবে উৎপাদন বাড়বে এ বিষয়টা বুঝি না, সেইজন্যে ক্ষোভের সঙ্গে জানাচ্ছি বাংলাদেশের সরকার যা করেন নি কৃষক তা করবার জন্য বদ্ধপরিকর। সরকারের আইন যারা বানচাল করবার চেষ্টা করছে তাদের চেষ্টা যাতে কার্যকরী না হয় তার জন্য কিছু কিছু সংশোধন করা দরকার যাতে সরকার জমিচোরের সন্ধান পেয়ে যেতে পারেন। ছয় লক্ষ একর জমি সরকার পাবেন বলে ঠিক করেছিলেন আজকে বলছেন বোধ হয় এক লক্ষ একর জমি পাওয়া যাবে। আর বাকি সবটা কোথায় গেল সেটা খুঁজে খুঁজে বার করতে হবে, বোধ হয় স্বজাতি গোষ্ঠীর গায়ে গিয়ে পড়বে। পড়লেও প্রকৃতপক্ষে ভূমিসংস্কার যাতে হয় তা করতে হবে। কৃষক আজ সেই পথেই অগ্রসর হয়েছে। আমরা সেই জন্য দাবী করেছি এই সমস্ত দরখাস্ত যে সমস্ত জায়গায় ধান উঠেছে তার মালিক নির্ধারণ করবার জন্য তদন্ত না হওয়া পর্যন্ত এই ধান প্রকৃতপক্ষে যাতে সরকারের পক্ষে যায় এবং ভাগচাষী তার শেয়ার যেন পায় এবং সরকারের কাছে যে ৪০ ভাগ থাকবে তা তদন্তের পর প্রকৃত মালিক যে সেই পাবে এবং তার আগে লেনদেন হবে না, তা না হলে কখনও এই জমিচোরদের খুঁজে পাবেন না এবং তা না হলে কৃষকদের দেবার জন্য যে জমি তা কোনদিন তাদের হাতে আসবে না। সে কাজ করতে গেলে যদি এই আইনের পরিবর্তন করতে হয় এবং এই নতুন করে সংশোধন করতে হয় তাহলে তা করতে হবে।

আমি সর্বশেষে এই কথা বলতে চাই যে, এই কাজ সরকার আজ করতে চান কিনা; বাংলাদেশের কৃষক এই জন্য আজ বদ্ধপরিকর। খাদ্য এবং গ্রামজীবন নিয়ে আর ছিনিমিনি খেলতে দিতে বাংলা দেশের কৃষক নারাজ। তারা এই সিদ্ধান্ত সমস্ত বাংলাদেশের সম্বন্ধে কৃষক এক

হয়ে গড়ে ওঠার উদ্দেশ্যে সরকারের নীতিকে পরিবর্তন করে জমি যাতে কৃষকদের হাতে আসে তার ব্যবস্থা করবার জন্য এবং সেই জমিতে যাতে সার, বীজ এবং সেচের ব্যবস্থা হয়ে প্রকৃতপক্ষে উৎপাদন বাড়ে সেই মূল জাতীয় স্বার্থ সাধারণের জন্য যে বিধান করবার দরকার সেই জন্য তা করবার জন্য আজ কৃষক বদ্ধপরিকর। যত জুলুম আসে আসুক, যত কায়েমী স্বার্থ আসে আসুক কৃষকগণ এই জমি নিয়ে আর ছিনিমিনি খেলতে দেবে না। সমস্ত বাংলাদেশের কৃষক গ্রামে গ্রামে প্রচার অভিযানে লেগেছে এবং সেই প্রচার অভিযানের মধ্য দিয়ে তারা কলকাতা শহরে আসবে। দৃঢ় পদক্ষেপে অটল সংকল্প নিয়ে এই জমি সমস্যার সমাধানের জন্য কৃষক আজ অগ্রসর হচ্ছে। কাজেই সময় থাকতে সাবধান হয়ে আইনের প্রয়োজনমত পরিবর্তন সাধনের দরকার।

Personal Explanation

Sj. Mihirlal Chatterjee:

আমি আমার বক্তৃতা প্রসঙ্গে ন্যাশন্যাল সুগার মিল সম্বন্ধে বলবার সময় বলেছি ন্যাশন্যাল সুগার মিল কোম্পানি দশ লাখ টাকা দান হিসাবে গভর্নমেন্টের কাছ থেকে পেয়েছে। এ কথা আমি বলেছি। আমি একথা বললেও গভর্নরের স্পীচে একথা লেখা আছে—

The State Government... ..

Mr. Speaker: That is not a personal explanation. You are correcting yourself.

Sj. Mihirlal Chatterjee:

আর একটা কথা বলেছি। ন্যাশন্যাল সুগার মিল কাগজেপত্রে দেখিয়েছে—

the National Sugar Mill has received financial assistance both from the Government of India as well as from the Government of West Bengal to the extent of Rs. 53.75 lakhs.

তাতে ফাইন্যানশিয়াল এসিসট্যান্স বলেই আছে, লোন বা গিফটএর কথা নাই।

Mr. Speaker: You have corrected the mistake.

Debate on the Motion of Address in Reply

Sj. Siddhartha Shankar Ray: Sir, if the speech of the Governor is any indication of the mind of the Government, I must confess that it is a rather complacent mind, an unduly self-satisfied mind. Sir, I would have been the happiest person in the State of West Bengal if I could see a new life pulsating throughout the towns and villages. I have just come back from the district of Murshidabad and I had the opportunity of passing through the districts of Nadia and 24-Parganas also. The report that I will make to you and to the members of the House is that I saw all around me nothing but dereliction, dilapidation and despondency. I found, Sir, amongst the people with whom I had the good fortune to come in contact during my recent visit that there was a great feeling of uncertainty everywhere. In every sphere of our national life, the stamp of uncertainty is clearly written. The Government does not seem to know its own mind with regard to every important policy affecting the life of the people. I could have understood if the Government had said that this is our policy with regard to food, this is our policy with regard to refugee rehabilitation, this is our policy with regard to education, this is our policy with regard to Government servants, this is our policy with regard to unemployment. I could have understood if the Government had tried to implement those policies, good, bad or indifferent. But, on the contrary, what do we find? We find uncertainty everywhere. The Hon'ble Minister today gets up and says something. After seven days the people find that the Minister did not know his own mind and has retracted what he had said. This is not the case of only the unfortunate Food Minister. I think the time has now come when we should consider

the Food Minister not as an object of ridicule, contempt or hatred but as an object of pity. He has been embroiled in his own activities as a result of which, unfortunately, he cannot find a way out. He is now entangled in his own meshes as a result of which it is impossible for him to come out. But, Sir, this is also true of several other Ministers of the Government. When a Government follows an inexplicably uncertain policy in an incredibly inefficient manner, the inevitable result is transformation of that Government into an asylum of the mentally deficient and indulgence of the high priests of that asylum in abnormal platitudes and subnormal homilies and that is what has happened in the State of West Bengal. Take, for example, the food and the food problem. Sir, we have repeatedly, both on the floor of the House as well as in other manners, clearly pointed out to the Food Minister the various difficulties that were in his way for enforcement of the Price Control Order, the manner in which enforcement should have been done and the provisions which should have been laid down with regard to punishment and so on. But what do we find now?

[4—4-10 p.m.]

In spite of what the Government may say, in spite of what the Food Minister may say, there cannot be any question that in no sub-division of our State of West Bengal is rice being sold in accordance with the controlled rate. I was amazed when three days back I received a copy of the Calcutta Gazette, dated the 5th February, 1959; in it the minimum price of rice is given for the week ending the 24th January 1959. It is the Government's own gazette and in it we find these prices which are black-market prices. Prices here are given of coarse rice in seers per rupee. According to the controlled rate per rupee we should have 2 seers and 3 chittacks of coarse rice, but the Calcutta Gazette states that in that week in the various districts and subdivisions of West Bengal at no place was rice being sold at 2 seers and 3 chittacks per rupee except in two or three subdivisions. For example, in Diamond Harbour it is sold at 2 seers a rupee, i.e., Rs. 20 a maund. If the Food Minister kindly goes through this copy of the Calcutta Gazette, he will see that his very Government is condemning itself, and I think this is the first time in the history of democracy that the Government is giving statutory recognition, official recognition to the existence of black-market prices. Such a state of affairs will continue and it will become worse. Before publishing it in the official gazette seeing that the price was a black-market price somebody ought to have gone and made enquiries; and if after making enquiries he had seen that black-market price was charged, may I ask, why steps were not taken against people selling rice at black-market price? I want this answer. No matter what I may have to say about the Congress policy or the Government policy in the matter of food, I offer my fullest co-operation and, I am sure, every member of the Opposition will offer the fullest co-operation, to the Government in solving the food problem of the country. It is a serious matter. I wrote a letter to the Food Minister pointing out some of the absurd anomalies that came to my notice. I went to the bazar and talked with the retail shop-owners. I found that the licences under which retail shop-owners were selling rice were licences granted for wholesalers. Then I made enquiries; and I found that licences were issued under the Rice Control Order of 1957. The licences that were issued were for wholesalers and for retailers without any distinction whatsoever. I wrote to the Food Minister and pointed this out to him. I said that if he wanted really to stop rice being sold at black-market rates, he must divide them into millers, wholesalers and retailers into three water-tight compartments. A rice-miller should not be allowed to sell at retail rates, a wholesaler should not be allowed to sell at retail rates and therefore you must have three kinds of licences for rice for these three kinds of businessmen namely (1) rice-miller,

(2) wholesaler and (3) retailer and after these licences are issued in this manner it must be strictly enforced, the law must be strictly enforced that no retailer should sell at anything but the retail price, no wholsaler should sell at anything but the wholesale price and no rice-miller should sell at anything but the producer's price or the rice-miller's price. The answer I got to this letter is, to say the least, absurd. The Food Minister writes back to say that "with regard to this point of yours, there will be constitutional difficulty because unreasonable restriction will be put on the businessmen if you tell the wholesaler not to sell at retail price or the rice-miller not to sell at wholesale price, or the retailer not to sell at wholesale price." This is the first time I have found such a contention being raised by a responsible Minister of a State of India. There can always be reasonable classifications and if any classification is made on a reasonable basis, it is perfectly constitutional, as the courts of law have time and again said. Therefore, if the Food Minister wants to help the rice-miller to sell at the retail price, that is an end of the matter, there cannot be any co-operation, there cannot be any advice being given. But if he really wants to help the people then he has to take the advice of the Advocate General or the Law Minister or the Legal Remembrancer who will tell him that it is certainly not unconstitutional to put these three classes of businessmen into three water-tight compartments. What is heppening today? The rice-millers sell at retail rates in front of their mills or in their offices. I ask each and every member here, is there any person in West Bengal who has purchased as a consumer direct from the rice-miller his daily needs? Have you bought paddy or rice direct from the rice-miller? Certainly not. It is only the retailer to whom you go to buy your daily needs and it is absolutely fantastic to say that the rice-millers should be allowed to carry on retail trade. This is absurd. Sir, three types of licences have to be issued and three classes of businessmen have to be restricted to their own spheres of activity. The second thing which is necessary is that rice-millers are not selling to each and everybody. I have had personal experience of this matter. Some retailers came to me. They told me that some rice-millers are only selling to such persons as they think fit and in no case do they sell to more than three or four specified persons as a result of which the wholesaler cannot get rice from the rice-millers. If the retailers cannot get rice from the wholsalers, they cannot get it direct from the mills. Some wholesalers have certainly got rice but they do not sell it to the retailers. So I suggested to the Food Minister that what we have to do is to tell the retailers that you go to these wholesalers. And you have to classify the wholesalers to whom the retailers will go to purchase their needs. I asked a very simple question in the most co-operative mood: "Will you please send me the names of only three wholesalers—only three—so that I can tell the retailers of Bhawnipur to go to these wholesalers and purchase rice from them". The Food Minister has not been able to answer this simple question of mine for the obvious reason that there is not a single wholesaler to his knowledge who is willing to sell rice in large quantities to retailers. This is another matter to which his attention has to be drawn and I want to hear something from him with regard to this. I would request him not to be afraid of us, not to distrust us because it is to our interest to see that the people who live around us, the people who surround us, the people whom we have to meet when we go to the interior parts of the State of West Bengal, should at least get their minimum requirements of rice. These are the things which are necessary. The Food Minister says that rice-millers are not co-operating. If I were in power I would have insisted, as I did once upon a time months ago when I used to sit on the Treasury Benches.

[4-10—4-20 p.m.]

I suggested requisitioning all the rice mills under Article 31A of the Constitution if the rice millers do not co-operate. You can do so; you have the power under Article 31A of the Constitution to take over management and control of the mills in question, run them yourselves and prove to the rice dealers and other interested persons in the trade that the food policy of the Government of West Bengal is a sound policy and will be pursued properly. I have no quarrel with the Food Minister with regard to fixation of the prices. The prices that have been fixed are reasonable and just but the only point is that the fixation is not being followed or adhered to, and in spite of these people breaking the law, in spite of these people refusing to sell, no effective measure is being taken against them. We read in the papers a retailer here and a retailer there have been proceeded against. It is not a case where retailers should be proceeded against. It is a case where far bigger persons are to be proceeded against. If necessary, provisions of the Preventive Detention Act have to be made applicable. When the Preventive Detention Act came into force, I think Dr. Prafulla Chandra Ghosh was then the Chief Minister, it was passed for this very purpose to proceed against anti-social elements and if we find large hoarders they should be proceeded against. And the Governor has admitted in her speech at page 2 that there are large hoarders. Since it is admitted that there are large hoarders my point is why are these large hoarders about? For what purpose is such large hoarding going on? The answer obviously must be that they do not want to sell to the people in spite of the distress. To that the Government's answer should be that in that case we requisition your mills under Article 31A of the Constitution and those of the large hoarders should be told that we are proceeding against you under the Preventive Detention Act. That Act was passed not merely for the purpose of putting a few Communists or P.S.P. members in the jail; it was passed not merely to take certain goondas into custody; it was passed also to proceed against the fat-bellied persons who sit today at the top of the society and make the society a place where it is impossible to live in. I will, therefore, give these four constructive suggestions to the Food Minister and if needed, leaving all my work, I am prepared to assist him and I am sure all members of the Opposition are prepared to assist him in this respect.

The second point that I notice in the Governor's speech is that no serious notice is taken of the acute unemployment position in our State. Sir, from the Government figures it appears that nearly 14 lakhs of people are lying unemployed in the State. Just before I resigned I had a talk with the Chief Minister—he is unfortunately not here but I am sure he is listening—I had a talk with him and told him that he had something to do in the matter. He told me that he did something—about two thousand or three thousand people had been appointed in the State Transport and brick-making and some other organisations. I told him that the problem is in lakhs, answers in thousands will not do and that question is still there. The problem is in lakhs and the Governor has said that we have given employment to 10,000. When I looked up records I found that the number of 10,000 given by the Governor this year is also given in the last year's speech. Sir, it is like the story of fox and the chrocodile babies—the same chrocodile was shown every time. Here also the same figure is being displayed again this year. And what is the solution? The solution is, I think, every possible approach to solution is, as Government has already said to us, family planning. I do not see how family planning can help unemployment problem of those who have already come into existence. 14 lakhs of people who have already come into existence can be reasonably divided into four categories: (1) grandfathers, sitting on the treasury benches, between the age limits 65 and 80; (2) grandfathers between the age limits 45 and 65;

(3) fathers between 25 and 45 and (4) sons between 1 and 25. Four generations of people are clamouring for employment and you go on to tell them that their problem cannot be solved unless family planning takes place. Family planning can only take place in these circumstances if the Indian Penal Code is amended and murder is not made an offence. If it is decided that you want family planning, you can go and murder some of those people whom you think undesirable; but the law of God and the law of man is against such a proposition. As such, I would like to hear the Chief Minister on this point. He is a Doctor, he will be able to tell us how family planning can possibly solve unemployment problem of these 14 lakhs of people. I find that after I resigned, Dr. Roy, the Chief Minister, said various things about me, I am not concerned about these; people have given appropriate replies to them; I find from the Statesman of the 8th April, 1958, that Dr. Roy said in Delhi that "Mr. Ray had made certain very good suggestions for consideration (1) Every industry in West Bengal should be compelled to make recruitment through Employment Exchanges, and (2) Every industrialist in West Bengal should be made to keep his occounts in Bengali so that the educated unemployment problem could be solved to a certain extent." I would like to know from Government and from the Chief Minister as to what has happened to these suggestions which he himself described as very good suggestions. We would be awaiting with interest to hear from him, but in the Governor's speech nothing has been said.

The third matter is with regard to the miserable plight in which our Government servants are placed. Recently, a circular has been issued saying that recognition will be withdrawn because they had the hardihood to invite me as the Chief Guest at a Conference in Bankura. You take whatever steps against them you may think fit. I am sorry for them because it is due to me that they are having to suffer in this matter, but I can tell the Government, this sort of action will not lead them anywhere; certainly they will not get sympathy and co-operation of the Government servants if they carry on in this pig-headed dictatorial manner. It will be resisted and time will come when Government will be proved totally in the wrong. And why should the Government servants complain? They are trying their best to work for the Government, but what is the position? Out of the Government servants today 30 per cent of the Gazetted Officers are temporary, 70 per cent. of the non-gazetted clerical staff are temporary, 40 per cent. of the technical staff are temporary, 85 per cent. of the lower grade employees are temporary. The total emoluments, according to Government's own statistics are these: 656 persons are below Rs. 25 per month, 15,871 below Rs. 50 per month, 60,015 below Rs. 75 per month, 18,832 below Rs. 100 per month, 25,537 below Rs. 150 per month, and 10,058 below Rs. 200 per month. In fact, nearly 70 per cent. of the Government servants are below Rs. 100 per month. I would ask the Honourable Ministers, I will ask them to place themselves in these categories, some of them were in Government service and tell me if there is any justification for the Government in taking up this adamant attitude?

Sir, my time is up, and I have to stop.

[4-20—4-30 p.m.]

Sj. Dasarathi Tah:

স্পীকার মহাশয়, ইংরাজ চলে গিয়েছে বটে, কিন্তু তাদের উত্তরাধিকারী রেখে গিয়েছেন তাদের সেই পুরাতন গদীতে বসিয়ে। তারা খদ্দর পরে চলেছেন।

অতএব [illegible] ভাষণ অবাস্তব।

Mr. Speaker: Mr. Tah, you cannot go beyond a certain limit. If find anything unparliamentary, I shall have to direct that that should i expunged from the proceedings.

Sj. Dasarathi Tah:

আমি এখন কিছু বলি নি, আমার বক্তব্য এই যে, রাজ্যপালিকার নাম দিয়ে মন্ত্রীমণ্ডলী এই প্রশংসাপত্র দেওয়ার কারণ কি? সেজন্যে আমি বলি এরকম যে একটা অবস্থা যে সারা বছরে তিনি আধ ঘণ্টা বা এক ঘণ্টা ধরে একটা লেখা বক্তৃতা দিয়ে যাবেন আর সমস্ত বছর ধরে কো কাজ নেই এটা একটা বিরাট অপব্যয় গণতন্ত্রে। সেজন্যে শ্রীজয়প্রকাশ নারায়ণ প্রস্তাব করছিলে যে আঞ্চলিক লাটসাহেব করা হউক, একজন থাকলেই চলবে এবং তিনি পাঁচ-ছটি প্রদেশে অধিবেশন উদ্বোধন করে দিয়ে আসবেন। যাই হোক রাজ্যপালিকার যে ভাষণ আমরা দেখি এটা অবাস্তব, কোন কোন জায়গায় অসত্য এবং যেটা স্বাভাবিক অবস্থা তার বিরোধী আমি একটি মাত্র নমুনার উল্লেখ করছি। সেটা হচ্ছে এই রাজ্যপালিকার ভাষণে বলা হয়েছে—সামগ্রি খাদ্যাবস্থা ১৯৫৮ সালে যেরূপ ছিল এ বৎসর তাহা অপেক্ষা ভাল হইবে। কি চমৎকার সত্যমে জয়তে-এর নমুনা। সেজন্যে আমি বলি খাদ্যবিভাগের যিনি মন্ত্রী মহোদয় তিনি আজ সাত বছর ধরে খাদ্য বিভাগ থেকে যা কিছু করেছেন তার সব কিছু অসত্য, সবই অবাস্তব। তাঁকে বার বার অনুরোধ করেছিলাম এখন বয়স শেষ হচ্ছে আপনি এখনও সুবুদ্ধিতে আসুন আমরা বলেছিলাম একটা অস্বাভাবিক মূল্য যদি আপনি নির্ধারণ করে দেন তাহলে সেটা কার্যকর হবে না। আমরা বলেছিলাম মাঝারি ধানের দর ১২ টাকা করে দিন এবং সেই অনুসারে সর ধানের দাম বাড়িয়ে দিন—ফাল্গুন-চৈত্র পর্যন্ত দর ওই ১২ টাকা করে রাখুন, পয়লা বৈশাখে পর না হয় ২ টাকা কমিয়ে দিন, বলুন পয়লা বৈশাখের পর যে ধান আটকিয়ে রাখবে তার ধা সিজ করা হবে। এই কথা বললে আজ বাজারে ধান হুড় হুড় করে আসত। কিন্তু তিনি সে কথা শুনেন নি। তিনি চমৎকার বুদ্ধিমত্তার পরিচয় দিয়েছেন। কিন্তু সাবাস! তিনি এখানে স্বীকার করে গেলেন না, কিন্তু বাইরে কলমা চালকে ফাইন রাইস করে স্বীকৃতি দিলেন কলমা চাল যদি ফাইন রাইস হয় তাহলে কোনদিন হয়ত সার আপনার নদিয়ার বোঁদে বর্ধমানের মিহিদানায় পরিণত হবে। আমরা বার বার বলেছি এটা জনসাধারণকে ঠকান হয়েছে, তাকে প্রতারণ বলুন আর অন্য কিছু বলুন, যা কিছু বলুন তাই করা হয়েছে। অতএব এইভাবে মানুষকে ভাঁওতা দেওয়া ছাড়া আর কিছু হয় নি এবং আজ নির্ধারিত দরে কোথাও চাল নেই—বর্ধমানেও নেই। বর্ধমানের চালের যে অঞ্চল আমি দৃঢ়কণ্ঠে বলতে পারি তার অর্ধেক অংশে আজ চাল নে এবং অধিকাংশ লোকের ঘরে তিন মাসের বেশি খোরাকী নেই। এখনও যদি তাঁর কিছু সুবুদ্ধি উদয় হয় তাহলে এই সংশোধনী যেন এখানে করে দেন। রাজ্যপালিকা তাঁর ভাষণে বলেছেন ভ নেই। তিনি তো একেবারে অভয় দিয়েছেন, তিনি বলেছেন প্রয়োজন হলে আমার গভর্নমেন্ট ওই সমস্ত ধানচাল মজুতদারদের কাছ থেকে সীজ করবেন। এটা আমরা বিশ্বাস করতে পারি না এবং তা সম্ভবও নয়। মজুতদাররা জানে এঁদের দৌড় কত দূর। তারা জানে যতই আমর সরকারের বিরোধিতা করব তত বেশি বোনাস পাব—যত বেশি ধানচাল আটকে রাখতে পারব ত বেশি পুরস্কার পাব, তারা জানে খেঁজুর গাছের গলায় যত চাঁছা যায় তত রস দেয়। কিন্তু এ যে বলেছেন এটা কবে হবে, কবে সেই সুসময় আসবে? কবির ভাষায় বলতে হয়—পবনের যেদি গতিরোধ হবে, পতঙ্গে সেদিন মাতঙ্গে দংশিবে—এই সমস্ত সেদিন দেখা যাবে বিলে। পতঙ্গে যেদিন মাতঙ্গে দংশিবে, আর সিংহী তার হবে শৃগালের ভয়—এসব কি হবে; সেদিন কি হবে ওঁরাই তা বলতে পারেন। রাজ্যপালের ভাষণে যা বলা হয়েছে—যে সমস্ত হুমকীর কথা সেগুলি সত্যিই হুমকী নয়, বরং মজুতদারদের উৎসাহিত করা হয়েছে। রাজ্যপালের ভাষণে আর কি আছে? আমরা এটা লক্ষ্য করে আসছি যে দেশের প্রধান যেসব সমস্যা তা আলোচনা হবে—রাজ্য পালিকা একদিক থেকে অন্ততঃ রাজ্যরক্ষার জন্য তিনি রাজ্যের রক্ষিকাও বটে খোঁজ রাখবে রাজ্যের কোথায় কি গেল। কিন্তু দুঃখের বিষয় বেরুবাড়ি থেকে আরম্ভ করে যা কিছু হয়েছে তার কিছুই দেখলেন না, কোন উল্লেখ পর্যন্ত করলেন না। ডাঃ রায় উদার লোক, পণ্ডিত নেহের অপরের ধনে দাতাকর্ণ। তাই দেখেছি বাংলাদেশ বিলিয়ে দিয়ে আলো দেখেছিলেন। সেখানে বেরুবাড়ির মত দু মাইল, পাঁচ মাইল বা ছ মাইল জায়গা তো সামান্য কথা। রাজ্যপালের ভাষণের মধ্য দিয়ে মন্ত্রীমণ্ডলী কি বলতে চান বলুন তাঁরা কি বলবেন। তাঁরা বলুন আমরা সকলে মিলে

বর্ডারে গিয়ে লড়াই করব, সত্যাগ্রহ করব। আমরাও বিরোধীপক্ষ থেকে প্রতিশ্রুতি দিচ্ছি দরকার হলে আমরাও তাঁদের সঙ্গে গিয়ে সৈনিকের মত লড়াই করব।

রাজ্যপাল বলেছেন আমাদের দেশে গণতন্ত্র বলছে আর অন্যান্য স্থানে গণতন্ত্রের সমাধি হয়েছে বিশেষ করে বোধ হয় পাকিস্তানের আয়ুব খানের রাজত্ব লক্ষ্য করেছেন। আমরা গণতন্ত্রের পূজারী বলে, কিছুতেই আমরা একনায়ক চাই নে। কিন্তু একটা জিনিস ভাল করে লক্ষ্য করেছি আয়ুব খান হোক আর যেই হোক এক ছুরির ডগা দেখিয়ে তিনি যার যেখানে গোপন ধন যা কিছু ছিল সব বের করেছেন। আমাদের রাজ্যপাল যদি সেখানে যার হাতে টাকা গচ্ছিত আছে তার একটা হিসাব দিতে পারতেন আমরা অত্যন্ত বেশি খুসী হোতাম। এটা কেন করছেন না? এঁরা বলেছেন নাগপুর কংগ্রেসে যে জমি বণ্টনের কথা বলা হয়েছে, জমি বিলির কথা বলা হয়েছে সেটা অনেক আগেই পশ্চিমবাংলায় আমরা করে ফেলেছি, কিন্তু আমি বলতে চাই জমিদারী দখল আইনের পরও কলকাতা কি ব্যাসকাশী হয়ে থাকবে। কলকাতার জমিদারী ব্যাপারে কিছু বলা যাচ্ছে না কেন? আমরা বলি লাঙ্গল যার জমি তার, তাহলে বোর্ডিং যার বাসা তার হবে না কেন? পাম্কি যার কনে তার ততদূর পর্যন্ত না হয় না গেলাম, কিন্তু বোর্ডিং যার বাসা তার এটা গৃহসমস্যা সমাধানের ব্যাপারে কেন চলবে না? একজন পাঁচশখানা বাড়ি করে বসে থাকবেন সেখানে বাড়ী হস্তান্তর চলবে না কেন? অতএব বোর্ডিং যার বাসা তার অন্ততঃ এট. হাউসিং প্রবলেম সমাধানের জন্য করা উচিত। রাজ্যপালের ভাষণে সে কথা কিছুই নেই। রাজতন্ত্রের কথা বলা হয়, কিন্তু রাজতন্ত্র আর প্রজাতন্ত্রের মধ্যে তফাতটা কি? প্রজাতন্ত্রে রাজার ছেলে রাজা হবে না, এঁকের মতে দেশ চলবে না। রাজারাও তো মন্ত্রীদের সঙ্গে পরামর্শ করে রাজত্ব চালাতেন। কই আমাদের দেশের মন্ত্রীরা তো জনসাধারণের কথা শুনে কাজ করেন না। অতএব রাজতন্ত্রে আর বর্তমানে প্রজাতন্ত্রে বিশেষ কিছু তফাত থাকছে না। তখন রাজার ছেলে রাজা হত, এখন রাজার মেয়ে রাজা হচ্ছে এতো আমরা কংগ্রেসেই দেখতে পাচ্ছি। তাই সমাজতন্ত্রের পথে আমরা অগ্রসর হচ্ছি তার যে ইঙ্গিত রাজ্যপালিকা দিয়েছেন সেটা খুব বেশি উৎসাহব্যঞ্জক নয়। আমি তাই বলতে চাই আর তো সব কথাই বলেছেন গাঁজা চাষের কথাটা কেন বলেন নি? ধানের জমি নষ্ট করে মুর্শিদাবাদ, বহরমপুরে যে গাঁজার চাষ হয়েছে সেকথা কেন বলছেন না। আমি মনে করি গাঁজার উন্নয়নের ব্যাপারে যা করা হয়েছে তা এখানে বললে বুঝতাম কুটির শিল্পের পোষকতা হল, কারণ, এতে ছোট ছোট কল্কের প্রয়োজন খুব বেশি। অবাধ বস্ত্র সমস্যারও একটা সুরাহা দেখতে পেতাম বর্ধমানে ভিখারীর গান শুনি—বুড়ী তুই গাঁজার যোগাড় কর

তোর জামাই এল দিগম্বর।

গাঁজা সম্বন্ধে যেমনি করা হয়েছে আমি বার বার প্রস্তাব করেছি আফিম সম্বন্ধে কিছু করা হোক, সেন্ট্রাল গভর্নমেন্ট না হয় আফিম নিন আর বর্ধমানের পোস্ত তো আজ জাতীয় তরকারীতে পরিণত হয়েছে।

[4-30—4-40 p.m.]

এইবারে যে কথাটা বলছি সেটা হচ্ছে সবচেয়ে বড় কথা, চা সম্বন্ধে তিনি ইঙ্গিত দিয়েছেন, তাঁর গভর্নমেন্ট ময়ূরাক্ষী ও দামোদর ক্যানেল করে অত্যধিক কাজ করেছেন, এবং সেগুলির যুক্তি-তর্কের মধ্যে আমি দেখছি যে সরকারী ও বিরোধীদলের মধ্যে লড়াইয়ের মত ঝগড়া লেগেছে যে চীনদেশে অমুক, সাউদি আরব অমুক, আরে ওসব কথা চুলোয় যাক, চার বৎসর ধরে ডি ভি সি-র ক্যানেল কেটে রেখে দিয়েছেন, দামোদরের দক্ষিণটায় কিন্তু আজ পর্যন্ত তা ঠিক হোল না, শেষ হোল না, এই চার বৎসর পড়ে রয়েছে তার খেসারত কে দেবে? রাজ্যপালের অপদার্থ সরকার আজ পর্যন্ত সেটা কেন কার্যকরী করতে পারলেন না সেটাই সবচেয়ে বড় কথা। তা ছাড়া সেই জায়গায় আমরা কি দেখেছি। আমরা দেখছি ক্যানেল ট্যাক্স জুড়ে দিয়েছেন দু'টাকা নয় আনার জায়গায় পড়ে সাড়ে বারো টাকা এবং পনেরো টাকা এবং সেখানে জল না দেওয়ারও ব্যাপার আছে এবং দামোদরের বন্যানিয়ন্ত্রণ হওয়ায় ডি ভি সি-র সেই জায়গায় এক-তৃতীয়াংশ যে মরুভূমিতে পরিণত হচ্ছে এ কথার দিক দিয়ে তিনি যে কিছু আশ্বাস দেবেন এবং এই বিষয়ে কিছু ব্যবস্থা করা হবে—ডি ভি সি করবার জন্য যতখানি ক্ষতি হয়েছে

সেই অঞ্চলে ডিপ টিউবওয়েল বা লিফট ইরিগেশন করা হবে এরকম কোন কথা নেই, এবং ডি ভি সি, এমন হয়ে আছে, এখান থেকে একটা সর্বসম্মতিক্রমে রেজলিউশন নেওয়া হয়েছিল, ডি ভি সি এমন হয়ে আছে যে তার গায়ে হাত দেবার উপায় নেই, যেমন আমাদের মুখ্যমন্ত্রী ডাক্তার বিধানচন্দ্র রায় দামোদরে যাবেন বলে ঠিক হোল, তাদের ঘাটে টেমপরারি ব্রীজ হোল, বর্ধমানের ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট তাঁদের টেলিফোন করলেন যে, দেখ বাবা অসময়ে যেন জল ছেড় না, আমাদের যেন অপ্রস্তুত কোরো না, স্যার, তাঁরা ঠিক জল ছাড়লে এবং সব একেবারে ভেঙ্গেচুরে চুরমার, তাকে ঘুরে ঘুরে যেতে হোল বাবা তারকেশ্বরের ধার দিয়ে, এই হচ্ছে আজ সেখানে অবস্থা—এই ডি ভি সি মুখ্যমন্ত্রীকেও মানেন না, কোন মন্ত্রীকেই মানেন না, সে এক এমন ব্রহ্মা হয়েছে যে তার আর সীমা নেই। এখানে ডি ভি সি-র হাত থেকে এবং ডি ভি সি-র কন্ট্রোল ব্যাপারে রাজ্যপালিকার ভাষণে কোথাও নেই যে আমার গভর্নমেন্ট ডি ভি সি-কে কন্ট্রোল করেছে এবং বেশি জায়গায় টাকা দেয় আমার গভর্নমেন্ট তাঁর কথাতেই ডি ভি সি চলেছে একথা রাজ্যপালিকার ভাষণে নেই। এবং চাষী সম্বন্ধে এবং ধানের দর সম্বন্ধে যে দর নির্ধারণ করেছেন তাতে আমরা বলি যে চার টাকা হলেও তো ক্ষতি ছিল না। অন্য জিনিসের সঙ্গে তুলনা করে ধানের দর কেন নির্ধারণের ব্যবস্থা করা হোল না, এই নীতিটা যে হওয়া উচিত তার ইঙ্গিত আমরা রাজ্যপালিকার ভাষণে কোন রকমে দেখতে পাই না। তেমনি আর একটা কথা, পুলিসমন্ত্রী এতক্ষণে এলেন, পুলিসের কথা মনে পড়ল, রাজ্যপালিকা বললেন যে আমাদের দেশে পুলিসের খুব কৃতিত্ব বেড়ে গিয়েছে এবং দেশে শান্তি নেই। ইনস্ট্রাকশন দেওয়া আছে যে ডাকাতি হইলে চুরি বলিয়া লিখিবে। অতএব ডাকাতি বলে ধরা হয় না, ডাকাতির লিস্টকে চুরির লিস্ট বলে ধরা হয়। বর্ধমানে দিবালোকে সুনীল দাস বলে একজন গুণ্ডা—স্যার, আমাদের এম এল এ, নয়—একজন লোকের একেবারে মাথা কেটে দিলেন এবং সে সঙ্গে সঙ্গে মারা গেল এবং আর একজনকে আঘাত করল সে ধরতে পারল না পুলিস, এবং যখন তাকে পরে ধরা হোল তখন তাকে হাতকড়া দিয়ে নিয়ে আসা হোল না, দারোগা পাশে বসিয়ে নিয়ে আসলেন। এবং তাকে থানার মধ্যে নিয়ে এসে বসাল এবং সেই সময় নাকি সেই গুণ্ডা একটা হার ছুড়ে ফেলে দিয়ে বলে যেসব খাতা খুলে দেব, সব ফাঁস করে দেব, এই হার নেও, নিয়ে যা ব্যবস্থা করতে হয় কর, দুঃখের বিষয় আপনি খবরের কাগজে দেখেছেন কিনা জানি না সেই জায়গায় এত বড় একটা নৃশংস কাণ্ড হোল, এত নিরাপত্তার অভাব যে ম্যাজিস্ট্রেট সাহেব ও পুলিসসাহেব বললেন যে আমরা নিরুপায় এবং সেই জায়গায় যিনি ডেপুটি ম্যাজিস্ট্রেট তিনি তাকে জামিনে খালাস করে দিলেন, এই তো হচ্ছে নিরাপত্তার অবস্থা। আজকে দেখা যায় যে রাহাজানি ও মানুষকে খুন করা অতি সহজ। আমরা হিসেব করে দেখেছি একটা মানুষ মারতে গেলে গড়ে দেড়শ টাকা লাগে, এর বেশি লাগে না। এই তো আমাদের নিরাপত্তার ব্যাপার হয়েছে। সম্প্রতি চন্দননগরের একটা ঘটনার প্রতি আমি দৃষ্টি আকর্ষণ করছি পুলিস মন্ত্রী মহাশয়ের, সেই জায়গায় এক চূড়ান্ত গুণ্ডা তিনি আগে রাজনৈতিক বলে কিছু কিছু পরিচয় দিতেন। তিনি এখন ভয়ানক অত্যাচার করছেন জনসাধারণের উপর—রাম চ্যাটার্জি বলে এক ভদ্রলোক। এবং বর্তমানে তিনি জনসাধারণের উপর এমনভাবে উৎপাত করছেন যে লোকের জিনিস নিয়ে কিছু দেন না, রিকশা-ওয়ালাদের গাড়িতে চড়েন তার পয়সা দেন না সেখানে বিশিষ্ট লোকদের প্রকাশ্যে উলঙ্গ করে উঠবস করা, প্রহার করা ইত্যাদি সব করেছেন। আমাদের সরকার সেই জায়গায় একেবারে চুপ মেরে আছেন এবং আমাদের রাজ্যপালিকা একথা বলেন নি যে এরকম ধরনের গুণ্ডাদেরও আমরা ব্যক্তি স্বাধীনতা দিয়েছি—একথার উল্লেখ রাজ্যপালিকার ভাষণের মধ্যে নেই। স্যার, এই-সব দেখে আমার এই কথাই মনে হচ্ছে রাজ্যপালিকার যে ভাষণ সেই ভাষণ আমাদের জন-সাধারণকে মামুলি একটা ঠাট্টা করবার জন্য এবং প্রহসন করবার জন্যই আমাদের কাছে দেওয়া হয়। রাজ্যপালিকার ভাষণ সব দিক দিয়ে অবাস্তব এটাই আমাদের মনে হয়, সেই জন্য আমরা বলি—দোষ কারও নয় গো মা,

স্বখাত সলিলে ডুবে মরি শ্যামা।

সেই জন্য রাজ্যপালিকার সেই ভাষণে আমরা ধন্যবাদও দিচ্ছি না, দুঃখ প্রকাশ করে আমি এই রাজ্যপালিকার ভাষণের উপর আমার বক্তব্য শেষ করছি।

Sj. Amarendra Nath Basu:

মাননীয় মহোদয়, একটু আগে রাম চ্যাটার্জি সম্বন্ধে বলা হয়েছে, আমি তার হয়ে কি এখানে জবাব দিতে পারি? যেহেতু সে আমার দলের লোক আমার মনে হয়.....

Mr. Speaker:

রাম চ্যাটার্জি কোথাকার রাম চ্যাটার্জি।

I have repeatedly warned members not to bring in any outsiders who are not here to defend themselves. If they violate it, the portion of the speech can only be expunged. It is not a good thing to speak against a person who cannot defend himself.

Sj. Niranjan Sen Gupta:

মাননীয় স্পীকার মহাশয়, আমি রাজ্যপালিকার ভাষণে খুব মনোযোগ সহকারে কতকগুলি জিনিষ লক্ষ্য করেছি। আমি বিশেষ করে রাজ্যপালিকার ভাষণে বাস্তুহারা সম্পর্কে যা আছে সে সম্পর্কে দুটি কয়েক কথা বলবো এবং তাঁর ভাষণে যে জিনিসগুলি নাই সেগুলি আপনার মাধ্যমে বিধান সভায় রাখছি। আপনি জানেন যে গত জুলাই মাসে সরকার থেকে ঘোষণা করা হয়েছে যে, দশ হাজার ক্যাম্প [illegible] বাংলাদেশে পুনর্বাসন দেওয়া হবে কিন্তু এই রাজ্যপালের ভাষণে এটা বলা হয়েছে যে, ক্যাম্পের সমস্ত উদ্বাস্তুদের দণ্ডকারণ্যে নিয়ে যাওয়া হবে। সুতরাং ঐ দশ হাজার উদ্বাস্তু সম্পর্কে যে সরকারী নীতি সেটা কি বদলে গেল? আমি প্রথমে আপনার মাধ্যমে সরকারকে এটাই জিজ্ঞাসা করছি।

দ্বিতীয়তঃ আজকে যেটা বলা দরকার সেটা হচ্ছে সরকারের তরফ থেকে—এতদিন যে সমস্ত খাতে কিছু কিছু টাকা দেওয়া হতো আজকে তাতে দারুণ সংকোচন সুরু হয়েছে। নূতন টি বি রোগীকে কোন সাহায্য দেওয়া হয় না, পুরানো টি বি রোগীর সাহায্যও আস্তে আস্তে কমিয়ে আনা হচ্ছে। ছাত্রদের বই কেনার টাকা প্রায় বন্ধ করে দেওয়া হয়েছে। তারপর গৃহনির্মাণের কাজে আগে অল্পসল্প দেওয়া হয়েছে, কনষ্ট্রিবিউটরি স্কীমও সরকার একদম মানছেন না এবং এ ধরনের অবশ্য যেসব সুযোগ সুবিধা দেওয়া হত সরকার বর্তমান নীতিতে সেগুলি সমস্ত সংকোচ করে এমন একটা অবস্থায় বাস্তুহারাদের এনে ফেলেছেন যার জন্য উদ্বাস্তুরা জীবনে দারুণ জ্বালা অনুভব করছে। তারপর রাজ্যপালের ভাষণে আর একটা জিনিসেরও উল্লেখ নাই। কিছুদিন আগে একটা ঘোষণা করা হয়েছে যে ১০ কোটি টাকা ইন্ডাস্ট্রিয়াল বোর্ড মারফত ব্যয় করা হবে এবং তাতে বাস্তুহারাদের কাজ দেওয়া হবে।

[4-40—4-50 p.m.]

কিন্তু দুঃখের বিষয় রাজ্যপালের ভাষণে সে সম্পর্কে কোন উল্লেখ নাই। সেখানে ১০ কোটি টাকা ব্যয় করা হবে কি হবে না, তার কোন পরিকল্পনা আছে কি নাই তার কোন কিছু রাজ্যপালের ভাষণে নাই। তা ছাড়া আর একটা বিষয় যা নাকি রাজ্যপালের ভাষণে বলা দরকার ছিল তারও উল্লেখ তাঁর ভাষণে নাই—হাজার হাজার বায়নানামা যে পড়ে আছে সরকারের কাছে সে সম্পর্কে তাঁদের নীতি কি সে বিষয়ে উল্লেখ থাকা উচিত ছিল। বায়নানামা সম্বন্ধে সরকারের নীতি কি—৬ বছর ধরে যারা বায়নানামা করে বসে আছে তাদের কি হবে না হবে, সে সম্পর্কে কোনই উল্লেখ নাই রাজ্যপালের ভাষণে।

এখন আমি তিনি তাঁর ভাষণে যা বলেছেন তার কয়েকটা বিষয় নিয়ে আলোচনা করব। রাজ্যপাল তাঁর ভাষণে বলছেনঃ—

"গত জুলাই মাসে আমার সরকার এবং কেন্দ্রীয় সরকারের প্রতিনিধিগণের মধ্যে অনুষ্ঠিত এক সম্মেলনে এই সমস্যা সমাধানের চেষ্টা হয়"—তাতে যে সিদ্ধান্ত গৃহীত হয় সে সম্পর্কে রাজ্যপাল বলছেন—"আশা করি আপনারা স্বীকার করিবেন যে অবস্থানুসারে উপরি-উক্ত সিদ্ধান্তগুলি সর্বোত্তম।" ১৯৫৬এর জুলাই মাসের ৩১শের মধ্যে ক্যাম্পগুলি তুলে দেবার যে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে তাকে তিনি সর্বোত্তম বলেছেন! স্যার, আমি আপনার মাধ্যমে এখানে একটা প্রশ্ন রাখবঃ ১৯৪৭ সাল থেকে ৫৮ সাল পর্যন্ত এই দীর্ঘদিন ধরে সরকার কী পুনর্বাসন

দিয়েছে—এই সব বাস্তুহারাদের?—এই জিনিসটা সামনে রেখে বিচার করা দরকার। এই কয় বৎসর যে উদ্বাস্তু খাতে ১০০ কোটি টাকা ব্যয় হল—তা কিসে ব্যয় হল? তার ফলে বাস্তুহারারা কি তাদের জীবনে সুখ শান্তি পেয়েছে? আজ চারদিকেই দেখা যায় অসন্তোষ, চারদিকেই বিক্ষোভ, একথা বাংলাদেশের লোক জানে—ভারতবর্ষের লোক জানে। সরকার এই ১০০ কোটি টাকা কি করে খরচ করলেন—আজকে এটা জনসাধারণের চেতনার ভিতর এসে পড়েছে। তারপর আমি বলব মাননীয় প্রফুল্ল সেন মহাশয়কে তাঁদের সর্বোত্তম ব্যাপার যা নাকি তাঁরা করেছেন সালানপুরে, তার কথা এখানে ওঠানো দরকার। সেখানে ৯ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে, ১২ বৎসরে এইভাবে কত টাকা যে সরকারের তরফ থেকে নষ্ট করা হয়েছে সালানপুর তার একটা জাজ্বল্যমান প্রমাণ। আমি এরকম আরো উদাহরণ দিতে পারি, যাক সে দিক দিয়ে আর যাব না। আমি সাধারণভাবে সরকারী কলোনীগুলির কথাই বলছি, সরকারী কলোনী সম্বন্ধে যাঁরা খবর রাখেন যেমন মল্লিকবাগ প্রভৃতি জায়গা সেখানে সরকারই লোকদের পাঠিয়েছেন অথচ তারা অর্ধাশনে দিন কাটাচ্ছে। তাদের অর্থনৈতিক পুনর্বাসনের ব্যবস্থার কোন কথা সরকারপক্ষ থেকে নাই। বনগ্রাম প্রভৃতি সব জায়গার ঐ একই অবস্থা। এই ১১ বৎসর ধরে বাংলাদেশের এই ৩৩-৩৪ লক্ষ উদ্বাস্তুদের প্রায় একই পর্যায়ে যে ফেলে রেখে দেওয়া হয়েছে—তাতে সরকারের তরফ থেকে কি করা হয়েছে? সরকার এতদিন বলে এসেছেন যে ২১ লক্ষ উদ্বাস্তুর পুনর্বাসন দেওয়া হয়েছে, তার মধ্যে অবশ্য সরকারী কলোনীর সাড়ে তিন লক্ষ উদ্বাস্তুর কথাও আছে এবং বাইরের সাড়ে ১৭ লক্ষ। আপনারা সকলে শুনুন, স্পীকার মহাশয়ের মাধ্যমে আমি রাখছি—এটা সরকারী ঘোষণা, আমার কথা নয়, ৩২টা সরকারী কলোনীর ১৭৯০০ পরিবারের মাসিক গড় পরিবারপিছু ১৭ টাকা। তাতে কোন পরিবারের ত দূরের কথা কোনও একটি লোকের খোরাকী এবং আর কোন কিছু ব্যবস্থা কি এ বাজারে হতে পারে? এর চেয়েও কম আছে কোন কোন কলোনীতে মাসিক আয় ১২·৭ টাকা। এটা সরকারী ঘোষণাতেই আছে। আমার নিজের কথা নয়, সরকার যে পরিসংখ্যান দিয়েছেন তার মারফতই আমরা এ খবর জেনেছি। তারপর এই ২১ লক্ষ বাদ দিলে আরো যে ৮ লক্ষ থাকে সে বাস্তুহারাদের সম্পর্কে তাঁরা বলেছেন যে সে বাস্তুহারারা কোন সাহায্য চান না। কিন্তু আমরা জানি, তাঁরাও সাহায্য চেয়েছেন কিন্তু তাঁদের দরখাস্ত অকলান্ড হাউসের ফাইলের তলায় চাপা পড়ে আছে—সে সম্বন্ধে কোন উত্তর পাওয়া যায় না।

তারপর ২৫০টা জবরদখল কলোনীর রেগুলার ইজেসানএর কথা বলেছেন, কিন্তু জিজ্ঞাসা করি বাকি যে কলোনী সে কলোনীগুলির রেগুলারাইজেসানএর কি হল? প্রফুল্লবাবু যে বলেছিলেন তাড়াতাড়ি ঠিক করবেন তার কি হল সে প্রসঙ্গে কোন কথাই নাই। তারপর যেখানে যেখানে অর্পণপত্র দেওয়া হয়েছে তাতে যে চুক্তি মানতে হুকুম দিয়েছেন সেটা অক্ষরে অক্ষরে মানতে হবে নইলে সে অর্পণপত্রের কোন মূল্যই থাকবে না—তাতে আছে—

the sum will be payable by you in such instalments within such times as may be fixed by the Government, and you shall execute and register a bond in respect of the same embodying such terms and conditions and covenants as may be decided by the Government"

অর্থাৎ সরকারের তরফ থেকে যে কথা বলা হবে তা যদি তুমি না মান তাহলে জমিতে তোমার কোন অধিকার থাকবে না। অর্থাৎ ঐ এক পক্ষের শর্ত বা চুক্তি মানে সরকারের হুকুম। বলা যেতে পারে তা মানতেই হবে নইলে রেগুলারাইজেসানএর কোন মানে হবে না।

এখন মুসলমান উদ্বাস্তুদের কথা কিছু বলব,—সরকার মুসলমান উদ্বাস্তুদের জন্য কুম্ভীরাশ্রু বর্ষণ করে থাকেন। কিন্তু আমরা জানি—মুসলমান উদ্বাস্তুদের অনেকেই বাড়ীঘর ফিরে চান না, তাঁরা চান ক্ষতিপূরণ। অথচ মুসলমান উদ্বাস্তুদের কথা যখনই ওঠে তখন সরকার তাঁদের দুঃখে গদগদ হয়ে বলেন যে, তাঁরা নাকি চেষ্টা করছেন, কিন্তু কিছু করে উঠতে পারছেন না।

তারপর শিয়ালদার উদ্বাস্তুদের কথা বিশেষ কি বলব, তাদের দুর্দশা বাংলাদেশের লোকের অজ্ঞাত নয়। তারা যে কি অবস্থায় সেখানে দিন কাটাচ্ছে সে সম্বন্ধে অনেকেরই প্রত্যক্ষ অভিজ্ঞতা রয়েছে, সে ব্যাপারের বর্ণনা করে আমি আর হাউসের সময় নষ্ট করব না। কিন্তু সবচেয়ে মর্মান্তিক ব্যাপার হচ্ছে ক্যাম্পের উদ্বাস্তুদের। যাঁরা ৪ বছর থেকে ১১ বৎসর পর্যন্ত

ক্যাম্পে বাস করছেন আজো পর্যন্ত তাঁদের কোন ধরনের কোন একটা পুনর্বাসন হয় নাই অথচ সঙ্গে সঙ্গে সরকার হুকুম দিচ্ছেন—আগামী ৩১শে জুলাইয়ের ভিতর সমস্ত ক্যাম্প বন্ধ করা হবে, ৬ মাসের ডোল দিয়ে ক্যাম্প বন্ধ করা হবে—এ হুকুমের মানে তাঁদের পথে বসানো, তাঁদের ভ্যাগ্রান্টসএ পর্যবসিত করা। এই কি উদ্বাস্তু সমস্যার সমাধান?

তারপর রাজ্যপালের ভাষণে আছে—"গত বৎসর ভূমি ও ভূমিলেখ্য অধিকার কর্তৃক পরিচালিত সমীক্ষার ফলে জানা গিয়াছে যে, উদ্বৃত্ত ন্যস্ত ভূমি হইতে মাত্র এক লক্ষ একর কর্তনযোগ্য পতিত জমি পাওয়া যাইবে।"

এ সম্পর্কে স্যার, আমি কয়েকটা সরকারী ঘোষণা আপনার মাধ্যমে এই হাউসের সামনে রাখতে চাই।

[4-50—5 p.m.]

একটা হচ্ছে ১৯৫৫-৫৬ সালে ডাঃ রায় তাঁর বাজেট বক্তৃতায় বলেছিলেন ১১ লক্ষ একর জমি পাওয়া যেতে পারে। তারপরে স্টেট স্ট্যাটিসটিক্যাল ব্যুরোর হিসাবে পাওয়া যায় ১০ লক্ষ একর জমি, এবং রাজ্যের কৃষি বিভাগের হিসাবে পাওয়া যায় ১৬ লক্ষ একর জমি। মুখ্যমন্ত্রী ডাঃ রায় ইউ সি আর সির মেমোরাণ্ডামের জবাবে ১০ই অক্টোবর ১৯৫৮ সালে বলেছিলেন যে ১০ থেকে ১৬ লক্ষ একর জমি হয়ত আছে সত্য কথা। বর্তমানে যে ১ লক্ষ একরের কথা বলা হয়েছে এর ভেতর ৪ লক্ষ একর বাদ দেওয়া হয়েছে অরণ্যভূমি বলে অথচ তাঁরা স্বীকার করেছেন যে, যেসব অরণ্যভূমি বলে বলা হোল তার অনেক জায়গায় অরণ্য নেই, কর্তনযোগ্য ভূমিও সেখানে আছে। এই ৪ লক্ষ একরের কথা সরকার স্বীকার করেন না। তারা আবার ৯টা জেলার হিসাব দিয়েছেন, ৭টা জেলার হিসাব দেন নি। এই যে ১ লক্ষ একর জমি পাওয়া গেল এতে ৭টা জেলার হিসাব দেন নি। আমাদের ধারণা পুরুলিয়া প্রভৃতি অঞ্চলে অনেক জমি পড়ে আছে—সেই জমিগুলি যদি উন্নয়ন করা হয় তাহলে কৃষক এবং কিছু সংখ্যক বাস্তুহারাদের সেখানে পুনর্বাসন দেওয়া যেতে পারে। আমি একথা বলবো যে এভাবে ১০ লক্ষ একর জমি পাওয়া যেতে পারে এবং তার ভেতর ২ লক্ষ একরের বেশি জমি ক্যাম্প রিফিউজীদের পুনর্বাসনের জন্য দরকার হবে না, বাকি ৮ লক্ষ একর জমি ভূমিহীন কৃষক, বর্গাদার প্রভৃতি অন্যান্য কৃষক এবং স্থানীয় অধিবাসীদের দেওয়া যেতে পারে কিন্তু সরকার এই জিনিসটা এভাবে ঘোলাটে করে আমাদের সামনে এবং বিধানসভার সামনে রেখেছেন বহুবার। তারপর রাজ্যপালিকা তাঁর ভাষণে বলেছেন "তাঁহাদের কল্যাণ আমাদের সকলেরই কাম্য এবং আমার নিশ্চিত বিশ্বাস যে, আমাদের সম্মিলিত প্রচেষ্টায় তাঁহাদের সমস্যার একটি সন্তোষজনক সমাধান খুঁজিয়া পাওয়া যাইবে"। আমি বলবো যে একথাটা সম্পূর্ণ ভুয়া, মিথ্যা। সরকার কোনদিন সম্মিলিতভাবে এই সমস্যার সমাধানের চেষ্টা করেন নি। আমি বলবো ইউ সি আর সির তরফ থেকে যে মেমোরাণ্ডাম গত আগস্ট মাসে দেওয়া হয়েছিল সেই মেমোরাণ্ডামের সরকার তোয়াক্কা রাখেন নি। অবশ্য আজকে আমরা যখন বক্তৃতা দিচ্ছি তার কিছু আগে তার একটা জবাব বিধানসভার ভেতর রাখা হয়েছে। দ্বিতীয় কথা হচ্ছে কেন্দ্রীয় পুনর্বাসন মন্ত্রী মিঃ খান্নার কাছে এই জিনিসগুলি দেওয়া হয়েছিল, তিনি বার বার বলেছেন যে কোন পরিকল্পনা থাকলে তা দেওয়া হোক, আমরা নিশ্চয়ই তা দেখার ব্যবস্থা করবো এবং চিন্তা করে দেখবো কিন্তু সরকার সেদিকে যান নি। এই সত্যাগ্রহ আরম্ভ হবার আগে রাজ্যসভায় কমিউনিস্ট দলের নেতা শ্রীভূপেশ গুপ্ত এবং আমাদের বিরোধীদলের নেতা শ্রীজ্যোতি বসু পণ্ডিত নেহরুর কাছে এক চিঠি পাঠিয়েছিলেন যে এই সমস্যার সমাধান আমাদের মনে হয় আলাপ-আলোচনার মাধ্যমে হওয়া প্রয়োজন, এবং বাংলাদেশে কিছু জমি উন্নয়ন করে কিছু উদ্বাস্তু সেখানে রাখা যায় কিনা সে সম্বন্ধে সম্মিলিতভাবে চেষ্টা করা যেতে পারে কিন্তু দুঃখের বিষয় সরকার তা পরোয়া করেন না। আমি বলবো গত জুলাই মাসে যে উচ্চ পর্যায়ের সম্মেলন হয়েছিল মন্ত্রীদের সেখানে কংগ্রেসের ভূতপূর্ব সভাপতি অতুল্যবাবুকে ডেকে নেওয়া হয়েছে, বিরোধীদলের কোন নেতাকে সেই সম্মেলনে স্থান দেওয়া হয় নি অথচ সরকার বলছেন যে আমরা সম্মিলিত প্রচেষ্টার দ্বারা এ সমস্যার সমাধান করবো। কাজেই আমি বলবো এসব কথার কোন অর্থ হয় না—এসব কথা বাজে, ভুয়া, ধাপ্পা। গত ১০ বৎসরে যে একশো কোটি টাকা ব্যয় করা হয়েছে সেখানে বাস্তুহারাদের প্রতিনিধি এবং বিরোধীদলের

বেছাদের ছেকে সেই ব্যয়ের পরিকল্পনা নেওয়া উচিত ছিল। আমি বলবো যে পশ্চিম বাংলার অর্থনৈতিক পুনর্গঠনের কাঠামোর ভেতর যদি বাস্তুহারাদের শ্রমশক্তি এবং অভিজ্ঞতা নেওয়া হোত তাহলে পশ্চিমবাংলা আরো উন্নতশীল হোতে পারতো কিন্তু বাস্তুহারাদের শ্রমশক্তি, তাদের অভিজ্ঞতাকে সরকার সম্পূর্ণরূপে অবহেলা করছেন। তারপর আমি বলব রাজ্যপালের ভাষণে আছে—"আমায় মুখ্যমন্ত্রী স্পষ্ট ভাষায় জানাইয়া দিয়াছেন যে, পুনর্বাসনের জন্য ইচ্ছার বিরুদ্ধে কোন উদ্বাস্তুকে পশ্চিমবঙ্গ রাজ্যের বাহিরে পাঠান হবে না। সুতরাং এই আন্দোলন চালিয়ে যাওয়ার কোন কারণ আছে বলিয়া মনে হয় না।" কিন্তু আমি বলব যে এই আশ্বাসের কোন অর্থ হয় না। কারণ আমরা জানি যে সরকার এমন ব্যবস্থা করছেন তাদের হাতে না মেরে ভাতে মারছেন। উদ্বাস্তুদের বাংলাদেশের বাহিরে যাবার জন্য আমরা জানি যে ক্যাম্পে ক্যাম্পে দারুণ প্রচেষ্টা চলছে, ক্যাম্পের কর্তৃপক্ষের দ্বারা অনেক রকম ভয় তাদের দেখান হচ্ছে, জুলুম করা হচ্ছে। আমি একটা কনফিডেন্সিয়াল সার্কুলার আপনদের কাছে পড়ে শোনাচ্ছি। সেটাতে উদ্বাস্তুদের সম্পর্কে বলা হচ্ছে যে

There should be roll call in every camp at 3 p.m.

এতে কনসেনট্রেশান ক্যাম্পের কথাই মনে হচ্ছে অর্থাৎ সাধারণ মুক্ত নাগরিকদেরও বেশি দল হবে ক্যাম্পের ভেতর।

Campers found absent at that time should have their doles deducted for the day. Campers arrested for taking part in the agitation—their names and the names of their family members should be removed from the camp. The above decision should be given wide publicity very tactfully among the camp refuges as they cannot be misguided, etc. etc.

আমি বলব যে ক্যাম্পের রিফিউজিদের ধাপ্পা দিয়ে, ভয় দেখিয়ে আজকে তাদের বাংলাদেশের বাহিরে পাঠানোর মত নেওয়ার চেষ্টা হচ্ছে। সুতরাং এদিক দিয়ে বোঝা দরকার যে সরকারের যে নীতি সেই নীতি হচ্ছে তাদের ভাতে মারা। আমরা সরকারের এই আচরণের প্রতিবাদ করি এবং তাদের ইচ্ছার বিরুদ্ধে যে নিয়ে যাওয়া হবে না এইসব ভূয়া কথা। তারপর রাজ্যপাল আর একটা কথা বলেছেন—"ব্যক্তিগতভাবে আমার বিশ্বাস যে, নিজেদের বিচারের উপর ছাড়িয়া দিলে অধিকসংখ্যক উদ্বাস্তুই এখানে কষ্টেসৃষ্টে জীবনধারণ করার পরিবর্তে দণ্ডকারণ্যে বা অন্যান্য রাজ্যে পুনর্বাসনের পক্ষে মত দিবেন।" এখন কথা হচ্ছে যে বাস্তুহারারা ছেলেমানুষ নয়—তাদের বুদ্ধির উপর সরকারের এত অবিশ্বাস কেন যে অন্যে গিয়ে পরামর্শ দিলেই তারা বদলে যাবে। সরকারের এই জিনিসটা বোঝা উচিত যে পূর্ব বাংলা থেকে যাঁরা এসেছেন তারা শ্রমসাধ্য এবং বুদ্ধিমান। তাঁদের নিজেদের তিক্ত অভিজ্ঞতা থেকে তাঁরা একথা আজকে বুঝতে শিখেছে যে, বাংলার বাহিরে পাঠানোর অর্থ কি? অর্থাৎ আসাম, উড়িষ্যা, বেতিয়া, সৌরাষ্ট্র ইত্যাদি জায়গায় যখন তাঁদের পাঠিয়েছিলেন তার ফল কি হয়েছে বাংলাদেশের সাধারণ নাগরিকরা তা জানেন এবং কিভাবে তারা সেখানে কষ্ট পেয়ে সেখানকার ক্যাম্প ছেড়ে চলে আসতে বাধ্য হয়েছে তাও সকলের জানা আছে। সুতরাং আজকে ঐ কথা বলে ভুল বোঝাবার চেষ্টা করা অনর্থক। দণ্ডকারণ্য সম্পর্কে আমি কয়েকটা কথা আপনার সামনে রাখছি। একটা কথা এখানে উঠেছে যে ইউ সি আর সি কিম্বা কমিউনিস্ট পার্টি দণ্ডকারণ্যে যাওয়া এবং সেটার উন্নয়ন পরিকল্পনায় বাধা দিচ্ছে। আমি এখানে ঘোষণা করতে চাই যে দণ্ডকারণ্যের উন্নয়ন হোক এবং উন্নয়ন হয়ে ভারতবর্ষের একটা ভাল অংশ হোক—এ জিনিষে আমরা বাধা দেব না। এটাকে আমরা নিশ্চয়ই অভিনন্দন জানাব। কিন্তু সেই সঙ্গে একথা বলা দরকার যে আমাদের কমিউনিস্ট পার্টির তরফ থেকে এবং বিভিন্ন সংগঠন যাঁরা এই আন্দোলনের সঙ্গে লিপ্ত আছেন তাঁদের অনেকের মত আমি যে দণ্ডকারণ্যে স্বেচ্ছায় যদি কেউ যায় তবে তাঁকে আমরা বাধা দিতে চাই না।

[5—5-25 p.m.]

বেছাবে তাঁরা দণ্ডকারণ্যে লোক পাঠাবার ব্যবস্থা করছেন জোর করে এবং ভয় দেখিয়ে আমি সেজন্য তাঁদের নিন্দা করি এবং এই ব্যবস্থায় বাধা দিচ্ছি। আজকের দিনে এভাবে ক্যাম্প করে তাঁরা গণতন্ত্রিক নীতি পরিচালিত করবেন এই ব্যবস্থার আমি তীব্র প্রতিবাদ করি ব্যবস্থায় আমি। দণ্ডকারণ্য উন্নয়ন পরিষদের সভাপতি শ্রীযুক্ত বি এস ভানমূর্তি বলেছেন,

প্রথমে জমি উন্নয়নের ব্যবস্থা হবে এটা জমি উন্নয়ন পরিকল্পনা। জমি উন্নয়ন পরিকল্পনা সরকার বাংলাদেশেও নেন না কেন? দণ্ডকারণ্যে উন্নয়ন পরিকল্পনার খরচ হচ্ছে, প্রতি পরিবারে ১০ হাজার—অবশ্য সরকারী হিসাবে ৩॥ হাজার টাকা। শ্রীযুক্ত রামমূর্তির আর্টিকলএ দেখা যায় প্রথম পর্যায়ে ৫ বৎসর তারপর ১৫ বৎসর, মোট ২০ বৎসর সময় লাগবে এই উন্নয়নের জন্য। এই সময় ও অর্থ যা লাগছে এটা সরকারের মাথায় নাই কেন? বাংলাদেশে কেন এই জিনিষটা করার চেষ্টা করেন না? এখানে প্রায় ১০ লক্ষ একর জমি পাওয়া যাবে। এই জিনিষটা আমাদের খুব খারাপ লাগছে। কেন সরকার এই জিনিষটা করছেন তার কারণ আমি বলব—তার কারণ হচ্ছে, গেল নির্বাচনে ক্যাম্পের উদ্বাস্তুরা অধিক সংখ্যায় বামপন্থীদের ভোট দিয়েছিল। আজকে তাদের গণতান্ত্রিক আন্দোলন এইভাবে বহু ক্ষেত্রে ছত্রভঙ্গ করা হচ্ছে। ৩রা সেপ্টেম্বর তারিখের অমৃতবাজার পত্রিকায় কংগ্রেস এম পি অরুণবাবু লিখেছেন,

"Those refugees, particularly camp refugees have been a source of potential strength both with men and money to the opposition parties. In election refugees subscribe money for the opposition parties; they contribute volunteers for the opposition parties; they work secretly from within the Congress and sabotage the Congress plan. In most cases they vote against the Congress"

এই অবস্থায় ক্যাম্পের উদ্বাস্তুদের বাইরে পাঠাবার জন্য সরকার নীতি গ্রহণ করেছেন। এটা অরুণবাবুর নিজের আর্টিকেল, আমি আপনাদের পড়ে শোনালুম। তাই আমি বলছিলাম, এই বিভ্রান্তিকর নীতির দ্বারা কিছু হবে না। যদি বাস্তুহারাদের পুনর্বাসন করতে হয় তাহলে বিরোধীদল ও অন্যান্য বাস্তুহারা সংগঠনের সঙ্গে একত্রে বসে আলোচনা করতে হবে এবং অবিলম্বে ডোল বন্ধ করা তুলে নিতে হবে। যারা শান্তিপূর্ণভাবে জেলে গিয়েছে তাদের ছেড়ে দিতে হবে। যে সরকার ১১ বৎসরে ক্যাম্পের উদ্বাস্তুদের পুনর্বাসনের ব্যবস্থা করতে পারেনি ৬ মাসের ভিতর তাদের পুনর্বাসনের ব্যবস্থা করা সেই সরকারের ক্ষমতার বাইরে। আমি সরকারের কাছে আবেদন করব, এই ব্যর্থ নীতি পরিত্যাগ করে বিরোধীদল ও উদ্বাস্তু সংগঠনগুলির সঙ্গে পরামর্শ করে সহযোগিতা করে এই সমস্যার সমাধান করুন। সরকার থেকে চাপ দেওয়া হচ্ছে যে, ৩১শে জুলাইএর ভিতর সমস্তপ্রকার ডোল বন্ধ করা হবে। এটা তুলে দিতে হবে। বিরোধীদলের নেতা শ্রীযুক্ত জ্যোতি বসু মহাশয় বলেছেন, এই মীমাংসা আলোচনার মাধ্যমে হতে পারে। আমরা মনে করি উদ্বাস্তুদের অবস্থার উন্নয়ন ব্যবস্থা যদি বাংলাদেশের সামগ্রিক উন্নয়ন কাঠামোর মধ্যে দিয়ে করা যায় তাহলে বাংলাদেশ উন্নত হবে। কারণ, বাস্তুহারাদের যে শ্রমশক্তি আছে সেই শক্তির দ্বারা বাংলাদেশকে ভালভাবে গঠিত করা যেতে পারে। আমি সরকারকে পুনরায় অনুরোধ করব, তাঁদের এই ব্যর্থ নীতি যদি পরিত্যাগ করেন আমরা নিশ্চয়ই তাদের সঙ্গে সহযোগিতা করব এবং তাহলেই আমার মনে হয় এই সমস্যার সমাধান হবে।

[The House was then adjourned for 15 minutes.]

[After adjournment]

[5-25—5-35 p.m.]

Mr. Speaker: I think we can continue the adjournment of the House for Friday and Saturday also. So after tomorrow the House will stand adjourned till Monday next.

Expunction from the proceedings

Sj. Amarendra Nath Basu:

মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি যে, শ্রীদাশরথী তা চন্দননগরের রাম চ্যাটার্জির সম্বন্ধে যেকথা বলেছেন তাতে আমি তাঁকে বলতে চাই সেই মামলা এখনো বিচারাধীন—এটুকুই শুধু আমি তাঁকে জানাতে চেয়েছিলাম।

Mr. Speaker:

মিঃ বসু, আমি আপনাকে এটুকু বলে দিতে চাই, এর আগে যখন মিঃ বি কে সেনএর প্রসঙ্গ এখানে উত্থাপিত হয়েছিল তখনও তাঁর মামলা বিচারাধীন ছিল এবং সেজন্য আমি বারে বারে ওয়ার্ন করেছিলাম যে,

anything offensive will be struck off

এবং ঐ ব্যাপারটা মিঃ বি কে সেনএর পারসোনাল ইন্টারেস্ট এবং তাতে মেম্বারস অব লেজিসলেচার এর কোন কনসার্ন নাই—

except impersonal affairs in the interest of Corporation

কোন কথা এখানে বলা উচিত নয়। এখানে

I shall certainly have those parts expunged from the proceedings of this House because, I will tell you, it not only embarrasses me, but it is not proper to say anything about a matter which is *sub judice*. I have already told the members not to do it and I hope members will kindly bear it in mind.

Sj. Narayan Chobey:

গতকাল একজন অনারেবল মেম্বার শ্রীকৃষ্ণকুমার শুক্লা তাঁর বক্তৃতায় আমার নাম উল্লেখ করে বলেছেন—

Mr. Speaker: I have looked up the records and I think it is not proper. I have already directed it to be expunged.

Janab Elias Razi:

মিঃ স্পীকার, স্যার, রাজ্যপালের ভাষণ থেকে এইটাই আমরা বুঝতে পারছি—আমাদের বর্তমান যে পরিস্থিতি তার সঙ্গে বাস্তবের কোন মিল নেই।

খাদ্য পরিস্থিতি সম্বন্ধে বিপক্ষ সদস্যগণ অনেক কিছু আলোচনা করেছেন। গ্রামাঞ্চলের খাদ্য পরিস্থিতি যদি লক্ষ্য করা যায়, তা হলে দেখা যাবে বাস্তবের সঙ্গে তার কোন মিল নেই। খাদ্য সম্পর্কে একটা দারুণ সংকট রয়েছে, এবং সেখানে যে পরিস্থিতি রয়েছে, সেটা আরও থাকবে।

তারপর আর একটা বিষয় বলতে চাই, সেটা হচ্ছে জুট সম্বন্ধে। গভর্নমেন্টের তরফ থেকে বলা হয়েছে যে এখানে নাকি জুটের প্রভূত উন্নতি হয়েছে। রিপোর্টে আছে—

there has been a spectacular rise in jute production, 34.6 lakh bales in 1958 as compared to only 24.9 lakh bales in 1957 and 6.5 lakh bales in 1947.

প্রডাকশন হয়েছে ভাল কথা। কিন্তু এই প্রডাকশনের ফলে, সত্যিকারের যারা জুট প্রডাকশনে সাহায্য করেছে, সেই সমস্ত চাষী, তারা এর থেকে কতটুকু বেনিফিট পেয়েছে, এটা আমাদের দেখা দরকার। আমরা দেখতে পাই যে এক বিঘা জমিতে পাট চাষ করতে চাষীকে খরচ করতে হয় ৬৭ টাকার মত। তার মধ্যে প্লাওইং আছে, লেবার আছে, রুপ কাটিং, ওয়াসিং আছে। এই রকম সব জিনিসের জন্য খরচ করে আমরা দেখতে পাই ৬৭ টাকার মত খরচ প্রতি বিঘায় পড়ে এবং এ্যাভারেজ বা গড়ে ধরা যেতে পারে এক বিঘায় তিন মণ করে পাট উৎপন্ন হয়। সেই হিসাবে এক বিঘায় যদি তিন মণ করে প্রোডাকশন হয় তাহলে তার এ্যাভারেজ দর ১৮ টাকা করে চাষীরা পায়। ১৮ টাকা যদি মণ হয় এবং পার বিঘায় ৩ মণ করে যদি উৎপন্ন হয় তাহলে সেখানে চাষীরা পাচ্ছে ৫৪ টাকা অথচ সেখানে তাকে খরচ করতে হচ্ছে ৬৭ টাকা; সুতরাং তার নেট লস হচ্ছে ১৩ টাকা। চাষীদের এই যে ১৩ টাকা নেট লস, তার কোন মা-বাপ নেই।

পাটের দর ফ্লাকচুয়েট করে; পাটের প্রোডাকশনের উপর নির্ভর করে না। আজ যেখানে এক দর, কালকে সেখানে সেই দর থাকে না, অন্য দরে বিক্রয় হয়। এই রকম একটা পরিস্থিতি সৃষ্টি হয়, এবং সেটা সৃষ্টি করে বড় বড় আড়ৎদাররা, যারা পাট খরিদ করে ও মিলমালিকদের এজেন্টরা। সেইজন্য আমরা দেখতে পাই প্রত্যেক বারে কিছু না কিছু প্রোডাকশন বাড়ছে, কিন্তু যারা এই পাট উৎপন্ন করছে, সেই সকল চাষীদের বছরের পর বছর ধরে লোকসান দিতে হচ্ছে। আর যারা বড় বড় মিলমালিক, আড়ৎদার, বিজনেসমেন তারা প্রত্যেকেই বছরের পর বছর লাভবান হতে থাকে।

আমরা দেখতে পাই গ্রামাঞ্চল থেকে বাজারে, বড় বড় হাটে বিক্রয়ার্থে যখন পাট উপস্থিত হয়, তখন সেখানে বড় বড় পাটের এজেন্টরা, তাঁদের ইচ্ছামত একটা দর ঠিক করে দেন। তার ফলে প্রত্যেক বছর আমাদের দেশে গ্রামাঞ্চলে বিরাট একটা অংশে যারা পাট উৎপন্ন করে, সেই সমস্ত চাষীর লোকসান দিতে হয় এবং দুরবস্থার সম্মুখীন হতে হয়।

তারপর রাজ্যপালের ভাষণে আরও বলা হয়েছে—আমাদের দেশে

community development project

এর দ্বারা এবং ফাইভ-ইয়ার প্ল্যানস্ করে

sufficiency of food as well as the reasonably high standard of life

গড়ে তোলবার চেষ্টা হচ্ছে; এবং গড়ে তুলছে। আমরা তাঁর রিপোর্ট থেকে এটা পেয়েছি। কিন্তু বাস্তব অবস্থাটা যদি দেখা যায় তাহলে দেখতে পাওয়া যাবে গ্রাম থেকে আরম্ভ করে সহর পর্যন্ত শিক্ষিত, অশিক্ষিত, কর্মক্ষম, অর্ধ কর্মক্ষম, প্রত্যেকেই একটা অর্থনৈতিক সংকটের মধ্যে দাঁড়িয়ে আছেন। এখানে বলা হয়েছে যে এই পঞ্চবার্ষিক পরিকল্পনার দ্বারা আমাদের দেশের প্রত্যেকটি লোককে যাতে স্বচ্ছল ও সুখী অবস্থায় নিয়ে আসা যায় তার জন্য চেষ্টা হচ্ছে। এই সুখী অবস্থা করবার জন্য

community development project

করা হয়েছে বলছেন। আমাদের মালদহ জেলার কয়েকটা থানায়

community development project

হয়েছে, আমার কনস্টিটিউয়েন্সীতেও

community development project

হয়েছে এবং সেই অনুসারে কাজ হচ্ছে। কিন্তু বাস্তবিক পক্ষে

community development project

এর যে উদ্দেশ্য সেটা হচ্ছে দেশের অর্থাৎ জনসাধারণের অর্থনৈতিক অবস্থাকে উন্নত করা। কিন্তু বাস্তবিকপক্ষে সেই অর্থনৈতিক অবস্থার উন্নতি হয় নি, সেই রকম আশার আলো আজ পর্যন্ত আমরা দেখতে পাই নি। তাই বলা যেতে পারে যে এই

community development project

এর নাম করে, পঞ্চবার্ষিক পরিকল্পনার নাম করে একটা বিরাট অর্থনৈতিক সংকট নিয়ে আসা হচ্ছে এবং সেই সংকটময় অবস্থার মধ্যে জনসাধারণকে ফেলা হচ্ছে।

Janab Syed Badrudduza: Mr. Speaker, Sir, honourable members on both sides of the House during the last few days have thrown enough light on the Governor's Address. I have grown wiser by their observations —particularly the convincing criticisms of my honourable friend Shri Subodh

Banerjee and the constructive suggestions of the honourable Leader of the Opposition have left a favourable impression on my mind. I do not think I can add anything new, original or striking to the discussion. Sir, personally I feel that I should try to take an objective view of the whole situation as my humble experience and knowledge permit. Sir, I am one of those who sincerely believe that no sensible person in this House or outside should withhold his admiration both for the Congress and the Administration for their positive contributions to the political and social life of the country. Sir, I was a student in the Presidency College in 1920. From 1920 to 1947 we found that the Congress created new stirrings of life, a new orientation integrating and reintegrating the dying forces of India towards the track of political and social reconstruction in those dark days of British Imperialism. Even after assumption of office the Congress shouldered the responsibility in a remarkable way. They did not shirk the responsibilities of administration at that critical juncture in the life history of the nation. Forces generated by partition, forces of darkness and destruction, threatened the very existence of the administration and millions of refugees streaming across the borders in successive waves threw a challenge to the statesmanship, to the wisdom, to the sagacity of the administration. The administration stood the test, survived the shocks and stabilised the forces towards socio-economic reconstruction of the country. We cannot shut our eyes either to the various beneficial measures of far-reaching consequence that the Congress administration have undertaken during the last decade.

[5-35—5-45 p.m.]

Some of them have already borne fruit, some promises have borne fruit. But while we are conscious fully of the achievments of the Congress in the various spheres of life, we cannot shut our eyes to the glaring failures of the administration in various other directions. Sir, it has been repeatedly stressed and emphasised that the food problem has not been solved; the food crisis has been deepening despite all the endeavours of this Government. As my amendment has stressed the Government has failed successively to tackle the food problem, the Government has failed to tackle the unemployment problem, the Government has failed to implement the fundamental rights incorporated in the Constitution for various sections including the minorities, the Government has failed to tackle the problem of displaced Muslims of the State, as my honourable friend Shri Niranjan Sen Gupta has kindly referred to in his speech just now, the Government has failed to weed out corruption which is eating into the vitals of the administration. Thus far the Government has failed in all these spheres. I do not understand why my honourable friends opposite whose bonofides we never question, whose sincerity we never doubt, whose urge for the welfare of the people we never dispute—they are as much representative of the people as we are on this side of the House—why do they take objection to any suggestions put forward by the Opposition —why should they not accept some of the suggestions, constructive suggestions, given by my friends over here, suggestions offered not in a partisan spirit, not in a parochial or communal spirit—the suggestions which are given for the acceptance of the Government and the administration to be incorporated into certain Bills, schemes for the welfare of the people? I do not know why there was a heated discussion yesterday when my friend the Leader of the Opposition tried to compare the food production of China with that of India. My friends opposite were very much excited. They

should not have been excited by passions and prejudices. It should have made us all the more alert, all the more awake to the realities of the situation. We should not have any complacency, smug complacency, which has been responsible for the unfortunate development in this country. China with a population of something like six hundred millions is as underdeveloped a country as we are—six hundred million people, more than one—fifth of the population of the whole human race—within the shortest possible time has made tremendous progress. I am not talking of U.S.S.R. I am not talking of England, I am not talking of America or of the other industrially developed countries of the world, I am talking of China. That country has progressed wonderfully—though that is an agricultural country, its economy is agricultural, yet it is has progressed. You will be surprised, Sir, to learn in India the agricultural output and production is the lowest in the world—it is 700 lbs. per acre, as against 3,750 lbs. per acre in Japan, 3,000 lbs. per acre in U.S.A., and about 2,700 lbs—I forget the exact figure—in China—anyway, it is at least five times the figure that obtains in India. What is it due to, Sir? The food production in China has been raised by application of better scientific methods and specially because of the fact that the lands have been transferred to the farmers. We have been busy introducing land refom measures in the country. What is the position, Sir? Instead of making the holdings more economic we have reduced the amounts of lands of the agriculturists, leading to greater and greater tragmentation with the result that our economy is not improving—it is deteriorating, it is fast deteriorating at the present monment.

Certain leading businessmen had suggested some time ago that because of this complacency the food condition in the country is not improving. Government should not be complacent. Criticism of the policy of the Central and State Governments by the opposition in the various States for a time made the Government devote their attention more and more to intensify the food production in the country, but they never accepted constructive suggestions; and hence production has not increased. There had been rising prices, and the upward trend persisted from 1953 to 1958. That was due to the fact that production was reflected in the prices; and that position was never sought to be combated, that position was never sought to be resisted. When the Anti-Profiteering Bill was being placed on the Statute Book, when the various provisions of the Bill were being discussed, the opposition in this House introduced certain amendments embodying sound suggestions that stringent measures must be enforced so that the blackmarketeers and profiteers might be checked in their nefarious activities. But Government did not accept them. If the Government had the best of intentions, if the Government had an honest motive, if the Government meant well of the people, why is it that such an amendment was not accepted by them? It was not political, it was not communal, it was not parochial, it was not sectional, it had no partisan spirit behind it. And what is the result? We have to face a scarcity today. Across the border what is the position there? I do not belong to Pakistan, I do not subscribe to the autocratic system of Government in that country. But I have many relations in Pakistan. Pakistan, had been seething with discontent. Leaders were fighting like cats and dogs. Just at that critical juncture when the people of that country became absolutely desparate, there came the change as we all know. Benevolent despotism has proved effective in checking dishonesty, corruption, blackmarketing, profiteering and other evils. And in the shortest time this has been possible. To my mind, the character of the administration is immaterial, whether it is democratic, or bureaucratic or autocratic, provided men at the helm of affairs are men

with vision and imagination, men inspired with lofty ideals for reconstruction of the economic structure of the entire people or the nation. The other day in course of a reply to an interpellation in this House, the Hon'ble Food Minister—with whom my relations have never been anything but cordial and satisfactory during the last 18 years, barring an interregnum for a few years we have been here, we have worked together, but never for a single moment my relations with him have been other than cordial—in course of a reply to an interpellation regarding the food situation I was shocked to learn that the Hon'ble Food Minister observed that none died—whatever might be the alarming situation in the country, none died of starvation. Sir, it might befit the lips of the British bureaucrats but not certainly a responsible Minister of a State in an Independent Republic. I would like to remind the Food Minister at this crisis of the terrible days of the Bengal famine in 1943. Unless effective steps be taken to arrest the drift, the tragedy of 1943 may once again be repeated—that fateful year when people died like cats and dogs in Bengal while the foodstuffs had gone to the bottomless pits. I wonder how could he forget the bitter memories of the past.

[5-45—5-55 p.m.]

[At this stage the blue light was lit.]

Sir, I could not touch any other problem. How many minutes more shall I get?

Mr. Speaker: Two minutes more.

Janab Syed Badrudduja: Give me five minutes please.

Mr. Speaker: You understand my difficulty. All right, you can proceed.

Janab Syed Badrudduja: Sir, whatever might be the material prosperity, whatever might be the intellectual eminence, whatever might be the numerical superiority, that nation, that group of men, that party, that organisation alone can succeed which is not responsible for corruption, for bribary or oppression of the weaker community, the weaker people thereof. That nation, that group, that party or that organisation can alone initiate a movement conceeved in the best interest of the people—they alone can deliver the goods, they alone can pave the way for salvation of the millions of people whose representatives they claim to be. Sir, I was referring to the minority problem, but I cannot do that at the present moment because my time is short.

Sir, I would have been happy if the Hon'ble Food Minister was here. [A voice: He is here]. Sir, he need not brag and boast. Churchill bragged and boasted a little too much. Churchill, the British Prime Minister, who presided over the destinies of the British nation and saved the British Empire out of the most devastating war in human history, once boasted that he had not become the First Minister of the State to preside over the liquidation of the British Empire. But, Sir, we saw with our own eyes his liquidation first, and that of his empire next. Sir, we have seen mighty Hitler going down, we have seen Mussolini going down, we have seen the mightest of Governments crumbling to pieces like the baseless fabric of a vision. Mills of God grind slowly but they grind exceedingly small, perhaps sooner than you and I can concieve of—the Hon'ble Food Minister will topple down from that height never to raise his head again.

[At this stage the blue light was again lit.]

Sir, I have got the warning of my time-limit and, therefore, I would stop at this stage. I shall take the opportunity of speaking more on this serious problem during the Budget discussion.

The Hon'ble Abdus Sattar:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণে এই রাজ্যের শ্রম সম্পর্কে অথবা শ্রম বিভাগ সম্পর্কে যে উক্তি করেছেন তাতে কোন জায়গায় অত্যুক্তি নেই, আত্মসন্তুষ্টিও নেই; যা প্রকৃত ঘটনা তারই উল্লেখ করা হয়েছে। ১৯৫৭ সাল থেকে, যে কোন কারণেই হোক, পশ্চিমবাংলায় শ্রম সম্পর্কে যে উন্নতি দেখা গেছে তা এখনো অব্যাহত আছে। যদি কোন হাসপাতালে তিনটি রোগী আসে এবং দুর্ভাগ্যক্রমে এমন ঘটনা ঘটে যে সেই রোগী মারা যায় তবে কি বলা হবে সেই হাসপাতালের ডাক্তাররা অক্ষম, অযোগ্য, হৃদয়হীন? তা বলা চলে না। সেই জন্যই রাজ্যপাল মহোদয় বলছেন—যে কয়েকটি বৃহৎ ধর্মঘট ঘটেছে, সেই কয়টি বাদ দিলে অবস্থা ঠিকই আছে, কোন অবনতি ঘটে নি। যে ধর্মঘট ঘটেছে তার দু'-একটা নিয়ে এই বিধানসভায় গত বৎসর আলোচনাও হয়েছে। আমি এখানে বলতে চাই না সে ধর্মঘট কেন হয়েছিল এবং কি লাভ হয়েছে। আমি শুধু বলব তা কত শ্রমদিবসের অপচয় ঘটাতে সমর্থ হয়েছে, কত শ্রমিকের মজুরী নষ্ট করেছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বার্নপুর, দুর্গাপুরে যে নির্মাণকার্য চলছে সে কাজ চলছে কন্ট্রাক্টরের মারফতে। তাতে যে শ্রমিকরা রয়েছে তারা ধর্মঘট করায় ৩ লক্ষ ৫৮ হাজার শ্রমদিবসের অপচয় ঘটেছে। বেঙ্গল কেমিক্যালে পৌনে তিন লক্ষ দিবসের অপচয় হয়েছে। তেমনি কলকাতা ট্রামওয়েতে ধর্মঘটের ফলে ৩ লক্ষ ৬০ হাজার দিন নষ্ট হয়েছে। আমি একথা উল্লেখ করতে চাই যে পশ্চিমবাংলায় সাধারণভাবে যে শান্তি বিরাজমান তা বুঝবার জন্য তাপমাত্রা পরিমাপের আবশ্যক হবে না।

অধ্যক্ষ মহাশয়, এইখানে আমি উল্লেখ করতে চাই কলকাতায় সবচেয়ে বড় ধর্মোৎসব দুর্গোৎসবের সময় পূজা বোনাস নেওয়ার জন্য কলকাতার রাজপথে যে মিছিল বেরোত এবং সেই উপলক্ষে যে শ্রমদিনের অপচয় হত সেই প্রসঙ্গের, তার একটা তালিকা দিয়ে আমি বোঝাবার চেষ্টা করব—এখানে এই শিল্পক্ষেত্রে শান্তির যে প্রচেষ্টা সেটা অব্যাহত আছে এবং এর জন্য আমি একা কৃতিত্ব দাবী করব না, যাঁরা এখানে শ্রমিকদের নেতৃত্ব করেন, তাঁদেরও সঙ্গে সঙ্গে আমি ধন্যবাদ দেব মালিকদের যাঁরা সহযোগিতা করেন।

বোনাস আন্দোলনে ২ লক্ষ ৩৫ হাজার দিন শ্রমদিবস নষ্ট হয়েছিল ১৯৫৬ সালে। সেই দিন সংখ্যা নেমে এসেছে ১৯৫৭ সালে ৬৫ হাজারে এবং আরো নেমে এবৎসর এসেছে ২৫ হাজারে। এখন, একথা যাঁরা বলেন শ্রমদপ্তর নিশ্চেষ্ট, শ্রমদপ্তর অপদার্থ তাঁরা কি সত্যের অপলাপ করেন না?

অধ্যক্ষ মহাশয়, এ সম্পর্কে আমি আর একটা তথ্য উপস্থিত করতে চাই, বাংলাদেশে পাটশিল্প একটা বৃহৎ শিল্প। এখানে সেখানে আড়াই লক্ষের মতন লোক কাজ করে। এই শিল্পে কতখানি শান্তি আছে বা না আছে তা দ্বারা নিশ্চয়ই একটা পরিমাপ করা যেতে পারে পশ্চিমবাংলায় শ্রমদপ্তর কতখানি কাজ করে। ১৯৫৬ সালে সারা পশ্চিমবাংলায় যত শ্রমদিবসের অপচয় ঘটেছিল তার শতকরা ৫৪ ভাগ ছিল পাটশিল্পে। ৫৭ সালে তা নেমে আসে শতকরা ২৬এ। আর এ বৎসর যে বৎসর কোন কোন মাননীয় সদস্য বলেছেন যে অবস্থার অবনতি ঘটেছে সেটা নেমেছে শতকরা ৭এ। এ সম্বন্ধে এর পরে আর বেশী বলতে চাইনে।

তার পরে আছে চা শিল্প। যেখানে ২॥ লক্ষ লোক কাজ করে সেখানকার একটা চিত্র আমি এই প্রসঙ্গে উল্লেখ করতে চাই। সেখানে শ্রমদিবস অপচয়ের সংখ্যা ১৯৫৬ সালে শতকরা ১০ ভাগ ছিল, ১৯৫৭ সালে সেটা ১৯এ ওঠে, আর '৫৮ সালে যখনকার কথা বলা হচ্ছে মালিক ও শ্রমিকের সম্পর্কের অবনতি ঘটেছে তখন নেমেছে শতকরা ৪এ। এ নিয়ে আমি আর সময় নষ্ট করতে চাই নে। আমি এই কথা বলতে চাইছি রাজ্যপাল মহাশয়া এ রাজ্যের শ্রম সম্পর্কে যে কথা বলেছেন তার মধ্যে কোন অতিশয়োক্তি নাই। মাননীয় সদস্য ডাঃ রমেন সেন মহাশয় কোড অফ ডিসিপ্লিনের কথা বলেছেন। তাঁকে অনুরোধ করি একটু অনুগ্রহ করে পড়ে দেখুন—রাজ্যপাল মহাশয়া কোন জায়গায় বলেন নি কোড অফ ডিসিপ্লিন শুধু শ্রমিকের জন্য, কোড অফ ডিসিপ্লিন মালিকের জন্যও একথা তিনি বলেছেন। এই কোড অফ ডিসিপ্লিন যা বাংলায় তিন পক্ষ রাজী হয়ে গ্রহণ করেছে তা যদি কেউ ভাঙে, শুধু শ্রমিকই নয় মালিকও যদি ভেঙে ফেলে, তাহলে

নিশ্চয়ই তার প্রতিবিধানের সর্ববিধ চেষ্টা করা হবে। ডাঃ রণেন সেন দুঃখ করে বলেছেন এখানে নাকি যারা রেকগনিশন পায় তার মধ্যে নাকি দলবিশেষের উপর পক্ষপাতিত্ব রয়েছে।

অধ্যক্ষ মহাশয়, আমি স্পষ্ট করে বলতে চাই—শ্রমমন্ত্রীরূপে যদিও আমি কংগ্রেস থেকে নির্বাচিত সভ্য তথাপি সমাজতান্ত্রিক হিসেবে সম্পূর্ণ দলনিরপেক্ষভাবে আমি আমার কর্তব্য সম্পাদন করতে চাই। আমি একে একে কয়েকটি নাম বলে যাই—এই সব ক্ষেত্রে যারা স্বীকৃত হয়েছে তারা আই এন টি ইউ সি-র, না ডাঃ রণেন সেনের দলভুক্ত? জয় ইঞ্জিনিয়ারিং যে দলভুক্ত সে কি আই এন টি ইউ সি? অসলার কি আই এন টি ইউ সি? তা ছাড়া ওরিয়েন্টাল গ্যাস কোম্পানির যেটা সেটাও তো আই এন টি ইউ সি-র নয়। আমি এই কথা বলতে চাইছি কোড অফ ডিসিপ্লিন ধীরে ধীরে স্বীকৃত হচ্ছে। সেটা মাত্র এক পক্ষের জন্য নয়। সুতরাং ডাঃ রণেন সেনের আতঙ্কিত হবার কিছু নেই।

[5-55—6-5 p.m.]

তারপর ডাঃ রণেন সেন স্টেট লেবার বোর্ড সম্বন্ধে বলেছেন যে সেখানে যে কথা বলা হয় তা করা হয় না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যদি কোন কাজ না করে এসে বলি যে করে এসেছি তাহলে সেটা কি আমাদের দায়িত্বজ্ঞানের পরিচয় হবে? ডাঃ রণেন সেন বলেছেন মোশন পিকচার্স সম্পর্কে, সিনেমা এমপ্লইজ সম্পর্কে তাঁদের ইউনিয়নের সভাপতি আমাদেরই বিধান পরিষদের সভ্য প্রফেসর নির্মল ভট্টাচার্য মহাশয়কে জিজ্ঞাসা করলে জানতে পারতেন যে সরকার কি করেছেন না করেছেন। আইন অনুসারে ইতিপূর্বে ঘোষণা করা হয়েছে যে সিনেমা এমপ্লইজদের মিনিমাম ওয়েজ কমিটিভুক্ত করা হবে এবং তার জন্য নোটিফিকেশনও হয়ে গেছে। কাজেই স্টেট লেবার এ্যাডভাইসরি বোর্ডে শুধু কথা বলা হয়, তা দিয়ে কাজ হয় না, এই অভিযোগ কেন করা হ'ল আমি বুঝি না। সকলের কাজের একটা লিমিটেশন আছে এবং সেই হিসাবে যে এ্যাডভাইসরি বোর্ড হবে—সে লেবার ডিপার্টমেন্টকে এ্যাডভাইস দেবে, লেবার মিনিস্টারকে এ্যাডভাইস দেবে। কিন্তু মনে রাখতে হবে যে লেবার ডিপার্টমেন্ট এবং লেবার মিনিস্টারের একটা লিমিটেশন আছে—বাহিরে থেকে কোন সুপারিশ করলেই সব সময় সঙ্গে সঙ্গেই তা কার্যকরী করা যায় না। এই কথা মনে করে তাঁরা যদি সুপারিশ করেন এবং স্টেট লেবার এ্যাডভাইসরি বোর্ডকে সেইভাবে চালিত করেন তাহলে কাজের সুবিধা হবে। তারপর সব চেয়ে বড় কথা বাংলাদেশের বেকার সমস্যা। বেকার সমস্যা বা কর্মসংস্থান সম্পর্কে রাজ্যপাল মহোদয়া স্বয়ং উদ্বেগ প্রকাশ করেছেন এবং পশ্চিমবঙ্গ-সরকারও বারে বারে উদ্বেগ প্রকাশ করেছেন। এই রাজ্যের শ্রমমন্ত্রী হিসাবে আমার যখনই সুযোগ ঘটেছে এই সমস্যাকে লোকচক্ষে ধরবার চেষ্টার ত্রুটি আমি করিনি। বেশী দিনের কথা নয়, গত মাসের ৩১এ তারিখে এখানকার এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ-এর যে উপদেষ্টা সমিতি আছে সেই সমিতির প্রথম সভায় আমি বলেছি যে আজ বেকার সমস্যা শুধু শিক্ষিতদের মধ্যেই সীমাবদ্ধ নয়, যারা আমাদের জনসংখ্যার বৃহৎ অংশ—বাল্ক অফ দি পপুলেশন তাদের মধ্যেও এই সমস্যা বর্তমান। এই সমস্যার সমাধান কেমন করে হবে সেটা একটা সর্বজনীন কথা। আমি কেমন করে শ্রমদপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী হিসাবে একাই একথার জবাব দিতে পারি? আমি যদিও এক্সপার্ট নই তবুও আমি বলব আমাদের দেশে যে শিক্ষা ব্যবস্থা চলছে তার প্যাটার্নকে, সিস্টেমকে গ্রামীণ জীবনের সঙ্গে সঙ্গতি না রেখে, যদি শিক্ষা ব্যবস্থার পরিবর্তন না হয় তাহলে আমার আশঙ্কা হয় যে এই বেকার সমস্যার সমাধান করা যাবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৫৮ সালে শুধু পশ্চিমবাংলায় কেন বোধ হয় সমগ্র ভারতবর্ষের শিল্পের ক্ষেত্রে একটা মহা সঙ্কটের দিন গেছে। মাঝে মাঝে এমন ধরনের সঙ্কট ও বিরোধ দেখা দেয় যার উৎপত্তির সঙ্গে শ্রমদপ্তরের কোন সম্পর্ক থাকে না। আপনারা জানেন যে গত বৎসরে আমাদের বৈদেশিক মুদ্রার ঘাটতির দরুণ কাঁচামাল এবং অনেক জায়গায় প্রয়োজনীয় মাল-মসলা না পাবার জন্য অনেক সময় কারখানা বন্ধ হবার উপক্রম হয়েছিল। এই রকম ঘটনা যখন ঘটে এবং এই নিয়ে শ্রমজীবী সম্প্রদায়ের প্রতিনিধি ডাঃ রণেন সেন প্রমুখ বা কখনও কখনও মালিক আসেন সেই সময় যতটুকু আমাদের শ্রমদপ্তরের আওতায় পড়ে তা করে কখনও কখনও আমরা সঙ্কট মোচনে সক্ষম হয়েছি। আমি এখানে একটা ঘটনা উল্লেখ করছি। হনুমান ফাউন্ড্রারী বলে লিলুয়ার একটা কারখানা আছে, যেখানে ৪ হাজার লোক কাজ করে, কিন্তু সেখানে কোন অর্ডার না পাবার জন্য সেখানকার ৪ হাজার শ্রমিককে হয়ত [illegible] সম্মুখীন হতে হবে। আমি নিবেদন করতে চাই যে এই

কর্মহীনতার সঙ্গে আমাদের শ্রমদপ্তরের সত্যিকারের কোন সম্পর্ক নেই। এই প্রসঙ্গে যাঁরা বলেন যে এই ক বছরে পশ্চিমবাংলার ফ্যাক্টরী ওয়ার্কারের সংখ্যা কমে গেছে—এ বিষয়ে আমি একটা তালিকা পড়ে দিচ্ছি তা থেকেই বুঝতে পারা যাবে যে সংখ্যা কমে নি। এখানে ১৯৫৬ সালে শ্রমিক সংখ্যা ছিল ৬ লক্ষ ৬৫ হাজার ৩৪২, ১৯৫৭ সালে ছিল ৬ লক্ষ ৭০ হাজার ৯৯৬ এবং ১৯৫৮ সালে ছিল ৭ লক্ষ ৩২৩—এই সমস্ত সংখ্যার মধ্যে ডিফেন্স ডিপার্টমেন্ট ধরা হয় নি। কাজেই জোর করে এই সংখ্যাতত্ত্বের দ্বারা বলা যেতে পারে যে কর্মক্ষেত্রে কোন সংকোচন হয় নি। ১৯৪৭ সাল থেকে ১৯৫৭-৫৮ সাল পর্যন্ত যা দেখা যায় তাতে একথা নির্ভয়ে বলা যেতে পারে যে আজকে কর্মসংস্থানের ক্ষেত্র সম্প্রসারিত হচ্ছে, পোটেনসিয়ালিটি বাড়ছে। কিন্তু তা আমাদের চাহিদা অনুপাতে যথেষ্ট নয়। আজকে আমরা যত পরিমাণ কাজ সৃষ্টি করতে পারলে সবাইকে সন্তুষ্ট করতে পারতাম সেই মত কাজ আমরা করতে পারি নি। এই প্রসঙ্গে আমার কাছে যে তথ্য আছে তা আমি পড়ে দিচ্ছি। আজকে কোথায় কত লোক কাজ করে এ থেকে বলা যেতে পারে যে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জএ নাম লেখায় না এমন বেকার বহু আছে—সেই সঙ্গে সুর মিলিয়ে বলতে পারি যে এমন বহু লোক কাজ করে যাদের সংখ্যা এর মধ্যে ধরা হয় নি। ফ্যাক্টরী এ্যাক্টের মারফৎ, ফ্যাক্টরী ডাইরেক্টারের মারফৎ আমরা যেমন সংখ্যা সংগ্রহ করি তেমনি যে সমস্ত কারখানা ফ্যাক্টরী আইনে পড়ে না বা যে সমস্ত কারখানা ফ্যাক্টরী আইনে রেজিস্টার্ড হয় নি তাদের সংখ্যা আমরা পাই নি। কিন্তু আমরা জানি যে ফ্যাক্টরী লেবার আছে ৭ লক্ষ ৩২৩ হাজার, প্ল্যানটেশনে কাজ করে ২ লক্ষ ৫৫ হাজার, মাইনস-এ কাজ করে ৯৫ হাজার, পোর্ট ডকে কাজ করে ৩১ হাজার, ক্যালকাটা কর্পোরেশনে ২৬ হাজার, ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্টে ৮ হাজার, গভর্নমেন্ট সার্ভিসে ১ লক্ষ ১৪ হাজার, শিক্ষা বিভাগে মাধ্যমিক এবং প্রাথমিক শিক্ষক ১ লক্ষ ২২ হাজার এবং কুটিরশিল্পে প্রায় ১০ লক্ষ লোক কাজ করে। এখানে আমি বিরোধী-পক্ষের বন্ধুদের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে দোকান কর্মচারী সমিতি দাবী করে যে তাদের সভ্যসংখ্যা ২০ লক্ষ। তাদের সংখ্যা না দিয়ে আমাদের যে সংখ্যা আছে তাতে সপ এমপ্লইজ হচ্ছে ১ লক্ষ ২৫ হাজার ৫৪০ জন। এ ছাড়া কমার্সিয়াল এস্টাবলিশমেন্টে কাজ করে তার সংখ্যা ২ লক্ষ, সিনেমায় কাজ করে তার সংখ্যা ৩ লক্ষ ৩ হাজার ৫০, হোটেল রেস্টুরেন্টে কাজ করে তার সংখ্যা ১৫ হাজার অর্থাৎ আমি বলতে চাই যে এই ১০ বছরে পোটেনসিয়ালিটি অফ এমপ্লয়-মেন্ট কমেনি, কিন্তু একথা আমি স্বীকার করছি যে আমাদের চাহিদা অনুপাতে তা যথেষ্ট নয়। এখানে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ সম্পর্কে আমি একটা কথা বলতে চাই। আমার বন্ধু শ্রীসিদ্ধার্থ-শংকর রায় এখানে যেদিন তাঁর দীর্ঘ বিবৃতি পাঠ করেন তার পূর্বদিন আমি আসানসোলে বলেছিলাম যে আমাদের রাজ্য সরকার এই সম্পর্কে একটা আইন করার পরিকল্পনা গ্রহণ করেছেন।

শ্রীসিদ্ধার্থশংকর রায়ঃ তা তো অনেক দিন হয়ে গেল।

সিদ্ধার্থবাবু নিশ্চয় জানেন যে এটা কংকারেন্ট সাবজেক্ট—কেন্দ্রীয় সরকারের অনুমতি না পেলে আইন আনতে পারা যায় না। আজকে লোকসভায় ভারতবর্ষের প্রেসিডেন্ট যে ভাষণ দিয়েছেন সেই ভাষণে উল্লেখ করা আছে যে এই সম্পর্কে আইন তাঁরা আনছেন এবং সেই আইনের কপি আমার কাছে আছে।

6-5—6-15 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই সম্পর্কে আমি বলতে চাচ্ছি যে, রাজ্যসরকারের কোন দোষ নাই। সম্পর্কে। ওঁরা জানেন যে, এটা কংকারেন্ট সাবজেক্ট এবং সরকারের অনুমতি ব্যতীত আনা যায় না। এ সম্পর্কে আরেকটা কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করব। ডাঃ রণেন সেন বলেছেন, ইন্ডাস্ট্রিয়াল কমিটি অন জুট যে সমস্ত রেকমেন্ডেসন করেন তা নাকি আমরা কার্যকরী করি না। তিনি যদি তাঁর সহকর্মী শ্রীইন্দ্রজিৎ গুপ্তের কাছে খবর নিতেন তাহলে জানতে পারতেন যে, কত অতিরিক্ত কর্মী আছে এবং ২রা আগস্ট তারিখে আই জে এম এ-তে কত ফল হল তার দু'-একটা বাদ দিয়ে সমস্ত তালিকা পাঠিয়ে দেওয়া হয়েছে এবং আই জে এম এ-এর বাইরে যে দু'-একটা কল আছে সেগুলি সম্বন্ধে তথ্য সংগ্রহের চেষ্টা করা হচ্ছে। শ্রীইন্দ্রজিৎ গুপ্ত ইতিমধ্যেই এগুলি পেয়ে গিয়েছেন। ইন্ডাস্ট্রিয়াল কমিটি অন জুট এবং রেকমেন্ডেসন ও একটা কমিটি গঠন করা হয়েছে চীফ ইনস্পেক্টর অব ফ্যাক্টরিজকে চেয়ারম্যান করে, কেন শ্রমিকদের সংখ্যা কমে যাচ্ছে এবং কি করে তাদের কাজে ফিরিয়ে নেওয়া যায় এ সম্পর্কে বিবেচনা করার জন্য। কাজেই একথা বলা যায় না যে, জুট-এর কোন কাজ শ্রমদপ্তর করছে না। আমি

দীর্ঘ বক্তৃতা করতে চাই না। আজকে একথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি যে, শ্রমদপ্তর শ্রমনীতি নিষ্ঠার সঙ্গে পালন করছে এবং নিষ্ঠার সঙ্গে পালন করছে একথা বলতে আমার আনন্দ হচ্ছে। শ্রমিকগণ বিরোধীপক্ষ থেকে সমর্থন লাভ করুক না করুক, তারা নিশ্চয়ই আমাদের সমর্থন লাভ করবে।

(The Hon'ble Prafulla Chandra Sen rose to speak).

Sj. Monoranjan Hazra:

স্যার, উনি বক্তৃতা করার আগে আমাদের বলে দিন বাজারে যে এখন চাল পাওয়া যাচ্ছে না এ সম্পর্কে তিনি কি ব্যবস্থা করছেন। তাঁর গতানুগতিক বক্তৃতা আমরা শুনতে চাই না।

Mr. Speaker: If you object to his speaking I will ask him to sit down. (The Hon'ble Prafulla Chandra Sen sat down.)

SCHOOL TEACHERS DEMONSTRATION

Sj. Jyoti Basu:

প্রফুল্লবাবুর বক্তৃতার আগে আমি একটা কথা বলতে চাই—

Mr. Speaker:

বলুন কি বলবেন।

Sj. Jyoti Basu:

আমি বলছিলাম যে, আমরা খবর পেলাম বহু শিক্ষক-শিক্ষিকা জোলুষ করে এখানে এসেছেন কারণ, মুখ্যমন্ত্রী ও শিক্ষামন্ত্রীর সঙ্গে তাঁরা এাপয়েন্টমেন্ট পর্যন্ত করতে পারছেন না দেখা করার জন্য। হাজার হাজার শিক্ষক তাদের মাইনে বাড়াবার জন্য দাবী করছে, ডাঃ রায় বলছিলেন শিক্ষামন্ত্রীর সঙ্গে আলোচনা না করে আমি কিছু বলতে পারছি না, একবার ডাঃ রায় বল্লেন, আমার সময় নাই। এতদিন হয়ে গেল, তাঁরা নিজেরা মিলে পর্যন্ত দেখা করতে পারলেন না। আপনি নিজে অনেক শিক্ষাপ্রতিষ্ঠানের সঙ্গে জড়িত আছেন। আমি জানি আপনি বলুন, ৫০ টাকা মাহিনা, ৬০।৭০ টাকা মাহিনায় তাঁদের আজকের দিনে কি করে চলে।

The Hon'ble Rai Harendra Nath Choudhuri:

তাঁরা আমার সঙ্গে কোন ইন্টারভিউ চান নি, মুখ্যমন্ত্রীর সঙ্গে ইন্টারভিউ চেয়েছিলেন। আমি আলোচনা করতে পারি, কিন্তু সেই আলোচনায় তাঁরা সন্তুষ্ট হবেন না, সুতরাং আমার দেখা করে কোন লাভ নাই।

Sj. Jyoti Basu:

উনি সব সময় উত্তেজিত হয়ে যান কেন বুঝতে পারি না।

The Hon'ble Rai Harendra Nath Choudhuri:

উত্তেজনার কোন কথা নয়, তাঁরা আমার সঙ্গে কোন ইন্টারভিউ চান নি।

Sj. Jyoti Basu:

ঐতো ডাঃ রায় এসে গিয়েছেন—আমি বলছিলাম, শিক্ষক-শিক্ষিকারা এখানে ডেমনস্ট্রেসন নিয়ে এসেছেন। তাঁরা বহুদিন থেকে আপনার সঙ্গে দেখা করার জন্য চেষ্টা করছেন এবং একটা দিন ধার্য করার জন্য বলছেন। আপনি তাঁদের বলেছেন, শিক্ষামন্ত্রীর সঙ্গে আলোচনা করে আমি তোমাদের বলব। বহুদিন কেটে গেল, এখনও তাঁরা দিন ঠিক করতে পারছেন না। সেজন্য তারা আজকে এখানে দলবেঁধে এসেছেন। এই জিনিসটা ভাল দেখায় না—শিক্ষক-শিক্ষিকারা রাস্তায় বেরিয়ে প্রসেসন করবে। শিক্ষামন্ত্রী বলছেন, আমাকে কোনদিন দেখা করতে বলা হয় নি —মুখ্যমন্ত্রী বল্লেন আমি দেখা করতে পারি—আপনি এখন দয়া করে বলুন কি করবেন।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

সব ঠিক আছে—শনিবার দিন ৬ জনের সঙ্গে আমি দেখা করব।

DEBATE ON THE MOTION OF ADDRESS IN REPLY

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবে এখানে অনেক বিতর্ক হয়েছে—

(**Sj. Jatindra Chandra Chakravorty** rose to speak).

Mr. Speaker: Mr. Chakravorty, kindly sit down.

The Hon'ble Prafulla Chandra Sen:

এই বিতর্কে অনেক উত্তাপ ও উত্তেজনার সৃষ্টি হয়েছে, সমস্যারও সৃষ্টি হয়েছে অনেক সে বিষয়ে সন্দেহ নাই। খাদ্য সমস্যার সুষ্ঠু সমাধান তখনই হবে যখন আমাদের দেশে খাদ্যোৎপাদন বাড়বে।

Sj. Deben Sen:

কিন্তু খাদ্য বাড়াবার দায়িত্ব কার?

Mr. Speaker: Mr. Sen, that is very wrong of you.

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় জ্যোতি বসু মহাশয় বলেছেন, আমাদের দেশে খাদ্যোৎপাদন আশানুরূপ হচ্ছে না, দেবেন সেন মহাশয় বলেছেন, কিছু হচ্ছে না। এখানে সকলেরই নিজের নিজের মত প্রকাশ করার সম্পূর্ণ অধিকার আছে।

[Noise and interruption]

Mr. Speaker: I will make a last appeal to the honourable members of this House. You know food is a difficult question and an important matter. (Sj. Jyoti Basu: And not available.) That is also true. If you do not co-operate I will ask him to sit down.

Sj. Jyoti Basu:

আমরা ও'র বাজে কথা শুনতে চাই না। চাল কোথায় গেল বলুন।

[6-15—6-25 p.m.]

The Hon'ble Prafulla Chandra Sen:

আপনারা যদি শুনতে না চান তাহলে আমি বলব না।

[Noise and interruption from opposition benches.]

Sj. Jyoti Basu:

এত কথার দরকার নেই, আমরা জানতে চাইছি চালটা ন্যায্য মূল্যে পাওয়া যাচ্ছে না চালটা গেল কোথায় দয়া করে সেইটে উনি বলুন। ও'র ঘরে যত সব চোরাকারবারীরা আসছে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I move that the question be now put.

[Noise and interruption amidst which all the honourable members of the opposition except Sj. Phakir Chandra Ray walked out of the House.]

Sj. Bijoy Singh Nahar:

মিঃ স্পীকার স্যার, আমরা ফুড মিনিস্টারের বক্তৃতা শুনতে চাই। অপোজিশন যদি চলে যান যেতে দিন কোন আপত্তি নেই। যারা খাদ্যনীতি বানচাল করতে চান তারা তা করুন, আমরা ফুড মিনিস্টারের বক্তৃতা শুনব।

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি এই কথা বলছিলাম যে এই অবস্থার সুষ্ঠু সমাধান তখনই হতে পারে যখন খাদ্য উৎপাদন আমরা বাড়াতে পারব। এই খাদ্য উৎপাদন বাড়ানর বিষয় নিয়ে শ্রীজ্যোতি বসু মহাশয়

এখানে চীনদেশে কি রকম উৎপাদন বেড়েছে তার উল্লেখ করেছেন, আমরা চীনদেশকে অভিনন্দন জানাই। চীনদেশে কৃষির উৎপাদন খুব বৃদ্ধি পেয়েছে এ বিষয়ে সন্দেহ নেই। চীনদেশ যেদিন মুদ্রা আবিষ্কার করেছিল, যেদিন চীনদেশ কাগজ আবিষ্কার করেছিল সেদিনও সকলে চীন-দেশকে অভিনন্দন জানিয়েছিল। পৃথিবীতে অনেক আবিষ্কার অনেক দেশ করেছে এবং সেই সমস্ত দেশ আমাদের অভিনন্দন পেয়েছে। শূন্য বা জিরো ভারতবর্ষ আবিষ্কার করে সারা জগতে একটা বিপ্লব এনেছিল। কাজে কাজেই চীনদেশে যদি ধানের উৎপাদন বেড়ে থাকে আমাদের তাতে দুঃখ করার কিছু নেই, বরং আমরা চীনের কাছ থেকে শিখব কিভাবে তারা উৎপাদন বাড়িয়েছেন। মাননীয় স্পীকার মহাশয় জানেন আমাদের ভারতবর্ষে জাপানী প্রথা অনুযায়ী ধানের ফলন বৃদ্ধি করার চেষ্টা গত কয়েক বছর ধরে চলছে এবং তাতে আমরা কিছু সুফলও পেয়েছি। আমাদের পশ্চিমবঙ্গ কৃষি বিভাগ থেকে ৬০ হাজার একর জমিতে জাপানী প্রথায় চাষ করে খুব ভাল ফসল পেয়েছি। আমাদের যা গড় উৎপাদন তার থেকে আড়াই গুণ উৎপাদন বেড়েছে। চীনে যে নতুন পদ্ধতি আবিষ্কৃত হয়েছে তাতে বলছেন উপর উপর চাষ দিয়ে নয় খুব গভীরভাবে চার হাত ছয় হাত পর্যন্ত লাঙ্গল দিতে হবে তার উপর মাটি দিতে হবে এবং তার উপর এক থাক, দুই থাক পাঁচ থাক সার দিতে হবে। কেমিক্যাল ফার্টিলাইজার খুব কম দেওয়া হয়, কারণ চীনদেশে এ জিনিসটা যা পাওয়া যায় তার পরিমাণ বেশি নয়, সেখানে তাই অর্গ্যানিক অর্থাৎ জৈব সার ব্যবহৃত হয় বেশি, এমন কি মানুষের বিষ্ঠা পর্যন্ত তাঁরা এতটুকু নষ্ট করেন না। আজকে চীন কম্যুনিস্ট দেশ বলে নয়, চীনদেশে বিষ্ঠার সমাদর বহুদিন ধরে চলে আসছে। আমাদের উৎপাদন যখন চার মণ ছিল চীনদেশে বিঘাপ্রতি তখন বার মণ উৎপাদন ছিল, তখন চীনদেশ কম্যুনিস্ট হয় নি। জাপানে উৎপাদন ছিল ১৮ মণ, স্পেন দেশ কম্যুনিস্ট নয় সেখানে বিঘাপ্রতি ধান উৎপাদন ২৫ মণ আর ইটালীতে বিঘাপ্রতি গড়ে ৪০ মণ। কাজে কাজেই আজকে যদি চীনদেশে নতুন কিছু আবিষ্কৃত হয়ে থাকে নিশ্চয়ই আমরা সেটা আমাদের দেশে চালু করবার চেষ্টা করব। এটা সবাই বুঝতে পারছেন এই আবিষ্কার রুশ দেশ করতে পারেন নি, মহাকাশে তারা রকেট পাঠাচ্ছেন বটে, কিন্তু আজ ৪০ বৎসর সেখানে কম্যুনিজমের প্রতিষ্ঠা হলেও রুশদেশে খাদ্য উৎপাদন খুব ভাল নয়। আমার কাছে রুশদেশ থেকে প্রকাশিত একখানা বই আছে—ইউ এস এস আর রেফারেন্স বুক—এতে ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্টএর কথা আছে, পাতায় পাতায় সেকথা লেখা আছে—জারিস্ট আমলে কত ছিল, প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কত হয়েছে, দ্বিতীয় ও তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কত হয়েছে গর্বের সঙ্গে তা লেখা আছে, কিন্তু কৃষির কি উন্নতি হয়েছে তা নেই। কাজেই চীন যদি রাশিয়া থেকে এ বিষয়ে এগিয়ে যেতে পেরে থাকে সেটা সকলের অভিনন্দনের যোগ্য এবং আমরা চেষ্টা করব সেই পদ্ধতি আমাদের দেশে চালু করবার। কিন্তু একটি কথা মনে রাখতে হবে একথা পূর্বে বলেছি যে চীনদেশে অনেক জমি, সে হিসাবে দেশের লোকসংখ্যা আমাদের তুলনায় অনেক কম। যেখানে গোটা ভারতবর্ষে প্রতি বর্গমাইলে ২৯৩ জন বাস করে সেখানে চীনদেশে মাত্র ১৫৬ জন লোক, অবশ্য আমাদের পশ্চিমবাংলায় প্রতি বর্গমাইলে ৯০০ জন লোক। চীনদেশের ভৌগোলিক আয়তন যা তার মাত্র শতকরা এগার অংশ জমি চাষে এসেছে আর যত জমি কৃষিযোগ্য তার শতকরা মাত্র ২৩ ভাগ চাষের আওতায় এসেছে। এই পার্থক্যটা বুঝতে হবে। ভারতবর্ষের যা ভৌগোলিক আয়তন তার ৫৬ ভাগ জমি আমরা চাষের আওতায় এনেছি এবং যত জমি চাষের উপযোগী আছে ভালমন্দ মাঝারি তার শতকরা ৭৫ ভাগ জমি আমরা এনেছি চাষের আওতায়, সেখানে চীন এনেছে মাত্র ২৩ ভাগ। কাজে কাজেই আমাদের ভাল করে বুঝতে হবে আমাদের পক্ষে কি বাধা আছে। আর একটি আমাদের স্মরণ রাখতে হবে যে চীনদেশে যত ধানের জমি আছে তার শতকরা ৯০ ভাগ জমি সেচ পেয়ে আসছে বহুদিন আগে থেকেই এবং আমাদের ভারতবর্ষে শতকরা মাত্র ৩৯ ভাগ ধানের জমি সেচ পাচ্ছে। এসব কথা স্মরণ রাখতে হবে। আমরা নিশ্চয়ই জাপানের যে পদ্ধতি তার ভাল যেটুকু তা নেব, ইটালী, স্পেন এদের ভালটুকুও নেব এবং চীনদেশের যা ভাল জিনিস তা আমরা আদরে নেব, বিশেষ করে চীনদেশ আমাদের বন্ধু, যুগযুগান্তর ধরে চীনের সঙ্গে আমাদের ঘনিষ্ঠ সম্পর্ক রয়েছে। সেদিন একজন বড় কৃষি বৈজ্ঞানিক এসেছিলেন ইউ, কে থেকে। আমি তাঁকে জিজ্ঞাসা করেছিলাম আমাদের ভারতবর্ষে বিঘাপ্রতি ধানের ফলন এত কম কেন? তিনি বললেন এটা তো সোজা কথা—তোমাদের দেশে মার্জিনাল, সাব মার্জিনাল জমিতে যেখানে ধান চাষ করা উচিত নয় সেখানে পর্যন্ত

ধান চাষ করছ, কাজেই ফলন কম। আমাদের এখানে বর্ধমানের ক্যানেল অঞ্চলের অনেকে আছেন, বীরভূমের ক্যানেল অঞ্চলের লোকও আছেন তাঁরা সকলেই জানেন যে বিঘাপ্রতি সেখানে ফলন ১৮ মণ হয়েছে। কাজেই আমাদের হতাশ হবার ব্যাপার কিছু নেই। আর একটি কথা আমাদের মনে রাখতে হবে—চীনদেশে লোকসংখ্যা ৬০ কোটি, কেউ কেউ বলেন ৬৫ কোটি, আর আমাদের ভারতবর্ষের লোকসংখ্যা বর্তমানে ৩৯ কোটি, ভারতবর্ষে ২১ কোটি ক্যাটল, গরু, মোষ, আছে, এদের খাবার এবং রাখবার জায়গা চাই।. চীনদেশে যেখানে ৬০ কোটি লোকের বাস সেখানে মাত্র ৭ কোটি পশু। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন, এটা গোপন কথা নয়—চীনদেশে লাঙ্গলে মানুষকে জুড়ে দেওয়া হয়, সেখানকার মানুষ খুব পরিশ্রমী। আমরা কলকাতা শহরে দেখতে পাই আমরা বাঙ্গালীরা ধোপার কাজ করব না, বাঙ্গালী চাকর খুঁজে পাওয়া যায় না, বাঙ্গালী মুটে মজুর পাওয়া যায় না, ফলে বাঙ্গালী শ্রমিকের সংখ্যা খুব কম। চীনদেশ থেকে এক বন্ধু সেদিন ফিরে এসে বললেন সেখানে সকলেই হেয়ার কাটিং সেলুন থেকে আরম্ভ করে ধোপার কাজ করছে, ছুতারের কাজ করছে, মুচির কাজ করছে। কাজেই চীনদেশ কম্যুনিস্ট হয়েছে বলে নতুন কিছু হয়েছে তা নয়। একথা স্বীকার করতে হবে আমাদের অবস্থা এবং চীনদেশের অবস্থা অবজেকটিভ কনডিসানএর মধ্যে আকাশপাতাল তফাত। তাঁদের রাষ্ট্রনীতি এবং আমাদের রাষ্ট্রনীতির মধ্যে আকাশপাতাল তফাত। আমাদের ব্যবস্থা গণতন্ত্রসম্মত—এটাকে আমরা কখনও ত্যাগ করব না, এটাকে রাখবার জন্য আমরা জীবন দেব। চীনদেশের নকল আমরা করতে চাই নে।

[6-25—6-35 p.m.]

এটা নতুন কিছু নয়। পশ্চিমবঙ্গে বহুদিন থেকে ঘাটতি আছে। আমরা দেখেছি ১৯২০-২১ সাল থেকে ঘাটতি হয়ে আসছে। আমাদের বার্মা থেকে চাল নিয়ে আসতে হোত, উড়িষ্যা থেকে চাল নিয়ে আসতে হোত, মধ্যপ্রদেশ থেকে চাল নিয়ে আসতে হত, মাদ্রাজ থেকে চাল নিয়ে আসতে হত। সুতরাং এই ঘাটতি আজকের নয়, তার উপর ৩৫ লক্ষ আশ্রয়প্রার্থী ভাইবোনেরা এসেছে, এবং পশ্চিমবাংলায় প্রতি বর্গমাইলে ৯ শত লোকের বাস। তারপর আমরা যদি আমাদের জমি রক্ষা করতে চাই তাহলে অন্ততঃ শতকরা ২৫ ভাগ বন থাকা চাই। আমাদের বনভূমি সৃষ্টি করতে হবে। আজকে শতকরা ২৫ ভাগের জায়গায় আমাদের মাত্র ১৪ ভাগ বনভূমি আছে। কাজেকাজেই আমাদের দেশের অবস্থা বুঝে আমাদের কাজ করতে হবে। পশ্চিমবঙ্গে তা সত্ত্বেও ধানচাষ বেড়েছে। আমাদের দেশে আকাশের উপর নির্ভর করতে হয় অনেক সময় এবং পশ্চিমবঙ্গে এমন এলাকা আছে যেখানে কিছুদিন আগে আমাদের কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী অজিত প্রসাদ জৈনকে নিয়ে আমরা ঘুরে দেখেছি বাংলাদেশের কয়েকটি জেলায়, মালদা, বাঁকুড়া, দিনাজপুর, বর্ধমান, আমরা জুলাই মাসে মালদা গিয়ে দেখেছি যে সেখানে সব পুকুর শুকনো, ধু ধু করছে মাঠ, বিশ্বাস করতে ইচ্ছা হয় না। বাঁকুড়াতেও তাই দেখেছি। কিকরে আমাদের ফসল বেশী হবে? হতে পারে না। কাজে কাজেই আমাদের দেশের অবস্থা বুঝে কাজ করতে হবে। আমাদের কৃষি বিভাগের গড় ফলন বেড়েছে। যেখানে স্বাধীনতার আগে আমাদের পশ্চিমবঙ্গ এলাকায় ৩২ লক্ষ টন চাল হোত, সেখানে ৫ বৎসর পরে ৩৪ লক্ষ টন হয়েছিল, তারপর প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় সেটা বেড়ে ৪১ লক্ষ টন হয়েছে। কিন্তু লোকসংখ্যাও বেড়েছে। আজকে মুখ্যমন্ত্রী মহাশয় বলছিলেন যে, যেখানে হাজার করা সাড়ে আঠার মৃত্যুর হার ছিল সেটা এখন ৯এর চেয়েও কমে গিয়েছে। সেদিক দিয়েও লোকসংখ্যা বাড়ছে। রিফিউজি এসেছে। সুতরাং আমাদের খাদ্যসমস্যা যে তীব্র হবে সে বিষয় কোন সন্দেহ নেই। আপনি জানেন, স্পীকার মহোদয়, আমাদের পশ্চিমবঙ্গে স্বাধীনতার আগে, পার্টিশনএর আগে আড়াই লক্ষ একর জমিতে পাট হত, সেখানে আজকে দশ লক্ষ একর জমিতে ভারত গভর্নমেন্টের নির্দেশ অনুসারে পাট ও চেষ্টা হচ্ছে। কাজে কাজেই ধানের ফসল খুব বেশি না করতে পারলেও তাতে লজ্জিত হবার কিছু নেই। আজকে আমাদের ফলন বাড়াতে হবে ঠিক কথা কিন্তু তারজন্য আমাদের চীনের মেথডএ উৎপাদন বাড়বে, না জাপানী মেথডএ উৎপাদন বাড়বে, সেটা আমাদের দেখতে হবে। আমাদের রাজ্যপাল কত ফলন হবে তা বলেন নি। তিনি কত ফলন হয়েছে তাও বলেন নি।

বলেন নি এই জন্য যে ফসলের উপর আমাদের খাদ্যনীতি নির্ভর করছে না। আমরা বলেছি খাদ্যের ফসল যাই থাক না কেন আমরা দাম স্ট্যাবিলাইজ করবো। আমরা দাম বেঁধে দিয়েছি। এখানে অনেকে বলেছেন, যেমন সিদ্ধার্থশঙ্করবাবু বলেছেন যে আমরা ন্যায্য দরই বেঁধেছি কিন্তু তা এনফোর্স করতে পারছি না। আবার কোন কোন মাননীয় সদস্য বলেছেন যে আপনাদের দাম বাঁধা ঠিক হয় নি, আরও বেশি করা উচিত ছিল। মাননীয় সদস্যরা জানেন যে আমরা দাম ঠিক করতে পারি না। দাম ঠিক করতে গেলে কেন্দ্রীয় সরকারের অনুমতি চাই।

ভারতবর্ষে সমস্ত প্রদেশে কেন্দ্রীয় সরকারের সম্মতি নিয়ে দাম বেঁধে দেওয়া হয়েছে। এক পয়সাও আমরা দাম বাড়াতে পারি না এক পয়সাও আমরা কমাতে পারি না। উপরন্তু আমরা আমাদের প্রদেশে সর্বোচ্চ এবং সর্বনিম্ন দর বেঁধে দিয়েছি ধানের, যাতে চাষীরাও না প্রতারিত হয়। এই হচ্ছে আমাদের দেশের একমাত্র খাদ্যনীতি। আমাদের উদ্দেশ্য হল খাদ্যমূল্য নিয়ন্ত্রিত করা। অনেকে বলেছেন যে দর নির্ধারিত করে দিয়েছেন সে দরে শস্য পাওয়া যাচ্ছে না। শ্রীদেওপ্রসাদ রায় দার্জিলিংএর কথা উল্লেখ করে বললেন মশায় গত বছর আমাদের এখানে ৪০ টাকা দর ছিল চালের এ সময় আর আজকে ২৫ টাকা হয়েছে। কিন্তু আপনাদের নির্ধারিত মূল্যে তো পাওয়া যাচ্ছে না। সত্য কথা। ২১·৬০ নয়া পয়সার বেশি দর যদি কেউ নিচ্ছে আমরা খবর পাই তা হলে আমরা তাকে শাস্তি দেব। আমরা চুরি হবে না একথা বলতে পারি না। চুরি যদি কেউ করে আমরা তাকে শাস্তি দেব। কিন্তু চোরকে ধরিয়ে দিতে হবে। একজন মাননীয় সদস্য বীরভূমের বলেছেন যে আমাদের এখানে বেশি দামে ধান কিনছে আবার এক দেড় মিনিট পরেই বললেন মিলমালিকরা ধান পাচ্ছে না। সত্য কথা। আমরা দেখতে পাচ্ছি যে আমাদের রাইস কন্ট্রোল অর্ডার প্রবর্তিত হবার পর এক সপ্তাহ বাজার শুকিয়ে গেছল, বাজারে মাল প্রায় আসছিল না, সাধারণতঃ নর্ম্যালি বাজারে যা আসে তার ১০-১৫-২০-৩০ ভাগ আসছিল তারপর মডিফায়েড র‍্যাশনিংএ যেখানে চাল ছিল ১ সের এবং গম আধ সের সেটা বাড়িয়ে দেড় সের চাল এবং এক সের গম করে দিলাম। আমাদের এখানে স্ট্যাটুটারি র‍্যাশনিং যখন ছিল প্রথম যখন আমি খাদ্য দপ্তরের ভার নিই তখন মোট পরিমাণ ছিল এক সের বার ছটাক, এক সের পাঁচ ছটাক চাল সাত ছটাক গম। অনেকে বলেছেন মশায় খাদ্য পাওয়া যাচ্ছে না। কলকাতার খোলা বাজারে খাদ্য যদি না পাওয়া যায় তাহলে আমরা আগে যে চাল ও গম দিতাম তার চেয়ে যদি বেশি পরিমাণে খাদ্য দিয়ে থাকি তাহলে খোলা-বাজারের অস্তিত্ব আছে কি নাই সেটা জানবার কোন প্রয়োজন নাই। তবুও আজকে দেখছি খোলাবাজারের অবস্থার উন্নতি হয়েছে। এসেম্বলী বসবার তিন-চার দিন আগে থাকতে খোলা বাজারে চাল আমদানি কমে গেল কি কারণে কি যে তার রহস্য স্পীকার মহাশয় তা বুঝবেন। এক দল লোক চেষ্টা করছিল যে চাষীর মূল্য বাড়বে। কিন্তু কনজিউমার্সদের মূল্য কমাবো এটা অসম্ভব। চেষ্টা তারা করেছিলেন। আজকে আমরা যেভাবে মডিফায়েড র‍্যাশনিং বাড়িয়ে চলেছি কলকাতায় ৪৩ লক্ষ লোককে আমরা দিচ্ছি, নদিয়া জেলার সর্বত্র এটা দিচ্ছি সর্ব শ্রেণীর লোককে, আমরা আসানসোলে দিচ্ছি, আমরা চিত্তরঞ্জনে, খড়্গপুরে বার্ণপুরে দেবার নির্দেশ দিয়েছি হুগলি হাওড়ার ঘাটতি এলেকায় আমরা দেড় সের করে চাল এবং এক সের গম সকলকে দেওয়ার নির্দেশ দিয়েছি। ২৪-পরগনা জেলায় অন্যান্য জায়গায় হাওড়া থানায় দেড় সের চাল ও এক সের গম দেবার জন্য নির্দেশ দিয়েছি। আস্তে আস্তে দিন তিনেক ধরে বাজারে চাল আবার আসতে আরম্ভ করেছে। আমার বিশ্বাস লোক বুঝবে গভর্নমেন্ট এই নীতি বজায় রাখতে চায়, গভর্নমেন্ট এই নীতিতে অনড় এবং কার্যকরী ব্যবস্থা করার জন্য বদ্ধপরিকর তখন নিশ্চয়ই বাজারে আসবে চাল। আজকে সেজন্য যদি মাননীয় বন্ধুরা বলতেন কি করে এই খাদ্যনীতি কার্যকরী করবো তাহলে আমি মাথা পেতে শুনতাম। সবাই বলেন এটা দিন। গবর্নমেন্ট-এটা দিতে পারেন কখন? যখন টোটাল প্রকিউরমেন্ট করি, সমস্ত জিনিস যদি নিই সমস্ত জিনিস আমরা বিতরণ করার দায়িত্ব নিই। এ নীতি পশ্চিমবঙ্গ সরকার একা গ্রহণ করতে পারে না। এটা সর্বভারতীয় নীতি, নতুন ফুড পলিসি পশ্চিমবঙ্গ সরকার নিতে পারে না এককভাবে। কাজে কাজেই আমরা যে দর নিয়ন্ত্রণের জন্য নীতি গ্রহণ করেছি তার জন্য জনসাধারণের কাছে সহযোগিতা চাই।

[6-35—6-45 p.m.]

কাজে কাজেই সর্বভারতীয় নীতি আমরা গ্রহণ করেছি এবং তার উপরে আমরা জনসাধারণের সহযোগিতা চাইছি এবং এ্যাসেম্বলির সমস্ত সদস্যের সহযোগিতা চাই এ পক্ষের ও পক্ষের, তার জন্য কনজিউমার বা ক্রেতাদের সহযোগিতা চাই। তাঁরা যদি বলেন যে, না গবর্নমেন্ট যখন আমাদের দেড় সের চাল এবং এক সের গম দিচ্ছে অন্ততঃ কলকাতা শহরে সমস্ত ইন্ডাস্ট্রিয়াল এলাকায় এবং আসানসোল, হাওড়া, নদিয়া ইত্যাদি জায়গায় তখন আমরা খোলা বাজারে একতোলা চালও কিনব না তাহলেই সরকারের এই নীতি কার্যকরী হবে এবং নির্ধারিত দরে বিক্রী হবে। গত কয়েক বৎসর ধরে দেখছি ধান কাটার পর তিন টাকা করে বেড়ে এসেছিল। আজ তাই এই নীতি আমরা গ্রহণ করেছি। কোথাও কোথাও দুর্নীতিপরায়ণ লোক এবং কিছু কিছু ব্যবসাদার তারা হয়ত বেশি দামে বিক্রি করবার চেষ্টা করছে এবং ক্রেতাদের বলছে যে, গভর্নমেন্ট কিনছে। আমি এটা বন্ধ করতে চাই, এ জন্য আমি সকলের সহযোগিতা প্রার্থনা করছি এবং সহযোগিতা যদি পাই এবং সরকারের যদি তাঁর ভান্ডার থেকে সরবরাহ বজায় রাখতে পারেন তাহলে আমাদের এই নীতি নিশ্চয় কার্যকরী হবে এ বিষয়ে আমার বিন্দুমাত্র সন্দেহ নাই।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: When the Governor places her address before the House, it is intended to give in broad outline what had been achieved in the past, what is likely to be achieved in the future and what are our difficulties in the way. It is only proper, therefore, that the Governor should give in brief outline what had been done. She has mentioned about the unemployment problem, the difficulties of the refugee problem and the food problem. There was no attempt on the part of the Governor to keep back from the Assembly any of the outstanding problems that face this country.

My friend Sj. Prafulla Chandra Sen has replied in great detail to the remarks of Sj. Jyoti Basu when he made the comparison between China and India. I will follow Sj. Sen's footstep and say that if there is in my neighbour's garden flowers and fruits in plenty, I would like to have them myself. But I will have to consider whether my soil is good enough, whether the seeds are proper, whether we have got the proper manure and whether the atmospheric and climatic condition would give us facilities for having such produce. We have heard from Sj. Sen that the Chinese method is to go down deep 3 or 2 metres and fill the cavity with organic manure. I was thinking even if we desired to do it, whether we would be able to do it considering the geophysical condition of this State of West Bengal. If I dig 4 or 5 ft. we shall be getting into the water stratum. I doubt very much whether we would be able to produce here what we see is being done in China, but yet I may inform the House that I have already asked the Agriculture Department to make experiments—to put in pilot schemes in experimental stations—to see whether increasing manure particularly of the organic type, deepening the place where the plants are planted and increasing the quantity of seeds that is put in a particular area, would increase—as the Chinese say—the total quantity of the produce of that area. It is worth while considering as Shri Sen has said whether we should take help from all parts of the world, whoever can give us help and guidance to develop this undeveloped country. But while we are thinking of the fortunate circumstances due to which the Chinese people are able to reproduce their schemes of great leap forward since August, 1958, we should consider whether we have the capacity to do it. Everyone of us knows that a Chinese carpenter would work—all of us have experience of it—steadfastly without talking, without diverting his attention from the work in hand, and finish his work at the proper time and go away. This is their characteristic. Therefore, if we want to reproduce their achievements in this country we will not only have to have the geophysical conditions altered as far as possible, but our psychological conditions, mental conditions and equipments

have also to be altered if we want to follow China. But what I was saying was that while appreciating what China has done, do you shut your eyes to what we have been able to do with our resources? I have got here a report from the Director of Industries. There are 37 small industries run by the Government spending lakhs of rupees and employing several thousands of people in the industries. We have got about 32 cottage industries of different types. I need not worry the members of the Assembly with the details as it may be necessary for me to put them before the House later on. Why should we not, all of us, while appreciating our neighbouring country, also try to develop and give concrete suggestions as to how these things could be further developed. This is a problem to which I cannot get a proper answer.

Sir, a question has been raised about jute. Mr. Sen has told you that jute production has increased. A suggestion was made whether the State Trading Corporation could not purchase the jute. I may inform the House that the State Trading Corporation has already appointed some co-operative organizations to buy jute so as to keep up the price of jute.

Sir, we have about 3,000 boys trained in Inland Transport of whom about 2,200 boys have been employed. We have, as you know, a very large number of boys employed in the Transport Department and the National Volunteer Force.

Sir, I do not know where the honourable members found that we have still got 10 lakh acres of waste land in West Bengal. I have tried to find out the source from which this figure has been taken. It is possible that the members have depended upon Mr. Ishaque's Report. From the pamphlet which has been circulated to you, you will find that we have not got more than one lakh acres of waste land which can be utilised either for refugees or for owners of submarginal lands.

It has been suggested by an honourable member that lakhs of rupees have been spent for fishery, particularly for sea fishing, but he has not taken care to find out whether there are any other methods by which we are trying to increase the quantity of fish.

[6-45—6-55 p.m.]

I can give you some of the figures: For 24,000 tanks short-term loans have been given and for 4,500 tanks long-term loans have been given. The total produce from these tanks in the year is 1·62 lakh maunds and 82,000 maunds respectively. There is also riverine fishing for which we are providing boats and yarns for nets etc to about 2,000 people. I find the total amount of fish collected by these various agencies in the course of the year is about 4 lakh 50 thousand maunds, which means about 1,200 maunds a day. Besides that there is Deep Sea Fishing Scheme for which we have spent about 8 lakhs in equipments and 11 lakhs in payment to outsiders—to foreigners. We have got fish worth Rs. 11 lakh 24 thousand. I can go on giving examples of what we have been able to do, not that we are satisfied with it, but at any rate, to show that we are not keeping idle while we are thinking in terms of what is happening in China.

Sir, there has been a question raised in this House about the Conduct Rules of the Government employees. Sir, this matter was placed before the High Court of Kerala in which the questions raised were whether the Conduct Rules 80A and 81 of Kerala Government were restrictions on the fundamental rights guaranteed to a citizen and whether they can be imposed in the contract of Government service provided such restrictions satisfy the test of reasonableness and do not make a nullity of the rights conferred. Here two questions were raised, viz. (1) that no Government servant shall

be a member of any service association which has not been recognised by Government or of which the recognition has been withdrawn, and (2) that membership of a service association shall be confined to Government servants—necessarily the office bearers of the association have also to be Government servants. These were the two questions that were raised before the Court. The Court said "since the membership of a service association is open to Government servants only office bearers of the association have necessarily to be Government servants. As such, it is irregular for a service association to appoint outsiders to function as office bearers of the association." I need not go into the whole judgment but at the end it says "I take the view that restrictions on the fundamental rights guaranteed to a citizen can be imposed in a contract of Government service provided such restrictions satisfy the test of reasonableness and do not make a nullity of the rights conferred". Judged by that standard the rules just mentioned appear to be quite reasonable and I must uphold this view. Sir, this answers the suggestion made by Shri Siddhartha Shankar Ray regarding his presiding over a meeting of Government servants to which question has been raised by the Secretariat.

The other question that has been raised by him is that there is a large number of temporary Government servants. It is true, we have got nearly 50 thousand people or more perhaps who are temporary because various departments are being opened which may not be of a permanent character and therefore we have for the time being to keep them temporary; but we are proceeding in the matter and we are making temporary posts permanent whenever it is possible, when the posts are likely to continue to be permanent.

The other question that has been raised by Sj. Siddhartha Shankar Ray is family planning. Why he raised that question, I do not know. The position seems to be this. Today, there is every year an increase of 1.4 to 1.6 per cent. in the population of the country. If that be the correct position, whatever you might do to increase employment—and I can see that the employment that has been increased in the last 5 years has been in the nature of 10 lakhs—there will always be a larger number of employment seekers than the employment you can provide. Therefore, the opinion not only of this State but opinion all over the country, the Planning Commission and everybody is that one of the methods by which you can control the situation and provide employment for the people is to try and limit the population by a system of family planning. Sir, I don't want to take the time of the House any longer.

[6-55—7 p.m.]

I feel that in many of the cases that have been mentioned by the members of the House frank and free discussion could be of great value, particularly in food problem. I do not want those who want to co-operate to give up their individuality or individual views. They can express their views as strongly as they like, but the difficulty is that if they start the system of co-operation by not believing any facts and figures which one can give, then there is no co-operation possible under such circumstances.

Sir, I move that we accept the motion that a respectful address be sent to the Governor.

Mr. Speaker: I will now put all the amendments to the Motion of Address in Reply to vote together.

1

The motion of Sj. PHAKIR CHANDRA ROY that the following be added at the end of the address in reply, viz.—

'But regret that there is no mention of any effective measure to be taken by the Government in order to bring about an improvement of the food situation in the country."

was then put and lost.

2

The motion of Sj. PRAMATHA NATH DHIBAR that the following be added at the end of the address in reply, viz.—

"But regret—

(1) that there is no mention in her speech about the failure of irrigation by D.V.C. and its non-co-operation with the West Bengal Government;

(2) that there is no mention in her speech about the removal of duel administration of D.V.C. and State Government;

(3) that there is no mention about the construction, recommended on 7th October, 1958, for further bridges on D.V.C. Canals for the convenience of the general public of Burdwan district;

(4) that there is no mention about the failure of Health Department for implementing the health schemes;

(5) that there is no mention about the failure of the Works and Buildings Department for non-implementing the schemes of Five-Year Plan;

(6) that there is no mention about the failure of the Government in its education policy;

(7) that there is no mention about the failure of the Government in its relief and rehabilitation policy;

(8) that there is no mention about the failure of Government to increase the salaries of ill-paid Government servants;

(9) that there is no mention about the failure of the Government to solve unemployment;

(10) that there is no mention about the failure of the Government in distribution of surplus lands to the landless peasants;

(11) that there is no mention about the failure of the Government in resettlement of local refugees of Durgapur Project areas and providing the sons of the soil with jobs;

(12) that there is no mention about the failure of the Government in improvement of agriculture and inadequate supply of agriculture loan, cattle purchase loan and manure and other implements, at purchaseable prices."

was then put and lost.

3

The motion of Sj. JATIN CHAKRAVORTY that the following be added to the motion of thanks in reply to the Governor's address:—

"but regret that the speech does not contain a real picture of the State today and does not mention about the failure of the Government to tackle properly and solve the most acute problems which the State has been faced with; particularly food, employment and refugees."

was then put and lost.

The motion of Sj. RENUPADA HALDER that the following be added at the end of the address in reply, viz.—

"But regret that no mention has been made—

(1) about steps to be taken or proposed to be taken by Government to acquire lands of Benami owners, to suspend eviction of Bargadars from lands cultivated by them till the cases of Benami transfer of lands are properly dealt with;

(2) about any scheme of Small Irrigation for the improvement of agriculture in the Sundarban areas;

(3) about any scheme for the introduction of Minimum Wages Act for agricultural labourers fixing their minimum wages, hours of duty, work-load, etc.;

(4) about measures to stop extortionate rate of interest charged by way of 'Bari' system by Jotedars on the poor cultivators."

was then put and lost.

5

The motion of Sj. DURGA PADA DAS that the following be added at the end of the address in reply, viz.—

"But regret that the Governor has omitted to mention—

(1) the real food situation of West Bengal and scarcity of rice even in rural areas of Birbhum;

(2) any proposal for bringing down prices of daily necessaries of life and improving the standard of living of the rural agricultural people;

(3) the present condition of the District Boards of West Bengal and any policy to be followed regarding these institutions;

(4) any scheme to distribute the cultivable waste land that would be available from the surplus vested lands amongst the existing landless labourers, Bargadars and cultivators of uneconomic holdings;

(5) any milk supply scheme for rural areas;

(6) any scheme of reopening Margram Thana Health Centre which was closed after a few months' work;

(7) any scheme to extend medical facilities to Unions where there is no existence of any such facilities."

was then put and lost.

6

The motion of Sj. MIHIR LAL CHATTERJI that the following be added at the end of the address in reply, viz —

"But regret the step taken by the Government in ordering the agriculturists to take licence on payment of Rs. 3 for storing even his own produce of rice and paddy exceeding one hundred maunds without making any allowance for the needs of his family for the whole year."

was then put and lost.

7

The motion of Sj. HEMENTA KUMAR BOSE that the following be added at the end of the address in reply, viz.—

"But regret that there is—

(1) no mention of any definite plan to take strong and suitable steps to bring round the hoarders of food and other articles and supply them to the people without any trouble;

(2) no mention of any definite scheme to iradicate unemployme from the State;

(3) no mention of any scheme to ameliorate the economic conditio of the low-paid staff of the Government;

(4) no mention of any scheme to remove the discontent prevailin amongst the poorly paid staff of the different hospitals c West Bengal;

(5) no mention of any scheme to check successfully the spread c tuberculosis in the State."

was then put and lost.

8

The motion of Sj. SUBODH BANERJEE that the following be adde at the end of the address in reply, viz.—

"But regret that the speech has failed—

(1) to appreciate the ever-deteriorating economic condition of th people of the State;

(2) to suggest effective steps to solve the acute unemploymen problem; and

(3) to indicate steps to ease the present uncertain condition prevailin in the food-front, to seize huge stocks of rice and padd concealed by jotedars and wholesalers, to stop non-availabilit of rice at prices fixed by the Government, to take over manage ment and control of the rice-mills kept closed by their manage ment for the purpose of intensifying the food-problem an thereby reaping more profit."

was then put and lost.

9

The motion of Sj. DEO PRAKASH RAY that the following be adde at the end of the address in reply, viz.—

"But regret the absence of any reference to Governmental measures—

The second point that I want to mention is that the arguments that have been put forward seem to have proceeded on a wrong basis. The budget of the year is not on account of the assets and liabilities under a particular head. It is only under a particular item that certain figures are shown both on the revenue side as well as on the expenditure side so far as that particular year is concerned. We have made it perfectly clear that so far as the Public Account Section is concerned these transactions are more or less, I may say, Government takes up more or less as a mandate. It takes into account certain items of revenue, and they are really deposits local fund, provident fund deposit, court deposit, etc. In this class of transactions receipt and outgoings almost balance one another. Suggestion has been given that we are utilising this money for the purpose of our ordinary revenue of the State. It is not quite so, although in the first blush you might say that. If you look at the figures given at the last page of my budget speech you have got there revenue receipts, receipts from debt heads, loans and receipts from Contingency Fund and Public Accounts, shown separately. Similarly, expenditure also has been shown separately, and we also show our deficit so far as Revenue account is concerned and outside revenue account is concerned. It is said some times, if you argue that by that means you are utilising public account funds for ordinary purposes, I may mention that some time it happens; for instance in the year 1957 total receipt from Contingency Fund and Public Account was 10,72,524 and the expenditure made was 11,41,298. That is to say that the deposits for that year, deposits that we received for whatever receipts we got under the Public Account head were not enough to meet our expenditure; we had to meet it from other heads. Therefore there is nothing irregular in that particular transaction.

As regards the other points that have been raised, I really could not follow what Shri Subodh Banerjee wanted to say. Under Article 267(2) there has to be established a Contingency Fund. What happens to the Contingency Fund? If you read the last sentence of paragraph (2), it says, "this is for the purposes of meeting unforeseen expenditure pending authorisation of such expenditure by the Legislature of the State by law under articles 205 and 206".

Whenever we take up supplementary items the members receive notice for them and when the legislature sanction we fill those demands and we pay back and make it a perfectly complete account. A question has been raised as to why special relief fund is there. On page 214 of the Red Book you will find why this was done. It says special relief fund is being set up from the year 1959-60 with a view to meeting unforeseen expenditure on relief operations—not other type—necessitated by natural calamities. Receipts of the fund will consist of an annual appropriation of 80 lakhs as recommended by the Finance Commission from the head Famine Relief, a new item in the Budget. Therefore we do not know whether the relief operation would require this money. Therefore nothing could be shown under Expenditure head. It was suggested by the Finance Commission that in view particularly of the fact that in Bengal there has been every year some amount of natural calamity which increases the quantum of relief operations it would be better if you set apart certain portion of money from your ordinary consolidated fund and that is why it has been shown in the public account so that future emergency can be met. (Sj. Siddhartha Shankar Ray: Where is the 80 lakhs?) That is in my pocket. Sir, if you look at page 146 of this Book you will find an amount of 80 lakhs is provided under the head "Famine" transferred to special relief fund and that transfer has been made and shown in the public account. So I do not think there is any substance in my friends' argument that the budget has been prepared in a way that it cannot be discussed on the floor of this House. I await your decision on this point.

Mr. Speaker: I will give my written ruling tomorrow.

General discussion of the Budget for 1959-60

[5-40—5-50 p.m.]

Sj. Sudhir Chandra Ray Choudhuri:

মাননীয় স্পীকার মহাশয়, গত বুধবার অর্থমন্ত্রী মহাশয় তাঁর বাজেট বক্তৃতা শেষ করবার সংগে সংগে আমার সামনের বন্ধুরা ডেস্ক বাজিয়ে উঠেছিলেন। আমরা কিন্তু তাঁর বক্তৃতার মধ্যে কোন আত্মতুষ্টি বা আনন্দের হেতু খুঁজে পাই নি। আমরা দেখছি যে বহু অংকের মারপ্যাঁচ, হিসাবের কারচুপি। বহু তথ্যকতা সত্ত্বেও আমাদের দেশের ক্রমবর্ধমান আর্থিক অবনতি বেশ পরিস্ফুট হয়ে উঠেছে। তাঁর বক্তৃতার প্রতি ছত্রে ছত্রে অপদার্থ সরকারের চরম ব্যর্থতাই প্রকট হয়ে উঠেছে। আমার বন্ধুদের দুঃখিত হওয়া উচিত ছিল। শুধু দুঃখিত নয় লজ্জিত হওয়া উচিত ছিল। এবারও তাঁর বাজেটে আগের মত সেই পুরাতন কাহিনীর পুনরাবৃত্তি, সেই ঘাটতি, সেই লোকসান, সেই ঋণ। ৪৮ লক্ষ টাকা বাড়তি হয়েছে এই কথা বলা হয়েছে। এটা অলীক এবং অসত্য। আসলে ৩ কোটি ৬২ লক্ষ টাকা ঘাটতি হচ্ছে। সেই ঘাটতিটা মূলধনের খাতে বাড়তি দেখিয়ে, সেখানে খরচ না করে এই ৪৮ লক্ষ টাকা বাড়তি দেখান হয়েছে। ব্যবসা-গুলিতে সমানে অপব্যয় চলছে। এখনও সেই স্টেট ট্রান্সপোর্টএ লোকসান, গভীর জলে মাছ ধরায় লোকসান। মাঝে শুনলাম এক টাকা সেরে আমাদের মাছ খাওয়াবেন সরকার। মাছ খাওয়া ত দূরের কথা, সে মাছ কেউই আমরা দেখলামও না। ইট করছেন তাতে লোকসান। এই হিসাবের মধ্যে যতটা লোকসান দেখান হয়েছে তার চেয়েও বেশী লোকসান হচ্ছে এবং তা বলতে গেলে অনেক সময়ের প্রয়োজন। চতুর্দিক থেকে ঋণ নিচ্ছেন। গত বৎসর বাজার থেকে ৫ কোটি টাকা ঋণ নিয়েছেন। আসছে বৎসর ৭ কোটি টাকার প্রভিসান করেছেন। কেন্দ্রীয় সরকারের কাছ থেকে বৎসরে বৎসরে যে দেনা করছেন তার অবধি নেই। দেনার দায়ে আমাদের রাজ্যকে দেউলিয়া রাজ্য বলা যেতে পারে। এক কথায় বলা যায় যে দেনার দায়ে বিক্রি করা বাকী আছে এই মন্ত্রী মহাশয়দের আনুকূল্যে। সরকারের কাজের ব্যর্থতার কোন কথাই নেই। এবারকার বাজেটে হরিণঘাটার কথা কিছু বলেছেন, কিন্তু তাঁর মানসী কন্যা কল্যাণীর কথা কিছু বলেন নি। হরিণঘাটা কিভাবে চলছে তার একটা কথা আমি মেম্বারদের অনুরোধ করছি, তাঁরা গিয়ে দেখে আসতে পারেন, আমাদের বাড়ীর রাস্তায় পড়ে। সেখানে দেখবেন হাজিসিবাগান বলে একটা

জায়গায় প্রকাণ্ড গুদাম আছে। সেই গুদামে ঠিক সিমেন্টের কাগজের বস্তার মত বস্তায় আমেরিকার গুঁড়া দুধ বোঝাই করা আছে। সেই রাস্তায় সকালে দেখবেন যে তখন হাঁটা যায় না, হরিণঘাটার গাড়ী দাঁড়িয়ে থাকে ৮।১০টা করে। সেই গুঁড়া দুধ নিয়ে গিয়ে হরিণঘাটায় তাতে জল মিশিয়ে সেই দুধ দেশের লোকদের দেওয়া হয়।

এই হচ্ছে হরিণঘাটার পরিচয়। আর কল্যাণীতে আকণ্ঠ ব্যর্থতা ঢাকবার সরকারের কি প্রচেষ্টা: সেখানে এখন স্পিনিং মিল হচ্ছে। দেড় কোটি টাকা খরচ করবেন। ইউনিভার্সিটি হবে, ইউনিভার্সিটি হবার জন্যই কি করা হয়েছে প্রথম থেকে এই পরিকল্পনা? তা শুধু নয়, কল্যাণীতে ইন্ডাস্ট্রিয়াল স্টেট করবার কথা বাজেটে আছে, তার জন্য বহু টাকা নানাভাবে ধরা হয়েছে। একটা ফার্ম ল্যান্ড করা হয়েছে, কেন না হরিণঘাটায় যে রিসার্চ কলেজ করা হচ্ছে তার ফার্ম ল্যান্ড হবে কল্যাণীতে। যথাসর্বস্ব নিয়ে ঢাললেন, ১০ কোটি টাকার মত। আরও যে কত টাকা যাবে তার ঠিক নাই। এ থেকে নিরস্ত করবার জন্য আপনারা যত্নবান হোন।

টাকা সব আমাদের সরকার খরচ করছেন না। ১৯৫৭-৫৮ সালের সংশোধিত বাজেটের সঙ্গে এবারকার বাজেটের খরচ যদি মিলিয়ে দেখেন তাহলে দেখা যাবে জনস্বাস্থ্য, কৃষি-সেচ, শিক্ষা খাতে খরচ হয় নি ২½ কোটি টাকা। এ টাকা খরচ করতে পারলেন না আমাদের সরকার। এর মধ্যে জলের কথা ছিল, টিউব-ওয়েলের কথা ছিল আরও নানা খরচ ছিল জনকল্যাণকর অনেক কাজে। কিন্তু ২½ কোটি টাকা খরচ করতে পারলেন না বছরের মধ্যে। বড়াই করেছেন আমাদের অর্থমন্ত্রী নতুন ট্যাক্স বসাই নি। বলি ট্যাক্স বসাবেন কোথায়? পাঠ্য-পুস্তকে ট্যাক্স বসিয়েছেন, ফলে বসিয়েছেন, ফুলেও ট্যাক্স বসিয়েছেন, আর কোথায় বসাবেন? শুধু বড়াই করলেই তো হবে না? এবার ট্যাক্স বসালে অন্ততঃ দেশের লোক তা মেনে নেবে না—তারা আন্দোলন করবে, করে শায়েস্তা করবে সরকারকে নতুন ট্যাক্স চাপান'র বিরুদ্ধে—তা না হলে এঁরা থামবেন না। সামান্য পাঠ্যপুস্তকের সেলস ট্যাক্স! অন্য রাজ্যে উঠে গিয়েছে কিন্তু আমাদের রাজ্যে আছে। গভর্নমেন্টএর কাছে কাকুতিমিনতি করেছে পূজার ফুলের উপর ট্যাক্স তুলে দিন—সেটুকুও এঁদের সামর্থ্য নাই। আজ তাঁর বড়াই থেকে স্পষ্টই ধরে ফেলা যায় যে এটা অসমর্থের আস্ফালন। যেখানে খরচ করছেন সেখানে কাজ হয় না। বিধানবাবু বললেন আমরা বড় বড় টাকা খরচ করছি আর আমাদের বন্ধুরা আনন্দবোধ করছেন। কিন্তু শুধু খরচ করলেই কাজ হয় না। খরচের বিনিময়ে কি পাওয়া গেল, জনকল্যাণকর কি কাজ হল, মানুষের অর্থসম্পত্তি বাড়ল কি না—সেটাই হচ্ছে সার্থকতার মাপকাঠি, সেদিক দিয়ে কোন উচ্চবাচ্য আমরা দেখতে পাচ্ছি না। প্রতি বছর দু'শ স-দু'শ কোটি টাকা খরচ করছেন। তার ফল কি? মানুষের কাপড় নাই, পেটে ভাত নাই, ঘরে ঘরে হাহাকারের রোল উঠিয়ে দিয়েছেন। টাকাগুলির যদি অপব্যয় হয়, টাকাগুলি নিয়ে যদি ছিনিমিনি খেলা হয় তাহলে সত্যই কি কোন ফল পাওয়া যেতে পারে? খালি টাকা খরচ করেছেন বলেই আনন্দ করা মূর্খতার পরিচয়। আমরা আশা করেছিলাম এই বাজেটে ছাপান বইতে পশ্চিমবঙ্গের কি হবে না হবে থাকবে। পশ্চিমবঙ্গের বলবার কিছু রাখেন নি। তিনি শুরু করেছেন সব ভারতীয় পরিপ্রেক্ষিতে, ইন্ডিয়ান ইন্ডাস্ট্রি নিয়ে,

Index of Industrial Production in India

নিয়ে তিনি ব্যস্ত। একটু পশ্চিমবঙ্গের কথা বলুন! ভারতের ইন্ডাস্ট্রি থেকে আপনার বিচার করবো কি করে? তাই এই যে খরচগুলি দেন তা ঠিক নয়!

[5-50—6 p.m.]

লোকসভার এক বিবরণীতে দেখছি যে, ১৯৫৭-৫৮ সালে শিল্প থেকে যে উৎপাদন তা ১৯৫৬-৫৭ সাল থেকে ১·৫ পারসেন্ট কম, মোটেই বাড়ে নি। ভারতবর্ষের পরিপ্রেক্ষিতে আলোচনার সঙ্গে আমাদের কি সম্পর্ক? ভারতবর্ষের জন্য লোকসভা আছে। সেখানে নিশ্চয়ই ভারতবর্ষের প্রোডাকশনএর কথা হচ্ছে। কিন্তু বাংলা দেশের কথা কই? বাংলাদেশে শিল্পখাতে বহু টাকা খরচ হচ্ছে, বহু লোক রাখা হচ্ছে। ডিরেক্টর ছিল, আগেকার যে কর্মচারী ছিল তারা আছে। এবারকার বাজেট থেকে দেখা যাচ্ছে একজন অ্যাডিশনাল ডিরেক্টর, ৫ জন ডেপুটি ডিরেক্টর, ৭ জন অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর, এবং প্রত্যেক ডিস্ট্রিক্টে এক একটি ডিস্ট্রিক্ট অফিসার আর তাঁর আনুষঙ্গিক সব কর্মচারী। শিল্প সম্বন্ধে এত টাকা খরচ বাড়িয়ে

চলেছেন, এত কর্মচারী রাখছেন, কিন্তু বাংলার শিল্পের কথা একটুও বাজেটে বললেন না। তার পরে বলেছেন চাএর কথা। চা বলতে গিয়ে বলেছেন

North-East India tea.

এ বলতে কি বুঝি? বাংলার চায়ের কথা বলুন। পশ্চিমবঙ্গের চা কত রপ্তানি হয় তা বললেন না, নর্থ ইস্ট ইন্ডিয়া ব'লে বাংলার সঙ্গে আসামের চা মিশিয়ে হিসাব দিয়েছেন। আসামে অনেক বেশি চা তৈরি হয়। সেখান থেকে যে চা আনা হয় তা অনেক বেশি। সুতরাং দু'টোর একসঙ্গে হিসাব দিলে বাংলার চা কত রপ্তানি হচ্ছে তা বোঝা যায় না। তার পরে অদ্ভুত কথা বলেছেন যে, দেশের আর্থিক অবস্থার উন্নতি হয়েছে। তার কারণ এই যে, শেয়ার বাজারে দর বেড়েছে। শেয়ার বাজার স্পেকুলেশনএর বাজার এবং সেটা শেয়ার মার্কেট রুল করে: সেখানে দর কখন বাড়ে কখন কমে। তার সঙ্গে দেশের অর্থনীতিক অবস্থার তুলনা করা আমার মতে একটা 'স্পেকুলেশন'।

আর একটা আশ্চর্য জিনিস হচ্ছে ১৩ কোটি টাকা এস্টিমেটে ধরা হ'ল না, ধরতে পারলেন না। যাঁরা বাজেট তৈরি করেন তাঁদের দক্ষতার প্রশংসা করতে পারি না। একথা এবারকার বাজেট স্টেটমেন্টে পাচ্ছি যে, ১৩ কোটি টাকা বেশি আদায় হয়ে গেছে—এটা আমাদের সরকারী কর্মচারীরা ধরতে পারেন নি। তার মধ্যে বড় কথা ইন্টার স্টেট সেলস ট্যাক্সএর যে আইন হয়েছে তাতে ৩ কোটি টাকা পেয়ে গেলেন, এ কারও মাথায় গেল না; তার জন্য একটা আইটেমও দিলেন না। স্টেটের সেলস্ ট্যাক্স বেশি আদায় হ'ল সেটা আন্দাজ করতে পারলেন না। তা হ'লে এস্টিমেট মানে কি? সরকারের পাওনা টাকা ছিল রিফিউজি রিহ্যাবিলিটেশন-এর জন্য—১ কোটি কয়েক লক্ষ। সে টাকা সরকার পাবেন। সে টাকা ধরলেন না, পরে বললেন সেটা পাওয়া গেছে। এটাকে ঠিক বাজেট তৈরি বলা যেতে পারে না। আসলে সত্যই যা আমরা পেতে পারি এইরকম জিনিস নিয়েই বাজেট তৈরি করা উচিত।

তারপর দুর্ভিক্ষ খাতে ২ কোটি ১০ লক্ষ টাকা ধরলেন গত বারে। আমরা জোর ক'রে বলেছি বিরোধীপক্ষের সকলের বক্তৃতায় আছে—এর চেয়ে ঢের বেশি রাখুন। শুনলেন না সে কথা। তার পরে খরচ হ'ল সাড়ে সাত কোটির উপর—৭ কোটি ৫২ লক্ষ। এই টাকা ব্যয় করলেন কোথা থেকে?

anticipated central assistance

এন্টিসিপেটেড আবার কি? পেয়ে থাকেন বলুন, না পেয়ে থাকেন বলুন। কেন্দ্রীয় সরকার দেবেন যদি ব'লে থাকেন তবে তা তো পাওয়াই হ'ল—সেটাকে আন্টিসিপেটেড বলছেন কেন? আন্টিসিপেটেড কথাটার অর্থ খুলে বলা উচিত ছিল। আন্টিসিপেটেড সেন্ট্রাল আসিস্টান্স দেখিয়ে যদি বাজেট ব্যালান্স করতে হয় তা হ'লে সেটা খুব দুঃখের কথা হয়।

এবার দুর্ভিক্ষ খাতে ৪ কোটি টাকা ধরা হয়েছে। আমার মতে এবার এর ৪ গুণ বেশি লাগবে। এবারও বাজেট ঠিক করা হ'ল না ৪ কোটি টাকা ধ'রে। কেননা আমাদের দেশে দুর্ভিক্ষ একরকম চিরস্থায়ী হয়ে দাঁড়িয়েছে। কোন প্রাকৃতিক দুর্যোগ নাই—অন্তত মুখ্য-মন্ত্রীর বাজেট বক্তৃতায় তা পেলাম না। তা সত্ত্বেও ২ কোটি ১৪ লক্ষ থেকে সাড়ে সাত কোটি হয়। আসছেবার যদি কিছু প্রাকৃতিক দুর্যোগ হয়, তা হ'লে অনেক বেশি বেড়ে যাবে। আর এই যে দুর্ভিক্ষ চিরস্থায়ী হচ্ছে এর জন্য দায়ী হচ্ছে আমাদের সরকারের দুর্নীতি, আর সরকারের অপদার্থতা। যেখানে খাদ্য থাকে সেখানে দুর্ভিক্ষ থাকে না। যখন দুর্ভিক্ষ আসে সেখান থেকে খাদ্য চ'লে যায়। খাদ্য না থাকলেই দুর্ভিক্ষ।

কিন্তু আমাদের দেশের সব ব্যাপারই অদ্ভুত। দুর্ভিক্ষ এবং খাদ্য হাত ধরাধরি ক'রে চলেছে। মন্ত্রী যিনি খাদ্যের তিনিই দুর্ভিক্ষের কারণ—এটা একটা গবেষণার বিষয়। গবেষণা ক'রে দেখা গেছে পারমিট, লাইসেন্স এবং কাঁচা পয়সা খাদ্যেও আছে দুর্ভিক্ষেও আছে। ব্যাপার যেখানে ঐ পারমিট, লাইসেন্স নিয়েই যখন কারবার তখন খাদ্য ও দুর্ভিক্ষ কিছুই বাদ যেতে পারে না। টাকা চাই, দল রাখতে হ'লে নির্বাচন চালাতে হ'লে টাকা না হ'লে চলতে পারে না। সেই টাকা ওঠে এই দুটি ডিপার্টমেন্টের মাধ্যমে। আপনারা যদি টাকা নিয়ে পারমিট দেন ওবলিগেশন নিয়ে লাইসেন্স দেন, তার উপর চোখ রাঙাবেন কি ক'রে? এই হচ্ছে কারণ।

আমি এধারের এবং ওধারের দু'দিকের বন্ধুদের বলছি—যদি অ্যান্টিকোরাপশন অ্যাক্ট কার্যকরী করতে হয় তা হ'লে প্রিভেন্টিভ ডিটেনশন অ্যাক্টে ধরা দরকার। কিন্তু খাদ্যমন্ত্রীর কোন রকম আগ্রহ এ কার্যে দেখতে পাচ্ছি না। তার কারণ কি? কাকে কি ক'রে ধরবেন? যেখানে সেখানে মাথা বিকিয়ে দিয়েছেন। তারা যে সব ফাঁস ক'রে দেবে, ব'লে দেবে, স্বনামে ও বেনামে উনি কত পারমিট, লাইসেন্স দিয়েছেন। তখন কথা ছিল এত প্রফিট থাকবে, এখন অত্যধিক প্রফিট রোধ করবার জন্য দর বেঁধে দেওয়া হয়েছে এইমাত্র। কার্যকরী করবার উপায়ও নেই, হবেও না।

কৃষি সম্বন্ধে অনেক কথা শোনান হয়েছে। কিন্তু কৃষির কোন উন্নতির সম্ভাবনা নাই। দেশে জমি তো নাই ব'লে দিয়েছেন, সার মেলে না, যেটুকু সার পাওয়া যায় তা আমাদের যা টোটাল ডিম্যান্ড তার ৬০ পারসেন্টও পাই না। তারপর সে সার বিক্রি ক'রে সরিয়ে দেওয়া হয়। বাজেট ক্যালকুলেশনএ দিয়েছেন—এত জমির রিক্লামেশন হয়েছে যেখানে কৃষিঋণ দিয়েছেন সেখানেই ধরে নিয়েছেন যে, রিক্লামেশন হয়েছে। একজন এগ্রিকালচারাল লোন পেলেন। তিনি তাঁর জমি দেখিয়ে দিলেন—সেই জমি রিক্লেমড্ ব'লে ধরা হ'ল। আমি এইরকম একটা বাস্তব ঘটনার জন্য আরামবাগের প্রতি আপনাদের দৃষ্টি আকৃষ্ট করতে চাই। সেখানে এক ভদ্রলোক—নাম করছি না—তিনি আমাদের মন্ত্রীদের খুব প্রিয় লোক। তিনি প্রথমে চাকরি করতেন

as Secretary, Credit Society.

বহু ওভারড্রাফ্ট নিয়ে ফেলেছিলেন। এগ্রিকালচারাল লোন নিয়ে ওভারড্রাফ্ট শোধ করলেন। তারপর জমি কিনলেন ৭৫০ টাকায়—নদীর ধারে বালিমাটি। যে জমি কিনলেন ৭৫০ টাকায় সেই জমিতে ৩ ইঞ্চি মাটি ফেলে ধানী করা হ'ল এবং পরে থানাওয়াইজ বীজ খামারে পরিণত করা হ'ল। গভর্নমেন্ট সেটা কিনলেন ২৭ হাজার টাকায়। আমি সেখানে আপনাদের নিয়ে যেতে চাই। আমি চ্যালেঞ্জ করছি সেখানে ৩ ইঞ্চির বেশি মাটি নাই অথচ সেখানে বীজ-খামার করছেন। সেখানে কিরকম ধান হবে এবং দেশের কৃষিসমস্যার কিরূপ সমাধান হবে তা বুঝতেই পারছেন। তারপর সে ভদ্রলোক—শুনেছি শ্রীকৃষ্ণ কদমতলায় এসে বাঁশী বাজাতেন—কিন্তু সে ভদ্রলোক সেখানে কদম্ব-ভবন খুলেছেন। আমাদের খাদ্যমন্ত্রী সেখানে গিয়ে ওঠেন।

[6—6-10 p.m.]

তাঁর বাড়ির পাশের বাড়ি সেটা সবাই জানেন। আমাদের খাদ্যমন্ত্রী যখন তখন সেখানে গিয়ে ওঠেন। এ ছাড়া আমাদের পূর্তমন্ত্রী ও মুখ্যমন্ত্রীও সেখানে গেছেন। একবার পূর্তমন্ত্রী গেলেন—আমার নিজের খবর হচ্ছে পূর্তমন্ত্রী যাবার পর তাঁর বাড়িটা রাস্তার অ্যালাইনমেন্টে পড়েছিল সেটা অ্যাকোয়ার করলেন ল্যান্ড অ্যাকুইজিশন। ওখানকার যিনি ওভারশীয়ার তিনি পূর্তমন্ত্রীকে দেখে এত খাতির আরম্ভ করলেন যে, ১০ গুণ কম্পেনসেশন ক'রে দিলেন নোটিফিকেশন ক'রে। তিনি নিজে সেই সম্পত্তি ডেকে নিলেন এবং সেই স্ট্রাকচার ভেঙ্গে অন্য জায়গায় বাড়ি করলেন। এর পর আবার ১০ গুণ কম্পেনসেশন পেলেন। এই ভদ্রলোক নানারকম কাজ করেন। পল্লীশ্রী লিমিটেড সহায়ক লিমিটেড আছে এবং বরাবর তিনি হ্যান্ডলিং এজেন্ট না হয় ট্রান্সপোর্ট এজেন্ট হন। এখন শ ওয়ালেসকে দাঁড় করিয়ে চীফ ডিস্ট্রিবিউশনএর ব্যাপারে উনি হচ্ছেন চীফ ডিস্ট্রিবিউটর। আবার গভর্নমেন্ট ২১ লক্ষ টন যে চাল উড়িষ্যা থেকে আনছেন সেটা তাঁকে দিয়েই নেওয়া হচ্ছে। এইরকম যোগাযোগ থাকলে চাষ কি ক'রে হবে, আর মানুষে সাব পাবে কি ক'রে? এরকম একটা নয় আমাকে যদি সময় দেওয়া হয় তা হ'লে আমি এ দুই কর্তা—একজনের ২০টা এবং আর একজনের ৩০টার কথা বলতে পারি। পণ্ডিত নেহরু এক জন মাথাই নিয়ে বিপর্যস্ত কিন্তু ওঁদের কত মাথাই আছে কে জানে। কৃষির ব্যাপারে কৃষিমন্ত্রী যা করেন সেটা ববং সহ্য হয়। কিন্তু আমাদের মুখ্য-মন্ত্রী কৃষিতত্ত্ব শিখতে আমেরিকায় চলে যান এবং সঙ্গে যান এডুকেশন সেক্রেটারি ডি এম সেন। তিনি ইউরোপ, আমেরিকায় নিজের কাজে গিয়েছিলেন। এইরকমভাবে তিনি একবার জাপানে গিয়েছিলেন। জাপানে যাবার আগে এইসব কর্মচারীরা ব'সে থাকে কি ক'রে? তাঁর ফাইন্যান্স সেক্রেটারী কি করবে? উনি যখন জাপানে যান তখন কটেজ ইন্ডাস্ট্রিজ মিনিস্টার ছিলেন শ্রীযাদব পাঁজা। কিন্তু হঠাৎ খবরের কাগজে বেরুল যে, ডাঃ বিধানচন্দ্র রায় জাপানে

যাচ্ছেন কটেজ ইন্ডাস্ট্রির ব্যাপারে। আমরা জানি তিনি এখান থেকে আত্মীয়-স্বজন নিয়ে সেখানে কুটুম্বের বাড়িতে বেড়াতে গেলেন। অর্থাৎ যি আর সেদের পরিবারবর্গ তখন জাপানে ছিলেন এই যাত্রার খরচ দিলেন সরকার এবং তা ক'রে দিলেন ফাইন্যান্স সেক্রেটারি। এবং উনি যখন চান তখন ফাইন্যান্স সেক্রেটারীকে সেটা দিতে হয় এবং সেজন্য ফাইন্যান্স সেক্রেটারী স্ট্রাগল করার পর তাঁকে পি এস সি-র চেয়ারম্যান ক'রে বসিয়ে দিতে হয়। তিনি যে আমেরিকায় জাপানে গিয়েছিলেন তার জন্য কত খরচ হ'ল সেটা আমরা জানতে চাই। আমাদের টাকা নিয়ে বেড়াতে যাবেন অথচ ভাঁওতা দিয়ে যাবেন এটা ঠিক নয়। কৃষিমন্ত্রী সেখানে ইঁজীল খেতে পারতেন। এতদিন জাপানী প্রথায় চাষ হচ্ছিল এবার কি আমেরিকান প্রথায় চাষ চলবে? যাই হোক একটা হচ্ছে—আমি তাঁর কাছ থেকে বিশেষ ক'রে জানতে চাই যে, এই যে স্পিনিং মিল হচ্ছে কল্যাণীতে তার জন্য আমেরিকায় কলকব্জার অর্ডার দেওয়া হয়েছে—কাজেটে আছে। সেই কলকব্জার অর্ডার তিনি আমেরিকায় দিয়ে এসেছেন কিনা সে সম্পর্কে আমরা তাঁর কাছ থেকে একটা ক্যাটিগোরিকাল আন্সার চাই। টাকা নিয়ে কিভাবে নয়-ছয় হচ্ছে তার খবর প্রতিদিন আমাদের কাছে আসে। অপ্রিয় কথা সব সময় বলতে আমার কষ্ট হয় কিন্তু না ব'লেও উপায় নেই। একটা কথা এই অ্যাসেম্বলিতে উঠেছে—প্রথমে বলেছিলেন যাভার ন্যাশনাল সুগার মিলসএর ব্যাপারে ১০ লক্ষ টাকা খরচ হয়েছে, তাঁর স্পীচে লেখা আছে বাজেটেড আছে ১০ লক্ষ টাকা। আমাদের বন্ধু মিহিরলাল চ্যাটার্জি সেদিন একথা তুলেছিলেন যে, এটাতো প্রায় বন্ধ হয়ে গেছে, লোকজন ছাঁটাই হচ্ছে, তিনি হ্যান্ডবিল দিয়েছেন, হ্যান্ডবিল নিয়ে স্পীকার সাহেবের কাছে দিয়েছিলেন.....

Mr. Speaker:

ছাঁটাইএর কোন হ্যান্ডবিল তো উনি আমাকে দেন নি, ও'র একটু ভুল হয়েছিল—আই ড্রু হিজ অ্যাটেনশন অ্যান্ড হি কারেক্টেড ইট।

Shri Sudhir Chandra Ray Choudhuri:

আই স্ট্যান্ড কারেক্টেড। প্রথমে ২১ লক্ষ টাকা নেওয়া হ'ল—সেন্ট্রাল রিহ্যাবিলিটেশনে ওয়ান ব'লে সেটা নেওয়া হ'ল ২৬এ সেপ্টেম্বর ১৯৫৭ সালে, মর্টগেজ হ'ল ঠিক সেই দিন অর্থাৎ ২৬এ সেপ্টেম্বর। আমি সব সার্চ ক'রে এসেছি রেজিস্ট্রার, জয়েন্ট স্টক কোম্পানির অফিসে গিয়ে কেউ চ্যালেঞ্জ করতে পারবে না। ২৭এ তারিখে তার পরের দিন সেকেন্ড মর্টগেজ হ'ল ২৫ লক্ষ ৭৫ হাজার টাকার, তার মধ্যে ১০ লক্ষ টাকা ক্যাশ দিয়েছেন গভর্নমেন্ট আর ১৫ লক্ষ ৭৫ হাজার টাকা গ্যারান্টির জন্য দিয়েছেন। এ ছাড়া সেই জেলের পাশে সরকারের জমি আছে, সেই জমিতে গভর্নমেন্ট বাড়ি ক'রে দেবেন জেলের কর্মচারীরা থাকবে তার জন্য আরও ৬ লক্ষ টাকা। মর্টগেজ হয়েছে কি জানেন—ফিক্সড অ্যাসেট, স্টক ইন ট্রেড নয়, আনকল্ড ক্যাপিটাল নয়। কাউকে ধরা যাবে না। লিমিটেড লায়াবিলিটি কোম্পানী, ধরবেন কাকে? আনকল্ড ক্যাপিটাল যদি কিছু থাকে তাও ধরতে পারবেন না, সেটা মর্টগেজ করা নয়। এই টাকা কাকে রিহ্যাবিলিটেট করার জন্য এল? তাঁরা হচ্ছেন দুজন লোক—একজন হচ্ছেন আমাদের স্পীকার মহোদয় আর একজন হচ্ছেন কংগ্রেস পার্লামেন্টারি পার্টির সেক্রেটারী কবিরাজ বিমলানন্দ তর্কতীর্থ। এঁদের নিজেদের যথেষ্ট অর্থ ছিল, দুজনেই ধনী লোক। এঁরা কেন গ্যারান্টি করলেন না, কেন সরকার গিয়ে একটা পাবলিক লিমিটেড কোম্পানিকে টাকা ফাইন্যান্স করলেন, সরকার কেন ১৫ লক্ষ ৭৫ হাজার টাকার গ্যারান্টি করলেন—এর কোন সদুত্তর দিতে পারেন? এর একমাত্র কারণ হচ্ছে এই দুজন লোক সেখানে ছিলেন ব'লে। তাঁদের সুপারিশেই হোক বা চেষ্টায় হোক, খালি বাংলা গভর্নমেন্ট নয়, সেন্ট্রাল গভর্নমেন্ট পর্যন্ত এই ৫৬ লক্ষ টাকা বরাদ্দ ক'রে দিয়েছেন। তিনি আইনের কথা বলতে পারেন, আইন বাদ দিয়ে দিন—ন্যায় ব'লে, ধর্ম ব'লে একটা জিনিস আছে তো।

[6-10—6-20 p.m.]

ন্যায়ত, ধর্মত ও আইনত তাঁরা দুজনেই এই সভার সভ্য হবার অযোগ্য। যদি স্পীকার মহাশয় বলেন, কালকে আমি ছেড়ে দেব ডাইরেক্টরি—তা তিনি ছাড়তে পারেন না, তিনি ছাড়তে পারেন স্পীকারী, তাঁদের ছাড়তে হয় এই সভার সভ্যপদ। এই যে সরকারী টাকা, এই যে ৫৭ লক্ষ টাকা সেখানে চ'লে গিয়েছে সেই টাকা যাতে আবার ফিরে আসে

তার জন্য তাঁদের সব কাজ ছেড়ে—তাঁরা যদি মানুষ হন, তাঁদের যদি চরিত্র থাকে, সমস্ত কাজ ছেড়ে দিয়ে তাঁরা এখনি উঠে-পড়ে লাগবেন সেই টাকা যাতে উদ্ধার হয় এবং তার ব্যবস্থা করবেন। এই টাকা দিলেন যাঁকে আপনারা তাঁর কি একটু খবর নিলেন? কোন লোকের কাছে কি আপনারা খবর নিয়েছিলেন এ'র সমস্ত ইতিহাস জানবার জন্য? সমস্ত মেসিনারি পড়ে আছে—মেসিনারি আনতে পারছেন না। তারপর আরও দেখুন প্রোডাকশন অ্যান্ড অ্যাডভার্টাইজমেন্ট, সেটা বাংলাদেশে ছাপছেন না, সেটা ছাপছেন ত্রিচিনাপল্লীতে। মাদ্রাস এবং তাঞ্জোরএ এর ইউনিট আছে। আমার এক বন্ধু তাঞ্জোর থেকে আমাকে লিখেছিলেন, তোমাদের ওখানকার স্পীকার এই কোম্পানি করেছে, এই কোম্পানির কথা আমাকে লিখতে পার? সেই চিঠি আমার কাছে আছে। বোর্ড অব ডাইরেক্টরসএ আছেন,

Sj. S. Banerji, Bar-at-Law, M.L.A., Speaker, State Legislative Assembly, West Bengal

আর শ্রীবিমলানন্দ তর্কতীর্থ,

General Secretary, West Bengal Congress Assembly Party, Calcutta,

দেখুন, শেয়ারএর টাকা কি ক'রে অ্যাসেম্বলি স্পীকার এবং পার্টি সেক্রেটারির নাম ক'রে নেওয়া হচ্ছে, টাকা তোলা হচ্ছে। আমি তাঁকে বললাম, আমি অনেক চেষ্টা করলাম, কিন্তু খোঁজ পেলাম না কোথাও। কিন্তু তিনি যখন সেখান থেকে আমাকে পাঠিয়ে দিলেন, আমি তাতে দেখলাম, এগুলি প্রিন্টেড হচ্ছে ত্রিচিনাপল্লীতে। কোথায়?

Trichinopoly United Printers

সেখান থেকে ছাপা হচ্ছে। এভাবে যদি সরকারী টাকার তছরূপ হয়, এভাবে যদি বরবাদ হয়ে থাকে, একটাও আপনারা ধরতে পারছেন? এইভাবে যদি টাকা নষ্ট হয় তা হ'লে এখানে টেবিল বাজিয়ে কেন নিজেদের অপমানিত করেন বুঝতে পারি না। তারপর, বলা হয়েছে,

28 lacs for installation of power looms

কাকে এই ২৮ লক্ষ টাকা দিচ্ছেন এই পাওয়ার লুম করবার জন্য তার কোন ইতিবৃত্ত এই বাজেটে খুঁজে পাচ্ছি না। ফাইনান্স কর্পোরেশন কেন আছে? টাকা যদি ধার দিতে হয় —এই স্টেটএর টাকা আছে, সেন্টারএর টাকা আছে যদি টাকা ধার দিতে হয় ফাইনান্স কর্পোরেশন কেন আছে? টাকা যদি ধার দিতে হয় এই স্টেটএর টাকা আছে, সেন্টারএর টাকা আছে যদি টাকা ধার দিতে হয় ফাইনান্স কর্পোরেশনএর মাধ্যমে কেন হবে না? সরকার টাকা ধার দিয়েছেন ইলেকট্রিসিটি বোর্ডকে। তার আপনারা খবর রাখেন? আইটেমে কেন দেওয়া হয়—তারা কি রিপে করে? তা হ'লে ডেভেলপমেন্ট কর্পোরেশন কেন? কোন রাস্তা নাই, রাস্তায় আলো নাই, এভাবে লোন অ্যাকাউন্টএ টাকা চলে যাচ্ছে—এতেই দেশের এত দুর্গতি, দেশে এত বেকারী। আপনাদের প্ল্যানিং টানিং এসব বাজে কথা। তারপর, আপনারা লোকসংখ্যাবৃদ্ধির কথা বলেন, নানারকম সেন্সাসএর কথা বলেন, আজকাল তো দেখছি, আমাদের দেশে বুড়ো বুড়ো ছেলেমেয়েরাও বিবাহ করতে চায় না। ২৫-৩৬-৩৭-৪০ বৎসর বয়সের আগে আজকাল কেউ বিবাহ করতে চায় না। এখন আবার চাকরি-করা মেয়ে চায়। আমাদের সময়ে এটা কল্পনাতীত ছিল। আমি তো, মশাই, ২০ বৎসর বয়সে বিবাহ করেছি। তাই বিধানবাবু বলেন, ইট ইজ এ প্যারাডক্স, কিন্তু এই প্যারাডক্সএর কোন সমাধান হ'ল না।

[At this stage the red light was lit.]

Mr. Speaker: I am very sorry, I cannot allow any more time.

Sj. Sudhir Chandra Roy Choudhuri: One minute please,

আমি আমাদের ফ্রেন্ডস অপোজিটকে আরেকটা কথা বলব। এই যে পরিস্থিতি হয়েছে, এই যে ঘটনা ঘটছে, তাঁরা শব্দও করতে পারেন না। তাই আমি তাঁদের বলব, আপনাদের শক্ত না হ'লে হবে না। আপনারা একজন লোককে কর্ণধার মনে করেছেন এবং সেই লোকটি মনে করেছেন তিনিই সব, যার জন্য দিনের পর দিন আমরা নিঃশেষ হ'তে যাচ্ছি। আজকে কর্মচারীদের প্রভু ক'রে দিয়েছেন, আর মন্ত্রীরা যাঁরা জনগণের প্রতিনিধি তাঁরা তাঁদের আজ্ঞাবহ দাস হয়ে বসেছেন। আপনাদের কোন ক্ষমতা আছে? না, অফিসাররা যা বলছেন, যা করছেন, যা রিপোর্ট দিচ্ছেন তাই আপনারা করেন। একটা কথা হচ্ছে কি,

when permanent civil service gets the better of political democracy that democracy is made ineffective.

Mr. Speaker: Mr. Mukherjee, you will now speak.

[Sj. Bankim Mukherjee rose to speak.]

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: When permanent civil service.....

[Noise and interruptions.]

Mr. Speaker: Mr. Ray, you should not direct Mr. Mukherjee in that way.

Sj. Siddhartha Shankar Ray: Sir, I have not done anything. You should not insinuate.

Mr. Speaker: Please sit down. Mr. Ray Chaudhuri, your time is up.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: One minute please.

Mr. Speaker: I am sorry. Time has been allotted by your party.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: When permanent civil service gets the better of political democracy, that democracy is made ineffective...

Mr. Speaker: Order, order, Mr. Mukherjee, will you now speak?

Sj. Jyoti Basu: Mr. Speaker, Sir, I do not know whether you have heard while you were engaged in a talk with some Ministers a very serious allegation has been made against you.

Mr. Speaker: It is all wrong, all false.

Sj. Jyoti Basu: Sj Ray Chaudhuri has referred to a prospectus.

Mr. Speaker: I am not responsible for the prospectus. I have not signed the prospectus. I became director long before I was the Speaker.

Sj. Jyoti Basu: That is not the point. My point is that after a serious allegation has been made against you, you are continuing as Speaker to be the Director of a Company in which the Government is interested to the extent of ten lakhs of rupees. It seems to me that the legal position is that you cannot remain an M.L.A. even, not to speak of Speaker. As the tradition goes of all Speakers in the world, I thing it is enjoined upon you to vacate the seat. Let the Deputy Speaker sit there and conduct the business.

Mr. Speaker: As I have said it is all wrong

[6-20—6-30 p.m.]

Sj. Jyoti Basu:
May be we are all wrong but until the whole matter is cleared, until we get a proper statement from you with regard to that allegation, I think it enjoins upon you as an honourable man, as an honourable Speaker to vacate the Chair and the Deputy Speaker should occupy the Chair.

Mr. Speaker: I am not going to vacate the Chair.

Sj. Jyoti Basu: Are you a Director or not?

Mr. Speaker: Mr. Basu, you put that question on the last occasion and I volunteered to say that I was a Director.

Sj. Jyoti Basu: Then a very painful duty is being put upon us to move a vote of censure against you.

Mr. Speaker: Yes, you can do that.

Sj. Deben Sen:

কিন্তু আপনি একটা স্টেটমেন্ট দিন, ডাইরেক্টর আছেন কিনা। মেজরিটির ভয় দেখিয়ে কি কনস্টিটিউশনকে চুরমার ক'রে দেবেন? আশ্চর্য ব্যাপার! তা হ'লে আমরা এখানে থাকব কি ক'রে? আপনার পজিশন ক্লারিফাই করুন। আমরা জানতে চাই আপনি ডাইরেক্টর কিনা এবং ডাইরেক্টর যদি হন তা হ'লে স্পীকার থাকতে পারেন কি ক'রে? আপনি যদি কোশ্চেন অ্যাডমেড করেন—কি ক'রে চলবে? তাই বলছি আপনি চেয়ার ছেড়ে দিন, ডেপুটি স্পীকার ওখানে বসুন, আপনি উত্তর দিন আমরা শুনি।

Mr. Speaker: I am not going to vacate the Chair. If there is legal bar to my continuing as Speaker by reason of my Directorship.....

[Noise and interruption]

Sj. Hemanta Kumar Basu:

এটা ব্যক্তিগত ব্যাপার নয়। সমস্ত হাউসের মর্যাদা এতে ক্ষুন্ন হয়েছে। সুতরাং এ বিষয়ে আপনার পোজিশন পরিষ্কার করা দরকার, যতক্ষণ তা নয় ততক্ষণ জ্যোতিবাবু যা বলেছেন আপনি চেয়ার ছেড়ে দিন, ডেপুটি স্পীকার ওখানে বসুন। আপনার পোজিশনের মর্যাদা অ্যাবিউজ করা উচিত নয়।

Sj. Jatindra Chandra Chakravarty:

এটা আপনার ব্যক্তিগত ব্যাপার নয় এটা চেয়ারের প্রশ্ন। এখানে যে প্রস্তাব করা হয়েছে তা যদি না মানেন তা হ'লে বাধ্য হব আপনার এগেনস্টএ মোশন আনতে। সেটা কি ভাল হবে?

Mr. Speaker:

বেশ তো আনুন না।

Mr. Bankim Mukherjee will speak now.

Sj. Siddhartha Shankar Ray: Sir, I do not want to introduce acrimony over this. As I understand the Constitution and the Representation of the Peoples Act, a member of the House cannot be a Director of a Company in which the Government has an interest. Furthermore, when I was Judicial Minister I tried to find out if there was anything against me preventing me from practising at the Calcutta High Court. There was nothing against me but convention demanded that I should not do so. No Minister here will become a Director of a company, I am sure. Therefore, Sir, a point has arisen whether you can continue as a member of the House and the point, under the rules, can only be decided by the Speaker. Sir, the first principle of natural justice is that a man cannot be judge of his own case and as such, since we are going to debate this question as to whether under the law you can continue as a member of the House, natural justice demands that the Deputy Speaker should take the Chair.

Mr. Speaker: You table a motion. The moment that matter is debated I will not be in the Chair. The Deputy Speaker will be in the Chair. That point is not before the House today and therefore, I am not going to vacate the Chair.

Sj. Siddhartha Shankar Ray: You say that you are a Director.

Mr. Speaker: The other day when Sj. Mihirlal Chatterjee was mentioning—he did not even mention that I was a Director—Mr. Jyoti Basu said something to which I told him myself—Sj. Mihirlal Chatterjee said that Government has made a gift. I said "not a gift. It is a loan". I am a Director.

I am not the Managing Director, and I have not drawn a single farthing either as remuneration or commission or on any other account. So, what consideration can be there? Not a rupee has been drawn.

Sj. Sudhir Chandra Roy Choudhuri:

স্যার, ১০০ টাকা করে সেখানে ডাইরেকটারের ফি সেটা তো পেয়ে থাকেন,

[Noise and interruption]

Sj. Sudhir Chandra Roy Choudhuri: Did you attend meetings of the Board of Directors?

Mr. Speaker: I have already said.....

[Noise and interruption]

.....no remuneration has been paid. Not a single Director has drawn even a rupee. I would welcome a motion to be tabled in this House to judge my character and the day it is done I will not be sitting on this Chair; the Deputy Speaker will be sitting. I will reply then at the bar of the House.

Sj. Jyoti Basu: According to the rules, on such a day you cannot be sitting there; but the point is that honour and tradition demand that you should vacate the seat until and unless this point is cleared up.

Mr. Speaker: Because some member chooses to make a wild allegation, I cannot oblige him. Sj. Bankim Mukherjee may please speak now.

[Sj. Bankim Mukherjee rose to speak]

Sj. Jyoti Basu: Mr. Speaker, Sir, may I request you in these circumstances, to adjourn the House because we have to consider this motion against you. It is a very unfortunate duty enjoined upon us The House may now be adjourned so that the debate continues tomorrow in a calmer atmosphere

[Cries of 'No' 'No' from Congress Benches.]

You can well understand the condition of our mind. At least not since I remember has such an allegation been made against a Speaker and debate continuing. At least, I do not remember any such thing to have happened. Therefore, I am requesting you, for the honour and prestige of the House, that you adjourn the House today, there is only one hour left. If necessary, we shall meet at 2.30 tomorrow and resume the debate. In the meantime, we should sit and clarify our minds and take a decision, because it is not likely that we would want to bring any censure motion against the Speaker if we can avoid it, because we know it is the last thing which even the Opposition should consider. Therefore, please give us time, and please adjourn the House. The other alternative is that the Congress members may continue, if they so like, with the discussion since they are all shouting. My point is in that case we shall not speak today; let the Congress continue; we shall speak tomorrow, because that arrangement cant be made as between us.

Mr. Speaker: I shall try to carry out the wishes of the Opposition to the best of my ability. A list was given by your party and I accepted it. Some time was lost today because of the point of order on budget. That has been discussed. Later on Mr. Ghose came and changed the list. He suggested Sj. Bankim Mukherjee and Sj. Hemanta Basu will speak today. Now you want to change it again. Sj. Bankim Mukherjee will speak now.

Sj. Jyoti Basu: Sj. Bankim Mukherjee is unable to speak today..... (Some honourable members of the Government Benches: He rose to speak)..He did not start but only got up.

6-30—6-40 p.m.]

Mr. Speaker: I have given my decision.

Sj. Jyoti Basu: He will speak tomorrow.

Mr. Speaker: I may tell you that there are some Congress members who will speak today and I will call upon one of them to speak now.

Sj. Jyoti Basu: We would like to adjourn the debate today and as you have not listened to our arguments we have no other alternative but to walk out of the House today in protest against your attitude. We shall speak tomorrow.

(At this stage the Opposition staged a walk out.)

Sj. Bankim Mukherji:

আমিও ঠিক এই কথাই বলতে চাচ্ছিলাম যে, এই রকম তিক্ত আবহাওয়া আমার পক্ষে বাজেট আলোচনা করা সম্ভব নয়।

Sj. Shyama Das Bhattacharjee: On a point of information, Sir, ...

Sj. Haridas Dey:

স্যার, আজকে যাঁরা বললেন না কালকে কি তাঁরা বলতে পারবেন?

Mr. Speaker:

আপনাকে সে কথার জবাব দেব না।

Sj. Syamapada Bhattacharyya:

মাননীয়, স্পীকার মহাশয়, আজকে এইরকম হঠাৎ আবহাওয়ার পরিবর্তন হওয়ায় বলা মুশকিল হচ্ছে। আমরা ভেবেছিলাম যে ওঁদের কাছ থেকে প্রথমে অনেক কথা শুনতে পাবো এবং তারপর আমরা তার জবাব দিতে পারব। কিন্তু এখন বলার অসুবিধা হচ্ছে, জবাব কি দেবো বুঝতে পারছি না। যাই হোক, আজকে বাজেট বক্তৃতায় আমরা দেখছি যে, যে বাজেট আমাদের সামনে উপস্থিত করা হয়েছে, তাতে যদিও ওঁরা বলেছেন যে এটা ভাঁওতামাত্র, তবুও এতে কোন নতুন করভার আমাদের উপর চাপান হয় নি। এটা মুখ্যমন্ত্রী মহাশয় আশ্বাস দিয়েছেন এবং মুখ্যমন্ত্রী মহাশয় পূর্বেও এই কথা আমাদের জানিয়েছেন যে বাংলাদেশে আর করভার বৃদ্ধি করা সুবিধা হচ্ছে না।

এই আশ্বাস তিনি এবারও বজায় রেখেছেন, এটাই হচ্ছে আমাদের পক্ষে সুখের বিষয়। আমরাও এতে অনেকটা স্বস্তির নিঃশ্বাস ফেলেছি। বর্তমান বছরে দেখা যায় গভর্নমেন্টের আয় আর এক দিক থেকে বেড়েছে। তার কারণ হচ্ছে বিক্রয় কর খাতে আদায় বেড়েছে, ঘাটতির পরিমাণ তাই কমে গিয়েছে, এটা প্রথম থেকে দেখা গিয়েছে যে বিক্রয় করের ফাঁক যদি চারিদিক থেকে বন্ধ করা যায় তাহলে গভর্নমেন্টএর আয় বাড়বে। গোড়ায় যেসব কথা বলা হয়েছিল গোড়ায়, (সোর্স)এ আদায় করলে ভাল হয়—সেটা ভালভাবে করলে আয় আরও বেশি হবে এবং সেটা অনেকটা করা হয়েছে বলেই সুবিধা হয়েছে। তা ছাড়া আমাদের আয় আরও বৃদ্ধি পেতে পারত, আমার মনে হয়, যদি আমরা ইনকাম ট্যাক্স একসাইজ ডিউটি ভারত গভর্নমেন্টের কাছ থেকে হারাহারিমতে পেতে পারতাম, আমাদের ন্যায্য প্রাপ্য যদি পেতাম। এই যে বণ্টন কি নীতিতে হয় সেটা এখন পর্যন্ত বুঝে উঠতে পচ্ছি না। এর পূর্বে মুখ্যমন্ত্রী মহাশয়ও খানিকটা আক্ষেপ করেছিলেন যে আমাদের আরও পাওয়া উচিত ছিল, কিন্তু পাই নি। কিন্তু এবার কি হল? সে চেষ্টার ফলে সত্যই কিছু সুবিধা হয়েছে কিনা এখন পর্যন্ত বুঝতে পারি না। বিক্রয় কর সম্বন্ধে আমার একটা কথা বলবার আছে, সেটা হচ্ছে, বইয়ের উপর

ট্যাক্স। এটা নিয়ে আন্দোলন চলছে। বাস্তবিক পক্ষে বইয়ের উপর ট্যাক্স হওয়াতে যারা শিক্ষা-ক্ষেত্রে আছেন, শিক্ষিত বাঙ্গালী, সবার পক্ষেই বাস্তবিক অসুবিধা হচ্ছে, এটা যদি বিবেচনা করে দেখেন তাহলে ভাল হয়। আর একটা উপায়ে সরকারের আয় বৃদ্ধি হতে পারে, সেটা হচ্ছে ব্যয় সংকোচ। এ সম্বন্ধে যদি কোন অনুসন্ধান কমিটি, বা তদন্ত কমিটি করা যায় কিভাবে এই অপব্যয় নিবারণ করা যায়, যদি একটা উপায় বার করা যায়, তাহলে ভাল হবে। এতে অনেকখানি ব্যয় সংকোচ হতে পারবে এবং অপব্যয়ও নিবারিত হবে। সেজন্য মুখ্যমন্ত্রীর নিকট আবেদন করছি তিনি একটা ব্যয়সংকোচ কমিটি স্থাপন করুন। যা দেখতে পাচ্ছি তাতে সমগ্র বাজেটকে দুভাগে ভাগ করা যেতে পারে—একটা হল সাধারণ বাজেট যা চলতি খরচ এবং চলতি আয় নিয়ে করা হয় আর একটি হচ্ছে—বাজেটের সামগ্রিক উন্নয়ন পরিকল্পনা, উন্নয়ন সম্বন্ধে যা করা হয়েছে। এখন যা দেখছি তাতে ব্যয় অনেকক্ষেত্রে বেড়েছে কিন্তু বাস্তবিকপক্ষে সাধারণভাবে যে বাজেট হয়েছে শাসনকার্য চালাবার জন্য, তাতে ব্যয়ের পরিমাণ কিছু বেশি বাড়ে নি।

[6-40—6-50 p.m.]

আমার একটা কথা বলবার আছে, সেটা হচ্ছে পুলিস সম্বন্ধে, পুলিস সম্বন্ধে অন্য কিছু নয়, খালি পুলিসের ব্যবস্থা যে আরও ভাল করার প্রয়োজন আছে সেই কথাটা বলব। বর্তমানে আমাদের পক্ষে প্রয়োজন হয়ে পড়েছে পুলিসের আরও ভালভাবে কাজ করার এবং সেইদিকে লক্ষ্য রেখে পুলিসের সংখ্যা যদি আরও বাড়ানোর দরকার হয়—বাড়াতে হবে। কারণ সীমান্ত পরিস্থিতি যা বর্তমানে চলছে এবং আমাদের মুর্শিদাবাদ জেলায় বর্তমানে যে সীমারেখা টানা হয়েছে তার ফলে ইন্ডিয়া ও পাকিস্তান অতি কাছাকাছি সীমায় এসে পড়েছে, যা সেখানকার অবস্থা তাতে যদি আরও ভাল পুলিসের বন্দোবস্ত না হয়, তাহলে চুরি ডাকাতি এবং অন্যান্য অপরাধজনক কাজ সহজে নিবারণ করা যাবে না। সেইজন্য আমি নিবেদন করব আরও ভাল পুলিসের ব্যবস্থা করা উচিত, এবং এমন পুলিস দেওয়া উচিত যারা অধিবাসীদের রক্ষা করতে পারে। সেইজন্য মাননীয় মন্ত্রী কালিপদ মুখার্জি মহাশয়কে দেখিয়েছিলাম তাদের যে শারীরিক অবস্থা তাতে তাদের পক্ষে কাজ করা কঠিন সে অবস্থায় তাদের গালি দিয়ে লাভ নাই। এখন যে অবস্থায় তারা আছে তাতে তাদের দেখে কেও ভয় পায় না। সেইজন্য আমি বলছি এখান থেকে যেন এইরকম পুলিস দেওয়া হয় যাদের যথেষ্ট শারীরিক শক্তি সামর্থ্য আছে। পুলিস বলবান না হলে লোকে ভয় পাবে না।

তারপর আমি বলব—আমাদের উন্নয়নমূলক কাজ যে প্রতি বৎসর বাড়ছে এবং গভর্নমেন্ট উন্নয়নমূলক কাজের জন্য যে ব্যয় বৃদ্ধি করছেন তা থেকেই বোঝা যাবে বাজেটে দেখা যায় যে গত বৎসরের তুলনায়—

শিক্ষা খাতে—৭৩,৯৪,০০০,
চিকিৎসা খাতে—৭০,৩২,০০০
জনস্বাস্থ্যে—৬২,৮৬,০০০
সমবায়—৪৪,২২,০০০
কুটির শিল্পে—১৫,১১,০০০
সমাজ উন্নয়নে—২৪,৫৭,০০০
কৃষি খাতে—২৫,০৭,০০০
সেচ বিভাগে— ৪৪,৬৮,০০০
শিল্পে—২১,১৭,০০০
মৎস্য চাষে—৫,৯৩,০০০

অধিকতর ব্যয় করবার জন্য বাজেটে এস্টিমেট করা হয়েছে। কিন্তু যে সমস্ত ব্যয় হচ্ছে উন্নয়ন খাতে, সে সমস্ত ব্যয় আমরা হিসেব করে দেখেছি, বেশির ভাগই পাচ্ছে কলকাতা বা চব্বিশপরগনা জেলা এবং তার আশেপাশের অঞ্চল। একটু দূরের যারা অর্থাৎ বিভিন্ন জেলায় যেসব মফস্বল

অঞ্চল তারা সে অনুপাতে পাচ্ছে না—যে অনুপাতে পাওয়া উচিত ছিল। সেদিক দিয়ে মফস্বল অঞ্চলের জন্য আমি মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যাতে মফস্বল অঞ্চলের জন্য আরও কিছু কিছু বাড়ানো যায় এই খাতে, তিনি যেন সে বিষয়ে একটু দৃষ্টি দেন।

এখন সব কাজের মূল কাজ হচ্ছে আমাদের খাদ্য সমস্যার সমাধান। খাদ্য সমস্যার সমাধান করতে হলে উৎপাদন বেশি করে করতেই হবে। সেজন্য দরকার জলের। উপযুক্ত পরিমাণ জল যদি না হয় তাহলে কোন রকম উৎপাদনই করা সম্ভব হবে না। সেদিক দিয়ে আমাদের প্রধান কাজ সেচ ও কৃষির দিকে অধিকতর মনোযোগ দেওয়া। এই দুটি বিভাগকে পৃথক না রেখে যদি একটা বিভাগের অন্তর্ভুক্ত করা যায় তাহলে কাজের অনেক সুবিধা হবে বলে আমার বিশ্বাস। কারণ সেচের উপরই কৃষির প্রধান নির্ভর। আমাদের সেচের দুটি বৃহৎ পরিকল্পনা দামোদর ও ময়ূরাক্ষী হয়েছে আর তৃতীয় পরিকল্পনা কংসাবতী আরম্ভ হয়েছে। এই সমস্ত পরিকল্পনায় বহু অর্থ ব্যয় হয়েছে এবং এখনো হচ্ছে, এবং তার জন্য ঋণের বোঝাও বেড়েছে। তবু আজ পর্যন্ত এই কাজের শেষ হয় নি। যে পরিমাণ অর্থ ব্যয় হয়েছে সেই অনুপাতে কতখানি কাজ আমাদের হয়েছে কতটুকু ফল আমরা লাভ করেছি তা ভেবে দেখা দরকার। এখনো সময়মত জল দেওয়া সম্ভবপর হয় নি, এবং যে সমস্ত ডিস্ট্রিবিউটরি খাল করবার পরিকল্পনা ছিল তাও সমাধা হয় নি। জল পেলে যে চাষের প্রভূত উপকার হয় তা কৃষকেরা ভালই বোঝে সেই জন্য ময়ূরাক্ষী খালের সম্প্রসারণ তারা আজ চাইছে। সেই জন্য এই সমস্ত বৃহৎ পরিকল্পনার পিছনে আর বেশি ব্যয় না করে যদি আমরা ছোট পরিকল্পনাগুলি কার্যে পরিণত করি, পুরানো পুষ্করিণীর পঙ্কোদ্ধার, নতুন পুষ্করিণী খনন, তা ছাড়া টিউবওয়েল করে তা থেকে পাম্পের সাহায্যে সেচের কাজ করলে বোধ হয় বেশি উপকার পেতে পারি। প্রথমেই কো-অপারেটিভ ফার্মিং না করে যদি এই সমস্ত বিষয়ে কো-অপারেটিভ হয় তাহলে সাধারণ লোকের কো-অপারেটিভের প্রতি আগ্রহ জন্মাবে এবং তখন কো-অপারেটিভ ফার্মিং করার দিকে অগ্রসর হওয়া সহজসাধ্য হবে।

একেই আমাদের খাদ্যাবস্থা ভাল নয়, তার উপর আবার বেকার সমস্যা দিন দিন বেড়ে যাচ্ছে এর একমাত্র প্রতিকার যে দেশে নতুন শিল্প স্থাপন এবং যে শিল্পগুলি এখনো টিকে আছে তাদের উন্নতি সাধন করা- একথা সর্ববাদীসম্মত। বৃহৎ শিল্প স্থাপনের দ্বারা বাংলাদেশ কতখানি উপকৃত হবে তা বলা কঠিন। সরকার যদি নিজ ব্যয়ে কোন বৃহৎ শিল্প প্রতিষ্ঠা করেন এবং তাতে কেবলমাত্র বাংলাদেশের লোককে সেখানে নিয়োগ করেন তবেই বাংলাদেশের বহুসংখ্যক বেকারদের মধ্যে কিছু অংশের কর্মসংস্থান হতে পারে, নতুবা নয়। কিন্তু যদিও প্রত্যেক প্রদেশের কর্মসংস্থানের ক্ষেত্রে প্রদেশের অধিবাসীর অগ্রাধিকার রয়েছে বাংলাদেশ সেরকম একমাত্র বাঙ্গালীর জন্য নয়- সকলের জন্য। অতএব আমি সরকারকে কুটির শিল্পের দিকে বেশি ঝোঁক দিতে বলি। আর বাংলাদেশের কুটির শিল্পের মধ্যে সুতিবস্ত্রের ও রেশমের তাঁত প্রধান। পূর্বে বাংলার সুতি ও রেশমী বস্ত্রের খ্যাতি জগদ্ব্যাপী ছিল, তবে এখনো একেবারে মরে নি। কিন্তু অন্য প্রদেশের সঙ্গে প্রতিযোগীতায় বাংলার তাঁতিরা ক্রমশ হটে যাচ্ছে। আজ তাদের বাঁচাতে হবে। সেজন্য চাই—উন্নত ধরণের তাঁত ভাল ডিজাইনার ও ভাল রং, তা ছাড়া প্রস্তুত কাপড়ের বাজার সৃষ্টি করতে হবে। বাংলার তাঁতিদের সুতার অভাবের কথা বিবেচনা করে গভর্নমেন্ট একটি সুতার কল স্থাপনের ব্যবস্থা করেছেন, এটা খুবই সুখের বিষয়। কিন্তু সেখানে যাতে বাংলার লোকের কর্মসংস্থান হয় সেদিকে দৃষ্টি রাখলে আমরা আরও সুখী হব।

[6-30—7 p.m.]

সুখের বিষয় যে এখানে একটা সুতাকল স্থাপনের কথা উঠেছে এবং এই সুতাকল স্থাপন হলে কিছু সুবিধা হবে। তাঁতবস্ত্র, তাঁতদ্রব্যের কথার সঙ্গে রেশম বস্ত্রের কথাও বলব। রেশম শিল্প আজ অন্যান্য প্রদেশের সঙ্গে প্রতিযোগিতায় টিকতে পারছে না। এর কারণ আমাদের এখানে খরচ বেশি পড়ে। অন্যান্য প্রদেশে দুটো কারণে খরচ কম হচ্ছে—একটা হচ্ছে তাদের রেশমের উপর কোন সেলস ট্যাক্স নেই যা আমাদের বাংলাদেশে আছে। এই ব্যাপারে আমরা অনেক আবেদন নিবেদন করেছি, কিন্তু কোন ফল এখন পর্যন্ত পাই নি। সেখানে কি নেচার হওয়ায়

খানিকটা ভাল সুতা তারা করতে পারছে। অথচ আমাদের এখানে এসব কিছুই এখনও পর্যন্ত হয় নি। এ ছাড়া উন্নত ধরণের এক রকম চরকা আমাদের বাংলাদেশের ইন্ডাস্ট্রি ডিপার্টমেন্টের একজন অফিসার, শ্রী বি বি রায়, বার করেছেন। এই চরকা অল ইন্ডিয়ায় খুব ভাল বলে স্বীকৃত হয়েছে। কিন্তু এই চরকা এখনও পর্যন্ত আমরা প্রচলন করতে পারলাম না। এই চরকা যদি কাজে না লাগাতে পারেন তাহলে জানবেন যে সেটা বৃথাই হবে। সুতরাং এই চরকা যাতে খুব বেশি প্রচলন করা যায় তারজন্য চেষ্টা করা উচিত। আর একটা মজা হচ্ছে যে অন্যান্য প্রদেশে যে সমস্ত শিল্প বা কর্মসংস্থান আছে সেই সমস্ত জায়গায় তাদের নিজেদের প্রদেশবাসী যাতে কাজ পায় তারজন্য তাঁরা চেষ্টা করেন এবং এজন্য যে সমস্ত শিল্পপতি বা সংস্থা আছে তাদের উপর চাপও দেওয়া হয়। কিন্তু আমাদের দেশে এটা আমরা করতে পারছি না। অর্থাৎ এটা করলে আমাদের যেন মনে হয় যে আমাদের পক্ষে প্রাদেশিকতা দেখান হচ্ছে। কিন্তু বাস্তবিক-পক্ষে আমাদের ছেলেদের জন্য যদি এই ব্যবস্থা না করা হয় তাহলে কোনদিন তারা এগিয়ে যেতে পারবে না। আমাদের এখানে মূলধন যা খাটে তা সবই অন্য প্রদেশদবাসীর। সেজন্য আমি গভর্নমেন্টের দৃষ্টি আকর্ষণ করছি যাতে শতকরা ৮০ জন বাঙ্গালী ছেলে প্রতি কর্মসংস্থায় কাজ পায় তার ব্যবস্থা করা হোক। এ ছাড়া শাঁখা, কাঁসা পিতলের বাসন ইত্যাদি কুটির শিল্পে যাতে উন্নত ধরণের জিনিস ব্যবহার করে ভাল জিনিস তৈরি করতে পারে সেদিকে গভর্নমেন্টের অবিলম্বে অগ্রসর না হলে এইসব শিল্প নষ্ট হয়ে যাবে। আমাদের এখানে একটা যে জিনিস নেই সেটা হচ্ছে ডাই হাউস। এটা করা অত্যন্ত প্রয়োজন। তাঁতের কাজ যারা করে তাদের কাছে এই জিনিসটার একান্ত অভাব বলে আমার মনে হয়। সেজন্য বলব যে যেসব জায়গায় বেশি তাঁতী আছে বা যেসব জায়গায় রেশম বেশি চলে সেইসব জায়গায় এই ডাই হাউস করা দরকার কিন্তু এটা একটা আধটা করলে হবে না, প্রতিটি কেন্দ্রে স্থাপন করতে হবে। আমি স্বাস্থ্য ও শিক্ষা বিষয়ে পুনরায় কিছু বলতে চাই। হেলথ সেন্টার করার জন্য কেউ টাকা পয়সা, কেউ জমি দান করেছেন, কিন্তু ৫-৬-৭ বার হল টাকা জমি পড়ে আছে এখনও পর্যন্ত হেলথ সেন্টার সে সমস্ত জায়গায় হয় নি। সেদিন স্বাস্থ্যমন্ত্রী বললেন যে ব্লকের মধ্যে হবে কিন্তু ব্লকের মধ্যেও যাঁরা অনেকে টাকা বা জমি দিয়েছেন, এখনও পর্যন্ত তা সদ্ব্যবহার করতে পারা যায় নি। এতে লোকে অনেক কথা বলে—এর পরে হয়ত ভবিষ্যতে তাঁদের কাছ থেকে আর কন্ট্রিবিউসন চাইতে যাওয়াও আমাদের পক্ষে দুষ্কর হয়ে পড়বে। এই কাজগুলি যাতে শীঘ্র শীঘ্র করা হয় সেদিকে আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তারপর এটা সুখের কথা যে মফঃস্বলের অনেক জায়গায় ভাল ডাক্তার পাঠিয়ে কাজের ব্যবস্থা করা হচ্ছে, কিন্তু মফঃস্বলের হাসপাতালে দেখা যাচ্ছে যে সব জায়গাতে হয়ত এক্সরের সুবিধা নেই। তা ছাড়া ব্লাড ব্যাঙ্ক যেটা আধুনিক বিজ্ঞানসম্মত উপায়ে চিকিৎসা, সেই ব্লাড ব্যাঙ্ক সব জায়গায় নেই তার ফলে কোন রোগীর ব্লাডের দরকার হলে কোলকাতায় এসে টাকা পয়সা খরচ করে ব্লাড নিয়ে যেতে হয়। আমার মনে হয় যে প্রত্যেক মফঃস্বল হাসপাতালে অন্ততঃ জেলায় জেলায় একটা করে ব্লাড ব্যাঙ্ক স্থাপন করা দরকার। খাদ্য সম্বন্ধে আমার মনে হয় এটাকে স্টেট ট্রেডিংএ নেওয়া উচিত। স্টেট ট্রেডিং হলে যে দর বেঁধে দেওয়া হয়েছে, হয়ত চাল পাওয়া যাচ্ছে কিন্তু ঠিক দরে পাওয়া যাচ্ছে না সেটাকে অন্ততঃ যদি রক্ষা করতে হয় এবং আমরা যে আইন পাশ করেছি তাকে যদি মর্যাদা দিতে হয়, তাহলে আমার মনে হয় যে স্টেট ট্রেডিং ছাড়া অন্য কোন উপায় নেই। তা ছাড়া প্রদেশে প্রদেশে যে সমস্ত বাধা আছে যে এ প্রদেশের চাল ও প্রদেশে যাবে না এটার যেমন করেই হোক, ভারত গভর্নমেন্টকে বলেই হোক বা যেমন করে হোক, ফ্রি মুভমেন্টের ব্যবস্থা করা প্রয়োজন। ফ্রি মুভমেন্ট হলে উড়িষ্যা বা অন্য জায়গা থেকে যদি চাল ফ্রিলি আনতে পারে তাহলে আমার মনে হয় যে এই সমস্যা অনেকখানি সরল হয়ে যাবে। এ বিষয়ে চেষ্টা করার জন্য আমি খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। একটা কথা আমি না বলে পারছি না যে আমাদের যা কিছু ডেভেলপমেন্ট স্কীম তা সবই প্রায় গ্রামে হচ্ছে শহরের উপর কোন দৃষ্টি নেই কিন্তু অনেক শহরে, অনেক মিউনিসিপ্যালিটিতে পানীয় জলের ভাল ব্যবস্থা নেই। সেসব জায়গায় যাতে জলের কল হয় এবং ড্রেনেজ ভাল হয় সেদিক লক্ষ্য করা দরকার। তারপর আমরা গ্রামে প্রাথমিক শিক্ষা বাধ্যতা-মূলক করছি, এবং বিনা বেতনের ব্যবস্থা করছি কিন্তু শহরে এখনও পর্যন্ত সেরকম কোন ব্যবস্থা হয় নি। প্রাথমিক স্কুল যেগুলি আছে সেগুলি হয়ত গভর্নমেন্টের কাজ থেকে কিছু সাহায্য পায় কিন্তু তা অতি অল্প। এ বিষয়ে যথোপযুক্ত ব্যবস্থা করা দরকার। অনেক জায়গায়

এডুকেশন সেস আছে—এডুকেশন সেস যেসব জায়গায় আছে তার সমপরিমাণ টাকা যদি তারা পায় তাহলে তারা বেঁচে যায় কিন্তু তা তারা পাচ্ছে না। তার চেয়ে ঢের কম পরিমাণ টাকা তারা পাচ্ছে। তার ফলে প্রাইমারী স্কুলগুলি ঠিকমত চলতে পরছে না এবং ছেলেরাও সেখানে ঠিকমত পড়তে পাচ্ছে না। আর একটা কথা বলার আছে সেটা হচ্ছে গভর্নমেন্টের অর্ডারগুলি কার্যকরী করতে অনেক দেরী হয় এবং সমস্ত খবর পৌছাতেও অনেক দেরী হয়। আমাদের অনেক ডেপুটি মিনিস্টার আছে.....

[7—7-4 p.m.]

সেদিক থেকে আমি বলছি যে, এক একজন ডেপুটি মিনিস্টারকে এক একটা জেলার ভার দেওয়া হোক তাঁরা গিয়ে তাঁদের কার্য পরিদর্শন করবেন। তারপর আমি আরেকটা কথা বলতে চাই—সীমান্তরেখা নিয়ে কতগুলি সমস্যা দেখা দিয়েছে। যারা একবার পাকিস্তানের অন্তর্ভুক্ত হয়েছিল আজকে নতুন করে সীমানা নির্ধারিত হওয়ার ফলে তারা আবার তাদের ঘরবাড়ি ছেড়ে এপারে চলে আসতে আরম্ভ করেছে। আমি এই ব্যাপারে ডিস্ট্রিক্ট অফিসারএর কাছে বলেছিলাম যে তাদের উদ্বাস্তু হিসাবে গ্রহণ করা উচিত কিন্তু তা তাঁরা করতে পারছেন না, বলেন, এতে অনেক টেকনিকাল ডিফিকালটি আছে। আমি তাই এখানে আবেদন করব, তাদের উদ্বাস্তুদের সমান পর্যায়ে বিচার করে উদ্বাস্তুরা যেসমস্ত সুযোগসুবিধা পান তা তাদের দেওয়া হোক। এখানে আরও একটা বিষয়ে আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, সীমান্তরেখা নির্ধারণের ফলে প্রায় পাঁচ হাজার জেলে তাদের জীবিকা থেকে বঞ্চিত হয়েছে। এই সমস্ত জেলে পদ্মার উপর মাছ ধরে জীবিকা নির্বাহ করত। আমি আবেদন জানাচ্ছি যে, এদের টাকা পয়সা, সুতা, জল ইত্যাদি দিয়ে যথাসম্ভব শীঘ্র এদের পুনর্বাসনের ব্যবস্থা করা সরকারের কর্তব্য।

আমার শেষ বক্তব্য হচ্ছে, যদি বাংলাদেশকে উন্নত করতে হয় তাহলে শুধু সেন্টারএর দিকে তাকিয়ে থাকলে চলবে না, সেন্টার আমাদের কথায় কর্ণপাত না করতে পারে তাই আমাদের নিজেদের পায়ে দাঁড়াবার জন্য চেষ্টা করতে হবে। এবং আমাদের নিজেদের আয়ের উপর নির্ভর করে চলবার চেষ্টা করতে হবে।

Adjournment.

The House was then adjourned at 7.4 p.m. till 3 p.m. on Tuesday, the 17th February, 1959, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Tuesday, the 17th February, 1959, at 3 p.m.

Present:

Mr. Speaker (the Hon'ble Sankardas Banerji) in the Chair, 14 Hon'ble Ministers, 12 Deputy Ministers and 212 Members

[3—3-10 p.m.]

Mr. Speaker: There will be no questions today. I have been requested by honourable members not to take up questions today although it was arranged that all these days there would be questions for half-an-hour. Tomorrow also there will be no questions.

Ruling of Mr. Speaker on the point of order raised by Sj. Siddhartha Sankar Roy.

Mr. Speaker: I am now giving my ruling which I reserved yesterday.

A point of order has been raised by Sj. Siddhartha Shankar Ray that the Budget discussion cannot proceed as the Budget has not been prepared in accordance with the provisions of the Constitution. My pointed attention was drawn to articles 202, 266, 267 and 284(2) of the Constitution.

Article 266 lays down the law relating to Consolidated Fund and Public Accounts. Article 267 deals with Contingency Fund. It has been urged from page 1 of the Red Book that under the broad headline 'Revenue' all the three accounts of funds have been placed. When I used the word "Red Book", I have taken the word from the old state of affairs, although Sj. Siddhartha Shankar Ray called it 'Orange Book.' It is further contended that this cannot be done as Public Accounts Fund and Contingency Funds can never be Revenue. To my mind it would have been better not to use the word 'Revenue' in the "Red Book" on top to cover the three funds. This, however, is not likely to mislead anybody as one glance would show that Public Account and Contingency Funds have been placed under different categories. They have not been mixed up in a fashion so as to make them indistinguishable. It may be noted that at the end the words "Total Receipts" have been used to distinguish it from the total revenue receipts. The "Red Book" is merely an explanatory document to help the members.

Further, page 1 of the "Blue Book", which is the real Budget Estimate of the Government of West Bengal, will show that the Budget Estimate for 1959-60 gives on the one hand general abstract of revenue and on the other hand "Other Receipts". At page 11 of the "Blue Book" the Contingency Fund has been put under a separate head and the Public Accounts Fund also under a separate head from the expenditure account of the Consolidated Fund. This satisfies article 202(2) of the Constitution; the language used there is the "estimated expenditure on revenue account should be distinguished from other expenditure." In the Appendix to the speech of the Finance Minister the expenditure on revenue account has been kept distinct from other expenditure. This satisfies the provision of article 266(1) and (2).

The second point raised by Sj. Siddhartha Shankar Ray is that certain sums under the head 'Public Accounts' have not been accounted for and he has sought to give a number of instances. The point raised by Sj. Siddhartha Shankar Ray would have carried weight if it were necessary to acquaint the House, through the Budget of the Assets and Liabilities of the Government; it is not at all necessary to do so. The Budget primarily deals with probable receipts and probable expenditure for a particular year and it is for the Accountant-General to find out whether all sums, which the Government handles, have been properly accounted for or not

Sj. Sisir Das has urged that the Government is in the position of trustee and the principles of the law of trusts by analogy should be made to apply.

The Constitution lays down how Budget Estimates should be prepared, in what way appropriation should be made and in what way the Legislature should accord its sanction to it and finally how accounts are to be audited. This is purely a statutory matter and should be governed by Statutory enactments I do not think it is necessary for me to say anything more about Sj. Sisir Das's contention.

The third point urged is that the Government cannot deal with Public Accounts Funds in the absence of proper rules framed by the Governor under article 283(2) of the Constitution. The Chief Minister, who happens to be the Finance Minister as well, in answer, has drawn our attention to the Treasury Rules framed under Article 283(2) of the Constitution; in the result it is not correct to say that the rules which are being given effect to are the rules framed under the Government of India Act, 1935.

With the commencement of the Constitution of India rules framed under the Government of India Act, 1935, were continuing in force in so far as they were not inconsistent with the provisions of the Constitution. The Treasury Rules made by Governor in exercise of the powers conferred by sub-clause (2) of Article 283 of the Constitution of India are operative at the present moment. In Rule 3 of the Treasury Rules the direction has been given about the location of moneys standing in the Public Account. It is laid down in Rule 3 that "moneys standing in the Public Account must either be held in the Treasury or in the Bank. Moneys deposited in the bank shall be considered as one general fund in the books of the bank on behalf of the State." Shri Sudhir Chandra Ray Choudhuri has drawn my attention to a passage in Shri Durgadas Bose's "Commentary on Constitution", 2nd Edition (page 700) and states that this rule recapitulates the earlier Rule but the newly framed Rules must not be in conflict with the Articles of the Constitution. In principle Sj. Sudhir Ray Choudhuri is right but my attention has not been drawn to any rule which is in effect inconsistent with or contrary to the Articles of the Constitution.

Regarding the objection taken by Shri Subodh Banerjee, regarding Contingency Fund, which has been dealt with by Article 267, he has urged that from the Budget it does not appear how much money has been contributed and is lying in the Contingency Fund. I have already pointed out that the object of the Budget estimate is only to place before the House the estimated amount of receipts and expenditures. The Constigency Fund of West Bengal Act of 1950 provides for the creation of a Contingency Fund amounting to Rs. 5 crores. Withdrawals and recoupments from such fund are made exactly in the manner as laid down in the Constitution. It is there. When any amount is spent under Article 267 authorisation has to be obtained under Article 205 and Article 206 of the Constitution.

My attention has been drawn to the Red Book, page 214, in which the only figure appearing under the head "Public Accounts" on account of Special Relief Fund is Rs. 80 lakhs. It appears from page 146 of the

Red Book that a sum of Rs. 80 lakhs is shown on the expenditure side under "54—Famine" and with that amount a Special Relief Fund has been set up which is shown under head "Public Accounts" at page 214 of the Red Book. So there is no confusion.

In the result I negative the contention raised by Shri Siddhartha Shankar Ray, Shri Sudhir Chandra Ray Choudhuri, Shri Sisir Das and Shri Subodh Banerjee.

Cenaral discussion of the Budget for 1959-60

[3-10—3-20 p.m.]

Sj. Bankim Mukherji:

সভাম্মুখ্য মহাশয়, এমনকি আপাতদৃষ্টিতে যেভাবে বাজেট আমাদের সামনে উপস্থাপিত করা হয়েছে তাতে মনে হতে পারে যে, এই বাজেটটা অত্যন্ত চমৎকার। কেন? না, ঘাটতি নাই। কেন্দ্র যা আশা দিয়েছিল সেই সমস্ত আশা পূর্ণ না করা সত্ত্বেও পঞ্চবার্ষিক পরিকল্পনায় এই রাষ্ট্রের যা খরচ হওয়া প্রয়োজন তা পাওয়ার আশা পাওয়া যাচ্ছে। এই অবস্থায় নিশ্চয়ই মনে হতে পারে যে, বাজেটে ফাইভ-ইয়ার প্ল্যান সম্বন্ধে সম্পূর্ণভাবে যা আশা পাওয়া যাচ্ছে সেটা পূর্ণ হবে। বাজেটে ঘাটতি কমিয়ে দেওয়া হয়েছে—এই বাজেট বড়াই বাজেট এবং তা ছাড়া রাজ্য-পালের বক্তৃতায় পেয়েছি যে, নবপ্রাণের স্পন্দন এবং ছন্দপ্রবাহ বয়ে চলেছে সারা দেশে, সমস্ত দেশে কর্মচাঞ্চল্য ও প্রাণচাঞ্চল্য দেখা যচ্ছে। আয় যথেষ্ট বেড়েছে। অতএব, সেদিক থেকে দেখতে গেলে এই বাজেট সম্বন্ধে সমালোচনা করার বিশেষ কিছুই থাকে না। কিন্তু, বাস্তবের সঙ্গে এই বাজেটের কোথায় সাদৃশ্য?

আজ আধুনিক রাষ্ট্রের পদ্ধতি এই যে যথাসম্ভব ট্যাক্সেশন দূর করে দেওয়া, মুখ্য বা গৌণ ডাইরেক্ট বা ইনডাইরেক্ট ট্যাক্সেশনকে ধীরে ধীরে সরিয়ে দেওয়া। এই হ'ল আধুনিক রাষ্ট্রের উদ্দেশ্য। কিন্তু সেখানে আজ যেভাবে রাষ্ট্রায়ত্ত শিল্প-বাণিজ্য পরিচালিত হচ্ছে তাতে জন-সাধারণের আস্থা থাকছে না যে এই রাষ্ট্রের হাতে ব্যবসা-বাণিজ্য তুলে দিলে পরে তা থেকে লোকের উপকার হতে পারবে। প্ল্যানিং পিরিয়ডএ বিগত ৮ বছরে ১৯৫১-৫২ থেকে আরম্ভ করে ১৯৫৮-৫৯ সাল পর্যন্ত যদি দেখা যায় তাহলে আমরা দেখতে পাই এই সময়ে রাজস্ব বৃদ্ধি পেয়েছে দ্বিগুণ বেশী প্রায় দ্বিগুণ ৩৬ ৭৭ কোটি টাকা থেকে ৭১ ৭৯ কোটি টাকা অর্থাৎ ৩৫ কোটি টাকা রাজস্ব বৃদ্ধি পেয়েছে গত ৮ বছরের প্ল্যান্ড ইকনমি পিরিয়ডএ। এর মধ্যে ফলদায়ক খাতে অর্থাৎ স্বাস্থ্য, চিকিৎসা, বিদ্যুৎ সরবরাহ, কুটিরশিল্প প্রভৃতি সেগুলিতে ১৬·৪৭ থেকে ৩৬·৩৮ অর্থাৎ ২০ কোটি টাকা ব্যয় বৃদ্ধি পেয়েছে গত ৮ বছরে। কিন্তু সঙ্গে সঙ্গে নিষ্ফলা খাতে কত বৃদ্ধি পেয়েছে—২০ ৩৫ কোটি থেকে ৩৫·৪৩ কোটি নন-ডেভেলপ-মেন্ট এক্সপেন্সেস যার মধ্যে বেশীর ভাগ সিভিল এ্যাডমিনিস্ট্রেশন, কোর্ট প্রভৃতি শাসন পরিচালনা, পুলিস, আদালত ও জেল—এগুলিতে এই সময়ের মধ্যে ১৫ কোটি টাকা ব্যয় বৃদ্ধি পেয়েছে অর্থাৎ যেমন রাজস্ব বেড়ে চলেছে যেমন ৩৫ কোটি টাকা বেড়েছে তার প্রায় অর্ধেক চলে যাচ্ছে এই সমস্ত নন-ডেভেলপমেন্ট এক্সপেন্সেস হিসাবে। আর ডেভেলপমেন্ট এক্সপেন্সেসে যাচ্ছে ২০ কোটি টাকা। কিন্তু এটাও খুব ঠিক নয় যে গঠনমূলক ব্যবস্থায় যে ব্যয়বরাদ্দ হয় তা খরচ হয় না—এটা হ'ল বাজেট ম্যানিপুলেশন। প্রত্যেক বছর যেহেতু নন-ডেভেলপমেন্ট এক্সপেন্সেস হচ্ছে অত্যন্ত বেশী সেটা ব্যালান্সড করে দেখানর জন্যে প্রত্যেক বছর দেখান হয় স্বাস্থ্য, মেডিক্যাল প্রভৃতি ব্যাপারে অনেক টাকা খরচ হয় যা শেষ পর্যন্ত খরচ হয় না। এই যে বাজেট ম্যানিপুলেশন হয় কোন প্রকারে আমাদের সামনে হাজির করে বলা হয়—এই দেখ, খুব বেশী টাকা আমরা শাসন পরিচালনা বিভাগের জন্য নিচ্ছি না। বছরের পর বছর সরকারের অকর্মণ্যতা, অপদার্থতার চরম নিদর্শন রয়েছে এই যে ১৯৫৭-৫৮ সালে এই সমস্ত বিভাগে বরাদ্দ হয়েছিল ৩৩·৪১ কোটি টাকা, সংশোধিত বরাদ্দ হ'ল ৩১·৯৩ কোটি অর্থাৎ রিভাইজড এই দেড় কোটি টাকা কম ধরা হয়েছে, কিন্তু এ্যাকচুয়াল যখন হ'ল তখন দেখা গেল ২৪·৭১ কোটি টাকা। এর কথা এ্যাকাউন্টেন্ট-জেনারেল বলেছেন এবং সে সম্পর্কে বাজেটে টিপ্পনী দেওয়া হয়েছে যে

এ্যাকাউন্টেন্ট-জেনারেল যা বলেছেন সেখানে ভাল করে হিসাব করে দেখলে দেখা যেত ওর চেয়ে একটু বেশী। ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট সম্বন্ধে বলা হয়েছে ৪০·৫০ কোটি। তাই যদি স্বীকার করি তা হলে দেখা যাচ্ছে এ্যাকচুয়ালি আট কোটি টাকা কম। ৩৩ কোটি সেখানে বরাদ্দ ছিল রিভাইজড্এ দেখান হল অর্থাৎ পঞ্চবার্ষিক পরিকল্পনার ভিতর রিভাইজড্ দেখান হল যে ১½ কোটি টাকা কম, কিন্তু এ্যাকচুয়ালি ৮ কোটি কম। ১৯৫৮-৫৯ সালে সেই রকম সংশোধিত বরাদ্দ হল ৩৪·৬ থেকে ২৯·৭১, ২৯·৭১ থেকে ৩৪·৬৬ কোটি—অর্থাৎ ঠিক উলটো হল। ১৯৫৭-৫৮ সালে সংশোধিত আট কোটি বেশী হল। এইভাবে ১৯৫৮-৫৯ সালে রিভাইজড্ দেখান হয়েছে ৪ কোটি বেশী—এ্যাকচুয়ালস এগুলি আমরা পেতে পারব না। বাজেটে এইটুকু দেখান হয়েছে রিভাইজড্ এ বছর বেড়ে গেল। কেন ৪·৩৫ কোটি বেশী দেখান হয়েছে? এটা বাজেট ম্যানিপুলেশন—যাতে করে এ বছরের খাতে আরও একটু বেশী টাকা দেখিয়ে ৩৭·৭ কোটি টাকার সঙ্গে সামঞ্জস্য রাখা যায়।

[3-20—3-30 p.m.]

এই বৎসর ফাইন্যান্স মিনিস্টার আমাদের সামনে দিয়েছেন এই পঞ্চবার্ষিক পরিকল্পনায় ৩৭·৭ কোটি টাকা খরচ হবে। আসছে বৎসরেও হবে ৩৭-৩৮ কোটি টাকার মত। তাহলেও প্ল্যান তার মধ্যে ঢেকে থাকছে। এই ৩৭·৭ কোটি টাকা খরচ হয় নি। ১৯৫৭-৫৮ সালে ছিল ৩৩ কোটি টাকা, এ্যাকচুয়ালসএ ২৫ কোটি টাকা হয়। ১৯৫৮-৫৯ সালেও তাই দেওয়া হবে আবার রিভাইজড্এও তাই হবে। অর্থাৎ এ্যাকচুয়ালস আসছে বৎসরে হবে। ততক্ষণ পাবলিক মেমোরি শর্ট বলে তারা সেটা ভুলে যাবে, এই দেখছি এর সুবিধা। এই বৎসর যা খরচ করছেন আসছে বৎসর তার চেয়ে বেশী খরচ করবেন তাহলেই পাঁচ বৎসরের প্ল্যান পরিষ্কার হয়ে যাবে। কিন্তু এ্যাকচুয়ালস আর একটু ভাল করে দেখুন তাহলেই দেখতে পাবেন, দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার মোট লক্ষ্য ১৫৮ কোটি টাকার মত। তিন বৎসর পেরিয়ে গিয়েছে, এটা ৪র্থ বৎসর। এই তিন বৎসরে আমরা কি করেছি তার থেকেই আন্দাজ করতে পারা যায়। এই তিন বৎসরে যা করেছি, এই দুই বৎসরে তার চেয়ে বেশী করতে পারবো না। এই তিন বৎসরে বলা হয় যে অল্প অল্প খরচ করে তারপর এ্যাকসিলারেশন বাড়িয়ে শেষের দুই বৎসরে বেশী করে করবো। কিন্তু এই বৎসর এবং আসছে বৎসর কত হবে? তিন বৎসরে যা হয়েছে তার চেয়ে ত বেশী হবে না। আমরা দেখতে পাচ্ছি এই তিন বৎসরে ১৫৮ কোটি টাকার ৪৭ পারসেন্ট খরচ হয়েছে এবং এই দুই বৎসরে ৫৩ পারসেন্ট খরচ করতে যাচ্ছেন। অর্থাৎ ১৬ পারসেন্ট করে এক এক বৎসর হয়েছে আর এই দুই বৎসরে ২৬ পারসেন্ট করে তাঁরা সেটা পুষিয়ে নেবেন। এই ১৯৫৮-৫৯ সালের রিভাইজডএ ৪½ কোটি টাকা বাড়িয়ে ৩৪ কোটি করা হয়েছে এবং পরে ৩৮ কোটি টাকা করা হবে; এইভাবে দেখতে চেষ্টা করছেন যে পঞ্চবার্ষিক পরিকল্পনা দ্রুতগতিতে চলছে। কিন্তু ১৯৫৭-৫৮ সালের শেষ বৎসরের এ্যাকচুয়ালস এবং ১৯৫৮-৫৯ সালের এ্যাকচুয়ালস যদি আমরা বিশ্লেষণ ক'রে দেখি তাহ'লে আমাদের আশঙ্কা হয় যে, ১৯৫৯-৬০ সালের এ্যাকচুয়ালস-এ অন্ততঃ ১৫ কোটি টাকা কম ব্যয় হবে। কেন না আমরা দেখতে পাচ্ছি যে এই তিন বৎসরে অর্ধেক কাজও হয় নি। কিন্তু যেগুলি হয়েছে, যেগুলি অসল গঠনমূলক কাজ তার পার্সেন্টেজ তার চেয়েও কম। কৃষি এবং তার মত এ্যালায়েড সাবজেক্টস যা আছে সে বিষয় আমরা দেখতে পাচ্ছি ১৭·৭৩ কোটি টাকার মধ্যে ৭·৭৬ কোটি টাকা খরচ হয়েছে অর্থাৎ ৩৯ পারসেন্ট। কমিউনিটি ডেভেলপমেন্ট এবং এন ই এস, যেটা নিয়ে এত ঢাক পেটান হয়, যেটা এত প্রকাশ্ড, যা সর্বস্তরে দেশের পল্লীগ্রামকে রূপায়িত করছে, সেই কমিউনিটি ডেভেলপমেন্ট এবং এন ই এস-এ কি হয়েছে, ১৪·৬৭ কোটি টাকার মধ্যে ৫·১৬ কোটি অর্থাৎ শতকরা ৩৫ ভাগ খরচ হয়েছে এই তিন বৎসরে। আর ৬৫ ভাগ বাকী আছে যা এই দুই বৎসরে কমিউনিটি ডেভেলপমেন্ট এবং এন ই এস-এ খরচ হবে। তারপর দেখতে পাচ্ছি শিল্প। শিল্পের বরাদ্দ মাত্র ৯·৯৫ কোটি, এত অল্প বরাদ্দ তার মধ্যে ৪·৬৫ অর্থাৎ ৪৬ পারসেন্ট খরচ হয়েছে। স্বাস্থ্য দেখতে পাচ্ছি ২০ কোটি টাকা ধরা হয়েছিল, ৬·৮ কোটি টাকা খরচ হয়েছে অর্থাৎ শতকরা ৩৩ ভাগ। গৃহ-নির্মাণ সব চেয়ে চমৎকার, ৭·৬ কোটি টাকা ধরা হয়েছিল, খরচ হয়েছে ১·৮২ অর্থাৎ শতকরা ২৪ ভাগ। এই তিন বৎসরে বস্তুতঃ এই খরচ হয়েছে আর দুই বৎসরে বাকী সব খরচ হয়ে যাবে। এবং কোন কোন বিষয়, যেমন চিকিৎসা বিভাগে ১৯৫৮ সালে ছিল ৮২·৮৮ লক্ষ টাকা,

তার থেকে কেটে ৪৬·৪৭ করা হয়েছে। কি অদ্ভুতভাবে আমাদের পরিকল্পনা অগ্রসর হচ্ছে। কৃষি বিভাগে ১৯৫৮ সালের ব্যয় ১৯ কোটি টাকা থেকে কেটে ১৪ কোটি টাকায় দাঁড় করান হয়েছে। এই ত অবস্থা।

কৃষি বিভাগে ১৯৫৭-৫৮ সালে মোট ব্যয় হত ১৯ কোটি, সেটা ১৪ কোটিতে এনে দাঁড় করান হয়েছে—এই তো অবস্থা। তার মানে কি আজকে আমাদের প্রয়োজন কম, কৃষির উন্নতি কি এদের প্রয়োজন কম যে তাদের ৭·৭৬ কোটি টাকার বেশী খরচ করতে পারলেন না, যে ব্যয় বরাদ্দ তা খরচ করতে পারলেন না? আমাদের স্বাস্থ্য কি এদেশে এতই সুন্দর যে যা ব্যয় বরাদ্দ তা খরচ করতে পারলেন না? পারলেন না গৃহ-নির্মাণে খরচ করতে? শিক্ষা বিভাগে আমরা কি দেখতে পাই, স্বাস্থ্য বিভাগে আমরা কি দেখতে পাই? স্বাস্থ্য বিভাগে দেখতে পাই ৩৩০টি নতুন হেলথ্ সেন্টার বাংলাদেশে করার পরিকল্পনা ছিল। হল কত? ১১৮টি। আর কয়েকটি হবার স্যাংকশন হয়েছে। ১১৬টি বেসিক স্কুল হবার কথা ছিল—হল মাত্র ৫৯টি আর স্যাংকশন হয়েছে ২৪টি। তারপর আমরা জানি পরিস্রুত জল সরবরাহের জন্য বরাদ্দ ছিল ৪০০ লোকের জন্য একটা নলকূপ—এ রকম ১৯৫৮-৫৯ সালে ২,৫০০ হাজার নলকূপ হওয়ার কথা, তার মধ্যে হয়েছে ১৬৬৫। অর্থাৎ ৩১ পারসেন্ট হল না, আমরা কি দেখতে পাই? পরিস্রুত জলের অভাবে কলেরায় সর্বনাশ হয়ে যাচ্ছে। স্বাস্থ্য বিভাগে ওয়ার্ল্ড হেলথ অর্গ্যানিজেশন বলেছে সমস্ত সভ্য জগতের মধ্যে কলকাতারি মত একটা শহরে পরিস্রুত জলের অভাবে আজ পর্যন্তও কলেরা মহামারী দেখা যায়। সভ্য জগতের মধ্যে একমাত্র কলকাতা শহরেই এ জিনিস ঘটছে। এর চেয়ে বেশী লজ্জাজনক কলঙ্ক এবং অপমানের কথা বাংলাদেশের পক্ষে আর কি হতে পারে? আর কিছু হতে পারে না। এত বড় একটা শহর কলিকাতা, তবে একথা আমরা শুনতে পাই এবং এটা সত্যও বটে, যে ম্যালেরিয়া এখান থেকে তাড়ান হয়েছে কিন্তু মশার উপদ্রব কেন বেড়ে গিয়েছে? অথচ কলকাতা কর্পোরেশনে মশকমারা বিভাগে যেখানে লোক বাড়ান উচিত সেখানে কমান হচ্ছে, স্কোয়াড কমান হচ্ছে। মাঝে মশা ছিল না কিন্তু এখন যেভাবে ইনভেড করছে তাতে আমার ভয় হয় কোনদিন এই এয়ারকণ্ডিশনড্ কক্ষের ভিতর শীঘ্রই মশকরা অভিযান চালাতে সমর্থ হবে। মশার জন্য ম্যালেরিয়া হয় কিন্তু ফাইলেরিয়া কেন? এই ফাইলেরিয়া রোগী মেডিক্যাল আউটডোরে বছরে ৩০ হাজার চিকিৎসিত হতে আসে, আর সবচেয়ে আশ্চর্য যে আমাদের গ্রামে পরিস্রুত জল নাই। এখানে বলা হয়েছে ৪০০ লোকের ভিতর একটা নলকূপ কিন্তু একথা আমরা জানি যে হাজার বারশ' লোকপিছু একটা নলকূপ পায় না। এখন যা আছে তার চেয়ে ডবল যদি করা যায় তাহলে হয়ত ৪০০ লোক পিছু হতে পারে। পঞ্চবার্ষিক পরিকল্পনায় যেগুলি জনসাধারণ সব চেয়ে বেশী প্রয়োজন মনে করে সেগুলি হচ্ছে জল, স্বাস্থ্য, শিক্ষা; এর প্রত্যেকটিতে দেখতে পাচ্ছি পঞ্চবার্ষিক পরিকল্পনায় যা বরাদ্দ আছে তা খরচ হয় না। এই পর্যন্ত ১/৪ ভাগ খরচ হয়েছে ৩ বছরে। আর বাকী ৬/৬ ভাগ কি খরচ করবেন বাকী দু' বছরে? তাই কি এঁরা ভাবছেন? যতগুলি কাজ এঁরা করেছেন তার মধ্যে এই যে কৃষি দপ্তরে খরচ হয় নি সেটা মারাত্মক।

[3-30—3-40 p.m.]

আমাদের আজকে খাদ্যের অবস্থা কি? খাদ্যের অবস্থা এই যে যুদ্ধপূর্বকালে মাথাপিছু ধরা হয়েছিল ১৫·৩ আউন্স—তাতে বাৎসরিক প্রয়োজন মাথাপিছু সোয়া চার মণ। এই যে যুদ্ধকালে হিসেব ধরা হয়েছিল এবং যে রেশন তখনকার, সে হল গিয়ে যুদ্ধকালের স্টারভেশন রেশন। আমাদের দুর্ভাগ্য দেশ স্বাধীন হবার পরে যে খাদ্যমন্ত্রী এসে বসলেন তিনি সেই জিনিসই আজো চালাচ্ছেন, সে কারণেই তাঁর দুর্ভিক্ষ-মন্ত্রী নাম সারা দেশে রটেছে—সেটা সেই স্টারভেশন রেশন চালু রেখেছেন বলে। সোয়া চার মণ মাথাপিছু সেই হিসেবে যদি ধরা হয় তাহলে আমরা দেখতে পাব, ঘাটতি—

১৯৫৬ সালে	...	৪ লক্ষ টন,
১৯৫৭ সালে	...	৩·৮০ লক্ষ টন,
১৯৫৮ সালে	...	৭½ লক্ষ টন।

এই ১৯৫৯ সালে তার চেয়েও বেশী এবং আমরা আশঙ্কা করি, ঐ রকম একটা ঘাটতি—৭।৮।৯ লক্ষ টন ঘাটতি হবে। যতই বলা হোক না কেন—গুড্ হার্ভেস্ট, আমরা জানি অনেকগুলি পকেট আছে বাংলাদেশে, সেখানকার অবস্থা অনাবৃষ্টির জন্য অত্যন্ত খারাপ, বাকি সব জায়গায় যা তাকে বলা যায় মাঝারি রকম, টলারেবল্, গুড্ হার্ভেস্ট নই বাংলাদেশে; যেমন উড়িষ্যায়, আসামে, পূর্ব বেহারে হয়েছে তার সঙ্গে তুলনা করা যায় না এ বৎসর বাংলাদেশকে। কিন্তু খাদ্যনীতি কি এই সরকারের? এই সরকারের খাদ্যনীতি আমরা বুঝতে পারি না, সেটা বহু কঠিন। এত জটিল এই সরকারের খাদ্যনীতি যে সেটা কারো পক্ষেই পরিষ্কারভাবে বোঝা কঠিন, এত রকম জালের ভিতর নীতিকে তাঁরা অস্পষ্ট করে রেখেছেন যার ফলে সে নীতি সুস্পষ্টতর রবি-করোজ্জ্বল নয়। আমাদের প্রথমে দেখানো হবে যে ঘাটতি বেশী নই—এই হবে খাদ্যনীতি। নানা রকম বিতর্কমূলক সংখ্যা মিথ। স্ট্যাটিস্টেক্সএর সহায়তায় প্রমাণ করতে হবে যে খাদ্যের ঘাটতি বেশী নয়, কিসের জন্য? দায়িত্ব এড়াবার জন্য; দ্বিতীয়ত খাদ্যের যে ঘাটতি পূরণ দরকার তার জন্য খাদ্যের ঘাটতি ঠিকমত কেন্দ্রকে তিনি বলবেন না, সেই জন্য কেন্দ্র বলেন কই পশ্চিম-বঙ্গের ঘাটতির কথা ত আমরা জানি না। তারপর ৬ লাখ টন ঘাটতি দাঁড়ায়, তখন কেন্দ্রকে বলা হয় ৩ লক্ষ টন। তখন কেন্দ্র বলে বসেন—৩ লক্ষ টন ঘাটতি যখন আমরা তখন দু' লক্ষ টন দিচ্ছি। এইভাবে ঘাটতি পূরণের চেষ্টা না করে যখন বাধ্য হন—যতদূর দেরীতে পারা যায় মডিফায়েড রেশনিংএর সময় বিলম্বিত করা, মে থেকে চিন্তা করে করে জুন কেটে যায়, তারপর জুলাই বা আগস্ট মাসে যখন লোকে পাবে তখন লোকে বিতৃষ্ণ হয়ে পড়ে। এইভাবে কাদের সুযোগ দেওয়া হয়? মুনাফাখোর বড় বড় অবাঙ্গালী কোটিপতি ব্যবসাদার বাঙালীর রক্ত, শেষ রক্তটুকু যা ইংরেজ বণিকও চুষে নিয়ে যেতে পারে নি সেই শেষ রক্তবিন্দু চুষে নেয় যারা তাদের সাহায্য করে—এই হচ্ছে খাদ্যনীতি এই সরকারের। অনেক আন্দোলনের পর বাধ্য হলেন এঁরা এ্যান্টি-প্রফিটিয়ারিং আইন আনতে। সে আইন এই রকম যার ফলে বাংলাদেশের কোথাও চাল নেই। এ টুকু যাঁদের মস্তিষ্কে আসে না কি রকম করে আইন করতে হয়, কি করে আইন চালু করতে হয়, সরকারের গদিতে তাঁরা বসে থাকেন কি জন্য? এত অপদার্থ এত অকর্মণ্য, যারা বোঝে না যে ১লা জানুয়ারি চাল পাওয়া যাবে না? আমরা বলেছি ১লা জানুয়ারি থেকে চাল পাওয়া যাবে না, কেন না শুধু আইন তৈরি করবেন এই আইন পরিচালনা করবার দায়িত্ব তাঁদের নই। মুখ্যমন্ত্রী, খাদ্যমন্ত্রী সকলেই বলবেন আমাদের সহযোগিতা করতে আপনারা চোর ধরে দিন! কালী মুখার্জি আছেন কিসের জন্য? প্রফুল্ল সেন আছেন কিসের জন্য? আমরা যদি চোর ধরব তাঁরা ধরেন না কেন? চোর তাঁদেরই ধরতে হবে, এবং বাজারে চাল তাঁদের দিতে হবে। তাঁরা আছেন কেন? তাঁরা এই রকম সহযোগিতা চান যে মিলের যারা ওনার খুচরা লিকুয় করবে। প্রফুল্ল সেন ফতোয়া দিয়েছেন যে ১০ মণ যে বিক্রয় করবে সে রিটেইলার, তাকে ধরব না। তার আলাদা লাইসেন্স নাই। যারা ছোট ছোট হোল-সেলার তাদের জন্য চাল দেবার ব্যবস্থা নেই। যখন ধরতে গেলেন গেলেন ঢাক ঢোল পিটিয়ে। প্রফুল্লবাবু জানেন না? বাংলাদেশের সব চেয়ে বড় চালের বাজার বগুড়ায়, আমড়াতলা যেখানে ছোট ছোট বাক্স নিয়ে বসে লক্ষ লক্ষ টাকার কারবার হয় মুনাফা হয় তিনি জানেন না রামকৃষ্ণপুরের কথা? সেখানে পুরানো চাল ধরতে পারেন না, কলকাতার আশেপাশে গত বছরের চাল যা আড়তে আছে, ছোট ছোট শিল্পাঞ্চলে সেখানে হোলসেলার বা রিটেইলার তাদের চাল সাপ্লাই করতে পারেন না। এই হচ্ছে সুচিন্তিত নীতি, পরিকল্পিত নীতি। সেই সমস্ত কোটিপতি অবাঙালী দ্বারা আমাদের শেষ রক্তবিন্দু শোষণ করান যে গভর্নমেন্ট তাঁরা অবাঙালী কোটিপতিদের ভৃত্যের স্বরূপ কাজ করেন, তাই দেখতে পাই উপর থেকে নীচে পর্যন্ত চুরি, জুয়াচুরি ও ঘুষের দ্বারা এই রাষ্ট্রটা রসাতলে যাবার উপক্রম। এই তাদের নির্দিষ্ট নীতি, তাঁদের অবলম্বিত সমস্ত ব্যবস্থার ভিতর থেকে ফুটে বেরিয়ে আসে। আমরা দেখতে পাই প্রত্যেক কর্মনীতির মধ্য থেকে প্রতিটি কাজের মধ্যে এই প্রকারের সব হয়েছে। খুব বড় গলায় রাজ্যপালিকা, মুখ্যমন্ত্রী তাঁরা বলেছেন—আমাদের পাট হয়েছে, কি আনন্দ! মেস্তা এবং পাট কত হয়েছে!! কিন্তু ফল কি হয়েছে? বাংলাদেশের কৃষক দুঃখে অভিশাপ দিচ্ছে। এই যে পাট হয়েছে—এ থেকে লাভ করবে কারা? আজ বাজারে ১৫।১৬ টাকার বেশী পাটের দর নাই। সেখানে জুট ইনকোয়ারী কমিশনের রিপোর্ট যা ছিল—প্রডাকশন লেবার যা পড়তা পড়ে তাতে পাটের মণ পড়ে গিয়েছে ২৪ টাকা। মিঃ এ পি জৈন সাহেব দিল্লীতে বসে মোড়লী করেন, কৃষকের ত খুব লাভই হল

যদি দু' মণের জায়গায় তিন মণ তুলে থাকে পনর টাকা হিসেবে ১৫×৩এ ৪৫ টাকা পাচ্ছে—কি অপূর্ব তাঁর বিদ্যা!! এই সমস্ত লোক হয়ে থাকেন ফুডমিনিস্টার, এগ্রিকালচার মিনিস্টার যাদের এতটুকু বুদ্ধি নাই যে পাট তৈরী করতে যে খরচ—নিড়েনী থেকে আরম্ভ করে পচানোতে যে শ্রম যায়, যে পরিমাণ লেবার যায় তাতে আমাদের দেশের কৃষক যা পায় তা শুধু সেই লেবারের দামই পায়, আমাদের দেশে কৃষিতে যে আয় সে কৃষকের নিজের পরিশ্রমের আয়, তার লেবারের আয়, ২৪।২৫ টাকা যার পড়তা পড়ে সেটার এখন ১৫।১৬ টাকা দাম হয়েছে। এই পাট বছরের শেষে ২৫।২৬।২৭ টাকায় বিক্রি হবে। সেই মুনাফা পাবে কারা? দেশী-বিদেশী কোটিপতি সমস্ত বণিক প্রায় সবাই - সমস্তই যারা অবাঙালী। তারা কৃষককে মেরে দাদন দিয়ে এর চেয়ে কম টাকায় নেয় এবং পরে সেই পাট বেশী দামে বিক্রয় হয়। আজকে দিল্লী থেকে কলকাতা পর্যন্ত সাড়া পড়েছে—পাটের দাম বাড়া উচিত। কেন না পাট কৃষকের হাত থেকে চলে গেছে। আশা করি গভর্নমেন্ট আর কিছুদিন পরে বলবেন—ধানের দাম চালের দাম বাড়ানো দরকার কেন না তখন ব্যবসায়ীর হাতে, জোতদারের হাতে চাল থাকবে। এমন যে সুপরিকল্পিত নীতি তাতে দেশের লোক আনন্দিত হতে পারে না। পাট বেশী হয়েছে, একটা মানিক্রপ এত বেশী হয়েছে যাতে বাঙালী জনসাধারণ প্রত্যেকে আমরা সমৃদ্ধ হতে পারি আজ সেই পাট আমাদের দেশের সর্বনাশকর হয়ে দাঁড়িয়েছে। কৃষককে দরিদ্রতর করেছে, রাষ্ট্রের কোন উপকার নেই, রাষ্ট্র তাতে আয় করতে পারে না, রাষ্ট্র সেই পাট রেখে পৃথিবীর পাটের বাজার দখল করতে পারত। গভর্নমেন্ট যদি পাট খরিদ করতে পারত মিলওয়ালারা যদি না নিত, ডান্ডি না নিত, আমরা ব্যবস্থা করতে পারতাম—আমরা ব্যবস্থা করতে পারতাম মিত্রদেশ আরো যারা আছে তারা এই পাট আনন্দের সঙ্গে ন্যায্য মূল্যে নিত।

[3-40—3-50 p.m.]

আমরা দেখতে পাই যে নিষ্ফলা বিষয়ে ব্যয় এখনও পর্যন্ত অর্ধেক রেভিন্যু গ্রাস করে। এই ব্যাপারে ভারতের মধ্যে বম্বে ছাড়া পশ্চিমবাংলা হল সর্বোচ্চ। বম্বেতে আনপ্রোডাকটিভ ব্যয় হয় ৫০, ৫৭, উত্তরপ্রদেশে ৪৪·৮, পাঞ্জাবে ৩৫·৬, অন্ধ্রে ৩৫·১ বাংলায় ৪৯·৩ এবং কেরালায় ২৮·৯। এই প্রোপোর্শন দয়া করে আমার বন্ধুরা বোঝবার চেষ্টা করবেন। বাংলার অর্ধেক ব্যয় হয় শাসন বিভাগে, আর অর্ধেক ব্যয় হয় নেশান বিল্ডিংএ এবং কেরালায় ২৮ ভাগ শাসন বিভাগে আর ৭২ ভাগ যায় গঠনমূলক কাজে। আমি চীন, রাশিয়ার কথা তুলতে চাই না যা আমাদের কংগ্রেসের এক্স সেক্রেটারী করে থাকেন। এ বিষয়ে তিনি স্পেশালিষ্ট হতে যাচ্ছেন, কিন্তু তাঁর এ বিষয়ে একখানাও বই পড়া নেই বা সেই দেশে উনি যান নি। আমি শুধু কেরালার সঙ্গে পশ্চিমবাংলার তুলনা করতে চাই। প্ল্যানিং কমিশনের প্রসপেক্টাস অফ দি সেকেন্ড ফাইভ-ইয়ার প্যানএ তাঁরা বলেছেন

"Financial difficulties in implementing the plan target is largely due to increase expenditure, particularly in the States on, non-development heads. West Bengal is a major defaulter to this regard".

নন ডেভেলপমেন্ট হেডস-এ বরাদ্দ বাড়িয়ে যাওয়াটা হচ্ছে বাংলাদেশের পক্ষে একটা দুর্ভাগ্য এবং তাতে প্ল্যান ফাইন্যান্স করা কঠিন। নেশানের প্রয়োজনীয় অন্যান্য অনেক প্রয়োজনীয় কাজ করা সম্ভব হয় না। কাগজে দেখলাম কংগ্রেসের জেনারেল সেক্রেটারী বলেছেন যথাসম্ভব আনপ্রোডাকটিভ হেডস-এ খরচ কমিয়ে ফেলতে হবে যদি জাতিকে তুলতে হয়। কংগ্রেসের জেনারেল সেক্রেটারীর যেটা লক্ষ্যে এসেছে বাংলার শাসকদের সেটা লক্ষ্যে আসে নি। আনপ্রোডাকটিভে বেড়ে যায় কেন? অথচ পাবলিক এ্যাকাউন্টস কমিটিতে বসে প্রত্যেকটি বেলায় শুনতে পাই যে হিসাব এবং এজন্য প্রতিটি ডিপার্টমেন্ট বলে যে আমাদের আরও লোক চাই। ২০ কোটি টাকা যেখানে এইসমস্ত প্রশাসনিক বিভাগের জন্য বেশী বরাদ্দ হয়েছে সেখানে প্রতিটা ডিপার্টমেন্ট বলেন যে আরও লোক চাই। আমি বুঝতে পারি না এমন কি কাজ বাড়ল যার জন্য এত টাকা ব্যয় করেও লোক দেওয়া হল না। অর্থাৎ আনপ্রোডাকটিভ হেডস-এ লোক বেড়েই চলেছে—অথচ প্রোডাকটিভ হেডস-এ অত্যন্ত কম। এই বেলায় দেখতে পাই পুলিসে সবচেয়ে বেশী ভয়ঙ্কর খরচ হচ্ছে। ১৯৫৪-৫৫ থেকে ১৯৫৮-৫৯ সাল পর্যন্ত এই ৫ বছরে তাঁরা ৬ থেকে ৮ কোটি টাকা বাড়িয়েছেন; আবার ১৯৫৯-৬০ সালে এটা বেড়ে ৭·৯৭ কোটি টাকা হল। ছ' বছরে আদালতে

১·১০, ১·১৮, এই বছরে ১·২০—অর্থাৎ ১০ লক্ষ টাকা বৃদ্ধি পেয়েছে। আদালত একটি ভদ্রলোক বলে বেশী বাড়ায় নি। জেলে ·৭৫ থেকে ·৯০ ভাগ বেড়েছে; অবশ্য এটা মন্ত্রীমহাশয় আসবার পূর্বেই বেড়েছিল। তারপর এখানে বেড়েছে ১ কোটি। এ বছরে মোট ২৫ লক্ষ টাকা বেড়ে ১০ লক্ষ বাড়ল। জেনারেল এ্যাডমিনিস্ট্রেশনে ২·৭৫ থেকে ৩·৩৭ হয়েছিল ৫ বছরে এ বছরে আর বেড়ে পৌনে এক কোটি টাকা হবে। জেনারেল এ্যাডমিনিস্ট্রেশনে মোট প্রায় ৫ কোটি টাকা ৬ বৎসরে ব্যয় বেড়েছে এবং এই বৎসর ধরলে প্রায় ৩½ কোটি টাকা ব্যয় বেড়েছে অতএব সব সমেত ধরলে আমরা দেখছি যে এই প্ল্যান পিরিয়ডে এগুলিতে ১৫।১৬ কোটি টাকা বেড়েছে। ১৯৫৮-৫৯ সালের কেরালার বাজেটের সঙ্গে পশ্চিমবাংলার বাজেটের কয়েকটা বিষয় তুলনা দেখাতে চাই। সেখানে দেখা যাবে শিক্ষায় ব্যয় এবং তার পার্সেন্টেজ ১০·৮৫, সমস্ত ব্যয়ের ৩২ পারসেন্ট, আর বাংলাদেশে ব্যয় হয় ১২·৩৮ কিন্তু সেটা হ'ল ১৭ পারসেন্ট অর্থাৎ কেরালায় যত পারসেন্ট ব্যয় করা হয় শিক্ষাখাতে, বাংলাদেশে তার অর্ধেক ব্যয় করা হয়—ওখানে সমস্ত রেভেনিউ-এর ৩২ পারসেন্ট আর, এখানে সমস্ত রেভেনিউ-এর ১৭ পারসেন্ট ব্যয় করা হয়। স্বাস্থ্য চিকিৎসায় সেখানে ব্যয় হয় ১২ পারসেন্ট, আমাদের এখানে ৯ পারসেন্ট। দুর্ভিক্ষ খাতে সেখানে ব্যয় হয় ৪ পারসেন্ট আর আমাদের এখানে সেটা ৩ পারসেন্ট। কেন এটা হয়? কেরালায় খাদ্যের অবস্থা সেখানে শতকরা ৫০ ভাগ ডেফিসিট, আর পশ্চিমবাংলায় শতকরা ১০।১২।১৩ ভাগ ডেফিসিট কিন্তু তা সত্ত্বেও আমাদের এখানে দুর্ভিক্ষ খাতে ব্যয় হয়ে যায় রাজস্বের শতকরা ৩ ভাগ—তাহলে কেরালায় তো রাজস্বের ২৫ ভাগ দুর্ভিক্ষখাতে ব্যয় হওয়া উচিত ছিল, কিন্তু সেখানে ৪ পারসেন্ট কেন হয়? কারণ তাঁরা আগে থেকে অবস্থা দেখে বিবেচনা করতে আরম্ভ করেন এবং খাদ্য সংগ্রহের চেষ্টা করেন এবং সেজন্য টেস্ট রিলিফ, ডোল প্রভৃতিতে তাঁদের এত খরচ করতে হয় না। আর এখানকার খাদ্যনীতি হোল কতকগুলি কোটিপতি শোষককে ধনী করবার নীতি। তাই এখানে শেষ পর্যন্ত যখন বুভুক্ষু লোক তাড়া করে আসে ডালহৌসী স্কোয়ারে, রাইটার্স বিল্ডিংসএ, এ্যাসেমব্লী হাউসে, তখন তাদের মুখ থামাবার জন্য কিছু খরচ করতে হয় এবং তা হচ্ছে শতকরা ৩ ভাগ। শাসনে সেখানে দেখতে পাই ৪ কোটি টাকা অর্থাৎ ১২ পারসেন্ট, আর আমাদের এখানে ১৮ পারসেন্ট। গঠনেতে কেরালায় ব্যয় হয় ৭১ পারসেন্ট আমাদের এখানে ৫০ পারসেন্ট। নিষ্ফলা খাতে ওখানে হয় ২৮ পারসেন্ট, আর আমাদের এখানে হয় ৪৯·৩ পারসেন্ট। এটুকু অন্ততঃ অনুধাবন করে দেখা উচিত যে আমরা ইচ্ছা করলে এটা কমাতে পারি কিন্তু শুধু প্রোডাকটিভ বাড়লে পর আনপ্রোডাকটিভ খরচ কমানো সহজ হবে না; কেন না আমাদের অকর্মণ্যতা, অপচয়, অপব্যয় এত বেশী যে তার তুলনা নেই। আমি রাজস্ব বিভাগে আদায়ের ব্যয় কত হয়েছে তা দেখছিলাম। যা আদায় হয় সেখানে তা আদায় করতে গিয়ে ব্যয় হয়ে যায়। গত বৎসরে ছিল ৭৬·৪ পারসেন্ট, এ বছর ধরা হয়েছে ৭৫·৫ পারসেন্ট। লোকে অবাক হয়ে যায় যে জমিদারেরা কি এরকম করে তাদের জমিদারী চালাতেন—১ শ' টাকা খাজনা আদায় করতে নায়েব, গোমস্তার পেছনে ৭৫ টাকা তাঁরা ব্যয় করতেন? যে জমিদার ১ লক্ষ টাকা রাজস্ব আদায় করতেন তিনি কি পেয়াদাদের ৭৫ হাজার টাকা মাইনে দিতেন? এই গভর্নমেণ্ট নেয়ার ফলে রাজস্ব বিভাগে আদায়ের ব্যয় ৭৬·৪ ভাগ। এ বছর কিছু কমেছে—৭৪·৫। বন বিভাগে যে আয় হয় তার ৭৫ ভাগ খেয়ে যায়, এ বছর বেড়ে সেটা ৮০ ভাগ হয়েছে। আমাদের বনসম্পদ কি এতই নগণ্য যে বনের কাঠ, পাতা প্রভৃতি বিক্রী করে মাত্র ১২ আনা হয়, আর পাহারা দিতে ১ টাকা লাগে। আরো আশ্চর্য রেজিস্ট্রেশন—রেজিস্ট্রেশন কি যা আদায় হয় রেজিস্ট্রারের মাইনে দিতে তার শতকরা ৪৯ ভাগ খরচ হয়—সেটা কমে শতকরা ৪৪ হয়েছে

[3-50—4 p.m.]

আমার সবচেয়ে অবাক লাগে বনে না হয় কিছু খরচপত্র লাগে যাতে পোচিং না হয়, যাতে জন্তু-জানোয়ার মেরে না ফেলে, যাতে চুরি না হয়। কিন্তু রেজিস্ট্রেশন করতে কি এমন ব্যাপার যে রেজিস্ট্রেশনে যা আয় হয় তার খরচ হচ্ছে শতকরা ৪৯—প্রায় অর্ধেকটা খরচ হয়। এ ছাড়া আমরা দেখতে পাই কয়েকটা বিষয় ভুরি ভুরি উদাহরণ আছে—চুরি, জুয়াচুরি, অপব্যয় এবং যা শেষ পর্যন্ত কোন পাত্তা পাওয়া যায় না। ৫।৬ বছর পরে পি এ কমিটির মিটিং হয় তখনকি আর ধরা যায়—কারণ অফিসার বদলে গেছেন। এবং এটাও সরকারের একটা নীতি। পি এ কমিটি যত বিলম্বিত হয় ততই ভাল। আমি কয়েকটা দৃষ্টান্ত দিচ্ছি। একটা শেল হোম ট্রান্সপোর্ট

বিভাগের খরিদ ও বিক্রয়। একটা প্লেন ৪৮ সনে কেনা হয় ২,৫২,৭১৭ টাকা দিয়ে, এটা একবার উড়ে দুর্ঘটনা ঘটে তার পরেই তার মেরামত প্রভৃতি তাতে খরচ হয় ৮৫ হাজার ৪১৪ টাকা। তারপর সেটা বিক্রয় করতে হল, মেরামত করেও আর উড়ে না। বিক্রী করতে হল ৩০ হাজার টাকায়। এই বুদ্ধিটা কি আগে হয় নি। মোট তাতে লোকসান হল ৩ লক্ষ ৩৫ হাজার টাকা। যে প্লেনটা বাজারে বিক্রী করতে গেলে পর তারা ৩০ হাজারের বেশী দাম দেয় না সরকার সেই প্লেন কিনলেন ২ লক্ষ ৫২ হাজার টাকায়, ৮৫ হাজার টাকা খরচ করে। এই রকম এক্সপার্ট এবং বিচক্ষণ লোক কি আর ভূভারতে আছে—যারা আমাদের এই বেঞ্চটা অলঙ্কৃত করে আছেন। তারপরে টায়ার মেরামত—একটা বিশেষ কন্ট্র্যাক্টরকে নিম্নতম টেন্ডার অগ্রাহ্য করে টায়ার মেরামত করতে দেওয়া হল। এটা ফেব্রুয়ারি ২৭ পর্যন্ত; তার জন্য অতিরিক্ত ব্যয় হয়েছে ৮ হাজার ৩০০ টাকা। কে দেবেন এই টাকা তালুকদার মহাশয় দেবেন এই টাকা? ডাঃ রায় দেবেন? না দেবেন না। কার টাকা কে দেয়? রিফিউজি রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্ট দুটি এ্যাম্বুলেন্স তাঁরা ভাড়া নিলেন। পদ্ধতিটা বড় চমকদার। ১৫ হাজার টাকা দামের গাড়ী, ভাড়া দেওয়া হয়েছে তাকে ৪৭ হাজার টাকা। এটা কি কিছু আগে চৈতন্য হল না। এখন সেই গাড়ীটা কিনে নিয়েছেন ১৫ হাজার টাকা দিয়ে। আরেকখানা গাড়ী কিন্তু এখনও কেনা হয় নি। সেটায় এখনও ৬০০ টাকা মাসিক ভাড়া দেওয়া হচ্ছে। দু' বছরে গাড়ীর দাম উঠে যায় অথচ ৪।৫ বছর ধরে তাকে ভাড়া দেওয়া হচ্ছে। গৌরী সেনের টাকা দান করতে বসেছেন এঁরা। এঁদের আবার হিসেবের দরকার কি? বাবার টাকা হলে পর তাহলে আধ লির হিসেব পড়ত। মেডিক্যাল স্টোর থেকে পাওয়া গেল ১ লক্ষ ৯৮ হাজার ৬২৬ টাকার মালের কোন কিনারা নাই। কোথায় গেল এবং এর চেয়ে বেশী জিনিস নষ্ট হয়ে গেল তার জন্য কাউকে দায়ী করা যাবে না। রিফিউজি ডিপার্টমেন্টএ একটা পরিকল্পনা হয়েছিল যে বসে খাওয়ার লোক চরখা চালাক। ব্যারাকপুরে এবং টিটাগড়ের মেয়েরা চরখা চালাত। তার জন্য যে ইয়ার্ন নেওয়া হয় তা কেনা হয়েছিল ৪ লক্ষ ২৮ হাজার ২২৩ টাকার, কিন্তু তারপর দেখা গেল এ পরিকল্পনা চলবে না। অতএব বন্ধ করে দাও। যখন বন্ধ করে দেওয়া হল তখন যে সমস্ত ইয়ার্ন জট পাকিয়ে আছে তা বিক্রি করতে হবে। তাতে মোট হল ২ লক্ষ ২৮ হাজার টাকা। পরিকল্পনা হল, তাকে মেরে ফেলা হল তার জন্য খেসারত দিল বাংলার লোক ২ লক্ষ টাকার মত। আরও সম্প্রতি দখলের একটা ঘটনা বোর্ড অব সেকেন্ডারী এডুকেশন, তাদের একটা বাড়ীর ভয়ানক দরকার, যে বাড়ীতে ছিলেন তাতে স্থানসঙ্কুলান হচ্ছিল না। হঠাৎ ডেপুটি সেক্রেটারী মহাশয় বললেন ৪০ হাজার স্কোয়ার ফুটএর কম তার আর চলবে না। অতএব একটা বাড়ী খুঁজে পাওয়া গেল ৬ তলা বাড়ী পার্ক স্ট্রীট অঞ্চলে ভাড়া নেওয়া হল মাসিক ৮ হাজার টাকায়। সেটা নেওয়ার পর দেখা গেল তাতে মাত্র ২৮ হাজার স্কোয়ার ফুট আছে। এবং সেই ৬ তলা বাড়ীর কোন লিফ্‌ট নেই। তার কোন ড্রেন প্রভৃতির ব্যবস্থা নেই। ইলেকট্রিকএর ব্যবস্থা নেই। এখন সরকার ঐ বাড়ী নিয়ে ইলেকট্রিকের জন্য ১ লক্ষ টাকা খরচা করছেন। প্লামবিংটায় আবার কত লক্ষ টাকা খরচ হবে তা কে জানে। বাড়ীতে দেওয়ালে ফোকর আছে কিন্তু তাতে দরজা-জানালা নেই। কোন একটা কালোয়ারের বাড়ী। এই রকম একটা বাড়ীর পিছনে ডেপুটি সেক্রেটারী মিঃ ব্যানার্জি তিনি সমস্ত তদ্বির, কন্ট্র্যাক্ট প্রভৃতি দিচ্ছেন। এবং এই বাড়ীটা খুঁজে বের করার কৃতিত্ব তাঁরই। এই রকমভাবে ব্যয় হচ্ছে।

তারপর আমরা অন্ততঃ আশা করেছিলাম যে সরকার যে সমস্ত জিনিসগুলি নিজেরা চালাচ্ছেন তাতে যদি কিছু লাভ হত। আমরা দেখতে পাই সরকার যে সমস্ত শিল্প এবং ব্যবস্থা চালাচ্ছেন তাতে কি যেমন স্টেট ট্রান্সপোর্টএ যার মূলধন ৪ কোটি থেকে বেড়ে ৫ কোটি হয়েছে কিন্তু তিন বছরের লোকসান ৭ লক্ষ, তিন লক্ষ, আর এ বছরে ৪॥ লক্ষ। প্রায় ১৫ লক্ষ টাকা তিন বছরে লোকসান হল। একজন যে কোন লরি-ওনারকে জিজ্ঞাসা করা হউক কলকাতার এই ট্রান্সপোর্টের যুগে তারা প্রত্যেকটা বাস্ থেকে ২ হাজার ২॥ হাজার টাকা মাসে রোজগার করে। কিন্তু এরা এতে লোকসান করছেন। তারপর হরিণঘাটা—এর মূলধন ১২ লক্ষ থেকে এবার ২৫ লক্ষ করা হল, দুধ খরিদ ৩৫॥ লক্ষ থেকে ১ কোটি ৮ লক্ষ হল, কিন্তু লাভ ৭॥ লক্ষ থেকে ৫ লক্ষ কেন হবে? দুধ বেড়ে গেল দুইগুণ অথচ লাভ কেন কমবে? অথচ হরিণঘাটার হিসেবে যে একটু লাভ দেখান হয়েছে এটা সত্যি নয়। হরিণঘাটার যে এস্ট্যাবলিশমেন্ট,

সেখানকার যে খরচা তা এতে দেখান হয় নি। তা দেখান হচ্ছে এগ্রিকালচার ডিপার্টমেন্টএ অনেক লক্ষ লক্ষ টাকার ভিতরে। এটা ধরলে পর দেখা যাবে হরিণঘাটারও লাভ নেই। তার কারণ এরা দুধ এবং মিল্ক পাউডার খরিদ করছেন হরিণঘাটা থেকে, তার দাম ধরা হয়েছে। দুধের দাম যে ঐ পড়তায় পড়ল তার হিসেব কৈ? সেটা হচ্ছে এগ্রিকালচারাল ডিপার্টমেন্টকে বঞ্চনা করে। গভীর সমুদ্রের মাছ—মূলধন ২৬ লক্ষ, ক্ষতি ৭ লক্ষ। যে কোন জুট কোম্পানীর এতে ঈর্ষা হতে পারে। তারা ডিভিডেন্ড দেন ২৬ পারসেন্ট প্লাস এবং এরা ডিভিডেন্ড দেন মাইনাস ২৬ পারসেন্ট। এই সব দেখার পর দেশের লোক সরকারের কাছ থেকে আর কি আশা করবে? তবুও আমি মনে করি আজও রাজস্বের এখন পর্যন্ত স্ট্রাকচারটা রয়েছে

revenue tax on commodity and service

তাতেই ৭৫ পারসেন্ট। অন্যান্য স্টেটএ রেখেছে ১২½ পারসেন্ট এবং প্রোডাকশন যা কিছু হয় তা হচ্ছে ফরেস্ট ডিপার্টমেন্ট থেকে—যা কিছু টাকা সেখান থেকে আসে। ৪১ লক্ষ টাকা প্রায় সবটাই বন বিভাগের নন-ট্যাক্স রেভেনিউ।

[4—4-10 p.m.]

এবং এখন ল্যান্ড রেভেনিউ এবং কমডিটি সারভিস থেকে আয় হয় ৩৫ কোটি ৭৫ লক্ষ টাকা। আমার ধারণা এ বিষয়ে আরও একটু কড়া হলে পর ঐ দিক থেকে আরও একটু বেশী আয় হতে পারে। কিন্তু এগ্রিকালচারাল ইনকামট্যাক্স ৬৪ লক্ষ থেকে ৭৩ লক্ষ হল এই কয় বৎসরে। যে পরিমাণে এগ্রিকালচারাল ট্যাক্স বাড়া উচিত ছিল তা বাড়ে নি কেন?

income tax, co-operative farming

সম্বন্ধে ভুল পদ্ধতি ধরা হয়েছে তারই ফলে কো-অপারেটিভ ফার্মিং উঠে যাচ্ছে। কো-অপারেটিভ ফার্মিংকে একটা ইউনিট ধরা হয়েছে, অর্থাৎ একজন মালিকের এক বিঘা হলে একশ' জন মালিকের একশ' বিঘা, সেই হিসাবে ধরা হয়েছে। কিন্তু এই আইন চলতে পারে না। সেইজন্য এই আইন বদলান দরকার অতি শীঘ্র। আজকে ল্যান্ড রিফর্মস বিল, স্টেট এ্যাকুইজিশন বিল পাশ হবার পর ৭৫ বিঘা করে বহু লোক জমি রেখেছে। কিন্তু সেই সমস্ত জমির খোঁজ পাওয়া যাচ্ছে না, হয় ত সেই সব জমি লুকিয়ে রাখা হয়েছে। সেই সমস্ত লোক কেন এগ্রিকালচারাল ট্যাক্স দেয় না? তাদের কাছ থেকে ট্যাক্স আদায় করলে পর অনেক আয় বাড়তে পারে। আমি মনে করি সরকারের ল্যান্ড রিফর্ম বিল ব্যর্থ হয়েছে। আমি সেচমন্ত্রী মহাশয়কে বলি তিনি যে দিক থেকে আয় বাড়ানর চেষ্টা করছেন, সেটা ঠিকভাবে হচ্ছে না। সম্প্রতি স্টেট রিসার্চ ব্যুরো জানিয়েছেন, তাঁরা সুপারিশ করেছেন, রেকমেন্ড করেছেন যে দেশে ঐ সমস্ত কত খরচ বাড়লো, কত পড়তা পড়লো, তার হিসাব না করে, যেন তাঁরা এ দেশে জল দরকার হলে পর, সেই জল বিনামূল্যে দেন। কারণ দেশের এগ্রিকালচারই হচ্ছে মেইন জিনিষ। তাঁরা কমপালসারি ওয়াটার ট্যাক্স সম্বন্ধে বলেছেন—যেখানে কৃষক যখন জল চায়, সেই সময় যদি জল দিতে পারেন চাহলে এই ট্যাক্স কমপালসারি করবেন, না হলে পর ভলান্টারী করবেন। এই সমস্ত বিষয়ের প্রতি যেন আমাদের সেচমন্ত্রী মহাশয় একটু লক্ষ্য করে দেখেন। আমাদের দেশে গভর্নমেণ্টের পরিচালিত স্টেট রিসার্চ ব্যুরোর যে রেকমেন্ডেশন, সে সম্বন্ধে আমরা বিরোধী পক্ষ থেকে এখানে পূর্বে বিলের আলোচনাকালে বার বার বলেছিলাম। ভাববেন না যে আমরা বাজে কথা বলি। বিদেশী বিশেষজ্ঞরা, এক্সপার্টরা যে সকল কথা বলেন, আমরা মাঝে মাঝে অনেক সময় সেই সমস্ত কথা বলে থাকি। যাই হোক, মোট বাংলাদেশের অবস্থা দাঁড়াল—৫০ কোটি টাকার উপর ঋণ হয়েছে। সেই ঋণ এ বছর ধরা হয়েছে এবং তার সুদ ধরা হবে ৩·৪২ কোটি টাকা। আর ঋণ হ্রাসের জন্য ধরা হয়েছে ২ কোটি টাকা। মোট ৫॥ কোটি টাকা ঋণের সুদের জন্য এবং ঋণ হ্রাস করার বাবদ বছরের পর বছর দিতে হবে। এবং তাতে আরও ঋণ বেড়ে যাবে, ছয়, সাত কোটি টাকা হবে, অথচ রাজস্ব বাড়বার আর কোন পদ্ধতি দেখা যাচ্ছে না, স্যাচুরেশন পয়েন্ট দাঁড়িয়ে গিয়েছে, গরীবের উপর ভার বেশী পড়ছে। তাই আমি বলবো বাংলাদেশকে বাঁচাবার এখনও উপায় আছে। আমরা যদি লোকাল ট্যাক্সএর দিকে লক্ষ্য করি তাহলে যে সমস্ত বড় বড় মিউনিসিপালিটী আছে, তাদের এ্যাসেসমেন্ট কিভাবে হয় তা ঠিক বুঝতে পারি না।

আমি এখানে মনে করি বিজনেস লাইসেন্স যদি ধরা হয় ধান-চালের ব্যাপারে পাটের এবং চায়ের যে আভ্যন্তরীণ ব্যবসা তা ধরলে, কলকাতার ট্রাম, বিদ্যুৎ ন্যাশনালাইজ করলে পরে অন্ততঃ ১৫ কোটি টাকা বেশী পাওয়া যাবে—শুধু ধন থেকে ৫।৬ কোটি টাকা বেশী হতে পারে, চা থেকে আরও বেশী হতে পারে, ট্রাম, বিদ্যুৎ থেকে তিন কোটি বেশী হতে পারে। আমি মনে করি রাজস্ব খাতে এই সব দিকে যাওয়া উচিত। রাজস্ব আজ পর্যন্ত যা চলছে শুধু ল্যান্ড রেভেন্যু, শুধু ট্যাক্সেস অন কমডিটিস এণ্ড সারভিসেস তার দিকেই দেখছি, শুধু এই দিকে গেলে ব্যবসা প্রভৃতির পরিমাণে হানি হবে। আজ কিছু কিছু ব্যবসা কলকাতা থেকে অন্য জায়গায় চলে যাচ্ছে। সে জন্যে মনে হয় নতুন পদ্ধতি চিন্তা করা দরকার। যদি সম্ভব হত এই রাষ্ট্রে যদি একটা নতুন দৃষ্টিভঙ্গী আনতে পারতেন তাহলে পর আজও এই সংকটসঙ্কুল দেশকে হয়ত বাঁচান যেত—আজ দেশ দুর্দশার গভীর খাদের মুখের পাশে এসে দাঁড়িয়েছে, একটু এগিয়ে গেলে একেবারে নিম্নতলে পড়ে যাবে। আমাদের দেশ সবচেয়ে সংকটবহুল দেশ—খাদ্য, চিকিৎসা, শিক্ষার অভাব, কিন্তু এই সমস্যাজর্জরিত দেশে দেখতে পাই অবাঙালী সমস্ত জায়গায় আমাদের শোষণ করে নিচ্ছে এবং ওঁরা তাদের এ বিষয়ে বেশ একটু সাহায্য করছেন। পঞ্চবার্ষিক পরিকল্পনায় আমাদের কি হবে। কয়েকটি কমিউনিটি ডেভেলপমেন্ট, কিছু রাস্তাঘাট, হাসপাতাল এতে কি হবে। একটিমাত্র জিনিস আছে দুর্গাপুর প্রজেক্ট, কিন্তু সেখানেও শ্রমিকশক্তি থেকে আরম্ভ করে সমস্ত কনট্রাক্ট সব কিছু অবাঙালীর হাতে যাচ্ছে। যেদিন দুর্গাপুর প্রজেক্ট হয়ে যাবে সেইদিনই সেটা অবাঙালীর হাতে চলে যাবে, এমন কি আশেপাশের জমি পর্যন্ত আজ বাঙালীর হাত থেকে সরে যাচ্ছে। এই অবস্থায় আমাদের পঞ্চবার্ষিক পরিকল্পনায় কি লাভ আছে। আমাদের কলকাতা শহর শেষ হয়ে যাচ্ছে—আমাদের এখান থেকে কারখানা উঠে যাচ্ছে, এখানে না কি ভয়াবহ লেবার ট্রাবল। কিন্তু কলকাতায় সবচেয়ে কম লেবারের দাম, সবচেয়ে সস্তায় লেবার পাওয়া যায় এটা তো সকলেই জানেন। একটা অজুহাত মুখ্যমন্ত্রী মহাশয় দেখিয়েছেন, ওই লেবার ট্রাবলের কথা বলে। আজ বড় বড় সমস্ত ফিনান্সের ব্যাপার বোম্বে নিয়ে যাওয়া হচ্ছে—

State Bank, Reserve Bank, Insurance Finance,

সব কিছু সেন্টার আজ বোম্বে নিয়ে যাচ্ছেন। পশ্চিমবাংলায় এই একটি ছোট্ট প্রদেশে মাথাপিছু কি পরিমাণ পিগ্ আয়রনের ব্যবস্থা হয়েছে। এখানে ফ্যাক্টরী বেশী, ইন্ডাস্ট্রী বেশী, এখানে উত্তরপ্রদেশের কৃষক যে পরিমাণ লোহা পাবে এই শ্রমিক-অধ্যুষিত প্রদেশের লোকও সেই পরিমাণ পাবে। তা ছাড়া মিড্‌ল ইন্ডাস্ট্রিজ, ইঞ্জিনীয়ারিং এবং অন্যান্য যে সমস্ত ইন্ডাস্ট্রিস তার বার আনা অর্থাৎ শতকরা ৭৫ ভাগ বন্ধ হয়ে যাচ্ছে, যেহেতু লোহা নেই। একটিমাত্র জিনিস আমাদের সুবিধা ছিল লোহা এবং কয়লা, তাও আমাদের নাগালের বাইরে চলে যাচ্ছে, কলকাতার পোর্ট নষ্ট হচ্ছে, কলকাতার শিল্পকে পিষে মারা হচ্ছে। এক্সপার্ট কমিটি বসে বললেন—এখানে রিফাইনারি হবে না, অমনি সেটা সরে গেল; কলকাতায় কেন্দ্রীয় সরকার কোন একটা বড় ফিনান্স সোর্স রাখছেন না, সমস্ত কেন্দ্রীয় জিনিস ধীরে ধীরে কলকাতা থেকে সরিয়ে নেবার পরিকল্পনা কার্যতঃ শুরু হয়ে গিয়েছে। সবচেয়ে শেষে আবার বলব এই কলকাতা পোর্ট নষ্ট হোক, এখানকার ফরাক্কা ব্যারেজ নষ্ট হোক এইভাবে এখানকার মিড্‌ল ইন্ডাস্ট্রিজ নষ্ট হোক এই আজ কেন্দ্র থেকে ব্যবস্থা করা হচ্ছে। লোহা এবং কয়লার এমন দাম ধরা হচ্ছে যে কলকারখানা কাছাকাছি এগুলি থাকলেও কোন ফল হবে না, বোম্বে, মাদ্রাজে যে দামে দেওয়া হবে, কলকাতাতেও সেই দামে দেওয়া হবে। যেখানে দিল্লীর এই মনোভাব সেখানে কলকাতার ভবিষ্যৎ কি হতে পারে? সেখানে আমাদের রাষ্ট্র যদি কঠিন না হয়ে দাঁড়ায়, বাঙালীকে রক্ষা করতে কঠিন না হয়ে দাঁড়ায় তা হলে আমাদের রাষ্ট্রে শিল্পোন্নতি হওয়ার কোন সম্ভাবনা নেই।

Sj. Hemanta Kumar Basu:

স্পীকার মহোদয়, এই বাজেট পেশ করবার সময় মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বলেছেন যে, বাংলাদেশের এই বাজেট সম্পূর্ণ সুদৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত। কি রকম সুদৃঢ় ভিত্তি, তা আমরা বুঝতে পারছি না। আজ বাংলাদেশের সামনে যেসকল সমস্যা রয়েছে, সেই সমস্ত সমস্যা সমাধানের কোন রাস্তা বা পথ দেখাতে পারেন নি। বেকার সমস্যা, অন্ন সমস্যা, উদ্বাস্তু

সমস্যা প্রভৃতি বহু সমস্যা আজ আমাদের সামনে রয়েছে, অথচ তিনি বলেছেন যে, বাংলাদেশের অর্থনৈতিক ভিত্তি সম্পূর্ণ সুদৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত হয়েছে।

যেসমস্ত উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে, তার পথে কি কি বাধাবিপত্তি আছে, কি কি ত্রুটি আছে, কি কি অসুবিধা আছে, গভর্নমেন্ট কোন্ জায়গায় ভুল করেছেন, কোথায় ফেলিওর হয়েছে, কতখানি অগ্রসর হয়েছেন, সেসকল বিষয় বিশেষভাবে তিনি বলেন নি।

[4-10—4-20 p.m.]

দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনা শেষ হয়ে এল এবং দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনাকালে প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনার পর যেসমস্ত সমস্যার সমাধানের কথা ছিল, দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় সে সম্বন্ধে কোন উল্লেখ করেন নি। এমন কোন চিত্র দেশের সামনে তুলে ধরেন নি যাতে ক'রে বাস্তবিক লোকের মনে আশা জাগে, উৎসাহ জাগে। ভবিষ্যতে যাতে তারা আরও সুখে শান্তিতে বাস করতে পারে সেদিকে কোন দৃষ্টি দেওয়া হয় নি। ঋণ বেড়েই চলেছে যদিও বলেছেন এই বৎসর কোন নূতন ট্যাক্স চাপানো হয় নি। নূতন ট্যাক্স আর কি চাপাবেন? দরিদ্র লোক করভারে এতই পীড়িত যে ট্যাক্সের বোঝা বইবার ক্ষমতা অতীতেই তার শেষ হয়ে গিয়েছে। তার উপর জিনিসপত্রের দাম যেভাবে বেড়ে চলেছে তাতে তার উপর আর ট্যাক্সের বোঝা চাপানোর কথা আসতেই পারে না। তার উপর প্রতি বৎসরই সরকারের ঋণ বেড়েই চলেছে। এইভাবে যদি ঋণ বাড়ে তা হ'লে দেশ দেউলিয়া হয়ে যাবে। ১৯৫৭-৫৮ সালে ঋণ ছিল ৩১,৩৩,২৬,০০০ টাকা; ১৯৫৮-৫৯ সালে বেড়ে হ'ল ৩৬,৯৬,২৯,০০০ টাকা; ১৯৫৮-৫৯ সালের সংশোধিত বাজেটে হ'ল ৪৭,৪২,৫৮,০০০ টাকা; আর ১৯৫৯-৬০ সালের বাজেটে দেখতে পাচ্ছি যে, ঋণের পরিমাণ হচ্ছে ৫৩,১৩,৯২,০০০ টাকা। কাজেই ঋণ বেড়ে চলেছে এবং এই ঋণ এমন ভয়াবহভাবে বেড়ে চলেছে যে, সরকারের এই দেশকে বিক্রি ক'রে দেওয়া ছাড়া আর কোন রাস্তা নেই। এই ঋণ যে কি ক'রে পরিশোধ করবেন তার কোন রাস্তা আমরা দেখতে পাই না। তারপর মূলধন খাতে ব্যয় বৃদ্ধি ক'রে নূতন নূতন শিল্প যদি গড়ে তোলা যায় তবেই তা থেকে আয় হবে এবং তবেই সেই সমস্ত আয় থেকে ঋণ শোধ করা যাবে। অথচ সেই মূলধনের খাতে খরচ ক্রমশই কমে আসছে। এবারের বাজেট দেখে প্রথমেই মনে হ'ল যে, ডাক্তার রায় ও তাঁর সরকার এই দেশকে দেউলিয়া ক'রে দিতে বদ্ধপরিকর। মূলধনের খাত বাড়িয়ে ও শিল্প গড়ে তুলতে পারলে এই ঋণ শোধ করবার একটা সম্ভাবনা থাকত। কিন্তু বাজেটে দেখছি, একদিকে ঋণের বাড়তি, অন্যদিকে মূলধন খাতে খরচ কম। ১৯৫৮-৫৯ সালের সংশোধিত বাজেটে এই খাতে ব্যয়বরাদ্দ ছিল ২০,৭৯,৮৮,০০০ টাকা, আর সেখানে এই বৎসর ধরা হয়েছে ২৬,৭৭,৪৫,০০০ টাকা। কাজেই দেখতে পাচ্ছি যে, মূলধনের খাতে, যেখান দিয়ে আয় হবে, সেখানেই টাকা ক্রমশ কমিয়ে দেওয়া হচ্ছে। কাজেই দেশের যে সমস্যা, সেই সমস্যার সমাধানের কোন রাস্তা বা কোন পথ এই বাজেটে আমরা দেখতে পাচ্ছি না।

এখন উপায় কি আছে? সরকার ব্যবসা করতে গিয়ে লোকসান দিচ্ছেন, যে লোকসান হচ্ছে তাতে সেখানে কোন আশা নাই। প্রতিটি ক্ষেত্রেই একটা চূড়ান্ত কেলেঙ্কারী দেখতে পাচ্ছি।

Financial results of schemes involving transactions of a commercial or semi-commercial nature.

দ্বিতীয়তঃ সরকার যে ব্যবসায়ের বিবরণ দিচ্ছেন, তাতে স্টেট ট্রান্সপোর্ট সার্ভিস, ক্যালকাটাতে লোকসান দিচ্ছেন ৪ লক্ষ ৫৫ হাজার টাকা

Deep-sea fishing by Trawlers

সেখানে দিচ্ছেন ৭ লক্ষ ২৫ হাজার, ইন্ডাস্ট্রিয়াল সেন্টারসে দিচ্ছেন ২ লক্ষ ২৪ হাজার, রুরাল ব্রিকস অ্যান্ড টাইল বোর্ড সেখানে দিচ্ছেন ২৯ হাজার টাকা। দুর্গাপুর ব্রিক বোর্ডএ দিচ্ছেন ১ লক্ষ ৩৩ হাজার টাকা,

Scheme for Development of Small-scale Industries of Howrah

১ লক্ষ ৫৫ হাজার টাকা, সেলস এম্পোরিয়ামএ ৪৫ হাজার টাকা—মোট লোকসান হচ্ছে ১৭ লক্ষ ৫১ হাজার টাকা। তারপর তাঁদের লাভের হিসাব দেখুন

Central Workshop, Belghoria, State Transport Service, Milk Distribution Schemes in Calcutta and its environs, Butter and Ghee Distribution Schemes, Brooklyn Ice Plant and Cold Storage, Schemes for Aiding Silk Reelers' Co-operatives and Allied Organizations

সব মিলিয়ে মাত্র ৮ লক্ষ ৬৫ হাজার টাকা। এই হিসাব তাতে দেখবেন সরকারী ব্যবসায়ে ৮ লক্ষ ৭৭ হাজার টাকা লোকসান করছেন। সরকার যেখানে এত লোকসান করছেন প্রাইভেট বিজনেসএ সেখানে যথেষ্ট লাভ হয় কিন্তু সরকার যেখানেই হাত দেন সেখানে লোকসান ছাড়া আমরা আর কোন রাস্তা দেখতে পাই না। এখন ব্যাপার হ'ল পশ্চিমবঙ্গ-সরকার যা ট্যাক্স বাবত নিচ্ছেন, সে টাকা নিয়ে তাঁরা ছিনিমিনি খেলছেন এবং সমস্ত কারবারে তাঁরা লোকসান দিচ্ছেন। হরিণঘাটা সম্বন্ধে বঙ্কিমবাবু বলেছেন। আমরা যা দেখছি হরিণঘাটা সম্বন্ধে কোন আলাদা হিসাব দেখানো হয় নি, অন্যদিকে নানা বিভাগে ঢুকিয়ে সে খরচ দেখানো হয়েছে। ঋণ আর বাড়ানো চলবে না. ব্যবসা যা কিছু সরকারের হাতে পড়ে তাতে কোন জায়গায় বিশেষ উন্নতিলাভ করবে ব'লে আমরা দেখতে পাচ্ছি না, কিন্তু টাকা যেখান থেকে আসবে সরকার সেদিকে দৃষ্টি দিচ্ছেন না। এই সমস্ত কথা আমরা বারবার বলেছি—বড় বড় শিল্পপতিরা যেসমস্ত ব্যবসাবাণিজ্য করে তাতে তারা মোটা লাভ করছে। কাজেই বর্তমানে যে অর্থনৈতিক সমস্যা এর সমাধান সরকার যে পথে চলেছেন সে পথে লোকের হবে না। বড় বড় যেসমস্ত কোম্পানি আছে সেইসমস্ত কোম্পানি যদি জাতীয়করণ না করা যায় তা হ'লে অর্থনৈতিক সমস্যার সমাধান কোন মতেই হবে না, ঋণের বোঝা ক্রমেই বাড়বে এবং অপরদিকে দেশের বেকার সমস্যাও ক্রমে বাড়বে। কাজেই সেদিক থেকে এই সমস্ত বড় বড় শিল্পকে জাতীয়করণ করা একান্ত দরকার। তাঁরা বার বার ব'লে থাকেন যে, তাঁরা সমাজতন্ত্র ধাঁচে সমাজব্যবস্থা করবেন কিন্তু সমাজতন্ত্র কতদূর হ'তে পারে? আমরা দেখতে পাচ্ছি দেশের ধনিকশ্রেণী তাদের ইচ্ছামত মাল বেচছে এবং দেশের লোককে শোষণ করবার সমস্ত সুযোগ পাচ্ছে।

[4-20—4-30 p.m.]

টাকার যদি দরকার হয় তা হ'লে জমিদারী প্রথা বিলোপের যে কম্পেনসেশন ধরা হয়েছে সেই কম্পেনসেশন মধ্যবিত্ত গরিব লোক যারা মধ্যস্বত্বভোগী তাদের কম্পেনসেশন দেওয়া হোক আর বাকি যে টাকা সেই টাকা উন্নয়নমূলক পরিকল্পনার কাজে লাগানো হউক। এখানে দেড় কোটি টাকা ধরা হয়েছে কাজেই এই দেড় কোটি টাকার মধ্যে যদি মধ্যস্বত্বভোগীদের পঞ্চাশ লক্ষ টাকা লাগানো হ'ত এখানে এক কোটি টাকা অন্যান্য উন্নয়ন খাতে সরকার খরচ করতে পারতেন। এখনও বাজেটে পুলিস জেনারেল অ্যাডমিনিস্ট্রেশনএর জন্য খরচ বেশি হচ্ছে, একটা কল্যাণ রাষ্ট্রের পক্ষে এটা খুব মঙ্গলজনক নয়। তাই বলি, সাধারণ শাসন, পুলিস প্রভৃতির জন্য টাকা কমিয়ে শিক্ষা ও জনস্বাস্থ্যের জন্য ব্যয় বৃদ্ধি করা একান্ত প্রয়োজন। কিন্তু সেদিকে কোন চেষ্টা নাই। শিক্ষার জন্য ব্যয় বৃদ্ধি করা হয়েছে ব'লে দাবি করা হচ্ছে, কিন্তু রেভিনিউ এক্সপেন্ডিচার হিসাবে যে পারসেন্টেজ ধরা হয়েছে তাতে দেখা যায় যে, পুলিস খাতে ১২·২ কিন্তু এই সঙ্গে স্টেট এক্সাইজ পুলিস ন্যাশনাল ভলেন্টিয়ার কোর তার খরচ ধরলে পুলিসের খরচ যে আরও বেশি হয় তাতে সন্দেহ নাই।

উদ্বাস্তু পুনর্বাসন সমস্যা এখন সেই অবস্থায় এসে দাঁড়িয়েছে যার কোন সমাধান দেখতে পাচ্ছি না। হাজার হাজার উদ্বাস্তুর পুনর্বাসন, তাদের জমি দেওয়া এবং তাদের অর্থনৈতিক পুনর্বাসনের কোন ব্যবস্থা আমি দেখতে পাচ্ছি না।

[Here the member having reached his time limit resumed it.]

Sj. Subodh Banerjee:

স্পীকার মহাশয়, সরকারপক্ষ থেকে অর্থমন্ত্রী মহাশয় ১৯৫৯-৬০ সালের বাজেট পেশ করেছেন। এই বাজেটে নূতনত্ব কিছুই নাই। গত কয়েক বৎসর ধ'রে বাজেটে যে ধরণ পরিলক্ষিত হচ্ছে ঠিক সেই ধরনই এই বাজেটের মধ্যেও লক্ষ্য করছি। বললে অন্যায় হবে না যে, এই বাজেট সম্পূর্ণরূপে পরিকল্পনাহীন; বাস্তবের সঙ্গে এর কোনই সম্পর্ক নাই। বাজেটের মঞ্জুরী, সংশোধিত বাজেট এবং প্রকৃত কোন আয়ব্যয়ের মধ্যে কোন সম্পর্ক নাই।

এই অসংগতি নূতন নয়; প্রত্যেক বৎসরই এই জিনিস হচ্ছে। ১৯৫৪-৫৫ সালের বাজেট এস্টিমেটে ১২ কোটি ৩২ লক্ষ টাকা ঘাটতি দেখানো হয়েছিল। সংশোধিত বাজেটে ঘাটতি কমিয়ে দেখানো হ'ল ৩ কোটি ১ লক্ষ টাকা। আর প্রকৃত আয়ব্যয়ে দাঁড়াল—ঘাটতি নয়, ৯ কোটি ৫ লক্ষ টাকা বাড়তি। তা হ'লে ১৯৫৪-৫৫ সালের বাজেট এস্টিমেট এবং প্রকৃত আয়ব্যয়ের তফাত হ'ল ২১ কোটি ৩৭ লক্ষ টাকা। ১৯৫৫-৫৬ সালের বাজেট এস্টিমেটে দেখানো হ'ল ৪ কোটি ৩৭ লক্ষ টাকা ঘাটতি। প্রকৃত আয়ব্যয় সেখানে বাড়তি হ'ল ১৭ কোটি ৮ লক্ষ। তা হ'লে ১৯৫৫-৫৬ সালের মঞ্জুরী এবং প্রকৃত আয়ব্যয়ের মধ্যে পার্থক্য দাঁড়াল ২১ কোটি ৪৫ লক্ষ টাকা। এইখানেই শেষ নয়, ১৯৫৬-৫৭ সালে, ১৯৫৭-৫৮ সালে এবং ১৯৫৮-৫৯ সালেও সেই একই ব্যবস্থা লক্ষ্য করা যাচ্ছে। ১৯৫৮-৫৯ সালের অর্থাৎ গত বৎসরের বাজেট এস্টিমেটে বলা হ'ল যে, মোট রাজস্ব আয় হবে ৬৮ কোটি ৮৭ লক্ষ টাকা কিন্তু সংশোধিত বাজেটে তা দাঁড়িয়েছে ৮১ কোটি ৮৭ লক্ষ টাকা। অর্থাৎ রাজস্বের আয়ে বাড়তি ঘটল ১২ কোটি ৭১ লক্ষ টাকা। স্পীকার মহাশয়, আমি জানি যে, কোন ক্ষেত্রেই যা যা আয় ও ব্যয় হবে বাজেট প্রণয়নকালে তা হুবহু বলা অসম্ভব। বাজেট এস্টিমেট, সংশোধিত বাজেট ও প্রকৃত আয়ব্যয়ের মধ্যে তাই পার্থক্য থাকতে বাধ্য। এই পার্থক্য কত হবে তা নির্ভর করে অর্থমন্ত্রীর দূরদৃষ্টের উপর। আমাদের এই প্রদেশে এই পার্থক্যের পরিমাণ হ'ল শতকরা ২০ ভাগ। অন্যান্য দেশে সবচেয়ে বেশি হ'লে এই পার্থক্য কখনই শতকরা ৫ ভাগের বেশি হ'তে দেখা যায় না।

Mr. Speaker:

কন্টিনজেন্সির কি হয়?

Sj. Subodh Banerjee:

সেটার হিসাব করি নি; এস্টিমেটের সঙ্গে আকচুয়ালের শতকরা ২০ ভাগ প্রভেদ। এই প্রভেদের জন্য সময়মত টাকার অভাবে পরিকল্পনা আরম্ভ করা যায় না এবং গঠনমূলক কাজগুলি ক্ষতিগ্রস্ত হয় সবচেয়ে বেশি। তা ছাড়াও প্রকৃতপক্ষে যেটা বাড়তি বাজেটে তাকে কাগজপত্রে ঘাটতি দেখানো হয় বিশেষ উদ্দেশ্যে। উদ্দেশ্যটা কি? বাড়তি বাজেটকে ঘাটতি বাজেট দেখানোর তিনটা উদ্দেশ্য আছে। প্রথম উদ্দেশ্য হ'ল—জনসাধারণের মনকে এইভাবে তৈরি করা যে, সরকার যা খরচ করতে চান তত টাকা সরকার পাচ্ছেন না, তাই ঘাটতি বাজেট এবং সে অবস্থা কাটাবার জন্য আরও বেশি ট্যাক্স ধার্য ক'রে ঘাটতিকে কাটান। অর্থাৎ প্রথম উদ্দেশ্য হ'ল আরও কর ধার্য করার উদ্দেশ্যে ক্ষেত্র প্রস্তুত করা। দ্বিতীয় কারণ হচ্ছে—জনতাকে দেখানো যে, তাদের জন্য শিক্ষার খাতে চিকিৎসার খাতে সরকার প্রচুর খরচ করছেন যা প্রকৃতপক্ষে কোনদিনই খরচ হয় না। আর তৃতীয় কারণ হচ্ছে, কেন্দ্রীয় সরকারের কাছে ভিক্ষা করার সুবিধা। এই ধরনের ঘাটতি বাজেট উপস্থিত করা প্রদেশগুলির স্বভাবে দাঁড়িয়ে গেছে। যেখানে এস্টিমেট ও আকচুয়ালের মধ্যে শতকরা ২০ ভাগ প্রভেদ হয় সেখানে তাকে বাজেট প্রণয়ন বলা ঠিক নয়, তাকে জুয়া বলাই অধিকতর মানানসই। এই রকম পরিকল্পনাহীন বাজেট অন্য কোন রাজ্যে করা হয় ব'লে আমার জানা নেই। ডাঃ রায় প্রায়ই কথায় কথায় বলেন যে, তিনি কোন অ্যাডিশনাল ট্যাক্সেশন—বাড়তি কর ধার্য করেন নাই। অ্যাডিশনাল ট্যাক্সেশন না করার অর্থ কি যে, বর্তমান ট্যাক্স যা আছে তার হার বাড়িয়ে দেওয়া? নতুন জিনিসকে বর্তমান করের আওতায় আনলে কি অ্যাডিশনাল ট্যাক্সেশন করা হয়? এই দুটি জিনিসই ডাঃ রায় করেছেন। ধরুন, বিক্রয় কর। আগে তার হার ছিল শতকরা ৪ টাকা ১১ আনা; এখন হ'ল শতকরা ৫ টাকা। এর নাম নিঃসন্দেহে বাড়তি কর ধার্য। আগে ডিজেল তেলের উপর বিক্রয়কর ছিল না; এখন তার উপর বিক্রয়কর বসেছে। এর নামও বাড়তি কর ধার্য। তা হ'লে বাড়তি কর ধার্য হয় নি—একথা বলা মিথ্যা। কর কি রকম বাড়ছে দেখুন। ১৯৫৪-৫৫ সালে কর হিসাবে প্রাপ্ত রাজস্ব আয় এ রাজ্যে ছিল ৩০,৫৯,০৪,০০০ টাকা; ১৯৫৫-৫৬ সালে তা হ'ল ৪৬,৯৭,২০,০০০ টাকা, ১৯৫৭-৫৮ সালে—৪৮,৮৫,৩৫,০০০ টাকা আর ১৯৫৯-৬০ সালে ৫৫,৯২,২১,০০০ টাকা। এই তালিকা দেখলে বোঝা যায় গত ৬ বছরের মধ্যে কর আদায় ৮৩ পারসেন্ট বেড়ে গেছে। এই কর—রাজস্ব আদায় বৃদ্ধির অর্থ-নৈতিক অর্থ কি? এই ট্যাক্স দিচ্ছে কে? এই কর জনসাধারণই দিচ্ছে। এর অর্থ হ'ল এই

যে, এই প্রদেশের জনসাধারণ ৬ বছর আগে যে পরিমাণ ট্যাক্স দিত, সেই জনসাধারণই আজ তার চেয়ে ৮৩ পারসেন্ট বেশি করে দিচ্ছে। ডাঃ রায় বলবেন যে, মূল্যমানসূচক এই ৬ বছরের মধ্যে বেড়ে গিয়েছে তাই করের মোট পরিমাণ বেড়েছে। সে যুক্তি অচল, কারণ এই সময়ের মধ্যে মূল্যমানসূচক বেড়ে গেছে তো শতকরা ৮ ভাগ, কিন্তু কর-রাজস্ব আদায় বেড়ে গেছে শতকরা ৮৩ ভাগ। অর্থমন্ত্রী একথাও বলতে পারেন যে, রাজস্ব আদায় ব্যবস্থা ভাল হওয়ার জন্যই এই বৃদ্ধি ঘটছে। আমি আগেই দেখিয়েছি যে, রাজা-করের হার বেড়েছে, নূতন জিনিসকেও করের আওতায় নূতন ক'রে আনা হয়েছে ; আর কেন্দ্রীয় কর, যেমন কেন্দ্রীয় আবগারি শুল্ক, যার অংশ এই সরকার পান সেসব কর বহুগুণ বেড়েছে এবং বহু জিনিস নূতন ক'রে করের অধীনে এসেছে।

Mr. Speaker:

I was wondering whether land revenue plus plugging of loop holes and better collection have any result on what you say.

Sj. Subodh Banerjee:

সেটা তার পরে ডিল করব। যা বলছিলাম। অর্থমন্ত্রীর যুক্তি মেনে নিলেও কি দাঁড়ায়? কর আদায় ব্যবস্থা ভাল হওয়ার অর্থনৈতিক মানে কি? জনসাধারণের নিকট হ'তে বেশি পরিমাণ টাকা আদায় করা। মোদ্দা কথা, অধিকতর অর্থনৈতিক শোষণ করা।

[4-30—4-40 p.m.]

মিঃ স্পীকার, স্যার, এইবার আমি ট্যাক্সের জনপ্রতি করের চাপের কথায় আসছি। ভারতবর্ষে যতগুলি রাজ্য আছে তার মধ্যে পশ্চিম বাংলায় জনপ্রতি গড় ট্যাক্সের হার সর্বোচ্চ। এখানে মাথাপিছু ট্যাক্সের হার প্রকৃত আয় হিসাব ক'রে বলছি ১৩ টাকা। একজন লোক শিক্ষা, চিকিৎসা, আমোদপ্রমোদ এবং যাতায়াতের জন্য যে পয়সা গড়ে খরচ করে তার চেয়ে আড়াই গুণ বেশি এই জনপ্রতি করের হার। এ তো গেল রাজ্য-কর ; এই ট্যাক্স ছাড়াও ইউনিয়ন বোর্ড প্রভৃতি স্থানীয় ট্যাক্স এবং কেন্দ্রীয় ট্যাক্স আছে। এইদিক থেকে বিবেচনা ক'রে এই বাজেটকে রিগ্রেসিভ, নিষ্পেষণমূলক বাজেট বলতে এতটুকুও আটকায় না।

চতুর্থতঃ এবার বাজেটের আয়ব্যয়ের কাঠামোটা একটু বিচার ক'রে দেখুন। মোট রাজস্ব আয়ের শতকরা ৭১·৫ ভাগ কর থেকে আসছে যাকে ইংরেজীতে বলে ট্যাক্স রেভিনিউ। এই কর-রাজস্ব রাজ্যসরকারের কর এবং কেন্দ্রীয় করের অংশ নিয়ে গঠিত। কেন্দ্রীয় সরকারের সাহায্য বাবত আসছে শতকরা ১৫·৩ ভাগ এবং বাকি ১৬·২ ভাগ আসছে রাজ্যসরকারের অ-কর রাজস্ব থেকে। কেন্দ্রীয় সরকারের যে টাকা সাহায্য হিসাবে আসছে সেই টাকা কেন্দ্রীয় সরকার জনসাধারণের উপর ট্যাক্স ক'রে আদায় করছে। সেই হিসাবে

in this State at least 75 per cent. of our total revenue comes directly through State tax or as share of centrally levied tax.

কোন জনকল্যাণ রাষ্ট্রে এই জিনিস হয় না। জনকল্যাণ রাষ্ট্রের বাজেট এমনভাবে প্রণয়ন করা হয় যাতে জনসাধারণের উপর ট্যাক্সের ভার কমে যায়। ট্যাক্স উঠিয়ে দেওয়ার চেষ্টার দিকে তার লক্ষ্য থাকে। সোভিয়েট ইউনিয়নে ট্যাক্স তুলে দেবার চেষ্টা হচ্ছে। সেটাই হ'ল ঠিক। আমাদের এখানে হচ্ছে তার উলটো। অর্থাৎ বেশি ক'রে ট্যাক্স চাপানো হচ্ছে। এখানেই মূল পার্থক্য। সোভিয়েট ইউনিয়ন সমাজতান্ত্রিক রাষ্ট্র, আর আমাদের এটা হ'ল পুঁজিবাদী রাষ্ট্র তাই এই মূল পার্থক্য। কিন্তু পুঁজিবাদী রাষ্ট্রেও যে কাজ হ'তে পারে তাও এখানে হচ্ছে না। স্পীকার মহাশয়, আপনি বোধ হয় জানেন যে, ডাঃ রায় নিজেই স্বীকার করেছেন যে, পশ্চিম বাংলার কর আদায় স্যাচুরেশন পয়েন্টের শেষ সীমায় পৌঁছেছে এবং জনসাধারণের উপরে আর ট্যাক্স ধার্য করা যায় না। আবার তিনি একথাও বলেছেন যে, আমাদের রাজ্যের গঠনমূলক কাজের জন্য অর্থের প্রয়োজন। জনসাধারণের উপর ট্যাক্স চাপানো যায় না অথচ অর্থের প্রয়োজন —এই সমস্যাকে কি ক'রে সমাধান করা যায়? এটা সমাধান করার একমাত্র উপায়, রাষ্ট্রীয় ব্যবসা—স্টেট ট্রেডিং। অর্থাৎ রেভিনিউ ফ্রম আদার সোর্সেসকে বৃদ্ধি করতে হবে।

কিন্তু আমাদের এদিকে না তাকানোই ভাল। ডাঃ রায় এখানে একদিন গর্ব ক'রে আমাকে বলেছিলেন,

"Mr. Banerjee, I know something of business,"

ডাঃ রায় নিশ্চয় ব্যবসা ভালই বোঝেন কারণ তাঁর অনেক ব্যবসা প্রতিষ্ঠান স্বনামে ও বেনামে আছে। কিন্তু মুশকিল কোথায় জানেন? রাষ্ট্রীয় ব্যবসায় হ'লে টাকা দিতে হবে রাষ্ট্রকে, খেসারত বহন করতে হবে জনসাধারণকে আর লাভ খাবার অধিকার থাকবে ডাঃ রায়ের—এইরকম ব্যবসা না হ'লে ডাঃ রায়ের পোষায় না। এইরকম রাষ্ট্রীয় ব্যবসার মাষ্টার ডাঃ রায়। কারণ তা না হ'লে তিনি যে ১৪টা কমার্সিয়াল অ্যান্ড নন-কমার্সিয়াল এন্টারপ্রাইজ করেছেন তার মধ্যে ৮টাতে লোকসান দিচ্ছেন কেন? তাদের মোট পরিমাণ কম নয়, বছরে ৩০ লক্ষ ২৭ হাজার টাকা। ১৯৫৭-৫৮ সালের বাজেট ফিগার থেকে বলছি যে, ১৪টা কমার্সিয়াল অ্যান্ড নন-কমার্সিয়াল এন্টারপ্রাইজের মধ্যে ৮টাতে অ্যাকচুয়াল লস দিয়েছেন ৩০ লক্ষ ১৭ হাজার টাকা। এই লোকসান প্রতি বছর কমতির দিকে নয় বাড়তির দিকে। এর পরেও ডাঃ রায় যদি গর্ব ক'রে বলেন যে, তিনি ব্যবসা বেশ ভাল বোঝেন তা হ'লে আপনিই বিবেচনা ক'রে দেখুন যে, এটাকে কি বলা যেতে পারে। অবশ্য তাঁর আত্মম্ভরিতা ও বাগাড়ম্বরে গুরুত্ব দেবার কিছু নেই, কারণ বয়স বেশি হ'লে আত্মম্ভরিতা বাড়ে, কথাও বেশি বলে। সুতরাং আমি আত্মম্ভরিতা ও বাগাড়ম্বরে গুরুত্ব দিচ্ছি না। বলতে বাধ্য হচ্ছি রাষ্ট্রের টাকা, জনসাধারণের টাকা নয়-বয়-ছয় হচ্ছে ব'লে। একটা হিসাব দেখুন। একটা মোটরবাস যদি কোন লোক চালায় তা হ'লে মাসে তার কমপক্ষে হাজার টাকা লাভ হয়। কিন্তু ১৯৫৭-৫৮ সালের রাষ্ট্রীয় পরিবহণের প্রকৃত আয়ব্যয় ধরুন, ৫৬৫টা বাস সরকারের অধীনে চলা সত্ত্বেও সে বছর ক্ষতি হয়েছে ৭ লক্ষ ৮৮ হাজার টাকা। এর উদ্দেশ্য হচ্ছে—জনমনে এমন একটা অবস্থার সৃষ্টি করা যাতে স্টেট ট্রেডিংএর প্রতি তারা বিরক্ত হয়ে ওঠে, যাতে লোকে বোঝে যে, রাষ্ট্রের হাতে ব্যবসা প্রতিষ্ঠান যাওয়ার অর্থ হচ্ছে ক্ষতি হওয়া এবং জনসাধারণের উপর ট্যাক্সের বোঝা বাড়া।

This is subtle way of helping private Sector.

এইসব তথাকথিত রাষ্ট্রীয় ব্যবসার জন্য কোটি কোটি টাকা ঋণ ক'রে ডাঃ রায় বাংলাদেশকে প্রায় দেউলিয়া ক'রে ছেড়ে দিয়েছেন। ১৯৫৭ সালে বাজেট আলোচনার উত্তরে ডাঃ রায় বলেছিলেন যে, সরকার দেনা করেছেন ঠিকই কিন্তু তার বিরুদ্ধে সম্পত্তি ও

sinking found against loan raised in the open market

সিঙ্কিং ফান্ড আছে। মিঃ স্পীকার, স্যার, বাজেট আলোচনা করলে দেখবেন যে, এসমস্ত ডুয়া কথা। তাঁর স্বীকৃতিমতে ১৯৫৮ সালের ৩১এ মার্চ পর্যন্ত বাংলাদেশের মোট দেনার পরিমাণ ছিল ২১২ কোটি টাকা। ১৯৫৮-৫৯ সালে ৪৪ কোটি ২৪ লক্ষ টাকা যোগ হয়েছে। আর ১৯৫৯-৬০ সালের এস্টিমেটে দেখা যাচ্ছে যে, ৪৫ কোটি ২৯ লক্ষ টাকা আরও যোগ হবে। তা হলে পশ্চিম বাংলায় মোট দেনার পরিমাণ গিয়ে দাঁড়ায় ৩০১ কোটি ৫৩ লক্ষ টাকা। ডাঃ রায়ের বক্তব্য এর বিরুদ্ধে অ্যাসেট আছে। কি জাতীয় অ্যাসেট আছে? গভীর জলের মাছ ধরা, হরিণঘাটা দুগ্ধ প্রতিষ্ঠান, দুর্গাপুর ব্লক অ্যাসেট, রুরাল ব্লক অ্যান্ড টাইল প্রভৃতি তাঁর মতে সম্পত্তি। এর নাম কি অ্যাসেট? তিনি নিজে ১৯৫৭ সালের বাজেটে স্বীকার করেছেন যে, ৩১এ মার্চ ১৯৫৮ সাল পর্যন্ত ১৮০ কোটি টাকা অ্যাসেট ও সিঙ্কিং ফান্ড আছে ২১২ কোটি টাকার ঋণের বিরুদ্ধে। অর্থাৎ ৩২ কোটি টাকার বিরুদ্ধে কোন সিঙ্কিং ফান্ড কিংবা অ্যাসেট নেই; এটা ঋণ ও তার বিরুদ্ধে সম্পত্তির মধ্যেকার ফাঁক। আজকের হিসাব ধরলে এই ফাঁক ৬০ কোটি টাকায় দাঁড়ায়। এই টাকা শোধের কোন ব্যবস্থা ডাঃ রায় করেন নি। কোথা থেকে পশ্চিম বাংলা সরকার দেবে? অ্যাসেট নেই, সিঙ্কিং ফান্ড নেই এরকম টাকার পরিমাণ হচ্ছে ৬০ কোটি টাকা—কোথা থেকে ডাঃ রায় এ টাকা শোধ দেবেন? ফাঁকের কথা বাদ দিন। তাঁর অ্যাসেটের কথা এবার ধরুন। ডাঃ রায় বলেছিলেন যে, রিফিউজি রিহ্যাবিলিটেশনে যে টাকা ব্যয়িত হয়েছে তাও অ্যাসেট। ৪৫ কোটি টাকা এজন্য ব্যয়িত হয়েছে। উদ্বাস্তুদের যে টাকা দেওয়া হয়েছে তার কিছু আদায় হবে কি? সরকারী স্বীকৃতিমতেও তো তাদের এখনও অর্থনৈতিক পুনর্বাসনই হয় নি। তারা কি ক'রে

টাকা শোধ দেবে। তাদের পেছনে ব্যয়িত টাকার শতকরা ৮০ ভাগ যে জলে গিয়েছে তাও তো সরকারী স্বীকৃতি। এইসব জলে যাওয়া টাকাও ডাঃ রায়ের হিসাবে তা হ'লে সম্পত্তি? যতগুলি প্রতিষ্ঠান আছে তার মধ্যে দুটিকে অ্যাসেটএর পর্যায়ে ফেলতে পারেন। এক,

[4-40—4-50 p.m.]

দামোদর, দুই, ময়ূরাক্ষী। এখানেও অবস্থা দাঁড়িয়েছে এমন যে দৈনন্দিন খরচ মেটাবার মত টাকা নেই ঋণ শোধ দেওয়া তো দূরের কথা। এই হ'ল সম্পত্তি, তারপর সিঙ্কিং ফান্ড। সিঙ্কিং ফান্ডএর কথা না বলাই ভাল। গড়ে যেখানে প্রতি বৎসর খোলা বাজার হ'তে ৫ কোটি টাকা ক'রে দেনা করছেন সেখানে সিঙ্কিং ফান্ড তার বিরুদ্ধে ১ কোটি ২৫ লক্ষ টাকা রাখা হচ্ছে। এইভাবে ঋণের পরিমাণ বেড়েই যাচ্ছে। এই যে ১ কোটি ২৫ লক্ষ টাকা রাখা হচ্ছে তাতে ঋণের টাকার সুদই মেটানো যাবে না, মূলধন শোধ করা দূরের কথা। সিঙ্কিং ফান্ডএর এই হচ্ছে অবস্থা। ডাঃ রায় যে গোটা বাংলাদেশকে একেবারে অর্থ-নৈতিক দেউলিয়াপনার মধ্যে নিয়ে যাচ্ছেন সে বিষয়ে কোন সন্দেহ নাই।

বাজেটের খরচের চেহারা কি এইবার তা দেখুন। গঠনমূলক কাজে অর্থাৎ যেগুলিকে জাতি গঠন খাত বলে, সেখানে খরচ দিনের পর দিন ক'মে যাচ্ছে। সেচ, কৃষি ও শিল্প যা নাকি বাংলাদেশের সবচেয়ে বড় প্রয়োজন সেইগুলিতেও খরচের হার কমে যাচ্ছে। ১৯৫৭-৫৮ সালে যেখানে সেচের জন্য খরচ ধরা হয়েছিল মোট রাজস্ব ব্যয়ের শতকরা ৫·৫১ ভাগ, তা সংশোধিত বাজেটে শতকরা ৪·৪ হ'ল, প্রকৃত ব্যয় দাঁড়াল শতকরা ৩·৭, আর কৃষি খাতেও তাই। যেখানে ছিল শতকরা ৪·৫ ভাগ, তা হয়েছে ৩ ৬ ভাগ। শিল্পের কথা না বলাই ভাল। মন্ত্রীরা বলছেন, দেশকে শিল্পোন্নত করছেন। তাই শিল্পের জন্য মোট রাজস্বের শতকরা ·৯ ভাগ খরচ ধরা হয়েছিল ১৯৫৭-৫৮ সালে। শতকরা ১ ভাগও নয়, ·৯ ভাগ। সংশোধিত বাজেটে আরও কম হ'ল শতকরা ·৪ ভাগ। তারপর ১৯৫৮-৫৯ সালে মোট রাজস্ব ব্যয়ের শতকরা ·২ ভাগ। তবু আমাদের ডাঃ রায় বলছেন, বাংলাদেশের এমপ্লয়মেন্ট পোটেনসিয়াল বেড়ে যাচ্ছে—দেশের শিল্পায়নের গতি দ্রুততর হচ্ছে। এ না হ'লে কি দেশের শিল্প গড়া হয়! এই টাকাও আবার খরচ হয় নি। কৃষিখাত যদি ধরা হয় তাতে হিসাবে দেখতে পাচ্ছি, ১৯৫৭-৫৮ সালে বাজেটে মঞ্জুর হয়েছিল ৫ কোটি ৩৯ লক্ষ টাকা আর প্রকৃত খরচের পরিমাণ ৪ কোটি ৫৬ লক্ষ ৭২ হাজার, অর্থাৎ ৮২ লক্ষ ৮৩ হাজার টাকা কৃষিবিভাগ খরচ করতে পারলেন না। কি আমাদের সরকার রে, কি কর্মিষ্ঠ আমার মন্ত্রী! দেশে দুর্ভিক্ষ লেগেই রয়েছে কৃষিব্যবস্থার অনগ্রসরতার জন্য এই কৃষিবিভাগের যথেষ্ট উন্নতি করার সুযোগও ছিল, অথচ মন্ত্রিমণ্ডলী করার মত কাজই খুঁজে পেলেন না। টাকা ফেরৎ চলে গেল, এক আধ টাকা নয়, ৮২ লক্ষ ৮৩ হাজার টাকা। এবার জনস্বাস্থ্য বিভাগের কথা ধরুন। সেখানেও ফেরৎ গেল ৯৯ লক্ষ ৬১ হাজার টাকা। বাংলাদেশের বোধ হয় জনস্বাস্থ্য খুবই ভাল—এখানে বোধহয় ডাক্তার রায়ের মতই সকলের স্বাস্থ্য হয়ে গিয়েছে। তাই দেখছি ৯৯ লক্ষ ৬১ হাজার টাকা খরচ করা গেল না। চিকিৎসা বিভাগেও টাকা ফেরৎ চলে গেল, ১১ লক্ষ ৫১ হাজার টাকা নিশ্চয়ই যাওয়া উচিত—তা না হ'লে কংগ্রেসী রাজত্বের নাম বদলাতে হবে যে। কিন্তু যারা বিধানবাবুর দুঃশাসনের স্তম্ভ, সেই পুলিস, আমলাতন্ত্র এবং জেল এসব খাতে মঞ্জুরীর চেয়ে কিন্তু খরচ বাড়ে। ১৯৫৭-৫৮ সালে যা মঞ্জুর হয়েছিল, তার চেয়ে অনেক বেশি খরচ হয়েছে। প্রমাণ চান? ১৯৫৭-৫৮ সালের প্রকৃত ব্যয়ের দিকে তাকিয়ে দেখুন। পুলিস খাতে মঞ্জুরী ছিল ৭ কোটি ৩৭ লক্ষ ৮৯ হাজার টাকা। আর প্রকৃত খরচ হ'ল ৭ কোটি ৭৬ লক্ষ ৭৭ হাজার টাকা, অর্থাৎ ৩৮ লক্ষ ৭৮ হাজার টাকা বেশি খরচ হয়ে গেল। জেল বিভাগে ৪ কোটি ৭৮ লক্ষ এবং সাধারণ শাসন খাতে ১০ লক্ষ ৩১ হাজার বেশি খরচ হ'ল। যেগুলি গঠনমূলক কাজ সেগুলিতে সামান্য মাত্র টাকা ব্যয় হয়—যা মঞ্জুরীকৃত হয় তাও ব্যয় করা যায় না। কিন্তু যেগুলি জনসাধারণকে পিটিয়ে ঠাণ্ডা রাখবার খাত, বর্তমান পুলিসী শাসন টিকিয়ে রাখবার খাত, সেখানে মঞ্জুরীকৃত ব্যয়ের চেয়ে অনেক বেশি খরচ হচ্ছে। তবু ডাঃ রায় বলবেন যে, এটা জনসাধারণের বাজেট

No, it is not a people's budget

ইংরেজী শাসনব্যবস্থা যে পদ্ধতিতে চলত এও সেই পদ্ধতি। মিঃ স্পীকার, স্যার, স্যার জন

অ্যান্ডারসন কিংবা হ্যারবার্টও এই পথেই গিয়েছিলেন। সেই শাসনব্যবস্থাই এখনও অব্যাহত রয়েছে। শুধুমাত্র পরিচালকের পরিবর্তন হয়েছে, ইংরেজ ও লীগের বদলে বিধানবাবু বসেছেন, সাম্রাজ্যবাদের বদলে পুঁজিবাদ বসেছে। জনসাধারণের দুঃখ-কষ্ট তাই আছে। সুতরাং এই বাজেটকে আমি জনস্বার্থবিরোধী বাজেট, কালোবাজারী বাজেট বলে অভিহিত করতে চাই।

Sj. Syamadas Bhattacharyya: Mr. Speaker, Sir, it is rather surprising that my esteemed friend Shri Subodh Banerjee would spend so much time on the amount of public debt that was incurred in West Bengal. He repeatedly said, Sir, that the whole of West Bengal is being led to bankruptcy. This is a bogey which should not have been raised in this House. Sir, according to the principles of federal finance Centre naturally holds a dominant position. In financial sphere the domination of the Centre is irresistible. In fact, Sir, for a State no flexible source of revenue has ben left except sales tax, and naturally according to the pattern of things, according to the pattern of financial requirements we look up to the Centre for assistance in the forms of loans, grants and otherwise. There is nothing wrong in having loans and assistance and grants in a large and liberal measure from the Government of India. It may be that if we exclude D.V.C. and Refuge Rehabilitation the total amount of loan will be very small. We are fully justified in having this kind of loan from the Government of India.

Sj. Bankim Mukherjee waxed eloquent on the achievements of Kerala Government. I do not grudge Kerala if she can register great improvement in the economic situation of the State and show us a way out of our difficulties. Our friend Shri Hemanta Kumar Basu who followed Shri Bankim Mukherjee has given a reply to the statement of Shri Bankim Mukherjee. In fact, in the month of October, 1958 at Trivandrum there was a conference of All-India Forward Bloc which was attended to among others by Shri Hemanta Kumar Basu. In that Conference a resolution was passed to this effect that the Communist Government of Kerala has resorted to indiscriminate firing more than twice on factory workers. They have in their eagerness to please the capitalists entered into an unholy alliance with them. Further in many cases the rate of wages of labourers has been unreasonably brought down and the Communist Government lent their support to such measures. Sir, at that time Shri Hemanta Basu also said to the effect that the Communist Government had failed to fulfil the promises made at the time of the last general elections. I agree, Sir, without going into the merits of the statement about the achievements of the Kerala Government, that this statement of Shri Hemanta Kumar Basu is a fitting reply.

Sir, it has been said also by our friends opposite that the economic situation of West Bengal is deteriorating. Sir, may I point out that starting with a Budget that showed a nil balance on the date of partition, we are now budgeting a huge sum of money. Sir, it is too much to say that the economic situation is progressively deteriorating...

[4-50—5 p.m.]

From a look at the budget you will find, Sir, that the taxable capacity is increasing and taxation is also increasing. The revenue was 50.34 crores in 1955-56, today it is 79.04 crores. Sj. Subodh Banerjee complains about high taxation. Sir, we also complain about high taxation if there be any. But we have got to remember that it is not the raising of tax that matters but how that is spent. Raising revenues and spending it wisely is what really matters. We may claim some credit, for the fact that the total revenues for the last 5 years have been 336.85 crores. Of this, 49 crores

which comes to 14.5 per cent. of the revenue budget, has been canalised for nation-building purposes. Sir, another point also indicates the improvement in the situation. The industrial production has increased. In September 1958 it was 153.1 whereas in September 1957 it was 135.6. Since July 1955 it is going up. In August it was 143.7, in September it became 153.1. But, Sir, it appears to me that the rate of growth of production has slowed down to some extent. Although there has been increase in the over-all production, the rate of growth has not been kept up. The increased industrial production has been due to increase in production of iron ore, sugar, iron and steel, non-ferrous metals and automobiles. This has brought an improvement in the economic situation of West Bengal. In 1949 the number of factories were 2,418, in 1957 the number of factories was 3,439, in 1958 March it become 3,494. I believe, Sir, the indication is this that the number of factories is increasing and the number of small factories is increasing specially. Moreover, Sir, general index of agricultural production of India has increased but it is distressing to find that West Bengal is facing some deficit in food. The total production of cereals has increased. Sir, the all-India index number of wholesale price was 116.2 in October 1958 when food prices were very high, the cost of living index in Calcutta of the lower income group was also very high during this period, but cost of living index of lower income group of people has now come down to 103.8 in 1959. It was near about the same in January 1958. It subsequently rose in September-October when the food prices shot up—in the lean months of September and October. However, Sir, this year Government has undertaken to maintain stabilised price and I am sure Government will be able to maintain it. I hope, Sir, we shall succeed; with the co-operation of all and with the good wishes of all we shall be able to maintain this price level which has been fixed by Government.

No, Sir, about the pruning or deferring the plan in any way so far as our State is concerned, the Finance Minister can take legitimate pride in stating that in West Bengal there will be no pruning or deferring of the plan. Sir, is this an indication of the deterioration of our economic situation? Even at page 24 of the West Bengal Budget speech it has been said further that we shall be able to contribute more than the Central Government for the implementation of the Plan. All these indications are those of the improvement of the economic situation of West Bengal. So far as the Plan is concerned we are nearly half way through the Second Five-Year Plan and we have every reason to believe that the targets of the Plan will be fulfilled. We believe that solid foundation for future progress will have been laid by the end of the Second Five-Year Plan period, but where we want rapid industrialisation we lay particular emphasis on basic and heavy industries and that we believe is urgently necessary for laying a solid foundation for industrial development. Industrialisation involves a large increase in the rate of investment. The present rate of investment is of the order of 11 per cent. When millions of people live at the subsistence level it is idle to talk of increasing the rate of investment. We realise it but we cannot ignore the fact that the real difficulty is that much of the actual social surplus is lost on account of waste and inefficiency. Therefore, the little surplus that we have should be canalised into productive investment channels. Therefore, our aim should be to try to raise agricultural productivity and for this we want that the unemployed or the under-employed labour force of the whole of the country should be employed to carry out measures for improving agricultural productivity. We hope that labour intensive methods and not capital intensive methods of work should be adopted to carry out large irrigation projects. So far as this particular aspect of economic improvement is concerned, China has set a very good example for us. An official delegation from New Delhi visited China in 1954 and they were struck by

the speed at which vast irrigation canals were completed. In one instance, e.g., the North Kiangsu canal, which is 420 feet wide and 100 miles long, it was completed in 80 days by 12 lakhs of peasants working with little machinery. When our taxable capacity is short and when our financial resources are so very meagre, we should follow the example that China has set for us. Our immediate objective should be to ensure adequate supply of food and this together with the vast labour force that we have got—the major part of it is not very skilled but it consists of intelligent people—we believe that we shall be in a position in a short time to solve the problem of industrialisation and many of our evils will be things of the past.

While I talk of industrialisation I am fully aware of the fact that industrialisation cannot be completed without making remarkable changes, without making suitable changes in the scheme of land reforms. For example, I believe that the land reform measures which we have already adopted require re-examination and the measures that we have decided to adopt should be implemented as early as possible. It is incumbent on us that the measures of land reform should be implemented without any further delay.

Regarding the administrative machinery which deserves certain compliments for implementation of the Plan and development programmes I would submit that the administrative machinery is really worthy of some credit for success in many spheres, but I am constrained to remark that it is not free from charges of inefficiency, red-tapism, lack of integrity, coat and tie mentality; and charges of dishonesty are levelled against them which are likely to be exaggerated but are not always unfounded—at least in some cases they are not. I would, therefore, like to submit that the evil effects which follow from such a state of things should be understood, should be realised, and we should see that the offenders are speedily brought to book.

[5—5-25 p.m.]

Sir, it is sometimes said that laws stand in the way of our speedily doing things even in this sphere. I would like to ask, Sir, in that case law should be suitably amended and for the speedy disposal of cases suitable measures would have to be adopted. In this connection I would like to refer to a particular statement which was made by Shri Dhebar in his Presidential address at Nagpur. He said that the security of service of Government employees should not mean insecurity of the public. I would like to emphasise, Sir, that this is something which should be borne in mind.

Then, Sir, one word about jute prices. The position of jute is very unsatisfactory. There has been tremendous fall, a sharp fall in the prices and it should not be allowed to continue. India is striving to be self-sufficient in jute for the last few years. Previously India used to import jute amounting to 6/7 lakh bails from foreign countries, from Pakistan and today the gap that had to be bridged by bringing jute from outside has been almost complete. Now there is a downward price trend so far as raw jute is concerned and it is necessary, it is incumbent upon us, to see that the cultivator gets an economic return for his labour. If we fail to do that, if we fail to secure an economic return for his efforts then it is very likely that he will divert his jute lands to other crops and there will again be a jute scarcity in the market.

With these words, Sir, I conclude.

[At this stage the House was adjourned for 20 minutes.]

[*After adjournment.*]

[5-25—5-35 p.m.]

Sjkta. Labanya Prova Ghosh:

স্পীকার মহোদয়, বছরের পর বছর আজ কাল বাজেটের সম্মুখীন হ'য়ে যে কথা ভেবেছি যা উপলব্ধি করেছি আজও সেই কথাই মনে হচ্ছে। বাজেট নিতান্তই গতানুগতিক হয়েছে।

প্রায় ইংরেজ আমলের সেই ধারা বহন ক'রেই আজও আমাদের নিজেদের বাজেট গঠিত হয়ে চলেছে। এই বাজেটের গতানুগতিক জীবনধারা যে নিতান্তই নিরুপদ্রব নিষ্ক্রিয় জীবনধারা তা নয়; এই গতানুগতিকতা—সেই পূর্বের ক্ষতিকর, অকল্যাণকর, মারাত্মক জীবনধারারই অনুবৃত্তি। ইংরেজ আমলে, কায়েমী স্বার্থবাদীদের স্বার্থের প্রয়োজনে, লক্ষ লক্ষ জনগণকে বঞ্চিত শোষিত করে বুভুক্ষিত জনগণের কাছ থেকে কৌশল করে বাজেটের জন্য তহবিল সংগ্রহ করা হোত। সেই তহবিলের অঙ্কেই মুষ্টিমেয় ব্যক্তিদের স্বার্থসাধনের লক্ষ্যে বাজেট রচিত হোত, আজও সেই ধারাই অনুসৃত হচ্ছে। কোনো ব্যতিক্রম নেই। এই বাজেট ঘাটতি হোক, আর বাড়তিই হোক কিছু যায় আসে না। কারণ শোষণের মাত্রা তীব্রতর ক'রে কর বাড়িয়ে ঘাটতি বাজেটকে পূরণ করাও যেমন কর্তৃপক্ষের খুশীর ওপর নির্ভর করছে, তেমনি শোষণের কাজকে অব্যাহত চালাবার জন্যে অভ্যুহাতরূপে বাজেটকে ঘাটতি করাও কর্তৃপক্ষের ইচ্ছার উপরই নির্ভর করছে। কল্যাণকর শাসনের কল্যাণে যদি প্রতি বৎসর জনগণের জীবনে সত্যকার সংবৃদ্ধি দেখা দিত। এবং জনগণ যদি অগ্রগতির পথে সেই পাওয়া টাকার অংশ থেকে স্বেচ্ছায় সরকারকে দিয়ে মনে আনন্দ ও বিশ্বাস রাখতো যে, এই সরকার তহবিলের এই প্রাচুর্য দিয়ে যথার্থই জনগণের কল্যাণ করবে, তবেই সেই তহবিলের শক্তিতে গঠিত বাজেটকে উদ্বৃত্ত বাজেট বলার অর্থ হোত। কিন্তু ক্রমাবনত দেশ জীবনের হাহাকার, অবিচার, কৃশাসন ও শোষণের মধ্যে, অনিচ্ছুক বুভুক্ষু জনসাধারণের কাছ থেকে জোর করে আদায় করা অর্থের ভিত্তিতে মুষ্টিমেয় জনগোষ্ঠীর স্বার্থের প্রয়োজনে গঠিত যে বাজেট তাকে বলিষ্ঠ বাজেট বা শক্তিশালী বাজেট বা বাড়তি বাজেট বলার কোনো অর্থ হয় না। এই বাজেট আজ যদি বাড়তি বাজেটও হয় তাকে যদি বাড়তি সংজ্ঞাই আমরা দিই তবে সেই বাজেটের তহবিল গরীব জনসাধারণকে অধিকতর শোষণ করার ব্যবস্থা ছাড়া আর কিছু নয় সেই তহবিলের শক্তি নিয়োজিত হবে গরীব জনসাধারণকে আরো প্রকৃষ্টতর ভাবে শোষণের ধারা সৃষ্টি করার জন্য কায়েমী স্বার্থবাদের কল্যাণের লক্ষ্যে—এ ছাড়া আর বাজেটের অন্য কিছু পরিচয় সত্যই নেই। এই সরকারেরই অধীনে বছরের পর বছর বাজেট তৈরী হয়েছে এবং প্রত্যেকটি বাজেটের মুখবন্ধে বহু কথার চাতুরীও রচনা করা হয়েছে কিন্তু জনগণের বাস্তব জীবনে কল্যাণের লক্ষ্যে কোনো পরিবর্তন আজও ঘটে নি পরিবর্তন ঘটে চলেছে নিয়ত অধোগতির পথে। বাস্তব জীবনের দৃষ্টিতে যেমন এর মূল্য কিছু নেই এর পরিকল্পনার ছকের মধ্যেও জাগ্রত জাতির নতুন ভাগ্যগঠনেরও কোনো জীবন ভূমিকা নেই। দেশকে বোঝার কোনো লক্ষণ নেই দেশের চাহিদাকে উপলব্ধির কোনো পরিচয় নেই দেশের সঙ্কটের প্রতিও কোনো সচেতনতা নেই দেশের দুঃখ-বেদনা আশা-আকাঙ্ক্ষার প্রতি অনুভূতি নেই। দেশের প্রতি দায়িত্ব পালনের জন্য নিষ্ঠার কোন চিহ্ন কোথাও নেই। এর প্রমাণ রয়েছে বাজেটের প্রতি ছত্রে। তারই বিষয়ে আজ দু' এক কথা বলব। দেশের সঙ্কটজনক খাদ্য পরিস্থিতি আজ দেশের অন্যতম, প্রধানতম সমস্যা দেশের কৃষি শক্তির দ্রুত অগ্রগতির প্রয়োজনীয়তাও আজ দেশের মর্মে মর্মে এবং এই কৃষির সার্থক অগ্রগতি নির্ভর করছে দেশের ব্যাপক সেচশক্তির ওপর। কংগ্রেসের প্রধানতম ব্যক্তি থেকে নিম্নতম ব্যক্তি পর্যন্ত আজ এই কৃষির প্রতি সর্বোচ্চ দায়িত্ব, মহান অঙ্গীকার, জরুরী অগ্রাধিকার এমন কি প্রতিজ্ঞায় মৃত্যুপণ পর্যন্ত নিয়ত ঘোষণা করছেন। সেই কৃষি কেন্দ্রিক অর্থনীতির রূপ এই বাজেটে যেভাবে প্রকাশ পেয়েছে তাতে সহজেই উপলব্ধি হয়েছে যে কৃষির প্রতি আতিশয্যের এই ঘোষণা উপহাস মাত্র। ২২৮ কোটি টাকার বাজেটে কৃষি উন্নয়ন অনাহূতের মত নগণ্য এক স্থান পেয়েছে মাত্র চার কোটি টাকার এক অঙ্কে। আর এই কৃষির প্রাণশক্তি যে সেচ, যে সেচ আমাদের দেশ জীবনে অর্থনৈতিক সমস্যার প্রধানতম বিষয় তার স্থান হয়েছে ২ কোটি টাকারও কমের এক অঙ্কে। এই সামান্য দুটি নগণ্য অঙ্কের মধ্যেই রয়েছে বাজেট পরিকল্পনার চরম দৈন্য। কৃষিকেন্দ্রিক সমবায়ের আজ যে গভীর প্রয়োজনীয়তা আছে তার স্থান হয়েছে দেড় কোটি টাকারও কম এক অঙ্কে। কৃষি সহায়ক পল্লীশিল্পের স্থানও যেখানে আজ কম নয় তার উন্নয়ন

ব্যবস্থার স্থানও আজ এক কোটি টাকার নিচে; সরকারী কর্তৃত্বের কল্যাণে দেশের বনসম্পদ আজ প্রায় অন্তর্ধান করেছে; জ্বালানী, বর্ষা এবং কৃষি সম্পদের দৃষ্টিতে এর গভীর প্রয়োজনীয়তা থাকলেও এই বনসম্পদ উন্নয়নের দাবী স্থান পেয়েছে মাত্র ৩৪ লক্ষের এক অঙ্কে। জাতীয় সম্পদ উৎপাদনের প্রত্যেক বিষয়ের প্রতি যেন এই সরকারের গভীর বিরাগের সম্বন্ধ রয়েছে। এটাই স্বাভাবিক। কারণ ব্যাপক জনগণের সম্পদ ও সমৃদ্ধি এই সরকারের কাম্য নয়। তাদের জীবনে ব্যাপক বিশৃংখলা ও দুর্গতির ওপরই নির্ভর করছে সেই সব লোকের স্বার্থ যাদের জন্য এই সরকার গঠিত, যাদের শক্তিতেই এই সরকার পরিচালিত। বাজেট বিচারের মধ্যে বাজেটের অঙ্কটাই বড় নয়। দেশজীবন বা দেশের অর্থনৈতিক জীবনের গঠন রূপটাই আসল কথা।

শোষণের গঠনধারাকে অটুট রেখে তার ভিত্তিভূমিতে দাঁড়িয়ে বিভিন্ন খাতে অর্থের বরাদ্দের তারতম্য করলেই বাঞ্ছিত অর্থনীতির পন্থা অনুসরণ করা হয় না।

বাজেটের ছবির ভেতর দিয়ে যখন দেখা যাবে দেশের শাসনতান্ত্রিক ও অর্থনৈতিক কাঠামো নতুন, উজ্জ্বল, আশাময়, স্পষ্টরূপ ধারণ করেছে তখনই তার রেখাঙ্কনে বাজেটের অঙ্ক সার্থক-রূপে গণ্য হবে।

এই বাজেট তার থেকে আজ বহু দূরে। সুতরাং এই বাজেটকে আজ জনগণের অন্তর থেকেও বহু দূরেই থাকতে হবে, তার নাগাল পাবে না।

Sj. Pramatha Ranjan Thakur:

মাননীয় স্পীকার মহোদয়, প্রতি বৎসর এই সভায় বাজেট উত্থাপিত হয়ে থাকে, এবং আমি ১৯৩৭ সালে যখন মিঃ ফজলুল হক প্রাইম মিনিস্টার ছিলেন তখন থেকে দেখে আসছি যে, বাজেট সম্বন্ধে অনকনস্টিটিউশনাল এই রকম এক প্রশ্ন চিরকালই উঠে এসেছে। সেটা আপনিও বোধ হয় জানেন এবং সে সময়ের যাঁরা মেম্বর আছেন তারাও সেটা জানেন। এই যে বাজেট আনকনস্টিটিউশনাল—এই কথা উত্থাপন করা হয়েছে, এ কেবল মিছামিছি সময় নষ্ট করা। মিঃ স্পীকার, স্যার, আপনি জানেন, আপনি যখন বিলাতে ছিলেন আপনি নিশ্চয় ভিজিটর হিসাবে ব্রিটিশ পার্লামেন্টে গিয়ে দেখেছেন—সেখানে স্পীকার যদি কোন প্রশ্ন বিরক্তিকর অথচ বৈধ মনে করেন—কোন মেম্বর যদি এ রকম কোন বিরক্তির কথা তোলেন যাতে

unnecessarily public time and money

নষ্ট হয়। তিনি সেটায় কর্ণপাত করেন না এবং সেটা রুল আউট করেন। আমি দেখেছি ১৯৩৭ সালে আজিজুল হক সাহেব যখন স্পীকার ছিলেন সে সময়ও দেখেছি যে তিনি কোন বিরক্তিকর অথচ বৈধ প্রশ্ন উত্থাপন করলে সেটা এলাউ করতেন না। কাজেই এই যে অযথা সময় নষ্ট হয়েছে এতে আমাদের রাইটস এ্যান্ড প্রিভিলেজেসএর উপর হস্তক্ষেপ করা হয়েছে এবং ভবিষ্যতে এটা যাতে না হয় সেদিকে আপনাকে দৃষ্টি রাখতে বলব। আর একটা বিষয়ের কথা বিশেষভাবে বলি। কালকে অতি সামান্য ব্যাপার নিয়ে বিরোধী দলের সদস্যেরা চেম্বার ত্যাগ কোরে চলে গিয়েছিলেন—তাঁদের যদি বুদ্ধি থাকত তাহলে তাঁরা আসতেন না, আমি হলে অন্ততঃ আসতাম না। ওঁরা একবার হাউস ত্যাগ ক'রে আজ আবার এসেছেন এবং কথা বলছেন—কোন মুখে।

Dr. Jnanendra Nath Majumdar: Sir, is it relevant?

Mr. Speaker: If I take such relevancy into account, then the Budget discussion will stop.

Dr. Jnanendra Nath Majumdar: But there are degrees of relevancy. [Noise.]

Mr. Speaker: (Order, order.)

Sj. Pramatha Ranjan Thakur:

মিস্টার স্পীকার, গতকাল তাঁরা যে সব কথা এখানে আলোচনা করেছিলেন তা কি সকলই রেলিভেন্ট হয়েছিল। আলোচনায় রেলিভেন্স এবং ইরেলিভেন্স দুইয়েরই দরকার আছে।

বিশেষতঃ পার্লিয়ামেন্টারী ডিসকাসনএ। আমি বুঝতে পারি না কেন ওঁরা এ রকম করেন। ওঁদের অধিকাংশ মেম্বর, অধিকাংশই একেবারে নতুন। তাঁদের পার্লিয়ামেন্টারী কোন এক্সপিরিয়েন্স নাই, পার্লামেন্টারী মেথডএর কোন জ্ঞান নাই, পার্লামেন্টারী প্রসিডিওর কি তাহা জানেন না, কাজেই এই রকম গোলমাল করেন। আমি না বলে পারি না, আপনার ডিরেক্টর থাকার সম্বন্ধে যে কথা বলেছেন আপনি তাতে বিরক্ত হয়েছেন কি না জানি না—

Mr. Speaker: Do not worry about my directorship. I know how to defend myself.

SJ. Pramatha Ranjan Thakur:

আপনাকে ডিফেন্ড করা না করার প্রশ্ন আদৌ আসে না। তবে আপনি জানেন এ্যাসেম্ব্লীতে স্পীকারকে কোন প্রকার অসম্মানসূচক কথা বললে হাউসএর ডিগনিটি ক্ষুণ্ণ করা হয়। তাই সেই কথাই বলছি। আপনাকে ডিফেন্ড করায় আমার কোন প্রয়োজন নাই। আপনার মারফৎ আমাদের সকলের মর্যাদা বিপন্ন। তাই বলি এ রকমভাবে অপোজিশন মেম্বাররা কোন কনস্ট্রাকটিভ সাজেসন দেবেন না, অলওয়েজ ডেস্ট্রাকটিভ সাজেসন দেবেন। তাই বাস্তবিক পক্ষে এঁদের কর্মপন্থার উপর প্রত্যেকের দৃষ্টি রাখা দরকার। ইঁহাদের ব্যবহারে এ্যাসেমব্লীর মর্যাদা বহুলাংশে বিনষ্ট হয়েছে। আর যাতে করে না হয় তা দেখা দরকার। এই এ্যাসেমব্লীর মূল্যবান সময়

আমরা নষ্ট করতে চাই না। আমরা কনস্টিটিউয়েন্সীতে কাজ করি, সেজন্য যত শীঘ্র পারা যায় কাজ মিটিয়ে কনস্টিটিউয়েন্সীতে ফিরে যেতে চাই। কালকে একটা দিন সমস্ত

public time and money wasted

হয়েছে, ভবিষ্যতে যেন তা না হয়, সেই জন্য আপনার কাছে অনুরোধ জানাচ্ছি।

[5-35—5-45 p.m.]

আর একটা কথা—

unemployment problem of the province

এটা খুব বড় হয়ে উঠেছে। বাজেটে দেখছি প্রধানমন্ত্রী এক জায়গায় বলেছেন শিক্ষিত বেকার যাঁরা রয়েছেন তাঁদের যদি টিচার কোরে নেওয়া যায় তবে তিনি সে বিষয়ে চেষ্টা করবেন। এই টিচার জিনিসটা এবং টিচারশিপ সম্বন্ধে একটু বলছি। যখন কনস্টিটিউয়েন্ট এ্যাসেমব্লী চলছিল ১৯৪৬।৪৭ সালে তখন সেখানে ডাঃ হরেন্দ্রনাথ মুখার্জি, এক্স গভর্নর অব ওয়েস্ট বেঙ্গল মেম্বর ছিলেন, আমিও ছিলাম। আমাদের অনেক সময় আলোচনা হোত। তিনি বলেছিলেন ঠাকুর মহাশয়, এক জীবন ত কেবল স্কুল মাস্টারী ক'রে গেলাম। স্কুল মাস্টারী কোরে কিছুই শিখতে পারি নি। কেবল গিলিত চর্বণ করেছি, যা শিখেছি তাই আবার বার করেছি এবং সেইটা পুনরায় গলাধঃকরণ করেছি। তিনি আরও বলেছিলেন, "আমার বিদ্যা বা বুদ্ধি অন্য কোন কাজে লাগতে পারে কি না তাহা দেখবার সুযোগ আমি জীবনে পাই নাই। কেবল ছাত্র পড়িয়ে পড়িয়ে জীবনের শেষ প্রান্তে উপস্থিত হয়েছি। আমি মাস্টারী পছন্দ করতে পাচ্ছি না।" মাস্টারী দ্বারা দেশের কোন উপকার হতে পারে না। আজ শিক্ষিত সম্প্রদায়কে যদি শিক্ষকের কাজে নিযুক্ত করা হয়, তা হলে অনেক শিল্প প্রতিষ্ঠান রয়েছে সেখানে কোন ভাল লোক নিয়োগ করা হবে না, সেটা চিন্তা করা প্রয়োজন। আমাদের দেশে একটা নিয়ম চলেছে—জাত অনুসারে কর্ম। আমাদের দেশে বেশী টাকা হ'লেও নীচ জাতির কাজে দ্বিজাতের লোক এমপ্লয়েড হতে চায় না। এটা অন্যায় কথা। এজন্য আজ সমাজ সংস্কারের প্রয়োজনীয়তা রয়েছে ঐ আনএমপ্লয়মেন্ট প্রবলেম সল্‌ভ করবার জন্য। সামান্য একটা চামড়ার কাজে নেমে এলে উঁচু জাতের একটি লোক হয়তো ৫০০ টাকা মাসে রোজগার করতে পারে, কিন্তু তা না কোরে সে ৩০ টাকার একটা কেরানীগিরি ক'রে জীবিকা উপার্জন করবে। এই জিনিসটা দূর করতে হবে। তাই আমি কমিউনিস্ট ভাইদের বলি আপনারা সোশ্যাল রিফর্মএর চেষ্টা করুন। কিন্তু আপনারা যা করছেন সে রাশিয়ায় বা চায়নার অনুকরণ, ভারতের মাটিতে অসম্ভব। কিন্তু এখানে অনেক জিনিস করার আছে। ভারতের সমাজে জাতিপ্রথার অস্তিত্ব থাকায় বেকার সমস্যা বহুপ্রকারে বিরাজ করছে। জাতিভেদ তুলুন, অনেক বেকার সমস্যা আপনা হতে দূর হবে। রাশিয়ায় বা

চীনে আমাদের ভারতের ন্যায় জাতিভেদ নাই। জাতিভেদ তুলুন। এখানে তা করছেন না। শুধু করছেন অপজিসন ফর অপজিসনস্ সেক; তাই বলি এমপ্লয়মেন্টএর জন্য শিক্ষিত লোকগুলো যদি শিক্ষক হয়, কেবল ঐ গিলিত চর্বণ করে এবং শিক্ষার গতি যদি ঐদিকে যায় তা হলে শিক্ষার মূল্য কিছুই থাকবে না।

অল্প কয়েকদিন আগে কলিকাতায় স্যার জুলিয়ান হাক্সলি এসেছিলেন—তিনি পপুলেশন ইন ইন্ডিয়া সম্বন্ধে অতি মূল্যবান কথা বলে গেছেন। তিনি বলেছেন ভারতে যে প্রকার লোকসংখ্যা বাড়ছে তাতে মনে হয় অল্পকালের মধ্যেই এমন বিপর্যয় ঘটবে যে সেটা কেবল ভারতের বা বাংলার নয় সমস্ত পৃথিবীর পক্ষে সমস্যার বিষয় হবে। এই গ্রোথ অব পপুলেসন কি কোরে দূর করা যায় সেটা দেখা দরকার। সেদিন গভর্নর তাঁর ভাষণে বলেছেন ফ্যামিলি প্ল্যানিং করতে হবে। কিন্তু মনে হয় এই এ জিনিসটা শিক্ষিত লোকের ভিতর প্রচার করলে হয়ত কাজ হতে পারে; কিন্তু যেখানে শতকরা ৮০ জন লোক অশিক্ষিত সেখানে তাদের ভিতর ফ্যামিলি প্ল্যানিং শিক্ষা দিয়ে তাদের উন্নতিবিধানের চেষ্টা করলে তা কার্যকরী কোন কালেই হতে পারবে না।

অতএব স্যার, অন্য প্রকার পন্থার উদ্ভাবন করতে হবে। আমি গ্রাম্য লোকদের সহিত এই বিষয় নিয়ে আলোচনা করে দেখেছি, তারা এক কথাই বলেঃ "ছেলেপিলে ভগবানের দান। ইহার জন্ম যাহাতে না হয় তাহা করা মহাপাপ।" সুতরাং ফ্যামিলি প্ল্যানিং শিক্ষা আপনারা যেরকমভাবে দিতে চাচ্ছেন সেটা কোন সময়ে কার্যকরী হতে পারে না। সেজন্য আমি বলব যে প্রয়োজন হলে আমাদের "বার্থ ট্যাক্স" প্রবর্তিত করতে হবে। অর্থাৎ ৩।৪টা ছেলেমেয়ের পর যদি সন্তান হয় তার জন্য প্রতি সন্তানের মাথাপিছু একটা ট্যাক্স ধার্য করতে হবে। যেরকম হারে লোক বাড়ছে তাতে ট্যাক্স না বসালে অর্ধশিক্ষিত লোকের এর কেন অর্থই বুঝবে না। আমি একটা জিনিস বহুদিন থেকে লক্ষ্য করে আসছি যে ভাগীরথীর পশ্চিম পারে যত কিছু কেন্দ্রীয় সরকারের ও পশ্চিমবঙ্গ সরকারের শিল্প এবং সেচ বিষয়ক পরিকল্পনা রূপায়িত হচ্ছে। পূর্বপারে কিছুই হচ্ছে না। ময়ূরাক্ষী প্রজেক্ট, দামোদর ভ্যালী কর্পোরেশন, কংসাবতী প্রজেক্ট, দুর্গাপুর প্রজেক্ট, রাস্তাঘাট, ইলেকট্রিক ট্রেন ইত্যাদি যা কিছু সবই পশ্চিম পারের জন্য হচ্ছে। পূর্বপার সীমান্ত বলে এই সব জায়গা উপেক্ষিত হচ্ছে কি না তা জানি না। আমি একজন মন্ত্রীকে জিজ্ঞাসা করেছিলাম যে, এইসব পরিকল্পনা পূর্বপারের জন্য দেওয়া হয় না কেন? তার উত্তরে তিনি বলেছিলেন যে এখানে নদী নেই। কিন্তু নদী কি করা যায় না? খাল কি কাটা যায় না? মরুভূমিকে কি উর্বরা করা যায় না? আমাদের এখানে যেসব হাজামজা নদী রয়েছে সে সব সংস্কার করে অনেক জিনিস করা যেতে পারত বা যেসব বিল রয়েছে তাকে সংস্কার করে অনেক পতিত জমি উদ্ধার হতে পারত। সুতরাং এই সব না করে শুধু যদি পশ্চিম পার উন্নত করেন তা হলে মনে করব যে আমাদের পশ্চিমবাংলার সীমান্ত নিরাপদ নয় এবং সেজন্যই গভর্নমেন্টের তরফ থেকে কোন প্রকারের হেভি ইন্ডাস্ট্রি বা অন্য কোন প্রজেক্ট করবার ইচ্ছা নেই। এজন্য আমাদের পূর্বপারের যতগুলি এম এল এ আছেন তাঁরা সবাই আলোচনা করে স্থির করুন পূর্বপারের শিল্প এবং সেচ পরিকল্পনাসমূহ যাহাতে রূপ পরিগ্রহ করতে পারে তাহার জন্য কি কি করা প্রয়োজন। সরকারকে সেই মত মুভ করুন।

তারপর আর একটা কথা বিশেষ ভাবে বলার দরকার। ভারতের কমিউনিস্টদের ধর্মগুরু প্রভুপাদ নাম্বুদ্রিপাদ যখন মস্কোতে "হজ" করতে গিয়েছিলেন তখন তিনি একটা কেরলের নারিকেল সঙ্গে করে সেখানে গিয়েছিলেন। সেই নারকেল তিনি ক্রেমলিনের মন্দিরে গিয়ে অর্ঘ্য দিয়ে বলেছিলেন, "হে কমিউনিস্ট দেবতাগণ তোমরা এই নারকেলের সুস্বাদু শীতল জল পান করে খুশী হও", 'ইদং নীরং ইদং ক্ষীরং স্নাত্বা পীত্বা সুখী ভব।' এ ছাড়া ঐ নারকেলের যে ছোবড়া আছে তা দিয়ে কেরলের জন্য কি করা যেতে পারে তা তোমরা কর। কারণ তা না হলে নেহেরুর অত্যাচারে আমরা কেরলবাসীরা তিষ্ঠিতে পাচ্ছি না।" এমন যে ধর্মগুরু প্রভুপাদ, তিনি একবার বলেছিলেন যে, কেরালায় লোক এত বেশী হয়ে গেছে যে তাদের দণ্ডকারণ্যে পাঠানো হোক। কিন্তু আশ্চর্য যে আমাদের এখানকার কমিউনিস্ট ভাইরা বলছেন যে দণ্ডকাণ্যে আমাদের বাংলাদেশের রিফিউজিদের পাঠানো হবে না। আমি জিজ্ঞাসা করি এঁদের সঙ্গে এ বিষয়ে নাম্বুদ্রিপাদের কি কোন গুপ্ত ষড়যন্ত্র আছে যে পশ্চিমবাংলা থেকে সেখানে রিফিউজি পাঠানো

যাবে না অথচ কেরল থেকে লোক দণ্ডকারণ্যে পাঠানো যাবে? যা হোক এই বড়যন্ত্র আমাদের পক্ষে খুব সুবিধাজনক নয় বলে আমার মনে হয়। পশ্চিমবঙ্গ সরকারের এদিকে বিশেষ দৃষ্টি দেওয়া প্রয়োজন মনে করি। তা না হলে আমরা পশ্চিমবাংলার লোক পরিণামে বঞ্চিত হব। আর কেরলের লোকেরা লাভবান হবে। অতএব আমি একথা বলি যদি ক্যাম্প রিফিউজিরা সেখানে না যায় তা হলে অন্যান্য রিফিউজি যারা সেখানে যেতে চায় তাদের একটা সুযোগ দেওয়া অত্যন্ত প্রয়োজন।

[5-45—5-55 p.m.]

আর একটা কথা বলা দরকার—আনএমপ্লয়মেন্ট জিনিসটা শুধু শিক্ষিত লোকের ভেতরই নেই, শিক্ষিত লোকের ভেতর আনএমপ্লয়মেন্ট দেখি এই কারণে যে তারা একটু আন্দোলন করতে পারে, কিন্তু স্যার, আনএমপ্লয়মেন্ট জিনিসটা আপনি পল্লীগ্রামেও দেখতে পাবেন। সেখানে ল্যান্ডলেস পেজ্যান্ট পড়ে আছে যারা কোন মতে বর্গাজমি চাষ করে খায়—এদের ভবিষ্যতে যে কি হবে তা ভগবান জানেন। এই কারণে বলতে চাই যে পশ্চিমবাংলার পূর্বপারে ইরিগেশন ওয়ার্ক যাতে ভালভাবে চলতে পারে, টেক্সটাইল ওয়ার্ক যাতে ভালভাবে চলতে পারে এবং অন্যান্য শিল্প যাতে প্রতিষ্ঠিত হতে পারে তার জন্য চেষ্টা করা দরকার। শিল্প প্রতিষ্ঠানগুলি কেবল একটি অঞ্চলে সৃষ্টি করা উচিত নয়। আমার মনে হয় পশ্চিমবাংলার প্রতি জেলায় শিল্প প্রতিষ্ঠান স্থাপিত হলে সকলের উন্নতি হয় এবং বেকার সমস্যা অনেকটা কমে যায়। একটা জায়গায় শিল্প প্রতিষ্ঠান গড়ে তুলবো আর অন্য জায়গার লোকেরা হাহাকার করে বেড়াবে, গভর্নমেন্টের এরকম প্রচেষ্টা থাকা উচিত নয়। সেজন্য বিশেষ করে ভাগীরথীর পূর্বপারে বেশী করে যাতে শিল্প প্রতিষ্ঠান স্থাপিত হয় তার জন্য আমাদের চেষ্টা করা দরকার।

তারপর আর একটা কথা বলা দরকার, যেহেতু আমি সংরক্ষিত আসন থেকে এসেছি। অনেক লোক আমার কাছে আসে এবং বলে যে প্রাইমারী এডুকেশনটা যদি কম্পালসরী করে দেওয়া হয় তা হলে শিক্ষা সকল লোকের মধ্যে সমভাবে বিস্তার লাভ করতে পারে। অনেকের ধারণা যে কম্পালসরী এডুকেশন না থাকতে অনেকে স্কুলে যেতে চায় না। আমি দেখেছি অনুন্নত শ্রেণীর ভেতর একদল লোক আছে যারা স্কুলে তাদের ছেলেদের পড়াতে চায় না—ঐ সমস্ত ছেলেরা যদি জমিতে তাদের অভিভাবকদের কোন রকমে সাহায্য করে তা হলে অনেকের সুবিধা হয়। এজন্যই তারা স্কুলে ছেলে পাঠাতে চায় না এবং ছেলেদের অশিক্ষিত করে রেখে দেয়। এজন্য বলছি যাতে প্রাইমারী এডুকেশন কম্পালসরী হয় সেদিকে সরকারের দৃষ্টি দেওয়া দরকার। এটা করলে প্রত্যেক ছেলেমেয়ে স্কুলে যেতে বাধ্য হবে। এ ব্যাপারে যদি টাকার দরকার হয় তা হলে গভর্নমেন্টকে সেই টাকা ব্যয় করতে হবে, কারণ এটা হচ্ছে নেশন বিল্ডিংএর ভেতর একটা আইটেম।

তারপরে খাদ্য পরিস্থিতি সম্পর্কে আমার কিছু বলা দরকার। গ্রামে ঘুরলে দেখা যায় যে সেখানে অনেক সময় গম বা চাল পাওয়া যায় না, এটা সকলেই বলেছেন। ধান-চালের জন্য আমাদের অন্য প্রদেশের উপর আর কতদিন নির্ভর করতে হবে? কাজেই আমাদের খাদ্য উৎপাদন যাতে বেশী করে হয় আজ থেকেই সেই ব্যবস্থা করা দরকার, তা না হলে আমাদের গুরুতর পরিস্থিতির মধ্যে গিয়ে পড়তে হবে। দিন দিন খাদ্যের অবস্থা দেখে লোকে হতাশ হয়ে পড়ছে। সুতরাং এদিকে গভর্নমেন্টের দৃষ্টি দেওয়া দরকার।

পশ্চিমবাংলা সীমান্ত প্রদেশ—কিন্তু সীমান্ত রক্ষার ব্যবস্থা যা গভর্নমেন্টের আছে তা আমি বলব যথেষ্ট নয়। আমাদের সীমান্ত যাতে সুরক্ষিত হয় তার ব্যবস্থা করা দরকার। আমি বলব, পশ্চিমবঙ্গ-সরকারের এই ব্যাপারে আরো দৃঢ় ব্যবস্থা অবলম্বন করা দরকার এবং সেন্ট্রাল গভর্নমেন্টএর মিলিটারী বিষয়ের কিছু ক্ষমতা হাতে নেওয়া দরকার, কারণ আমি দেখেছি আমাদের বর্ডারে পুলিস বাহিনী দ্বারা চৌকিদারী করার ব্যবস্থা করা হয়েছে, কিন্তু পুলিস অফিসাররা আমাকে বলেছেন যে, পুলিসদিগের দ্বারা বর্ডার রক্ষা করা হয় না। পাকিস্তানের আক্রমণকারীদের মধ্যে সোলজার্স থাকে, সেজন্য অনেক সময়ই সরে আসতে হয়। আমরা যেভাবে প্রতিরোধ করি তাতে বর্ডার রক্ষা করার ব্যবস্থা করা যেতে পারে না। পাকিস্তানীরা ধান-পাট এটাসেটা কেটে নিয়ে যায়। প্রতিদিন লোকে আমার কাছে আসে প্রতিকারের জন্য কারণ আমি

তো বর্ডারে দেখি ও জানি, আমি বর্ডারেই বাস করি। তাই আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করি যে, তাঁরা যদি এ ব্যাপারে একটা ভাল ব্যবস্থা না করেন তা হলে অত্যন্ত দুঃখের বিষয় হবে। বর্ডার যাতে সুরক্ষিত হয় তার ব্যবস্থা হওয়া প্রয়োজন, তা না হলে আমরা ওখানে বাস করতে পারব না। জয় হিন্দ।

Sj. Haridas Mitra:

মাননীয় স্পীকার মহাশয়, মুখ্যমন্ত্রী ডাঃ রায় অর্থমন্ত্রী হিসাবে বাজেট পেশ করতে গিয়ে বলেছেন যে, আমাদের রেভেনিউ অনেক বেড়েছে, ঘাটতি বাজেট বাড়তি বাজেট হয়েছে। কিন্তু আসল সমস্যাটার কথা—সেটা ফিগারএর কথা নয়, লাল বই, সবুজ বই নয়, বক্তৃতার কথা নয়। সেই আসল সমস্যাটা হচ্ছে পলিসি অব গভর্নমেন্ট কি হবে। বর্তমানে দেশে যে সমস্যা পুঞ্জীভূত হয়ে উঠছে সেটার সমাধানের কি হবে, সেই কথাই বাজেটে বলা উচিত ছিল। এবং তাঁর বক্তৃতার কোন অংশেই সেই কথা দেখতে পেলাম না। আমরা এখানে যে সাধারণ মানুষের প্রতিনিধি হয়ে এসেছি, সেই সাধারণ মানুষ ফিগার বুঝতে চায় না। সাধারণ মানুষ চায় খাদ্য, চায় বস্ত্র, চায় জীবিকা, চায় শিক্ষা। এই সব পাচ্ছে কি না সেটাই প্রথমে দ্রষ্টব্য। তাঁরা প্রয়োজনীয় চাল নিয়মিত পাবেন কি না সেটাই জানতে চাচ্ছেন। কৃষক জমি পাবেন কি না, শ্রমিক কাজ পাবেন কি না এবং এই স্টেটএ শিক্ষা ও শিল্পোন্নতি কিভাবে হবে সেটাই তাঁরা জানতে চান। কিন্তু ডাঃ রায়ের বক্তৃতার মধ্যে এ সম্বন্ধে গভর্নমেন্ট পলিসি পরিষ্কার কিছুই দেখতে পেলাম না। জনকল্যাণমূলক রাষ্ট্রের বাজেট এমন হওয়া দরকার যে বাজেটের মধ্যে জনকল্যাণের কথা আমরা সুস্পষ্টভাবে দেখতে পাব। পশ্চিমবঙ্গের ভবিষৎ কি? ঋণের পর ঋণ করে বর্তমান সরকার চলছে। ঋণের দায়ে চুল বিক্রী হয়ে যাবার উপক্রম। ডাঃ রায় বাজেটের লাল বই, সবুজ বইএর অনেক ফিগার আমাদের দেখিয়েছেন, আমি ফিগারএর মধ্যে যাব না। আমরা জানতে চাই পশ্চিম-বাংলার সাধারণ মানুষের অবস্থার উন্নতি হবে কি না? দামোদর ভ্যালী কর্পোরেশনে কোটি কোটি টাকা খরচ হয়েছে, খরচ হয়েছে ময়ূরাক্ষীতে। আবার কংসবতী পরিকল্পনা হচ্ছে, এসবই ভাল কথা! কিন্তু এসবের জন্য সরকারকে অভিনন্দন আমি জানাতে চাইতাম যদি দেখতাম আমাদের অসল সমস্যার সমাধান হোচ্ছে। এতো করেও ২ লক্ষ টন চাল কেন ঘাটতি হচ্ছে? এতো জলের ব্যবস্থা, এতো সেচের ব্যবস্থা হচ্ছে, কিন্তু ফলটা কি হয়েছে? দেশ বিভাগের পর আজ পর্যন্ত বর্তমান সরকার ৬৫০ কোটি টাকা শুধু রেভেনিউ এক্সপেন্ডিচারএ ব্যয় করেছেন। কয়েকটি রাস্তা হলেই কি সমস্যার সমাধান হবে? আমাদের খাদ্য কোথায়? শিক্ষা ব্যবস্থার কি হল? স্কুল কতগুলি করেছেন এটা ঠিক। কিন্তু এখনো প্রাইমারী শিক্ষা ফ্রি বা কমপালসরি করতে পারেন নি। যাঁরা শিক্ষার বাহন, যাঁরা আমার ছেলেদের শিখিয়ে পড়িয়ে ভবিষ্যৎ নাগরিক তৈরী করবেন, তাঁরা আজো ৬২৷৷০ টাকা ও ৫৭৷৷০ টাকা মাইনে পাচ্ছেন। এই অবস্থায় এই শিক্ষকদের কাছে কি করে আশা করব, তাঁরা আমার ছেলেকে মানুষ করে গড়ে তুলবেন? এ সম্বন্ধে এই বাজেটের মধ্যে সরকারের পরিষ্কার পলিসি স্টেটমেন্ট পেলাম না। তারপর, ট্যাক্স সম্বন্ধে আর বেশী কিছু বলার দরকার নাই, শ্রীযুক্ত সুধীর রায় চৌধুরী মহাশয় সবই বলেছেন। আজ দেশব্যাপী চালের জন্য হাহাকার উঠেছে, মডিফায়েড রেশান শপ আরো বেশী ও ব্যাপকভাবে

[5-55—6-5 p.m.]

হওয়া দরকার—গ্রামে গ্রামে রেশন শপ হওয়া এখনই দরকার, কিন্তু বাজেটে এই বিষয়ের উল্লেখ নাই। সরকার যে অ্যান্টি-প্রফিটিয়ারিং অ্যাক্ট পাস করলেন, সেই অ্যাক্ট অনুসারে ফাটকাবাজ ব্যোপারীকে ধরছেন না কেন? স্যার, সেদিন ট্রেনে আসতে আসতে শুনলাম, কয়েকজন লোককে মিল-ওনার্সরা পরামর্শ দিচ্ছে তোমরা ধান-চাল বিক্রী করো না, সরকারের এই নীতিকে বানচাল করতে হবে। কিন্তু তাদের আপনারা পি ডি অ্যাক্টএ ধরছেন না কেন? এ নিয়ে কিছুদিন আগে আমি ২৪-পরগনার জেলা ম্যাজিস্ট্রেটের সঙ্গে দেখা করেছিলাম; তিনি আমাকে বললেন, আমার কাছে প্রচুর চাল আছে—আমরা মডিফায়েড রেশন শপ আরো বাড়িয়ে দেব। কিন্তু লোকে চাল না পেয়ে ঘুরে যায়। গেল কোথায় বাড়তি রেশন শপ? সেদিন প্রফুল্লবাবু এখানে হঠাৎ বললেন, এখনো তো লোক না খেয়ে মরে নি। একথা শুনে আমরা অবাক বিস্ময়ে স্তম্ভিত হয়ে গেলাম। এসব কথা এখানে বসে পুলিস গার্ডএ থেকে বলা সহজ, কিন্তু সাধারণের সামনে, মিটিংএ, আসতে

গেলেই দারুণ মুশকিল হবে। তারপর, ডাঃ রায়ের বক্তৃতায় গঙ্গা ব্যারেজের কোন কথার উল্লেখ পর্যন্ত দেখতে পেলাম না। অথচ এ সম্বন্ধে আমাদের এই এ্যাসেমব্লীতে ইউনানিমাস রিজলিউশন হয়েছে। আমরা এখানে পরিষ্কার জানতে চাই থার্ড ফাইভ-ইয়ার প্ল্যানএও গঙ্গা ব্যারাজ হবে কি না? এই গঙ্গা ব্যারাজ না হওয়ার দরুন কলকাতা ডক পর্যন্ত পলিমাটিতে ভর্তি হয়ে যাচ্ছে, কলকাতার সহরে পানীয় জলের অভাব হচ্ছে, তা ছাড়া মুর্শিদাবাদ জেলা, নদীয়া জেলা, হাওড়া, হুগলী প্রভৃতি বহু জেলায় শস্যহানি ও শস্যের অভাব হচ্ছে, হাওড়া জেলার মধ্যে রূপনারায়ণ নদী এখন হেঁটে পার হওয়া যাচ্ছে। এতে সেখানকার অঞ্চলে স্বাভাবিক যে সেচের ব্যবস্থা ছিল তা নষ্ট হয়ে গিয়েছে। গঙ্গার ব্যারেজ না হওয়ার ফলে ইরিগেশনএর ন্যাচারাল রিসোর্সেস যা ছিল, তাও নষ্ট হচ্ছে। আজকে খুব বড় প্রশ্ন বেরুবাড়ী, সে সম্পর্কে ডাঃ রায়এর স্পীচএ এই সরকারের পলিসি কি হবে, সে সম্বন্ধেও কোন উল্লেখ পর্যন্ত দেখতে পেলাম না; অথচ এই ব্যাপারেও এখানে সর্বদলের ইউনানিমাস রিজলিউশন হয়েছিল। তারপর মুর্শিদাবাদের চর এলাকার ব্যাপার নিয়ে কাউন্সিলএ যথেষ্ট হৈচৈ হয়ে গিয়েছে, ডাঃ রায় কোন উত্তর দিতে পারেন নি। এরও উল্লেখ তাঁর স্পীচে আমরা দেখতে পেলাম না। দুর্গাপুর সম্বন্ধে অনেকেই বলেছেন। সেখানে কোক-ওভেন হচ্ছে, ভালই, কিন্তু সেখানে কর্মসংস্থানে তো অবাঙ্গালীর রাজত্ব হয়েছে। আমি একথা পরিষ্কার বলতে চাই যে, আমরা এটা প্রাদেশিকতা মনে করি না যে, বাংলাদেশে চাকরীর ব্যাপারে বাঙ্গালীরা প্রেফারেন্স পাবেন। যদিও পশ্চিমবাংলা ভারতবর্ষের অংশ এবং এখানে ভারতবর্ষের সকল প্রদেশের লোকেরই চাকরী পাওয়ার অধিকার আছে; তথাপি আমি একথা জোরের সঙ্গে বলতে চাই, এখানে বাঙ্গালীর সর্ববিষয়ে, বিশেষত চাকরীতে অগ্রাধিকার পাওয়া একান্ত প্রয়োজন। এটা বাঙালীর বাঁচার দাবী, প্রাদেশিকতা নয়। আমরা শুনেছি যে, বিহার সরকার শিল্পপতিদের, টাটা কোম্পানী প্রভৃতিদের বলেছেন এত পারসেন্ট বিহারী নিতে হবে শিল্প-চাকরীতে। কিন্তু আমাদের সরকার কোনোও কারখানাকে বলেছেন কি এত পারসেন্ট বাঙালী শিল্পে নিতে হবে? এই বিষয়ে, বাঙালীকে অগ্রাধিকার দেবার ব্যাপারে কোন ব্যবস্থা তারা কোরচেন কি? বলেছেন ৩১এ জুলাইএর মধ্যে আপনারা রিফিউজী ক্যাম্প তুলে দেবেন, কিন্তু অল্টারনেটিভ অ্যাকোমোডেশনএর ব্যবস্থা তাদের জন্য কিছু করেছেন কি? কোথায় কোথায় জমি আছে বা সেই জমিতে বসালে তারা জীবিকার্জন করতে পারবেন কি না, সেই কথার কোন উল্লেখ ডাঃ রায়ের স্পীচে নেই। আমরা আশা করেছিলাম ডাঃ রায়ের বাজেট স্পীচে এ সম্বন্ধে একটা পলিসি স্টেটমেন্ট থাকবে। এ ব্যাপারে শুধু টাকারই শ্রাদ্ধ হচ্ছে। আমি এখন যেটা বলছি সেটা স্কোয়াটার্স কলোনী সম্বন্ধে। এর আগে ডিসেম্বর মাসে আমার একটা প্রশ্নের উত্তরে মন্ত্রী প্রফুল্লবাবু বলেছেন ১০টা জবরদখল কলোনীকে তাঁরা রেগুলারাইজেশন করবেন না। কিন্তু কেন রেগুলারাইজ করবেন না? কার স্বার্থে করবেন না? কোথায় তাঁদের অসুবিধা, সেটা তো ডাঃ রায়ের স্পীচএর মধ্যে দেখতে পেলাম না। ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট এমপ্লয়িজ যাঁরা লোয়ার ডিভিশন কর্মচারী, অল্প বেতন পান, তাঁদের আজকে যদি বাঁচান না যায়, তাঁদের যদি খাবার ব্যবস্থা করা না যায়, তা হলে সরকারের কোন প্ল্যানই সাকসেসফুল হতে পারে না। কিন্তু ডাঃ রায় তাঁদের সম্বন্ধে কি করবেন, তাঁর স্পীচএর মধ্যে আভাসেও সে কথার উল্লেখও কোথাও নেই। এই যে এত বিপুলসংখ্যক এমপ্লয়িজ তাদের সম্বন্ধে কি ব্যবস্থা করবেন সেটা আমরা জানতে চাই। সংবাদপত্রে, খবরের কাগজে আপনাদের প্রত্যেকটি জিনিসের পাবলিসিটি চাই। অর্থাৎ আপনাদের যে কোন প্ল্যান কার্যকরী করবার জন্য জনসাধারণের কাছে তার পাবলিসিটি দরকার। কিন্তু আজকে সাংবাদিকদের সম্বন্ধে জার্নালিস্টস ওয়েজ ইমপ্লিমেন্টেশন হওয়ার জন্য বড় বড় কাগজওয়ালাদের সঙ্গে বর্তমান সরকার কি ব্যবস্থা করেছেন, তার কোন উল্লেখ এখানে দেখতে পেলাম না। অভুক্ত মানুষকে দিয়ে কোন কাজ হয় না। এখানে আমরা দেখছি নানা জায়গায়, নানা প্ল্যানে সরকার বহু টাকা খরচ করছেন, কিন্তু তার ফল কি হয়েছে? এই রাজ্যে মানুষের জীবনে কোথাও কোন কল্যাণ এসেছে কি না—সেটাই আজকে সবচেয়ে বড় প্রশ্ন। শুধু টাকা খরচ করলেই সব হয় না, সেই টাকা দিয়ে যাতে দেশের কল্যাণ আসে, সেই চেষ্টা করতে হবে। আমাদের এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জএ যত বেকার কর্মপ্রার্থী যুবক নাম লিখিয়েছেন, তার মধ্যে প্রায় ১ লক্ষ ২৫ হাজার লোক সহরে শিক্ষিত বেকার, যারা আজকে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জএ নাম রেজিস্ট্রি করে বসে আছেন। এটা আজ পর্যন্ত মোটামুটি হিসাব।

শুধু মাত্র যারা রেজিস্ট্রী করেছেন। আন-রেজিস্টার্ড কত আছে তার খবর রাখেন কি? কিন্তু আমরা সকলেই দেখতে পাচ্ছি এমপ্লয়মেন্ট বিশেষ কারও হচ্ছে না। আপনারা জানেন রেলওয়ে চাকরীতে সিল, সই, আর সার্টিফিকেট দিতে দিতে আমাদের কলম ভোতা হয়ে গেল। কিন্তু কিছুই হোল না। স্যার, আপনি নিজে দেখেছেন গত বছর রেলের ১১শো চাকরীর জন্য ৫৪ হাজার দরখাস্ত পড়েছিল। পশ্চিমবাংলায় চাকরীর ক্ষেত্রে কেবল একটা হট্টগোল হচ্ছে, কোথাও বেকার সমস্যা সমাধান হচ্ছে না। ডাঃ রায় বেকার সমস্যা সমাধানের জন্য অভিনব কথা বলেছেন; বলেছেন প্রাইমারী টিচার্স নেবেন। কিন্তু কয়জন প্রাইমারী টিচার্স নিতে পারবেন? আর তাতে ক'জনের বেকারত্ব ঘুচবে? সরকার পক্ষ থেকে তাঁরা যে সকল নতুন শিল্প স্থাপন করেছেন, বেশীর ভাগ জায়গায়ই তাতে লোকসান হচ্ছে। এই লাল বইটা দেখলেই বোঝা যাবে। একটা শিল্পতেও কি তাঁরা লাভ করতে পারলেন না? অন্ততঃ গভর্নমেন্ট কলেনীগুলিতে কুটিরশিল্প স্থাপন করলে সহজেই লাভ করতে পারতেন, মানুষও বাঁচতো। কিন্তু তা তাঁরা করলেন না। মাননীয় সদস্য শ্রদ্ধেয় ডাঃ সুরেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় ৮ বছর ধরে চেঁচাচ্ছেন—

spinning mill, spinning mill

ডাঃ রায়ও বার বার বলেছিলেন স্পিনিং মিলএর ব্যবস্থা করবেন, কিন্তু কয়টা করেছেন? যা করবেন বলেছিলেন তা করেন নি, এবং ভবিষ্যতে কতগুলি করবেন তাও আমরা জানি না।

[6-5—6-15 p.m.]

স্যার, আপনার নিজের জেলা নদীয়ায় তাঁতীদের বাড়ী ঘুরে ঘুরে দেখেছি সেখানে তাঁরা মাদুরার কাপড়ের সঙ্গে, ধুতির সঙ্গে, শাড়ীর সঙ্গে কিছুতেই কমপিট করতে পারছেন না। আমাদের দেশে স্পিনিং মিল অনেক দিন আগে থেকেই হওয়া উচিত ছিল। তা হলে তারা সস্তায় সুতো পেতে পারতেন। কিন্তু কেন তা করা হয় নি? এর জন্য সামান্য টাকার প্রয়োজন, তাও তাঁরা করতে পারছেন না। আমিও ডাঃ রায়কে বলেছিলাম এই সুতো কলের জন্য, তিনি বললেন ফরেন এক্সচেঞ্জএর ডিফিকাল্টি আছে, তাই হয় না। কেন্দ্রের ফরেন এক্সচেঞ্জ ডিফিকাল্টি কি আমাদের পশ্চিমবাংলার ক্ষুদ্রশিল্পের বেলাতেই শুধু আছে?

বর্তমানে আমাদের সবচেয়ে বড় কথা হচ্ছে দণ্ডকারণ্যে রিফিউজিদের পুনর্বাসন করান। দণ্ডকারণ্য সম্বন্ধে আমরা এখানে বহু আলোচনা করেছি। সরকার যে কথা উদ্বাস্তুদের প্রথম থেকে দিয়েছিলেন- সেই ১৯৪৭ সালে ১৫ই আগস্ট তারিখে, প্রধানমন্ত্রী শ্রী নেহরু বলেছিলেন,

they are of us and will remain of us.

আজকেও উদ্বাস্তুরা সেইটাই আশা করে। কিন্তু তার জায়গায় তাঁরা কি পেয়েছে? আজ দশ বছর ধরে ক্যাম্প উদ্বাস্তুদের ক্যাম্পে বসিয়ে রেখেছেন এবং ক্যাম্পে বসিয়ে রেখে ডোল খাইয়ে খাইয়ে গোটা মানুষটাকে নিঃস্ব যাযাবর, অপদার্থ ও অকর্মণ্য করে দিয়েছেন। আজকের দিনে তাদের সম্বন্ধে কোথায় কি করবেন একথা পরিষ্কার করে বলছেন না কেন? দণ্ডকারণ্যে নিয়ে যেতে চাচ্ছেন, কিন্তু আমরা এই এ্যাসেমব্লীতে বার বার বলেছি, অন্ততঃ আমি নিজে দেখা করে বলেছি ডাঃ রায়কে ও খান্না সাহেবকে, যে মশাই, দণ্ডকারণ্য আগে আমাদের একবার ভাল করে দেখান। উদ্বাস্তুরা রাজী আছে কি না সেখানে যেতে, তার সম্বন্ধে কোনও এ্যাসুরেন্স দিচ্ছি না, ভাল মন্দ কিছু বলছি না, বিরোধিতা করছি না, সপক্ষেও কিছু বলছি না। সেই দণ্ডকারণ্য একবার দেখানর পর্যন্ত ব্যবস্থা হল না। নভেম্বর মাসে প্রথম উদ্বাস্তু দল পাঠাবেন বলেছিলেন, কিন্তু হল না। ডিসেম্বর মাস চলে গেল হল না, আবার জানুয়ারি এল, এমনি করে করে বহু সময় চলে গেল। আবার এখন বলছেন জুলাইতে রিফিউজি ক্যাম্পগুলো একেবারে তুলে দেবেন। তা হলে বর্তমানে যারা ক্যাম্পে আছে তাদের অবস্থা কি হবে? সম্প্রতি অতি কষ্টে এক দল লোককে দণ্ডকারণ্যে পাঠিয়েছেন। কিন্তু যাদের পাঠানো হয়েছে তাদের মধ্যে এ্যাকচুয়াল ক্যাম্প রিফিউজি অত্যন্ত কম। বেশীর ভাগই মেকানিক্স।

Mr. Speaker:

তাঁরা কি রিফিউজি মেকানিক্স নন?

Sj. Haridas Mitra:

স্যার তাঁরা হচ্ছেন বেশীর ভাগ নন-ক্যাম্প রিফিউজি মেকানিক্স, এবং তাঁরা অন্যান্য কাজকর্মও জানেন। খুব কম ক্যাম্প রিফিউজি মেকানিক্স আছেন এবারকার ক্যাম্প রিফিউজি দলের মধ্যে। যারা মেকানিক্স অথবা এক্সপার্টস কর্মী হিসাবে সেখানে গিয়েছেন, অনারেবল শ্রীমতী পূরবী মুখোপাধ্যায় বলতে পারবেন, যে তাঁরা নিশ্চয়ই ক্যাম্প রিফিউজি নন। আমি সেই দিক থেকে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই বাজেট সম্বন্ধে সবচেয়ে বড় কথা বলতে চাই জনসাধারণের প্রতিনিধি হিসাবে আমরা জানতে চাই, এই বাজেটে অনেক ফিগারএর আলোচনা হয়েছে। কিন্তু আমরা পেয়েছি কি? বাংলাদেশে আমরা কি খাদ্য পেয়েছি? বাংলাদেশের মানুষ আমরা আজ সম্মানের সঙ্গে মাথা তুলে দাঁড়াবার মত কি স্থান পেয়েছি? মানুষের মত বাঁচবার কি কোন ব্যবস্থা পেয়েছি? বেকারত্ব কি আমাদের ঘুচে গিয়েছে? বাংলার স্বাস্থ্য কি ভাল হয়েছে? বাংলার শিক্ষার কি উন্নতি হয়েছে? বাংলার মধ্যবিত্ত দুঃখী মানুষ ও নিম্নবিত্ত সাধারণ মানুষ, তাদের কি সত্যিকার কোন উপকার হয়েছে? কতকগুলো রাস্তা তৈরি হয়েছে, এবং কয়েকটা নতুন নতুন বাস করেছেন, কিছু লোকদের ঋণ দিয়েছেন। তাতে জাতিগঠনমূলক কাজের ব্যবস্থা হয়েছে বলে আমি স্বীকার করি না। সেদিক থেকে আমি মনে করি যে এই বাজেটে গভর্নমেন্টের পলিসি স্টেটমেন্টএ যা কিছু থাকা উচিত ছিল, তা কিছুই নেই এবং সেদিক দিয়ে এই বাজেটে বর্তমান অর্থমন্ত্রী ডাঃ রায় একটা ধাপ্পাবাজী করেছেন আমাদের সামনে—এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Sj. Tarapada Chaudhuri: Mr. Speaker, Sir, liquidation of the British Raj followed by the Moghul Raj has led to wild scramble for power—scramble for power among political parties, scramble for power and position among men interested in business, scramble for power between officers and officers and departments and departments—all over India this scramble is going on. It is very distressing to find that even this scramble is there in our functions and proceedings in the Assembly too. Sir, I will read before you a few lines from a famous book of Arnold J. Toynbee which is styled "East and West: A journey round the World". There it is stated "The liquidation of the British Raj in India, like the previous liquidation of the Moghul Raj, has been followed by a scramble for power, but the winning quality today is neither the Maratha's valour nor the Bengalee's penmanship, which made the fortunes of those two peoples in the eighteenth century. The twentieth century winner is the Guzerati with his business sense. The Guzerati industrialist is, in fact, the British Sahib's principal heir and Bengal with her wings broken by partition, may resign herself to being eclipsed. But what about Maharastrian with his masterful character and his unforgotten past political greatness? Shades of Shivaji, Gokhale and Tilak! are their kinsmen to resign themselves to becoming Gujerat's helots? Today the Maharastrain is carrying a chip in his shoulder. I augur that more will be heard of him again before long". Now, Sir, the challenge that is before us is the challenge to our very existence of Bengalis. Are we prepared to face it or not, that is the question before the House. That is the question before the Assembly as a whole. Now, Sir, I will urge upon you to consider whether we are not the followers of Subhas Chandra, of Chittaranjan, of Raja Ram Mohan, of Rabindranath, of Prafulla Chandra. Are we to take the challenge lying down? Are we not going to give a proper reply to the challenge which is a challenge to our very existence. Sir, we must not forget really those cruel jokes that have been created as a result of the partition, which have arisen due to the truncated province of ours with our economy shattered and disrupted. We can foresee what is our future. We see that really our horizon is closing with black cloud. We find a sense of cynicism, a sense of frustration, a sense of disappointment, a sense of despair developing around us and closing our horizon. So, Sir, we should not take the

challenge lying down but we must give a fitting reply, a reply for a challenge to our very existence.

Now, Sir, so far as the budget is concerned, we must see, we must look around and review the position in which we are now and in which we took charge of this State. Sir, we are in a terrible plight, we are facing great problems. Sir, about the budget some say it is a pedestrian budget, some say it is a sober budget and some say it is a conservative budget. Sir, we must look at the picture of the economic condition of this State. We are in a great difficult position financially. We have fallen into a morass and a great effort is needed to raise us above the morass. Sir, there are many problems facing us and we have to face them squarely. There should be no diffidence, there should be no disillusion about the future. We must have a better life, not only better spiritual life but better in material well-being. Sir, what is our per capita income—it is Rs. 280 whereas in the United States it is nearly 3,000. With this poor per capita income every year 60 lakhs of people are being added.

[6-15—6-25 p.m.]

Now what would be our position, I would ask you Here one has got to grope his way very carefully. There is a battle going on—a battle between the private sector and the public sector; over and above that, another battle is facing us, the battle of the Third Plan and the battle raises the question of ceiling on lands and the question of the agrarian reforms rather of a revolutionary character.

I would now like to speak about co-operative farming. I have been associated with it from my very boyhood. There are co-operative societies in our country but they are all in moribund condition even after their existence for such a long time. There is not the climate in the village which can sustain the co-operative movement. If we ignore facts, there will be no improvement in co-operative farming. We must look to service co-operatives so that the people may feel that material good will come to them from these co-operatives. In this connection I would point out that in almost all the States fertiliser distribution is being made through the agency of the co-operative societies, but I regret very much that in spite of our representations to the West Bengal Government for successive years in the past, we have failed to move the Government in this matter For reasons best known to the Government or, for the matter of that, the Department of Agriculture, no co-operative society has yet been able to procure any business so far as the distribution of fertiliser is concerned. We find that even in this matter of fertiliser distribution there is huge waste going on, there is huge abuse going on all round. To put a stop to this abuse in the fertiliser distribution, the only solution is distribution through the existing co-operative societies. This will not only give the co-operative movement a new shape, but this will also strengthen the financial structure of the co-operative movement. If fertiliser distribution is done through the co-operative organisation, I can assure you that the whole movement in the State will take a different character altogether and it will be strong enough to shoulder future responsibilities which may be thrust upon it.

One thing more I find so far as the fertiliser distribution business is concerned—the provision in the budget this year is even lower than what was provided last year—and that the same system of distribution of fertiliser loans is going to be continued. Our cultivators are so much poverty-stricken that they use up 53 per cent. of their loans over their own domestic expenditure and they cannot utilise the money fully for production purposes. Instead, if distribution of fertiliser is made in kind it will help production, the money that is spent will be fully utilised—it will not be lost. Even

last year objections were raised from various quarters, but still persistently fertiliser loan is being given and not in kind so that the Department may be absolved from the responsibility of collecting the loan from the cultivators. If the department is not up to the mark, if the department is inefficient, if the department is dilatory I think here and now every possible step should be taken to remove the Secretary or anybody else in charge of the Department. There is no way out except that.

Even in the Agriculture Department I should say that sufficient and adequate provision has been made in the Budget this year, a substantial provision has been made for agriculture although these fall far short of the requirement. What I would suggest here is that the whole Agriculture Department requires a great shake up. Rules and regulations for sanctions are delaying the process of utilization of the sums placed at their disposal. Officers should be authorised to spend money without obtaining the prior approval of the Finance or the parent department or the Secretary of the Agriculture Department Certain recommendations have been made by the Nalagarh Committee. So far as this Agriculture Department is concerned, there must be perfect co-ordination between this department, the Irrigation Department, the Co-operative Department, the Community Development Department and other allied departments—this co-ordination is absolutely necessary and at Secretariat level the procedures must be simplified, so that all delays may be cut out and sanctions may be given immediately. So I suggest that the power of sanction and also distribution and other procedures should be with the District Officers and not with the headquarters at the Writers' Buildings

Now, Sir, I would like to suggest something in connection with the Fishery and the Animal Husbandry Departments. I find that out of Rs. 25 lakh 47 thousand, 20 lakhs have been allotted for sea fishing and fish trawler business and only Rs. 5 lakh 43 thousand has been set apart for fishery all over the country. I think this should be reversed. More money should be allotted for rearing fish in ponds, for excavating silted up tanks and for fish marketing and growing fish and also experiment in fish culture. So I would urge the Government for allocation of money in the reverse way that is 20 lakhs for the State as a whole and Rs. 5 lakhs for the new ventures like sea fishing, trawler, etc.

Coming to cottage industries, a substantial sum of money has been allotted this time. We feel that as we require more employment for our unemployed people this additional sum will provide more employment for men in the cottage industries department.

[6-25—6-35 p.m.]

But on analysing, on going through the budget provisions, I find that for procurement of raw materials for cottage industries, last year there was provided Rs. 2 lakh 72 thousand, this year there has been provided Rs. 3 lakh 50 thousand. It is very inadequate for the purpose because raw materials constitute the best part of the requirements and the greater part of the needs of the industrial workers. I also find that for marketing of the produce there has been a provision of Rs. 50,000. This is also too small because so far as the cottage industry is concerned the greatest problem facing it is the problem of marketing the produce, and Rs. 50,000 is too insignificant an amount. I think if this problem of marketing is solved we shall have solved the greatest problem facing the cottage industry today.

Then, Sir, there is no provision under head "Running Expenses of Co-operative Societies". So far as cottage industries are concerned I

think it is our aim and object to organise the workers into co-operative societies. But there is absolutely no provision for running expenses for the workers of industrial co-operative societies.

For supply of raw materials to brass and bell metal industries, last year the provision was 72,000. This year it has come down to 23,000. Sir, we all know that there is a vast field so far as brass and bell metal industry is concerned. There is also a large number of workers engaged in this industry. I wonder how can the industry meet even a fraction of its requirements with this Rs. 23,000. In my part, in Katwa, Matiari, Dainhat and also in Birbhum and Bankura, there is thriving industry of brass and bell metal. There are at least 10,000 workers engaged in this industry. This industry is badly in need of raw material and other assistance. But I feel that the Department or for the matter of that the Minister in charge has not paid adequate attention to the interests of his industry and the workers engaged in this industry.

[At this stage the honourable member having reached the time limit resumed his seat.]

Dr. Pabitra Mohan Roy:

মাননীয় স্পীকার মহাশয়, সাধারণভাবে বাজেট আলোচনা করার সময় আমি জনস্বাস্থ্য ও চিকিৎসা বিষয়েই আমার আলোচনা সীমাবদ্ধ রাখব। চিকিৎসা ও জনস্বাস্থ্য খাতের যে বরাদ্দ পেশ করা হয়েছে তাতে এটা চিন্তাশীল লোকের ভাববার বিষয় হয়ে পড়েছে। আবার একথাও বলা হচ্ছে যে পশ্চিম বাংলায় সারা ভারতবর্ষের মধ্যে জনস্বাস্থ্য খাতে খরচ পার ক্যাপিটা সবচেয়ে বেশি। এই জিনিসটা হয়ত সত্যি যে বাজেটে পার ক্যাপিটা খরচ বেশি দেখাচ্ছেন কিন্তু চলতি বছরে পাবলিক হেলথে ২৭ লক্ষ টাকা ব্যয় কমান হয়েছে। এর কারণ দেওয়া হচ্ছে যে শহরাঞ্চলে জল সরবরাহের ব্যবস্থা কমিয়ে দেওয়া হবে। আবার আমরা দেখতে পাই যে পারকল্পনার উপর স্বাস্থ্য এবং চিকিৎসা খাতে প্রায় এক কোটি টাকা আনস্পেন্ট অবস্থায় রয়ে গেল—খরচ করা সম্ভব হল না। অর্থাৎ সেই টাকাটা ফিরে চলে যাবে এই বলে যে জনস্বাস্থ্য ও চিকিৎসা খাতে আমাদের উন্নয়নমূলক কাজ করার কিছু নেই। অথচ আমরা জানি যে গ্রামের জনস্বাস্থ্য ক্রমশঃ অবনতির দিকে যাচ্ছে। আপনাদের কথা ছিল যে সাব-ডিভিশানগুলিতে কটা করে হাসপাতাল খোলা হবে। কিন্তু কটা সাব-ডিভিশানে এই হাসপাতাল খোলা হয়েছে সে কথা স্বাস্থ্যমন্ত্রী মহাশয় আমাদের বলবেন। থানা হেলথ সেন্টারের ব্যাপারে এখনও কতগুলি থানা পশ্চিম বাংলায় বাকি রয়েছে সে কথাও তিনি বলবেন। এই সমস্ত খাতে ব্যয় করার সুযোগে শহরাঞ্চলে ও গ্রামাঞ্চলে জল সরবরাহের ব্যাপারে টিউবওয়েল ও পাতকুয়া করে দেবার দরকার যে কত বেশি সেটা সবাই স্বীকার করবেন। কিন্তু তবুও এক কোটি টাকা অনস্পেন্ট থেকে যায়। মেডিকাল ও পাবলিক হেলথ বাজেট আলোচনা করতে গিয়ে স্বভাবতঃই রাজধানী কোলকাতার হাসপাতালগুলির অব্যবস্থার কথা এসে যায়। এ সম্বন্ধে আমরা বহুবার আলোচনা করেছি এবং সংবাদপত্রেও এই নিয়ে বহু দাবি উঠেছে, কিন্তু তবুও বিশেষ কিছু ব্যবস্থা করা দরকার আছে বলে আমাদের সরকার মনে করেন না। এই সমস্ত হাসপাতাল থেকে চিকিৎসার কতটা উন্নতি হয়েছে তার ইনভেস্টিগেশন করার কথা আমি বলেছি, কিন্তু সরকার সেসব কথা কানে তোলেন না। এপিডেমিক ডিজিজ কি কমেছে সেটা কি সরকার বলতে পারেন? আমরা জানি যে কলেরা, বসন্ত ইত্যাদি রোগে হাজার হাজার মানুষ মরছে। টি বি তো দিনের পর দিন বেড়েই যাচ্ছে। আমরা যতরকম স্ট্যাটিসটিকস্-এর বই খুলি না কেন যক্ষ্মা কমার কথা সরকার কোথাও বলেন না।

Health on the March 1945-57. Director of Public Health থেকে পাবলিশ করে আমাদের কাছে দেওয়া হয়েছে। তা থেকে দেখছি যে বি সি জি ক্যাপসোলের জন্য আজ পর্যন্ত মাত্র ১৫টা টিম করা হয়েছে, এর মোবাইল ইউনিট মাত্র ৯টা আছে। এ ছাড়া তাতে আছে—

Person tested with tuberculine 33.1 per cent. persons vaccinated with B.C.G. 13.5 per cent.

[6-35—6-45 p.m.]

মিঃ স্পীকার স্যার, এত চেষ্টা করে যদি আজকে ভ্যাকসিনেটেড ১৩;৫ পার্সেন্ট হয়ে থাকে—আমাদের দেশে যেখানে পপুলেসন দিন দিন বেড়ে চলেছে তা হলে যক্ষ্মা রোগীদের বি সি জি ভ্যাকসিনেসন শেষ করতে আগামী ৩০ থেকে ৪০ বছর দরকার হবে। তারপর স্কুল চাইল্ড হেলথ—স্কুলের ছেলেদের স্বাস্থ্য সম্বন্ধে আমাদের সরকার কোন ব্যবস্থা করা দরকার মনে করেন না অথচ স্কুলের ছাত্রছাত্রীরাই ভবিষ্যতের ভরসা, তাদের স্বাস্থ্য যদি এ সময়ে নষ্ট হয়ে যায় তা হলে তাদের ভবিষ্যৎ কি হবে সেটা দেখা প্রয়োজন বলে সরকার মনে করেন না। ছাত্রদের স্বাস্থ্য নিয়ে কোন গবেষণা সরকার করেন না। বাজেটেও সেরকম কোন প্রভিসন তারা করেন নি। এর পর আমি দরকারী ওষুধপত্রের কথা বলবো। ডাক্তার চিকিৎসা করবেন কিন্তু দরকারী ওষুধপত্র বাজারে পাওয়া যায় না। দরকার হলে সেগুলি এসেনসিয়াল কমোডিটি বলে বাইরে থেকে আনার ব্যবস্থা করা দরকার। জীবন মৃত্যুর সমস্যার মুখে দাঁড়িয়ে ডাক্তার প্রেসক্রিপশন করবেন কিন্তু চিকিৎসা নির্ভর করে ওষুধের উপর। আমাদের মুখ্যমন্ত্রী ডাক্তার বিধানচন্দ্র রায় প্রেসক্রিপসান লিখে দিয়েছেন, সে ওষুধ বাজারে পাওয়া যায় নি- এর ভূরি ভূরি প্রমাণ আমাদের কাছে রয়েছে। কোলকাতার হাসপাতালে চিকিৎসা বিভ্রাটের কথা আপনারা মাঝে মাঝে শুনে থাকেন। কিছুদিন আগে সংবাদপত্রে একটা ঘটনায় কথা বেরিয়েছিল সেটা আপনাদের সকলের নজরে নিশ্চয়ই এসেছিল। এরূপ ঘটনা লজ্জার ব্যাপার সরকারের পক্ষে শুধু নয়, আমাদের সকলের পক্ষে লজ্জার ব্যাপার। কোলকাতা মেডিকেল কলেজ হাসপাতালে কার্ডিওলজি ডিপার্টমেন্ট বলে একটা ডিপার্টমেন্ট আছে, সেই কার্ডিওলজি ডিপার্টমেন্টে ইলেকট্রো-কার্ডিওগ্রাম যন্ত্রটি আজ তিন বছর ধরে খারাপ হয়ে আছে। রোগীরা কার্ডিওলজি ডিপার্টমেন্টে ভর্তি হয় কার্ডিওগ্রাফ নেবেন বলে। তাঁরা হয়ত বুঝতে পারেন না যে তাঁদের কিছুই হোল না। এর চেয়ে মিঃ স্পীকার স্যার, চিটিং শব্দটা হয়ত পার্লামেন্টারী নয়, আমি বলবো ঠকাবার ব্যবস্থা আর কি হতে পারে? একটা সভ্য সরকারের স্বাস্থ্য বিভাগ যদি এরকম লোক ঠকানোর চেষ্টা করেন তা হলে আর ভরসা কোথায়? ইলেকট্রো-কার্ডিওগ্রাম বাইরে থেকে করে এনে চিকিৎসার ব্যবস্থা করা যেতে পারে একথা হয়ত স্বাস্থ্য বিভাগ বলবেন। কিন্তু সেখানে সময়ের প্রশ্ন আছে টাকার প্রশ্ন আছে সেগুলি দেখবে কে? এখানে যাঁরা উপস্থিত আছেন তাঁরা হৃদরোগে, করোনারী ডিজিস, করোনারী থ্রম্বসিস এর কথা অনেকে জানেন এবং চিন্তা করেন। হার্ট ডিজিসএর কথা অনেকে জানেন। এই সভার মধ্যে যাদের একটু বয়স বেশি হয়ে গেছে তাঁদের কথাই নয় এই সভায় যাঁরা রয়েছেন তাঁরা নিজেরা একটু চিন্তা করে দেখুন। করোনারী ডিজিস হয়ে হাসপাতালে গেছে, সেখানে কার্ডিওলজি ডিপার্টমেন্টে যন্ত্র নেই, তারপরে নিজের কথা নিজে ভেবে দেখতে হবে।

আমাদের বাংলাদেশের সুনাম শুনে, কলকাতা হাসপাতালের সুনাম শুনে অন্য একটা প্রদেশের একজন স্বাস্থ্যমন্ত্রী, মহীশূরের স্বাস্থ্যমন্ত্রী তিনি এখানে এসেছিলেন চিকিৎসা করাবার জন্য—তিনি মেডিকাল কলেজে ভর্তি হবার জন্য গেলেন। আমাদের স্বাস্থ্যমন্ত্রী, ডাইরেকটর সাহেব এই দুইজনের চেষ্টায় শেষ পর্যন্ত তাঁকে কারনানী হাসপাতালে নিয়ে গিয়ে চিকিৎসা করাতে হয়েছিল। এর চেয়ে বেশি লজ্জার বিষয় কোন প্রদেশের হতে পারে। যে প্রদেশের মুখ্যমন্ত্রী একজন দেশবিখ্যাত ডাক্তার এবং যে প্রদেশের স্বাস্থ্যমন্ত্রীও একজন ডাক্তার বটে। এটা অত্যন্ত লজ্জার কথা যে অন্য প্রদেশের একজন মন্ত্রী এসে আমাদের শ্রেষ্ঠ হাসপাতালে চিকিৎসা করতে পারেন না। এই হাসপাতালে ব্লাড সুগার করার যন্ত্রটি খারাপ হয়ে গিয়েছে এখন শুনছি সেটা নাকি মন্ত্রী মহাশয়ের চেষ্টায় সারান হয়েছে। এখানে শুধু হাসপাতালই নয়, এখানে ছাত্রদেরও শিক্ষা দেওয়া হয়। তা হলে বুঝে দেখুন, স্যার, ভবিষ্যতে যে সমস্ত ডাক্তার এখান থেকে বেরুবে তাঁরা কিরকম ডাক্তার তৈরি হবেন। অথচ এক কোটি টাকা আনস্পেন্ট অবস্থায় থেকে যাবে। এটাও শেষ নয় আপনারা জানেন কিছু দিন আগে এক্স-রে নিয়ে কি কেলেঙ্কারী হয়েছিল, একস-রে থাকে প্লেট থাকবে না, প্লেট থাকবে তো একস-রে থাকে না। অফ অল দি হসপিটাল যেটা নাকি আমাদের সবচেয়ে বড় হাসপাতাল তারই অবস্থা দেখুন। যেসব সংবাদপত্র এইসব তথ্য প্রকাশ করেছেন আমি তাদের ধন্যবাদ দিচ্ছি। তথাপি সরকারের ঔদাসীন্যের শেষ নাই। বর্তমান বাজেটে রেভিনিউ রিসিট পরিকল্পনা সংক্রান্ত স্কীমগুলির মধ্যে কেন্দ্রীয় সরকার থেকে টাকা পাওয়া যাবে। মেডিক্যাল খাতে ১৯ লক্ষ, আর পাবলিক হেলথ খাতে ১৩ লক্ষ;

আর এক্সপেন্ডিচারএ দেখছি মেডিক্যাল খাতে ৭০ লক্ষ আর পাবলিক হেলথ খাতে ৬৩ লক্ষ টাকা। (রেড লাইট) আমি সময়াভাবে আর কিছু বলতে পারলাম না।

Mr. Speaker: Mr. Umesh Chandra Mandal will speak.

The Hon'ble Dr. Anath Bandhu Ray: Sir, may I clear up the point?

Mr. Speaker: You may mention it during your reply.

The Hon'ble Dr. Anath Bandhu Ray: Sir, if he looks at the correspondence it will be clear. I went to see him in the morning and thereafter I had to go to Shillong.

Dr. Hirendra Kumar Chattopadhyay: Did the Hon'ble Minister take with him an electro-cardiograph?

[6-45—6-55 p.m.]

Sj. Umesh Chandra Mondal:

মাননীয় সভাপাল মহাশয়, অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তা বাস্তবিক প্রশংসার্হ। তিনি এবারে ৮২ কোটি টাকার মঞ্জুরী দাবি করেছেন—এটা একটা গৌরবের কথা, কারণ ইতিপূর্বে এত টাকার বরাদ্দ দাবি করা হয় নি। এই বাজেট বক্তৃতায় আমরা দেখতে পাচ্ছি পশ্চিম বাংলা ক্রমেই উন্নতির পথে অগ্রসর হচ্ছে। আমাদের কৃষিবিভাগে এবং শিল্পবিভাগে উৎপাদন বৃদ্ধি হয়েছে। এখন আমাদের আমদানি কম হচ্ছে, রপ্তানি বৃদ্ধি পাচ্ছে—এটাও একটা আশার কথা —এ সত্ত্বেও আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা এই বাজেট বিশ্লেষণ করে বলেছেন এর মধ্যে নতুন ধরনের কিছু নাই, আগাগোড়া একই রকম চলছে। আমি বলতে চাই তাঁদের বক্তৃতাও আগাগোড়া একরকম। স্পীকার মহাশয়, আপনি জানেন ১৯৫০ সালে যখন আমি এই বিধানসভার সদস্য, তখন এডুকেশন খাতে ৩ কোটি টাকা ব্যয় করা হয়েছিল। আর এই বছর সাড়ে ষোল কোটি টাকা ব্যয় হবে। এবং আজকে আমাদের দেশে স্কুল কলেজের সংখ্যা এবং প্রাইমারী স্কুলের সংখ্যা কত বেড়ে গিয়েছে তা সকলেরই জানা আছে এবং শুধু স্কুল কলেজের সংখ্যাই নয়, ছাত্রসংখ্যাও বেড়ে গিয়েছে। শিক্ষকদের যে মাইনে দেওয়া উচিত ছিল তা দেওয়া হয় নি একমাত্র এই ত্রুটি ছাড়া আমাদের সরকারের শিক্ষানীতির মধ্যে আর কোন গলদ নাই। কৃষিকার্যের আশানুরূপ উন্নতি হয় নি তার কারণ আছে, প্রথম কারণ হচ্ছে, এই খাতে ব্যয়বরাদ্দ অত্যন্ত কম। আমাদের শিক্ষা খাতে ১৩ কোটি, স্বাস্থ্য এবং চিকিৎসা খাতে সাড়ে আট কোটি, পুলিস খাতে সাত কোটি ৯৩ লক্ষ, আর সে জায়গায় মাত্র ৪ কোটি ৭৫ লক্ষ ধার্য করা হয়েছে কৃষি খাতে। এই অল্প টাকায় আমাদের দেশের উৎপাদন বৃদ্ধি করা সম্ভব নয়। যদি বাস্তবিকই উৎপাদন বৃদ্ধি করতে হয় তা হলে এই খাতে ব্যয়বরাদ্দও বৃদ্ধি করতে হবে। এজন্য আমি সরকারকে অনুরোধ করব, আপনারা কৃষি খাতে বরাদ্দ বৃদ্ধি করার চেষ্টা করুন। তারপর, আমরা স্বীকার করতে বাধ্য, রাস্তাঘাট হচ্ছে, স্কুলকলেজ হচ্ছে, কিন্তু আমি জানি না তাঁরা কি করে বলেন এগুলি ভাল হচ্ছে না। তারপর, আমাদের কৃষিকার্যের উন্নতি না হওয়ার ফলে আমাদের প্রায় ৭ কোটি টাকা ব্যয় হয় ত্রাণ বা দুর্ভিক্ষ খাতে। যদি কৃষি খাতে আমরা বরাদ্দ বেশি করতাম তা হলে ত্রাণ খাতে এই সাত কোটি টাকা ব্যয় করতে হত না। যদি কৃষির উৎপাদন বৃদ্ধি করতে হয় তা হলে সেচের ব্যবস্থা ও ভাল বীজের সরবরাহ করার ব্যবস্থা করা দরকার। এদিকে দামোদর ও ময়ূরাক্ষী পরিকল্পনা করা হয়েছে, কিন্তু আমাদের উত্তরবঙ্গে কোন পরিকল্পনা নেওয়া হয় নি। সেজন্য আমি অনুরোধ করব, তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যাতে জলঢাকা পরিকল্পনা গৃহীত হয় তার জন্য সরকার যেন সচেষ্ট হন। তা ছাড়া যে ক্ষুদ্র সেচ পরিকল্পনার জন্য গত বছর ৩২ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে, কিন্তু তার কোন অংশ উত্তরবঙ্গে ব্যয়িত হয় নি। বাজেটে ঐ খাতে যে ৪৮ লক্ষ টাকা ধার্য করা হয়েছে তার কিয়দংশ যাতে উত্তরবঙ্গের সেচ পরিকল্পনার জন্য খরচ করা হয়, তার জন্য আমি কৃষিমন্ত্রী মহাশয়কে বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি। তা ছাড়া দেখা যাচ্ছে কৃষি উৎপাদন বাড়ানর দিকে একটা অন্তরায় হচ্ছে। এবারে একশোটা সিড মাল্টিপ্লিকেসন ফারম খোলা হয়েছে এবং এই সিড মাল্টিপ্লিকেসন ফারমগুলি একজন ডিমনস্ট্রেটরের আন্ডারে থাকবে। সেই ডিমনস্ট্রেটরের স্কেল অব পে হচ্ছে ৫০ থেকে ৮০ টাকা। অর্থাৎ

তাঁর কাজ হবে ৭৫ বিঘা জমিতে বীজ উৎপাদন করে স্থানীয় কৃষকদের কাছে ঐ বীজ বিতরণ করতে হবে। তাঁর স্কেল, মাইনে হচ্ছে ৮০ টাকা অথচ একজন লোয়ার ডিভিসন ক্লার্কএর স্কেল অব পে হচ্ছে ৫৫ থেকে ১৩০ টাকা। সেইজন্য আমার সরকারের কাছে অনুরোধ তাঁর স্কেল অফ পে সম্বন্ধে সরকার যেন বিশেষ বিবেচনা করে দেখেন, তা না হলে তাঁর আণ্ডারে যে সমস্ত ফারম দেওয়া হবে, তারা কোন কাজ করবেন না, উপেক্ষা করে ফেলে রাখবেন। এই সমস্ত কারণে আজ আমাদের দেশের কৃষি উৎপাদন ঠিকভাবে হচ্ছে না।

তারপর দেখা যায় সরকারের তরফ থেকে কতকগুলি ভিলেজএ এগ্রিকালচারাল স্কুল স্থাপন করা হয়েছে, ভিলেজএ এগ্রিকালচারাল ইউনিয়ন এ্যাসিস্ট্যান্টদের দ্বারা ট্রেনিং দেওয়া হচ্ছে। কিন্তু তাঁদের কাজে উন্নতি হচ্ছে না। কারণ যে সমস্ত কৃষক কৃষি কাজ করে খেয়ে পরে জীবন ধারণ করে, তারা এক বছর কিংবা ছয় মাসের বেশি ট্রেনড্ এগ্রিকালচারাল ইউনিয়ন এ্যাসিস্ট্যান্ট-দের কাছ থেকে কখনও ইনস্ট্রাকসান নেন না। বাস্তবিক তার দ্বারা কৃষির কোন প্রকৃত উন্নতি হচ্ছে না। দ্বিতীয়তঃ, একটা প্ল্যান, যেটা সরকার বলেছেন ট্রেনিং অব ফারমারস সনস দরকার, সেই নীতি সরকার যদি গ্রহণ করেন তা হলে বাস্তবিক দেশের কল্যাণ হবে। আমাদের দেশের চলতি প্রবাদ অনুসারে বলতে হয়—নিজের ছেলের দ্বারা কৃষি কাজ না করালে, সে কাজ কখনও করা সম্ভব হয় না। সেইজন্য কৃষিমন্ত্রী মহাশয়ের কাছে আমার সনির্বন্ধ অনুরোধ তিনি যে স্কীমের কথা তাঁর স্টেটমেন্টে বলেছেন, সেই স্কীমটা যাতে তাড়াতাড়ি কার্যকরী হয়ে ওঠে তার জন্য তিনি ব্যবস্থা অবলম্বন করুন।

তারপর ক্রমান্বয়ে আমাদের দেশে যে বেকার সমস্যা বেড়ে চলেছে, তার একমাত্র সমাধান হচ্ছে শিল্প প্রসার করা। কিন্তু শিল্প প্রসারের জন্য যে টাকা ব্যয় করা হচ্ছে তা অকিঞ্চিৎকর। বিশেষতঃ আমাদের উত্তরবঙ্গে কোন রকম শিল্প নেই। ডাক্তার রায় গত বছরের আগের বছর একটা স্টেটমেন্ট করেছিলেন যে উত্তরবঙ্গে একটা স্পিনিং মিল স্থাপন করা হবে। কিন্তু এ পর্যন্ত সে সম্বন্ধে কোন কিছুই করা হয় নি। সেই জন্য আমার অনুরোধ উত্তরবঙ্গে যাতে অতি শীঘ্র একটা স্পিনিং মিল স্থাপিত হয় তার জন্য যেন তিনি একটু চেষ্টা করেন। পূর্ববঙ্গ হতে আগত বহু উদ্বাস্তু তন্তুবায় উত্তরবঙ্গে বসতি আরম্ভ করেছে, কিন্তু তারা ঠিকমত ভালভাবে তাদের কাজ করতে পারছে না। সেইজন্য উত্তরবঙ্গে একটা স্পিনিং মিল অনতিবিলম্বে খোলা একান্ত আবশ্যক, আমি তার জন্য মন্ত্রী মহাশয়কে বিশেষ অনুরোধ জানাই। তারপর শিক্ষা সম্বন্ধে আমার নিবেদন হচ্ছে, দেখা যায় প্রত্যেকটি জেলাতে একটি করে কারিগরি স্কুল স্থাপন করা হয়েছে, কিন্তু, আমাদের কুচবিহারে একটিও নেই।

আমি আশা করি মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় আগামী বৎসর সেখানে একটি কারিগরি স্কুল স্থাপন করবেন।

[6-55—7-5 p.m.]

Dr. Hirendra Kumar Chattopadhyay:

মাননীয় স্পীকার মহাশয়, গত বছর বাজেটের সময়েতে আপনার মনে থাকতে পারে আমি একটা স্বপ্নের কথা বলেছিলাম যে স্বপ্ন দেখলাম এই শিক্ষা বিভাগে রাহু রাজা আর তাঁর শনি মন্ত্রী। এ বছর দেখুন এখানে অনেক কিছু স্কীম করা হয়েছে যেমন কংসাবতী স্কীম কিন্তু শিক্ষা খাতে দেখছি ধনংসাবতী স্কীম ভালভাবে চলছে। যেখানে গভর্নর স্পীচ দিয়েছিলেন সেখানে পেয়েছিলাম, ধোপার খাতার মত কার কতখানা কাপড় কাঁচতে যাবে এবং কটা জামা গেল ইত্যাদির বিশদ হিসাব পেয়েছিলাম। এবার রাজ্যপাল বলেছেন ২৫ হাজারের কিছু বেশি স্কুল হয়েছে। কিন্তু ঠিক সংখ্যাটি বলেন নি, সেটা ২৫ হাজার একটি হয়েছে না ২৫ হাজার ৯৯৯টি হয়েছে এ তথ্য পাই নি কারণ এ দুটোর মধ্যে তফাৎ কিছু আছে তা তাঁর ভাষণে বুঝবার উপায় নেই।

তারপর একটি কথা বলব—প্রাইমারি এডুকেশান সম্বন্ধে গত ১২ই মার্চ ১৯৫৮ সালে Consultative Committee of the Ministry of Education

তারা ঠিক করেছেন এবং তাঁদের রিপোর্টের মধ্যে লিখেছেন—

The basic education to be the national pattern of education at elementary stage.

এবং গত ৯ই নবেম্বর ১৯৫৭ সালে ডাঃ শ্রীমালী এখানে গার্ডিয়ানস এসোসিয়েসান থেকে যে মেমোরেন্ডাম দেওয়া হয়েছিল তার উত্তরে বলেছেন—

In the field of primary education their settled policy was that it should be basic education.

এই যে রাজ্যপালের ভাষণ এবং বাজেট ভাষণ যেটা দেওয়া হল তার মধ্যে বুঝতে পারলাম না প্রাইমারী এডুকেশনএর ক্ষেত্রে বেসিক এডুকেসান কতদূর এগিয়ে গেছে। পলিসি কি, স্কীম কতটা এগিয়েছে তার হিসাব নেই, শুধু কতগুলি স্কুল আছে তার হিসাব দেওয়া হয়েছে এবং অর্থমন্ত্রী বললেন কত টাকা দিয়েছেন। কিন্তু কোন নীতিতে চলছে, কোন পলিসি অনুসৃত হচ্ছে, কি উন্নতি হয়েছে তার খবর বিধানসভার সভ্যদের মাধ্যমে পশ্চিম বাংলার জনসাধারণকে জানান হয় নি। নীতি একেবারে নেই সে কথা বলব না, একটি নীতি এখানে আছে সেটা হল দুর্নীতি। গত বছর বলেছিলাম অনেক রকম স্কুল তো আছে তার স্ট্যান্ডার্ডাইজেসানএর কি হল। ক্যারিকুলার সিলেবাসএর কি হল,

teachers' qualification, uniformity, emoluments and amenities

এসব এক করবার কথা বলেছিলাম তার কি হল জানতে পারলাম না এবং যেটা প্রাথমিক প্রয়োজন তা করা হয় নি, টিচার স্টুডেন্ট রেশিও সম্বন্ধে যা করা প্রয়োজন তার কিছুই করা হয় নি আপনাদের বলা হয়েছে ওয়ান টু থারটি কিন্তু বাংলাদেশের বহু স্কুলের হিসাব হচ্ছে প্রতি ১৩০এ দুইজন টীচার। তারপর গতবারে এই ব্যাপারেতে সেন্ট্রাল গভর্নমেন্ট বলেছিলেন একটা সার্ভে অব প্রাইমারী এডুকেশান করা হবে, কিন্তু সে সম্বন্ধে নিউ দিল্লী ২৬এ নবেম্বর, ১৯৫৭ সালে লিখেছিলেন—

survey is being made in collaboration with West Bengal Government, West Bengal

গভর্নমেন্টকে যখন লেখা হল তখন অর্থাৎ গত জানুয়ারি ১৮ তারিখে এ'রা লিখেছিলেন

survey completed, report under complication. New Delhi

থেকে আবার চিঠি লেখা হয় ৫ই মে, ১৯৫৮। তার পর দেখছি তারা লিখেছিলেন—

West Bengal report not yet available.

তার পর আমরা ডেপুটেসনে যাই ডাক্তার শ্রীমালির কাছে। তিনি বলেছিলেন তিনি একটা ভাল কমপ্লিমেন্ট ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্টকে দেবেন। বলেছিলেন—

West Bengal is the only State which has not submitted any report as yet.

তার পর ২৮এ নবেম্বর ১৯৫৮ সালে ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্টকে লেখা হয়, তাঁরা বললেন

Regret inability to supply report which was meant for office report only.

তার পর নিউ দিল্লী থেকে ১২ই ডিসেম্বর, ১৯৫৮ গভর্নমেন্টকে লিখেছিলেন

West Bengal Government has not collaborated in the educational survey and no copy of the report said to have been completed long ago received by Central Ministry.

এই হল এ'রা এডুকেসানাল সার্ভে যা করেছেন। এই সার্ভের ব্যাপারে আরও সুন্দর জিনিস আছে। বাংলাদেশের পপুলেসানের ওয়ান-ফোর্থ হল ক্যালকাটা কর্পোরেশনের আন্ডারে। তার এডুকেসান কমিটির যিনি চেয়ারম্যান ছিলেন শ্রীঅজিত দত্ত তিনি ডাক্তার শ্রীমালিকে ৭ই ডিসেম্বর তারিখে রাজভবনে গিয়ে বলেন—আমি এডুকেসান কমিটির চেয়ারম্যান, আমি আপনাকে বলছি এই যে সার্ভে হচ্ছে এ ব্যাপারে ক্যালকাটা কর্পোরেশানকে কোন খবর দেওয়া হয় নি, আমরা এটা জানিও না। সেখানে ডাঃ বসুয়া যিনি এডুকেসান অফিসার তিনি একটা চিঠিতে লিখেছেন—তার ডেট হচ্ছে ৫-১২-৫৮, সেই চিঠিতে লিখেছেন এ পর্যন্ত আমরা জানি না কোন সার্ভে হয়েছে কিনা। অর্থাৎ বিচার হয়ে গেল দোষী তা জানতেও পারল না। এখানে প্রাইমারী

এডুকেসান সার্ভে হচ্ছে অথচ ক্যালকাটা কর্পোরেশান তা জানে না, অর্থাৎ কোন রান্না ঘরে কি রান্না হচ্ছে গৃহস্বামী তা জানে না। ডাক্তার বর্য়া বললেন, আমাদের যে খবর আছে তাতে কলকাতা শহরে ৫০ ভাগ ছেলে বই নিয়ে স্কুলে যায় না অথচ ওয়েস্ট বেংগল গভর্নমেন্ট সেন্ট্রাল গভর্নমেন্টকে পাঠিয়ে দিলেন বাংলাদেশে শিক্ষার মান খুব উঁচু। গতবারেই বলেছিলেন ৮৯ পারসেন্ট ছেলে স্কুলে যাচ্ছে। অতএব এই সম্বন্ধে বলছিলাম যে কংসাবতী স্কীম না হোক অন্ততঃ ধনসাবতী স্কীম হতে চলেছে। তারপর রেজাল্ট অব প্রগ্রেস সম্বন্ধে কিছু বলেন নি, ট্রেনড টিচার্স সম্বন্ধে বলেছিলাম তারও কোন উত্তর দেন নি। অথচ এখানে দেখছি

All India average 61.2 per cent., West Bengal 34.6 per cent., Kerala 92.9 per cent., Madras 92.5 per cent.

অথচ এখানে কথায় কথায় উঠে কেরেলার কথা। সেইজন্য বলছি—

কেরেলার কথা আর কেন শুধু আনো,
কেরেলা করিছে যাহা তাতো সবই জানো।

সেকেন্ডারী স্টেজের কথা বন্ধু সতোনবাবু কিছু কিছু বলেছেন এবং অনেক কথাই বলেছেন সেদিকে আমি যাবো না। কতকগুলি সমস্যার কথা বলি। ১৯৬০ সালে যে ছেলেরা

11-year High Secondary School

থেকে পাশ করেছে কিন্তু ৩-ইয়ার ডিগ্রী কোর্স আরম্ভ হবে ১৯৬১ সালে, তা হলে এই এক বৎসর তারা কি করবে, ভ্যারেন্ডা ভাজবে? যারা পাশ করবে ১১ ইয়ার কোর্সএ তারা এক বৎসর কি করবে প্রি-ইউনিভার্সিটি স্টেজ, তার জন্য কোন ব্যবস্থা করেছেন আজ পর্যন্ত? আমি বিশ্ব-বিদ্যালয়ের একজ্য সভ্য আমি জানি যে এই সম্বন্ধে কোন কথা আজ পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের সংগে গভর্নমেন্টএর হয় নি। তারপর হচ্ছে, ৩-ইয়ার্স ডিগ্রী কোর্স যদি ১৯৬১ সালে হয় তা হলে যেসব ছেলে ১০ বৎসরের স্কুল থেকে বেরুবে তারা ৬১-৬২ সালে কি করবে? প্রি-ইউনিভার্সিটি কোর্স তারা পেতে পারে না কাজেই তাদের আর এক বৎসর পড়তে হবে। এই যে অবস্থা—এটা একটা কেয়সএর অবস্থা হয়েছে। এই শিক্ষার জন্য তাঁরা আবার আত্মপ্রসাদ লাভ করেন এই কাজ করে। তারপর হচ্ছে আমি সম্প্রতি খবর পেলাম যে আপগ্রেডিং অব স্কুলস এবং মাল্টি-পারপাস স্কুল হচ্ছে, এর উদ্দেশ্যটা খুবই ভাল হচ্ছে তার কারণ এর আগে তার সার্ভে করা হল না, ইকুইটেবল ডিস্ট্রিবিউসন যাতে হয়, তা হল না এবং সেখানে যে

unequitable distribution of multipurpose schools

যা করা হচ্ছে

not in consonance with the needs and requirements, not the result of well thought of planning and scheme, and only determined with an eye towards distribution of patronage of a certain political party.

এইভাবে আজকে আপগ্রেডিং স্কুলএর ব্যাপার চলছে। তারপর এই আপগ্রেডিং স্কুল যা করা হচ্ছে সেখানে যারা যাবে, আপনারা জানেন সেই আপগ্রেডিংএর মধ্যে দুই রকম শিক্ষার ব্যবস্থা করা হচ্ছে, এক হচ্ছে হিউম্যানিটিজ আর এক সায়েন্স, এই সায়েন্স না পড়তে পারলে তারা ইঞ্জিনিয়ারিং পড়তে পারবে না, ডাক্তারী পড়তে পারবে না এবং অন্যান্য যেসব টেকনিক্যাল শিক্ষার ব্যবস্থা আছে তাতে যেতে পারবে না। এবং এমনভাবে স্কুল তৈরি করা হয়েছে এমন বিরাট বিরাট এলাকা নিয়ে যার ফলে যেখানে ভাল সায়েন্স স্টুডেন্ট হবার ছাত্রদের সম্ভাবনা আছে তারা, সেখানেই ঐ আপগ্রেডিং স্কুল না থাকার জন্য যেতে পারবে না। তাদের জন্য আপনার কি ব্যবস্থা আছে? তাদের আপনারা নির্মূল করে দিচ্ছেন, তাদের টেলেন্টকে আপনারা ক্রশ করে দিচ্ছেন এবং তাদের উচ্চ শিক্ষার কোন সুযোগ দিচ্ছেন না। এইবার আমি ইউনিভার্সিটি এডুকেসানএ আসবো। শিক্ষামন্ত্রী মহাশয় এই এ্যাসেমব্লী ও কাউন্সিলএ এই সম্বন্ধে অনেক কথাই বলেছেন। সেখানে যে অঙ্কের জাগলারী বা হিসাব দিয়েছেন আশা করি আপনারা তা দেখেছেন। ক্যালকাটা ইউনিভার্সিটিতে

number of college students has increased more between 1951 and 1958,

যেখানে ছাত্র ছিল ৫৯ হাজার সেখানে এবার হয়েছে, প্রফেসার নির্মল সিদ্ধান্ত কনভোকেসান এ্যাড্রেসএ বলেছেন ১ লক্ষ ২৫ হাজার এবং

Number of students in Post Graduate Class

এ ডাব্‌ল হয়েছে

from 4 thousand in 1951 to 8 thousand in 1958.

কিন্তু স্ট্যাটুটরি গ্র্যান্ট যা আর্টিকল ৫০ অফ ক্যালকাটা ইউনিভার্সিটি এ্যাক্ট-এ আছে তাতে মিনিমাম যা আছে সেই ১৬ লক্ষ টাকা, সেই ১৬ লক্ষ টাকার এক পয়সা বেশি স্ট্যাটুটরী গ্র্যান্ট দেন নি। অথচ এই শিক্ষা বিস্তারের জন্য বলা হচ্ছে স্টেডি প্রগ্রেস চলছে। প্রগ্রেস হতে চলেছে, ছাত্রসংখ্যা বাড়ছে কিন্তু সেই ছাত্রদের সুবিধার জন্য সেই যে মিনিমাম স্ট্যাটুটরী গ্র্যান্ট ১৬ লক্ষ টাকা তাই দিচ্ছেন। তারপর দেখুন ম্যাট্রিক ক্যান্ডিডেটএর সংখ্যা ১৯৫১ সালে যেখানে ছিল ৪০ হাজার ৫০০ শত সেটা ১৯৫৮ সালে গিয়ে দাঁড়িয়েছে এক লক্ষের উপর, অর্থাৎ সেই সংখ্যার দেড় গুণ বেড়ে গিয়েছে কিন্তু কমপেনসেসানএর বেলায় সেই ৫ লক্ষ ৫২ হাজার টাকা—ভদ্রলোকের এক কথা—তার এক পয়সাও বেশি নয়।

[7-5—7-15 p.m.]

এদের কলেজীয় শিক্ষা বিস্তারের জন্য মিঃ স্পীকার, স্যার, আপনি দেখতে পাচ্ছেন যে, একটিমাত্র ম্যাট্রিকুলেশানএর জন্য এই ৫ লক্ষ ৫২ হাজার টাকা এবং ইউনিভার্সিটি মিনিমাম ধরেছে ১৬ লক্ষ টাকা। এ জিনিস তাঁরা দিচ্ছেন। তারপর আর একটা কথা বলব। বঙ্গবিভাগ হয়ে যাবার পর ১৯৪৭ সালে বাংলাদেশে কলেজ ছিল ৬০টি এখন সেটা শত্রুমুখে ছাই দিয়ে দাঁড়িয়েছে ১৪৫টি। শিক্ষা বিভাগ থেকে এই এ্যাফিলিয়েটেড কলেজগুলিকে তার লাইব্রেরী, তার ল্যাবরেটরী বাবত একটা টাকা তারা দেন সেটা কিন্তু ৫০ হাজার টাকা, তা সেটা কলেজ ৬০টিই হোক আর ১৪৫টিই হোক—এই টাকা দিচ্ছেন আর তারা শিক্ষার জন্য আত্মপ্রসাদ লাভ করেছেন—আমরা শিক্ষার জন্য কিই না করছি। তারপরে বলি পোস্ট গ্রাজুয়েট ছেলেদের এ্যাডমিসান সম্বন্ধে ৫০ পারসেন্ট ছেলে রিজেক্টেড হয় কিন্তু একথা বলি না যে ঐ ৫০ পারসেন্ট তারা অযোগ্য, কেননা সায়েন্স বিভাগে শুধু মাত্র একটা ভগ্নাংশ ভর্তি হতে পারে এবং অনার্স স্টুডেন্ট পর্যন্ত রিফিউজড হয়েছে এই পোস্ট গ্রাজুয়েট ডিপার্টমেন্টএ, এ্যাকমোডেসান নাই, ফেসেলিটি নাই, ল্যাবরেটরি নাই এই অবস্থা এখন দাঁড় করিয়েছেন। তবু আমাদের বলতে হবে শিক্ষায় আমরা খুব অগ্রসর হয়েছি। ক্রাউডিং ইন কলেজ সম্বন্ধে বলেছেন কলেজে এত যাওয়া উচিত নয়। এই সম্বন্ধে কয়েকটি কথা বলতে চাই। একটি মত বলছি। তিনি হচ্ছেন চ্যাণ্ডেলর পি বি চক্রবর্তী, চিফ জাষ্টিস অফ হাই কোর্ট, আর চ্যাণ্ডেলর ডাক্তার হরেন্দ্রনাথ মুখার্জি যাঁর নাম সকলেই জানেন, এবং আমাদের মুখ্যমন্ত্রী ডাক্তার রায় লক্ষ্ণৌ কনভোকেশনএ যে কথা বলেছিলেন। পি বি চক্রবর্তী বলেছিলেন—

"This phenomenon of increased demand for higher education is not peculiar to India. It is not correct to say that it is only in this country that boys and girls crowd uselessly in colleges in the senseless pursuit of higher education. That charge is untrue. This phenomenon of increased demand has made its appearance in England and America as well. এখানে Haren Babu বলেছেন, The trend towards increase in the number of students in higher education would not, however, cause any alarm for it is not peculiar to India. A comparison of those figures with those collected above shows how incorrect is the views that have been expressed that we have reached, if not passed the saturation point of University Education.

আর আমাদের মুখ্যমন্ত্রী Dr. Roy লক্ষ্ণৌতে গিয়ে যে কথা বলেছিলেন তাও আপনাদের জানিয়ে দিচ্ছি। তিনি বলেছিলেন,

.....Lucknow..... We should not forget, however, that much as we may condemn the overcrowding and the present system of education in the

colleges and higher schools we will need more engineers, more trained agriculturists, more craftsmen, more technologists, more doctors and experts in various Departments. Therefore, restriction on higher education is not the remedy."

অতএব ইউনিভার্সিটি এডুকেসান সম্বন্ধে তাঁরা একথা বলেছেন। এর মধ্যে থ্রি ইয়ার্স ডিগ্রী কোর্সএর যে ব্যাপার সে সম্বন্ধে এখন পর্যন্ত কোন সুষ্ঠু পরিকল্পনা সরকারের, না ইউনিভার্সিটির সঙ্গে হয়েছে। ইউনিভার্সিটির সঙ্গে তারা কি সম্বন্ধ রেখেছে? আমি একটা উদাহরণ দিচ্ছি। ১৯৫৭ সালের ২৪এ জুন মিঃ ডি এম সেন, সেক্রেটারী টু দি গভর্নমেন্ট অফ ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটিকে চিঠি লিখেছেন। ইউনিভার্সিটি একটি কমিটি এাপয়েন্ট করে। করে থ্রি ইয়ার্স ডিগ্রী কোর্স এবং হায়ার সেকেন্ডারী এডুকেশন সম্বন্ধে তাঁদের বক্তব্য একটি মেমোরেন্ডামএ পাঠিয়েছেন। সেই মেমোরেন্ডামএর উত্তরে মিঃ ডি এম সেন যা লিখেছেন তার শেষ প্যারাগ্রাফ আপনাদের পড়ে শুনিয়ে দিচ্ছি। এটি একটি অমূল্য নির্দেশ আপনাদের দিতে পারলেই ভাল হতো। যাই হউক আমি শেষ প্যারাগ্রাফ পড়ে শুনিয়ে দিচ্ছি।

"I am to add in conclusion that the University authorities would be kept duly informed of any steps that the State Government and the Government of India take in regard to education relating to University."

এর চেয়ে বড় এক্সটারি অডাসিটি কোন লোকের হতে পারে না। তার কারণ হচ্ছে ইউনিভার্সিটি এডুকেশান হবে, ইউনিভার্সিটিকে কনসাল্ট করা হবে না, ইউনিভার্সিটির ওপিনিয়ন নেওয়া হবে না, শুধু দয়াময় রাইটার্স বিল্ডিংসএ বসে যা করছেন

The University would be kept duly informed of any steps that the State Government take in regard to education

স্টেট গভর্নমেন্ট কি স্টেপ নেবেন না নেবেন, সেটা অনুগ্রহ করে তিনি জানিয়ে দেবেন। কনসালটেটিভএর কোন কথা নাই, ওপিনিয়নএর কোন কথা নাই। হিটলার কি এর চেয়ে বেশি কিছু করতেন। এই যে ডি এম সেন আমরা জানি কংগ্রেস দলের মধ্যে ৬০ পারসেন্ট লোক আছেন যাঁরা প্রকাশ্যে বিদ্রোহ করতে পারছেন না, তাঁদের বুক ফাটে তো মুখ ফোটে না। তাঁরা জানেন সবই তবু হা করতে পারে না, চুপ করে থাকেন, লিখতে আমাদের কাছে বলেন—তাদের সঙ্গে সমবেদনা জ্ঞাপন করি আমাদের সহানুভূতি আছে। এমনকি মন্ত্রীস্থানীয় একজন বলেছেন যতদিন এই লোকটি আছে ততদিন পর্যন্ত কিছু হবে না। যুগান্তর কাগজে লিখেছেন পান্নালালবাবু যতদিন বাংলাদেশের শিক্ষামন্ত্রী ছিলেন তাঁর সেক্রেটারী এই শিক্ষা সচিবের কোলে বসেছিলেন এবং কোলে বসেই তিনি এ্যাডমিনিস্ট্রেসন যেমনভাবে তাঁর সচিব তাঁকে চালিয়েছেন তিনি চালিয়েছিলেন। আজো সেই অবস্থা চলছে।

এবার সরকার জানিয়েছেন—অনেক খরচ করছেন খরচ নিয়ে কি কেলেঙ্কারী তার একটা দুটো উদাহরণ দি, এবং সেই উদাহরণের মাধ্যমে ও আপনার মাধ্যমে আমি অনুরোধ করছি—এল, আই, সি স্ক্যান্ডেলএর জন্য চাগলা কমিশন, ভিভিয়ান বোস কমিশন যদি বসাতে পেরে থাকেন তাহলে বাংলাদেশে অনেকগুলি দপ্তর আছে যার জন্য দুটি করে কমিশন করা দরকার। আমি প্রথমেই বলে নিচ্ছি একটা কাগজে বেরিয়েছে ২৮এ ফেব্রুয়ারি ১৯৫৮ তারিখেঃ—

পশ্চিম বাংলায় ৩০,০০০ গ্রামের জন্য ২,৫০০ পূর্ণাঙ্গ বুনিয়াদী বিদ্যালয় ৬½ কোটি টাকা—

(ক) সরকারী তালিকার মধ্যে এইরূপ বিদ্যালয় কাজ করছে বলে দেখানো হয়েছে তার মধ্যে বেশির ভাগ গ্রামেই কোন বিদ্যালয়ের চিহ্নমাত্র সরকারী পরিদর্শক দেখতে পান নি।

(খ) অনুসন্ধানে ফাঁস হয়ে পড়ে কয়েকজন অনুগ্রহভাজন ব্যক্তি যাদের উপর এইসব বিদ্যালয় খোলবার ভার ন্যস্ত হয়েছিল এবং মোটা টাকা দেওয়া হয়েছিল সেটা তারা যথারীতি আত্মসাৎ করে বসেছেন।

(গ) বছর বছর যেসব গ্রামিক বুনিয়াদী শিক্ষালয় স্থাপন হচ্ছে বলে তালিকায় দেখানো হয় তাদের বিশদ বিবরণী (অর্থাৎ কোন গ্রামে, কোথায় এবং অন্যান্য তথ্য) সরকারী গেজেটে, অথবা আইন সভার সমক্ষে পেশ করা হয় না।

(ঘ) ১৯৫৭-৫৮ সালে ১০৮টি পূর্ণাঙ্গ বুনিয়াদী বিদ্যালয় স্থাপিত হয়েছে বলে দেখানো হয়েছে—কেউ যেন না প্রশ্ন করেন সেগুলি কোথায় এবং কেমনভাবে চলছে।

১৯৫৮-৫৯ সালে ১০২টি খোলার কথা আছে কিন্তু পরিদর্শক বহু জেলার বিস্তীর্ণ গ্রামাঞ্চল ঘুরে এসে চলতি বছরে এই নতুন খোলা বিদ্যালয়ের বেশির ভাগেরই কোনও হদিস পান নি। অনেক অঞ্চলে ঠিকানামত গ্রামে গিয়ে নির্দিষ্ট স্থানে স্কুলের পরিবর্তে বনবাদাড় দেখেই তাকে ফিরতে হয়েছে।

দর্পণ, ১৯৫৮

২৮-২-৫৮।

তারপর—

১৭ই মার্চ ১৯৫৮ সাল, যুগান্তরের ভ্রমণরত স্টাফ রিপোর্টার লিখেছেন:—

জেনকিয়ারস হাই সেকেন্ডারী মালটিপারপাস স্কুল (কুচবিহার) সম্বন্ধে তিনি লিখেছেন—স্কুলের বিরাট ইমারত তৈরি হইয়াছে কিন্তু শিক্ষক নাই। মোট প্রায় সোয়া তিন লক্ষ টাকা ব্যয়ে নতুন বিরাট ইমারত উঠিয়াছে। লেদ মেসিন এবং নানা প্রকার কারিগরী বিদ্যা ও বিজ্ঞান শিক্ষার বহু মূল্যবান যন্ত্রপাতি সাজসরঞ্জাম আসিয়া পড়িয়া রহিয়াছে। কিন্তু হায় পনর মাস চলিয়া গেল আজও পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষা বিভাগ কোনও কারিগরী ও বিজ্ঞান শিক্ষক প্রেরণের ব্যবস্থা করেন নাই।

৩নং— দর্পণ ২-১-৫৯

২৪-পরগনা জেলা স্কুল বোর্ডের হিসাব সম্বন্ধে সর্বশেষ অডিট রিপোর্টে প্রায় আড়াই লক্ষ টাকার ব্যয় সম্বন্ধে প্রশ্ন উত্থাপিত হয়েছে। যার সন্তোষজনক জবাব এক উপমন্ত্রী এবং তাঁর সহকর্মীরা অডিটারের কাছে পেশ করতে পারেন নি। প্রকাশ এ্যান্টিকরাপশন দপ্তর থেকেও ২৪-পরগনা জেলা বোর্ডের কয়েকটি বড় বড় পুকুর চুরির ঘটনার পুলিসের দ্বারা যে তদন্ত ঘটানো হয়েছিল সেই রিপোর্ট কোথায়? গভর্নমেন্ট এই রিপোর্ট সম্বন্ধে নীরব কেন? কার প্রভাবে কণ্ঠস্তব্ধ করিয়ে এই নীরবতা ঘটানো সম্ভব হয়েছে? কে সেই মন্ত্রীসভার প্রভাবশালী ব্যক্তি যাঁর অঙ্গুলি সঙ্কেতে সেই রিপোর্ট চাপা পড়ে আছে?

দর্পণ লিখছেন:—

(১) সেই অডিট রিপোর্টের প্রতিলিপি তাঁরা প্রমাণ করতে পারেন।

(২) হাতে কলমে দেখানো যায় এমনকি পাঠ্য পুস্তকের দাম ভাঁড়িয়ে এই উপমন্ত্রীর দল বইপিছু আট আনা সরিয়েছে।

(৩) দেখানো যায় যে নতুন বোর্ডগৃহ নির্মাণ সংশয়পূর্ণ।

(৪) আড়াই লক্ষ টাকার হিসাব সম্বন্ধে অডিটার আপত্তি দিয়েছেন। এবং ঠারেঠোরে একজন বিশিষ্ট ক্যাবিনেট মন্ত্রীর নামও এই প্রসঙ্গে জড়িত করেছে।

৪নং

এই শিক্ষা দপ্তরের কার্যকলাপ সম্বন্ধে ১৯৫৫-৫৬ সালের সরকারী অডিট রিপোর্ট বলছে:—একটি কলেজ হোস্টেলের স্থান সংকুলানের জন্য একটি জীর্ণ ভবন ১,৫০০ টাকায় রিকুইজিসান করা হয়। পরে দেখা যায় যে পুরাতন ভবনটি মনুষ্য বাসের অযোগ্য। অগত্যা সুরু হোল সংস্কারের পালা। এবং সংস্কারসাপেক্ষ ২৩ মাস দখল না করার দরুণ সরকারী তহবিল হতে ভাড়া বাদ বাড়ির মালিককে ৩৪,৫০০ টাকা আক্কেলসেলামী দিতে হোল।

৫নংএ যেটা বঙ্কিমবাবু বলে গেছেন এই সাম্প্রতিককালের ঘটনা সেকেন্ডারী স্কুলবোর্ডের কীর্তি। এঁরা বর্তমানে দুইটি বাবহার করেন ১০৫ এবং ১০৫এ সুরেন্দ্রনাথ ব্যানার্জি রোড। দুইটি বাড়িতে সর্বসমেত ১৭,০০০ স্কোয়ার ফিট তা ছাড়া ল্যাকেন্ড ল্যান্ড ৪,৫০০ স্কোয়ার ফিট সর্বসমেত নাকি

ভাড়া দেন ২,৪০০ ইনকুজিভ অফ ওনার্স এ্যান্ড অকুপায়ার্স ট্যাক্স। তাঁদের প্রয়োজন হল ৩০,০০০ স্কোয়ার ফিট। সেখানে আছেন একজন উপসচিব, তিনি এক বাড়ীর সন্ধান পেলেন ৭৭-২ পার্ক স্ট্রীট, সম্বাধিকারী তুলসীরাম সা (কালোয়ার) এডুকেসন ডিপার্টমেন্টএ এই বাড়ী ভাড়ার কথা প্রস্তাব করা হোল, সে চিঠির নং ডি ও ৭৬ ডেটেড ৬-১১-৫৮ এবং তাতে লেখা হল যে এই বাড়ীতে ৪০,০০০ স্কোয়ার ফিট পাওয়া যাবে। প্রয়োজন ৩০,০০০ স্কোয়ার ফিট তাই গভর্নমেন্ট এই বাড়ী ভাড়া নেবার সম্মতি দিলেন এই শর্তে যে বাকি ১০,০০০ স্কোয়ার ফিট এডুকেশন ডিপার্টমেন্টকে দিতে হবে, তথাস্তু। তারপর দেখা গেল ৬ তলা বাড়ী লিফট নেই, ইলেকট্রিক ইনস্টলেশন নেই, সেনিটারি ফিটিংস নেই, মায় জানালা দরজা নেই।

[7-15—7-26 p.m.]

আর ফ্লোর স্পেস মেপে বেরুলো ২৪,০০০ স্কোয়ার ফিট। সেখানে ৩০,০০০ স্কোয়ার ফিট বোর্ডের এবং এডুকেশন ডিপার্টমেন্টএর জন্য ১০,০০০ স্কোয়ার ফিট কালনেমীর লঙ্কা ভাগ হয়ে গেছে। কিন্তু ডেপুটি সেক্রেটারী এবং গভর্নমেন্টএর এডুকেশন ডিপার্টমেন্টএর তৎপরতায় গত ডিসেম্বর থেকেই ভাড়া গোনা হচ্ছে যেখানে ১৭,০০০ স্কোয়ার ফিটএর জন্য ২,৪০০ টাকা বর্তমানে দিতে হচ্ছে। সেখানে এই অবাবহার্য ২৪,০০০ স্কোয়ার ফিট যুক্ত বাড়ীর জন্য ভাড়া স্থির হয়েছে ওনার্স অকুপায়ার্স ট্যাক্স ছড়া মাত্র ৪,০০০ টাকা (শ্রীযুক্ত যতীন্দ্রচন্দ্র চক্রবর্তী—ওদিকে শিক্ষামন্ত্রী হরেনবাবু ত মুখ চুন করে বসে আছেন।) এইবার সুরু হোল সরকারী অর্থাৎ বোর্ডের টাকায় বাড়ীটিকে মেরামত করার পালা।

The Hon'ble Rai Harendra Nath Chowdhuri: Sir, may I rise on a point of personal explanation.

Mr. Speaker: Mr. Chakravorty, did you say anything

কিছু বলে থাকলে আমি তা শুনি নি।

Sj. Jatindra Chandra Chakravorty:

আমি বলেছি শিক্ষমন্ত্রী মুখ চুন করে বসে আছেন।

Mr. Speaker: If you have said anything which is unparliament is very wrong on your part.

The Hon'ble Rai Harendra Nath Choudhuri was still on his leg.]

[Voices of বসে পড়ুন। no personal explanation, etc., noise and interruption.]

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: I am answering the remark made by Mr. Chakravorty.

Sj. Somnath Lahiri: On a point of order.

Mr. Speaker: I will hear you on your point of order but I must hear what he wants.

Sj. Bankim Mukherjee: On a point of order. Dr. Hirendra Kumar Chattopadhyay cannot be interrupted like this, while he is speaking.

Mr. Speaker: Mr. Chakravorty, did you say anything?

Sj. Jatindra Chandra Chakravorty:

স্যার, আমি যা বলেছি—আমি আবার বলছি হরেনবাবু মুখ চুন করে শুনছেন।

Mr. Speaker: You are wrong in making that remarks. Yes, Dr. Chattopadhyay.

Dr. Hirendra Kumar Chattopadhyay

শুনুন স্যার, এইবার সুরু হল সরকারী অর্থাৎ বোর্ডের টাকায় বাড়ীটাকে মেরামতের পালা। ইলেকট্রিকের কাজের জন্য ৩১,০০০ টাকা, স্যানিটারী ২০,০০০ টাকা, ম্যাসনরী এ্যান্ড কারপেন্ট্রী ৬,০০০—৮,০০০ টাকা।

তারপর স্যার, কন্ট্রাক্ট সিলেকসানএর প্রশ্ন এল, বোর্ডের এক রেজলিউসান আছে যে বোর্ডের কাজের জন্য ইউনিভার্সিটির কন্ট্রাক্টরদের দ্বারা কাজ করানো হবে। ইউনিভার্সিটির এ্যাপ্রুভড কন্ট্রাক্টর গেল, এমনকি গভর্নমেন্টএর এ্যাপ্রুভড গ্রেডেড কন্ট্রাক্টর গেল, এই দুই ক্যাটিগরির কন্ট্রাক্ট ছেড়ে কন্ট্রাক্ট দেওয়া হল এক এস, কনস্ট্রাকশন কোম্পানিকে। এবং নিয়মফাফিক বিভিন্ন কন্ট্রাক্টরদের টেন্ডারএর কমপ্যারেটিভ স্টেটমেন্ট পেশ না করে মাত্র এই ভাগ্যবানের টেন্ডারই পেশ করা হোল কর্তৃস্থানীয় অফিসারের সাম্নে, এবং কন্ট্রাক্ট সই হয়ে গেল, ইলেকট্রিক কন্ট্রাক্টএর বেলায় কিন্তু অন্য পদ্ধতি, এ্যাপ্রুভড কন্ট্রাক্টরদের টেন্ডার এল, তাদের কম্পারেটিভ স্টেটমেন্ট হোল।

কিন্তু ইলেকট্রিসিটির বেলায় তা হয় না, তাঁরা আইন মেনেই চলছেন। সেখানে এ্যাপ্রুভড কন্ট্রাক্টারকেই দেওয়া হল। সেখানে যে তিনজন টেন্ডার দিয়াছিলেন তার মধ্যে থেকে এস মিত্র এ্যান্ড কোং-কে নেওয়া হল। এঁর টেন্ডার হচ্ছে ৩৩ হাজার টাকার, কিন্তু তাঁর চেয়ে কম একজন এ্যাপ্রুভড কন্ট্রাক্টর দিয়েছিলেন ২২ হাজার টাকার। এডুকেশান ডিপার্টমেন্ট সম্বন্ধে বলছি যে সেখানে ধ্বংসাবতীর রাজত্ব চলছে। এডুকেসান ডিপার্টমেন্ট বৃটিশ গভর্নমেন্টকেও লজ্জা দিয়েছে। সেখানে শিক্ষক এবং প্রফেসার এ্যাপয়েন্টমেন্টের যে ভিনাডকটিভ এ্যাটাচড নিয়াছেন তার ফিরিস্তি দিচ্ছি। বুদ্ধদেব ভট্টাচার্য মহাশয়ের কথা কাগজেই বেরিয়েছে—শ্যামসুন্দর কলেজ —তাঁর কথা আর বলব না। মনসুর হবীব, সিউড়ি বিদ্যাসাগর কলেজ, তাঁর চাকরী ঘোচান হয়েছে রঞ্জিত দাশগুপ্ত, জলপাইগুড়ি কলেজ, তার চাকরি ঘোচান হয়েছে কেননা তাঁরা সবাই বামপন্থী। অন্যান্য কলেজে যেখানে হয়েছে তার নাম করছি—হুগলি মহসীন কলেজ, বালুরঘাট কলেজ, বারাসাত কলেজ, বহরমপুর কৃষ্ণনাথ কলেজ, মুরলীধর কলেজ, রায়গঞ্জ কলেজ, দার্জিলিং কলেজ ইত্যাদি। এঁরা ডেমোক্রেসির কথা বলেন, কিন্তু আমি জানাতে চাই যে ১৯০৭ সালে বৃটিশ গভর্নমেন্টের যে সার্কুলার ছিল সেই সার্কুলারে কি লেখা আছে সেটা আমি বলছি। ১৯০৭ সালের

Bengal Education Code, 1931, pages 88-89, conduct of teachers in aided institution—

The following extracts from Government of India, Home Department, No. 332, dated 4th May 1907, regulate the conduct of teachers in aided institutions:—

"The further question arises how far participation of school-masters or Professors of colleges in political movements may be held to call for disciplinary action against the institution in which they are employed. As to this, I am to say, that the Government of India recognised that in this matter the masters of high English schools should not be treated as being on the same footing as their pupils. Although it is the firm intention of the Governor-General in Council to neglect no means of preventing schools and colleges from being turned into centres of politcal agitation, he does not wish unduly to circumscribe the liberty of individual teachers. A school master has a right to his own opinions as much as any one else."

ইংরেজ গভর্নমেন্ট এই কথা বলেছিলেন, কিন্তু আমাদের কংগ্রেস গভর্নমেন্ট যারা বলেন আবাদী টাইপ অফ সোস্যালিজম তাঁরা কি করছেন। আপনারা দেখুন একটা এ্যাপ্লিকেশন ফর্ম-এ কি করতে হবে? একজন মাস্টারকে দুইজন ভদ্রলোকের ক্যারেক্টার সার্টিফিকেট নিতে হবে এবং তাতে লেখাতে হবে

that he has never taken part in any criminal or subversive activity or has been guilty of committing an act involving moral turpitude

শুধু তার সার্টিফিকেট চলবে না—যিনি মাস্টার হবেন তাঁকে

an affidavit has to be sworn before a magistrate on a Two Rupee Stamp Paper saying that 'I bear a good moral character and have never taken part in any criminal or subversive activity.

আমি জানতে চাই এই ফর্ম ফিল আপ করে যদি মন্ত্রী হতে হোত তাহলে কজন মন্ত্রী বাংলাদেশে টিকত। ১৩ নম্বর পয়েন্ট ইংরাজ রাজত্বে যা ছিল না গণতান্ত্রিক কংগ্রেস গভর্নমেন্ট সেখানে করছেন—

"Have you ever been arrested, detained or convicted by a court for the offence?" "If the answer be in the affirmative, full particulars of the arrest or detention or conviction and sentence should be given."

এর পরও কি গণতন্ত্রের কথা বলবার অধিকার তাঁদের আছে? আমি এখানে কংগ্রেস ম্যানের লেখা একটা বই থেকে পড়ছি একে আপনারা সবাই জানেন। ইনি এ আই সি সি-র মেম্বার। ইনি বলছেন—

The tragedy of the situation is that an essentially socialist pattern of planned development is being implemented by a set of people who do not believe in it.

তারপর তিনি বলছেন—

The inherent dangers of such a vague attitude to socialism are obvious. It carries within it the seeds of dictatorship.

এখানে সিড নয়, বরং এখানে শালবল্লী তরু, বাংলাদেশে গজিয়ে উঠেছে। এইরকম ডিক্টেটারশিপ হিটলার, মুসোলিনিকেও পর্যন্ত লজ্জা দেবে। এই হচ্ছে আমাদের শিক্ষা বিভাগের কীর্তি। চীনের শিক্ষা সম্বন্ধে অনেকে বলেছেন বলে আমি আর বিশেষ কিছু বলব না। কিন্তু শুধু এইটুকুন বলব যে, একজন এ আই সি সি-র মেম্বার যিনি একোনমিক রিভ্যুয়ের এডিটর ছিলেন তিনি বলেছেন—

Of special importance is the new path of progress blazed in neighbouring China. Despite slanders and inspired propaganda, the fact of the growing strength of new China, and more specially of the new happy life of its millions, is undeniable. The Chinese Republic came into being in 1949, while India was free two years earlier. And the Indian people ask: If the millions in ravaged China can be assured square meals, why not in India? If corruption, jobbery and nepotism can be ended in China, why should they assume such proportions in India." The answer is: because we have got a Rahu and a Sani here.

Mr. Speaker: The House stands adjourned till 3 p.m. tomorrow. There will be no questions.

Adjournment.

The House was accordingly adjourned at 7-26 p.m. till 3 p.m. on Wednesday, the 18th February, 1959, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Wednesday, the 18th February, 1959, at 3 p.m.

Present:

Mr. Speaker (the Hon'ble SANKARDAS BANERJI) in the Chair, 15 Hon'ble Ministers, 10 Deputy Ministers and 206 Members.

Personal Explanation

[3—3-10 p.m.]

Sj. Hansadhwaj Dhara: On a point of personal explanation Sir,

গতকাল আমি যখন এই সভায় ছিলাম না তখন চব্বিশপরগনা জেলা স্কুল বোর্ড সম্পর্কে অপর পক্ষের সদস্য ডাঃ হীরেন চ্যাটার্জি গত ২রা জানুয়ারি তারিখে দর্পণে প্রকাশিত একটা সংবাদের কোন কোন অংশ এখানে বলেছেন। আজকে আনন্দবাজার ও স্বাধীনতা পত্রিকায় তাঁর বক্তৃতা বেরিয়েছে।

Mr. Speaker: Is it about yourself?

Sj. Hansadhwaj Dhara:

আমি চব্বিশপরগনা জেলা স্কুলবোর্ডের সভাপতি ব'লে আমার কিছু বলার দরকার আছে।

[Interruptions from Opposition Benches.]

Mr. Speaker: I am told that there was some reflection on the gentleman in person. If so, I must hear him.

Sj. Hansadhwaj Dhara:

আমি চব্বিশপরগনা জেলা স্কুল বোর্ডের সভাপতি।

Mr. Speaker: Tell me, how you are attacked.

Sj. Hansadhwaj Dhara:

আমি চব্বিশপরগনা জেলা স্কুল বোর্ডের এক্সিকিউটিভ হেড ব'লে আমার কিছু বলার আছে। ডাঃ চ্যাটার্জি বলেছেন যে, অডিট রিপোর্টে আড়াই লক্ষ টাকা হিসেবে নাকি গরমিল হয়েছে এবং সেই সম্পর্কে দুর্নীতিনিরোধ বিভাগ কর্তৃক অনুসন্ধানের রিপোর্ট চেপে দেওয়া হয়েছে।

[Interruptions from Opposition Benches.]

Mr. Speaker:

আপনারা কেন ইন্টারফিয়ার করছেন? উনি কি বলতে চান সেটা আমাকে শুনতে দিন।

Sj. Hansadhwaj Dhara:

স্যার, পার্সোন্যাল এক্সপ্লানেশন দিতে গেলে বিরোধীপক্ষ থেকে এর প্রতিবাদ হবার কি কারণ আছে আমি জানি না। ডাঃ চ্যাটার্জি দর্পণ পত্রিকার সংবাদ পরিবেশন করেছেন তখন এই সংবাদ সম্পর্কে দর্পণ পত্রিকার যে অভিমত নিচে দেওয়া হয়েছিল সেটা না পড়েই এর মধ্যে বিরাট দুর্নীতি করা হয়েছে বলেছেন। এখানে নিচে লেখা আছে আমরা যেমন এসব কথা কিছুতেই বিশ্বাস করি না পার্টিও তেমন নিশ্চয় বিশ্বাস করে না। আপনার কাছে আমি বলতে চাই যে, চব্বিশপরগনা জেলা স্কুল বোর্ডের সভাপতি হিসাবে স্কুল বোর্ডের বিরুদ্ধে এই সংবাদটির আমি প্রতিবাদ করছি। আমার মনে হয় দর্পণ পত্রিকার কর্মকর্তাদের হেয় করার জন্য কোন স্বার্থসংশ্লিষ্ট ব্যক্তি এইসমস্ত করেছেন ব'লে আমার মনে হয়।

Mr. Speaker: Are you denying that?

Sj. Hansdhawaj Dhara: I am the School Board President

সেই কারণেই আমি এর প্রতিবাদ করছি।

Sj. Jyoti Basu:

আপনি যদি বলেন কংগ্রেস পার্টি অমুক কাজ করেছে.....

Mr. Speaker:

কংগ্রেস পার্টি বললে সার্টেনলি আপত্তি করব না, কিন্তু ভাইস-চ্যান্সেলর যদি বলেন নিশ্চয় আপত্তি করব।

Sj. Saroj Roy:

স্কুল বোর্ডের বিরুদ্ধে বলা হ'লে তার প্রেসিডেন্ট, সেক্রেটারি দাঁড়াবেন কেন এটা আপনি ক্ল্যারিফাই ক'রে দিন।

Mr. Speaker:

পার্সোন্যাল এক্সপ্লানেশনের ক্ল্যারিফিকেশন স্পীকার কোনকালে দেয় নি, দেবে না।

It is not my job to give clarification to personal explanation. Why should I clarify it?

Enquiry about food situation.

Sj. Jyoti Basu:

স্পীকার মহাশয়, আমি একটা কথা সেদিন বলেছিলাম, কিন্তু তার জবাব পেলাম না ব'লে সে কথাটা আবার তুলছি। কিছুদিন আগে একটা মিছিল এখানে এসেছিল খাদ্যের ব্যাপারে —খুচরা দোকানে চাল নেই, এই ব্যাপারে। আমি মুখ্যমন্ত্রীর কাছে যখন যাই তখন তিনি আমাকে স্পষ্ট বলেছিলেন যে, আমাকে নাম দেওয়া হোক সিলেক্টেড দোকানের, কারণ আমাদের কাছে এত চাল নেই যে, সব জায়গায় আমরা তা দিতে পারি। সিলেক্টেড দোকান যদি কিছু থাকে তা হ'লে আমরা বিবেচনা ক'রে দেখতে পারি। এটা কাগজে বেরুবার পর বহু লোক আমাদের কাছে লাইসেন্স নম্বর, এটা সেটা দিয়েছেন এবং চাল পাচ্ছেন না ব'লে অনেকে জানান। এগুলি যখন ওঁকে দিতে গিয়েছিলাম তখন প্রফুল্লবাবু ওখানে ছিলেন, ডাঃ রায় সেগুলি নিয়ে প্রফুল্লবাবুকে দিলেন। উনি তখন বললেন যে, এত লোককে চাল কোথা থেকে দেব, রেশন শপে এত চাল দিচ্ছি। মুখ্যমন্ত্রীর সঙ্গে ওঁর কিছু আন্ডারস্ট্যান্ডিং আছে কিনা জানি না, তখন তিনি ওঁকে বললেন এটা রেখে দিন, কি করা যায় দেখবেন। আজকে দেখলাম যে শ্রীযুত যতীন চক্রবর্তীকে একটা চিঠি লিখেছেন যে, অনেক নিয়ম-কানুন আছে, এত টাকা জমা দিতে হবে, তারপর সেখানে যদি রেশন শপ না থাকে তা হ'লে আমরা দেব কিন্তু কথা তো এ ছিল না। তিনি বলেছিলেন কিছু কিছু জায়গায় চাল দেব যাতে সেগুলি খুচরা দোকানে বিক্রি হ'তে পারে।

[Sj. Nepal Ray rose to speak.]

Mr. Speaker: Mr. Ray, I cannot give my attention to ten persons at a time. If the honourable members want the Speaker to give his attention to the business of the House, then I will request one and all not to go on like this.

Yes, Mr. Basu, you can speak.

Sj. Jyoti Basu:

এটা একটু [illegible]ং ব্যাপার হয়ে গেছে বুঝতেই পারছেন এবং অনেক দোকানদার তাহারা সব নাম পাঠাচ্ছেন যে, আমরা কেউ চাল খুচরা বিক্রি করতে পাচ্ছি না। কাজেই কি ক'রে তাঁরা চাল পাবেন এটা একটা সমস্যা হয়ে দাঁড়িয়েছে। যাঁরা বড় বড় দোকানদার আছেন, যাঁদের

কাছে চাল আছে তাঁদের ট্যাগ অন ক'রে দেবেন, না কতকগুলি খুচরা ব্যবসাদারদের বিভিন্ন এলাকায় চাল দেবেন—কি করবেন জানি না। লোকে চাল পাবে কিনা, সরকারের হাতে চাল আছে কিনা, কিছুই বুঝতে পারলাম না। এগুলি যদি না বলেন তা হ'লে আমাদের বড় অসুবিধা হয় কারণ অনেক লোক আমাদের কাছে এ ব্যাপার নিয়ে আসেন। কাজেই আপনাদের পলিসিটা একটু পরিষ্কার ক'রে ব'লে দিন যে, খুচরা ব্যবসাদারেরা ব্যবসা করতে পারবে, কি পারবে না। কোথায় চাল পাবে তারা? কেবল একথা বললে চলবে না যে, রেশন শপে আমরা দিচ্ছি। অনেক রেশন শপে চাল নেই, আবার কতকগুলি রেশন শপে এমন খারাপ চাল দেয় যে, লোকে তা নেয় না বা অনেকের হয়ত সেই চালে কুলোয় না ব'লে বাইরে থেকে তাদের কিনতে হয়। কাজেই কি ক'রে তারা চাল পাবে এটাই হচ্ছে প্রশ্ন—এটার জবাব আমি চাচ্ছি।

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পরশু জ্যোতিবাবু যখন ডাঃ রায়ের কাছে এসেছিলেন তখন আমি সেখানে ছিলাম। জ্যোতিবাবু বলেছিলেন এইসমস্ত খুচরা দোকানদারেরা চাল পাচ্ছে না। আমি পরিষ্কার বলেছিলাম যে, চাল রেশন কার্ডের এগেনস্টএ দিতে হবে। জ্যোতিবাবু বললেন, তা তো নিশ্চয়ই। কেননা আমরা মার্কেটিং অপারেশনে কাউকে চাল দিতে পারি না কারণ সে চাল কে নেবে, কোথায় থাকবে তার কোন হিসাব থাকবে না।

Sj. Jyoti Basu:

তারা রিটার্ন দেবে।

[3-10—3-20 p.m.]

The Hon'ble Prafulla Chandra Sen:

রিটার্ন দিলেই হবে না। আমাদের চাল দেওয়ার যে ব্যবস্থা তাতে কেবলমাত্র আইডেনটিটি কার্ডের এগেনস্ট-এ দিতে হবে এবং তা কার্ডে এন্টার করাতে হবে। তখন জ্যোতিবাবু বললেন যে, হাঁ, সেই অসুবিধা আছে। আমরা রেশন কার্ড ছাড়া চাল দিতে পারি না। যদি কোন অঞ্চলে দোকানের সংখ্যা কম থাকে তা হ'লে নিশ্চয়ই আমরা দোকানদারের যেসমস্ত তালিকা পাচ্ছি তার মধ্য থেকে নিয়োগ করতে পারি।

চক্রবর্তী মহাশয় অনেকগুলি নাম পাঠিয়েছেন—আমি ডাঃ রায়ের কাছে দিয়েছি এবং আমার বিভাগেও পাঠিয়েছি। আমি একটা জিনিস লক্ষ্য করছি, কলকাতা শহরে খুব অল্প চাল আসছে—এখন কলকাতা শহরে আবার ফিরে আসছে যদিও নর্মালি যে চাল আসত সেই অবস্থায় আমরা পৌঁছাই নি। এই নতুন আইন করবার আগে রেশন মারফত আমাদের কাছে চাল আসত ৬ হাজার ২০০ মণ দৈনিক গড়ে। ১লা জানুয়ারিতে প্রাইস কন্ট্রোল অর্ডার জারী করার পর প্রথম সপ্তাহে ৮৮১ মণ চাল দৈনিক গড়ে আসছিল—সেটা একটু একটু ক'রে পরে বাড়তে আরম্ভ করল—তাতে আমাদের রেশনের দোকানে চালের পরিমাণ বাড়িয়ে দিলাম, গমের পরিমাণ বাড়িয়ে দিলাম—আবার হঠাৎ নেমে গিয়ে অল্প কয়েকদিন হ'ল নর্মালএ এসে পৌঁছেচে। আমি একথা বলতে পারি কোন জায়গায় যদি দোকানের সংখ্যা কম থাকে তা হ'লে বর্তমানে চালু দোকান ফেয়ার প্রাইস শপ হিসাবে গণ্য করতে পারি—তবে ফ্রি মার্কেটএ চাল সরবরাহ করবার কোন পরিকল্পনা আমাদের নাই।

Sj. Jyoti Basu:

কিন্তু তারা যদি রিটার্ন দেয় আপনাকে তা হ'লে হ'তে পারে কিনা—প্রথমে তো সেটাই কথা ছিল। এখন আপনি বলছেন, তাঁরা যদি ব্ল্যাকমার্কেট করেন আমি কি ক'রে জানব। কিন্তু তাঁরা যদি মেমোতে যাঁদের কাছে বিক্রি করবেন তাঁদের নাম লিখে রাখেন তা হ'লে কি অসুবিধা হ'তে পারে?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমাদের এ রকম কোন নিয়ম নেই, আমরা ভেবে দেখব—তা না হ'লে আমরা কোন হিসাব রাখতে পারব না।

[Several honourable members rose to speak..... (noise) .....]

Mr. Speaker: Sj. Jyoti Basu has spoken on the subject as the Leader of the Opposition. I do not think I can allow a discussion on this issue.

General Discussion of the Budget for 1959-60

Mr. Speaker: We shall now resume general discussion of the Budget Sj. Hansadhwaj Dhara will speak now.

Sj. Hansadhwaj Dhara:

মিঃ স্পীকার স্যার, বাজেটের সাধারণ আলোচনায় আমরা বিরোধীপক্ষের সেই একই সমালোচনার পদ্ধতি দেখতে পাচ্ছি। তাঁরা বলেছেন, এই বাজেটের মধ্যে নূতনত্ব কিছু নাই—আমরা বলছি, তাঁদের এই কথা বলার মধ্যেও নতুন কিছু নাই। তাঁরা বলছেন, প্রতি বৎসরের মত এই বছরের বাজেটও অবাস্তব ও পরিকল্পনাহীন এবং এতে জনকল্যাণের কোন কথা নাই। আমরা বলছি, তাঁদের দৃষ্টিভঙ্গি ও চিন্তাধারার সম্বন্ধে আমাদের সেই একই বক্তব্য। তাঁরা বলেছেন এই বাজেট দ্বারা দেশের কোন মঙ্গল হবে না। মঙ্গল চিন্তা ও কর্ম ওপক্ষের অভাব তাই তাঁদের চোখ মঙ্গল দর্শনে অক্ষম। তাঁরা এই বাজেট সম্পর্কে যেসব কথা বলেছেন তা যদি সমগ্রভাবে দেখা যায় তা হ'লে দেখতে পাওয়া যাবে এই যে, যদিও এটা ঘাটতি বাজেট তবুও উদ্বৃত্ত বাজেট ব'লে দেখানো হয়েছে। আরেকটা কথা বলা হয়েছে এই বাজেট সম্পর্কে যে, যে টাকা বরাদ্দ করা হয় সেই টাকা পুরাপুরি খরচ হয় না এবং যতরকম অগ্রগতির কাজ করা হবে ব'লে বাজেটের মধ্যে আশা করা যায় সেই কাজ প্রকৃতপক্ষে হয় না। আমি তাঁদের বলব, আমাদের অনগ্রসর দেশে যেসব পরিকল্পনা চলছে তাতে ঘাটতি বাজেট হওয়া অবশ্যম্ভাবী এবং অনেক বাধাবিপত্তি অতিক্রম ক'রে আমাদের এখন চলতে হচ্ছে। এই প্রসঙ্গে শ্রীসুবোধ ব্যানার্জি কয়েকটা কথা বলেছেন। তিনি ট্যাক্স বসানোর কথা বলেছেন। জনসাধারণের উন্নতির জন্য যে কাজ করা হবে তাতে আমাদের ট্যাক্স বসাতে হবে, কারণ আমাদের টাকা নাই। দ্বিতীয় কথা তিনি বলেছেন—কেন্দ্রীয় সরকার থেকে আমাদের টাকা নিতে হয়। আমি বলব, তাই যদি হয় এটাও কোন অমঙ্গলের কারণ নয়—যদি আমাদের কেন্দ্রীয় সরকার থেকে টাকা নিতে হয় তাতে অপরাধ কোথায়? আমাদের টাকা নাই, কাজ করা প্রয়োজন, অতএব প্রকৃত কথা হচ্ছে, জনসাধারণের মনে আশা-আকাঙ্ক্ষা জাগিয়ে তুলতে হবে। এটা আমাদের গণতান্ত্রিক কাঠামো —এখানে দেশের উন্নতির কাজে জনসাধারণকে উদ্বুদ্ধ করতে হবে। টাকা-পয়সা আমাদের কম আছে, কাজ করতে গেলে টাকার দরকার—সে বাইরে থেকে হোক বা ভিতর থেকে হোক—আমাদের টাকা তুলতে হবে। অবশ্য এই বাজেটের মধ্যে নূতন ট্যাক্সের কোন পরিকল্পনা নাই। পশ্চিম বাংলায় ট্যাক্সের পরিমাণ যথেষ্ট বেড়েছে একথা অর্থমন্ত্রী স্বীকার করেছেন। কিন্তু প্রয়োজন হ'লে ট্যাক্স করা ছাড়া টাকা আসবে না। আরেকটা কথা বলা হয়েছে—কেন্দ্রীয় সরকার থেকে টাকা আনবার জন্যই ঘাটতি বাজেট করা হয়—এই কথার সত্যমিথ্যার বিচারে প্রথমে না গিয়ে এই উক্তি সত্য ব'লে ধ'রে নিয়ে যদি বিচার করি তা হ'লেও অপরাধ কোথায়? আমাদের রাজ্য বিশেষ সমস্যাসঙ্কুল—সুতরাং আমাদের সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে টাকা আনবার চেষ্টা করতে হবে। নতুবা কাজ করা সম্ভব নয়। নিজেদের টাকা নাই, অপরের কাছ হতে টাকা নেব না—তবু কাজ করতে হবে—সুবোধবাবুর এ অপূর্ব অভিধান। তারপর, আরেকটা কথা বলা হয়েছে—নানারকম পরিকল্পনায় চিন্তাহীনভাবে টাকা খরচ করা হচ্ছে এবং এসব পরিকল্পনার দ্বারা দেশের কোন মঙ্গল হবে না। আমি মনে করি একথা বলা সমীচীন হবে না, কারণ, পরিকল্পনার মাধ্যমে বর্তমান যুগে একটা দেশের উন্নতির অগ্রগতি হয়। একথা আমাদের মনে রাখতে হবে যে, আমরা কল্যাণরাষ্ট্র গঠনে ব্রতী হয়েছি এবং আমাদের অনেক অসুবিধার মধ্যে দিয়ে অগ্রসর হ'তে হচ্ছে। অবশ্য এটা স্বীকার্য যে, কাজের সুফল আমরা সেরকম পাচ্ছি না, যে পরিমাণ অগ্রগতি হওয়া দরকার সেই পরিমাণ হচ্ছে না। কিন্তু যেসব কাজ চলছে সুপরিকল্পিত পথে তাতে যে দেশের মঙ্গলসাধন হচ্ছে সে সম্বন্ধে কোন দ্বিমত নাই। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা ও দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যে দেশের মঙ্গল হচ্ছে সেকথা দেশের গুণীজন কর্তৃক স্বীকৃত হয়েছে। এই বাজেট সম্পর্কে আরেকটা কথা বলা হয়েছে যে, অনেক ব্যাপারে টাকা উদ্বৃত্ত থেকে যাচ্ছে, খরচ হচ্ছে না। সত্যি সত্যি যদি বরাদ্দ টাকা খরচ না হয়, তবে সেটা চিন্তার বিষয়—তবে টাকা যে খরচ হয় না সে সম্পর্কেও কতকগুলি তথ্য আছে তাও জানতে হবে। আমাদের দেশে আমরা দেখতে পাই, এই বছরে যে

কাজ হ'ল তার পেমেন্ট হয়ে গেল মার্চের পরে এবং টাকা চেকএ পেমেন্ট হয় এবং অনেক চেক ক্যাশড্ হয় মার্চের পরে। সুতরাং বাজেটের টাকা খরচ হ'ল না একথা বলা যায় না।

[3-20—3-30 p.m.]

বিদেশ থেকে জিনিসপত্র সময়মত এল না, বিদেশ থেকে এক্সপার্ট আসতে দেরি হ'ল এইভাবে কয়েক মাস হয়ত চ'লে গেল। ফলে এ বছরের কাজ পরের বছর করতে হয়। এ ছাড়া কাঁচা-মাল, সাজসরঞ্জাম ঠিক সময়মত পাওয়ার সমস্যা রয়েছে। এটা ঠিক যে, যদিও নানারকম বাধা আছে তা সত্ত্বেও যে পরিকল্পনা গ্রহণ করা হয় সেই পরিকল্পনাগুলি আমাদের অক্ষমতার জন্যে, গাফিলতির জন্যে অসম্পূর্ণ প'ড়ে না থাকে তা দেখতে হবে এবং দেখতে হবে টাকাটা যথাসময়ে যথারীতি ব্যয় করা হয়।

বাজেট ব্যবস্থা আলোচনা করতে গিয়ে আমাদের দেখা দরকার প্রকৃত কতটা কাজ করতে চেয়েছেন—কতটা তার করতে পেরেছেন এবং কতটা পারেন নি। সংগে সংগে দেখা দরকার কোন মূল নীতি নিয়ে দেশ পরিচালিত হচ্ছে এবং সমস্ত কর্মপ্রচেষ্টা সেই পরিকল্পনার পরি-প্রেক্ষিতে চলছে কিনা। এ সম্বন্ধে ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষ মহাশয় গত বছর বাজেট বক্তৃতার সময় বলেছিলেন যে, কেবলমাত্র জনমত যদি বলে দেশের অনেক মঙ্গল হয়েছে এবং মতকে আমি সমর্থন করি সেটা ঠিক নয়। আমরা জনগণের ভোটে জিতে গেলাম এবং মিটিংয়ে গিয়ে বক্তৃতা ক'রে জনগণের করতালি পেলাম ঠিক এর উপর দেশের প্রকৃত মঙ্গল সব সময় বুঝা যায় না। তিনি উদাহরণ দিয়ে বলেছিলেন জনগণের ৯৮ পারসেন্ট ভোট পেয়ে হিটলার জার্মানীতে প্রতিষ্ঠিত হয়েছিলেন, কিন্তু আমাদের কংগ্রেস তখন তাকে ডেমোক্রেসি বলে নি। ডাঃ ঘোষও তখন কংগ্রেসে ছিলেন। তার পর তিনি বলেছিলেন যে জনমত তো হিটলারের পিছনে ছিল, এ ছাড়া সত্তর লক্ষ লোক জার্মানীতে বেকার ছিল। সেই বেকার সমস্যার সমাধানও হিটলার করেছিল। কিন্তু তা সত্ত্বেও হিটলারের শাসনকে কেউ ডেমোক্রেটিক বলে নি তার কারণ তিনি বলেছিলেন—

democracy is something more than securing of votes and carrying out some beneficial measures.

এটা তাঁরই ল্যাংগুয়েজ। আজকে এই কথা আমাদের বাজেট আলোচনার সময় চিন্তা করা দরকার। সুতরাং জনসাধারণ একে ভাল বলছে কি মন্দ বলছে এর উপর গণতন্ত্রের সাফল্যের জন্যে যে পরিকল্পনাগুলি গ্রহণ করা হয়েছে সকল সময় তার সার্থকতা নির্ভর করে কিনা সেটা আমাদের ভেবে দেখতে হবে। মিঃ স্পীকার, স্যার, আমি অবাক হয়ে শুনলাম যে, এবারকার বাজেট নাকি অন্যান্য বছরের মত মামুলি বাজেট—কোন পরিবর্তন দেখা যায় না। পরিকল্পনা পাঁচ বছর পর পর হচ্ছে, কোন্ সালে কত কাজ হবে সেইভাবে পরিকল্পনা গৃহীত হয়েছে, সেইভাবে কাজ হচ্ছে। অতএব বুঝা দরকার যে, সেই পরিকল্পনার পরিবর্তন হ'লে তবেই বাজেটে পরিবর্তন আসবে। সেই দৃষ্টি দিয়ে বাজেটকে কেন দেখা হচ্ছে না বুঝতে পারি না। আমি, স্যার, সরকারকে বার বার বলি যে, বেশির ভাগ ব্যবসা-বাণিজ্য সরকার যদি নিজের হাতে গ্রহণ করেন তাতে যে সম্পদ উৎপন্ন হবে তা দেশের মঙ্গলে নিয়োজিত হ'তে পারে। এর জন্য একটা সংস্থা সরকার পরিচালনা করছেন। বিরোধীপক্ষের অনেকে বলেছেন যে, সরকার এমন ব্যবস্থা করছেন যে, ১৪টা ব্যবসার মধ্যে ৮টিতে তাঁরা লোকসান দিয়েছেন এবং বাকি ৬টায় বিশেষ কোন লাভ হয় নি। আমার মনে হয় সরকারের এই প্রচেষ্টা ভাল ক'রে দেখলে বা এর বিচার করলে এর জন্য নিন্দাসূচক কিছু বলা যাবে না।

তারপর স্টেট ট্রান্সপোর্টএর কথা বলা হয়েছে। পশ্চিম বাংলার স্টেট ট্রান্সপোর্ট সাধারণ-ভাবে দেখলে, দেখা যাবে এতে ৪ লক্ষ ৫৫ হাজার টাকা আমাদের ক্ষতি হয়েছে। কিন্তু এর সংগে সংগে দেখা দরকার—আমাদের স্টেট ট্রান্সপোর্টএ ব্যয় হচ্ছে ২ কোটি ৮৯ লক্ষ ১৯ হাজার টাকা এবং সেখানে আয় হচ্ছে ৩ কোটি ৪ লক্ষ ৪০ হাজার টাকা। তা হ'লে এখানে ঘাটতি হ'ল কেন? তার জন্য আমি মাননীয় সদস্যদের তিনটা জিনিসের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। প্রথম একটা হচ্ছে পেট্রল ও ডিজেলএর জন্য ব্যয় হচ্ছে ৫৩ লক্ষ ৬ হাজার টাকা। দ্বিতীয় হচ্ছে টায়ার্স, টিউবস, স্পেয়ার পার্টস, স্মল টুলস প্রভৃতির জন্য ব্যয় করতে হয়েছে ৫৯ হাজার টাকা। যদিও ঐ পরিমাণ জিনিস আমরা এ বছরে কিনেছি, কিন্তু সেটা পুরাপুরি খরচ হচ্ছে

না এ বছরে ; পরের বছরে সেটা থেকে যাচ্ছে। সুতরাং এই যে ২ কোটি ৮৯ লক্ষ ১৯ হাজার টাকা খরচ আমরা দেখছি, আসলে সেটার চেয়ে অনেক কম খরচ হয়েছে। তৃতীয় জিনিস যেটা, সেটা হচ্ছে ইন্টারেস্ট চার্জ, এর জন্য ১৯ লক্ষ ৭৬ হাজার টাকা ব্যয় করতে হচ্ছে। আমরা ফুটনোট যদি দেখি, তা হ'লে দেখব সেখানে লেখা আছে

these figures include the interest charges for this year plus Rs. 1 crore 40 lakhs being part of arrear for 1955-56 and 1956-57.

গত তিন বছরের ইন্টারেস্ট দেওয়া হয় নি এই তিন বছরে এরিয়ার ইন্টারেস্ট এ বছরের ইন্টারেস্টএর সঙ্গে ধরে খরচ দেখানো হয়েছে ১৯ লক্ষ ৭৬ হাজার টাকা। তা হ'লে এ বছরের বাজেটে যেটা ৪ লক্ষ ৫৫ হাজার টাকা ঘাটতি বলা হয়েছে সেটা অনেক ক'মে গেল। কিছু ঘাটতি নিশ্চয়ই আছে, কিন্তু এখানে যে অঙ্ক দেখানো হয়েছে, সেটা একসঙ্গে পড়ে এক্সপ্লানেশনটা বোঝা দরকার, তবেই স্টেট ট্রান্সপোর্টএর অবস্থা সম্বন্ধে বুঝতে পারব। তৃতীয় সেন্ট্রাল ওয়ার্ক শপএর লাভ দেখানো হয়েছে ২৫ হাজার টাকা। কিন্তু প্রকৃতপক্ষে সেন্ট্রাল ওয়ার্কশপএর আসল লাভ হয়েছে তার চেয়ে অনেক বেশি। কারণ ১ লক্ষ ৬৯ হাজার টাকা —অন্য বছরের এরিয়ার তার মধ্যে পে করা হয়েছে। এই যে ইন্টারেস্ট চার্জেস পে ইত্যাদিতে ১ লক্ষ ৬৯ হাজার টাকা, সেটা তিন-চার বছরের এরিয়ার, তা হ'লে এ বছর যে লাভ দেখানো হয়েছে ২৫ হাজার টাকা, প্রকৃতপক্ষে তার চেয়ে অনেক বেশি লাভ হয়েছে।

এ ছাড়া আমাদের আরও কতকগুলি কনসার্ন আছে, যেমন কুচবিহার স্টেট ট্রান্সপোর্ট, সেখানে ২ লক্ষ ২৫ হাজার টাকা লাভ হয়েছে। আমাদের মিল্ক ডিস্ট্রিবিউশন ব্যাপারে ৫ লক্ষ ২০ হাজার টাকা লাভ হয়েছে, বাটার অয়েল সেখানে ৬৮ হাজার টাকা লাভ হয়েছে। Obviously deep sea fishing

ব্যাপারে আমাদের ক্ষতি বেশি হয়েছে। কিন্তু পেজ ৭এ সরকার যে তথ্য দিয়েছেন, তা যদি দেখি, তা হ'লে দেখতে পাব সেখানে আয় হচ্ছে ১ লক্ষ ৮০ হাজার টাকা এবং খরচ হচ্ছে ৭ লক্ষ ৯৮ হাজার টাকা। এই খরচের মধ্যে আছে রিপেয়ার অ্যান্ড মেনটেন্যান্সএর দরুন ১ লক্ষ ৬ হাজার টাকা, ডিপ্রিসিয়েশন চার্জেস ২ লক্ষ ৫২ হাজার টাকা এবং ইন্টারেস্ট হচ্ছে ১ লক্ষ ৭ হাজার টাকা, এটা যদি বাদ দিই তা হ'লে দাঁড়ায় ২ লক্ষ ৭ হাজার টাকা। এ ছাড়া এ সম্বন্ধে আরও অনেক কথা আছে। এখন আমাদের নাম্বার অব ট্রিপস হচ্ছে ৩২টা। আমরা যদি আরও বেশি ট্রিপ করতে পারি তা হ'লে আমাদের লাভ আরও বেশি হ'তে পারে। কিন্তু এর জন্য যদি আমরা আরও ট্রলার বাড়াই, তা হ'লে তার রিপেয়ার কস্টও বাড়বে। সুতরাং আর ট্রলারএর সংখ্যা না বাড়িয়ে, আমাদের বর্তমানে যা আছে তাই দিয়ে যদি আরও বেশি ক'রে ট্রিপ করা যায়, তা হ'লে রিপেয়ার চার্জ কম হয়ে যায়। যাতে নাম্বার অফ ট্রিপস বাড়ে সেদিকে লক্ষ্য রেখে ট্রলারগুলি সব সময় চালু অবস্থায় রাখতে হবে। তা যদি করা যায় তা হ'লে অটোমেটিক্যালি রিপেয়ার চার্জ কমে যাবে এবং এই ডিপার্টমেন্টে যে ক্ষতি হচ্ছে সেটা আমরা পূরণ করতে পারব। আমাদের পশ্চিম বাংলা-সরকার নূতন নূতন যেসমস্ত পরিকল্পনা হাতে নিয়েছেন যেমন স্টেট ট্রান্সপোর্ট, উড, সিল্ক ইত্যাদি, সেইরকম ডিপ সি ফিশিং পরিকল্পনা আমাদের দেশে শুধু একটা নূতন জিনিস তা নয়,এটা গবেষণামূলক পরিকল্পনাও বটে। আমরা মাছ খাই, মাছ চাচ্ছি, সুতরাং আমরা যদি মাছ না ধরি তা হ'লে কি ক'রে চলবে। সেইজন্য নূতন নূতন পরিকল্পনার মধ্যে এই ডিপ সি ফিশিংকেও নিতে হয়েছে। সাগর, কাকদ্বীপে, দক্ষিণ অঞ্চলে যেখানে পূর্বে কোনদিন মাছ ধরার বোট যায় নি আজ সেখানে মাছ ধরার ব্যবস্থা সরকার করেছেন। পূর্ববঙ্গ থেকে যেসমস্ত মৎস্যজীবী উদ্বাস্তুরা এখানে এসেছেন এবং সমুদ্রতীরে বাস করছেন, যারা বোট নিয়ে অতদূর পর্যন্ত সমুদ্রে মাছ ধরতে যেত না আজ ট্রলার, বোট মাছ ধরতে ক্রমে ক্রমে সমুদ্রের ভিতর এগিয়ে যাচ্ছে।

[3-30—3-40 p.m.]

আজকে যতই এই ট্রাক্টর এগিয়ে যাচ্ছে তার সঙ্গে সঙ্গে মৎসজীবীরা সাহস করে এগিয়ে যাচ্ছে। এটা একটা নূতন পরিকল্পনা, সে দিক দিয়ে সরকারের এই প্রচেষ্টাকে দেখা দরকার। তারা শুধু ফাইনান্সের অঙ্কটা দেখেই বলছেন যে এটা একটা ভিক্কার ঝুলি কিন্তু তারা এই বাজেট সম্পর্কে সম্পূর্ণ অবহিত হলে আর একথা বলতেন না। তারপর হচ্ছে আমাদের আইস প্ল্যান্ট

সেখানে লাভ হয়েছে ২৪ হাজার টাকা; সিল্ক কোঅপারেটিভ-এ লাভ হয়েছে ১০ হাজার টাকা; ইন্ডাস্ট্রিয়াল সেন্টার-এ লাভ হয়েছে ৮ হাজার টাকা। তেমনি ক্ষতি হয়েছে উড ইন্ডাস্ট্রিতে। সেখানে অনেক বেশি ক্ষতি হয়েছে। এই সম্বন্ধে সরকারকে অবহিত হতে বলি। তেমনি রুরাল ব্রিক এ্যান্ড টাইল-এ আমরা দেখছি ক্ষতি হয়েছে ১৯ হাজার টাকা কিন্তু তার নিচে লেখা আছে ইট তৈরি আছে ১ লক্ষ ১৭ হাজার টাকার। দুর্গাপুরে ইটে ক্ষতি হয়েছে কিন্তু সেখানেও ইট তৈরি হয়ে আছে তার ভ্যালু ১ লক্ষ ৫০ হাজার টাকা। তেমনি

development of small engineering

এ—সেখানে ক্ষতি হয়েছে দেখান হয়েছে ১ লক্ষ ৫৫ হাজার; কিন্তু স্টক-ইন-হ্যান্ড যা আছে তার দাম ১ লক্ষ ৭ হাজার টাকা। আমার সময় বেশি নেই। সমস্ত বাজেটকে এই দৃষ্টিভঙ্গি দিয়ে যদি দেখেন তাহলে বুঝবেন যে বাংলাদেশের মঙ্গল হচ্ছে কি হচ্ছে না। এবং সে দিক দিয়ে দেখলে এই যে ১৪টি কনসার্নকে তাঁরা ধিক্কার দিচ্ছেন, এই সব তথ্য দেখলে, তারা সেই ১৪টি কনসার্নকে নিশ্চয়ই অভিনন্দন জানাতেন।

Mr. Speaker: I wish to say a word to the honourable members before I call up the next speaker. Two lists have been furnished by both sides of the House. The total number of speakers for today is 18. If all of them ask for two minutes more I might as well cut out two or three names. It is well for both sides of the House, however interesting your speeches may be, that I follow the time schedule. Please do not force me to intervene.

Sj. Rabindra Nath Mukhopadhyay:

স্পীকার মহোদয়, গভর্নরের বক্তৃতা থেকে শুরু করে ঐ দিকের সাত্তার সাহেব পর্যন্ত আমাদের দেশের বিশেষ করে বাংলাদেশের লেবার পরিস্থিতি সম্পর্কে একটা আত্মসন্তুষ্টির ভাব বার বার প্রকাশ করেছেন এবং বলেছেন মোটামুটি এই রাজ্যে এই ব্যাপারে বিশেষ কোন চিন্তার কারণ নেই। আমি প্রধানতঃ এই প্রসঙ্গেই আমার বক্তব্য নিবন্ধ রাখবো। আমি একটা বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। মাত্র কয়েকদিন আগে রামস্বামী মুদালিয়ার, তিনি বিগ বিজনেস-মেনদের যে কনফারেন্স হয়ে গেল, তার প্রতিনিধি হয়ে কলিকাতায় বক্তৃতা করে গেলেন যে বাংলাদেশ থেকে ইন্ডাস্ট্রিজ মাইগ্রেট করে চলে যাবে বা যাচ্ছে যেহেতু এখানে ট্রেড ইউনিয়ন এ্যাকটিভিটি আছে এবং এখানে সাধারণভাবে বিশৃঙ্খল অবস্থা বর্তমান। এই ভদ্রলোকের কথার জবাব নাও দেওয়া যেতে পারে কিন্তু বাস্তব পরিস্থিতিটা কি সেটা ভাল করে দেখা দরকার। সাত্তার সাহেবের নিজস্ব কর্মচারী ডি এল ও কাদের নওয়াজ সাহেব স্টেটসম্যান পত্রিকায় লিখেছেন এবং সেখানে তিনি বলেছেন, বাংলাদেশে অশান্তি অত্যন্ত বেড়ে গিয়েছে এবং বম্বে ও অন্যান্য রাজ্যের তুলনা করলে দেখা যাবে এখানে স্ট্রাইক অনেক বেশি হয়। এখানে আমার জিজ্ঞাসা হচ্ছে যে কর্মচারীরা যে কথা বলেন বাংলা সম্পর্কে সে কথার উপর নির্ভর করবো, না, সাত্তার সাহেব যে কথা বলেছেন তার উপর নির্ভর করবো।

এখন এই সমস্ত যা আছে সেকথা বাদ দিলেও ডি এল সির সমস্ত সম্পর্কে যা বক্তব্য সেটা ক্লিয়ার হওয়া উচিত এবং সাত্তার সাহেবেরও সেটুকু দেখা দরকার। আমি এখানে একটা কথা বলছি এ বিষয়ে কোন সন্দেহ নাই—যে বাংলাদেশের শ্রমিক সাধারণের মধ্যে প্রচণ্ড অসন্তোষ আছে, সেই অসন্তোষ স্ট্রাইকের ভিতর দিয়ে দেখা যায়, কিছু কিছু ডিসপিউট যা হয় তার ভিতর দিয়েও প্রকাশ হয়ে পড়ে। এ বিষয়ে কোন পক্ষই দ্বিমত নয়। সাত্তার সাহেবের দরকার এই অসন্তোষ প্রকাশ করার। বাস্তবিক এটা দরকার যে দেশে ওয়েজেস অত্যন্ত লো যেখানে বার বার মালিকরা কোড অব ডিসিপ্লিন মানছেন না—সেখানে তো এ সমস্ত ঘটবেই, যেখানে জিনিসপত্রের দামের উপর কন্ট্রোল নাই, দাম বেড়ে যাচ্ছে প্রতি বছরেই এই পরিস্থিতি, সেখানে অসন্তোষ হবে না—স্ট্রাইক হবে না—তবে থাকবে কি? শ্রমিকরা যারা প্রোডাক্সন করে তাদের জীবন যাপনের মান যদি রিট্রেঞ্চমেন্ট পর্যায়ে নামিয়ে আনা হয় তাহলে তারা নিশ্চয়ই সংগ্রাম করবে—এখন করবে এবং ভবিষ্যতেও করবে, যে ব্যাখ্যাই সরকারী কর্মচারী বা অন্যান্য ব্যক্তিরা দিন না কেন? কিন্তু এটাই বুঝতে হবে এর প্রধান কারণ কি? সাত্তার সাহেব অনেক বড় বড়

বক্তৃতা করেন আমি পয়েন্টেডলি তাঁকে জিজ্ঞাসা করতে চাই এবং আশা করি তিনি পরিষ্কার তার বক্তব্যে বলবেন—ট্রেড ইউনিয়ন মুভমেন্ট-এর সাধারণ স্বীকৃত নীতি হচ্ছে সোজাসুজি মালিক পক্ষের সঙ্গে আলোচনা করতে হবে,

collective bargaining at all levels

এই ব্যবস্থা ট্রেড ইউনিয়ন স্বীকার করে নিয়েছে সাত্তার সাহেবও সেটা জানেন। এবং এটাও জানেন যে এই কারণে কোড অব ডিসিপ্লিন সম্বন্ধে আলোচনা হয়েছে ১৫শ লেবার কনফারেন্সএ। সেখানে সরকার পক্ষের অংশীদার ছিলেন, মালিক পক্ষের এবং শ্রমিক পক্ষের অংশীদার ছিলেন। এটা যদি এ্যালাও করতেন তাহলে বাংলাদেশে মূল কতকগুলি জিনিষের সিদ্ধান্ত হতে পারত এবং শ্রমিকদের সমস্যা সমাধানের কাজ করতে পেলে তার প্রকৃত মীমাংসা সম্ভব হত। সাত্তার সাহেব ট্রেড ইউনিয়ন রেকগনিসান-এর প্রশ্ন এড়িয়ে যাচ্ছেন, এড়িয়ে যাবার কারণ কি? হয়ত তিনি বলবেন কয়েকটি ইউনিয়নকে রেকগনাইজ করবার ব্যবস্থা হয়েছে। পরে আমি সে প্রশ্নে আসছি। সে জিনিষ সরকার পক্ষ মালিক পক্ষ এবং শ্রমিক পক্ষ ট্রিপার্টাইট কনফারেন্স করে স্বীকার করে নিয়েছে আজ পর্যন্ত সেটা কেন বাংলাদেশে কার্যকরী করা হচ্ছে না? না করার অর্থ হচ্ছে কোড অব ডিসিপ্লিন বাংলাদেশে প্রযোজ্য হচ্ছে না। অর্থাৎ মালিকরা যা খুসী তাই করছেন, এমপ্লয়ার খুসীমত চলছেন। সাত্তার সাহেবকে বলবো ডানবার কটন মিলে যে ছাঁটাই হয়েছে সে সম্বন্ধে যখন মালিক পক্ষকে বলা হল কোড অব ডিসিপ্লিন মানছেন না কেন, তারা বল্লে আমরা কোন খবর রাখি না সে সম্বন্ধে।

[3-40—3-50 p.m.]

ভারত ইউনিয়নের মিলে সেই ছাঁটাই কয়েকদিন আগে হয়েছে, আরও ছাঁটাই-এর নোটিস ঝুলছে—১৮৮ জনের উপর ছাঁটাই-এর নোটিস আছে। তিনি বলেছেন এ সবের ধার আমরা ধারি না। আমাদের জিজ্ঞাসা হচ্ছে মন্ত্রী মহাশয় যখন মন্ত্রিত্ব করছেন তাঁরা যখন একটা পার্টিতে থাকছেন, মালিকেরাও ত একটা পার্টি, কিন্তু শ্রমিকেরা যখন সেই ডিসিশন অনার করার জন্য বলেন তখন কিন্তু তা কার্যকরী করার জন্য ব্যবস্থা অবলম্বন করা হয় না। বরং উলটো ঘটনাই ঘটে। শ্রমিকদের পক্ষ থেকে ২ মাস ৪ মাস যাবার পরে যখন তারা কোনরকম এ্যাকশন চাইতে বাধ্য হয় তখন ২৪ ঘণ্টার মধ্যে লেবার অফিস থেকে চিঠি যায় যে, যখন এইরকম কাজ করা হচ্ছে তখন মালিক তোমাদের উপর যে-কোন এ্যাকশন নিতে বাধ্য। তাই বিভিন্ন জায়গায় নোটিস যাচ্ছে। মিঃ এস এন চ্যাটার্জী, আমরা শুনছি ডানবার কটন মিলে বলেছেন—কোনরকম আন্দোলন করা চলবে না,—ভিতরে কিংবা বাহিরে। এ রকম অধিকার আছে কিনা জানি না। কিন্তু সেই সব জায়গায় ৫।৬ মাস যাবৎ সেই স্বীকৃত নীতিগুলি কার্যকরী করার জন্য সরকারের কাছে যে দাবী করেছে তার দিকে কর্ণপাত করা হয় নি।

সাত্তার সাহেবের কাছে বক্তব্য যে, তিনি এই প্রসঙ্গে পরিষ্কার জবাব দেবার চেষ্টা করবেন। কেন বাংলাদেশে ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস এ্যাক্ট হবে না, তার অসুবিধা কোথায়। এই নীতি স্বীকৃত হয়েছে। তিন পক্ষ তার মধ্যে আছে। সুতরাং একটা ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস এ্যাক্ট করায় অসুবিধা কোথায়? সুতরাং ভুলটা আমাদের দিকে নয়; ভুলটা উলটো দিকে। এটা ওয়ান ওয়ে ট্রাফিক হচ্ছে, এবং সরকার চুপ কোরে বসে থাকার ফলে মালিকদের 'এনকারেজ' করা হচ্ছে বেআইনী কাজ করার জন্য। আর তার ফলেই বাংলাদেশে যতগুলি অসন্তোষের কারণ—তার উদ্ভব হচ্ছে। প্রধান কারণ হচ্ছে সরকারের নির্লিপ্ততা, এবং মালিকদের পরোক্ষভাবে এনকারেজ করা—যাতে তারা এই সমস্ত কাজে লিপ্ত হতে পারে। ইন্ডাস্ট্রিয়াল এ্যাক্ট আনার এবং ট্রেড ইউনিয়নগুলি মানার বিভিন্ন পদ্ধতি স্বীকৃত হয়েছে। যেখানে একটিমাত্র ইউনিয়ন আছে সেটাকে সঙ্গে সঙ্গে 'বাই এ্যাক্ট' মানতে হবে। যেখানে একটার বেশি ইউনিয়ন আছে সেখানে সত্তার সাহেব অনায়াসে ব্যবস্থা করতে পারেন। গণভোটের মাধ্যমে, তার যে বিভিন্ন ধারা আছে সেইভাবে করতে পারেন। তাতে অসুবিধা কোথায়? বিভিন্ন কল-কারখানায় যদি সিক্রেট ব্যালট নেওয়া হয় যেটার দাবী আমরা করেছি তাহলে সাত্তার সাহেবকে বলতে পারি যে বাংলাদেশের অনেক ব্যাপারের মীমাংসা হয়ে যাবে। প্রধানতঃ ভুল কোথায়? ভুল এই কারণে যে যেটা রিপ্রেজেন্টেটিভ বডি নয়, তাদের ইউনিয়ন করার অধিকার দেওয়া এবং তাদের ডিসিশন চালাবার ব্যবস্থা আছে বলেই আজকে বাংলাদেশে এই ব্যবস্থা দাঁড়িয়েছে। আমি সাত্তার সাহেবকে এ কথা বলব, এবং

সরকার পক্ষকেও বিবেচনা করতে বলব যে, রেকগনিশন অব ইউনিয়ন যেটা মূল প্রশ্ন 'বাই সিক্রেট ব্যালট'এর ব্যবস্থা কোরে সেটা মানাবার ব্যবস্থা করুন। তা হলে বাংলাদেশের ট্রেড ইউনিয়নের বহুকালের দাবী আজকে মীমাংসা হয়ে যাবে। এ সম্পর্কে আমি মনে করি এটা এভাবে অবলিগেটরি করার প্রয়োজন নাই, এটা নীতিগতভাবে তাঁরা করতে বাধ্য। কিন্তু মালিকপক্ষও মানছেন না, সরকার পক্ষও মানছেন না। সেদিক থেকে জয় ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস-এর উদাহরণ দেওয়া হয়। জয় ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস এবং কয়েকটি কারখানায় ইউনিয়নগুলিকে মেনে নিয়েছে। সাত্তার সাহেব বোধহয় স্বীকার করবেন যে সেটা শ্রমিকদের দীর্ঘকালের দাবীর ফলে হয়েছে। বাংলাদেশের সমস্ত ইউনিয়নগুলির জন্য সেই ব্যবস্থা করা দরকার। আর একটা কাজ বন্ধ করা উচিত। জয় ইঞ্জিনিয়ারিং কারখানার শতকরা ৯০ ভাগ শ্রমিক যেই ইউনিয়নের মধ্যে সংগঠিত আই এন টি ইউ সি থেকে দাঁড়াবার জন্য ডিসরাপ্ট করবার জন্য কেন চেষ্টা করা হচ্ছে মেজরিটি ইউনিয়ন যে জায়গায় সেখানে আই এন টি ইউ সি ইউনিয়নকে মালিকদের সহায়তায় দাঁড় করাবার চেষ্টা করা হচ্ছে। এর ফলে অসন্তোষ হবে না?

উলটো ঘটনাও আছে। মেজরিটি ইউনিয়নে সমস্ত শ্রমিক বেশি, আমাদের ফায়োকী সাহেব আছেন—সাত্তার সাহেব স্বীকার করবেন—কেশোরামে শতকরা ৮০।৯০ ভাগ শ্রমিক দিয়ে সেই ইউনিয়ন সংগঠিত; কিন্তু বিড়লা সাহেব এই ইউনিয়ন মানেন না। সামান্য মুষ্টিমেয় গুণ্ডা, দালাল নিয়ে কোম্পানীর যে ইউনিয়ন তাকেই মানেন। সাত্তার সাহেব সেটা জানেন, তারা আই এন টি ইউ সির সঙ্গে যুক্ত। কিন্তু সে ব্যবস্থা হতে পারবে না। কেশোরাম ওয়ার্কার্স ইউনিয়ন যাকে সকলেই মানে, সেই ইউনিয়নকে মানতে হবে। এমনি না মানেন আইন কোরে মানতে হবে। ব্যালট নিন যদি বিশ্বাস না হয় ট্রামওয়ে ওয়ার্কার্স ইউনিয়নের সম্বন্ধে সেদিনও যে কথা, আজও সেই কথা। সকলেই বিশ্বাস করেন ট্রামওয়ে ইউনিয়ন রিপ্রেজেনটেটিভ বডি নয়, সেখানে মাইনরিটি ইউনিয়নের ডিসিশন, মাইনরিটি ওয়ার্কার্স ডিসিশন ঘাড়ে চাপাবার জন্য না ইউনিয়নগুলোকে চাপতে হয়। এ অবস্থায় শ্রমিক করবে কি? ছোটখাট অভাব অভিযোগ থেকে আরম্ভ কোরে বড় পর্যন্ত যা কিছু প্রমাণ করতে হবে স্ট্রাইকএর মধ্য দিয়ে, স্টপেজএর মধ্য দিয়ে, বিক্ষোভের মধ্য দিয়ে। আমাদের দাবী ঠিক, এই দাবীর পিছনে সমস্ত ওয়ার্কার আছে,—এটা যতক্ষণ না প্রমাণ করা যাবে ততক্ষণ পর্যন্ত অন্য কোন রকমে বেরোবার পথ নাই। সাত্তার সাহেবকে অন্য কিছু বাংলাদেশে করবার জন্য বলছি না। যেটা স্বীকৃত হয়েছে, সেটা মালিক পক্ষকে দয়া কোরে মান্য করার ব্যবস্থা করুন।

দুর্ভাগ্যক্রমে সেই ভালর দিকে চাপ কোথায়? তা না কোরে উলটো প্যাঁচের মধ্যে ফেলার চেষ্টা হচ্ছে। আশা করি সাত্তার সাহেব এ কথা জানেন। ওয়ার্কাস কমিটি একটা রুল করেছেন যে কারণে ইউনিয়নগুলোকে বাইপাস ক'রে চলেছে। সেখানে ইলেকটেড ওয়ার্কস কমিটি হওয়ার ফলে সেখানে তারা বিবেচনা করতে সুরু করেছে যে নূতন রুলএর মারফত সেটা সম্পূর্ণ এমপ্লয়ারের হাতে তুলে দেওয়ার জন্য। এ ধরণের কাজ স্কান্ডালাস এ রকম রিগ্রোগ্রেড ধরনের কথা চিন্তা করতে পারি না। বরঞ্চ এটা আশা করা অসম্ভব ছিল না যে, সাত্তার সাহেব ওয়ার্কস কমিটির হাতে ক্ষমতা বেশি করে দেবেন। কিন্তু ঠিক তার উলটো করছেন। যেটুকু ছিল সেটুকুও এমপ্লয়ারের হাতে তুলে দেবার ব্যবস্থা করা হচ্ছে। সাত্তার সাহেব যেভাবে শ্রমিক আন্দোলনের সঙ্গে যুক্ত তাতে তাঁর এ সম্বন্ধে কি বক্তব্য তা আমরা জানতে চাই। স্বভাবতই তার উপর আগামী দিনের কর্মধারা নির্ভর করবে। বিহার গভর্নমেন্ট যেখানে কারখানা আছে সেখানে একটা সিঙ্গল ইউনিয়নকে মেনে নেবার কথা বলেছেন। আমাদের বাংলার মত ইন্ডাস্ট্রিয়াল স্টেটে তা হয় না কেন? কেরালা সরকার তাঁরাও একটা ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস বিল এনেছেন, তার মূল নীতি ট্রাইপারটাইট কনফারেন্স। অথচ কেরালা প্রধানতঃ ইন্ডাস্ট্রিয়ালাইজড জায়গা নয়। সে প্রধানতঃ বম্বে এবং বাংলা। বম্বের মত জায়গায় আছে, কিন্তু বাংলাদেশের মত জায়গায় কেন আজ পর্যন্ত যেটা স্বীকৃত নীতি আছে তার ভিত্তিতে এই ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস বিল আসবে না তা বুঝতে পারি না। আশা করি এ দিকে নজর রেখে শ্রমিক সমস্যা সম্পর্কে উদাসীন বা সন্তুষ্টির ভাব প্রকাশ না ক'রে সেইভাবে কাজ করবেন।

[3-50—4 p.m.]

দ্বিতীয় বক্তব্য হচ্ছে ওয়েজ সম্পর্কে এখানে আমি সাত্তার সাহেবকে বা তাঁর ডিপার্টমেন্টকে নূতন কথা চিন্তা করার জন্য বলছি না। আমি বলছি যে এটার একটা স্বীকৃত নীতি আছে যে নীতি আজ শ্রমিক পার্টি, সাত্তার সাহেবের পার্টি, এমপ্লয়ারের পার্টি কার্যকরী করুন। সরকার পক্ষ জানেন যে ১৫শ লেবার কনফারেন্স দু' জায়গায় হয়ে গেল, সেখানে সাত্তার সাহেব বলুন যে কোন একটা কারখানায় এই নীতির ভিত্তিতে কাজ হচ্ছে। বাংলায় একটাও ইন্ডাস্ট্রিয়ালি এমন একটা এস্টাব্লিশমেন্ট নেই যেখানে ১৫শ লেবার কনফারেন্স-এর রেকোমেন্ডেশান কার্যকরী হচ্ছে। কিছুকাল আগে একটা ইঞ্জিনীয়ারিং ট্রাইবুনাল হয়ে গেল, টেক্সটাইল, জুট, কোল ইত্যাদি ট্রাইবুনাল হয়ে গেল, কিন্তু তার ধারে কাছে আপনারা জানিন। তা হলে এসব কি কোথাও কার্যকরী হবে না? এটা আমাদের জানা দরকার যে এটা একটা অবলিগেটারী জিনিষ। সাত্তার সাহেব নিশ্চয় জানেন যে তাতে পরিষ্কার একটা ক্লজ আছে এইরকম যে যদি কোন ওয়েজ ফিক্সিং অথরিটি তার ইন্ডাস্ট্রির বা এস্টাব্লিসমেন্টের নীড বেস নর্ম দেবার অবস্থা না থাকে তাহলে তাকে পরিষ্কার করে বলতে হবে যে এই কারণে দিতে পারা যাচ্ছে না। ইঞ্জিনিয়ারিংএ এতবড় ট্রাইবুনাল হয়ে গেল অথচ কিছুই হচ্ছে না। আমি মনে করি এই বিষয়ে সরকারও ইকোয়ালি রেসপন্সিবল। তাঁরা প্রতি মাসে কয়েকটা করে ট্রাইবুনালের এওয়ার্ড ছাপান। কিন্তু একবারও কি দেখেছেন এই ট্রাইবুনাল এওয়ার্ড ছাপানোর পর যে নর্মস ঠিক হয়েছে সেই নর্মসের সঙ্গে খাপ খাচ্ছে কিনা। এই নর্মসের চুক্তির অন্তর্ভুক্ত আপনি, শ্রমিক এবং মালিক পক্ষ আছেন। ইঞ্জিনিয়ারিং শিল্পে যদি এই নীড বেস নর্মস ঠিক করা না হয় তাহলে অন্তত একটা এক্সপ্লানেসান দেওয়া উচিত ছিল। বাংলাদেশে ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রির মত এমন একটা ইন্ডাস্ট্রি যেখানে কোনরকম নীড বেস নর্মস দেওয়া যায় না—এই রকম একটা এক্সপ্লানেসান দিতে আপনারা বাধ্য। কিন্তু কোথাও তা হয়নি এবং এমন কি চিন্তাও পর্যন্ত করা হয় নি। প্রত্যেকদিন গোটা কয়েক ট্রাইবুনাল এয়োয়ার্ড পাবলিশ করে যাচ্ছেন, অথচ এইরকম একটা করণীয় কার্য যার ধারে কাছে দিয়ে আপনারা যাচ্ছেন না। কিন্তু আপনারা নীতিগতভাবে এইসব করতে বাধ্য। বাংলাদেশ সর্বাপেক্ষা ইন্ডাস্ট্রিয়ালাইজ হওয়া সত্ত্বেও বাংলাদেশে আজ লুট চলছে। আজ বাংলাদেশে সবচেয়ে ওয়েজ কম। বম্বে, দিল্লীর সঙ্গে তুলনা করলে দেখা যাবে যে সাত্তার সাহেবের রাজত্বে শ্রমিকরা আজ সর্বনিম্ন মজুরীও পাচ্ছে না। এর কারণ কি? এখানেও যে কোম্পানী, বম্বেতেও সেই কোম্পানী, কিন্তু সেখানে টেক্সটাইলে যদি ১০০ টাকা হয় তা হলে এখানে ৫৮ টাকা, ইঞ্জিনিয়ারিংএ এখানে ৭৪ টাকা আর সেখানে ১০০ টাকার বেতন মিনিমাম। কিন্তু কেন এটা হবে? কোলকাতা শহরের কাছে সব র-মেটিরিয়াল অন্তত বম্বে থেকে এই র-মেটিরিয়ালের প্রক্সিমিটি অনেক বেশি হওয়া সত্ত্বেও আমরা দেখছি বাংলাদেশে একমাত্র জায়গা যেখানে বেপরোয়া লুটিং হচ্ছে। আপনারা ৪।৫টা যে কোন শিল্প ধরে নিতে পারেন তাহলেই দেখবেন যে বম্বে দিল্লীর থেকে আমাদের বাংলার শ্রমিকরা কম মাইনে পায়। শেষে, বোনাস সম্পর্কে ২।১টি কথা বলব। সেদিন বোনাস সম্পর্কে তিনি বললেন যে অনেক ম্যান ডেজ লস্ট হয়েছে, বোনাস সম্পর্কে আমরা একটা সুষ্ঠু নীতি নিতে চলেছি। সাত্তার সাহেবকে আমি স্মরণ করিয়ে দিই যে বোনাসটা অলিখিত আইন হিসাবে শ্রমিকরা স্ট্রাইক করে একটা প্রচণ্ড অবস্থার সৃষ্টি করে কয়েকটা জায়গায় করে নিয়েছে কিন্তু আজও পর্যন্ত সরকারের তরফ থেকে সেটাকে স্বীকৃতি দেবার কোন ব্যবস্থা হয় নি। আমি সাত্তার সাহেবকে বলবো যে, তিনি জুটের কথা একবার ভাবুন—জুটে ১৯৫৩ সাল থেকে কথা উঠেছিল, যদি বোনাসটাকে নীতিগতভাবে স্বীকার করেন তাহলে জুট প্রভৃতি আরো কয়েকটা ইন্ডাস্ট্রীতে তা আইনতঃ হতে পারে। বোনাসের ক্ষেত্রে আমি বলবো যে বিপুল সংখ্যক শ্রমিক আজ বোনাসের আওতার মধ্যে নেই। বোম্বের দিকে তাকালে দেখতে পাবেন যে সেখানে কত পরিমাণ বোনাস শ্রমিকরা পায় এবং পশ্চিম বাংলায় কত পরিমাণ পায়। সেই শিল্পের যা প্রোডাক্ট তা কোলকাতাতে বিক্রী হয়; অন্য জায়গায়ও বিক্রী হয় কিন্তু বাংলাদেশে এক মাসের উপর যদি উঠতে হয় তাহলে প্রধানতঃ স্ট্রাইক, প্রভৃতি ছাড়া কোথাও তা উঠানো যায় না। কয়েকটা ইন্ডাস্ট্রীতে তাদের প্রোডাকসন বাড়াবার জন্য এবং প্রচুর পরিমাণ মুনাফার জন্য তারা এ ব্যাপারে একটা মীমাংসা করে নিয়েছে। আমি মিনিমাম ওয়েজ সম্পর্কে আগেরবার বলেছিলাম—মিঃ উইলিয়াম, গেস্টকিন উইলিয়ামস-এর তিনি যদি মাসে সিক্স টু সেভেন থাউজেন্ড রুপীজ ড্র করতে পারেন তাহলে সেখানে নেট বেস

মিনিমাম ওয়েজ চালু হবে না কেন সাত্তার সাহেবকে এ কথায় জবাব দিতে হবে। তারপর স্ট্যান্ডিং অর্ডার সম্পর্কে ২।১টা কথা বলে আমি শেষ করবো। স্ট্যান্ডিং অর্ডার ইজ এ স্ট্যান্ডিং ফিনান্স এই স্ট্যান্ডিং অর্ডার সম্পর্কে সরকারী লেভেলে বহু আলোচনা হয়েছে, তার মডেল রুলস হয়ে গেছে। তারা বিভিন্ন ট্রেড ইউনিয়ন অর্গানাইজেসনের কাছ থেকে এ সম্পর্কে ওপিনিয়ন চেয়েছিলেন। বি পি টি ইউ সি বোধ হয় গত এপ্রিল মাসে সেটা আপনাদের কাছে দিয়েছে—সেটার কি হোল আজও পর্যন্ত আমরা তা জানতে পারলাম না। আমার জিজ্ঞাস্য এই যে স্ট্যান্ডিং অর্ডারকে বাইপাস্ করে দিয়ে অনেক মালিক যে কোনরকম বেআইনী কার্যকলাপ করছেন এটা আপনারা স্বীকার করতে রাজী আছেন কি? টেক্সটাইল বোর্ডে যেটা স্বীকৃত হয়েছে তার ধারে কাছে কেউ যাচ্ছে না। কাজেই আমি অনুরোধ করবো যেটুকুন আপনাদের করা কর্তব্য সেইটুকুন অন্ততঃপক্ষে আপনারা করুন—তার বেশী বাংলাদেশের লোক আপনাদের কাছে আশাও করে না।

Sj. Narendra Nath Sen:

মাননীয় স্পীকার মহোদয়, ফাইনান্স মিনিস্টার ডাঃ রায় আগামী বৎসরের জন্য যে বাজেট আমাদের সামনে উপস্থিত করেছেন তার সম্বন্ধে আমরা অনেক সমালোচনা শুনেছি। স্যার, আমরা সংবাদপত্রগুলিকে জনসাধারণের অভিমত বহনকারী বলে মনে করি। সুতরাং এই বাজেট সম্পর্কে হিন্দুস্থান স্ট্যান্ডার্ড যে কমেন্ট করেছে সেটা আমি আপনাকে পড়ে শোনাতে চাই। ১২ই ফেব্রুয়ারি হিন্দুস্থান স্ট্যান্ডার্ড লিখেছে—

"Never perhaps since independence has the Finance Minister of this truncated and problem-ridden State of West Bengal been able to present a budget of such an optimistic nature as Dr. Roy did in the State legislature on Wednesday. Of course, it goes without saying that it is Dr. Roy who has been the architect of the finances of this State practically for all these 11 years. If, therefore, this time he has been able to speak with more confidence than ever before about the State's finance the credit for this is his. The most striking feature of the budget is that it is a surplus one though not on revenue account. If the budget could not be balanced, it was, according to Dr. Roy, because of the Centre's failure to honour its commitments to the State in full. Dr. Roy has raised more additional resources than the Planning Commission expected he would be able to do. And it is this reliance on his own strength more than anything else which perhaps emboldened Dr. Roy to say that no question of pruning the State's Second Plan arises. Again, if Dr. Roy devoted a considerable part of his speech to what might be said a factual criticism of the Centre's varying mood in the matter of fulfilment of its own promises in financing the Plan it is because the State's own resources are increasing."

[4—4-10 p.m.]

এর পর এ বিষয়ে কোন কমেন্ট করার প্রয়োজন আছে বলে মনে করি না। গভর্নমেন্ট চলতি বৎসরে ও আগামী বৎসরে কি কি কাজ করেছেন ও করতে চান সে সম্বন্ধে আমরা এই বাজেটের মাধ্যমে একটা ইঙ্গিত পাই। এবারকার বাজেটে বিভিন্ন বিভাগে,

Education, Public Health, Irrigation, Development

প্রভৃতি বিষয়ে অনেক বেশি অর্থবরাদ্দ ও নতুন নতুন পরিকল্পনা করেছেন সরকার, এইসব পরিকল্পনাগুলি যদি সুচারুরূপে সম্পন্ন হয় তাহলে এই দেশের উৎপাদন ও সম্পদ বৃদ্ধি পাবে সন্দেহ নাই, কিন্তু তার সঙ্গে যেসব আন-প্রডাকটিভ একসপেন্সেস হচ্ছে এবং অপচয় হচ্ছে সেগুলি যদি বন্ধ করা হয় তাহলে এই সম্পদ বৃদ্ধি আরও দ্রুততর হবে বলে মনে করি। আমি এখানে স্টেট ট্রেডিং স্কীমগুলি সম্বন্ধে কয়েকটি কথা বলব। স্টেট ট্রান্সপোর্টএ ক্রমশ প্রতি বৎসর লোকসান দেখা যাচ্ছে যদিও এই লোকসানের হার ক্রমেই কমে আসছে। স্টেট

ট্রান্সপোর্টএর বেলঘরিয়া সেন্ট্রাল ওয়ার্কসপএ গত বৎসর ২৬ লক্ষ টাকা আয় করতে প্রায় ৩৬ লক্ষ টাকা ক্যাপিটাল এক্সপেন্ডিচার করেও ৩০ লক্ষ টাকা খরচ করতে হয়েছে এবং আগামী বৎসর ৩৪ লক্ষ টাকা আয়ের আশায় ৩২ লক্ষ টাকা খরচ বরাদ্দ হয়েছে। এই ডিপার্টমেন্টের খরচ কমান ও আয় বৃদ্ধির যথেষ্ট সম্ভাবনা আছে। তারপর, হরিণঘাটার দুধ মাখন ঘি ডিস্ট্রিবিউসান স্কীম খুব জনপ্রিয় হয়েছে এবং ক্রমেই তার চাহিদা বাড়ছে। শ্রীযুক্ত সুধীর রায় চৌধুরী মহাশয় যে মিল্ক পাউডারএর কথা বললেন সেটা টোল্ড মিল্ক তৈরি করতে লাগে এবং টোল্ড মিল্ক ডিস্ট্রিবিউসানএরও কলিকাতা শহরে যথেষ্ট প্রয়োজনীয়তা রয়েছে। সুতরাং এই বিভাগের খরচ কমিয়ে দুধ মাখন ঘির দাম কমান যায় কিনা সেটাও ভেবে দেখা দরকার যাতে গরীব লোকেও এর সুযোগ পেতে পারে। আরও একটা কথা এই মাখন ও ঘি সারা বৎসর পাওয়া যায় না—যাতে সারা বৎসর দুধ মাখন ঘি সরবরাহ করা হয় সে সম্বন্ধে ব্যবস্থাবলম্বনের জন্য আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। ব্রিক বোর্ডএও লোকসান হচ্ছে। গভর্নমেন্টএর কনস্ট্রাকশন বিভাগে প্রতি বৎসর কয়েক লক্ষ টাকার ইঁট ও টালি কেনা হয়ে থাকে, এই মালগুলি যদি এইসব বিভাগের কাজে লাগান যায় তাহলে খরচ অনেক কমান যেতে পারে বলে আমার ধারণা। সেলস এমপোরিয়ামএর আয়ের থেকে ব্যয় দেড় গুণ বেশি এবং একটা আশ্চর্যজনক ব্যাপার আমার চোখে পড়ল ডিরেক্টর অব ইন্ডাস্ট্রিজএর পারসোনাল লেজার এ্যাকাউন্টএ গত কয়েক বৎসর ধরে দুই লক্ষ ৬০ হাজার টাকা এ্যাডভান্স পেমেন্ট চলছে কোন ব্যক্তিবিশেষের কাছে এত টাকা এ্যাডভান্স পেমেন্ট কেন হয়েছে এবং এই টাকা থেকে যে ইন্টারেস্ট আসতে পারে তা কোথায় যায় তা অনুসন্ধান করা উচিত। এই এ্যাডভান্স পেমেন্ট বন্ধ হওয়া উচিত বলে মনে করি। তারপর, ডিপ সি ফিশিং স্কীমএ প্রতি বৎসর সাত-আট লক্ষ টাকা লোকসান হয়—অথচ আমাদের মাছের অভাবও পূর্ণ হচ্ছে না। এ কাজে কোন প্রাইভেট কনসার্নকে লাগান যায় কিনা সে বিষয়ে চিন্তা করার জন্য আমি গভর্নমেন্টকে অনুরোধ করছি। এ বৎসর প্রচুর খাদ্য উৎপাদন হওয়া সত্ত্বেও পশ্চিম বাংলায় খাদ্য ঘাটতি দূর হয় নি। যথেষ্ট চাল থাকা সত্ত্বেও আজ খোলা বাজারে চাল দুষ্প্রাপ্য হয়ে উঠেছে। কতগুলি মুনাফালোভী ব্যবসায়ীর চক্রান্তের ফলে এই অবস্থার সৃষ্টি হয়েছে। খাদ্যমন্ত্রী চালের মূল্য নিয়ন্ত্রণ করে যে মূল্য নির্ধারণ করেছেন তা বানচাল করার জন্য যে ষড়যন্ত্র চলছে সেটা দমন করা উচিত। অধিক দামে হোলসেলাররা রিটেলারদের কাছে বিক্রী করে বলে রিটেলাররা বেশি দামে বিক্রি করতে বাধ্য হয়। খারাপ চাল বেশি দামে বিক্রি করার জন্য রিটেলাররা জায়গায় জায়গায় এ্যারেস্টেড হয়েছে। আমি মনে করি তিন শ্রেণীর ব্যবসায়ীর মধ্যে কেনাবেচার সম্পর্ক নিয়ন্ত্রণ এবং সেজন্য লাইসেন্সও নিয়ন্ত্রন করে এসব জুয়াচুরি বন্ধ করার প্রয়োজনীয়তা আছে। আরেকটা বিষয়ের প্রতি আমি খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই—সুগন্ধ চালের দর নির্ধারণ করা হয় নি—আমি শুনেছি কি একটা কেমিক্যাল প্রসেসএ ফাইন সুপার ফাইন চালকে সুগন্ধ করে যথেচ্ছ দামে বিক্রীর পরিকল্পনা নিয়ে কেউ কেউ অগ্রসর হয়েছে—আমি জানি না এটা সম্ভব কিনা—যাই হোক, এটা অবিলম্বে অনুসন্ধান করে এই ষড়যন্ত্র বন্ধ করবার প্রয়োজনীয়তা আছে। একথা অস্বীকার করা যায় না যে, এই দেশে উৎপন্ন খাদ্যের একটা বিরাট অংশ লুকিয়ে ফেলা হচ্ছে—ব্যবসায়ী এবং হোর্ডারদের ঘর থেকে এই হোর্ডেড রাইস যদি টেনে না বের করা যায় তাহলে গভর্নমেন্টএর পলিসি বানচাল হবার সম্ভাবনা রয়েছে এবং খোলা বাজারে চাল পাওয়া সম্ভব হবে না। কাজেই এই হোর্ডেড রাইস সিজ ও কনফিসকেট করার একটা ক্ষমতা নিয়ে গভর্নমেন্টএর অগ্রসর হওয়া উচিত, কেন না, কনফিসকেসানএর ভয় ও জেলের ভয় না থাকলে মুনাফাখোররা তাদের ঘরের চাল বের করবে না এবং কৃত্রিম উপায়ে অভাব ঘটিয়ে অতিরিক্ত মুনাফা লাভের চেষ্টা করবে। খাদ্যমন্ত্রী রেশনের দোকানের মারফত চাল বণ্টন করে যাতে সরকারের প্রচেষ্টা বানচাল না হয় তার জন্য খোলা বাজারে যেতে বারন করছেন—কিন্তু এটা সম্ভব কিনা আমি জানি না—এটা সম্ভব হতে পারে ডিস্ট্রিবিউসানএর যে ডিফেক্ট রয়েছে সেগুলি যদি দূর হয়। আমি একটা ডিফেক্টএর কথা জানতে চাই—সকল নাগরিক এখনো কার্ড পায় নি—বহু এলেকায় কার্ড হয় নি, অথচ অনেক ফেয়ার প্রাইস শপএ বোগাস কার্ড আছে। তারপর এইসব ফেয়ার প্রাইস শপএ গভর্নমেন্ট থেকে নির্দ্দিষ্ট চালের সাপ্লাই পায় না।

[4-10—4-20 p.m.]

আমার কাছে বহু জায়গার কমপ্লেন্ট আছে যে, ফেয়ার প্রাইস সপগুলিতে ঠিক সময়মত চাল সাপ্লাই গভর্নমেন্টের পক্ষ থেকে করা হয় না, সেই জন্য তাঁরা খদ্দেরকে ঠিক সময়মত চাল দিতে পারেন না। অনেক সময় সপ্তাহের শেষের দিক ছাড়া চাল জনসাধারণকে দিতে পারেন না। কাজেই সাধারণ লোক বাধ্য হয় খোলা বাজার থেকে চাল কিনতে। তা ছাড়া আমার কাছে বহু জায়গা থেকে কমপ্লেন্ট এসেছে যে, চালের মধ্যে একটা বিশেষ রঙের এক রকম কাঁকর মেশান থাকে যার জন্য অনেক লোক এই সমস্ত চাল খেতে পারে না। এই সকল ত্রুটি যদি দূর করা যায় তাহলে শহর অঞ্চলের লোকের জন্য যে কোটার ব্যবস্থা করা হয়েছে, সেটাই যথেষ্ট হবে বলে আমি মনে করি এবং শহর অঞ্চলের লোককে খোলা বাজারে নাও যেতে হতে পারে। কিন্তু মফঃস্বলের লোকের জন্য কিছু কোটা বাড়ান দরকার হতে পারে। সরকার পুলিস ডিপার্টমেন্টের জন্য ওয়ারলেস এক্সটেনশন, নানা রকম ডেভেলপমেন্ট বাবত ও পুলিস কোয়ার্টার্স কনস্ট্রাকসান করার জন্য পুলিস খাতে অতিরিক্ত ব্যয়বরাদ্দ অবশ্যম্ভাবী হয়েছে। পুলিস আমাদের সমাজ জীবনে ও দেশের শান্তি শৃঙ্খলা রক্ষার জন্য বিশেষ প্রয়োজনীয় বিভাগ তাতে কোন সন্দেহ নেই। সুতরাং এই বিভাগের কর্মচারীগণ যদি সৎ, সমাজসেবী ও কর্তব্যপরায়ণ না হয়, তাহলে এঁরা ঠিকভাবে দেশের কাজ করতে পারে না এবং জনসাধারণের শ্রদ্ধা অর্জনও করতে পারবে না যেটা আজকে স্বাধীন ভারতে একান্ত প্রয়োজন।

কয়েকদিন আগে পুলিস প্যারেডে ডাঃ রায় পুলিসের প্রতি যে সতর্কবাণী ও উপদেশ দিয়েছেন সেগুলি প্রত্যেক পুলিস কর্মচারীর প্রণিধানযোগ্য বলে আমি মনে করি। পুলিসের সঙ্গে পাবলিকের যদি সহযোগিতা না থাকে তাহলে দেশে শান্তি শৃঙ্খলা রক্ষা করা অসম্ভব হয়ে দাঁড়ায়। যদিও এদিকে অনেক চেষ্টা চলছে, তবু এখনও পুলিস সম্পর্কে লোকের অতীতের ধারণা দূর হয় নি।

পুলিস যদি জনসেবার মনোভাব নিয়ে দেশের কাজে অগ্রসর হয়, তাহলে আমার নিশ্চিত বিশ্বাস যে জনসাধারণও পুলিসের সঙ্গে সহযোগিতা করতে এগিয়ে আসবে।

স্যার, আমার আরও অনেক কিছু বলবার ছিল, কিন্তু সময়াভাবে আমাকে এখানেই শেষ করতে হল।

Sj. Jatindra Chandra Chakravorty:

মিঃ স্পীকার স্যার, বাজেটের মূল নীতি এইটাই হওয়া উচিত, যে আগে নিজের দেশীয় সম্পদের হিসাব নিয়ে, সেই অনুসারে সাধারণ খরচ ও উন্নয়ন খাতে খরচের যে পরিকল্পনা, তাকে এমনভাবে তৈরি করতে হবে যাতে সাধারণ লোকের উপর করের বোঝা বেশি না হয় অথচ তাদের আয় ও সম্পদ বাড়ে। সঙ্গে সঙ্গে এটাও দেখতে হবে যেন দেশের অর্থনৈতিক কাঠামও শক্ত হয় এবং কোন আঘাতে যেন সেটা ভেঙ্গে না পড়ে। কিন্তু ডাঃ রায় যে বাজেট উপস্থিত করেছেন তাতে দেখছি যে বোধহয় ডাঃ রায়ের কাছে দুর্নীতি ছাড়া আর অন্য কোন নীতি নেই। সেই জন্য এই বাজেট সেই নীতির ধার দিয়ে যাচ্ছে না। সাধারণ খরচ এবং তাঁর নিজের মস্তকে যে কতকগুলি উদ্ভট প্ল্যান আছে, সেই প্ল্যানগুলির টাকা কি করে খরচ করবেন সেটা আগে থেকে ঠিক করে রাখেন এবং তারপর এই টাকাটা তোলবার জন্য লোকের, বিশেষ করে যারা গরীব মধ্যবিত্ত তাদের পকেট হাতড়াতে শুরু করেন। তাতে যদি সুরাহা না হয়, তখন সুরু করেন হিসাবের গোঁজামিল এবং ঋণ কি করে পাওয়া যায়। যদি কোন কারণে খরচ কম হয় অথবা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে বা অন্যান্য ট্যাক্স মারফত টাকা তাঁর হাতে এসে যায় তাহলে গোঁজামিল সামলে যে টাকা থাকে তা দিয়ে অর্থনৈতিক কাঠামটাকে শক্ত করবার জন্য খরচ করেন না। তাঁর নিজের যে পরিকল্পনাগুলি আছে, সব উদ্ভট পরিকল্পনা, তাঁর সেই স্কীমের পিছনে টাকাগুলি খরচ করেন। ১৯৫৮-৫৯ সালের যে বাজেট, তাতে যে টাকা আয় ধরা হয়েছিল তার থেকে ১২ কোটি ৭১ লক্ষ টাকা বেশি পাওয়া গিয়েছিল। তারপর সংশোধিত বাজেট যা দেখান হয়েছে, তার মধ্যে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যে অতিরিক্ত টাকা পাওয়া গিয়েছিল, তাঁর কতকগুলি টাকার উপর ডাঃ রায়ের হাত ছিল না; যেমন দুর্ভিক্ষ নিবারণ

সমবায়, শিক্ষা। এই সমস্ত জিনিসের খাতে অতিরিক্ত খরচ করতে হয়েছে। কিন্তু কেন্দ্রী বিক্রয়কর, প্রাদেশিক বিক্রয়কর, ভূমি-রাজস্ব, কেন্দ্রীয় সরকারের রাজস্ব, আবগারী স্ট্যাম্প এ মোটর গাড়ির ট্যাক্স প্রভৃতি নিয়ে মোট ৫ কোটি ৯৬ লক্ষ টাকা তাঁর হাতে থাকে। এ ছাড় কেন্দ্রীয় সরকার তাঁদের সুদের হার কমিয়ে দেবার ফলে ৩৫ লক্ষ টাকা বেঁচে যায়। এই মো ৬ কোটি ৩১ লক্ষ বাড়তি টাকায় অর্থনৈতিক কাঠামোকে সুদৃঢ় করবার কাজে ব্যবহার করা হয় নি যত টাকা ঋণ তুলবেন বলে আশা করেছিলেন, তারচেয়ে ১০ কোটি ৪৬ লক্ষ টাকা বেশি ধা করেছেন। সুতরাং আদায়ের দিক থেকে ১৬ কোটি ৭৭ লক্ষ টাকা বেশি পাওয়া গিয়েছে ঘাটতি মেটাবার জন্য এবং কেন্দ্রীয় সরকারের নির্দেশে বিভিন্ন খাতে ঋণ দিয়ে যে অবশি টাকা থাকে, তাতে দেখা যাচ্ছে ৯ কোটি টাকা মূলধন খাতে খরচ করবার কথা রয়েছে। এ ৯ কোটি টাকার মধ্যে ৯৮ লক্ষ টাকা মালটিপার্পাস রিভার স্কীম, অর্থাৎ নদীর স্কীমে—র করা হয়েছে। এর কৈফিয়ত হিসাবে ডাঃ রায় বলেছেন ময়ূরাক্ষী প্রজেক্টের জমি সংগ্রহের জ বিহার সরকারকে ক্ষতিপূরণ বাবত, তাকে ৯৮ লক্ষ টাকা দিতে হবে। কিন্তু হিসাব ক যদি দেখা যায়, এটা একটা বিরাট ধাপ্পা। কারণ মূল বাজেটে ঐ প্রজেক্টের জন্য ১৬ লক্ষ টা মঞ্জুর হয়েছিল, এবং তারপর সংশোধিত বাজেটে হয়েছে ৭৫ লক্ষ টাকা, তা হলে ময়ূরাক্ষীর মে বরদ্দের মধ্যে ৫৯ লক্ষ টাকা খরচ হয়েছে আর বাকি যে ৩৯ লক্ষ টাকা, সেটা কংসাবতীর খ হয়েছে। কংসাবতীতে যে টাকা খরচ করা হয়, তার সংগে বিহার সরকারের ক্ষতিপূরণের কো সম্পর্ক নেই। ময়ূরাক্ষীতে যে টাকা খরচ হয়েছে তারও কোন পরিষ্কার হিসাব নেই। যতদূ হিসাব থেকে বোঝা যায় ঐ যত টাকা ময়ূরাক্ষীর জন্য ধরা হয়েছে তার শতকরা ৩৯ ভা ময়ূরাক্ষীর অন্যান্য কাজের জন্য খরচ করা হয়েছে। বিহার সরকারকে দেবার জন্য এবারে বাজেটে দেড় কোটি টাকা ধরা হয়েছে। কিন্তু বিহার সরকারকে মোট কত টাকা দিতে হ ক্ষতিপূরণ হিসাবে হোক বা অন্য হিসাবে হোক, সে সম্বন্ধে আমাদের বাজেটের মধ্যে কি জানান হচ্ছে না। আসল কথা হল ময়ূরাক্ষীর হিসাবকে গোঁজামিল দিয়ে, কারচুপি করে ঐ ৫৮ লক্ষ টাকা ঋণ হিসাবে দিতে হবে। সেটাকে সামলে নেবার চেষ্টা হচ্ছে। ১৯৫৯-৬ সালের বাজেট তৈরির সময় দুটা দিক সামলাতে না পেরে স্টেট ট্রেডিংএর নামে আর একটা গোঁজামিল সৃষ্টি করা হয়েছিল ; এই ৯ কোটি টাকা পেয়ে সেটাকে সামলে নিয়েছেন।

মুখ্যমন্ত্রী ডাঃ রায়ের বাজেটে দেখান হয়েছিল খাদ্যশস্য কেনা হবে ৫২ কোটি ১৪ লক্ষ টাকায় এবং তা বিক্রয় হবে ৫৪ কোটি ২ লক্ষ টাকায়। তারপর সংশোধিত বাজেটে দেখা গেল কেনা হয়েছে ৩৪ কোটি ৩৬ লক্ষ টাকার খাদ্যশস্য, আর তা বিক্রয় করা হয়েছে ৩০ কোটি ৮৬ লক্ষ টাকায়, অর্থাৎ ৩ কোটি ৫০ লক্ষ টাকা ঘাটতি। এই দুটা নিয়ে, অর্থাৎ ঐ ২ কোটি ১ লক্ষ টাকা যেটা বাড়তি পাওয়া যাবে এবং এই যে ঘাটতি হল ৩ কোটি ৫০ লক্ষ টাকা, এই দু মিলে আগামী বছরের বাজেটে লোক ভোলাবার জন্য মোট ধরে ৫ কোটি ৬০ লক্ষ টাকা আয়ের ঘ বেশি দেখান হয়েছিল। এই ঘাটতির কৈফিয়ত যা দেওয়া হয়েছে, তা শুনলে আপনারা অব হয়ে যাবেন। এ বছর লোকে রেশনএর দোকানে চাল নাকি নিতে পারেনি, বা কম নিয়েছে। তার কারণ দেখান হয়েছে রেশনএর চাল এইজন্য নেওয়া হয় নি কারণ বাজারে চাল কমে যাচ্ছে। ফলে দাঁড়িয়েছে সরকারের হাতে ৪ কোটি টাকার চাল জমে আছে।

[4-20—4-30 p.m.]

যে কারণে বাজারে চালের দর কমে যাচ্ছে ফলে সরকারের হাতে দেখান হচ্ছে যে ৪ কোটি টাক চাল জমে আছে। জিজ্ঞাসা করতে পারি কি, যে বৎসর লোকে চাল পাচ্ছে না বলে হাহাকা করছে, চালের দর বেড়ে যাচ্ছে বলে আজকে হাহাকার করছে, আন্দোলন করছে, সেই বৎসর ডাক্তার রায় আমাদের বুঝাতে চেষ্টা করছেন যে ৪ কোটি টাকার চাল তাঁর হাতে জমা রয়েছে সেটা এ সস্তা ও সহজলভ্য যে তিনি চালের বস্তা নিয়ে বসে আছেন অথচ লোকে তাঁর কাছে কিনতে আসছে না। এত বড় অসত্যবাদিতা ও নির্লজ্জতা আমরা ভাবতেও পারি না।

কোন দিক থেকে কিছু টাকা হস্তে এলেই আমরা দেখতে পাই যে, তাঁর যে প্রিয় পরিকল্পনগুলি আছে তার পিছনে তিনি বেপরোয়াভাবে টাকা ঢালতে আরম্ভ করেন, এটা ডাক্তার রায়ের অভ্যাস। এতে তাঁর ভক্ত এবং পোষ্য যারা তাদের কিছু সুরাহা হতে পারে

দীর্ঘা উন্নয়নের জন্য দেখছি যে মূল বাজেটে ৪৭ হাজার টাকার ব্যবস্থা ছিল কিন্তু সংশোধনী বাজেটে সেখানে বাড়িয়ে ২ লক্ষ ৮৩ হাজার করা হয়েছে। তাঁর সাধের যে দুর্গাপুর, সেই দুর্গাপুরের জন্য বরাদ্দ ছিল ৪ কোটি ২৩ লক্ষ টাকা, সেটাকে বাড়িয়ে করেছেন ৫ কোটি ৭৫ লক্ষ টাকা। দুর্গাপুর কোক ওভেনএ তিনি আরও বাড়াবেন। আশা দেওয়া হচ্ছে যে ফেব্রুয়ারি মাসে নাকি ঐ কোক ওভেন থেকে গ্যাস পাওয়া যাবে, গ্যাস উৎপাদন শুরু হবে। এই পরিকল্পনার ব্যয় ধরা হয়েছে দেড় কোটি টাকা, আর মাল বিক্রি করে নাকি দেড় কোটি টাকা পাওয়া যাবে। এই পরিকল্পনার জন্য যে দেড় কোটি টাকা যেটা খরচা হবে ঠিক তা আমরা জানি কিন্তু মাল বিক্রির দেড় কোটি টাকা আমরা পাব কিনা সে সম্বন্ধে আমাদের যথেষ্ট সন্দেহ আছে। ডাক্তার রায় যে টাকা বাঁচান না, তা নয়, তিনি বাঁচান কিন্তু সেটা বাঁচান শিল্পে মূলধন বিনিয়োগ করার জন্য। তিনি অনেক টাকা বাঁচিয়েছেন শিল্প সমবায় মূলধন হিসাবে। মূল বাজেটে বরাদ্দ হয়েছিল ৭৫ লক্ষ টাকা, সংশোধনী বাজেটে আমরা দেখতে পাচ্ছি তাকে কেটে ২১ লক্ষ টাকায় দাঁড় করান হয়েছে। কৈফিয়ত দেওয়া হচ্ছে যে আশানুরূপ সমবায় সমিতি নাকি গঠিত হয় নি সেইজন্য সেই টাকা দেওয়া যায় নি। কিন্তু আমরা জানি যে বহু সমিতি রয়েছে যাদের এই টাকা পাবার অধিকার ছিল, তারা দরখাস্ত করেছিল কিন্তু তাদের সেই টাকা দেওয়া হয় নি। কারণ আমি জানি, এই যে টাকা, সত্যিকারের ছোট শিল্পের উন্নতির দিকে যদি তাঁর লক্ষ্য থাকতো, তাহলে সেই সমবায় সমিতিকে তিনি দিতেন। কিন্তু এই টাকা তিনি যাতে রেখেছেন রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে। তা যদি না হোত তাহলে বহু ছোট ছোট ব্যাপারীদের যে সুগঠিত সমিতি, তাকে অর্থ সাহায্য না দিয়ে তাদের বঞ্চিত করা হয়েছে তার বহু নজীর আছে। যখন কাট মোসান আলোচনা হবে তখন আমি এখানে দেখাবো। দরখাস্তকারীরা যদি নিজেদের তাঁবের লোক না হয়, বা যদি নিজেদের গোষ্ঠির লোক না হয় তাহলে দেখেছি যে সেই সমবায় সমিতিকে টাকা দেওয়া হয় না। সমগ্র পশ্চিম বাংলার ছোট ছোট শিল্পের উন্নতির জন্য মাত্র ৭৫ লক্ষ টাকা বরাদ্দ করা সত্ত্বেও সেই টাকা দেবার মত যদি ঐ ডিপার্টমেন্ট উপযুক্ত ক্ষেত্র বেছে নিতে না পারে ঐ কো-অপারেটিভ ডিপার্টমেন্ট ডাক্তার রায় যার ভরপ্রাপ্ত -সেই ডিপার্টমেন্ট তুলে দেওয়া হোক। অথচ দরাজ হাতে ডাক্তার রায় টাকা বরাদ্দ করেছেন, আমরা জানি সেই মানসপুত্রী তার যে কল্যাণী, সেই কল্যাণীতে স্পিনিং মিল করার জন্য। সেই স্পিনিং মিলএর জন্য আমরা জানি যে এক কোটি ৩৮ লক্ষ ২৫ হাজার টাকা বরাদ্দ করেছেন এবারকার বাজেটে। এবং প্ল্যানএর বরাদ্দ টাকা যা ছিল তার বাইরে ইতিমধ্যেই প্রায় ৩৬ লক্ষ টাকা অতিরিক্ত খরচ হয়েছে। সংশোধিত বাজেট অনুসারে ৫০ হাজার স্পিন্ডলযুক্ত একটা স্পিনিং মিল করা হবে এবং সেই স্পিনিং মিলএর জন্য যে মিল বসান হচ্ছে বলে আমাদের বলা হচ্ছে, সেখানে যে সুতা হবে তা তাঁতীদের নাকি সরবরাহ করা হবে। কিন্তু আমরা যতদূর খবর রাখি, সেখানে যে সুতা হবে তা নাকি ৮০ কাউন্ট অর্থাৎ ৮০ কাউন্টএর সুতা হবে, অত্যন্ত মিহি, অত্যন্ত ফাইন সুপার ফাইন হবে এবং জিজ্ঞাসা করতে পারি কি যে ৮০ কাউন্টএর যদি সুতা তৈরি করতে হয় তাহলে ইক্যুপমেন্ট কন্ট্রোল ছাড়া হয় না। এবং তার জন্য আমি জিজ্ঞাসা করতে পারি কি যে এই যে ৮০ কাউন্টস সুতো সেটা যদি তৈরি করতে হয়, সেটা ইম্পোরিয়াল কন্ট্রোল ছাড়া হয় না। বিদেশী মুদ্রা যে দুষ্প্রাপ্য তাতে কেন্দ্রীয় সরকার কি ইক্যুপমেন্ট আনবার অনুমতি তাঁদের দেবেন? তা ছাড়া মিল বসাবার জন্য কেবলমাত্র স্পিনিংএর জন্য ২৬ হাজার স্পিন্ডলযুক্ত একটি মিলএ যেটা ম্যাক্সিমাম একটা মিলএর পক্ষে, যা নাকি একমাত্র শ্রীহনুমান কটন মিলএ আছে - একটামাত্র মিলের জন্য ৫৩ একর জমি দখল করা হয়েছে, অর্থাৎ ১৩০ বিঘা জমি দখল করা হয়েছে, যেখানে ৫০ বিঘা জমিতে হতে পারে। তা ছাড়া এই স্টেট হোল্ডিং ত তাঁর মনোপলি নয়? প্রাইভেট সেকটারএ মিলে যেভাবে লাভজনক ব্যবসা হতে পারে তার বন্দোবস্ত হওয়া প্রয়োজন। সে দিক থেকে কোন টেকনিক্যাল অর্থনৈতিক পরামর্শ নেওয়া হয়েছে? কারণ আমরা জানি যে ভদ্রলোককে প্রজেক্ট অফিসার বলে নেওয়া হয়েছে সে ভদ্রলোকের বিশেষ কোন অভিজ্ঞতা নেই। বোম্বের সামান্য কি ডিপ্লোমা তিনি পেয়েছেন জানি না, তার সঙ্গে অন্য কোন যোগাযোগ আছে কিনা জানি না তার এমন কোন অভিজ্ঞতা নাই যা দ্বারা ৫০ হাজার স্পিন্ডলযুক্ত মিল চালাতে পারে। তার সেরকম গুণ বা দক্ষতা নাই। তা সত্ত্বেও আমরা দেখতে পাচ্ছি সেই জায়গা সেই মিল কিভাবে চলবে না চলবে তার কোন বন্দোবস্ত না করে আমরা দেখতে পাচ্ছি সেখানে কোটি কোটি টাকা দেওয়া হচ্ছে। স্টেট ট্রেডিংএর দিক

থেকে এ কথা ঠিক যে কথা আমার আগেকার বক্তা বলে গেছেন একটিমাত্র জায়গায় পশ্চিমবঙ্গ সরকার সাফল্যলাভ করেছে সেটি হল হরিণঘাটা ডেইরি ফার্ম, সেখানে আমরা জানি যে পরিকল্পনার কাজ হচ্ছে তাতে কলিকাতা শহরে খাঁটি দুধ পাওয়া যাচ্ছে। শুধু তাই না এই পরিকল্পনা অনুসারে বাংলাদেশের মধ্যবিত্ত সমাজের বহু মেয়েদের, যারা স্কুল কলেজে পড়ে, এর মারফত চাকরি দেওয়া হচ্ছে কিন্তু এতে যে লাভ হচ্ছে সেই লাভের উপর যেন অর্থমন্ত্রী, মুখ্যমন্ত্রীর শ্যেনদৃষ্টি না পড়ে এবং এ লাভের টাকা অন্য দপ্তরে নিয়ে না যাওয়া হয়। সেজন্য আজকে যে বাজেট করা হয়েছে তাতে বহু গলদ রয়েছে এবং বাজেটএর যে মূল নীতি সেই মূল নীতি থেকে তিনি সরে এসেছেন এবং এটা একটা দেওলিয়া বাজেট হয়েছে, বাংলাদেশের অর্থনৈতিক কাঠামোকে দৃঢ় করার জন্য যে পরিকল্পনা হওয়া উচিত ছিল তাহা হয় নি। এইভাবে পশ্চিমবঙ্গকে দেওলিয়া হয়ে যাওয়ার পথে দিনের পর দিন নিয়ে যচ্ছেন ঋণের বোঝা বাড়িয়ে এবং বাজেটে গলদ রেখে। ফলে আজকে সর্বনাশ হতে চলেছে। এবং বোধ হয় কেন্দ্রীয় সরকার যেমন করে চান যে বাংলাদেশের সর্বনাশ হোক, এ বাজেটের মধ্যে সত্যসত্যই অর্থমন্ত্রীর কোন পরিকল্পনা না থাকার ফলে ঋণের বোঝা বাড়াবার জন্য সত্যসত্যই তা ঘটবে। আজকে যে বাজেটে ঘাটতি আছে সেটা অন্যদিক থেকে সারপ্লাস বাজেট হিসাবে দেখাবার চেষ্টা করলেও বাজেটের যে গলদ সেটা সকলের সামনে ধরা পড়েছে। বাজেটের সাধারণ আলোচনার মাধ্যমে গলদ এবং ত্রুটিগুলি মোটামুটি তুলে ধরলাম, কাট মোসানএর সময় আরও বিশদভাবে আলোচনা করবো।

[4-30—4-40 p.m.]

8J. Nepal Chandra Roy:

মাননীয় স্পীকার মহোদয়, বাজেটে আমার বন্ধুবর্গ যে বলেছেন—অনেক ভুল, অনেক গোলমাল, আমি সে দিকে যাব না, তার কারণ হচ্ছে বাজেট পাশ করে কি লাভ হবে, ভাল করে বাজেট তৈরি করেও দেখা গেছে আলোচনার কালে ওঁরা সবাই একই কথা বলেন—সব লুটে-পুটে খাচ্ছে সরকারী কর্মচারীরা ও রাজনৈতিক দলের লোকেরা। এজন্য আমি কোন বড় আলোচনায় যাব না, খুব একটা ছোট ঘটনা আপনার সামনে পেশ করব যেটার সম্বন্ধে আমি আশা করি আমার বিরোধী দলের বন্ধুরাও আমাকে সমর্থন করবেন। সেটার একটা এনকোয়ারী হওয়া দরকার এবং আজকেই সে এনকোয়ারী হওয়া উচিত। সেখানে আমি গিয়েছিলাম গত ৫।২।৫৯ তারিখে সে স্থানটা হচ্ছে হেরোভাঙ্গা, আপনারা জানেন সুন্দরবনের হেরোভাঙ্গাতে ৩৩ লক্ষ টাকা খরচ করে গভর্নমেন্ট অফ ইন্ডিয়া থেকে রিফিউজি রিহ্যাবিলিটেশনের একটা বিরাট স্কীম করা হয়েছে আরো টাকা তাঁরা নাকি দেবেন, সে জায়গাটা কলকাতা থেকে ৬২ মাইল, তার মধ্যে ৩২ মাইল আমি নৌকায় গেছি। সেই ৩৩ লক্ষ টাকার স্কীমের মধ্যে প্রায় ২০ লক্ষ টাকাই চুরি। কি রকম ভাবে চুরি হয়েছে—কালীদা ওখানে আছেন, (জনৈক সদস্যঃ—কোন্ কালীদা?) আমাদের মাননীয় পুলিশ মন্ত্রী তাঁর ডিপার্টমেন্ট থেকে এনকোয়ারী করাবেন, স্যার, আমি সেইজন্য ৫।২।৫৯ তারিখে কলকাতা থেকে যখন হেরোভাঙ্গা যাই তার আগে রিফিউজি রিহ্যাবিলিটেশনকে একটা দরখাস্ত দিয়েছিলাম যে বর্তমানে সেখানে এমন গণ্ডগোল যে আমি সেখানে এনকোয়ারী করতে যাচ্ছি—যেন বর্তমান স্ট্যাটাসকো মেনটেইন্ড হয়, যেন আমি এনকোয়ারীতে যাবার সঙ্গে সঙ্গে যেন সব ওলট-পালট হয়ে না যায়, যেন সাক্ষীগুলি সরিয়ে দেওয়া না হয়। স্যার, আমি যেদিন গিয়ে পৌঁছলাম রাত্রি বেলায়, সঙ্গে সঙ্গে শুনলাম সেখানকার একজন ইম্পর্টান্ট লেককে ট্রান্সফার অর্ডার দেওয়া হয়েছে, এমন কি তাকে বিছানা বাঁধবার সময় পর্যন্ত দেওয়া হয় নি। আমি সমস্ত রাত্রি ধরে রিফিউজিদের মিট্ করেছি, রিফিউজিদের কাছ থেকে যা শুনেছি তার মধ্যে থেকে কতকগুলি বিষয় আপনার কাছে রাখছি। সরকারের এত বড় একটা পরিকল্পনা যার জন্য ৩৩ লক্ষ টাকা ব্যয় হবে গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার টাকা, আবার পশ্চিমবঙ্গ-সরকার থেকেও আরো কিছু টাকা সেখানে ব্যয় হচ্ছে; যেখানে এত টাকা খরচ করা হচ্ছে, সেখানকার প্ল্যানিং অফিসার এ এন রায়, যিনি একজন মেকানিকাল ইঞ্জিনীয়র, যাঁর কোন অভিজ্ঞতা নাই প্ল্যানিং সম্বন্ধে সেই লোক হলেন রিফিউজি রিহ্যাবিলিটেশনের ইনচার্জ। স্যার, আপনি আশ্চর্য হয়ে যাবেন ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্টের প্ল্যানিং ডিপার্টমেন্টের যে সমস্ত লোক স্টাফ আছে ঐ কন্ট্রাক্টর ৫০০ টাকা করে চার্জ নিয়ে খাওয়ার ও বিলাস-বাসনের বস্তু তাদের যোগাড় করে দেয়—তার জন্য

৫০০ টাকা নগত দেওয়া হয় মাসে মাসে। আমাদের এই প্ল্যানিং অফিসার যখন হেরোভাঙ্গা মাঝে মাঝে যান তার খরচ বাবদ ঠিকাদার মহাশয়, সেখানে একটা লঞ্চ কোম্পানী আছে দু' বছরের জন্য তাকে ভাড়া দেওয়া হয়েছে ১০ হাজার টাকা—তার উপর সেই লঞ্চ ক্যানিং থেকে হেরোভাঙ্গা গেলে, পার ট্রিপে আড়াই শ' টাকা করে নেন, সেখানে যাতায়াতের আর কিছু সুবিধা নেই বলে।

[At this stage the blue light was lit.]

Sir, important matter,

আমাকে বলতে দিন অনেক টাকা এর মধ্যে রয়েছে। আমাদের সরকারের নীতি হচ্ছে যে কোন কন্ট্রাক্ট সে যত টাকারই হোক তার জন্য টেন্ডার কল্ করা হয়। টেন্ডার কল্ না করে কাউকে দেওয়া হয় না, কিন্তু সেখানকার যে কোন কন্ট্রাক্টের কাজ আর কোন ঠিকাদার পায় না। আমাদের সরকারী নীতি এর বিরুদ্ধে। যে-কোন কাজের জন্য ওপেন টেন্ডার কল্ করা হয়। কিন্তু সেখানে এই নিয়মের বিরুদ্ধতা করে একমাত্র তাকেই দেওয়া হয়। তারপর সেখানে যে-সব রিফিউজি রয়েছে, যারা এবল বডি এবং কাজ করতে চায় তাদের কাজ দিতে হবে—যাতে তারা রোজগার করতে পারে। কিন্তু সেখানে ঐ যে ঠিকাদারকে বসিয়ে দেওয়া হয়েছে সেই ঠিকাদার মহাশয় করেন কি—না রিফিউজিদের মধ্যে গোলমাল লাগিয়ে দিয়ে বলেন, তোরা কাজ করিস না। সুন্দরবনে জঙ্গল, জঙ্গল কাটবার জন্য বলা হল, রিফিউজিদের পৌঁছবার আগে কাজ হয়েছে—আপনারা হয়ত খবরের কাগজে দেখেছেন যে, ২,৭৫০ একর জমির জঙ্গল পরিষ্কার হয়ে গেছে, কিন্তু আমি গিয়ে দেখলাম কেবল ২,১০০ একর জমির জঙ্গল কাটানো হয়েছে, তার মধ্যে মাত্র ২০০ একর রিফিউজিদের দিয়ে কাটানো হয়েছে, বাকি সবটা বাইরের লোক এনে কাটানো হয়, যে রেটে পার একর ১১০ টাকা। কিন্তু সেই ১১০ টাকার জায়গায় রিফিউজিদের দেওয়া হচ্ছে ৭২ টাকা। সেখানে অন্য নানা লোক দিয়ে উড়িয়া সর্দারদের দিয়ে কাজ করানো হয়েছে; বাঙালী রিফিউজি, তারা কাজ পায় না। ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্টের টাকা দিয়েছেন—গভর্নমেন্ট অফ ইন্ডিয়া টাকা দিয়েছেন রিফিউজি রিহ্যাবিলিটেশনের জন্য আর সেই ঠিকাদার সেই কাজের শতকরা ৮০ ভাগ কাজ করান নন-রিফিউজিদের দিয়ে। সেখানে রিফিউজিরা যে অবস্থায় আছে তাতে তাদের মাসিক ৮ টাকার বেশি রোজগার হয় না। আমি তাই সহৃদয় মন্ত্রী মহাশয়কে জানাই তিনি নিজে যেন সেখানে যান এবং যেয়ে যেন দেখেন ঐ ৮ টাকায় একজন মানুষ একবেলা করেও খেতে পারি কি না। স্যার, আপনি হয় ত ৮ টাকার পানই খেয়ে ফেলেন। (হাস্য) এটা সিরিয়াস ব্যাপার, রিফিউজিরা হায় হায় করে কাঁদছে, ওঁরা কি এই অবস্থায় বেঁচে থাকবে? আমি, স্যার, আস্তে আস্তে বলছি,—আপনি জানেন সেখানে নোনা জল। সেজন্য টিউব-ওয়েল করতে হয়। এক একটা টিউব-ওয়েলে খরচ করা হয়েছে ৫০০ টাকা করে। ৯টা টিউব-ওয়েল করেছে—অকেজো হয়ে পড়ে আছে। ৯টা টিউব-ওয়েল করতে ৪৫ হাজার টাকা খরচ করেছে—অথচ প্রত্যেকটি অকেজো হয়ে পড়ে আছে। সব ঐ একই কন্ট্রাক্টর করেছে। এসিয়াটিক কোম্পানি নামে ঐ কন্ট্রাক্টরের ফার্ম।

[At this stage the red light was lit.]

আমি মূল কথা আস্তে আস্তে বলব—আমাকে টাইম দিন, স্যার। ঐ কন্ট্রাক্টর সেখানে গিয়েই রিফিউজিদের কাছে যেয়ে বলে তোরা কাজ করবি কেন? তোরা ত সরকারের জামাই, মাল সরকারী কর্মচারীদের। যত ওয়েস্ট বেঙ্গলের সরকারী কর্মচারী ছিল রিফিউজিরা ধরে মারল অথচ প্ল্যানিং অফিসার সব চুপ করে হজম করে গেলেন। আমি তাই বলছি—কিভাবে কাজ করা হয়েছে একবার গিয়ে দেখে আসুন। সেখানে পুকুর কাটানো হয়েছে ৭টা বড় পুকুর। তার মাটি কাটানোর রেট এক হাজার কিউবিক ২৫ টাকা অথচ রিফিউজিদের দেওয়া হয়েছিল ১৫ টাকা, তারপর অনেক হৈহল্লার পরে ১৮ আর বাকি টাকা কন্ট্রাক্টর জমিয়ে রেখে দিয়েছে নিজে বা আমাদের কর্তা যিনি তার কাছে। শুনে আপনি সবচেয়ে অবাক হয়ে যাবেন ঐ যে বিরাট বিরাট পুকুর ৭টা তা ডিপ হয়েছে মাত্র ৬ ফুট, সব তার লোনা জল, কোন কাজে লাগে না। কর্তাকে জিজ্ঞাসা করলাম কেন এগুলি করেছেন? তিনি বল্লেন ঠিকাদার বসে থাকবে তাই কিছু কাজ করিয়ে নিলাম—মানে কন্ট্রাক্টরকে পুষিয়ে দিতে হবে,—

[4-40—4-50 p.m.]

তারপর, স্যার, জঙ্গল কাটার ব্যাপারে আমি বলছিলাম ৭০ টাকা রিফিউজিদের দেয়া হয়—১৯০ টাকা এক জায়গায় আগে রেট ছিল, এখন কমিয়ে ১১০ টাকা হয়েছে। তার মধ্যে কন্ট্রাক্টর মহাশয়ের সঙ্গে কন্ট্রাক্ট ছিল সরকারের যে দু'জন শিকারী রাখা হবে এবং সেজন্য গরীব রিফিউজিদের কাছ থেকে শিকারীর চার্জ বাবদ ২ টাকা করে কাটা হয়েছে এবং এই কন্ট্রাক্টরেরা বিল করেছেন গভর্নমেন্টের কাছে ১৮০ টাকা। দু'জন শিকারী বরাবর রাখা হয়েছে তারা বোধ হয় বন্দুক ফিটও করতে পারে না। আমি যেদিন গিয়েছিলাম তার ৩।৪ দিন আগে দু'টো রিফিউজি মেয়েছেলে গাছের তলায় ছিল, তাদের ঘাড়ে বাঘ লাফিয়ে এসেছিল, অবশ্য কেন অনিষ্ট করে নি (হাস্য) তারা পালিয়ে এসেছিল। এ সমস্ত ঘটনাগুলি ঘটছে। রিফিউজিরা খাল বাঁধছে, খালের উপর এমব্যাঙ্কমেন্ট করছে, ওখানে সমস্ত পোস্ট করছে—ওখানকার ওভারশিয়ার বলে দিচ্ছে, তাদের রেট হচ্ছে ৩৷৷০ টাকা কিন্তু তাদের বলা হচ্ছে তোমাদের ১৷৷০ টাকা রেট। এ সমস্ত ব্যাপারে এনকোয়ারী করা দরকার। এইভাবে সেখানে রিফিউজিদের অপ্রেস করা হচ্ছে, ফলে তারা সেখান থেকে ভয়ে পালিয়ে আসছে। ৬টা থ্যাচড্ হাট হয়েছে মাত্র ওখানে—জঙ্গল থেকে কাঠ এনে লাগানো হয়েছে, তার কস্ট বাবত ঠিকাদাররা বিল করেছে ৮ হাজার টাকা কিন্তু ম্যাকসিমাম্ এক হাজার টাকা লাগে। এই ভাবে লক্ষ লক্ষ টাকা নষ্ট করা হচ্ছে। আমি নিজে সেখানে গিয়েছিলাম, এগুলি সত্য ঘটনা। আর একটা মজা হচ্ছে এই যে লক্ষ লক্ষ টাকার কাজ হয়েছে তার কোন চেক্আপ নেই, মেজারমেন্ট নেই। আমি মন্ত্রী মহাশয়কে বলবো তিনি পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্টের চীফ ইঞ্জিনীয়ারকে ওখানে পাঠান সেগুলি দেখবার জন্য। আমি জানি এমব্যাঙ্কমেন্টগুলো ৭ ফুট হাইট, ৮ ফুট চওড়া এবং ৩২ ফুট নীচে হওয়া দরকার কিন্তু কোনটাই, স্যার, ৪ ফুটের উপর পাবেন না। মেজারমেন্ট ঠিক হয়ে গেছে অথচ রিফিউজিদের টাকা দেয়া হয় নি—তাদের বলা হয় একটা বর্ষা যাক্ তারপরে আবার হবে। কাজ ফিনিস্ হয়ে গেছে এক বছর আগে কিন্তু তাদের টাকা দেবে না। এরকম একটা জোচ্চোরকে ওখানে বসিয়ে রাখা হয়েছে। তার এগেনস্টএ ক্রিমিনাল প্রসিডিংস হওয়া দরকার, তার যত বিল পেন্ডিং আছে তা বাজেয়াপ্ত করা দরকার এবং তার এগেনস্টএ একটা এনকোয়ারী স্টার্ট করা দরকার এনফোর্সমেন্ট ডিপার্টমেন্টকে দিয়ে। আমি, স্যার, বিরোধী দলের বন্ধুদের বলবো তাঁরা আন্দোলন করেছিলেন যে বাঙ্গলার বাইরে রিফিউজিরা যাবে না, দণ্ডকারণ্যে যাবে না। আমিও বলি বাঙলাদেশে যদি রিফিউজিদের আকমডেশন হয় তাহলে আমরা নিশ্চয়ই তা করবো কিন্তু আমার কথা হচ্ছে যে বিশিষ্ট বিশিষ্ট নেতারা অর্থাৎ ইউ সি আর সি-র দু'জন সেক্রেটারী হেড়ে ভাঙ্গায় গিয়েছিলেন। তাঁদের চোখে কি এ সমস্ত জোচ্চুরি পড়ে নি, তাঁরা কি এ সমস্ত জিনিস দেখেন নি, রিফিউজিদের সঙ্গে তাঁরা কি কথা বলেন নি? তাঁরা নিশ্চয়ই কথা বলেছেন কিন্তু চেপে গেছেন। কেন চেপে গেছেন জানেন, স্যার? ঠিকাদার মহাশয় ওঁদের দলের লোক বলে। এই ঠিকাদার মহাশয়ের আরো কীর্তি আছে। এমনি নগত টাকা তো কখনও রিফিউজিদের দেয়া হয় না উপরন্তু ২৫।২৬ টাকা যখন চালের দর তখন তাদের কাছ থেকে ৩৬ টাকা করে নেয়া হয়েছে—চাল নেবে তো নাও, না নেবে তে শুকিয়ে মর। তারা কি করবে, স্যার, বলতে পারেন? ৬২ মাইল দূরে, কোলকাতা শহরের মন্ত্রীদের বা অ্যাডমিনিস্ট্রেশনের কোন লোকের সঙ্গে তাদের সম্পর্ক নেই, অসহায় অবস্থায় হাজারে হাজারে রিফিউজি পড়ে আছে এরকম করে—তারা কি করতে পারে বলতে পারেন? এই এ এন রায় মহাশয় ২৷৷ হাজার মণ চাল ১৯৫৮ সালের ফেব্রুয়ারিতে নিয়েছেন আমার এক বন্ধুর চালকল আছে তার কাছ থেকে ধারে, টেলিফোন করে বলছেন আমি দায়ী রইলাম, টাকা দিচ্ছেন না। সব সময় ডাইলেটরী ট্যাকটিকস্—টাকা দেবেন না। তারপরে মজা হচ্ছে এই ভদ্রলোক এ এন রায়, প্ল্যানিং অফিসার, তিনি সালাম্পুরে ১৫ লক্ষ টাকা নষ্ট করে এসেছেন, আবার ৩৩ লক্ষ টাকা নষ্ট করবার জন্য এসেছেন। তিনি দু'টো ট্রাকটার নিয়ে গেছেন সুন্দরবন এলাকায়। কি রকম ব্রেনী লোক দেখুন, স্যার, সেখানে ১৷৷ ফুট ২ ফুট মাটি তুলে ফেলবে, লবণ বেরিয়ে আসবে, তারপর ৩ বছর জমিতে আকাশের জল পড়বে, ঘাস জন্মাবে, পরে চাষ হবে। এই দু'টো ট্রাকটারের দাম ১ লক্ষ টাকার উপর এবং ট্রান্সপোর্ট চার্জ ৭ হাজার টাকা কন্ট্রাক্টর দিয়ে নিয়ে গেছেন। সেই ট্রাকটর আমি দেখে এসেছি, খোলা ময়দানে জং পড়ে নষ্ট হয়ে গেছে। এইভাবে সরকারের সোয়া লক্ষ টাকা সেখানে নষ্ট করা হচ্ছে। তারপর, স্যার, মাকে

মাঝে রসের কথা একটু বলতে হয়। ওখানে সুন্দর একটা ডাকবাংলো হয়েছে। রিফিউজিদের ক্যাম্প আছে সেখানে, বাঘের আতঙ্কায় ত্রিপল খাটিয়ে তারা রয়েছে—ত্রিপল অর্ধেক আছে, অর্ধেক নেই; তার মধ্যে সুন্দর ডাকবাংলো ইলেকট্রিক ফিটেড, ওয়েল ফার্নিসড; দেখলে মনে হয় কি সুন্দর মনোরম জায়গা। ইলেকট্রিক কিসের জন্য প্রয়োজন হয়, সার? যেখানে দেশের লোক খেতে পাচ্ছে না, সেখানে প্ল্যানিং অফিসারের ফুর্তি করার জন্য ডাইনামো নিয়ে যেতে হবে, বিল্ডিং করতে হবে কিসের জন্য? একটু লজ্জা হওয়া উচিত, এর প্রতিবিধান করা দরকার। এই সমস্ত অফিসারদের লিপ্ত করা উচিত। দেশ থেকে এদের তাড়িয়ে দেয়া উচিত; কারণ এরা দেশের শত্রু। আমরা অনেক কথা শুনি, আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা সব সময় বলেন তোমরা এই করেছো, তাই করেছো কিন্তু আমি এই ভদ্রলোকের নাম বলে দিতে পারি এসিয়াটিক কনস্ট্রাকশন কোম্পনীর মালিক হচ্ছেন এস মিত্র, ওঁদের সমর্থক, কিছু কিছু টাকা ওঁদের দিয়ে দেন। সবচেয়ে মজা হচ্ছে ইউ সি আর সি-র দুজন সেক্রেটারী অর্থাৎ আমাদের এই হাউসের একজন মেম্বার, আর একজন বাইরের লোক এবং স্বাধীনতার একটি রিপোর্টার হেড়ে ভাঙ্গাতে গিয়ে ৭ দিন ঐ কন্ট্রাক্টরের আস্তানায় ছিলেন এবং তাঁরা বলেছেন এই হেড়োভাঙ্গা স্কীম খুব ভাল স্কীম, সেখানে তাঁদের সব ঠিক করতে হবে, এ এন রায় জিন্দাবাদ করতে হবে কারণ চোরকে বাঁচিয়ে না রাখলে লক্ষ লক্ষ টাকা মারতে পারা যাবে না। এই জিনিস যদি আজকে আমাদের সরকার বরদাস্ত করেন তা হলে আমি বলবো সরকার দেউলিয়া হয়ে গেছেন। আজকে এখানে যাঁরা উপস্থিত আছেন তাঁদের কাছে আবেদন জানাচ্ছি যে যদি কোন পার্টির লোক এ জিনিস করে থাকে তা হলে তাঁরা যেন এর একটা ব্যবস্থা করেন। আমি এখানে ওপেন চ্যালেঞ্জ দিচ্ছি চলুন দেখিয়ে দেবো কি অবস্থা সেখানে সৃষ্টি হয়েছে। প্রাণকৃষ্ণবাবু, আমাদের অনারেবল মেম্বার শ্রীসমর মুখার্জি এবং স্বাধীনতার একজন রিপোর্টার ৭ দিন সেই আস্তানায় ছিলেন কি না এটা আমি জিজ্ঞাসা করি?

[4-50—5 p.m.]

আপনারা এনকুয়ারি করে দেখুন। আমি ওপেন এনকুয়িতে রাজী আছি। আমি পুলিশ মন্ত্রীকে শ্রীকালীপদ মুখার্জি মহাশয়কে বলছি যে, আজকে থেকে এনকুয়ারি স্টার্ট করুন। আমি কলকেই খবর পেয়েছি যে, ২,৭০০ একরের মধ্যে ২,০২১ একর জমির জঙ্গল কাটা হয়েছে। এই দুর্নীতি চলছে আজকে আমাদের বিভিন্ন দপ্তরে। এ সব বন্ধ না হলে আপনি শুনে অবাক হয়ে যাবেন রিফিউজি ডিপার্টমেন্ট থেকে কিরকম ব্যবস্থা করা হচ্ছে। রিফিউজিরা যেখানে কাজ চাচ্ছে সেখানে যদি তাঁদের মাসিক ৮ টাকা করে ইনকাম হয় তা হলে তারা কি করে থাকতে পারে? কি রকম টেকনিক দেখুন কাজ করবার জন্য তাদের উপযুক্ত ইম্পেটাস দেওয়া হচ্ছে না, এবং রিফিউজিরা আস্তে আস্তে কাজ চলিয়ে যায়। কার হুকুমে কোন্ আইনের বলে বাইরের লেবার আনা হয়েছে এবং কার হুকুমে কনট্রাক্টার অ্যাপয়েন্ট করা হয়েছে এবং তার হুকুমের বলে কনট্রাক্টর রিফিউজি লেবার না নিয়ে শতকরা ৮০ জন বাইরের লেবার নিয়েছে এই হাউসে তার কৈফিয়ৎ চাই—যদি এই কৈফিয়ৎ না দেওয়া হয় তা হলে আমরা অন্দোলন শুরু করব এবং আমরা এই অন্যায় বরদাস্ত করব না। আমি জানি রিফিউজিদের টাকা বিভিন্ন সমিতি, বিভিন্ন পলিটিক্যাল ইনস্টিটিউসন, বিভিন্ন লোক ও বিভিন্ন সরকারী কর্মচারীর মাধ্যমে শতকরা ৫০ ভাগ উড়ে গিয়েছে এবং তার জন্যই আজ পর্যন্ত বাংলাদেশে রিহ্যাবিলিটেশন হয় নি। একা মন্ত্রীর দোষ নয়, একা উপমন্ত্রীর দোষ নয়, সকলে আমরা করাপটেড হয়ে গিয়েছি। তাই আজকে দেশের এই দুরবস্থা। তাই তাঁদের শাস্তির ব্যবস্থা হোক। তা না হলে দেশে শান্তি থাকবে না। রিফিউজিদের সুন্দরবনে বাঘের মুখে ঠেলে দিয়ে আমরা চুপ করে থাকব তা নয়। আমি ব্যক্তিগতভাবে নিজে সেখানে গিয়ে দেখে এসেছি—আমি চোখের জল রাখতে পারি নি তাদের দুঃখদুর্দশা দেখে। তারা দিনের পর দিন শুকিয়ে মরছে। তাদের কোন ব্যবস্থা নাই। কেন সেখানে সরকারের তরফ থেকে চাল সাপ্লাই করা হবে না, ঠিকাদারদের মারফতে চাল দেবেন কেন? আমি আর সময় নষ্ট করব না। আমি মনে করি আমি যা বলেছি সে সম্বন্ধে এখন থেকে আজ থেকে এনফয়ারি শুরু করা হোক। আমি বিরোধী পক্ষের বন্ধুদের বলছি আপনারা আমার একথাটা হেসে উড়িয়ে দেবেন না। আমি যদি অন্যায় বলে থাকি আপনারা যে শাস্তি ও পানিশমেন্ট দেবেন আমি মাথা পেতে নেব। শ্রীজ্যোতি বসু মহাশয় ও শ্রীসুধীর রায় চৌধুরী এখানে উপস্থিত আছেন—তাঁরা নিজেরা যান, আমি মনে করি সরকার নিশ্চয়ই তাঁদের যাবার ব্যবস্থা

করে দেবেন। সেখানে গিয়ে রিফিউজিদের কথা শুনুন রিফিউজিরা কোন দলের নয়, তারা বাঁচতে চায়—তারা বাঁচবার জন্য আকুল প্রার্থনা জানাচ্ছে। এই বলেই আমি আপনাকে ধন্যবাদ জানাচ্ছি, স্যার।

Sj. Chitto Basu:

মিঃ স্পীকার, স্যার, আমাদের এখানে যে বাজেট পেশ করা হয়েছে—আমরা জানি অন্যান্য দেশে যখন বাজেট বক্তৃতা অর্থমন্ত্রী দেন তখন সারা দেশে একটা আলোড়নের সৃষ্টি হয়—বিভিন্ন স্তরের জনসাধারণ, ট্রেড ইউনিয়ন সংস্থা এবং বিভিন্ন প্রতিষ্ঠান সকলেই বাজেট সম্পর্কে তাঁদের মতামত প্রকাশ করে, কিন্তু আমরা দেখতে পাচ্ছি যে, বিগত এক সপ্তাহ ধরে এই বাজেট সম্পর্কে জনসাধারণের মনে কোন প্রতিক্রিয়া নাই, প্রতিক্রিয়া যা হয়েছে সেটা হল মামুলি ধরনের। একটা গতানুগতিক পন্থার উপর নির্ভর করে এই বাজেট প্রণয়ন করা হয়েছে। দেশের পরিবর্তিত অবস্থার সঙ্গে, বাস্তব অবস্থার সঙ্গে এই বাজেটের সামঞ্জস্য ও মিল নাই—এই বাজেটের মধ্যে এমন কোন প্রচেষ্টা নাই যাতে করে জনসাধারণের মনে আশা-আকাঙ্ক্ষার সৃষ্টি হতে পারে। মিঃ স্পীকার, স্যার, কংগ্রেস সদস্যরা, বিশেষ করে ধাড়া মহাশয় উল্লেখ করেছেন যে, এই বাজেট পরিকল্পনা ভিত্তি করে করা হয়েছে—আজকে এই কথা ঠিক যে, আমাদের দেশ দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার চতুর্থ বৎসরে পদার্পণ করেছে, প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনা সম্পন্ন হয়ে গিয়েছে—বর্তমানে দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনা চলছে—আমাদের দেশের অর্থনৈতিক মানোন্নয়নের জন্য পরিকল্পনার নিশ্চয়ই প্রয়োজন আছে। কিন্তু দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনা চতুর্থ বৎসরে পদার্পণ করলেও সেই পরিকল্পনার ত্রুটি বা তার মূলনীতি গ্রহণযোগ্য কি গ্রহণযোগ্য নয় সেটা বিবেচনা করার দরকার আছে এবং এই পরিকল্পনা কার্যকরী করার জন্য আমাদের দেশের জনসাধারণের উপর থেকে নিরন্তর যে ট্যাক্স আদায় করা হচ্ছে তার ফলাফল কি হয়েছে তাও বিবেচনা করার প্রয়োজন আছে। এই বাজেট বক্তৃতার মধ্যে দিয়ে সেই পরিকল্পনা সম্পর্কে অনেক বক্তব্য বলা হয়েছে। মিঃ স্পীকার, স্যার, আপনি দেখতে পাবেন রেভিনিউ অ্যাকাউন্টএ ১৯৫৬—১৯৬১ সাল পর্যন্ত গোটা দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় ৯১৪ কোটি টাকা ব্যয়বরাদ্দ আছে। কিন্তু আমরা দেখতে পাচ্ছি যে, আজ পর্যন্ত এই খাতে প্রচুর টাকা ব্যয় করা অসম্ভব হয়েছে। একটু লক্ষ্য করলেই আপনি দেখতে পাবেন যে, ১৯৫৬-৫৭ সালে ৫·৮৭ কোটি, ১৯৫৭-৫৮ সালে ৮·৪২ কোটি এবং ১৯৫৮-৫৯ সালে ১২·২১ কোটি, ১৯৫৯-৬০ সালে ১৫ ৮৩ কোটি, সর্বসাকুল্যে ৪২·৩৩ কোটি খরচ করার কথা রেভেনিউ অ্যাকাউন্ট থেকে বর্তমানে যেখানে মাত্র ৪২·৩৩ কোটি টাকা খরচ করা সম্ভব হয়েছে দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার চতুর্থ বৎসরে সে ক্ষেত্রে বাদবাকী কি করে সম্ভব হবে বুঝতে পারি না। আরেক দিক থেকে আলোচনা করলে দেখতে পাবেন সর্বসাকুল্যে যে ব্যয় করা হচ্ছে পরিকল্পনা খাতে তাতে আমরা দেখতে পাব, ১৯৫৬-৫৭ সালে ১৭·৯ কোটি, ১৯৫৭-৫৮ সালে ২০ ১৪ কোটি, ১৯৫৮-৫৯ সালে ২৯·২০ কোটি এবং এই ১৯৫৯-৬০ সালে ৩৪ ৯০ কোটি টাকা ব্যয় করবার জন্য বরাদ্দ ধরা হয়েছে। এই হিসাবে ধরে গেলে ১০১·৩৩ কোটি টাকা ব্যয় করা হচ্ছে অথবা করা হবে ১৯৬০ সাল পর্যন্ত। দামোদর বাদ দিয়ে যেখানে ১৪২ ৬ কোটি টাকা সেখানে ১০১ ৩৩ কোটি ব্যয় করেছে—যে ৪৭·৭৩ কোটি ব্যয় করবার কথা তিনি বলেছেন, মিঃ স্পীকার, স্যার, আমি কল্পনা করতে পারি না এই বৎসরের ভিতর এই বিরাট অঙ্কের টাকা খরচ করা সম্ভব। শুধু তাই নয়, এই প্ল্যান সম্পর্কে কংগ্রেস সদস্যরা বলেছেন এই বাজেট পরিকল্পনা ভিত্তিক—এই পরিকল্পনা সম্পর্কে দু'একটা কথা বলা দরকার। পশ্চিমবাংলার প্ল্যান সম্পর্কে যে বইটা দেওয়া হয়েছে

statement showing the progress of development schemes—Plan including Centrally-sponsored Schemes outside the State Plan and New Schemes and committed expenditure of the First Plan.

[5—5-10 p.m.]

কিন্তু সেখানে দেখতে পাচ্ছি গোটা প্ল্যানকে চারটি ভাগে নেওয়া হয়েছে এক্সপেন্ডিচারএর ক্ষেত্রে Centrally-sponsored Scheme outside the Plan, New State Schemes outside the Plan

রয়েছে। মিঃ স্পীকার, স্যার, ১৯৫৮-৫৯ সালে যেখানে প্ল্যান এক্সপেন্ডিচার ১৫·৮৫ কোটি এবার সেখানে বরাদ্দ হয়েছে ২১·১১ কোটি;

Centrally-sponsored Scheme outside the Plan

যেখানে ৪·৯৬ কোটি বরাদ্দ ছিল তাকে বাড়িয়ে ৬·৮২ কোটি হ'ল; সেখানে

new State Schemes outside the Plan

৩·২৩ কোটি ছিল সেটাকে বাড়িয়ে ৩·১৯ কোটি করা হ'ল;

committed expenditure for the First Plan

হ'ল ৬·৬ কোটি তাকে ৬·৭৫ কোটি করা হ'ল। একটা জিনিস এখানে বুঝতে পারি না একটি পরিকল্পনা ছিল আউটসাইড দি স্টেট প্ল্যান তাকে সেন্ট্রাল স্পনসোর্ড প্ল্যান করার কি প্রয়োজনীয়তা হয়েছে। আমি বলতে চাইনে এ সমস্ত পরিকল্পনার প্রয়োজনীয়তা নেই বা এগুলি গ্রহণযোগ্য নয়, এর দ্বারা কোন উপকার হবে না, বরং বলব এই পরিকল্পনাগুলি যদি গ্রহণযোগ্য হয়ে থাকে যদি এগুলি উন্নয়ন কার্যে প্রয়োজন হয় তা হলে এগুলিকে মূল প্ল্যানগুলির সঙ্গে সন্নিবিষ্ট করা হল না কেন? এ ছাড়া

new State Schemes outside the Plan

এর জন্যে একটা বিরাট অঙ্কের টাকা খরচ করা হয়েছে যার দ্বারা আমার মনে হয় যেখানে ২১ কোটি টাকা প্ল্যান এক্সপেন্ডিচার সেখানে প্ল্যান বাড়িয়ে খরচ হয়েছে প্রায় ১৬ কোটি টাকা। এ থেকে কি এই বলব যে ডাঃ রায় যিনি অর্থমন্ত্রী তাঁর মাথায় কতকগুলি পরিকল্পনা আছে সেই পরিকল্পনাগুলি যদি ওই মূল পরিকল্পনাগুলি গৃহীত না হয় তা হলে তার সেই প্ল্যানএ খরচা করবার জন্য ওই বহির্ভূত খরচ করা হয়েছে? কিছুকাল পূর্বে শুনতে পেয়েছিলাম যে পরিকল্পনা তৈরি করা হয়েছিল, প্রথমে তার যে স্কেলিটন করা হয়েছিল, প্রফেসার মহলানবিশ প্রথমে যে প্ল্যান তৈরি করেছিলেন তাতে ডাঃ রায় আপত্তি করেছিলেন। বিশেষ মনোপলিস্টদের স্বার্থ, কায়েমী স্বার্থের দিকে নজর রেখে, তাদের কোন ক্ষতি না হয়, তাদের মুনাফা যাতে ঠিক থাকে, কনট্রাক্টারদের কোন ক্ষতি না হয় সেজন্যে সেই খসড়া পরিকল্পনা বানচাল করবার জন্য এবং তাঁর নিজের পরিকল্পনা সফল করবার জন্যে তিনি আউটসাইড দি প্ল্যান কিছু কিছু প্ল্যান গ্রহণ করেছেন এবং এগুলি দিয়ে তিনি তাঁর ব্যক্তিগত স্বার্থ, দলীয়, উপদলীয় স্বার্থ বজায় রাখবেন। মিঃ স্পীকার, স্যার, শুধুমাত্র অর্থব্যয় করবার মধ্য দিয়ে আমরা একটা পরিকল্পনার সার্থক রূপায়ন চিন্তা করতে পারি না। একটি পরিকল্পনার সার্থক রূপায়ণের মাপকাঠি হল তার বাস্তব প্রতিফলন- আমাদের সামাজিক, সাংস্কৃতিক জীবনের উপর এবং অর্থনৈতিক জীবনের উপর তার বাস্তব প্রতিক্রিয়া কি হ'ল এই হ'ল পরিকল্পনার মূল্য নির্ধারণের মাপকাঠি। আমরা দেখতে পেলাম যে বই আপনারা প্রচার করেছেন তার পাতায় পাতায় যে সমস্ত বিভিন্ন প্ল্যানের কথা বলা হয়েছে তা আপনারা করতে পারছেন না। ব্যয় বরাদ্দ তাই যদিও করতে দেখা যায় আসলে জনসাধারণের জীবনের মান উন্নত করবার ব্যবস্থা সেখানে কিছু নেই যেমন ধরুন আমাদের কৃষককে যদি ন্যায্য দর দিতে হয় তাহলে হাউসিং-এর প্রয়োজনীয়তা আছে। ওই বইয়ের প্রতিটি পৃষ্ঠায় দেখবেন সেখানে বিরাট অঙ্ক নির্দিষ্ট হয়েছে কিন্তু গত চার বছরের মধ্যে শুধু জিয়াগঞ্জে একটি করা হয়েছে আর কোথাও করা সম্ভব হয় নি। আমাদের এখানে অয়েল সিডস-এর প্রয়োজনীয়তা আছে। সরষের তেল বাইরে থেকেই বেশি আনতে হয়, ফলে দামও অত্যন্ত বেশি পড়ে যায়। রিজিয়নাল অয়েল সিডস রিসার্চ স্টেশন-এর একটি পরিকল্পনা ছিল, ডঃ রায়-এর কি খেয়াল হ'ল সেটি বন্ধ করে দিলেন, অথচ আমরা শুনতে পেয়েছি কেন্দ্রীয় সরকার থেকে সেই খাতে সাহায্য করবার জন্যে বার বার তাগিদ করেছিল, সেটা বাতিল করা হ'ল। জুট ডেভেলপমেন্ট-এর ব্যাপারে জুট রিসার্চ ইনস্টিটিউট মারফৎ রিসার্চের কাজ হয়, সেখানে ডুপ্লিকেসান অব ফান্ডস করা হয়েছে, ডুপ্লিকেসান অফ এক্সপেন্ডিচার করা হয়েছে। ভূরি ভূরি উদাহরণ আছে যেখানে ন্যায়সঙ্গতভাবে খরচ হয় নি; প্ল্যান বহির্ভূতভাবে খরচ করা হয়েছে। সিফটিং অব ট্রাম ট্র্যাক-এর কাজ ট্রামওয়ে কোম্পানীর যে ডেভেলপমেন্ট ফান্ড আছে তা থেকে এটা করার কথা, রাজ্যসরকারের কি খেয়াল হ'ল এবার তাদের ১০ লক্ষ টাকা ধার দিলেন এবং এবারকার বাজেটে এক লক্ষ টাকা ধার বরাদ্দ করা হয়েছে ডালহৌসী স্কোয়ারের ভিতর দিয়ে ওই ট্রাম লাইন সিফটিংএর জন্য। ট্রাম কোম্পানী এদিকে যখন ভাড়া বৃদ্ধি করবার চেষ্টা

করছেন তখন ডাঃ রায় তাদের হাতে ঋণের টাকা তুলে দিলেন। আজকে এই রকম অবস্থার পরিবর্তন করা দরকার। এ বছরের আয়-ব্যয়ের হিসাব দেখলে দেখা যায় ঘাটতি ৩ কোটি ৬২ লক্ষ টাকা। এটা খুব বড় কথা নয়। মিঃ স্পীকার, স্যার, এই অনগ্রসর জাতির পক্ষে অর্থনৈতিক উন্নতি করতে হলে, কল্যাণকর কাজ করতে গেলে ঋণ গ্রহণ করতে হবে। ঋণ গ্রহণ বড় কথা নয়, কিন্তু ঋণলব্ধ অর্থ মারফৎ আমরা সত্যিকারের ভাল কাজ করতে পেরেছি কি না, পারছি কি না এইটেই সবচেয়ে বড় কথা। বাজেট দেখুন সেখানে ২০০ থেকে ২৫০ কোটি টাকা প্রতি বছর ব্যয় হচ্ছে, তার মধ্যে ১০০ কোটি টাকা ব্যয় হচ্ছে ঋণলব্ধ টাকা থেকে, কিন্তু সেই টাকা শোধ করবার এমন ব্যবস্থা নেই যাতে ঋণ সহজে শোধ করা যায়। স্বাভাবিকভাবে এই প্রশ্ন আসে আমাদের বাজেটের মৌলিক কাঠামোর মধ্যে এমন কিছু রদবদল আমরা করতে পারি কি না যাতে করে জনসাধারণের ঘাড়ে ট্যাক্সের বোঝা না চাপিয়ে অন্যভাবে আমরা আয় বাড়াতে পারি কি না। সেটা অবশ্যই সম্ভব, কিন্তু তা আমরা করতে যাই না; এবং তার ফলে বাংলাদেশের জনসাধারণের উপর ট্যাক্সের বোঝা যে কত ভাবে এসে পড়ে তা আমরা সংখ্যাতত্ত্বের ভিতর দিয়ে দেখাতে পারি। আমাদের এখানে পার ক্যাপিটা ইনকাম ট্যাক্স যখন ১১·৩, মাদ্রাজে তখন ৭·৬, যুক্ত প্রদেশে ৬·৬, অর্থাৎ গোটা ভারতবর্ষে মাথাপিছু ইনকাম ট্যাক্স যা পশ্চিমবাংলায় তার মধ্যে সবচেয়ে বেশি। কাজেই আমরা জনসাধারণের উপরে নতুন ট্যাক্স বসিয়ে আর আয় করা সম্ভব নয় একথা ডাঃ রায় নিজেও স্বীকার করেন। কিন্তু বেটিং ট্যাক্সএর হিসাব দেখলে দেখা যাবে ১৯৫২ সাল থেকে ১৯৫৯ সাল পর্যন্ত মাত্র ১ লক্ষ টাকার মত বৃদ্ধি পেয়েছে। এ্যামিউজমেন্ট ট্যাক্স যেটা বড়লোকের আমোদ-প্রমোদের ব্যয় থেকে আসে তার পরিমাণ যেখানে ছিল ১·৫ কোটি সেটা বড় জোর ১·৩০ কোটি হয়েছে। মিঃ স্পীকার, সার, এই বাজেট সমগ্র দিক থেকে বিচার করে আমি বলছি যে এর মধ্য দিয়ে বাংলাদেশে একটা বিরাট অনিশ্চিত অবস্থার সৃষ্টি হয়েছে। এই বাজেটের মধ্যে ডাঃ রায় বলেছেন প্রুনিং অব দি প্ল্যান হবে না। কিন্তু আমরা দেখছি তাহলে গোটা পরিকল্পনা রূপায়িত হবে কি না বা যা টাকা তাদের হাতে আছে তাও খরচ করা সম্ভব হবে কি না আরও অনিশ্চয়তা রয়েছে।

[5-10—5-30 p.m.]

ডাক্তার রায় বলেছেন হচ্ছে না। তা হলেও আমরা দেখতে পাচ্ছি গোটা পরিকল্পনা রূপায়িত হবে কি না এবং বরাদ্দের টাকা খরচ করা সম্ভব হবে কি না সে সম্পর্কে নিশ্চয়তা নেই। আর একটি কথা বলবো, সরকারের নিয়ন্ত্রণাধীনে যে সমস্ত প্রতিষ্ঠান আছে তাদের সুষ্ঠু পরিচালনা করে দেশের আয় বৃদ্ধি করবার কোন ব্যবস্থা নেই। ঋণলব্ধ অর্থের মাধ্যমে আমাদের সরকারের নিয়ন্ত্রণে ব্যবসা পরিচালনা করার জন্য যে ঋণ দরকার তারও কোন ব্যবস্থা নেই। কাজেই এই বাজেট আজকে অসন্তোষের সৃষ্টি করেছে। এই বাজেট জনস্বার্থ বিরোধী, অভিশপ্ত বাজেট এবং জনসাধারণই তার এই মত প্রকাশ করবে।

[At this stage the House was adjourned for 20 minutes]

[*After adjournment.*]

[5-30—5-40 p.m.]

Sj. Ganesh Ghose: Sir, there are no Ministers on the Treasury Benches.

Janab Maziruddin Ahmed: Mr Speaker, Sir.

অর্থ দপ্তরের ভারপ্রাপ্ত মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয় ১৯৫৯-৬০ সালের যে বাজেট এস্টিমেট উপস্থাপিত করেছেন সেজন্য তাঁকে আন্তরিক অভিনন্দন জানাই। বাজেট এবার ডেফিসিট নয়। বৎসরান্তে ২ কোটি ৭৬ লক্ষ টাকায় ক্লোজিং বালেন্স দেখান হয়েছে।

Mr. Speaker, Sir, Budget Estimate

বাস্তব নয়, ইহা অনুমানের উপর, এ্যাসাম্পসান-এর উপর ভিত্তি করেই তৈরী করা হয়। গত বৎসর যতদূর মনে পড়ে ২৭ লক্ষ টাকা ঘাটতি দেখান হয়েছিল। তার জন্য এই হাউস-এ বিরোধী বন্ধুগণ কিভাবে আনসিমপ্যাথেটিক সমালোচনা করেছিলেন এবং কঠোর ভাষা প্রয়োগ করে

বক্তৃতা দিয়েছিলেন তা মাননীয় সদস্যদের মনে আছে। কিন্তু রিভাইজড বাজেট-এ দেখা যায় গভর্নমেন্টের দক্ষ পরিচালনার জন্য সেল ট্যাক্স বিভাগে ও আরো কয়েকটি বিভাগে কিছু বেশি অর্থ সমাগম হওয়ায় ঐ ঘাটতি মোট গিয়ে ক্লোজিং ব্যালেন্স-এ দাঁড়িয়েছে ২ কোটি ২৮ লক্ষ টাকা। মুখ্যমন্ত্রী মহাশয় নতুন কোন করের প্রস্তাব করেন নি। আগামী সালে মার্কেট লোন-এ ৭ কোটি টাকা তুলবেন বলেছেন। এই টাকাটা বিশেষ করে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার কাজ করার জন্যই ব্যয় হবে। এই টাকা থেকে কৃষকদের ৫০ লক্ষ টাকা সার খরিদের জন্য; ৬০ লক্ষ টাকা রিলিফ পার্পাস-এর জন্য; ২৮ লক্ষ পশু ক্রয়ের জন্য লোন দেওয়া হবে; সেন্ট্রাল কো-অপরেটিভ ব্যাঙ্ককে ১৮ লক্ষ,

West Bengal Central Co-operative Land Mortgage Bank

কে ৮ লক্ষ টাকা লোন দেওয়া হবে। ৬০ লক্ষ টাকা

low income group housing scheme

এর জন্য দেওয়া হবে। ৩ কোটি ২৫ লক্ষ ডিসপ্লেসড পার্সনসএর রিহ্যাবিলিটেশনএর জন্য দেওয়া হবে। পাওয়ার লোন প্রতিশোধের জন্য ২৮ লক্ষ এবং মিউনিসিপ্যালিটিস ২০ লক্ষ, বাকী টাকা সি আই টি ইলেকট্রিসিটি বোর্ডকে দেওয়া হবে। এই ৭ কোটি টাকা জনসাধারণের নিকট হতে লোন নিয়ে ভিন্ন ভিন্ন উন্নতিমূলক কাজের জন্যই লোন দেওয়া হবে।

মিঃ স্পীকার, স্যার, আমরা দেখতে পাচ্ছি বছর বছর টোটাল বাজেটএর টাকা বেড়ে যাচ্ছে। আমরা আশা করতে পারি অদূর ভবিষ্যতে আমরা ১০০ কোটি টাকায় পৌঁছাতে পারবো। মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি এখন কিছু খাদ্য সমস্যা সম্বন্ধে বলবো। ১৯৫৮ সালে খাদ্যশস্যের যে দুরবস্থা ছিল তা বর্ণনা করা নিষ্প্রয়োজন। প্রাকৃতিক দুর্যোগে খাদ্যশস্যের ফলন অনেক কম হয়েছিল। খাদ্য নিয়ে এই হাউসএ মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয়কে কঠোর ভাষায় সমালোচনা করা হয়েছিল, বন্ধুবান্ধব তাঁকে অপমান করতেও কসুর করেন নাই।

আমর মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় প্রমখাত শুনেছিলাম যে এবার পশ্চিমবঙ্গে খাদ্যশস্যের যে অবস্থা ছিল তাতে শ্রী সেনের প্রচেষ্টা ব্যতীত পশ্চিমবঙ্গে দুর্ভিক্ষ রোধ করা যেত না। তিনি কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী শ্রী জৈনকে বুঝাইয়া খাদ্যশস্য সংগ্রহ করে সস্তাদরে জনসাধারণের নিকট সরবরাহ করে ছিলেন। খাদ্যশস্য সমাধানের জন্য পশ্চিমবঙ্গে এ্যান্টি প্রফিটিয়ারিং আইন পাশ হয়েছে, খাদ্যশস্যের মূল্য নিয়ন্ত্রিত হয়েছে। সারা ভারতের মধ্যে সর্বপ্রথম পশ্চিমবঙ্গে এই আইন চালু হয়েছে। এই আইনকে চালু করতে সরকার দৃঢ়সংকল্প, আমি আপনার মাধ্যমে এই হাউসের প্রতিটি মাননীয় সদস্যকে এবং হাউসের বাইরের প্রতিটি দেশবাসীকে তাহাদের আন্তরিক সহযোগিতার জন্য আহ্বান জানাই। মিঃ স্পীকার, স্যার, আপনার জানা আছে, ১৯৫৯ সালের ১লা জানুয়ারী থেকে এই আইন চালু হয় এবং চালু হবার সঙ্গে সঙ্গে বাজার হইতে চাউল উধাও হয়ে যায় এবং আবার আস্তে আস্তে বাজারে চাউল গম দেখা দেয় কিন্তু পুনরায় এই বাজেট অধিবেশনের পূর্ব দিন বাজারে চাউল নাই এবং সঙ্গে সঙ্গে ৩রা ফেব্রুয়ারি আপনার সামনে ১৫।১৬টি খাদ্য সম্পর্কীয় এ্যাডজোর্নমেন্ট মোসন উপস্থিত হয়। আমি এটাকে এ্যাকাসডেন্টাল চান্স কয়েন্সিডেন্স মনে করি। এ দুটোর মধ্যে কোন সম্বন্ধ বা যোগাযোগ আছে কি না তার বিচারের ভার মিঃ স্পীকার, স্যার, আপনার উপর ও মাননীয় সদস্যগণের উপর ছেড়ে দিলাম। আমি মনে করি রীতিমতভাবে এই আইন চালু করতে পারলে এবং কঠোর হস্তে মুনাফাবাজীদের দমন করতে পারলে খাদ্য সমস্যার অনেকটা সমাধান হবে। এই প্রসঙ্গে আমি মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয়কে বৎসরের শেষের দিকে ৩।৪ মাসের জন্য একটা রিজার্ভ স্টক গড়ে তোলার জন্য অনুরোধ করি। এবার দু'-একটি জিলা ব্যতীত সাধারণভাবে আবহাওয়া ভালই হয়েছে। ভালভাবে চালাতে পারলে খাদ্যাভাব হবে না বলেই মনে করি। এই এ্যাফেয়ারটাকে সামগ্রিকভাবেই গ্রহণ করতে হবে। মাঝে মাঝে হোলসেলাররা নিজ স্বার্থে গোলমাল করবেই।

মাননীয় স্পীকার মহোদয়, আমি এবার উত্তরবঙ্গ তথা আমার জিলা কুচবিহারের কথা কিছু বলবো। আমরা সকলেই জানি উত্তর বঙ্গ সমস্যাসঙ্কুল অঞ্চল। ইহা অনুন্নত এবং অবহেলিত

বললেই চলে, রাজধানী থেকে প্রায় ৫০০ মাইল দূরে অবস্থিত। এটাকে একটি ফুল ইউনিটএর মতই ডেভেলপ করা কর্তব্য; বাজেট প্রভিশন দেখে মনে হয় নর্থ বেঙ্গল ফ্লাড কন্ট্রোলএর জন্য কিছু বরাদ্দ ছাড়া বিশেষ কোন বড় প্রভিশন দেখা যায় না। বাজেটে রোডের প্রভিশন বাবত অনেক পথ তৈরির উল্লেখ আছে কিন্তু উত্তর বঙ্গ তন্মধ্যে সামান্যই দখল করতে পেরেছে। মাননীয় পূর্তমন্ত্রী মহাশয় আমাদের উত্তর বঙ্গের লোক, বোধ হয় তিনি অন্যের সেবায় নিজেকে নিয়োজিত করেছেন, তাঁকে আমি উত্তরবঙ্গের পথঘাটের উন্নতির দিকে দৃষ্টি দিবার জন্য অনুরোধ করি। কৃষিমন্ত্রী মহাশয় সেদিন এক প্রশ্নের উত্তরে বলেছিলেন, ক্যাটল পারচেস লোনএ ৩ একর হ'তে ১০ একর ভূমির মালিককে দেওয়া হয়, আমি তাঁকে অনুরোধ করি ৩ একরের পরিবর্তে উহা দু' একর করলে অনেক জমির কৃষক উপকৃত হইবে।

[5-40—5-50 p.m.]

কুচবিহারের শিক্ষার বিষয় আলোচনা করতে গেলে অনেক কিছুই বলতে হয়। শিক্ষামন্ত্রী মহাশয় কুচবিহারের এম ই স্কুলের শিক্ষকগণের চাকুরী স্থায়ী পেন্সনেবল ও ফিট ফর দি বেনিফিট অফ প্রভিডেন্ট ফান্ড করে দেওয়ায় আমরা জেলাবাসীর পক্ষ থেকে তাঁকে অভিনন্দন জানাই। কিন্তু কুচবিহারে প্রাইমারী শিক্ষা ও এম ই স্কুলগুলির শিক্ষা সম্বন্ধে রিঅরগানিজেশন এখনো হয়ে ওঠে নাই। শুনতে পাই এম ই স্কুলগুলি জুনিয়র হাই স্কুলে পরিণত হবে। এ সম্বন্ধে একটু ইতিহাস না বললে বিষয়টা বোঝা যাবে না। কুচবিহারে প্রায় শতাব্দীকাল ১২।১৪টি গভর্নমেন্ট মডেল স্কুল ইম্পর্টান্ট স্থানে ছিল। তুফানগঞ্জ, বলরামপুর, চিলাখানা, নাটাবাড়ি ও সদর মডেল, পুন্তিবাড়ি, দেওয়ানহাট গোপালপুর, সাহেবের হাট, মাথাভাঙ্গা, নিশিপুর, বড় মরিচা, মেকলিগঞ্জ, খড়খড়িয়া, ফতেমামুদ দেওয়ানগঞ্জ এই সমস্ত মডেল স্কুলগুলি পুরাকাল থেকেই স্টেট ইনস্টিটিউট হিসেবে পরিচালিত হয়ে আসছিল, তারপর কুচবিহার মার্জারের কয়েক বৎসর পূর্বে এই সব বিদ্যালয় ও অন্যান্য এম ই স্কুল এবং প্রতি মহকুমায় একটি করে গার্লস এম ই স্কুল ও কয়েকটি জুনিয়র মাদ্রাসা গভর্নমেন্ট ইনস্টিটিউট হিসেবে পরিচালনার ভার গভর্নমেন্ট গ্রহণ করেন। শিক্ষামন্ত্রী মহাশয়কে অনুরোধ করি প্রাচীন ভিলেজ মডেল স্কুলগুলি, যেগুলি বর্তমানে এম ই স্কুলে পরিণত হয়েছে এবং তুফানগঞ্জ, মাথাভাঙ্গা, মেকলিগঞ্জে যে গার্লস এম ই স্কুলগুলি আছে সে সবগুলিকে এবং সদরের সদর এম ই স্কুল এবং ইন্দিরা দেবী গার্লস স্কুলকে গভর্নমেন্ট ইনস্টিটিউট রূপে জুনিয়র হাই স্কুল করে রাখলে প্রাচীন স্কুলগুলির মর্যাদা রক্ষার জন্য ও নারীজাতির উন্নতির জন্য সরকার কুচবিহারবাসীদের ধন্যবাদার্হ হবেন। কুচবিহারের কোন স্কুল বোর্ড নাই। প্রাইমারী স্কুলগুলি যাতে ভালভাবে পরিচালিত হয় সেজন্য একটি প্রাইমারী স্কুল বোর্ড করা শীঘ্র দরকার। এবং স্কুল হবার পূর্বে অগোণে ডি সি-কে সভাপতি, ডি আই জি-কে সেক্রেটারী এবং এস ডি ও ও এম এল এ-দের মেম্বার করে একটি পরিচালক কমিটি করার ব্যবস্থা হওয়া উচিত। বিদ্যালয়গুলির ছাত্রসংখ্যা কম না হলেও সেগুলির সুষ্ঠু পরিচালনা দরকার। স্কুল বাড়ীগুলির অবস্থা এখনো শোচনীয় অর প্রাইমারী টিচারদের স্কেল সম্বন্ধেও বিবেচনা করা দরকার—

[At this stage the honourable member having reached his time limit resumed his seat.]

Procession of Refugees

Sj. Hemanta Kumar Basu:

স্পীকার মহাশয়, প্রায় এক হাজার উদ্বাস্তু একটা প্রসেশন করে এসেছে এ্যাসেমব্লীর কাছে, মুখ্যমন্ত্রীকে তাদের দাবী জানাবার জন্য। আপনি জানেন গত ক' মাস ধরে তারা আন্দোলন করে চলেছে—তাদের অনেক রকমের জোর-জুলুমের সম্মুখীন হতে হয়েছে; সরকার যত কিছু ঘোষণা করেছেন তা তাদের প্রতিনিধিদের সঙ্গে একত্র বসে আলোচনা করে করা হয় নাই। সেই-জন্য তারা এসেছে মুখ্যমন্ত্রীর কাছে তাদের দাবী পেশ করবার জন্য, ডাঃ রায় তাদের প্রতিনিধিদের সঙ্গে একবার দেখা করুন।

General Discussion of the Budget

Sj. Benarashi Prosad Jha:

स्पीकर महोदय, पश्चिम बंगाल के मुख्य मन्त्री डा० विधान चन्द्र राय जो वित्तीय विभाग के भी मंत्री हैं उन्होंने सन् १९५९-६० का आय-व्यय हाउस के सामने उपस्थित किया है। उसको मैंने बड़े ध्यान से सुना और पढ़ा है। पश्चिम बंग की आर्थिक अवस्था के संबंध में उन्होंने जो सुनहला चित्र अंकित किया है, वह किसी भावुक कवि या दार्शनिक की ही कल्पना हो सकती है। पश्चिम बंग विधान सभा के जितने सदस्य हैं चाहे वे जिस किसी राजनैतिक दल के क्यो न हों वे आर्थिक स्थिति की वास्तविक वस्तु स्थिति और यथार्थता से पूर्ण परिचित हैं।

वित्तीय मंत्री ने आकड़े देकर कई पदार्थों के उत्पादन में और निर्यात मे अभिवृद्धि दिखाने का प्रयास किया है। जिस देश में नागरिको को खाने के लिए अन्न, शरीर ढकने के लिए कपड़े और रहने के लिए स्थानाभाव है, वे इन आकड़ो की भूल भूलैया में आनेवाले नहीं हैं। इस सभा में बैठे हुए सदस्य उन निरीह और अभावग्रस्त नागरिकों के प्रतिनिधि है, चाहे वे किसी भी राजनैतिक दल के क्यो न हों। यह उनका दायित्व और कर्त्तव्य है कि वे वित्तीय विभाग के मंत्री से पूछे कि नागरिकों के रहन-सहन के स्तर मे क्या उन्नति हुई है? उनकी आय मे क्या वृद्धि हुई है? उनकी बेकारी की समस्या का हल कहां तक हुआ है? अगर वित्तीय मंत्री इन प्रश्नो का सन्तोषजनक उत्तर नही दे सकते तो फिर इन कागजी आंकड़ो का कोई मूल्य नही है।

विभिन्न विभागों से सरकार जो आय कर रही है वह तो स्पष्ट है, पर उनका व्यय और उपयोग उचित रूप से हो रहा है या नही, इसमे सभो को सन्देह है। वित्तीय मंत्री को विदित होना चाहिए कि पश्चिम बंगाल में सरकार की तरफ से सार्वजनिक क्षेत्रों में धन का जो विनियोग हो रहा है, उसमे कितना अपव्यय है, यह बात किसी से छिपी हुई नही है। बड़ी-बड़ी योजनाओ की जो बातें सुनायी जा रही है, उनसे किसी को आनन्द और सन्तोष नहीं हो सकता है। योजनाओ में जो व्यय हो रहा है उसके अनुकूल फल की उपलब्धि में सभों को सन्देह हो रहा है।

खाद्य समस्या के बारे में आय-व्यय मे बड़ी बड़ी बातें कही गई है। पर यदि वित्तीय मंत्री कलकत्ते से बाहर कुछ ही मीलो पर जाकर देखते तो उन्हे पता चलता कि आसनसोल के इलाके मे चावल का भाव कितना महंगा है। खाद्य पदार्थों के इस बढ़ते हुए दाम को देखकर इस अंचल के लोग घबड़ा रहे है। अगर वित्तीय मंत्री यह कहने का साहस करते है कि चावल का उत्पादन अधिक होने पर मूल्य स्वाभाविक रूप मे घट जाता है, यह तो अर्थ शास्त्र का एक साधारण नियम है। पर हमारे वित्तीय मंत्री औषधि और चिकित्सा के पारंगत विद्वान् है। इसलिए वित्तीय संबंधी जटिल समस्याओं पर उचित प्रकाश डालना उनके लिए संभव नही है। अगर मेरे इस प्रश्न के उत्तर में वित्तीय मंत्री यह कहने का साहस करें कि उत्पादन तो अधिक है पर व्यापारियों के अनुचित संग्रह और अनुचित लाभ की वृत्ति के कारण खाद्य पदार्थों के मूल्यों में अभिवृद्धि हो रही है, तो इस संबंध में मैं यह जानने की इच्छा प्रगट करूंगा कि नीति और नियम के विरुद्ध आचरण करनेवाले व्यापारियों की इस कुवृत्ति को रोकने का दायित्व किस पर है।

वित्तीय मंत्री ने अपने आय-व्यय में कहा है कि वे कोई नया कर नहीं बैठा रहे हैं पर मैं उनसे पूछना चाहता हूं कि अब तक जो कर बैठाये गये हैं वे ही इतने ज्यादा हैं कि उनके भार से यहां के नागरिक और व्यापारी दबे हुये हैं। सुनने में आता है कि मुख्य मंत्री जिनके कंधे पर वित्तीय विभाग का भी भार है, वे विद्यार्थियों के बड़े हितैषी एवं शुभचिन्तक हैं। मुझे तो बड़ा आश्चर्य होता है कि जब मैं देखता हूं कि भारत के कई राज्यों से पुस्तकों के ऊपर से विक्रय कर हटा दिया गया फिर पश्चिम बंगाल में आज भी लागू है। यह बात किसी से छिपी हुई नहीं है कि माता-पिता और अभिभावकों को स्कूल, कालेज और विश्वविद्यालयों में पढ़नेवाले विद्यार्थियों के पुस्तकों पर कितना व्यय करना पड़ता है। पुस्तकों का मूल्य प्रतिदिन बढ़ता जा रहा है और साथ ही उसके ऊपर विक्रय कर भी देना पड़ रहा है।

पश्चिम बंग के अन्तर्गत श्रमिकों तथा पढ़े लिखे नवयुवकों की बहुत बड़ी बेकारी की समस्या है। किसी भी राज्य के लिए यह शोभा की बात नही है कि उनके नागरिकों का जीवन निर्वाह का कोई साधन न हो। मै वित्तीय मंत्री से पूछना चाहता हूं कि वे यह बताने का कष्ट करें कि अपने आय-व्यय के अन्तर्गत उन्होंने इस जटिल समस्या को हल करने का कौन सा उपाय रखा है ?

वित्तीय मंत्री के आय-व्यय भाषण को आद्योपान्त सुनने और पढ़ने के बाद हमलोग इस निष्कर्ष पर पहुंचते है कि उन्हें भी चारों तरफ कठिनाइया ही कठिनाइया दिखाई पडती है। अब प्रश्न यह पैदा होता है कि इन कठिनाइयों का निवारण कैसे होगा ? आय के रूप में जो कुछ भी उपलब्ध होता है, उसको व्यय करने मे बड़ी सतर्कता और सावधानी की आवश्यकता है। पर सरकार की तरफ से जिस किसी विनियोग मे व्यय होता है वहां मितव्ययिता की बात तो दूर रही कई रूपों में नागरिकों के धन का दुरुपयोग होता है। जहां-जहां सरकारी कर्मचारी योजनाओ को कार्यान्वित करने के लिए नियुक्त है उन्हें अपने स्वार्थ का ध्यान सब से अधिक है। देश के कल्याण और मंगल की भावना को उन्होने ताखे पर रख दिया है। जब तक शुद्ध देश-प्रेम और सात्विक प्रवृत्ति से प्रेरित होकर काम करनेवाले कार्यकर्त्ताओं को सरकारी कार्यों में नियुक्ति नही होगी तब तक हमारी आशाएं फलवती न होंगी।

अभी गत जनवरी मास मे हुए नागपुर कांग्रेस अधिवेशन में कांग्रेस ने सहकारिता तथा सामूहिक खेती इत्यादि के बारे में लम्बा-लम्बा प्रस्ताव पास किया। परन्तु हमारे आदरणीय वित्त मंत्री डा० विधान चन्द्र राय ने अपने आय-व्यय मे इन विषयो के लिये कोई भी स्थान नही दिया है। सहकारिता साख समिति तथा सहकारी समितियो का नाम तो लिया जाता है किन्तु उनके द्वारा कार्य कुछ भी नही होता। देहातो में आज भी देखने मे आता है कि जब गरीब किसान एवं मजदूरों को कुछ कर्ज की आवश्यकता होती है तो जमीन तथा आभूषण को कड़े दर के ब्याज पर बंधक रखना पड़ता है। आज जो कार्य कांग्रेस के ठेकेदार राशन के दूकान इत्यादि का लाइशेन्स लेकर जो अनुचित ढंग से हजारों रुपये गरीब जनता से कमाते है क्या यह कार्य सहकारी समितियों के द्वारा सम्भव नही हो सकता है ? इस अवस्था में क्या किसान मजदूर जो कांग्रेस के पोषकों और दलालों द्वारा शोषित किये जाते हैं उनसे छुटकारा नहीं पा सकते है ? मैं डा० राय से अनुरोध करूंगा कि वे सहकारिता के नाम पर केवल हवाई घोड़ा न दौड़ायें, बल्कि कुछ ठोस कार्य करें जिससे पश्चिम बंगाल की गरीब जनता का वास्तविक रूप में भलाई हो सके।

स्पीकर महोदय, मैं एक श्रमिक नेता हूं और मैं वित्तीय मंत्री से यह जानना चाहूंगा कि उन्होंने अपने आय-व्यय में श्रमिकों की उन्नति, उत्कर्ष एवं कल्याण के लिए क्या योजना बनाई है ? वित्तीय मंत्री कांग्रेस के बड़े पुराने अनुयायी एवं समर्थक हैं। ऐसी परिस्थिति में यह स्पष्ट है कि महात्मा गांधी के सिद्धान्तों और उपदेशों का अनुकरण और अनुशरण करेंगे। क्या मुख्य मंत्री डा० राय को यह स्मरण है कि महात्माजी ने कहा था कि जब तक इस देश के अकिंचन और दरिद्र किसानों तथा मजदूरों को नहीं उठाओगे, आगे नहीं बढ़ाओगे तब तक इस देश का वास्तविक कल्याण नहीं हो सकता है। वित्तीय मंत्री से मैं यह आग्रह करूंगा कि वे सच्चे मन से प्रयास करें कि आज सरकार के अन्दर जितनी भी बुराइयां हैं उसका अन्त हो और ऐसे व्यक्ति को सरकारी स्थान देने का कष्ट न करें जिसके चरित्र में थोड़ा भी सन्देह हो। ऐसा करके वित्तीय मंत्री यश का भागी बन सकते हैं तथा देश के सामने एक आदर्श स्थापित कर सकते हैं।

पश्चिम बंग सरकार का बजट समाजवाद और पूंजीवाद का मिश्रण है। सिद्धान्त रूप से तो यह समाजवाद होने का दावा करता है परन्तु वस्तुतः यह पूंजीवादी है। वर्तमान स्थिति में धनी लोग और धनी होते जा रहे हैं गरीब लोग और अधिक गरीब होते जा रहे हैं। बेकार समस्या का समाधान आज ११ वर्ष के पश्चात् भी नहीं सुलझाया जा सका। चारों तरफ जनता में आतंक और विद्रोह की भावना बनी हुई है फिर भी सरकार जनप्रिय होने की दावा करती है। यह सब देखते हुए, वित्त मंत्री ने जो बजट हाउस के सामने उपस्थित किया है, उसका समर्थन करने में मैं अपने को असमर्थ पाता हूं।

[5-50—6 p.m.]

Sj. Haridas Dey:

माननीय स्पीकर महाशय, जो बाजेट उपस्थापित हुयेछे ता निये समालोचना खूब हयेछे। अनेके बाजेट समालोचना करते गिये बलेछेन यि, बाजेट परिकल्पनाशून्य एवं समस्त अपव्यय हच्छे। किन्तु एटा सुखेर कथा आज देखा याच्छे यि पर पर क' बछर परे एई बछरे बाजेट उद्वृत्त हयेछे। राजस्व खाते यि घाटति हयेछे सेखाने प्रधानमन्त्री आश्वास दियेछेन यि कोन रकम नतून कर धार्य करा हबे ना। आमादेर देशेर बर्तमाने गुरुतर खाद्य समस्यार कथा चिन्ता करे तिनि टाका बरान्द करेछेन। अनेके बलेछेन यि आमादेर खादो बछर बछर घाटति हये याच्छे। किन्तु देखा याच्छे यि बांलादेशे १९६५ साले ३२ लक्ष टन चाल हयेछिल, १९५२ साले ३४ लक्ष टन हय, १९५७ साले ४० लक्ष टन हयेछे। कृषि बिभागेर उन्नतिर जन्य तिनि टाका बराद्द करेछेन। आमरा देखछि देशेर यि अबस्था ताते यि समस्त परिकल्पना आमरा निच्छि तार कोन परिकल्पनाई सम्पूर्णभावे रूपायित हच्छे ना. एर कारण आमादेर खाद्याभाव। एई खाद्य भाव दूर करते हले यि यि जिनिसेर दरकार अर्थात् कृषिर उन्नतिर जन्य सेच, सार एवं बीज भालोभावे साप्लाई करा दरकार। सेचेर बिषय- मयूराक्षी, दामोदर, कंसाबती इत्यादि बड़ बड़ परिकल्पना नियेछेन, किन्तु येखाने बड परिकल्पना निते पारेन नि सेखाने छोट छोट परिकल्पना बा डिप टिउब-ओयेलेर ब्यबस्था करा हयेछे। आमि बलछि यि आमादेर नदीयाते कृषिर जलेर खूब अभाव, सेजन्य सेखाने डिप टिउब ओयेलेर ब्यबस्था करेछेन। डिप टिउब-ओयेलेर ब्यबस्था करे आमादेर नदीयाते १६ हाजार एकर जमिते जलसेचेर ब्यबस्था करेछेन। एखाने आमादेर फुलिया कलोनीते २०टा टिउब-ओयेल हयेछे, अन्यान्य जायगाय ५टा हयेछे एवं अरओ १६टा बसाबार ब्यबस्था करेछेन। किन्तु एई समस्त टिउब-ओयेल बसान हच्छे येखाने इलेकट्रिसिटिर सुबिधा आछे। इलेकट्रिसिटिर सुबिधा खूब कम जायगाय आछे— टाउनेर काछाकाछि सुबिधा आछे। अथच कृषिर जमि टाउन थेके खूब दूरे ग्रामेर अभ्यन्तरे अबस्थित। सेजन्य आमि अनुरोध करब एई बिद्युत् सरबराह याते ग्रामेर मधो हय एवं एई

টিউব-ওয়েল যাতে ব্যাপকভাবে নদীয়াতে বসান যায় সে বিষয়ে তার দৃষ্টি আকর্ষণ করছি। কারণ পশ্চিমবঙ্গে যেখানে প্রতিবর্গমাইলে ৮০৬ জন লোকের বাস নদীয়াতে সেখানে হাজার জন লোকের বাস। এর মধ্যে বেশিরভাগ কৃষিজীবি। আজকে কৃষির উন্নতির জন্য তাঁরা বীজ সরবরাহের ব্যবস্থা করেছেন এবং ১০০টা বীজ খামারের মধ্যে ৯৪টা প্রতিষ্ঠা করেছেন। সারের বিষয়ে আমি অনুরোধ করব যে তাঁরা যে সমস্ত সার দেন তার চেয়ে গ্রামীণ যে সার হয় সেটা এখন কমে গেছে। মাঝে বেশি পরিমাণে গ্রামে হত। কারণ কৃষিবিভাগ থেকে কম্পোস্ট সার করার জন্য টন প্রতি একটা সাবসিডি দিতেন এখন সেটা বন্ধ করে দেওয়াতে গ্রামের কৃষকরা সেই সার তৈরি করছেন না। এমন কি মিউনিসিপ্যালিটি থেকে যে কম্পোস্ট সার তৈরি হত এবং টন প্রতি ৮ আনা করে যে সাবসিডি দিতেন সেটা বন্ধ করে দিয়েছে। মিউনিসিপ্যালিটি থেকে যে সার বিক্রি করা হয় তার দাম বাড়িয়ে দেওয়াতে দরিদ্র কৃষকেরা সেই সার ব্যবহার করছে না। সেজন্য আমার অনুরোধ যে কৃষিবিজ্ঞান থেকে এই কম্পোস্ট সার করার জন্য যে সাবসিডি দেওয়া হোত সেটা যেন দেওয়ার ব্যবস্থা থাকে। তারপর দেশের আর্থিক অবস্থা ও বেকার সমস্যার সমাধান করতে হলে কুটির-শিল্পের প্রয়োজন। কুটিরশিল্পের জন্য তাঁরা ১২৬টা উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করেছেন এবং ৩ কোটি ৪৬ লক্ষ টাকা ধরেছেন। এই কুটিরশিল্পের মধ্যে হস্তচালিত তাঁতশিল্প একটা প্রধান অংশ গ্রহণ করেছে। বছরে আমাদের যে কাপড় লাগে তার ½ অংশ তাঁতশিল্প থেকে উৎপন্ন হয়। মন্ত্রী মহাশয় একদিন বলেছিলেন যে পশ্চিমবাংলায় তাঁতের সংখ্যা ১ লক্ষ ৩০ হাজার এবং তাতে নিযুক্ত কর্মীর সংখ্যা ৫ লক্ষ। কিন্তু এই তাঁতে যে সুতার দরকার হয় সেটা বছরে ৩ কোটি ২০ লক্ষ টন। এটা দুঃখের কথা যে ৮০ ভাগ সুতা আসে দক্ষিণ ভারত থেকে। সেজন্য পশ্চিম-বঙ্গ-সরকার যাতে আমাদের দেশে সুতা প্রস্তুত হতে পারে তার জন্য ২ লক্ষ নতুন টাকু বসিয়ে সুতা উৎপাদনের ব্যবস্থা করেছেন এবং শুনলাম যে সেটা কল্যাণী এবং গয়েশপুরে হবে। আমি বলব যে তাঁতের সংখ্যা আমাদের শান্তিপুরে ২২ হাজার ১২ হাজার মিহি সুতা এবং ১০ হাজার মোটা সুতার তাঁত আছে। এখানকার তন্তুশিল্পীদের রক্ষা করতে হলে এবং তাঁতবস্ত্রের চাহিদা অধিক করতে হলে আমাদের শান্তিপুর এলাকায় একটা স্পিনিং মিল যাতে হয় সেদিকে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[6—6-10 p.m.]

অনেকে বলেছেন যে এই সমস্ত খরচ হয় বাজেটে তা সমস্ত অপব্যয় হয়। আমাদের শ্রদ্ধেয় সুধীরবাবু হরিণঘাটার দুধের কথা বলেছেন যে, হরিণঘাটার দুধ হালসীবাগানে গভর্নমেন্ট স্টোরএ গাড়ী দাঁড়িয়ে থাকে, সেই দুধ হরিণঘাটায় যায়, সেখান থেকে কলকাতায় আসে। আমি জানি তা নয়, গভর্নমেন্টএর স্কিমড মিল্ক কলকাতায় যা বিক্রি হয় তা আলাদাভাবে লিখে দেওয়া হয় এবং যে মিল্ক পাউডার দেওয়া হয় তা মফঃস্বলে মডিফায়েড দোকানের মারফত দেওয়া হয়। তিনি যে বলেছেন গরুর দুধের সঙ্গে মিল্ক পাউডার মিশিয়ে সরকার বিক্রি করছেন সেটা ঠিক নয়। এটা তাঁর ভ্রান্ত ধারণা। এন ই এস ব্লকের কথা অনেকে তুলেছেন যে সেখানে কিছু হয় না। আমি সামান্য এ বিষয়ে বলব। শান্তিপুরে এন ই ব্লকে ১৯৫৮ সালের ডিসেম্বরে যে কোয়ার্টার শেষ হয়ে গিয়েছে সেই কোয়ার্টারএ বিভিন্ন প্রকারের বীজ এই এন ই এস ব্লক থেকে দেওয়া হয়েছিল তার পরিমাণ হচ্ছে ৫ হাজার ৩৫ মণ। এর মধ্যে ধান ৫১৩ মণ এবং পাট ছিল ৪৭০ মণ। এবং কেমিক্যাল ফারটিলাইজার বিতরণ করা হয়েছিল ৯,৩৯৪ মণ। শুধু তাই নয় ইরিগেশনএ গত বছরে ফুলিয়া প্রজেক্ট থেকে ২৬০ একর জমিতে জলসেচের ব্যবস্থা করা হয়েছে। তার মধ্যে ট্যাঙ্ক মারফৎ হয়েছে ১০ একর এবং টিউব-ওয়েলএর মারফৎ হয়েছে ২৫০ একর। এখানে সোস্যাল এডুকেশনএর সেন্টার আছে ২২৬টা যাতে বয়স্ক ব্যক্তিদের শিক্ষা দেওয়া হয়। এই ৮ বছরে সেখানে রাস্তা হয়েছে ২০ মাইল, এবং পুরাতন রাস্তার সংস্কার হয়েছে ১৬½ মাইল। তা বাদে নতুন কালভার্ট হয়েছে ৩৫টা। অনেকে বেকার সমস্যার কথা বলেছেন—আমাদের সামান্য ফুলিয়াতে আমরা দেখেছি যে—

Number of persons provided with additional part time employment in hand loom weaving cottage industry.

৪ হাজার ২৫০ জন। এবং কটেজ ইন্ডাস্ট্রি প্রভৃতিতে ২ হাজার ৮৬০ জন। স্মল স্কেল ইন্ডাস্ট্রিতে ১,২৬৫ জন। এই মোট ৮ হাজার ৩৭৫ জনকে পার্ট টাইম এমপ্লয়মেন্ট দেওয়া হয়েছে। এবং

additional full time employment in handloom weaving

৩ হাজার ৬১৫ জন। ১২টা অম্বর চরখা কেন্দ্রে ৬৩২ জন। কটেজ ইন্ডাস্ট্রিতে ১,৪৩৮ জন এবং স্মল স্কেল ইন্ডাস্ট্রিতে ১,৩৮৫ জন। মোট ৭ হাজার ১০ জন এমপ্লয়মেন্ট পেয়েছে। এবং এটাও সুখের কথা জনসাধারণের মধ্যে জাগরণ এসেছে। কারণ এই ফুলিয়াতে জনসাধারণের যা দেয় ক্যাস এবং কাইন্ডএ তাঁরা দিয়েছেন যেমন এগ্রিকালচারএ ৫ হাজার ৫৩৭ টাকা, ইরিগেশনএ ১৭ হাজার ৫২৫ টাকা, রিক্লেমেশনএ ১৪ হাজার ৩৭৫ টাকা, হেলথ এান্ড স্যানিটারিতে ২৮ হাজার ২৬৪ টাকা, এডুকেশনএ ৩৬ হাজার ৪১৩ টাকা, সোসাল এডুকেশনএ ৩৬ হাজার ৩৮৪ টাকা এবং কমিউনিকেশনএ দিয়েছেন ৫২ হাজার ৪৩২ টাকা মোট ১ লক্ষ ৯০ হাজার ৯৩০ টাকা গ্রামবাসীরা দিয়েছে। অতএব গ্রামবাসীরা এই সুযোগ নিচ্ছে। আমি সেই জন্য বলতে চাই যে মন্ত্রী মহাশয় যে বাজেট এনেছেন তা জনকল্যাণমূলক বাজেট বলে তাকে আমি ধন্যবাদ জানাচ্ছি।

[6—6-10 p.m.]

Sj. Somnath Lahiri:

স্পীকার মহোদয় আমাদের মন্ত্রী থেকে আমলা পর্যন্ত সব মিলিয়ে প্রত্যক্ষ প্রশাসনিক খরচা, মানে ডাইরেক্ট এ্যাডমিনিস্ট্রেটিভ এক্সপেন্সেস, ১৯৫৮-৫৯ সালে রিভাইজড এস্টিমেট অনুসারে ২০ কোটি টাকা, অর্থাৎ মোট রেভিনিউ এক্সপেন্ডিচারএর ২৫ পারসেন্ট। এর সঙ্গে ডেট সার্ভিসেস, যা ডেভেলাপমেন্ট খাতে ফেলা যায় না বা প্রডাকসন এক্সপেন্সেসএও ধরা যায় না, তা যদি যোগ করা হয় তাহলে এটা হবে রেভিনিউ এক্সপেন্ডিচারএর ৩০ পারসেন্ট। খরচের এই প্রবণতা অর্থাৎ এ্যাডমিনিস্ট্রেশন এক্সপেন্সেস এই রেভিনিউ এক্সপেন্ডিচারএর ৩০ পারসেন্ট খরচ করে দেওয়া খুবই মারাত্মক।

কিন্তু এত খরচ করে আমরা কি রকম এ্যাডমিনিস্ট্রেশনটা পাচ্ছি সেটা একটু বলি। মন্ত্রী থেকে আমলা পর্যন্ত সবাই মিলে কিভাবে কাজ করছেন তার একটু নমুনা, স্যাম্পল সার্ভে করা দরকার।

সেকেন্ড প্ল্যানএর রিপোর্টএ আপনি জানেন বলা আছে এ্যাডমিনিস্ট্রেটিভ মেসিনারিকে কাজ করতে হবে

with efficiency, integrity and a sense of urgency and concern for the people.

এখন এই যে ক্রাইটেরিয়া (এর থেকে আরও ভাল ভাল ক্রাইটেরিয়া ছিল ড্রাফট প্ল্যানএ) সেই অনুসারে আমি আপনার সামনে কয়েকটা ছোট ছোট নজীর উপস্থিত করব যা আমার ক্ষুদ্র অভিজ্ঞতা থেকে এসেছে—কোন খবরের কাগজের লোমহর্ষণ বিবরণ থেকে নয়।

এই বছরের গত মাসে ৭ই জানুয়ারি তারিখে হঠাৎ আমাদের খাদ্যমন্ত্রী শ্রীপ্রফুল্লচন্দ্র সেন মহাশয়, একটা সার্কুলার লেটার পাঠালেন সমস্ত এম এল এ-দের কাছে। আমি একটু অবাক হলাম যে এম এল এদের সঙ্গে সহযোগিতার প্রস্তাব প্রফুল্লবাবুর মত লোক হঠাৎ করে বসলেন, কি তাঁর মতিভ্রম হ'ল? যাই হউক ৭ই জানুয়ারির চিঠিটা ১২ই জানুয়ারি আমার বাসায় পৌঁছাল যদিও প্রফুল্লবাবুর অফিস থেকে আমার বাসার দূরত্ব ১ মাইল মাত্র। পাঁচদিনে এক মাইল পথ পরিভ্রমণ করে আমাদের ফুড মিনিস্টারএর চিঠি জানালেন যে আমাদের এলাকার অবস্থা কি এবং সে সম্বন্ধে আমরা সাজেসন দিলে তিনি খুব সুখী হবেন, একটু খোঁজ করে জানাবেন। আমি তাঁকে সাজেসান পাঠিয়ে দিই এক দু-দিনের মধ্যে। আশা ছিল যে সাজেসান অনুসারে অন্তত কিছু কাজ হবে। আমাদের এলাকায়—তখন তাঁরা ১৮ টাকা দরে র‍্যাশন দেওয়া র‍্যাশন সপ থেকে চালু করেছেন কিন্তু তা বাদ দিয়ে রিটেল সপ থেকে কোন চাল পাওয়া যাচ্ছিল না। রিটেল সপ কিপার্সরা আমাদের কাছে অভিযোগ করেছিলেন যে কন্ট্রোলড রেটে কোন মিল থেকে বা আড়ত থেকে চাল পাওয়া যায় না, কিন্তু তাদের কাছে দালালরা আসে তারা বলে যদি কন্ট্রোলড রেট থেকে এক টাকা দু-টাকা বেশি দিতে রাজি থাকেন তাহলে রিটেলারদের

তারা সাপ্লাই করতে প্রস্তুত আছে। খুব লার্জ স্কেলএ এই খবর পেয়ে আমি প্রফুল্লবাবুকে সাজেসানএর মধ্যে লিখি যে আপনি জনসাধারণের সঙ্গে সহযোগিতা করে যদি এনফোর্সমেন্ট ব্রাঞ্চ থেকে কিছু ডিকয় মত পাঠান, অর্থাৎ যারা ঐরকম দালালদের অফার করবে এক টাকা বা দুই টাকা বেশি রেটে চাল কিনবার জন্য তাহলে অনায়াসে এই সমস্ত অসাধু আড়তদার বা মিল মালিককে একদিনের মধ্যে ধরে ফেলা সম্ভব। আপনি যখন বলেছেন যে মিল থেকে চাল সরবরাহ হচ্ছে না তখন আমি আশা করি যে সেটা পরখ করবার জন্যে এই সহজ এবং সামান্য উপায়টা আপনি গ্রহণ করবেন।

[6-10—6-20 p.m.]

তারপর প্রশাসনিক তৎপরতার নমুনা দেখলাম। পাঁচ দিন পরে একটা চিঠি এল। প্রফুল্লবাবু সাইক্লোস্টাইল কপিতে সই করে উঠতে পারেন নি, তার পারসোনাল এ্যাসিস্টেন্ট চিঠি পাঠালেন আপনার চিঠি পাওয়া গিয়েছে—ইট ইজ বিইং এ্যাটেন্ডেড টু। এটা ১৯এ জানুয়ারির খবর, তারপর আজ পর্যন্ত কি ফল হয়েছে তা জানি না। বাইরে থেকে যা দেখেছি তার একটা প্রশাসনিক নমুনা দিলাম। তার মানে প্রফুল্লবাবু যা বলেন তাতে সিন্সিয়ারিটি মোটেই নেই। যদি সত্যিসত্যিই চালের ব্যাপারে কোন সুরাহা করতে হয় তাহলে এই সমস্ত কেনাবেচা, দালালী চুরি জোচ্চুরি বন্ধ করতে হবে। মিলমালিকদের, আড়তদারদের শাসন করতে হবে। কিন্তু তিনি সত্যিসত্যি তা চান না এবং সেজন্যে কোন স্টেপ নেবেন না। এইসব থেকে বুঝা যায় এদের

sense of urgency and concern for the people

কতখানি আছে। ছোট্ট একটা নমুনা এর দিলাম। একজন এম এল এ একটা চিঠি দিলেন তার জবাব দেওয়া হল বা না হল কি জবাব গেল এজন্যে কোন মাথাব্যথা নেই। এই হচ্ছে এখানকার প্রশাসনিক ব্যবস্থার চেহারা।

গতবারে যে ট্রাম স্ট্রাইক হল তার মাস খানিক আগের ঘটনা বলছি। ট্রাম স্ট্রাইকের তখন নোটিস পড়ে গেছে ; স্বয়ং মুখ্যমন্ত্রী মহাশয় আমাদের ডেকে পাঠালেন আলোচনা করতে। তাঁর আশা ছিল এইভাবে আলোচনার ফলে একটা নিষ্পত্তি করা সম্ভব হবে। আলোচনা চলল, কিছুদূর অগ্রসর হওয়া গেল, তারপর মুখ্যমন্ত্রী মহাশয় বললেন আমাকে একটা জরুরি কাজে পাটনায় যেতে হবে, তিন-চারদিন পরে ফিরব, এসে আবার মীমাংসার চেষ্টা করব। তার মনে আশাছিল যে ট্রাম স্ট্রাইকের দরকার হবে না এবং আমরাও আশা করেছিলাম যে সত্যিই একটা মীমাংসায় পৌঁছান সম্ভব হবে। কিন্তু মুখ্যমন্ত্রী ফিরবার দুই দিন আগে আমাদের সরকারের লেবার ডিপার্টমেন্টের যিনি সেক্রেটারী সাম ব্যানার্জি—যাঁর পরিচালনায় এই লেবার ডিপার্টমেন্ট চলে—তিনি মুখ্যমন্ত্রীর পিছনে অর্ডার জারী করে দিলেন যে এই বিরোধের দু-তিনটি বিষয় ট্রাইব্যুনালে পাঠান হল এবং ট্রাইব্যুনালে গেলে সেই সমস্ত বিষয়ে স্ট্রাইক ইল্লিগ্যাল হবে। অর্থাৎ মুখ্যমন্ত্রী স্বয়ং যখন স্ট্রাইকের ব্যাপারে একটা সেটলমেন্টএ পৌঁছানর জন্যে সকল প্রতিনিধিদের সঙ্গে আলোচনার জন্য অপেক্ষা করে আছেন তখন তাঁর পিছনে এই অর্ডার জারী করা হল।

এ্যাডমিনিস্ট্রেটিভ এফিসিয়েন্সির এমন চমৎকার নমুনা আর নেই। বিলাতী মালিকদের সঙ্গে এত দহরমমহরম যে [illegible] হাতে ব্যাপারটা তুলে দিয়ে এই মালিকদের সন্তুষ্ট করবার চেষ্টা করলেন। তাই বলছি প্রশাসনিক ব্যবস্থার যে স্টীল ফ্রেম সেটা দেশের লোকের স্বার্থের বেলায় নিষ্ক্রিয় হলেও বিলাতী মালিকদের স্বার্থে ভেস্টেড ইন্টারেস্টের স্বার্থে অত্যন্ত সজাগ হয়ে উঠেন। মুখ্যমন্ত্রী ফিরে এলে তাঁকে টেলিফোনে আমি জিজ্ঞাসা করলাম আপোষ আলোচনার জন্যে আপনি যে তারিখ দিয়ে গেলেন, ব্যাপারটার হল কি ইতিমধ্যে তো তাকে ট্রাইবুনালে পাঠান হল? তিনি বললেন—ও'রা যে আমাকে বলছে তোমরা ট্রাইবিউনালে যেতে রাজি আছ, তাই অর্ডার দিয়েছে। অথচ এরকম কথা ইউনিয়ন থেকে কখনই বলা হয় নি, সবাই মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনার জন্যে অপেক্ষা করছিল। অর্থাৎ মুখ্যমন্ত্রীকে যা বোঝানো হয়েছে তা হল

a piece of unmitigated falsehood.

এইভাবে মুখ্যমন্ত্রীকে জয়েন্ট সেক্রেটারী, এ্যাসিস্টেন্ট সেক্রেটারী ইত্যাদি ভুল বুঝালেন আর বিলাতী ষ্টীম কোম্পানির স্বার্থরক্ষায় এগিয়ে এলেন। এই হচ্ছে এখানকার প্রশাসনিক ব্যবস্থার নমুনা। তারপর আর একটি উদাহরণ দিচ্ছি, তাতে বুঝবেন যে কতখানি প্রকাশ্যভাবে এবং নির্লজ্জভাবে এই সমগ্র এ্যাডমিনিস্ট্রেটরএর মাধ্যমে মন্ত্রী থেকে শুরু করে এ্যাডমিনিস্ট্রেটর পর্যন্ত পার্টিবাজী করেন এবং কম্যুনিস্ট পার্টি এবং অন্যান্য পার্টিগুলিকে কিভাবে দাবিয়ে রাখা যায় তার চেষ্টা করেন। এদের লাজলজ্জারও কোন বালাই নেই।

Assistant Labour Commissioner

একটা চিঠি লিখছেন

to the Secretary, Motor Transport Workers' Union,

বিষয় হচ্ছে

dismissal of Ramdhari Singh of Messrs. Naib Singh & Bura Singh

চিঠিতে নিবেদন যে ঐ ডিসমিসাল সম্বন্ধে তাঁরা কিছু এনকোয়ারি করছেন এবং এনকোয়ারির পয়েন্ট হল—

please furnish this office immediately with the following information:

1. The nature of business of the Company.
2. The number of workmen employed by them.
3. Party affiliation of the Union.

অর্থাৎ

party affiliation of the Union

জানতে চাইলেন। একটা লোক ডিসমিসড সে সম্পর্কে এনকোয়ারি হবে, লেবার কমিশনারএর দপ্তরে কনসিলিয়েসান হবে, তা নয় ইউনিয়নএর পার্টি এ্যাফিলিয়েশন কি সেই খবরটি আগে জানা দরকার। আমার কাছে অরিজিনাল চিঠি আছে, লেবার মিনিস্টার লিখে নিতে পারেন, No. G/2099L.C., dated Calcutta, 12th May 1958.

তাই বলছিলাম এদের কোন লাজলজ্জার বালাই নেই।

party affiliation of the Union

জানতে হবে, সেটা যদি এ, আই টি ইউ সির এ্যাফিলিয়েট হয় তাহলে ব্যাপারটা বস্তা চাপা পড়বে, আর আই এন টি ইউ সির এ্যাফিলিয়েট হলে এ্যাকসান নেওয়া হবে—অর্থাৎ পার্টিবাজীর একেবারে নির্লজ্জ প্রকাশ দেখা যাবে।

তার পর আর একটি নমুনা দিই, নমুনা ছাড়া আর কিছু দরকার নেই। সরকারের এক ডিপার্টমেন্টের সঙ্গে আর এক ডিপার্টমেন্টের ঝগড়ায় নিরপরাধ মানুষকে কী শাস্তি ভুগতে হয় তারি নমুনা।

কিছুদিন আগের অর্থাৎ ১৯৫৭ সালের বোধ হয় শেষ দিকের ঘটনা। আমাদের কনস্টিটিউয়েন্সি আলিপুর, সেখানে সাহাপুর রিফিউজি ক্যাম্পএর কিছু লোক রিফিউজি ডিপার্টমেন্ট-এর সঙ্গে স্বয়ং রিফিউজি কমিশনার এবং মন্ত্রী মহাশয়ের সঙ্গে বাই এগ্রিমেন্ট এ্যারেঞ্জমেন্ট করেছিলেন যাতে তারা সেখানে টি স্টল করতে পারবেন, তার জন্য পুলিসের লাইসেন্স দরকার হবে না। এই ব্যবস্থা লিখিতভাবে রিফিউজি কমিশনার শ্রী এ ডি খান, দিয়েছিলেন, তারই ভিত্তিতে তারা কয়েক বছর ধরে সেখানে চায়ের দোকান চালিয়ে কোনরকমে দিন গুজরান করছিলেন। হঠাৎ পুলিস ডিপার্টমেন্টের কি খেয়াল হল যে এদের পুলিস লাইসেন্স নেই অথচ চা বিক্রী করে দু-পয়সা করছে! সেখান থেকে ১৫ জনকে ধরে নিয়ে হাজতে ভরলেন, দু-চারজন যারা ঘুষ দিতে পারলেন জামিনে বেরিয়ে এলেন। তারা এসে আমাকে ধরলেনে, আমাকে তারা শ্রী এ ডি খানএর চিঠি দেখালেন। সেই চিঠি নিয়ে আমি ডি সি, সাউথএর সঙ্গে দেখা করলাম, তিনি পরিষ্কার বললেন রেফিউজি বিভাগের পারমিসান আমি গ্রাহ্য করি না, পুলিস

কমিশনারের কাছে যান, তিনি যদি বলেন তবে কিছু করতে পারি। ডিপার্টমেন্টাল জেলাসি যে কতখানি তার প্রমাণ এই কেস থেকে পাওয়া যায়, এবং শুধু এরই জন্যে কতকগুলি লোক হাজতে পচতে থাকল!

পুলিস কমিশনারের দপ্তর থেকে বলল—এটা তো কর্পোরেশনের ব্যাপার। কর্পোরেশনে গেলে সেখানে শুনলাম—আমরা কেন? কর্পোরেশনের লাইসেন্স তো এদের আছে এটা সম্পূর্ণ-ভাবে পুলিস লাইসেন্সের ব্যাপার। এইভাবে দিনের পর দিন লোকগুলো হাজতে পচতে থাকল, শেষ পর্যন্ত রিফিউজি মিনিস্টারকে বলা হল। প্রফুল্লবাবুর মনে পড়ল এদের কথা, তিনি তখন পুলিস কমিশনারকে বললেন এটা এদের বরাবরের অধিকার এটা এদের দিতে হবে। তখন পুলিস কমিশনার রাজী হলেন।

আপনারা এর মধ্যে হয়ত কমিক এলিমেন্ট দেখছেন, কিন্তু আসলে এটা একটা মস্ত বড় ট্র্যাজিক ইভেন্ট। ডিপার্টমেন্টাল ঝগড়ার মধ্য দিয়ে পনের জন অসহায়, নিরীহ লোকের যে দুর্গতি হল তার জবাবদিহি কে করবে? ডি সি অথবা পুলিস কমিশনার তাদেরও নিজেদের ছেলেমেয়ে আছে, তাদের ছেলেদের কাউকে যদি ধরে নিয়ে এইভাবে কিছুদিন হাজতে রেখে দেওয়া হয় তাহলে তাদের কেমন লাগে সেটা যেন চিন্তা করে দেখেন।

আর একটি উদাহরণ এখানে দেব। জবর দখল কলোনী যে সমস্ত আছে সেখানে সাধারণ গরীব লোক, অল্পবিত্ত লোক অনেকের জমি তার মধ্যে ছিল, কিন্তু সেই জমির মালিক এই গরীব মানুষগুলি আজ পর্যন্ত ক্ষতিপূরণ পেল না। সেই জমির উপর তাদের স্বত্ত্ব আবার কোনকালে প্রতিষ্ঠিত হবে তার বিশেষ কোন চান্স নেই কিন্তু আইন হয়েছে—এস্টেটস একুইজিসান এ্যাক্ট এবার যে কলকাতা ও শহরতলী অঞ্চলে জমির খাজনা বাড়বে। সুতরাং যে সমস্ত ছোটখাট জমির মালিক গত ৮-১০ বছর নিজেদের জমি থেকে বঞ্চিত হয়ে বসে আছেন তাদের উপর ল্যান্ড রেভিনিউ ডিপার্টমেন্ট থেকে নোটিস গেল,—তোমাদের খাজনা বেড়ে গেছে, এবং যখন থেকে বেড়ে গেছে তখন থেকে এরিয়ার পেমেন্ট সহ যদি খাজনা জমা না কর তাহলে জমি তোমাদের চলে যাবে। রিফিউজিরা সেই সমস্ত জমি দখল করে আছেন, জমির মালিকেরা আর কোনোদিন সে জমি ফেরত পাবেন তার আশা নেই, এমনকি কম্পেন্সেসনও ছোট মালিকেরা আজ পর্যন্ত পান নি, সরকার কোনদিনও তার ব্যবস্থা করবেন কিনা জানি না। অথচ তাঁদের খাজনা দিতে হবে বর্ধিত হারে।

রিফিউজী মন্ত্রী প্রফুল্লবাবুকে যখন একথা জানালাম, তিনি স্বীকার করলেন যে খাজনা বাড়া এবং সে খাজনা আদায় করা অনুচিত। বললেন, আমি সিংহীকে অর্থাৎ ল্যান্ড রেভিনিউ মিনিস্টারকে বলে দেব। কিন্তু ঐ পর্যন্তই। খাজনা বৃদ্ধির এবং আদায়ের

[6-20—6-30 p.m.]

সে নোটিশ আজও চালু রয়েছে এবং অনেককে বাড়তি খাজনা দিতেও হচ্ছে অর্থাৎ প্রশাসনিক ব্যবস্থার যে কো-অর্ডিনেশন বিভিন্ন মিনিস্ট্রির মধ্যে তার এই আর এক নমুনা।

আর একটা নমুনা দিই, আপনারা খবরের কাগজে পড়েছেন। বাগ্গুর এস্টেটএর যে জমি ছিল শ্রীরামপুরের কাছে সে জমি রিফিউজিদের জন্য দখল করা হয়। আইন হল যে ১৯৪৬ সালের দাম অনুযায়ী জমিদারকে দাম দিতে হবে, সেই দরে দাম ধরলে বাগ্গুরদের জমির দাম হয় ৪৯ হাজার টাকার মত। কিন্তু যেহেতু বাগ্গুররা আমাদের মন্ত্রীদের বন্ধু সুতরাং প্রফুল্লবাবু বলেছিলেন যে, না এদের ১৯৪৬ সালের রেটএ দেওয়াটা উচিত নয়, এরাত পরে কিনেছে সুতরাং এদেরকে ৩ লক্ষ ১৭ হাজার টাকা দেওয়া হোক। এই ব্যাপারটা হয়েছে ১৯৫৬ সালে বোধ হয়, কি ১৯৫৫ সালে, তখন এ ডি খান ছিলেন কমিশনার। তিনি কি জানি কেন এটা সহ্য করতে পারেন নি। তিনি এই বিষয় কড়া নোট দিলেন। তাও কিছু হল না, পাশ প্রায় হয়েই যাচ্ছিল ৩ লক্ষ ১৭ হাজার টাকা। এটা আবার আমাদের ল্যান্ড রেভিনিউ মিনিস্টার-এর নজরে পড়লো। তিনি বললেন এটা কি করে হবে, অন্য সকলকে ১৯৪৬ সালের রেটএ দিচ্ছি আর বাগ্গুরের বেলায় আমরা অন্য সালের রেট দিয়ে কেন এত বেশি টাকা দেবো?

সুতরাং জিনিসটা বোধ হয় এখনও শেষ হয় নি। এর থেকে দুটি জিনিস দেখা যাচ্ছে যে, মন্ত্রী মহলে বন্ধু, স্বজন পোষণের কি প্রবল টেনডেন্সি ও তার নির্লজ্জতা দেখা যায়, সঙ্গে সঙ্গে দেখা যায় একটা বিষয়ের নিষ্পত্তি দুই ডিপার্টমেন্টএর কগড়ার মধ্যে পড়ে তার সমাধান কয়েক বৎসরের মধ্যেও হয় না। এমন সুন্দর আমাদের এখানকার প্রশাসনিক ব্যবস্থা।

তারপর, আমাকে তাড়াতাড়ি শেষ করতে হবে বলে আমি বেশি উদাহরণ দিচ্ছি না, রেড টেপিজমএর একটা উদাহরণ দিই। এক ভদ্রমহিলা, আভারাণী সান্যাল, তিনি ডাক্তার বি সি রায়ের কাছে ২১এ জানুয়ারি ১৯৫৯ সালে একটা দরখাস্ত করেছেন, তাতে তিনি বলেছেন সে তার স্বামী শ্রীসন্তোষকুমার সান্যাল, তার পুরানো ইনক্রিমেন্টএর দরুণ ১৮৮ টাকা দুই আনা পাওনা আছে, সেটা পাওয়ার জন্যে যে করেসপন্ডেন্স হয়েছে তার লিস্টটা তিনি দিয়েছেন। প্রথম তার

"Husband submitted a petition to the Director of Procurement and Supply on 2nd November, 1954; on 11th February, 1955, one petition to Assistant Director, on 17th April, 1955 one petition to the District Judge, Cooch Behar; on 3rd September 1955 one petition to the Assistant Director of Procuremnt; on 21st December 1955 one petition to the same authority through proper channel, and then another petition to the District Judge, Cooch Behar, who moved the proper authorities and the latter made a reference to the Director of Procurement and Supply who gave the reply that the matter is under consideration."

কিন্তু এই দুই তিন বৎসরে তিনি শুধু একবার একটা জবাব পেয়েছেন গোড়ার দিকে যে

matter is under consideration

তিন বৎসরে আর কোন জবাব পেলো না। তখন তার স্বামী হাল ছেড়ে দিলেন, তার স্ত্রীর বৈঠা ধরলেন। কারণ সোজাসুজি দরখাস্ত স্বামী করতে পারেন না তাকে প্রপার চ্যানেল দিয়ে আসতে হবে। স্ত্রী ধরলেন ১৯৫৬ সাল থেকে, ধরে তিনি ১৯-৬-৫৬; ২৩-১০-৫৬; ৯-৫-৫৭; ১২-৭-৫৭; ১১-৩-৫৮; তারপর ৪-৬-৫৮; ১৬-৮-৫৮; এবং এইটা লাস্ট ২১-১-৫৯, দরখাস্ত করলেন। কিন্তু কোন জবাব আজ পর্যন্ত তাকে দেওয়া হয় নি।

এমন হতে পারে যে, তার ক্লেম হয়ত সরকার মানেন নি, কিন্তু তাহলে লিখে দিলেই ত হয় যে তার ক্লেম দেওয়া হবে না, তাও নয় শুধু

matter is under consideration till probably doomsday.

এই হচ্ছে আমাদের প্রশাসনিক দক্ষতার নমুনা। তারজন্য আমাদের

30 per cent. of the total revenue

খরচ করতে হবে।

স্যার, আপনি নিজেও জানেন যে এখানকার সেক্রেটারিয়েটএ কাজকর্ম কিভাবে চলে। আমাদের কংগ্রেস মন্ত্রীরা এই স্পুটনিক এবং স্পেস রকেটএর যুগেও তাঁরা পদযাত্রার খুব পক্ষপাতী। তার জন্য তাদের সেক্রেটারিয়েটএর ফাইলগুলিও পদযাত্রা করে। মনে করুন কোন একটা চিঠি আসবে রাইটার্স বিল্ডিংসএর কোন

director of a department

এর কাছে, কিন্তু সেই বিষয় শেষ সিদ্ধান্ত মনে করুন সেক্রেটারিকে নিতে হবে। তার পেরামবুলেশন কি রকম হয়?

"Opening the envelope by some officer entrusted with this work in dak section and marking of the letter by the officer concerned তারপরে diary in reference section এরকম প্রত্যেকটিতে ২।৩ দিন ক'রে যাচ্ছে sorting of this letter by the officer and despatching to the officer concerned তারপরে সবে শুরু হ'ল। Then the officer concerned will look at it when he gets time and asks his office to put it up in a file. Then he will ask the record supplier to supply the relevant file এর পর when the file is available

the dealing clerk of this officer will put up a note suggesting steps to be taken তারপর note এর পর note হ'তে লাগল এবং note of the dealing clerk will be scrutinised by the head clerk of the section and then he will put it up to the immediate officer concerned, probably the Assistant Director তখন Assistant Director দিলেন General office এ for recording the movement of the file.

সেখান থেকে

Deputy Director General Office

তারপর গেল জয়েন্ট ডাইরেকটরএর কাছে তারপরে আবার

General Office Director

আবার জেনারেল অফিস তাতেও যদি না হল তখন সেক্রেটারিয়েটকে ডিসিসান করতে হবে। তারপর সেক্রেটারি পাঠাবেন—

সেক্রেটারিয়েটএ তখন আবার

the whole cycle will be repeated

অর্থাৎ ফাইল ওপেন থেকে হেড এ্যাসিস্টেন্ট, সেখান থেকে ডিলিং ক্লার্ক, আবার নোট, তারপর

Assistant Secretary, Deputy Secretary, Joint Secretary, Secretary

ইত্যাদি ক'রে দু' বৎসরে যদি কিছু হ'ল তবে ভদ্রলোকের দরখাস্তের বাপের ভাগ্যি ব'লে ধ'রে নিতে হবে। এই যেখানে প্রশাসনিক ব্যবস্থা সেখানে তার জন্যে খরচ হচ্ছে

30 per cent. of Revenue Expenditure!

কেন তা বুঝি না। অবশ্য যদি মন্ত্রীমণ্ডলীর ওপর টান থাকে তাহলে এক ঘণ্টার মধ্যেও ব্যবস্থা করে নিতে পারেন। কিন্তু আমাদের সাধারণ লোককে এই প্রশাসনিক ব্যবস্থার মধ্য দিয়েই যেতে হবে।

তারপর এবার

Government Servants Conduct Rules

সম্বন্ধে বলি—এ বিষয়ে হাকিম নড়েতো হুকুম নড়ে না। সম্প্রতি শুনেছি রুলটা নাকি একটু এ্যামেন্ড করা হয়েছে। কি করেছেন? বাপমায়ের পলিটিক্যাল এ্যাক্টিভিটির উপর যে গোয়েন্দাগিরি করার কথা ছিল সেটা এখন গেছে। কিন্তু ব্যাক পৃথিবীর উপর গোয়েন্দাগিরি করতে হবে। তা না হলে চার্জ-সিট হবে এবং সেই চার্জ-সিটএ আত্মপক্ষ সমর্থন করতে দেওয়া হবে না, ইচ্ছা করলে পুলিস রিপোর্টএর নামে বিনা নোটিসে চাকরিতে জবাব হবে। এইসব বিধির সমস্তই বহাল রেখেছেন। এই অবস্থায়

Administrative Machinery work

করবে।

কিন্তু এখানে একটা কথা যেন এঁরা ভুলে না যান। স্বাধীনতার পরে মানুষের ডেমক্রেটিক কনসাসনেস বেড়েছে। এখন এটাকে যদি কনস্ট্রাকটিভ চ্যানেলএ নিয়ে আসতে পারেন তো ভাল নইলে সেটা ডেস্ট্রাকটিভ চ্যানেলএ যেতে বাধ্য হবে। কনস্ট্রাকটিভ চ্যানেলএ তাদের কর্মচারীদের আত্মমর্যাদায় প্রতিষ্ঠা করতে হবে, নাগরিকের আত্মমর্যাদায় প্রতিষ্ঠা করতে হবে, তাদের সঙ্গে কলিগএর মত ব্যবহার করতে হবে এবং সঙ্গে সঙ্গে জনসাধারণের সঙ্গেও সম্পর্ক স্থাপন করতে হবে। এবং সেটা করতে হলে শাসনকে বিকেন্দ্রীকরণ করা দরকার। গ্রামাঞ্চলে পঞ্চায়েতের উপর শাসনকার্য চালাবার ব্যবস্থা করা দরকার, সেগুলিকে এ্যাডমিনিস্ট্রেসানএর পিভট করা দরকার। আপনারা যে পঞ্চায়েত আইন করেছেন তাতে অধিকাংশ ক্ষেত্রেই পঞ্চায়েতকে শাসন ক্ষমতা থেকে বঞ্চিত করেছেন। দুই একটি ক্ষেত্রে গভর্নমেন্ট যদি ইচ্ছা করে তাহলে তারা ক্ষমতা পাবে, নইলে পাবে না।

obligatory rights and duties

হলে বিশেষ কিছু নাই।

[6-30—6-40 p.m.]

যাহোক, আমি অবশ্য সামান্য একটা আংশিক চিত্র আপনাদের কাছে তুলে ধরেছি। দরকার হলে সাতদিন পর্যন্ত আমার পার্সোনাল এক্সপেরিএন্সএর ভিত্তিতে এই চিত্রের উদাহরণ দিতে পারি, কোন আন্দাজের ধারধারি না। যদি প্রশাসনিক ব্যবস্থার উন্নতি করতে হয় তাহলে প্রথমে দরকার এ্যাডমিনিস্ট্রেশন রিফর্মের জন্য একটা কমিটি বসানো। তাতে দয়া করে শুধু আপনার লোক নিয়ে বসাবেন না। নানা দলের লোক এবং নানা দলের বাইরে যাঁরা, দেশের মধ্যে যাঁরা গণ্যমান্য বলে পরিচিত সেই সমস্ত লোককেও নিয়ে বসান। যেমন কেরালায় তারা বসিয়েছে, সেই রকম একটা কমিটি বসান। বসালেও অবিশ্যি আপনাদের এ্যাডমিনিস্ট্রেশনে লোকদের মধ্যে এই যে নিচে থেকে উপরে পর্যন্ত গলদ রয়েছে সে গলদ সবটা দূর হবে না। যতদিন পর্যন্ত আপনাদের দলের রাজনৈতিক উদ্দেশ্য অর্থনৈতিক উদ্দেশ্য বজায় আছে ততদিন পর্যন্ত সম্পূর্ণভাবে হওয়া সম্ভব নয় মন্ত্রীদের অপসারণ ছাড়া। কিন্তু এর মধ্যেও যদি আংশিক পরিবর্তন, আংশিক সংস্কার আনা আপনারা দরকার বোধ করেন তাহলে একটা এ্যাডমিনিস্ট্রেশন রিফর্ম কমিটি বসানোর ব্যবস্থা করুন। আর জনসাধারণের সহযোগিতা আপনারা একটু চান। তাদের সংযোগ একটু আপনারা চান। এখনো পর্যন্ত যা অবস্থা তাতে আপনাদের কর্মচারী যদি জনসাধারণের সঙ্গে সংযোগ করে তাহলে তার চাকরি যেতে পারে। যেমন মনে করুন একটা এন ই এস ব্লক গড়ে উঠেছে, সেখানে যদি একটা ভাল কৃষক সভা থাকে—আপনাদের কংগ্রেসের কৃষক সভা নয়, আর সেই কৃষক সভার কাছ থেকে সেখানকার যিনি সরকারী কর্মচারী তিনি যদি একটা ভাল কাজের জন্য কো-অপরেশন নেন তবে সেই কর্মচারীর চাকরি যাবে, এটা লিখে দিতে পারি। যদিও সে কর্মচারী জানেন যে সহযোগিতা নিলে কাজ ভাল হয়, না নিলে হয় না, তবু তাঁর সে সহযোগিতা নেওয়ার উপায় নেই। আগে আগেও দেখেছি যে আপনারা ইচ্ছা করেই বাদ দেন অন্যান্য দলের লোকদের। এই কলকাতা শহরে চালের ব্যাপারে আজও পর্যন্ত ওয়ার্ড-ভিত্তিতে একটা কমিটি ওয়ার্ড কাউন্সিলারদের ও বিভিন্ন দলের এম এল এ-দের নিয়ে ব্যবস্থা করতে পারলেন না। কারণ কলকাতার উপর বেশির ভাগ এম এল এই যে অন্য দলের। এই দৃষ্টিভঙ্গির পরিবর্তন করুন। যে কথা আমি আগে বলেছি—সেটাই রিপিট করে শেষ করছি। মানুষের গণতান্ত্রিক চেতনা বেড়েছে মানুষের অভিজ্ঞতা এত বেড়েছে যে তার সেই গণতান্ত্রিক চেতনাকে গঠনমূলক কর্মধারার মধ্যে যদি সংযুক্ত করেন তবে সেই গণতান্ত্রিক চেতনা আপনাদের সাহায্য করবে—ভালর দিকে। আর যদি সেই মানুষের গণতান্ত্রিক চেতনা অস্বীকার করেন, গঠনমূলক কাজের সঙ্গে তাকে সংযুক্ত না করেন, পার্টিবাজী ও দলাদলি করে তার বিরোধীতা করেন তাহলে সেই গণতান্ত্রিক চেতনা চুপ করে বসে থাকবে না—সে গিয়ে আপনাদের ধ্বংস করবে, এই কথা দয়া করে মনে রাখবেন।

Sj. Debendra Nath Mahato:

মিঃ স্পীকার, স্যার, আজ দু-দিন ধরে যে জেনারেল আলোচনা বাজেট সম্বন্ধে হচ্ছে তা আমি মনোযোগ সহকারে শুনেছি। এবং শোনবার পর এই ধারণা আমার মনে এসেছে যে এই যে বাজেট যা নাকি সমগ্র বাংলাদেশের ৩ কোটি লোকের যে পরিবার সেই পরিবারের কর্তা ডাক্তার বিধানচন্দ্র রায়। তিনি তাদের আয় ব্যয়ের হিসেব এখানে পেশ করেছেন। এখন দেখতে হবে এই যে বরাদ্দ তিনি পেশ করেছেন এটা কি ধরণের বাজেট। এটা হচ্ছে সারপ্লাস বাজেট। অর্থাৎ যে টাকা খরচা হবে—তারচেয়ে বেশি টাকা জমা আছে দেখানো হয়েছে। এখন দেখতে হবে—এই সারপ্লাস বাজেট কিভাবে পেশ করা হয়েছে। বাস্তবিক এই বাজেট খুব ভাল ফাউন্ডেশনের উপর প্রতিষ্ঠিত কিন্তু কি নীতিতে পরিচালনা করা হবে সে সম্বন্ধে আমি দুচার কথা বলতে চাই। গত ৮-১০ বৎসর বিভিন্ন খাতে বিভিন্ন খরচ যা করে যাওয়া হয়েছে—বাংলাদেশে যে নতুন নতুন সমস্যা যথা খাদ্যসমস্যা রিফিউজী সমস্যা বেকার সমস্যা এই সকল বিভিন্ন সমস্যার মধ্য দিয়ে দেশকে চলতে হয়েছে তার মধ্যেও বিভিন্ন উন্নয়নমূলক জনকল্যাণমূলক কাজ চলেছে তা আমরা বাজেটেই দেখতে পাচ্ছি। শিক্ষা বিস্তারের কাজ রাস্তাঘাট তৈরির কাজ বড় বড় নদী বাঁধানোর পরিকল্পনার কাজ প্রভৃতি সমস্ত দিকেই দেখা যায় আমাদের কাজ ভালভাবেই চলেছে। বাস্তবিক খাদ্যসমস্যা সমাধানের দিক দিয়ে আমাদের সরকার ডি ভি সি পরিকল্পনা কাজ করার পর এখন কংসাবতী পরিকল্পনা গ্রহণ করেছেন তাতে তুলনা করে দেখা গেছে আগের

বৎসরের চেয়ে ইরিগেসান ক্যাপাসিটি বেড়েছে। প্রডাকসানও যতটা বাড়া উচিত ততটা না বাড়লেও বেড়ে যাচ্ছে। কিন্তু সঙ্গে সঙ্গে রিফিউজী হিসেবে প্রায় ৩২ লক্ষ লোকের আগমন এবং দেশে জন্মহার দিনের পর দিন বেড়ে যাওয়ার ফলে যে প্রডাকশন বেড়েছে তা দ্বারা চাহিদার সঙ্গে খাপ খাওয়াতে পারা যাচ্ছে না। এজন্য সরকারকে দায়ী করলে ভুল করা হবে। এজন্য দেশের সমস্ত লোককে বিশেষ করে গ্রামের জনসাধারণকে সচেতন হতে হবে। বহু দিনের পরাধীনতার ফলে দেশের মধ্যে প্রাণের জাগরণ, প্রাণের সাড়া কম পাওয়া গেছে যাও বা পাওয়া গেছে সরকারের তরফে পরিকল্পনাগুলির ভিতর একটু গলদ থাকায় যতটা কাজ হওয়া উচিত ছিল ততটা হচ্ছে না। যেমন সরকারের পরিকল্পনা যায় রাইটার্স বিল্ডিং হতে বড় বড় অফিসারের কাছ থেকে, সেই পরিকল্পনা যখন যাচ্ছে পল্লীগ্রামের পল্লীবাসীগণ তা ঠিকভাবে ধরতে পারে না। ধরুন ইরিগেশনের কথা

Rupees from where it comes and where it goes

তাতে এই জিনিস দেখতে পাওয়া যায়। ইরিগেশন সম্বন্ধে যে গ্রাফিক স্টেটমেন্ট যে আছে তাতে গত দু বৎসর এ্যালটমেন্ট যা ছিল তা থেকে কমিয়ে দিয়েছেন। তিন বৎসর আগে সে খরচটা আরও বেশি ছিল। কিন্তু এডুকেশন খাতে

Road construction and other development as a whole

গভর্নমেন্টের খরচ বেশি হচ্ছে। কিন্তু ইরিগেশনএর টাকা তুলনা করলে দেখা যাচ্ছে আগের চেয়ে বাড়ার বদলে কমে গেছে।

বাস্তবিক আজ যখন আমাদের বাংলাদেশের প্রধান সমস্যা হচ্ছে খাদ্যসমস্যা এবং প্রতি বৎসরই এই খাদ্যের ঘাটতির জন্য গভর্নমেন্টকে বাতিব্যস্ত হতে হচ্ছে তখন এ সম্বন্ধে আমি একটা সাজেসন দিয়ে তার প্রতি গভর্নমেন্টের দৃষ্টি আকর্ষণ করতে চাই। সরকারের বহু জমি এরকম আছে যেগুলি হচ্ছে

rocky, undulated land

যেখানে জলের কোন ব্যবস্থা নাই, সেখানে বড় বড় পরিকল্পনা ছেড়ে যদি

minor irrigation scheme

করা পাহাড় জঙ্গল থেকে যে ছোট ছোট নদী বয়ে আসছে তাই থেকে যদি ছোট ছোট ড্যাম করে বা পুরানো পুকুর যেগুলি আছে তার পঙ্কোদ্ধার করে ছোট ছোট ইরিগেশনএর কাজে লাগাই তাহলে তাদ্বারা চাষের উপকার হবে এবং কাজের অভাবে যেসব চাষীকে বসে থাকতে হয় তারা কাজ পাবে। চাষীদের যখনই ভাল করে চাষ করার কথা বলতে চাই তারা বলে আমাদের উন্নত ধরণের বীজ দাও, ভাল গরু দাও বা ক্যাটল পার্চেজএর লোনএর টাকা বাড়াও যাতে আমরা ভাল করে চাষ করতে পারি। কিন্তু আর যে বন্দোবস্তই চাষের জন্যে করা হোক না কেন সেচনের জল না হলে কিছুই হবে না। অবশ্য একথাও আমরা জানি যে মাইনর ইরিগেশন দ্বারা অবস্থার উন্নতির জন্য সরকার অনেক কিছু করেছেন সেজন্য ধন্যবাদ জানাচ্ছি তারা যে রিলিফ দিয়ে মানুষকে বাঁধিয়ে রেখেছেন এজন্যও ধন্যবাদ কিন্তু যে কোটি কোটি টাকা ফেমিন এবং বিভিন্ন রিলিফ খাতে ব্যয় করা হচ্ছে সেই টাকা দিয়ে যাচ্ছেন কিন্তু সেই টাকা যদি কোন স্থায়ী কাজে লাগছে না আমরা চাই ডেভেলপমেন্ট করতে খাদ্যসমস্যার সমাধান যাতে হয় তাই করতে। অথচ সেজন্য ত টাকার দরকার কিন্তু টাকা কোথায়? সেজন্য ট্যাক্স ধার্য করাও মুশকিল এ বাজেটে ট্যাক্স ধরার পরিকল্পনা নাই আনন্দের কথা। কিন্তু যে ল্যান্ড আমাদের আছে তাতে কি করে বেশি প্রডাকশন করতে পারি তার যাতে ভাল ব্যবস্থা করা যায় তা আমাদের সরকারের করা প্রয়োজন।

[6-40—6-50 p.m.]

স্যার, আজকে আমাদের দেশে কাউডাং নিয়ে জ্বালানো হচ্ছে। আমি 'আওয়ার ইন্ডিয়া' বলে একটা বই পড়েছিলাম তাতে লেখা আছে

to burn a cake of cow dung is to burn a five-rupee note.

একটা পাঁচ টাকার নোট পোড়ানো যা একটা ঘুঁটে পোড়োনোও তাই। কাজেই লোকে গরুর

গোবর যাতে পোড়াতে না পারে তার জন্য আমাদের স্টেটে একটা লেজিসলেশন করা দরকার। তার সাবস্টিটিউট হিসাবে অন্যান্য ফিউয়েল সাপ্লাই করা হোক, জঙ্গল বাড়াবার ব্যবস্থা করা হোক। প্রফুল্লবাবু সেদিন বলেছেন যে, গোবর থেকে সার হচ্ছে, আবার খবরের কাগজে সেদিন দেখলাম যে, গোবর থেকে গ্যাস বের করবার চেষ্টা হচ্ছে

without spoiling the manure capacity of the cow dung.

এবং সেই গ্যাস দিয়ে ফিউয়েল এবং আলো জ্বালার কাজে লাগাবার ব্যবস্থা করা হচ্ছে। আমরা ধান বাড়াবার কথা চিন্তা করছি, খাদ্য বাড়াবার কথা চিন্তা করছি। ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষ দুধ বাড়াবার কথা, ফলের উৎপাদন এবং ভেজিটেবল বেশি ক'রে গ্রো করার কথা বলেছিলেন। আমরা গভর্নরের স্পীচে দেখেছি যে, দৈনিক হরিণঘাটাতে ১ লক্ষ পাউন্ড দুধ আমাদের হচ্ছে এবং ২-১ বছরের মধ্যে এটা বেড়ে ৪ লক্ষ পাউন্ড হবে। কাজেই আমাদের জুট প্রোডাকশন বাড়ছে, দুধের প্রোডাকশন বাড়ছে—এর সঙ্গে সঙ্গে আমাদের মাছের প্রোডাকশন বাড়াবার ব্যবস্থা করা দরকার। পুরানো পুকুরগুলিকে যদি আমরা সংস্কার করি তা হ'লে তাতে ইরিগেশনের কাজও হবে এবং ফিশএর প্রোডাকশনও হবে। আর একটা কথা বলতে চাই যে, আমাদের বহু ফ্যালো ল্যান্ড পড়ে আছে, সেখানে বড় বড় কুয়া (এগ্রিকালচার ওয়েল) ক'রে ইরিগেশন ব্যবস্থা করতে হবে। আমরা বছর দুই ধ'রে সাজেসশন দিচ্ছি মাইনর ইরিগেশনের জন্য—আমাদের যে বহু ফ্যালো ল্যান্ড পড়ে আছে সেখানে পাম্পিং সিস্টেমএর দ্বারা কম খরচে সেচের ব্যবস্থা হ'তে পারে কিন্তু গভর্নমেন্ট বলেন, আমাদের হাতে টাকা নেই অথচ তাঁরা বড় বড় স্কীম করছেন এবং রিলিফ খাতে বহু টাকা ব্যয় করছেন। এইসব প্রোডাকশনএর প্ল্যানিং, খাদ্যসমস্যা সমাধানের প্ল্যানিং অভিজ্ঞ (এক্সপিরিয়েন্সড) কাল্টিভেটরদের কাছ থেকে নেওয়া উচিত। রি-অর্গানিজেশন অব ল্যান্ডস, টেকনিক্যাল মেথড এবং ফাইনান্স—এই তিনটে জিনিস যদি আমরা একত্রে চালাতে না পারি তা হ'লে প্রোডাকশন কখনও দেশে বাড়তে পারে না। আমাদের খাদ্য বাড়াবার ক্যাপাসিটি তেমন নেই, সঙ্গে সঙ্গে আনএমপ্লয়মেন্ট বেড়ে যাচ্ছে, এডুকেশন বাড়লে লোকে কাজ চায়, লোকে চায় কি ক'রে ভালমানুষের মত খেয়ে-প'রে থাকতে পারি এবং সেজন্য কটেজ ইন্ডাস্ট্রিজ, স্মল স্কেল ইন্ডাস্ট্রিজ খোলা হচ্ছে, ১২৬টা স্কীমের জন্য ৩ কোটি ৪৬ লক্ষ টাকা দেওয়া হচ্ছে, বিশেষ ক'রে কল্যাণীতে স্পিনিং মিল খোলা হচ্ছে, দুর্গাপুরে কোক ওভেনের কারখানা খোলা হচ্ছে। আরও ছোট ছোট ইন্ডাস্ট্রিজ খুলে যাতে সেখানে যুবকদের কাজ দেওয়া হয় তার ব্যবস্থা করা দরকার। শুধু তাই নয়, ছেলেদের এগ্রিকালচারাল স্কুলে ট্রেনিং দেওয়ার ব্যবস্থাও করা দরকার। ছোট ছোট টেকনিক্যাল স্কুল যে ২-৪টা খোলা হচ্ছে তার জন্য আমি সরকারকে ধন্যবাদ দিচ্ছি। কিন্তু আমি জিজ্ঞাসা করি যে, কোন্ কাজটা আমরা আগে করব? আগে পিলার গাঁথব, না, আগে ঘরের দেওয়াল গাঁথব? আগে কি ক'রে ভাল ক'রে খেতে পাই তার ব্যবস্থা করা দরকার তারপর লেখাপড়া। অফিসারদের জন্য বড় বড় পাকাবাড়ি হচ্ছে বটে কিন্তু তার আগে দেখতে হবে কি ক'রে গরিব চাষীভায়েদের প্রোডাকশন বাড়তে পারে। তারপর ল্যাক ক্রপের কথা আমি বলব—ল্যাক ব'লে একটা জিনিস আছে, এর উৎপাদনের দিকে সরকারের বিশেষভাবে দৃষ্টি দেওয়া দরকার। এবং যাতে ক'রে এই ইন্ডাস্ট্রি নষ্ট না হয়ে আরও বাড়ে তার ব্যবস্থা করা উচিত।

[At this stage the blue light was lit.]

আমার আর সময় নেই। মাইনর ইরিগেশন সিস্টেম যাতে আমাদের দেশে ভালভাবে হয় সেদিকে সরকারের দৃষ্টি দেওয়া উচিত। এই ব'লে আমি এই বাজেটকে সমর্থন জানাচ্ছি।

Sj. Phakir Chandra Ray:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের সামনে মুখ্যমন্ত্রী যে বাজেট পেশ করেছেন সেই বাজেট পেশ করতে গিয়ে তিনি বক্তৃতা দিয়েছেন যে, সারা ভারতে শিল্পোন্নয়ন হয়েছে। দেশের জনসংখ্যা বৃদ্ধির সমস্যা, বেকার সমস্যা, এই দুই সমস্যা সমাধানের জন্য শিল্পোন্নয়নের দরকার আছে এটা ঠিক। কিন্তু তা যদি করতে হয় তা হ'লে দেশকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করতে হবে। দুঃখের বিষয় যে দেশকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করার জন্য উপযুক্ত ব্যবস্থা সরকার নেন নি। বহু বক্তা আগে ব'লে গেছেন যে, কৃষিখাতে বিশেষ ক'রে সেচ খাতে ব্যয়ের বরাদ্দ কমানো হয়েছে। সামগ্রিকভাবে ল্যান্ড মর্টগেজ ব্যাঙ্ক, সমবায় ব্যাঙ্কের হিসাব থেকে দেখা যায় যে, সাধারণভাবে

কৃষিখাতে যেসমস্ত খরচ ধরা হয়েছে তাতে সত্যিকারের ফলন বৃদ্ধির যে পরিমাণ ব্যয় করা দরকার তা ব্যয় করা হয় না। যা ধরা হয় তাও ব্যয়িত হয় না। একটা মজার কথা যে, ডিসেম্বরের শেষে এবং ফেব্রুয়ারির মধ্যে সমস্ত কাজ শেষ ক'রে দেবার চেষ্টা হয়। এই ধরনের সরকারী অর্থ ব্যয় করার চেষ্টা পরিবর্তন করা দরকার। না হ'লে কিছু হবে না। ফসলের ফলন যদি বাড়াতে হয় তা হ'লে কেবল সার, বীজ এবং সেচ দিলে চলবে না আর একটা বড় জিনিস হচ্ছে যে, চাষীকে তার ফসলের ন্যায্য দর দিতে হবে। অর্থাৎ যাকে ইকনমিক প্রাইস বলে তা দিতে হবে। আমি একটা কথা বলব। গত শ্রাবণ-ভাদ্র মাসে ধানের মণ যেখানে ১৫ থেকে ১৭ টাকা সেখানে অধিকাংশ গরিব চাষীকে বারি ক'রে ধান খেতে হয় অর্থাৎ ২০-২৫ টাকায় শোধ দিতে হবে ব'লে খত লিখিয়ে দিতে হয় মহাজনকে। গরিব চাষীর ঘরে যখন ধান ওঠে তখন ধানের দাম সবচেয়ে কম। অর্থাৎ যে এক মণ ধান নিয়েছিল শোধ দেবার সময় দেখা গেল তাকে ৩ মণ দিতে হ'ল। গরিব চাষী যা ধান উৎপন্ন করল দেখা গেল সেসব মহাজনদের ঘরে গিয়ে উঠল। তারপর ধানের দর যখন বাঁধা হ'ল তখন দেখা গেল যে, মাঝারি চাষী এবং বড় চাষী তাদের ঘরে তখন ধান নেই ব'লে তারাই সত্যিকারের গভর্নমেন্ট প্রাইস কন্ট্রোলকে রেলিস করেছে।

[6-50—7 p.m.]

যারা মাঝারি চাষী, যারা বড় চাষী তাদের নাকি মন্ত্রিমহাশয় বলেছেন, হোল্ডিং ক্যাপাসিটি বেড়েছে ; কিন্তু সত্যিই বাড়ে নি—তাদের সমস্ত রকম জিনিসপত্র, সোনার গহনা ইত্যাদি ব্যাঙ্কে মর্টগেজ দিয়ে টাকা নিতে হচ্ছে। ধানের দর বাড়তে পারে এই ভেবে তারা সরকারী দরে বেচে নি—ধ'রে রেখেছিল। কিন্তু জোতদার, বড় বড় চাষী যারা আইনভঙ্গ ক'রে ৪০০।৫০০ মণ ধান ধ'রে রেখেছে তাদের ধরবার জন্য কি করেছেন সরকার? সরকার সেরকম কোন অর্গ্যানিজেশনও নাই, কেননা, একজন বড় জোতদারের ঘরে কোন একটা গোলা নাই ধান ধ'রে রাখবার। কাজেই আসল কথা হচ্ছে, ইন্ডাস্ট্রিয়ালাইজ করুন, আর যাই করুন, যদি আমাদের দেশের খাদ্যসমস্যার সমাধান করতে হয় তা হ'লে চাষীকে ইকনমিক ও ফেয়ার প্রাইস দিতে হবে। যদি চাষীকে উপযুক্ত ও ন্যায্য ধানের দর দিতে পারেন, তাকে ভাল বীজ, যথাসময়ে জলসরবরাহ এবং জীবনধারণের অন্যান্য অত্যাবশ্যকীয় কাপড়-চোপড় ইত্যাদি দিতে পারেন তা হ'লে যেভাবে দর বেঁধেছেন তাতে চাষীর আপত্তি হবে না। যদি কোন প্ল্যান সাকসেসফুল করতে হয় তা হ'লে সকলের আগে প্রায়োরিটি দিতে হবে খাদ্যকে এবং যদি খাদ্যসমস্যার সাকসেসফুল সমাধান করতে হয় তা হ'লে খাদ্যোৎপাদনে যাতে চাষীদের উৎসাহিত ক'রে পূর্ণ সহযোগিতা পাওয়া যায় সেই ব্যবস্থা করতে হবে। আপনারা যতই প্ল্যানিং করুন, চাষীকে মেরে ইন্ডাস্ট্রিয়ালাইজেশনএর প্ল্যান সাকসেসফুল করা যাবে না। অনেকেই জানেন রাশিয়ায় যখন প্ল্যানিং হয় তখন জোর ক'রে কালেক্টিভাইজেশনএর প্রোগ্রাম নেওয়া হয়, ফলে চাষীদের তরফ থেকে বাধা আসে এবং স্ট্যালিনএর মত নেতাকেও পিছু হটতে হয়েছিল। যাই হোক, আমাদের এখানে ডিক্টেটরশিপ নাই, আমাদের এখানে গণতন্ত্র। সেখানে যদি চাষীকে মেরে, চাষীর উপর অত্যাচার ক'রে খাদ্য সমস্যার সমাধান করা যাবে এই কথা কেউ ভেবে থাকেন, তা হ'লে মারাত্মক ভুল করা হবে। তা হ'লে প্ল্যানিং কখনও সাকসেসফুল হবে না।

Sj. Panchanan Bhattacharjee: Mr. Speaker, Sir, unfortunately biblical tendency is cropping up in my head. As for example, Dorina begot Madorina for fishing in governmental troubled waters. Madorina begot a seat in the Legislative Council, and a seat in the Council begot a seat in a cosy little room in the Writers' Buildings. The Hon'ble Food Minister has been able to beget a valiant knight errant in his assistant for solving the food problem. The result has been that the quantum of stone chips has increased and a recent specimen has proved that it is now two to two and a half chataks per seer. I had ironically asked a gentleman whose case is pending before a court of law about his anti-social activities. He said "Government is not in a position to say what quantity of stone chips in rice will make it adulterated, simply because in Government godowns specimens will prove that it is going up". So the only solution is the mixture of cement along with stone chips which will concretise our stomach and there

will be less necessity for food. The Chief Minister in his Budget speech has given certain feelers and cautiously avoided dismal ones. For his information I am putting forward certain very broad statistics. The price of raw materials during the last decade—such raw materials as are used for the manufacture of consumer goods—has gone up by 25 per cent. The cost of production due to higher wages and other things has gone up by about 30 per cent., but the sale price of consumer goods has gone up only by 13 per cent. And how to explain away this gap? This is a result of loss of purchasing power of people at large, but the gap is being made up by the sale of commodities the purchase of which cannot be avoided, namely, rice, dal, salt and other things. That is why the Government is moving about in a labyrinth, hopelessly moving about by fixing up maximum and minimum prices, and so on and so forth. If you do not have the idea that this is the result of inflation, inefficiency and corruption—these three taken together—then no way out of this labyrinth can be found out. The way out, as I suggested in my speech during the previous session of this House is this: you could have given bonus to the cultivators instead of creating havoc when the sign of deflationary tendency in the country—that was most unscientific on your part— setting in. The result could have been disastrous. You could have granted bonus for production The cultivators must be given incentives. Even in Russia Marshal Khruschev has taken a new line. In China even in Communes they grant incentives In Ceylon they grant incentives per maund of rice and the result has been that there has been a rise of 50 per cent. in production. So you could have granted incentives to the cultivators per maund of rice instead of creating havoc, doing *lanka kando* in respect of deflationary tendency in the country.

[7—7-10 p.m.]

The way out is not visible to you and I know you won't move an inch from where you stand. I have pointed out that inflation, corruption and inefficiency these are the symptoms of the chronic diseases which have encompassed or which are eating into the vitality of the whole administrative system in the State of West Bengal. You have got an enigma as regards even population but do you know that during the last 50 years—1st half of the 20th century in Ceylon the population rose by 134 per cent. In Ghana—a very backward country the rise in population there has been 153 per cent. whereas in India it is only 71 per cent. and you will be astonished to learn, Sir, that Ghana's per capita income is several times more than what is prevalent in India. In Ghana there is no industry, no Durgapur, no Sindri, no State bus, no Haringhata milk manufacturing centre—it is a milk manufacturing centre because toned milk is manufactured there. Sir, our Government have got a special knack for picking big men with crude tendencies. For example, you employ retired men in the Excise Department because you know only retired men will be at your beck and call, they will be ready to please you and displease others. Sir, the man who is now in charge here has been suffering from rheumatism and so his mornings and evenings are spent in massaging rheumatism-preventing oil etc. and he is seldom found in his office. Sir, Excise Report has not been published for 8 years. In the last report a note of gratification by the Chief Minister is found where he has pointed out that malt liquor is being taken by people in bigger quantities. Sir, how it has happened? A gentleman most probably some Banerji who belongs to the district of Hooghly and who is a friend of the Congress leader there—I shall not divulge the names of the people who are friends of this Mr. Banerji—has a company or a firm there—the name of the firm is Indian Drug Laboratory—a very big name. However, this company has been given a licence to open a distillery at Tiljala in Calcutta. This is

how you are trying to induce people to take more liquor. Now, this company is manufacturing liquor which has been declared by the most unimpeachable authority, namely, Messrs. R. V. Briggs' and Company to be unfit for human consumption and that liquor is being sold and no one is going after it. Men go after people who take ganja, chandu, charas, cocaine, morphia but nobody goes against these people. Sir, liquor can be very easily prepared now by mixing methylated spirit which will cost you 6 annas and there will be some more expenses and two bottles of this sort of liquor will be made and it will be sold at Rs. 2 or Rs. 3 a bottle. The people of the Excise Department will never follow these people who are manufacturing this type of illicit liquor and who are responsible for various crimes of goondaism in Calcutta and in the suburbs People of the Anti-Corruption Department also know it but they are also afraid of these people. This is one instance.

Then the inevitable retired gentleman is ruling supreme in the Health Department. I am sorry for the Health Minister. I am connected with the R. G. Kar Employees' Union. I know the Health Minister was never called to attend any joint conference, any deliberation which took place in order to avoid or in order to come to a settlement with regard to the strike notice of the workers. That gentleman is there. What is he? He is a Sabyasachi. He is everything. He is the President of the Nursing Council for unavoidable reasons, for personal reasons. He is the Member of the Public Service Commission. He is the Secretary of the Health Department and he is the Director as well. He is a Government pensioner drawing pension from the Central Government. That gentleman is there I have got documents to show that his nature is to exploit the poverty of the poor nurses. He knows how to silence those people who may create an atmosphere of anti-propaganda against him. This gentleman is very efficient and he is a Brutus. That is why he is an exceptionally honourable man. He had the good distinction of spending only about 3 to 4 lakhs of rupees for the R. G. Kar Medical College for which there was provided a sum of rupees fourteen lakhs last year and that is why there has ben trouble in that college. The inevitable gentleman is there; he will not leave his post. The Health Minister is simply a puppet in his hand. He has recruited three dozens of assistant directors. Nobody has ever seen their faces in the metropolis. People are being told that these assistant health directors are rolling about and grazing in the fields throughout the length and breadth of West Bengal, from the Himalayas to the Sunderbans, but their physical presence has not been felt by the Health Minister. Then he dealt very badly with the Ayurvedic State Faculty and with the Homoeopathic State Faculty. These are the stories. I have little time at my disposal to deal with them in greater detail.

There is another gentleman, or a group of happy companies in the State—the Electricity Board. The Hon'ble Bimal Chandra Sinha knows a bit of the inside story of the activities of the Electricity Board. He knows how implements and machineries worth about 15 lakhs of rupees were purchased from the Panagarh depot under the Disposals. The implements and machineries have vanished or are in the vanishing stage. There has been no stock-taking. The Electricity Board—in order to oblige the ruling class in West Bengal—have not been able to earn just the sum of Rs. 1 lakh to the electricity charges incurred for the Kalyani Congress. The Organisers of the Kalyani Congress have not been able to pay Rs. 1 lakh to the Treasury of the State. The Brooklyn Ice Plant is there from which various engines—diesel engines, etc.—were purchased; they are varnishing and some of them have vanished.

[7-10—7-20 p.m.]

Now, two gentlemen, both of them are duds—they are told honourable gentlemen—one is at the top of the machinery—they are now just trying to leave West Bengal or Calcutta—one has been selected for a post in the Hindusthan Steel Plant (Private) Ltd. and the other is after a job in the Manipur State. These are the two gentlemen.

Sir, through you I beg to draw the attention of the Ministry to the possibility of declaring or extending the jurisdiction of the City Civil Court. City Civil Court may be, in the matter of jurisdiction, at par with the City Civil Court of Bombay. The result will be that there will be less accumulation of cases and more earning for the Government because for each and every case in the High Court session or in the High Court ordinarily Government earns much less as the High Court fees in Calcutta are the lowest in India. So the jurisdiction of the City Civil Court can be expanded; more so because the Court is being removed to a new commodious, spacious building. Nowhere we have got a hint from theMinster-in-charge or the Chief Minister that something is going to be done in that respect.

In the matter of Sales Tax, may I ask this question whether it is a fact that in 1957 the Hon'ble Dr B. C. Roy attended a meeting of the National Development Council where it was decided that sales tax on books should be removed. Following that decision, Bombay, Madras, Andhra, Delhi, Kerala, Punjab, Madhya Pradesh, U.P., Himachal Pradesh, Rajasthan, Kashmir, all these States abolished this tax on text books. Why not in our province?

[At this stage the red light was lit.]

Mr. Speaker: Mr. Bhattacharjee, I will tell you what has happened today. By obliging honourable members the position is this. The time which is required for today's sitting is more than an hour more if I have got to hear four more honourable members. I have been repeatedly telling you that if each and every honourable member asks for two, three, four or five minutes more, it becomes interminable and tomorrow you will expect to hear—will you not?—the Chief Minister, you will expect to hear the Food Minister, you will expect to hear the Labour Minister and there will be no time for the private members. I have explained the position clearly to the Secretaries of all the parties and also to several private members.

Sj. Kanai Lal Dey:

মাননীয় স্পীকার মহোদয়, আমাদের মুখ্যমন্ত্রী অর্থমন্ত্রীরূপে ১৯৫৯-৬০ সালের যে বাজেট পেশ করেছেন তার সমর্থন করতে উঠে কয়েকটি কথা বলছি। এই বাজেটে দেখা যাচ্ছে ১৯৫৮-৫৯ সাল অপেক্ষা শতকরা ২৫ ভাগ ব্যয় বৃদ্ধি ধরা হয়েছে। বিবিধ উন্নয়নমূলক খাতে এই ব্যয় বরাদ্দ রাখা হয়েছে। অবশ্য একথাও সত্য যে, ১৯৫৮-৫৯ সাল অপেক্ষা শতকরা ২৫ ভাগ আয় বৃদ্ধিরও হিসাব ধরা হয়েছে। এই বাজেটে জনসাধারণকে হতভম্ব ক'রে দেবার মত চাঞ্চল্যকর কিছু নাই বটে কিন্তু এতে স্থির ও ধীরভাবে সর্বাঙ্গীণ উন্নয়নের পথে পদক্ষেপ করার নির্দেশ দেখতে পাওয়া যায়। প্রাদেশিক সেলস ট্যাক্সএর খাতে আমাদের আয় অনেকটা পরিমাণে বেড়ে গেছে, ভূমিরাজস্ব আদায়ের পর্যায়েও আয় বৃদ্ধি দেখা যায়। আপনি জানেন স্যার, কেন্দ্রীয় সাহায্যের উপর প্রাদেশিক বাজেট অনেকটা পরিমাণে নির্ভর করে। ইতিপূর্বে পশ্চিম বাংলায় আশানুরূপ সাহায্য কেন্দ্রীয় তহবিল হ'তে পাওয়া যায় নি। এর ফলে পাঁচসালার কাজ ঠিকমত অগ্রসর হয় নি এবং বাকি দুই বৎসরে পরিকল্পনার কাজগুলি করতে কিছুটা বিঘ্ন ও বিলম্ব দেখা দিতে পারে, তাতে পশ্চিম বাংলার পক্ষে যথেষ্ট অসুবিধা হবে বটে কিন্তু কিছু বিলম্ব হ'লেও কাজগুলি নিশ্চয়ই সম্পূর্ণ হবে এ বিশ্বাস রাখি। জনসাধারণের দিক দিয়ে বিচার করলে দেখা যাবে এই বাজেটে নতুন কর বসাবার চেষ্টা করা হয় নি। এতে করভারাক্রান্ত জনসাধারণ নিশ্চয়ই একটা স্বস্তির নিশ্বাস ফেলবেন।

এখন আমি জেলাবোর্ডগুলি সম্বন্ধে কিছু বলব। পশ্চিম বাংলার জেলাবোর্ডগুলির আর্থিক অবস্থা খুবই শোচনীয়। তাদের বাৎসরিক আয় পূর্বের থেকে বেশি বৃদ্ধি পায় নি কিন্তু বাৎসরিক খরচ অনেক বেড়ে গিয়েছে। কারণ আগে জেলাবোর্ডের কর্মচারীদিগকে যে টাকা মাইনা দিতে হ'ত এখন মাগ্‌গী ভাতা ইত্যাদি যোগ ক'রে অনেক বেশি টাকা দিতে হয়। ঠিক যেরূপ পূর্বে এক মাইল রাস্তা মেরামত করতে যে টাকা খরচ হ'ত এখন সেই এক মাইল রাস্তা মেরামত করতে ঢের বেশি খরচ হবে। যদিও সরকার উন্নয়ন করার জন্য কিছু রাস্তা জেলাবোর্ডের আওতা হ'তে নিজেরা গ্রহণ করছেন কিন্তু তার সংখ্যা খুব কম। উদাহরণ-স্বরূপ আমি হুগলি জেলার কথা বলি। প্রথম পাঁচসালা পরিকল্পনার আগে জেলাবোর্ডের আওতায় ১,০০০ মাইলের কিছু বেশি রাস্তা ছিল। এর মধ্যে দু'টি পাঁচসালা পরিকল্পনায় দু' শ' মাইলের কিছু বেশি রাস্তা সরকার গ্রহণ করেছেন। বাকি এখনও প্রায় ১,১০০ মাইল রাস্তা জেলাবোর্ডের আওতায় রয়েছে। এই রাস্তাগুলি মেরামত করার মত অর্থ জেলাবোর্ডের কোথায়? কোন কোন জেলাবোর্ডে ডিস্ট্রিক্ট ইঞ্জিনীয়ার, ওভারসিয়ার এবং সাব-ওভারসিয়ার আবশ্যকমত নাই। তার কারণ পুরানো আইন অনুযায়ী যেরকম কোয়ালিফায়েড এবং এক্স-পিরিয়েন্সড এইসব টেকনিক্যাল হ্যান্ডস জেলাবোর্ডে রাখা নিয়ম তা রাখতে গেলে অনেক বেশি টাকা মাইনা, মাগ্‌গী ভাতা ইত্যাদিতে দিতে হবে। এদিকে সরকারও কম অভিজ্ঞ লোক রাখার পক্ষপাতী নয়।

জেলবোর্ডের পরিচালনাধীনে কিছু কিছু দাতব্য চিকিৎসালয় আছে কিন্তু অর্থের কৃচ্ছ্রতা হেতু এইসব দাতব্য চিকিৎসালয়ে যত ঔষধ ইত্যাদি দেওয়া আবশ্যক তা দেওয়ার জেলাবোর্ডের ক্ষমতা কোথায়? এসব বিষয়ে সম্ভবমত ব্যবস্থা করার জন্য আমি স্বায়ত্তশাসন বিভাগের এবং অর্থমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

এর পরে কিছু কৃষি এবং সেচের কথা বলব। কৃষি সম্বন্ধে উভয় পক্ষের অনেক বক্তাই অনেক কিছু বলেছেন। সুতরাং তার পুনরাবৃত্তি ক'রে সময় নষ্ট করতে চাই না। তবে কৃষিবিভাগের সমস্ত কাজের জন্য একটু তৎপর হবার জন্য কৃষি বিভাগীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করি। কারণ দেখা যায়, আলুর বীজ এবং সারগুলি উপযুক্ত সময় অপেক্ষা অনেক দেরিতে দেওয়া হয়, ঠিক সেইরূপ কৃষিঋণ এবং অন্যান্য বীজ সময়মত চাষীরা পান না, তার ফলে বীজ ইত্যাদি কাজে লাগে না এবং কৃষিঋণের টাকাগুলি চাষের খরচের পরিবর্তে অন্যান্য বাবতে খরচ হয়ে যায়।

এ বৎসর সমগ্র জঙ্গীপাড়া থানা এলাকায় এবং চণ্ডীতলা ও হরিপাল থানার কোন কোন অংশে আদৌ ধান চাষ হয় নি। এর কারণ অনাবৃষ্টি এবং সময়মত সেচবিভাগ কর্তৃক জল-সরবরাহের অক্ষমতা। জঙ্গীপাড়া থানা এলাকায় কোন কোন স্থানের অধিবাসীদের সহিত জলসরবরাহের চুক্তি ছিল এ বৎসর সেসব স্থানেও জল দেওয়া হয় নি। ফলে ঐসব এলাকার মধ্যবিত্ত এবং চাষী শ্রেণীকে যথেষ্ট দুর্ভোগ ভোগ করতে হচ্ছে। আগামী ধান চাষের সময় যাতে এইসব এলাকায় সময়মত নিয়মিত জল পেতে পারে কোন অসুবিধা না হয় তার প্রতি লক্ষ্য রাখবার জন্য আমি সেচমন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

আমি আর দুই একটি কথা বলব। আমাদের দেশে কিছুই হচ্ছে না একথা বলা ঠিক হবে না। কারণ গত কয়েক বছরে বিভিন্ন পর্যায়ের বহু নূতন স্কুল এবং কলেজ প্রতিষ্ঠিত হয়েছে এবং এর জন্য সরকারকে প্রচুর অর্থব্যয় করতে হচ্ছে।

[7-20—7-30 p.m.]

বহু স্কুলের মান উন্নয়ন করা হয়েছে। তবে একথাও ঠিক, আরও বহু শিক্ষা প্রতিষ্ঠান আছে যার কর্তৃপক্ষরা সেই শিক্ষা প্রতিষ্ঠানের মান উন্নত করতে চাইছেন, কিন্তু সব ক্ষেত্রে সরকারের পক্ষে উন্নত করা সম্ভব হয় নাই। তার বহু কারণ আছে। যেমন, সেই শিক্ষা প্রতিষ্ঠান আপগ্রেড করবার উপযুক্ত নয়, কিংবা সরকারের বরাদ্দ টাকার মধ্যে ব্যয় সঙ্কুলান হবে না। এ ছাড়া আরও অন্য কারণ থাকতে পারে।

অনেক ক্ষেত্রে দেখা গেছে, যেসব মাল্টিপারপাস স্কুল হয়েছে তাদের যে উপযুক্ত শিক্ষকের দরকার কিন্তু তা পাওয়া যাচ্ছে না। তার ফলে উপযুক্ত টেকনিক্যাল হ্যান্ডস আগে যোগাড় না ক'রে কাজ আরম্ভ করলে পরে সরকারকে অনেক সমালোচনার সম্মুখীন হ'তে হয়। অনেক ক্ষেত্রে দেখা গেছে হাসপাতালের বাড়ি তৈরি হয়েছে, কিন্তু উপযুক্ত ডাক্তার না পাওয়ায় হাসপাতাল আরম্ভ করা সম্ভব হয় নি। তাই অনেক সদস্য সমালোচনা ক'রে বলেন যে, বাড়িগুলো নষ্ট হয়ে যাচ্ছে। তাই সরকার নীতি নিয়েছেন যে, এন ই এস ব্লকের ভিতর হাসপাতাল, স্কুল, তৈরি হবে না, যতক্ষণ না যেসব উপযুক্ত লোক দরকার তা পাওয়া যাচ্ছে ততক্ষণ পর্যন্ত নতুন ক'রে এইসব জিনিস করা হবে না। কালকে শুনেছিলাম কোন কোন রাজনীতিক দলকে জনপ্রিয় করার জন্য বিভিন্ন জায়গায় মাল্টিপারপাস স্কুল করা হয়েছে। একথা ঠিক নয়। এইবার এন ই এস ব্লক সম্বন্ধে কিছু বলব। অনেক জায়গায় দেখা যাচ্ছে এন ই এস ব্লকের কাজ আরম্ভ করা হয়েছে কিন্তু সেখানে উপযুক্ত স্টাফ না থাকার জন্য তাদের কাজ ভালভাবে চলছে না। জাঙ্গীপাড়া এন ই এস ব্লকে দেখি সেখানে অনেকদিন থেকে ব্লক ওপন্ করা হয়েছে, কিন্তু যেসব লোক ও জিনিসপত্র দরকার তা পাওয়া যাচ্ছে না সুতরাং সেখানে কাজের অসুবিধা হচ্ছে। সেজন্য এইরকম জায়গায় উপযুক্ত লোক আগে ঠিক ক'রে কাজ আরম্ভ করলে ভাল হয়।

Sj. Jagadananda Roy:

মাননীয় স্পীকার মহাশয়, এই সাধারণ বাজেটের আলোচনার মাধ্যমে বিভিন্ন সদস্যেরা বিভিন্ন দিকে বিশেষভাবে আলোচনা করেছেন। এই বাজেটে পশ্চিম বাংলার সাধারণ মানুষের জীবনের প্রভাব দেখা গেল না। সরকারের সামগ্রিক অর্থনীতির পরিবর্তন না হওয়া পর্যন্ত কোথাও কোন সুফল সম্ভব নয়। এই সাধারণ বাজেটের আলোচনাকালে আমি দুই-একটি বিষয়ের প্রতি আমার বক্তব্য রাখব।

মাননীয় অর্থমন্ত্রী মহাশয় প্রথমেই তাঁর ভাষণে বলেছেন যে, এবার ভাল ধান হয়েছে এবং সরকার তার সাথে সাথে নতুন মূল্য নির্ধারণ নীতিও চালু করেছেন। কিন্তু প্রতিদিন শুনতে পাচ্ছি সর্বত্র ধানের অভাব। মাননীয় মন্ত্রিমহাশয় বাজেটে কিছু পরিসংখ্যান দিয়ে খাদ্য ফলনের কমবেশির গুরুত্ব বোঝাবার চেষ্টা করেছেন কিন্তু নিয়ন্ত্রণের আভাস না থাকায় বলতে বাধ্য হচ্ছি এই খাদ্যসমস্যা সম্বন্ধে জলপাইগুড়ি জেলায় কি অবস্থা হয়েছে তা চিন্তা করা যায় না। সে সম্বন্ধে একটা উদাহরণ দিতে চাই।

জলপাইগুড়ি জেলা খাদ্যশস্যে ঘাটতি জেলা। প্রতি বৎসর এই জেলায় খাদ্যসমস্যা মেটাবার জন্য বীরভূম, মেদিনীপুর, বর্ধমান ও পশ্চিম দিনাজপুরের কিছু অংশ থেকে ধান আমদানি করা হয় কিন্তু সরকারের নতুন নীতি বা মূল্য নির্ধারণ আইন করার ফলে সেইসব জায়গা থেকে চাল সরবরাহ করা মোটেই সম্ভব নয়। কারণ বিভিন্ন জেলায় বিভিন্ন দর বাঁধা হয়েছে এবং অন্যান্য জেলা থেকে সেই চাল এনে পোষাবে না। গ্রামের বহু লোক এবং জলপাইগুড়ি শহরের লোকেরা আমাকে বিশেষভাবে চিঠি লিখেছে এই হাউসে আসবার পর যে, খোলা বাজারে সরকার নির্ধারিত মূল্যে চাল কোথাও পাওয়া যাচ্ছে না। অনেকগুলি রাইস মিল জলপাইগুড়িতে আছে। ময়নাগুড়ি, ফলাকাটা প্রভৃতি জায়গায় এইসব রাইস মিলের মালিকেরা কিছুতেই ন্যায্যমূল্যে বা সরকার নির্ধারিত মূল্যে চাল ছাড়ছে না। তারা নিজেরাই 'হোলসেলার', ডিলার হয়ে প্রায়ই বেনামীতে চাল পাচার করছে এবং বেশি দামে স্থানীয় চা-বাগানগুলিতে সরবরাহ করার চেষ্টা করছে। যারা হোলসেলার এবং রিটেলার তাদের কাছে চাল চাইতে গেলে সেখান থেকে ১৭৷৷০ টাকা যেটা ১৬·২৫ নয়া পয়সা বার দাম—তাতে বেশি দামে কিনতে হয় এবং সেই চালের বস্তারও আলাদা দাম দিতে বাধ্য করে। সেই বস্তার দাম ৮১ নয়া পয়সা এবং তা পুনরায় এইসব মিলমালিকদের কাছে বিক্রি করে এবং প্রতিটি গ্রামে গিয়ে কৃষকদের কাছ থেকে উচ্চমূল্যে ধান নিয়ে মজুত করছে। আপনি তদন্ত করলে দেখতে পাবেন যে, এইসব ফরবারীর কাজ বেনামীতেই বেশি, তাদের লেখালেখির বালাই নেই কারণ সরকারকে লেভি প্রথার জন্য চাল ২৫ ভাগ দিতে হবে কিন্তু এইসব বেনামের কারবারে হিসাবপত্র ঠিকরকম ব্যবস্থা না থাকার ফলে সরকারকে সেটা ফাঁকি দিচ্ছেন এবং এই ২৫ ভাগ চাল নেওয়ার জন্য যে অফিসারকে নেওয়া হয়েছে সেই অফিসারও অনেক সময় অনুপস্থিত থাকেন এখন

কথা হচ্ছে, এইভাবে স্থানীয় বাজারগুলিতে বেশি দাম দিয়ে চা'ল কিনে অন্যের বেনামীতে সেই চা'ল অন্যত্র মজুত করে, এতে সেখানে কৃত্রিম অভাবের সৃষ্টি হয়েছে এবং সেখানকার জনসাধারণ হাহুতাশ ক'রে দিন কাটাচ্ছে। এজন্য সরকার থেকে বিশেষ ক'রে ন্যায্যমূল্যের দোকান খোলার চেষ্টা করা উচিত। এই হাউস আরম্ভ হওয়ার সময় মাননীয় মন্ত্রিমহাশয় বলেছিলেন যে, ন্যায্যমূল্যের দোকানে রেশন কার্ড মারফত চা'ল দিতে পারবেন। আমার বক্তব্য —মিলমালিকদের কাছ থেকে ২৫ পারসেন্ট নেওয়ার পর বাকি ৭৫ পারসেন্ট যা মিলমালিকদের কাছে রইল সেটা কি তাঁরা ন্যায্যমূল্যে বিক্রি করতে পারবেন? আমি সেইজন্য সরকারকে অনুরোধ করি যে, সম্পূর্ণটাই লেভি প্রথায় নেওয়া উচিত এবং রিটেলারের মাধ্যমে বিক্রি করুন।

বিশেষ ক'রে একটা রাইস মিলের কথা বলব মেটাল ব্রাদার্স রাইস মিল—ফলাকাটা থানার অধীন—সেটা একটা ইটভাঙার চালাঘর ছিল, সেখানে হাস্কিং মেশিন বসানোর পর কিছুদিন পরে দেখলাম সেই হাস্কিং মেশিন বিরাট রাইস মিলে পরিণত হয়েছে। আমি জানতে চাই, ভারত সরকার কর্তৃক এই চা'লকল নিয়ন্ত্রণ আইন করবার পরে নতুন ক'রে কেউ চা'লের কল করতে পারবে না। সুতরাং আমার জিজ্ঞাস্য হচ্ছে যে, এই মিলমালিক এই কল করবার অনুমতি কোথা থেকে পেলেন? এইভাবে আইন থাকা সত্ত্বেও দিন দিন যেভাবে বড় বড় চা'লের কল এবং হাস্কিং মেশিন গ্রামে বসানো হচ্ছে তাতে আমি মনে করি দেশের সর্বনাশ ডেকে আনা হচ্ছে, কারণ ঢেঁকি বন্ধ হওয়ায় বেকারির সৃষ্টি হচ্ছে।

[7-30—7-35 p.m.]

কৃষিখাতে যে টাকা বরাদ্দ হয়েছে সেটা আমি খুব কম ব'লে মনে করি এবং বছর বছর যে পরিমাণ টাকা খরচ হচ্ছে তাতে ক'রে আমি বিশেষভাবে জোর দিয়ে বলতে পারি যে, জলপাইগুড়ি জেলায় কৃষির এমন বিশেষ কিছু উন্নতি হয় নি। সেখানে ৫টা থানায় এন ই এস ব্লক করা হয়েছে। অধিকাংশ সময় এইসমস্ত ব্লকে অফিসার থাকেন না। এক একটা ব্লকের পেছনে ১২ লক্ষ ক'রে টাকা দেওয়া হয়। এইভাবে লক্ষ লক্ষ টাকা ছেড়ে দিলেই যদি সরকার মনে করেন যে, দায়িত্ব শেষ হয়ে গেল তা হ'লে আমি বলব যে, এর দ্বারা কিছুই হবে না। ব্লক অফিসের অফিসারের সঙ্গে জনসাধারণের বিশেষ যোগাযোগ থাকে না। তা ছাড়া যে পরিকল্পনাগুলি আছে তার মধ্যে যেমন কুয়া সম্বন্ধে ৭০০ থেকে ১,৩০০ টাকার মধ্যে ৪ কন্ট্রিবিউশন বাবত পাবলিককে দিতে হবে এবং ৫০ পারসেন্ট জনসাধারণকে দিতে হবে সেটা গ্রামের লোকের পক্ষে একেবারে অসম্ভব। আমি আর একটা জিনিস সম্বন্ধে আপনার কাছে অনুরোধ করব যে, উক্ত জেলায় যে পরিমাণে জমি খাস হয়েছে সেই খাস জমিতে কিছু কিছু ফার্ম তৈরি ক'রে সেখানে গ্রামীণ মধ্যশিক্ষায় শিক্ষিত যেসব যুবক ছেলেরা আছে তাদের সেখানে এগ্রিকালচারাল স্কুলের সুযোগ দেওয়া হোক।

Mr. Speaker: Before we rise today I may say something about timing tomorrow. I have made a rough calculation that tomorrow some Ministers—not all Ministers—will speak—at least four of them, namely, the Chief Minister, the Food Minister, the Education Minister and the Labour Minister and taking into account the recess the Ministers will take 2½ hours and if we sit till 8 o'clock the Opposition members will get 2½ hours. So, I would appeal to the members not to ask for time to complete their sentence or to add half a line as that would not work well. Those who will get additional time may feel happy over it but there will be those who will not get any time and they will be disgruntled and unhappy. So, please do not request me tomorrow for any time beyond the scheduled time. The House stands adjourned till 3 p.m. tomorrow.

Adjournment

The House was accordingly adjourned at 7-34 p.m. till 3 p.m. on Thursday, the 19th February, 1959, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Tuesday, the 19th February, 1959, at 3 p.m.

Present:

Mr. Speaker (the Hon'ble SANKARDAS BANERJI) in the Chair, 14 Hon'ble Ministers, 10 Deputy Ministers and 211 Members.

[3—3-10 p.m.]

Adjournment motion

Sj. Satyendra Narayan Mazumdar: Sir, I am reading out my adjournment motion which you have disallowed. It runs as follows:

"This Assembly do now adjourn to discuss a matter of urgent public importance and of recent occurrence, viz., the illegal and forcible seizure of paddy from the tillers of lands vested in the Government by the previous owners of these lands in the Siliguri subdivision."

A large number of cases have occurred very recently.....

Mr. Speaker: Do not read the statement.

General Discussion of the Budget for 1959-60.

Sjta. Manikuntala Sen:

মাননীয় সভাপতি মহাশয়, বাজেট আলোচনার মারফত সরকারের সামনে কলকাতা মহানগরীর নানাবিধ সমস্যার কথাই আমি তুলে ধরতে চাই। কলকাতার নানাবিধ সমস্যার কথা সকলেই জানেন। আমরা আশা করেছিলাম এই বাজেটে তার সমাধানের জন্য কিছু কিছু প্রস্তাব থাকবে। কিন্তু বরাবরের মতো এবারও আমরা এই বিষয়ে হতাশ হয়েছি। বহু শতাব্দীর ইতিহাসেরা গৌরব ও ঐতিহামণ্ডিত এই কলকতা শহর শুধু পশ্চিম বাংলার নয়, সমগ্র ভারতের গর্বের বিষয়। কিন্তু বর্তমানকালে এই সহরে বাস করাই একটা কঠিন সমস্যা হয়ে দাঁড়িয়েছে। কলকাতার রাজনৈতিক, অর্থনৈতিক গুরুত্ববৃদ্ধির সঙ্গে সঙ্গে এখানকার লোকসংখ্যাও পূর্বাপেক্ষা অনেক বেড়ে গিয়েছে, কিন্তু তার সঙ্গে তাল রেখে বাড়ে নি এখানে বাস করার জন্য দৈনন্দিন জীবনযাত্রার উপকরণ এবং অন্যান্য আনুষঙ্গিক ব্যবস্থাদি। প্রথমেই বলা যেতে পারে বাসগৃহের অভাবের কথা। দ্বিতীয়টা হ'ল পানীয় জল। এই দু'টো জিনিসই এই কলকাতা সহরে হাতে আকাশের চাঁদ পাওয়ার মতো দুষ্প্রাপ্য বস্তু হয়ে উঠেছে। অদূর ভবিষ্যতে এই কলকাতার বুকের উপর থেকে রকেটে করে চাঁদের বুকে যাবার সম্ভাবনা হয় তো হতে পারে, কিন্তু বাসগৃহ ও পরিষ্কৃত জল এই কলকাতা সহরে ক্রমেই দুর্লভ হয়ে উঠছে। এই মহানগরীর সমস্যা সমাধান নিয়ে মাঝে মাঝেই নানা রকম পরিকল্পনার কথা শুনতে পাওয়া যায়—এমন কি মুখ্যমন্ত্রী মহাশয় পর্যন্ত Slum clearance, salt lake reclamation ইত্যাদি কথা বলে আমাদের আশ্বস্ত করেন, কিন্তু কলকাতার অবস্থা যথাপূর্বং তথা পরম। এই অবস্থাই যে শুধু থেকে যাচ্ছে তাই নয়, প্রতি বৎসর সমস্যা বেড়েই যাচ্ছে। বস্তি এলেকায় পানীয় জলের অভাবের কথা এবং সেখানকার নরকসদৃশ ড্রেনের কথা আজ প্রবাদ বাক্যের মতোই হয়ে দাঁড়িয়েছে। সামান্য এক পশলা বৃষ্টি হলে এই মহানগরী কলকাতার এমন কি বড় বড় রাস্তায়ও জল জমে গিয়ে যে অবস্থার সৃষ্টি হয় তাতে বাস্তবিক লজ্জা পাওয়ার কথা। ট্রাম, বাস-এ যে জঘন্য ভীড় ও ঠেলাঠেলি সব সময় এবং বিশেষ করে অফিস টাইমে দেখা যায় তা এই মহানগরীর পক্ষে সত্যিই সম্মানহানিকর। হাউসিং সমস্যার সমাধান, ফুট পাথের অবস্থার

উন্নতি, ট্রাম, বাস-এর সংখ্যাবৃদ্ধি করা ছাড়া কলকাতায় শান্তিপূর্ণ সভ্য জীবন যাপন করার কথা ভাবা যায় না। তার উপর আবার আছে প্রতি বছর কলেরা ও বসন্তের আক্রমণ। শীতের পর যেমন বসন্ত আসে তেমনি কলকাতা সহরে প্রতি বৎসর বসন্ত ও কলেরার আবির্ভাবও একটা প্রাকৃতিক নিয়ম হয়ে দাঁড়িয়েছে। এই দুটো রোগ পৃথিবীর অন্যান্য সভ্য দেশ ঝেঁটিয়ে বিদায় করেছে; কিন্তু এই কলকাতায় প্রতি বৎসর কম করে হলেও অন্ততঃ দু' হাজার লোক এই সব রোগে প্রাণ দিয়ে থাকে। তারপর, কলকাতার স্বাস্থ্যকর আবহাওয়া ও মানের কথা না বলাই ভাল। একটা স্টেডিয়াম তৈরি করার জন্য বোধ হয় এক লক্ষ কথার বেশি বলা হয়ে গিয়েছে। কলকাতার খেলাধুলোর ব্যবস্থা ফাটকা বাজারের মত হতে বসেছে। আজ পর্যন্ত একটা জাতীয় নাট্যশালা তৈরি হল না, যে কারণে শিশির ভাদুড়ী মহাশয় ভারত-সরকার প্রদত্ত খেতাব পর্যন্ত প্রত্যাখ্যান করলেন। এই কংগ্রেসী শাসনের সর্বশেষ আশীর্বাদরূপে কলকাতার মধ্যবিত্ত নাগরিকদের আরেকবার বাস্তুচ্যুত করবার চমৎকার ব্যবস্থা হয়ে গিয়েছে। কলিকাতা কর্পোরেশনের নতুন ভ্যালুয়েশনে কলিকাতার বাসিন্দাদের তাদের পৈত্রিক বাসগৃহ রক্ষা করাই অসম্ভব হয়ে পড়েছে, কেন না নতুন ভ্যালুয়েশন-এ বাড়ির ট্যাক্স ৩০০।৪০০ পারসেন্ট বেড়ে গিয়েছে—এই ধরনের ট্যাক্স বৃদ্ধিকে পাগলামি না হয় শয়তানি ছাড়া আর কিছু আমি কল্পনা করতে পারি না। একটা বাড়ির ট্যাক্স যেখানে ছিল ৪২ টাকা সেটা বেড়ে হয়েছে ১২৫ টাকা। সহরের সিনেমা হাউসগুলির বেলায় কিন্তু অন্য ব্যবস্থা হয়েছে—আমি এখানে তার একটা অ্যাপ্রক্সিমেট হিসাব দেব রাফ ফিগারে কিভাবে সিনেমাগুলির ট্যাক্স ধার্য হয়েছে নতুন মিউনিসিপ্যাল আইনে—মেট্রো সিনেমার ওল্ড অ্যাসেসমেন্ট ছিল ৬৪ হাজার, নতুন অ্যাসেসমেন্ট হ'ল ৪০ হাজার, রক্সি সিনেমা হলের আগে ছিল ৭৪ হাজার, বর্তমানে হয়েছে ৩৪ হাজার, রিগ্যালের ভ্যালুয়েশন ছিল ১৮ হাজার, বর্তমানে ৫ হাজার, মিনার্ভার আগে ছিল ৪৪ হাজার, বর্তমানে ভ্যালুয়েশন ৩০ হাজার—দেখুন কি হারে ট্যাক্স কমে গিয়েছে এঁদের অপূর্ব মিউনিসিপ্যাল অ্যাক্টএর কল্যাণে। শুধু তাই নয়, বড়বাজারের বাড়ীগুলির ট্যাক্স বাড়ে নি, কারণ না কি তাদের রেন্টাল বেসিস অ্যাসারটেন করা যায় নি। কেউ ভাতিজার নামে, কেউ ভাগ্নের নামে বেনাম ক'রে রেখেছে বলে না কি কে রেন্ট দেবে আর কে দেয় না তা নাকি অ্যাসারটেন করা যায় নি, সেইজন্য ওখানে ট্যাক্স বাড়ে নি। প্রসঙ্গত একটা কথা বলা দরকার যে, বড়বাজার থেকে শ্রী জালান নির্বাচিত। কলকাতা মিউনিসিপ্যাল আইনের ১৬৮নং ধারায় এই ধরনের ব্যবহার আমরা কোন দিন কল্পনার মধ্যেও আনতে পারি না। তাই আমি বলছিলাম যে, কলকাতার বাসিন্দাদের বাস্তুচ্যুত করবার এক চমৎকার পাকাপাকি ব্যবস্থা হয়ে গিয়েছে। এ নিয়ে আমরা ডাঃ রায়ের সঙ্গে দেখা করতে গিয়েছি—মিঃ জালানের সঙ্গে দেখা ক'রে তো লাভ নেই, তিনি তো শিবনেত্র হয়ে ব'সে থাকেন—এই ধারা পরিবর্তন করবার জন্য ডেপুটেশনের পর ডেপুটেশন গিয়েছে, মেমোরান্ডামের পর মেমোরান্ডাম দেওয়া হয়েছে, তিনি কোন দিন জবাব পর্যন্ত দেন নি। তিনি শুধু বলেছেন, ক্যালকাটা কর্পোরেশন স্বায়ত্তশাসন প্রতিষ্ঠান, ওখানে আমার বলার কিছু নাই। আমি যে ওয়ার্ড থেকে নির্বাচিত হয়েছি সেই ৭০নং ওয়ার্ড থেকেই ৫৩৯টি দরখাস্ত করা হয়েছে; আমি জানতে চাই এই স্বায়ত্তশাসন প্রতিষ্ঠান কলিকাতা কর্পোরেশনে এই ধরনের অরাজকতা আর কতদিন চলতে দেওয়া হবে। এই আইনের সংশোধন করে তাঁরা সাধারণ মানুষকে রিলিফ দেবার কোন ব্যবস্থা করবেন কি না বলুন। এতেই শেষ নয়, এই কলিকাতা সহরে গুন্ডামি, রাহাজানি তো লেগেই রয়েছে। এই নিয়ে পুলিশের গিয়েও কোন লাভ নাই। কারণ পুলিসই এর মধ্যে জড়িত আছে—উল্টো যে কিছু বলতে যাবে তার হয়রানি এমন কি জেল হয়ে যাবে। এই নিয়ে কলকাতার মানুষ বিপন্ন হয়ে উঠেছে—তার উপর এই ব্যাপারে বাইরে তাদের উপর গালিবর্ষণ করবার লোকেরও অভাব হয় না। তাঁরা দিল্লীর মানুষ—তাঁরা কি করে কলকাতার মানুষের ব্যথা বুঝবেন? কিন্তু আমাদের মন্ত্রিবর্গ তো কলকাতায় বাস করেন, কলকাতায়ই তাঁরা মানুষ হয়েছেন—তাঁরা এই কলকাতার অবস্থা একটু উপলব্ধি করবেন না এটা আশা করা যায় না, কিন্তু তাঁরা এটা বোঝেন কি না রাজ্যপালের বক্তৃতা থেকে তা বুঝা গেল না। কলকাতার সর্বাঙ্গীণ উন্নতি তো দূরের কথা, তার যে সব সমস্যা রয়েছে সেগুলির সমাধানের জন্যও এই বাজেটে কোন প্ল্যান নাই, তার জন্য কোন টাকা নাই—এবং এই কথা বলেও কোন লাভ নাই। কারণ, বোঝা যাচ্ছে না যে, কলকাতার সমস্যা সমাধানের দায়িত্ব কার—এ দায়িত্ব কি রেটপেয়ার সিটিজেনদের, না এতে সরকারেরও দায়িত্ব আছে?

[3-10—3-20 p.m.]

কারণ বোঝা যাচ্ছে না এই কলকাতার যে বৃহৎ সমস্যা; তার সমাধানের দায়িত্ব কার? দায়িত্ব কি তাঁদের, রেটপেয়ারদের, সিটিজেনদের, না সরকারেরও দায়িত্ব আছে? এইটা আমি জিজ্ঞাসা করি। কর্পোরেশনকে দোষ দিয়ে কোন লাভ নেই, কারণ সেখানে কংগ্রেসের শাসন, ও কংগ্রেসের নেতৃত্ব রয়েছে। এখানে আজ পর্যন্ত অ্যাডাল্ট ফ্রানচাইস দেন নি। সমস্ত জগতের কাছে এবং ভারতের অন্যান্য প্রদেশের কাছে কলকাতাবাসীর মাথা হেঁট হয়ে যায়। কলকাতার এই অ্যাডাল্ট ফ্রানচাইসের প্রস্তাবটা আমরা প্রত্যেক বছর রুটিনের মত এখানে নিয়ে আসি এবং ওতরফের লোকেরা সেই প্রস্তাবের বিরুদ্ধে ভোট দিয়ে যান নির্লজ্জের মত। আমার বলতে লজ্জা হয় আজ পর্যন্ত আমাদের এখানে অ্যাডাল্ট ফ্রানচাইসের ব্যবস্থা হ'ল না, আমাদের প্রাপ্তবয়স্ক লোকদের ভোট দেবার অধিকার নেই। এই অবস্থায় আজ কর্পোরেশনের শাসনক্ষমতা নিরঙ্কুশভাবে কংগ্রেসের হাতে আছে। কলকাতার এই সর্বাঙ্গীণ সমস্যা সমাধানের দায়িত্ব কার? আজকে সমস্যা শুধু কলকাতার সামনেই নিবদ্ধ নেই। পার্শ্ববর্তী শিল্পাঞ্চল নিয়ে যে বৃহত্তর কলকাতা গঠনের সমস্যা, সেই সমস্যা সমাধানের জন্য প্ল্যান কোথায়, চিন্তা কোথায়, টাকা কোথায়? এই বাজেটে তার জন্য ব্যবস্থা নেই। আমি মধ্যবিত্ত বাঙালী শিক্ষিত বেকারের কথা তুলছি না, এখানকার স্বল্প আয়ের মানুষ যারা মূল্য বৃদ্ধির জন্য কষ্ট পাচ্ছে, তাদের আর্থিক অবস্থার কথাও তুলছি না, কারণ এই সমস্ত কথা বলতে গেলে রাজনীতি উঠবে। স্টেট সেক্টর ভার্সাস প্রাইভেট সেক্টরস-এর কথা উঠবে, সমাজতন্ত্র ধনতন্ত্রের কথা উঠবে। কিন্তু মানুষকে বাঁচতে গেলে যেসমস্ত প্রয়োজনীয় জিনিসের দরকার—যেমন পানীয় জল, আলো, বাতাস প্রভৃতির ব্যবস্থা সরকার যদি না করতে পারেন তা হলে সরকারের এই কাঠাম বজায় রাখার কি অর্থ হতে পারে? এই সকল সমস্যা সম্বন্ধে বেশি বলার প্রয়োজন নেই। আমি শুধু দুটা বিষয় উল্লেখ করবো। হাউসিং সমস্যার দিকে দেখুন। কলকাতার বাইরের লোকেরা বিশ্বাস করতে পারে না যে এখানকার অধিবাসীদের মধ্যে ৫১ পারসেন্ট বাস করে কাঁচা বাড়ীতে। এই কলকাতার সৌধমালা দেখে কেউ কি বিশ্বাস করতে পারেন যে ৫১ পারসেন্ট ফ্যামিলি এখানে কাঁচা বাড়ীতে বাস করেন? এই কলকাতা নগরীর সৌধমালার মধ্যে থেকে ৩০ স্কোয়ার ফুট একটা কাঁচা রুমে স্ত্রী-পুত্র নিয়ে জীবন যাপন করেন। এখানে প্রতি বছর এই হাউসের প্রবলেম নিয়ে চেঁচামেচি করা হয়, চীৎকার করা হয় কিন্তু তার সমাধান হয় না। আজ ১১ বছর ধ'রে কংগ্রেস-সরকার হাউসিং সম্পর্কে মাত্র ৮০০।৯০০টি টেনামেন্ট করেছেন তার চেয়ে বেশি নয়। সেকেন্ড ফাইভ-ইয়ার প্ল্যানে কি হবে জানি না, থার্ড ফাইভ-ইয়ার প্ল্যান শেষ হলেই বা কি হবে এই হাউসিং সম্পর্কে তা জানি না। কিন্তু আজ পর্যন্ত তাঁরা ৮০০।৯০০টি টেনামেন্ট ফ্ল্যাটের বেশি করতে পারেন নি। এবং এও যা করেছেন, তাও সি আই টি ও গভর্নমেন্ট মিলে করেছেন।

যানবাহনের কথা বলে লাভ নেই। যাঁরা মোটরগাড়িতে চলাচল করেন, তাঁরা ভাগ্যবান। তাঁদের কথা আলাদা। কিন্তু যাঁরা বাসে ধস্তাধস্তি করে বা ঝুলতে ঝুলতে যান, তাঁদের অবস্থা একবার চিন্তা করে দেখুন। আমি জিজ্ঞাসা করি বাসের সংখ্যা কেন আরও বাড়ান হচ্ছে না? সার্কুলার রেলওয়ে হবার কথা ছিল, তা কি হল? ১০ লক্ষ টাকা খরচ হয়ে গেল তার তদন্তের জন্য, কিন্তু তারপর আর সে সম্পর্কে কোন ব্যবস্থা অবলম্বন করা হয় নি। এ সম্পর্কে কেন্দ্রীয় সরকারের উপর আমাদের পশ্চিমবাংলা সরকার কতখানি চাপ দিচ্ছেন জানি না। তারপর জল সরবরাহের কথা বলে লাভ নেই। এটা কলকাতার পক্ষে সর্ববৃহৎ কলঙ্ক। আমাদের লজ্জায় মাথা নেমে যায়, এমন কি ডিরেক্টরের কাছে কড়া মন্তব্য শুনতে হয়। শুধু জল সরবরাহের কথাই নয়, এই জল সরবরাহের সঙ্গে নানান রোগের বীজাণু সরবরাহ হচ্ছে; এমন চমৎকার ব্যবস্থা পৃথিবীর আর কোথাও নেই। এই জল ব্যবহার করে ৬০ পারসেন্ট ফ্যামিলির অসুখে ভুগতে হয়, অথচ এই জল পরিষ্কার করবার জন্য কোন ব্যবস্থা নেই। ওঁদের এমন চমৎকার জলের ব্যবস্থা যে, একটা টিউব-ওয়েল থেকে ৫০০ হাজার জন লোক জল নেবেন এবং ভাগ্যবান ফ্যামিলি যার ঘরে একটি ট্যাপ আছে।

আন্ডার গ্রাউন্ড পাইপ প্রতি বছর কন্টামিনেটেড হয় সেটা বাঁচাবার ব্যবস্থা অত্যন্ত জরুরী হয়ে উঠেছে, কিন্তু সরকার নীরব, ও সম্বন্ধে কোন চেতনা আছে বলেই মনে হয় না। পাম্পিং বসান দরকার, নতুবা জল দেওয়া যায় না, গপ্পা ব্যারেজ হাতে নিয়েছেন এবং ওই গপ্পা ব্যারেজ না হলে

গঙ্গার জল পরিষ্কার পাওয়া সম্ভব নয়। গঙ্গা ব্যারেজের প্রস্তাব বহুদিনকার প্রস্তাব—শুধু তার অভাবে কলকাতার পানীয় জলের অব্যবস্থা রয়েছে তা নয়। জল নোনা হয়ে যাচ্ছে, পশ্চি বাংলার প্রাণকেন্দ্র কলিকাতা পোর্ট পর্যন্ত নষ্ট হয়ে যাচ্ছে। আমাদের মুখ্যমন্ত্রী পশ্চিমবঙ্গে গ্রামাঞ্চলে নতুন প্রাণস্পন্দন লক্ষ্য করেছেন, কিন্তু সারা পশ্চিমবাংলার ধমনীতে রক্ত চলাচলের একটিমাত্র পোর্ট কলিকাতা পোর্ট, সেই পোর্ট বন্ধ হয়ে গেলে সকল দিকেই যে প্রাণস্পন্দন যে যাবে সেটা কি ভেবে দেখেছেন? তিনি তো নির্বাক রয়েছেন।

তারপর আর একটি কথা বলতে চাই। বিশ্বাস করবেন কি যে ৫০ হাজার খাটাল পায়খ আছে এই কলিকাতা মহানগরীর বুকে? ৫০০ মাইল খোলা ড্রেন এই কলকাতাতেই আ ময়লা জল সেখানে পড়ে, থকথকে কাদায় ভর্তি আর রাশি রাশি আবর্জনা জমে এমন অবস্থ সৃষ্টি হয়ে আছে যে সে এক বীভৎস ব্যাপার। আন্ডার গ্রাউন্ড পাইপ আছে—সেখানে এক ই বৃষ্টি হলেই কলকাতা সহর ডুবে যাবার অবস্থা হয়।

হেলথ সেন্টার বা হাসপাতালের কথা বলে কোন লাভ নেই। কিছু কিছু বড় বড় হাসপাত আছে, কিন্তু তার আউটডোরে ঢুকলে মনে হবে গড়িয়াহাটা মার্কেটে ঢুকেছি—যেখানে হাজ বেডের ব্যবস্থা সেখানে দেড় হাজার রোগী ঢোকান হয়, এক-একটি নার্সের উপর ৫০-৬০ রোগীর তদারকের ভার থাকে। সেখানে তাকে হাসপাতাল বলব না পিঞ্জরাপোল বলব? এখ প্রশ্ন হচ্ছে এই সমস্ত কাজ করা হবে, কিন্তু টাকাটা কোথায় পাওয়া যাবে? কলকাতার এই সবগু সমস্যা সমাধানের জন্য শুধু কি রেট-পেয়ারদের উপর নির্ভর করতে হবে? কেন্দ্রীয় সরকারে কি দায়িত্ব নেই? শুনেছিলাম টাকা দেওয়া হবে, কিন্তু কোথায় সেই টাকা এখনও পর্যন্ত জানি এবং সবচেয়ে যেটা ক্ষোভের বিষয় তা হল যে কেন্দ্রীয় সরকার কলকাতা থেকে ইনকাম ট্যাক্স বে বিগেস্ট পার্ট, কিন্তু কলকাতাকে ফেরত দেন এগার পারসেন্ট। বোম্বে ১৬ পারসেন্ট আর ইউ তার চেয়েও বেশি পায়। এঁরা এ বিষয়ে কেন্দ্রীয় সরকারকে কিছু বলেছেন কি না জানি কিন্তু আজ পর্যন্ত তো কোন কিছুই দেখতে পাচ্ছি না। এদিকে কর্পোরেশনের যাবতীয় সো অব ইনকাম রাজ্যসরকার নিজে নিয়ে বসে আছেন। কর্পোরেশনের আয় কোথা থেকে হবে শুধু রেট-পেয়ার্সদের মারফতে হবে কি? সেজন্যেই কি বাড়ীর অ্যাসেসমেন্ট বাড়ান হচ্ছে এই যদি হয় কি করে কলকাতার সমস্যার সমাধান হবে এবং কর্পোরেশনের বহুবিধ সমস্যার কি করে সমাধান হতে পারে? আমি শুধু কলকাতা কর্পোরেশনের সোর্স অব ইনকাম সম্বন্ধে বলছি না—সমস্ত মিউনিসিপ্যালিটিজ সম্বন্ধেও আমার বক্তব্য। পশ্চিম বাংলার মিউনিসিপ্যালিটি গুলির অবস্থা অত্যন্ত সঙ্কটের মুখে; কারণ, কোন মিউনিসিপ্যালিটির এত টাকা আয় হয় যে, তাদের যাবতীয় সমস্যার সমাধান করতে পারেন। সেজন্যে সমস্ত মিউনিসিপ্যালিটিজএ অর্থ-সংস্থানের কিছু দায়িত্ব যদি রাজ্যসরকার গ্রহণ করেন তা হলে কর্পোরেশনের পক্ষে বা এ সমস্ত মিউনিসিপ্যালিটিজএর পক্ষে তাদের দায়িত্ব পালন করা একটু সহজসাধ্য হতে পারে আমি তাই রাজ্যসরকারকে জিজ্ঞাসা করতে চাই তাঁরা এই সমস্যার সমাধান সত্যিই করতে চান সমস্যা বিরাট—সমাধান খুব দ্রুত করা হয় তো কষ্টসাধ্য, কিন্তু যতটুকু করা যায় সেইটুকু করব অন্ততঃ ব্যবস্থা করুন। ১৯৫১ সালের মিউনিসিপ্যালিটিজ আইন পরিবর্তন করার কথা অনে হয়েছে, তার কিছু ধারা যদি বদলানো যায় তা হ'লে বাসস্থান, জল, পায়খানা, ড্রেন এগুলির এক উন্নত ব্যবস্থা করা সম্ভব হ'ত, তা আজ পর্যন্ত হয় নি। আজকে এই হাউসএ একটা প্রতিশ্রুতি দিতে জালান সাহেবকে বলব এবং মুখ্যমন্ত্রীকেও বলব যে, তাঁরা এই ১৯৫১ সালের আ পরিবর্তন ক'রে কিছু করবেন। এর সঙ্গে যদি টিউব-ওয়েল ক'রে দেন তা হ'লে জলসরবরাহে ব্যবস্থায় কিছুটা সুবিধা হ'তে পারে। বৃহত্তর কলকাতা গঠনের একটা বড় প্ল্যান যদি তাঁ সাহস করে না নিতে পারেন তা হলে এরকম ছোট ছোট প্ল্যানএ কি হবে? ডক্টর রায় কল্যাণী সহর করতে চেয়েছিলেন, সল্ট লেক করছেন, কিন্তু এসবে কিছু হবে না, সল্ট লেক শেষ পর্যন্ত আর একটি কল্যাণী না হয়ে দাঁড়ায়; সে আশঙ্কা পরিপূর্ণ রয়েছে। একমাত্র নর্থ সল্ট লে ক'রে শোনা যাচ্ছে ২৪ হাজার একর জমি উদ্ধার করা যাবে—খরচ হবে ৫৮ কোটি টাকা এ সেখানে দেড় লক্ষ মত লোককে বসান যাবে।

[3-20—3-30 p.m.]

তাতে করে এই কলিকাতার সমস্যা সমাধান করা যাবে না। একটা কেন এই রকম দুইটি সল্ট লেকের উদ্ধার করলেও কলিকাতার সমস্যার সমাধান হবে না। কারণ কলিকাতার চতুষ্পার্শ্বে যে সমস্ত লোক সমাগম হয়েছে, তাতে কলিকাতা নিজে নিজেই বেড়ে যাচ্ছে। কোন চেষ্টা ব্যতিরেকে কলিকাতা নিজের গরজে টালিগঞ্জে বাড়ছে, উত্তরে বাড়ছে, দক্ষিণে বাড়ছে, পশ্চিমে বাড়ছে, পূর্বে বাড়ছে। সরকার বাড়ান নি বা কোন প্ল্যান মারফত বাড়ে নি, আনপ্ল্যান্ড ভাবে সমস্ত বেড়ে যাচ্ছে। এইগুলি যদি প্ল্যানের মধ্যে নিয়ে এসে, কলিকাতার শিল্পাঞ্চলকে নিয়ে বৃহত্তর কলিকাতা গঠন করা যায় তা হলে বাস্তবিকই আমাদের যে গর্বের বিষয় কলিকাতা, সেই কলিকাতাকে সত্যিকারের রূপ দেওয়া যাবে। এবং এই বৃহত্তর কলিকাতার জায়গার অভাব নেই। আমরা শুনেছি আপনাদের হাতে এই রকম একটা প্ল্যান আছে, যেটা দেওয়া হয়েছে ইঞ্জিনীয়ার্স অ্যান্ড আর্কিটেক্টস অ্যান্ড টাউন-প্ল্যানার্স অ্যাসোসিয়েশনের তরফ থেকে, একটা মাস্টার প্লান তারা দিয়েছে, তারা সেখানে সুপারিশ করেছে যে জায়গার জন্য কল্যাণীতে ছুটতে হবে না বা সল্ট লেক-এ এইভাবে টাকা ব্যবহার করবার দরকার নেই। তাঁরা বলেছেন যে, প্রায় উন্নত যে সমস্ত জায়গা কলিকাতার চারপাশে আছে, দমদম টালিগঞ্জ প্রভৃতি এলাকা সেখানে মানুষ বসবাস করছে, সেখানে যদি গঙ্গা ব্যারেজ বাঁধ করে জলনিকাশের সাধারণ ব্যবস্থাটুকু করে দেওয়া হয় তা হলেই সেই জমি উন্নত হবে। এবং এই জমিতে এমনিতেই মানুষ বসতি স্থাপন করেছে, বাস্তুহারারা বসতি স্থাপন করেছে সরকারের অর্থ না নিয়ে, নিজেদের চেষ্টায় নিজেদের সামর্থে তারা বসতি স্থাপন করে জমি উন্নত করে তুলেছে। সেই সমস্ত এরিয়াকে যদি প্ল্যানের মধ্যে নিয়ে আসা হয় তা হলে তাঁরা এই প্লানে বলছেন যে ২৭ হাজার একর জমি উন্নত করবার প্ল্যান তাঁরা নিতে পারবেন এবং এতে খরচ হবে ১০৪ কোটি টাকা। আমার মনে হয় এবং সকলেই এই কথা মনে করবেন যে সল্ট লেকের চেয়ে এই প্রস্তাব অনেক বেশি লোভনীয় এবং অনেক বেশি কম খরচে হতে পারে। বেশি লোকের বসতি এখানে হতে পারে এবং তারা বলছেন ১৭ লক্ষ নতুন লোকের বসতি দিতে পারবেন। সেখানে যে লোক আছে তার চেয়েও ১৭ লক্ষ নতুন লোকের বসতি করা সম্ভব হবে যদি সাধারণ জলনিকাশের ব্যবস্থা এবং একটু রাস্তা করা যায়, একটা বৃহত্তর পরিকল্পনার মধ্যে যদি নিয়ে আসা হয়। এটা নিয়ে আসতে শুধুমাত্র উৎসাহের প্রয়োজন একটু সাহসের প্রয়োজন। টাকার প্রয়োজন, কিন্তু টাকার অভাব নেই, টাকা পশ্চিমবঙ্গ-সরকারের নিজের আছে। কেন্দ্রীয় সরকারের কাছে আমাদের প্রাপ্য টাকা। এই সিটিকে বাড়াবার দায়িত্ব শুধু পশ্চিমবাংলা সরকারের নয়, এই সিটিকে নতুন করে গড়ে তুলবার দায়িত্ব কেন্দ্রীয় সরকারের ও পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে নিশ্চয়ই এই সহরকে সুন্দর করে গোড়ে তুলবার জন্য টাকা থাকা উচিত, এবং এই টাকা আমরা দাবী করতে পারি। পশ্চিমবঙ্গ-সরকার এখানে পরিষ্কার বলুন কেন্দ্রীয় সরকারের কাছে এই টাকা দাবী করে কলিকাতা সহরকে নতুন করে গড়বার প্রস্তাব তাঁরা গ্রহণ করবেন কি না? সমস্ত পাবলিক তাঁর পিছনে দাঁড়াবে, আমরা অপোজিশনও তাঁদের সঙ্গে থাকবো এবং থেকে এই কলিকাতাকে নতুন করে গড়ে তুলবার জন্য সমস্ত রকম সহযোগিতা দেবো। আমরা কমসেকম এই প্রস্তাব অন্ততঃ এখান থেকে নিই যে একটা এক্সপার্টস কমিটি করা হোক, সেই এক্সপার্টস কমিটি বিবেচনা করবে কি করে এই বৃহত্তর কলিকাতা নির্মাণ করা যেতে পারে, জলনিকাশের ব্যবস্থা, জল সরবরাহের ব্যবস্থা, ড্রেন, পাইপ, নর্দমার ব্যবস্থা, একটু আলোজলের ব্যবস্থা কি ক'রে করা যেতে পারে। এইসব কাজের জন্য একটা এক্সপার্টস কমিটি করা হোক। তাদের প্রস্তাব বিবেচনা করা হোক এবং অপোজিশনকে নিয়ে একসঙ্গে বসে চিন্তা ক'রে একটা প্ল্যান সাহসের সঙ্গে গ্রহণ করা হোক এবং তার টাকা সংগ্রহের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব রাখা হোক। এই প্রস্তাব এমন কিছু কঠিন জিনিস নয় যে তা প্রত্যাখ্যান করবেন। আমি আশা করি কলিকাতা নগরীর বাস্তবিক যে পুরানো ঐতিহ্য সেই ঐতিহ্য যদি বজায় রাখতে চান এবং কলিকাতা নগরীকে যদি তার মর্জাদায় প্রতিষ্ঠিত করতে চান তা হলে তাঁরা এই প্রস্তাব গ্রহণ করবেন এবং বৃহত্তর কলিকাতা নির্মাণে তাঁরা অগ্রণী হবেন।

Sj. Nishapati Majhi:

মাননীয় স্পীকার মহাশয় আমাদের অর্থমন্ত্রী মহাশয় বাজেটে যে কথা বলেছেন আমি সে কথাই আজ এখানে দৃঢ়ভাবে বলছি যে, এ রাজ্যের প্রতিটি কাজ দৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত

হতে চলেছে। সেজন্য কোন কোন ব্যক্তি এমন কি বিধানসভার মাননীয় সদস্য মহাশয়রা এমন কথা বলেছেন যে একই দলে ও একই মুখে দু রকম কথা শোনা যাচ্ছে। শ্রদ্ধেয় ডাঃ পি সি ঘোষ মহাশয় গেল বারে বলেছিলেন ডোল দিয়ে বাঙ্গালী জাতকে ভিখারী করে ফেলবেন না। আবার রায় চৌধুরী মশায় বক্তৃতা করছেন—সরকারের দিকে আঙ্গুল নির্দেশ করে বলেছেন—৩ কোটি ৮০ লক্ষ টাকা রিলিফ দিলেই হবে না—আমি সতর্ক করে দিচ্ছি এর চারগুণ টাকা ব্যয় করতে হবে। স্যার, একেই বলে একই দলের দু' রকম কথা এবং দু' রকম মুখ। বিরোধীদের সব কথার মূল কথা হয়েছে বাজেট ঘাটতি হয়েছে—ঋণের বোঝা বাড়ছে—জীবন নির্বাহের ব্যয় বৃদ্ধি হচ্ছে। এই সব একই কথা তারা ঘুরিয়ে ফিরিয়ে বলতে চেয়েছেন। স্যার, সূর্যের আলোকে জাল বোনাও চলে আবার ধান-ভানাও চলে। আজকে এরূপ রাজনৈতিক জাল বুনে যাঁরা বাজেট আলোচনা প্রসঙ্গে নানা মন্তব্য করতে চান আমি তাঁদের কাছে শুধু বিনীতভাবে এক নজরে যে কাজগুলি এ রাজ্যে দৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত হয়েছে সে কাজগুলি তুলে ধরছি। দ্বিতীয় পরিকল্পনার দু' বছরে আমাদের মোট ব্যয় হয়েছে ৪৭ কোটি ৫৭ লক্ষ টাকা। চলতি বছরে ৩৪ কোটি ৬ লক্ষ টাকা এবং ১৯৫৯-৬০ সালে ধার্য হয়েছে ৩৭ কোটি ৭০ লক্ষ টাকা। এখানে বহু কাজ আরও উল্লেখ করতে পারা যায়। কিন্তু একই কথা বার বার বলে নিজেদের গৌরব প্রকাশ করতে চাই না। শুধু এটুকু তুলে ধরতে চাই যে ১০০ গ্রাম নিয়ে ৬০ হাজার লোকের সর্বাঙ্গীণ উন্নতির জন্য সমষ্টির কল্যাণের আশায় আমাদের ১৩৫টি ব্লক স্থাপিত হয়েছে। ১৯৬৩ সালের মধ্যে সারা পশ্চিমবাংলার অধিবাসিগণ নিজেদের সর্বাঙ্গীণ উন্নতির জন্য নিজেরাই সম্বদ্ধ হবেন এই আশাই আজ আমরা পোষণ করছি। তাই আমাদের পক্ষে এখানে আজ আলোচ্য বিষয়, সর্বজনের কাছে এবং মাননীয় সদস্য মহাশয়দের কাছে, কি ক'রে সর্বাঙ্গীণ উন্নতি হ'তে পারে তার আলোচনা করুন। অযথা রাজনৈতিক জাল বুনবেন না এই অনুরোধ আমি এখানে বিনীতভাবে জানাচ্ছি। ইদানীং এই রাজ্যে ১৪টি বীজ খামার হয়েছে, আরও হবে। চাষীরা আজও ভাল বীজ পায় না, ভাল সার পায় না। আমরা এইভাবে সার ও বীজ দিয়ে অভাব পূরণ করছি কিন্তু আশানুরূপ এখনও ফল পাচ্ছি না। গোবর সার এবং আরও অন্যান্য যে সমস্ত সার আছে যা দিলে জমির উৎপাদিকা শক্তি বাড়ে, বেশি পরিমাণে চাষী ফসল ফলাতে পারে সেদিকে আমাদের সকলকেই যত্নবান হতে হবে।

[3-30—3-40 p.m.]

তারপর সেচের দিক দিয়ে দামোদর এলেকায় ৪ লক্ষ ৩০ হাজার জমিতে আর ময়ূরাক্ষী এলেকায় ৩ লক্ষ ১২ হাজার একর জমিতে সেচের ব্যবস্থা হয়েছে। কংসাবতীর কাজ চলছে। এইভাবে জলসেচ, দুর্গতসেবা, মৎস্য বিভাগ কর্তৃক সেচ এলেকায় এবং মৎস্যচাষ এলেকার প্রায় এক কোটি আঠার লক্ষ বিঘায় ১,৭০০টি পানীয় জলের উৎস নির্মাণ হয়েছে। উচ্চ বিদ্যালয় হয়েছে ১,৬৯৪টি। সর্বার্থসাধক বিদ্যালয় ৩৮৩টি হয়েছে। ১,৯০১টি হচ্ছে জুনিয়র বিদ্যালয়ের সংখ্যা। পঁচিশ হাজারেরও অধিক যুবক কারিগরী শিক্ষা লাভ করছে। ১,১০০ জন তফসিলী, আদিবাসী ও অনুন্নত হিন্দু আজ মহাবিদ্যালয়ে শিক্ষা লাভে সক্ষম হয়েছে। পশ্চিম বাংলায় এরা এক একটা গ্রামের এক প্রান্তে অবজ্ঞাত হয়ে পড়েছিল। সমাজেও কোন পরিচয় ছিল না। এই দশ-বার বছরের মধ্যে তাদের ভিতর থেকে যাঁদ ১,১০০ ছেলে উচ্চ শিক্ষা লাভের সুযোগ পেয়ে সুদক্ষ নাগরিক হতে পেরে থাকে—সেটা এ রাজ্যের পক্ষে নিশ্চয়ই গর্বের বিষয়। আজ আমরা এদিক থেকে দেখতে পাই কি? দেখতে পাই অধিকাংশ অনুন্নত শ্রেণীর ছেলে যারা স্কুলের দরজা পর্যন্ত যেতে পারত না তাদের অভিভাবকেরা টাকার অভাবে সন্তানদের শিক্ষা দিতে পারিতেন না। আজ কেন্দ্রীয় সরকারের তহবিল থেকে এবং পশ্চিমবাংলা সরকারের তহবিলে অর্থ দেওয়ার ফলেই তাদের শিক্ষা লাভের ব্যবস্থা হয়েছে। বাজেট আলোচনার প্রসঙ্গে বিরোধীরা এসব কাজের কথা এখানে তুলে ধরবার আবশ্যক বোধ করেন না।

আমরা জানি এই রাজ্যের বহুবিধ জটিল সমস্যা আছে। তার মধ্যে রাজ্যের খাদ্যাভাব একটা বড় দিক। সুতরাং এইসব সমস্যার কথা বিবেচনা করে আমি সাধারণভাবে সকলকে গঠনমূলক কাজের দিকে অগ্রসর হবার আহ্বান জানাচ্ছি।

আমাদের খাদ্য বিভাগের যদি পাঁচ বৎসরের হিসাব দেখেন তাহলে দেখতে পাবেন ১৩ কো ৮৮ লক্ষ টাকা এই পাঁচ বৎসরে ব্যয় হয়েছে। ফ্যামিন খাতের হিসাব যদি আলোচনা করা ব তাহলে দেখা যাবে—২৪ কোটি ৪৮ লক্ষ টাকা খরচ হয়েছে। কৃষি উন্নয়ন খাতে, ২২ কো ৩৩ লক্ষ টাকা ব্যয় হয়েছে। তারপর মৎস্যচাষের জন্য পাঁচ বৎসরে ৯৬ লক্ষ ৭৬ হাজার টা ব্যয় হয়েছে। পশুপালনে ব্যয় হয়েছে—১ কোটি ৭১ লক্ষ টাকা। সমবায় খাতে ৩ কোটি ৩ লক্ষ টাকা। সমষ্টি-উন্নয়নের জন্য ৭ কোটি ৫০ লক্ষ টাকা। সর্বমোট এই কয়েকটি খাতে ৭৮ কোটি টাকা ব্যয় হয়েছে এতে আমরা মোটামুটি একথা বলতে পারি যেখানে সাড়ে দশ কো মণের মতন এ রাজ্যে চাউল উৎপন্ন হত আজ সেখানে সাড়ে বারো কোটি তেরো কোটি ম পর্যন্ত চাল উৎপন্ন হতে দেখছি। তবে অনাবৃষ্টির জন্য ঐরকম ধরনের বা অন্য কিছু কারে কিছু কম বেশি উৎপন্ন হতে পারে। এ বৎসর খাদ্যাভাব দেখা দিয়েছে। কিন্তু গভীর দুঃখে বিষয় যে খাদ্যের ও অন্যান্য ব্যাপার নিয়ে নানা রকম গোলযোগ সৃষ্টি করে যারা লাভ করতে চায়, আজকে তাদের হয়ে কোন কোন জায়গায় কোন কোন ব্যক্তিকে অত্যন্ত উদ্দীপ্ত দেখা যাচ্ছে ব্যাপারটা কি আজকে এটা গভীরভাবে বিবেচনা করবার বিষয়। ১১ই ফেব্রুয়ারি চালের দা যেখানে ২০ টাকা ৩০ নয়া পয়সা গেল বৎসর ছিল এই বৎসর সেখানে ১১ই ফেব্রুয়ারি তারিখে তার দাম ছিল ২৩ টাকা ৮ নয়া পয়সা। আজকে চালের দাম কমেছে, একথা ঠিক। অবশ্য রাজ্যে সকল স্থানে একই অবস্থা নয়। ঘাটতি অঞ্চলের অবস্থা অবশ্যই সমস্যাসঙ্কুল। এজন খাদ্যে বাড়তি অঞ্চল আমরা মোটামুটি স্থির করেছি। স্যার, আমি বাড়তি এলেকার, বীরভূমে একজন সদস্য। সেখানে প্রতি বৎসর ৩০-৪০ লক্ষ মণ চাল বাড়তি হয়। সেই বাড়তি চা বিক্রয় করে প্রতি বৎসর কলকাতা এবং আশেপাশে থেকে কোটি কোটি টাকা আমাদের বীরভূমে লোকেরা নিয়ে যায়। খাদ্যের জন্য কোন কষ্ট তারা পায় না। খাদ্যের জন্য কারো দ্বারস্থ তার হয় না। এইরকম বাড়তি অঞ্চল পশ্চিম বাংলায় আরও কতকগুলি আছে। ঘাটতি অঞ্চল বল অভিহিত এলেকা বলতে কলকাতা এবং আরও কতকগুলি অঞ্চল আমরা বুঝি। আজ ১০-১২ বৎসর যাবৎ কৃষকরা যুদ্ধের পরিস্থিতির জন্য অন্য কোন গুরুতর পরিস্থিতির জন্য নয়—শুধ দেশের কল্যাণের জন্য ধান মজুত না করে ঘাটতি অঞ্চলে সাদরে তারা খাদ্য সরবরাহ ক'রে আসছে কিন্তু ঘাটতি অঞ্চলের মধ্য থেকে কোন কোন ব্যক্তি যেয়ে তাদের বলছে আরে বাবা কিছুদিন ধানচাল চেপে রাখ, তাহলে বেশি দাম দিতে সরকার বাধ্য হবে। আবার অন্যদিকে শহর অঞ্চলে গিয়ে এরাই বলছে কি পচা চাল, গন্ধওয়ালা চাল? একি কেউ খায়? এজন্যই আমি প্রথমেই বলেছি একই মুখে দুরকমের কথা। এ বিষয়টা তলিয়ে ভাববার কথা।

Mr. Speaker:

আপনার টাইম তো হয়ে এলো।

Sj. Nishapathi Majhi:

আমি আর বেশি সময় নেব না স্যার। এইজন্য আমি বিনীতভাবে লাহিড়ী মহাশয়কে, বলছি তিনি যে এখানে বলেছেন গণচেতনার যুগে জনগণের চোখে ধুলো দেওয়া যাবে না। আমি তাঁকে বিনীতভাবে বলছি—জনগণ একথা ভাল করেই প্রত্যক্ষ করছে। আজ বিরোধী দল কোন দিকে ঝুঁয়েছেন, কাদের দিকে ঝুঁকেছেন একথা সকলেই ভাল করে প্রত্যক্ষ করছে। ধান চালের ব্যাপার নিয়ে তারা অত্যধিক মাথা ঘামাচ্ছেন কেন? সরকার মনে করছেন—অল্পদিনের মধ্যেই সমস্যার সুরাহা হবে। কিন্তু বিরোধীরা এরূপ ধারণা করেন না কেন? আমি সেইজন্য এখানে আবার বলছি খাদ্যের দিক দিয়ে যদি আজকে উন্নতিসাধন করতে হয় তাহলে কৃষকদের সর্বাঙ্গীণ উন্নতি—তথা জমির উন্নতি তথা জল সেচের ভাল ব্যবস্থার দিকে দৃঢ়ভাবে কাজে নামতে হবে। আমি আর সময় নেব না।

স্পীকার মহাশয়, আমার সময় হয়ে এসেছে, এই প্রসঙ্গে আমি আর একটা কথা বলব, আমি শুনে দুঃখিত হয়েছি সুধীর রায় চৌধুরী মহাশয়ের কথায়। তিনি আরামবাগের কথা তুলে তি খিঁচিয়ে নানা মন্তব্য করেছেন, এমন কি মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কেও আক্রমণ ক'রে নানা াবে কটূক্তি করেছেন। এরূপ কথা বিধান সভায় বলা উচিত নয়—বিধান সভায় প্রতিটি কথা কটু ভেবেচিন্তে বলা উচিত। কারণ বিধানসভার একটা মর্যাদা আছে। এখানে কাদা ছোঁড়াছুঁড়ি

করে যদি আমরা সময় নষ্ট করি তাতে দেশের কোন কল্যাণ হবে না। একথা ঠিক যে কলকাতায় বহু সমস্যা আছে। শ্রীমতী মণিকুন্তলা সেন মহাশয়া কলকাতার অভাবের কথা অনেক কিছু বলেছেন। কিন্তু আমরা গ্রাম অঞ্চলের লোক, আমরা একথা এসে বলি না আমাদের অভাব আগে মিটাতে হবে। এরূপ কথা বলতে আমরা লজ্জিত হই। কিন্তু অত্যন্ত দুঃখের কথা এই বিধান-সভায় ঘণ্টার পর ঘণ্টা ধরে কলকাতার কথাই আলোচনা হচ্ছে। বিধানসভায় এই অন্যায় আমরা প্রত্যক্ষ করি। গ্রামের খাদ্যদ্রব্য সস্তাদরে এনে কলকাতায় এনে বিক্রি করলে পল্লীবাসীর আর্থিক কষ্ট হয়। সরকার এজন্য কিছুটা সমতা রক্ষা করে গ্রাম ও শহরাঞ্চলকে কল্যাণের পথে নিয়ে যাচ্ছেন। সেই কল্যাণের পথে আমাদের পরিচালনের জন্য আজ অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তার জন্য তাঁকে আনন্দের সঙ্গে ধন্যবাদ জানাচ্ছি এবং এই উপলক্ষে বলছি যে ৩০ লক্ষ কৃষিকর্মী গ্রামাঞ্চলে আছে তাদের শক্তি যদি বৃদ্ধি না হয় তারা যদি সবদিকে যোগ্য না হয়, দক্ষ না হয় তাহলে এই রাজ্যের প্রভূত কল্যাণ হবে না। আমি মনে করি যে তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় সে পথ প্রশস্ত হবে। আমাদের নাগপুর কংগ্রেস অধিবেশন সেই পথ দেখিয়েছে বলে আজ অনেক কম্যুনিস্ট, সোসালিস্ট বন্ধু নাগপুর অধিবেশনে সেই প্রস্তাবকে মনেপ্রাণে গ্রহণ করেছেন। কিন্তু আমাদের এখানকার কোন কোন বন্ধু সেই পথ থেকে দূরে থেকে কেবল নিন্দাই করে যাচ্ছেন। আমি এই কথা বলেই আমাদের অর্থমন্ত্রী মহাশয়ের বাজেটকে মনেপ্রাণে ধন্যবাদ জানাচ্ছি।

[3-40—3-50 p.m.]

Dr. Abu Asad Md. Obaidul Chani: Sir, unfortunately all the doctor Ministers are away.

Recently the Estimates Committee of the Lok Sabha has urged that a much larger percentage of expenditure in the Central and State Budgets should be earmarked for Medical and Public Health Services in the Third Plan. Stating that the present medical and public health facilities are totally insufficient to meet the requirements of a welfare State, the Committee points to the Soviet Union where approximately one-fifth of the total Budget is said to be earmarked for such facilities. Another disconcerting feature which the Committee notes in its Report on the Ministry of Health is that in spite of very limited provisions made in the Second Plan several schemes for which funds have been provided have not progressed according to the schedule. This clearly points to the urgent necessity of tuning up the administrative machinery both at the Centre and at the State levels. This is the opinion of the Estimates Committee. In this respect of all the States West Bengal is the most guilty. Although its per capita health expenditure is the highest among all other States in India, it is still by a good margin second to the only Communist State in India, viz., Kerala. The actual expenditure tends to go considerably lower down every year than the Budget estimate. For example, I will cite to you the Budget estimate of 1957-58, I mean the Medical and Public Health Budget. That was 7 crores 30 lakhs 52 thousand; the actuals were 6 crores 10 lakhs and 85 thousand. Under-spending was to the extent of 1 crore 29 lakhs and 62 thousand. If I compare it to the other side, the Civil Administration, we find that the Budget estimate for 1957-58 was 12 crores 83 lakhs 67 thousand and actuals 13 crores 34 lakhs and 28 thousand. This is over-spending to the extent of 50 lakhs 61 thousand. This gives a true picture of the character of the Government which spends much more for the administrative items than for the social services, health services and other services. This year its total demand of 5.84 crores under the head "Medical" does not really mean as much as it appears to when the demand for developmental schemes under the Second Five-Year Plan of 2.72 crores is deducted from it. Worse still, the total demand of Rs. 2.67 crores under the head "Public Health" dwindles almost to nothing when the demand for Development Schemes, amounting to Rs. 2.25 crores, is deducted from it. The grand

total of Medical and Public Health budgets is 10.3 per cent. of the entire revenue expenditure. If you compare it to the total budget it is infinitely much smaller. And such is the step-motherly attitude towards Medical and Public Health Services in a State whose Chief Minister is a doctor of such distinguished eminence. He overshadows all the other Ministers as if they never existed. But he himself is over-shadowed by the shadow of his own personality as the Finance Minister who smothers the yearnings of the doctor in him. I do not blame the poor Health Minister, who, apart from being garlanded on ceremonial occasions, seems to have no other function except self-immolation at the dictate of the great Director.

A few anomalies of the Health budget figures may be found interesting. While Rs. 2.93 crores is asked for Administration and Controlling Staff for implementation of Development Schemes, only Rs. 37,000 is considered enough for the establishment of a Mental Hospital in a State which has no such hospital, and Rs. 3,000 is considered enough for Maternity and Child Welfare. Nothing is asked for Rural Water Supply and Sanitation, or Water Supply and Drainage in municipal areas. Just now our friend Sjkta. Manikuntala Sen has referred to conditions in Calcutta and other municipalities. There is no provision at all for higher studies abroad for medical graduates. Impelled though I feel, yet I shudder to make out a case for a more liberal budget for Medical and Public Health Services. Don't I know these prodigals who excel in the art of wasting more than in anything else. I will give you a concrete example from the Education Department. Although they have increased their budget more than four times from the budget of the pre-partitioned united Bengal, still they have achieved nothing. The educational progress of the State has been described critically by many members of this Assembly. Their own audit report is enough to condemn them. In this connection I would like to quote a commentary which appeared in the "Statesman", dated 31st December, 1958. The "Statesman" editorially commented as follows:—

> "If similar remarks had been appended to the balance-sheet of a limited company, protests from share-holders would be loud and the annual meeting would almost certainly produce changes in the Board of Directors, if not their complete removal. But with Government, even though like complaints may be made year after year, nothing seems to happen."

This niggardly budget, and its more niggardly expenditure follows as a corollary to the contemtuous complacence in the Government policy with regard to health. This is based on a jugglery of vital statistics which is at best a poor imitation of the masterpiece of its kind by the food Ministry. The trick starts from the claim for Malaria Control, although mosquito control has cleanbowled them out. Today Culex Fatigans has shown them the thumb, tomorrow it may be Anopheles again. Today it is Filaria, tomorrow it may be Malaria returned.

Another tall claim of theirs is that they have halved the general death rate, as if this was a phenomenon peculiar to West Bengal and not a world phenomenon, indisputably attributable to outstanding developments in medical science. At the same time their alarm is betrayed in their wild and, may be, futile craze for family planning.

Next, their vital statistics needs a little scrutiny to get at the reality concealed. In India the infant mortality in 1937 was 162, in 1948, it was 136.7, and in 1957, it was 84.1. That is, India's progress is claimed to be

100 per cent. The figures for U.K. are 58.7 in 1937 and 11.4 in 1954. The figures for U.S.A. are 54 in 1937 and 9.6 in 1954. So the progress in U.K. and U.S.A. has been over 550 per cent. up to 1954.

[3-50—4 p.m.]

It must have been much more by now. Let us take some other vital statistics: Mortality from malaria was .2 in 1952, it is still .2 in 1957: small pox .1 in 1952, it is .5 in 1958—about four times increase in mortality: fever excluding malaria—3 in 1955, it is 3.6 in 1957—slightly worse: dysentery and diarrhoea .7 is 1952, it still remains .7 in 1957; tuberculosis .3 in 1951 and it has diminished to .2 in 1957. One has to search in vain for any improvement anywhere.

Much has been made of the fall in tuberculosis death rate. They forget two very important points: First, they shut their eyes to the consequences of remarkable progress in chemo-therapy of the disease, and its rapidly decreasing cost since 1950. The World Health Organisation announced on 11th February, 1958, that new drugs such as I.N.H. and streptomycin resulted in a drop of 50 per cent. or more in deaths from tuberculosis in many countries from 1952 to 1957. And, secondly, they forget the alarmingly increasing incidence of this fell disease. The Journal of Tuberculosis Association of West Bengal gives the following revealing figures on the authority of such distinguished specialists as Dr. A. C. Ukil, Dr. P. K. Ghose, and Dr. P. K. Sen:—

Incidence before was 2 to 5 per cent. in cities and .2 to .5 per cent. in rural areas; now there is 12 to 24 per cent. in cities and in rural areas it is 10 to 15 per cent.—an increase of 6 times in cities and 50 times in rural areas.

It is well-known that when tuberculosis made inroads into virgin soil, it spread like wild fire and took a very heavy toll of human lives and suffering with the additional admitted prospect that it was considerably more difficult to reach anti-tubercular measures to villages than to cities.

The Second Plan provides a sum of Rs. 4 lakhs for the B.C.G. campaign. It is insufficient for the following reasons: B.C.G. inoculation has got an importance of its own, recognised all over the world now. But most unfortunately it is not quite as feasible for the mass of our poverty-stricken people as for others. Isolation of inoculated persons from infected persons and houses through a rather prolonged period of negative phase is almost an insurmountable obstacle for the huge bulk of our people who have to live huddled together—5 to 10 people—in a dark and dingy room.

A few rural health centres, as badly equiped as badly staffed, have been started. They have no covered waiting space for patients in our rainy climate. Patients with high fever, severe cough and extreme debility have to brave all weather to receive a few doses of stock mixtures. They have no beds for general diseases. There are only two beds for maternity cases, and even for these two beds there is no provision for diet.

The number of people served by each hospital bed, doctor, nurse or mid-wife still remains far below the standard recommended by the already outmoded Bhore Committee report. Their maldistribution makes the situation still worse, causing harmful over-crowding in the cities, notably Calcutta, and ridiculous scarcity in the rural areas. Dr. S. C. Bose. Principal, Calcutta Medical College, said the other day in his speech at the Silver Jubilee of the College Re-union that "For the past few years it had been transformed into an emergency hospital—not for the city alone, but

for the whole State, catering for an unlimited number of patients". Conditions in other Medical Colleges and attached hospitals are known to be much worse. They are all understaffed and over-worked, with 25,000 doctors of the State unutilised left to waste themselves in unwholesome struggle for existence. Scarcity amidst abundance indeed:

A shameful tale is the annual visitation of cholera and small-pox—eradicable diseases and already eradicated from all the civilised countries, the latest being China. During the last 11 years our Government have demonstrated their impotence with regard to these two diseases to everybody's satisfaction. It is futile to repeat year in and year out all the elementary preventive measures which should have been taken but which were never taken. We are just now on the threshhold of another cholera epidemic exactly with the same frame of mind as we were 10, 20 or 30 years ago. Even ambulance cars to reach the stricken for timely treatment at the hospital so as just to save life is ludicrously inadequate, and responsible for a big chunk of its mortality even in Calcutta. Even legislation to make vaccination and inoculation compulsory is not yet enacted, machinery for its implementation is not even in sight. As for other measures like improvement of drainage system, sewage disposal, water-supply, slum clearance, etc., the less said the better. Perhaps this is a part of Government's family planning, only starting at the wrong end.

As for any programme of positive health, perhaps Dr. Roy does not believe that nothing is so costly, in every way, as disease, and nothing is so remunerative as the outlay which augments health and in doing so augments the amount of value of work done. Perhaps Dr. Roy does not believe that no one is so much of a burden on the State as a sick person, and no one is so much of an asset to the State as a well-nourished, strong and healthy citizen. Otherwise, to begin with, why there is no school health scheme in our State to set the children on to the path of health. There has already been a pilot scheme planned by the Indian Medical Association for Calcutta to be extended throughout the State later. Why the E.S.I. scheme is not extended throughout the State, and expanded to include the families of the workers? Why a homily to Doctors alone by Dr. Roy on positive health at the Silver Jubilee of the Calcutta Medical College Reunion? Is it not shifting one's own responsibility on others? Is not the Government primarily and mainly responsible for environmental and nutritional adjustment of the people so as to raise their living standard, as the pre-requisite for positive health? But I know what Dr. Roy will say, he will say, "Yes, Yes, I know all that much more than you do, but where is the money for all that?"

Ah! there is the rub! Where is the money for all that if a feature film makes them lose Rs. 1,04,944, if an aircraft deal licks them to the tune of Rs. 5,88,128, if a trucks deal browns them to the extent of Rs. 1,60,035? Besides, many otherwise patriotic friends of theirs, minting millions, manage to dodge income-tax. Gold bars have a mysterious way of appearing in and disappearing from flower-pots. Then ther is our traditional courtesy and hospitality to our foreign exploiting guests like Calcutta Tramways Company and Calcutta Electric Supply Corporation. Our jute and tea trades have to be safe from us in the powerful and jealous grip of London. Oh, Sir, what a pity:

Besides all this our very trustful democratic friends opposite have to maintain a small extra police force for a sustained witch-hunt. About a crore of people, young and old, have to be dogged along through their walks and talks and even through their thoughts and dreams; and a comprehensive record of each one of them, complete with pedigree, horoscope, antecedents

and forecast, is to be maintained, lest any of the unfaithful sneaks into the responsibilities of Government service. Those who have already wriggled into Government service have to be wriggled out, on their reports. For such ideals of democracy a little money is needed:

But more fool-hardy courage lies in this; that in spite of such acute shortage of money, such colossal waste, even the frugal budget already sanctioned is not spent and large sums of money allowed to lapse. This needs imagination indeed, or rather lack of it.

As if all this was not enough, there is yet another ugly facet—I mean favouritism and nepotism in the recruitment and maintenance of health services. During the last two years about 80 persons have been recruited to the service without any reference to the Public Service Commission and without any justification for such action. Malaria Control Department serves as another convenient back-door entrance to the State Health Service, pole-vaulting over the heads of the Public Service Commission. Another trick is to advertise vacancies for posts at a lower salary grade than sanctioned, make the appointment and then dicover the mistake and rectify it by raising the grade of the officer thus appointed. The catch here is that if the correct grade were advertised much more qualified persons would have applied, leaving no chance for less qualified proteges of our friends opposite.

Superannuated favourities are seen trotting about in the choiest posts in Calcutta. In the post of the Principal, Calcutta Medical College, makeshift arrangement is continuing for years at the cost of efficient functioning of this important institution. The present incumbent has two other serious responsibilities on his shoulders. He is, in addition, Professor-Director of Midwifery and Gynaecology as also of Surgery. Can he ever do justice to any, while trying to do so to all?

Certain high posts in hospitals are utilised by unscrupulous incumbents for personal gains, at the cost of poor patients who cannot afford to pay a number of high rated consultation fees in order to get admitted in hospitals and to get proper care and attention after admission. Such corrupt practices are specially intolerable in such hospitals as the Bhowanipore Mental Observation Hospital which are very small and the only ones of their kind in the State, leaving the poor patients no alternative place for treatment. I have already drawn the attention of the Health Minister to these circumstances.

[4—4-10 p.m.]

Another serious handicap is communalism in certain hospitals. I shall give one concrete example of this in the premier hospital of West Bengal. An officer of gazetted rank like Shri A. R. Kazimi, Head Master of Calcutta Madrassah, perhaps the oldest high school in Bengal, was refused admission in the Eye Hospital of the Calcutta Medical Hospital, when he went there with an acid-burn injury to his left face, neck and eye at about 9 p.m. He was in unbearable agony. At 10 p.m. he was skidded out of the hospital with some medicine to the eye and with the advice to attend the out-patients department the following morning. This was on 18th July, 1958. In desperation he went straight to Islamia Hospital, where he was immediately admitted as an emergency case and where he had to stay for 1 month and 3 days. He came out with one eye permanently damaged. In fact at the Eye Hospital it was surreptitously suggested to him that the only chance of admission for people like him was in Islamia Hospital. I brought this matter to the notice of the Director of Health Services on the forenoon of 19th July, 1958, on phone, and handed over a written complaint to the

Chief Minister on the floor of the Assembly on 21st July, 1958. Neither the Director of Health Services nor the Chief Minister took any notice of my complaint. And yet Dr. B. C. Roy has claimed on the floor of the Assembly that he never leaves a single letter unreplied. It is seven months now, and I am still waiting for the reply.

Another very undesirable thing is the concentration of all powers at the Writers' Buildings. It has given rise to an army of Assistant and Deputy Directors and Head Assistants, all vying with one another in nepotism and bureaucratism. No wonder if the Director of Health Services at the top feels omnipotent and omniscient, and comes out off and on with phantastic schemes of convenience and unreality. This has made the department top-heavy and despotic, with corresponding curtailment of authority, responsibility and remuneration down below. The new scheme for the nurses has spelt lowering of salaries down below, and enhancement of intolerable haughtiness and salary at the top from Rs. 600 to Rs. 1,200 for the Deputy Director, Nursing. The result has been that recently almost all staff nurses and matrons from Government Hospitals rushed for interview to the Selection Committee of the Dock Labour Board for its future hospital, only to find the Deputy Director of Nursing there in a terrific rage. She happened to be a member of the Selection Committee. Now they are awaiting their fate of a probable victimisation. The new scheme for the doctors has been rejected by the medical profession as represented by their national organisation, the Indian Medical Association. The fixation of age-limit to 50 years for Professors has been particularly criticised in view of the large number of superannuated officers in the administrative wing, specially at the Writers' Buildings, headed by the Director of Health Services himself.

[At this stage the blue light was lit.]

How does all this affect the health services? From all corners of the State suffering people rush towards Calcutta, because Writers' Buildings is here . . .

[At this stage the honourable member having reached his time-limit resumed his seat.]

Dr. Radhakrishna Pal:

মিঃ স্পীকার, স্যার, আমাদের মাননীয় অর্থমন্ত্রী বলেছেন—আমি আশা করি এই পুস্তকগুলি মাননীয় সদস্যবর্গকে কিছু সাহায্য করবে, আমাদের উন্নয়ন ধারা সম্পর্কে সম্পূর্ণ একটা ধারণা করতে পারবেন। আমরা এই রাজ্যের সুদৃঢ় ভিত্তি স্থাপন করেছি এই দাবি করি। সর্বশক্তিমানের নিকট বিনম্র অন্তরে প্রার্থনা করি এই রাজ্যের জনগণের সেবায় অগ্রসর হয়ে যেতে পারি সেই শক্তি ও সাহস তিনি দিন। আশা করি যত সমস্যা, যত বাধাবিঘ্ন আসুক না কেন শক্তি এবং সাহসের সাথে তার সম্মুখীন হ'তে আমরা পশ্চাৎপদ হ'ব না। আমি কয়েকটি মাত্র লাইন তাঁর বক্তৃতা থেকে বললাম। এতে মনে হ'ল—সেই চালক প্রকাণ্ড সরকার, হে রায় বিধান, তুমিই তোমার মাত্র তুলনা কেবল। এই যে সাহসের সঙ্গে অগ্রসর হওয়া এটা সাধারণ ব্যাপার নয়। স্যার, আপনি জানেন, গত বছর কেরালায় বাজেটে ক্যামোফ্লেজ ক'রে সারপ্লাস দেখানো হয়েছিল। আমাদের এটা ক্যামোফ্লেজ বাজেট নয় এঁদের তা জানা উচিত। আমি প্রথমে বলব বাংলাদেশ আজ চারিদিক থেকে সমস্যা সঙ্কটে কণ্টকিত। বাংলাকে বাঁচানোর জন্য, নিমজ্জমান বাঙালীকে বাঁচানোর জন্যে যে দৃঢ় নেতৃত্ব প্রয়োজন বাংলাদেশে আমরা তা পেয়েছি।

আর একটি কথা এখানে বলব। আমার বন্ধুবর যতীনবাবু স্কুলশিক্ষা সম্বন্ধে এখানে অনেক কথা বলেছেন। তাঁকে আমি বলতে চাই যে শিক্ষাব্যবস্থা আজ একটা দৃঢ় সবল হস্তেই পরিচালিত হচ্ছে। [illegible] আমি আরও বলব যে লীগ আমলে যখন বাংলাদেশে মাধ্যমিক শিক্ষা বিল আসে যখন মাধ্যমিক শিক্ষাকে ভাগীরথীর জলে ডুবাচ্ছিল তখন দেশবন্ধুর সহকারী এই ব্যক্তিটি ডাঃ শ্যামাপ্রসাদ মুখার্জির পাশে দাঁড়িয়ে এই মাধ্যমিক শিক্ষার বিলকে তুলে

নিয়েছিলেন এবং তার পরে তাকে সুদৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত করেছিলেন। আমার মনে হয় হরেনবাবু জ্ঞানের নাজিরুদ্দীন। রাইটার্স বিল্ডিংসে দেখেছি দিবারাত্র তিনি শিক্ষার ক্ষেত্রে বাংলাকে উন্নত করবার জন্যে কি অমানুষিক প্রচেষ্টা নিরন্তর তিনি করে চলেছেন। এসব যদি এঁরা না দেখতে পান তা হ'লে বলব এঁদের চোখ ট্যারা। এঁরা কনস্ট্রাক্টিভ ক্রিটিসিজম করতে চান না—ডেস্ট্রাক্টিভ ক্রিটিসিজমএর মধ্য দিয়ে এঁরা সব সময় চলেন যাতে জাতিকে ধ্বংস করা সম্ভব, দেশকে ধ্বংস করা সহজ। আজ এডুকেশনের ব্যাপারে যিনি রয়েছেন সত্যি বলছি সেই হরেনবাবুর মত দৃঢ় লোক, চরিত্রবান লোক খুব কমই মেলে—শিক্ষাশার্দুল তিনি। তাঁর মত অশেষ গুণসম্পন্ন এবং ভগবৎবিশ্বাসী লোকের হাতে শিক্ষার ভার সমর্পণ ক'রে আমরা নিশ্চিন্ত হতে পেরেছি।

[4-10—4-20 p.m.]

সত্যি আমি বলেছিলাম তিনি শিক্ষার শার্দুল। আজকে আবার আমি তার পুনরাবৃত্তি করছি, যে হ্যাঁ, এই রকম দৃঢ় লোক, চরিত্রবান লোক, ভগবান বিশ্বাসী লোক, এবং এই রকম যাঁর ভিতর শিক্ষার পরিব্যাপ্তি, এই

Self-realisation through the Education Department in the service of mankind.

এই বলেই তিনি আমাদের মধ্যে প্রচার করেছেন। সুতরাং আমরা যদি সেই সমালোচনাকে ঠাট্টা করে হাসির মধ্যে উড়িয়ে দিই তাহলে জাতিও এইরকমভাবে ঠাট্টার বস্তুতে পরিণত হবে। মিস্টার স্পীকার, স্যার, 'সপ্ত কোটি কণ্ঠ কলকল নিনাদে' যে জাতি, যাদের কবি ১০০ বৎসর আগে গেয়ে গেল তাদের আজ আড়াই কোটি লোক এখনও ভাগ্যহারা এবং তার মধ্যে আজকে নানা সমস্যা সঙ্কুল এই বাংলাদেশ, এখানে আমাদের সমালোচনা করতে হলে আমাদের ধীরস্থির হয়ে সব বিষয় সমালোচনা করতে হবে। রেফুইজি রিহ্যাবিলিটেশন, বাস্তুহারাদের নিয়ে সমালোচনা করা সহজ কিন্তু কবি আমাদের গান গেয়ে গেল—

"অশোক যাহার কীর্তি চাইল
গান্ধার হ'তে জলধিশেষ,
তুমি না মা তাদের জননী।
তুমিত মা সেই ধন্য দেশ।"

তা হ'লে তাদেরকে নিয়ে এসে ৯ লক্ষ লোকের কলিকাতা, এখন ৪২ লক্ষ হয়েছে, আবার ৬২ লক্ষ করবার কি প্রয়োজন। তাদের পাঠাতে হবে সেখানেতে। সেদিন আমার এক বন্ধুবর বললেন আমরা জানি এখানে এঁরা আন্দোলন করছেন আর প্রভুপতি নাম্বুদ্রীপাদ কেরেলার সমস্ত লোকগুলিকে নিয়ে গিয়ে সেখানে বসাচ্ছে। এটাও কি একটা ট্যাকটিকস। সুতরাং দন্ডকারণ্যে না পাঠাবার এই যে ট্যাকটিকস এটাও আমরা মেনে নেব না। আমরা বলব, এটা একটা হীন ট্যাকটিকস। মিস্টার স্পীকার, স্যার, আর একটা কথা আপনাকে জানাবো পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে দিয়ে আমরা দেখছি আমাদের স্বাস্থ্য বিভাগ, স্বাস্থ্য বিভাগ সম্বন্ধে যে প্ল্যান ওঁরা নিয়েছেন তাতে আমরা কলিকাতা থেকে মটরে করে যখন আরামবাগে যাই তখন দেখি চারিদিকেই স্বাস্থ্যকেন্দ্র, চারিদিকে দেখি নানারকম মোবাইল ইউনিটস। এবং বাংলাদেশে যে ম্যালেরিয়া উঠে গিয়েছে সেটাও এখানকার চেহারা দেখলেই বুঝতে পারা যায়, যদিও ট্যারা হয়ে গিয়েছেন কিন্তু নীরোগ। শিশিরবাবু আমাদের একটা একজামপল আছেন। স্যার, এই যে অবস্থা স্বাস্থ্যের দিক দিয়ে তাতে অনাথবাবুকে অনবরতই ওঁদের শতায়ু শতায়ু বলা উচিত। এবং উনি থাকলে বাঙলা-দেশের মানুষগুলি সবাই নীরোগ হয়ে যাবে। আর একটা কথা, স্যার, খাদ্যমন্ত্রী সম্বন্ধে এখানে সমালোচনা হয়েছে। আমি বলছি এই কথা—ওঁরা হয়তো খুব ঠাট্টা করবেন আমাকে—আমার নিজের লোক তিনি, আমি তাঁর আদর্শ অনুকরণ করেছি এবং তাঁর আদর্শেই আমি অনুপ্রাণিত হয়েছি। আমার জীবনের সমস্ত শিক্ষা দীক্ষা তাঁর মাধ্যমেই, আমি এই কথাই বলবো তিনি মানুষ হিসাবে একজন দরদী মানুষ এবং অতি মানুষ। আমি আজকে বলবো আজকে গণেশবাবু, আজকে জ্যোতিবাবু, আজকে আমাদের সবচেয়ে ভাল লোক হেমন্তবাবুকে ওখানে বসিয়ে দিন, আপনি দেখবেন, স্যার, আর ওঁদেরকে খুঁজে পাওয়া যাবে না : এ লোকটাকে তো পাচ্ছি আমরা। এই অবস্থায় সমালোচনা করতে হ'লে সেদিন আমার সুবোধভায়া বলেছিলেন

যে নৈসর্গিক বিশিষ্ট বাজেট হওয়া উচিত ছিল, কিন্তু নৈসর্গিক বাজেট আমাদের এখনও হয় নি। কিন্তু অন্যান্য প্রদেশের চেয়ে এই যে বাজেট এটা সর্বাঙ্গসুন্দরই বলতে হবে এবং ওঁদের সকলেরই এটা গ্রহণ করা উচিত ছিল যে এই বাজেট সারপ্লাস হয়েছে। কোন ট্যাক্স বাড়ে নি, সমস্ত সাবসিডি নিয়ে এই বাজেট চালাবার তাঁরা ব্যবস্থা করেছেন। মিস্টার স্পীকার, স্যার, এই যে সেদিন আমাদের বলেছিলেন শ্রদ্ধেয় বঙ্কিমবাবু যে সবগুলি সেন্টারে চলে গেল। যাবে না কেন? "নইলে গদি ছাড়তে হবে, নইলে গদি ছাড়তে হবে" বলে এই যে সাত্তার সাহেবের পিছনে লেগে রয়েছেন তাতে সেন্টার বুঝলেন এরা আন্দোলন করে করে সমস্ত কনসাম্পশন বন্ধ করবে। সুতরাং দরকার নেই এখান থেকে সব নিয়ে পালাও। যতীনবাবু, তিনি একজন লেবার লীডার, তিনি আমাকে স্মরণ করিয়ে দিলেন সে সাত্তার সাহেব এসে একটা রিভোল্যুশন এনেছেন এই শ্রমদপ্তরে, কিন্তু সেটা অ্যাপ্রিসিয়েট করবার ক্ষমতা ওঁদের নেই। এই অবুঝদের আর বুঝাব কত। এরা দিনের পর দিন নিজেদের সমালোচনা করে তাদের এমন অবস্থা হয়েছে যে এর পর—আমার এক মহান ব্যক্তির সঙ্গে কথা হয়েছিল, তিনি বলেছিলেন যে এই গিনি সোনা খাঁটি চাই কিন্তু তার সঙ্গে অ্যালয় মিশাতে হবে, তা ছাড়া মায়েদের গায়ে গহনা হয় না—দেখছি আমাদের বামপন্থীদের সবই অ্যালয়, সোনা বলে কিছু নেই।

দেখুন, স্যার, খাঁটি সোনা চাই, গিনি সোনা গয়না করতে গেলে সবাই চায়। কিন্তু তার সঙ্গে অ্যালয় না মিশালে গয়না হয় না মায়েদের। কিন্তু ওরা, স্যার, এমন হয়েছে, খাঁটি মোটেই তাতে নাই, পদার্থ বলে কিছু নাই।

(হাস্য)

এরপরে পুলিসের ব্যাপারে বলি। পুলিস সম্বন্ধে একটি কথা বলতে পারি, যতীনবাবু যখন বেরোন পুলিসরা, স্যার, সেলাম দেয়। ইংরেজ আমলের মনোভাব। তাদের কালীপদবাবু বুঝিয়েছেন সেজন্য তাঁকে ধন্যবাদ জানাই, এখন পুলিসরা সেবার আদর্শে এগিয়েছে সার্ভস টু দি হিউম্যানিটি—সেবার মনোবৃত্তি তারা নিয়েছে।

তারপর পূর্তমন্ত্রী সম্বন্ধে বলি। তিনি এমন কাজ করছেন সারা দেশে, স্যার, কাল বিছে বিছিয়ে দিয়েছেন। (হাস্য) রাস্তাগুলো যেন কাল বিছে। আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় গোরাবাড়ী গিয়েছিলেন, এখান থেকে ২৭০ মাইল—আরামবাগের ভিতরে রাস্তা ১৪০ মাইল রাস্তা—বহু রাস্তা হয়েছে, স্যার। মিঃ স্পীকার, স্যার, সুতরাং দেখতে গেলে এই বাজেটকে অনু-পরমাণু বিশ্লেষণ করলে দেখব, বিশেষতঃ শিক্ষাবিভাগ সম্বন্ধে বলি যে, শিক্ষার মাধ্যমে মানুষ তৈরি হবে, জাগরণ আসবে—সে শিক্ষা হরেনবাবু আমাদের দিতেছেন। সুতরাং এই বাজেট সর্বদিক থেকেই ভাল হয়েছে।

8j. Apurba Lal Majumdar:

মাননীয় স্পীকার মহাশয়, আজ কদিন ধরে বাজেট সম্পর্কে অনেক আলোচনা হয়েছে। এই সম্পর্কে আলোচনা করতে গিয়ে আমাদের দেশে সোস্যালিজম হবে, সমাজতন্ত্র ধাঁচে দেশকে গড়ে তুলবেন, এসব বড় বড় কথা কংগ্রেস তরফ থেকে বলা হয়েছে, সব সময়ই বলা হয়। এই বাজেটের মধ্য দিয়ে আমাদের দেশকে ঠিক সেইভাবে গড়ে তোলার ইঙ্গিত অন্ততঃ পক্ষে আমি খুঁজে পাই না। আমরা দেখছি—যদি কয়েক বছরের বাজেট বার বার লক্ষ্য করি তাহলে অনেকগুলি অসঙ্গতি বাজেটের মধ্যে ধরা পড়ে। যেমন এস্টিমেটেড বাজেট ১৯৫৪-৫৫ সালের সেই বাজেটে ডেফিসিট ছিল ১২ কোটি টাকার উপর কিন্তু অ্যাকচুয়াল বাজেটএ দেখছি ৯ কোটি টাকা সারপ্লাস হয়েছে। ১৯৫৫-৫৬ সালের বাজেটে ৪ কোটি ৩৭ লক্ষ ডেফিসিট কিন্তু অ্যাকচুয়াল বাজেটে ১৭ কোটি সারপ্লাস। ১৯৫৬-৫৭ সালে ১০ কোটি ৪৮ লক্ষ ডেফিসিট কিন্তু অ্যাকচুয়াল বাজেটে ৫ কোটি সারপ্লাস। ১৯৫৭-৫৮তে ৩ কোটি ডেফিসিট কিন্তু অ্যাকচুয়াল বাজেটে ৩ কোটি সারপ্লাস, ১৯৫৮-৫৯ সালে—দুই কোটি ডেফিসিট কিন্তু রিভাইজড বাজেট দুই কোটি ২৮ লক্ষ সারপ্লাস। এবার রেভিনিউ ডিফারেন্স দেখছি ৩ কোটি ৬২ লক্ষ টাকা, নিশ্চয়ই অ্যাকচুয়ালস দেখব সারপ্লাস হয়ে গেছে। এইভাবে আমরা দেখতে পাচ্ছি আগে যেরকম ডিফারেন্স হ'ত সেই ডিফারেন্স গত দুই বৎসর যাবত একটু একটু ক'রে কমে আসছে, ২২ কোটি, তারপর ২১ কোটি, তারপর ১৬ কোটি, তারপর ৬ কোটি, তারপর দুই কোটি টাকা।

[4-20—4-30 p.m.]

গত বৎসর ছিল ৮ কোটি টাকা, কিন্তু বাজেট এস্টিমেট করতে গিয়ে এই যে বিরাট ফাঁকি, এই যে হিসেবের কারচুপী এর কারণ কি? এ সম্বন্ধে সরকারের পক্ষ থেকে কোন বক্তব্য এই হাউসের সামনে রাখা হয় নাই। আমি জিজ্ঞাসা করি—রিভাইজড রেভিনিউ রিসিট সম্পর্কে দেওয়া হয়েছে ১৯৫৭-৫৮ সালে ৮ কোটি, গতবার ১৩ কোটি টাকা, এবার কি হবে জানি না—এ সম্বন্ধে ফাইনান্স মিনিস্টার তাঁর বক্তব্য এখানে রাখবেন আশা করি।

এর পরে ট্যাক্সেশন—যেটা মূল বিষয় বাজেটে। গতবারে কোন নতুন ট্যাক্স করা হয় নি, কিন্তু দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় এবং প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনায় ট্যাক্সের রদবদল করা হয়েছে, এবং রদবদল করে বাংলাদেশের মানুষকে আরও কিছু ট্যাক্স দিতে বাধ্য করা হয়েছে। কিন্তু সেই ট্যাক্স দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় যে ট্যাক্স ধরার কথা ছিল, পাঁচ বছরে যে ট্যাক্স আদায় করার কথা ছিল তার চেয়েও বেশি ট্যাক্স আদায় করে নেওয়া হয়েছে। এ্যাডিশনাল ট্যাক্স বাবত আমাদের কাছ থেকে এই যে বিপুল পরিমাণ অর্থ আদায় করা হচ্ছে তা কিভাবে খরচ হচ্ছে—সে সম্বন্ধে আমরা দেখছি গত তিন বছরের মধ্যে আমাদের দেশে ৭৯ কোটি টাকা ট্যাক্স হিসেবে ধার্য করা হয়েছে। এবং সেন্ট্রাল গভর্নমেন্ট ইতিমধ্যে ৭২৫ কোটি টাকা নতুন ট্যাক্স দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার তিন বছরে করে ফেলেছেন। যদিও কথা ছিল যে দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় ৪২০ কোটি টাকার ট্যাক্স আদায় করবেন না। এবং কেন্দ্রীয় সরকার ও স্টেট গভর্নমেন্ট মিলে ঐ ৪৫০ কোটি টাকা আদায় করবেন। তার মধ্যে ২২৫ কোটি টাকা বিভিন্ন স্টেটে যাবে। কিন্তু ইতিমধ্যে ৫০০ কোটি টাকা ট্যাক্স করে আদায় করা হয়েছে। এর ফলে দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার আমলে যেখানে ৪,৮০০ কোটি টাকা ব্যয় হবে সেখানে ৪০০ কোটি টাকা গ্যাপ ছিল, সেই গ্যাপের হিসেবটা আমাদের কাছ থেকে আদায় করে নিয়েছেন। কিন্তু সেই টাকাগুলি কি ডেভেলপমেন্ট খাতে ব্যয় করছেন? দেখা যায় সে টাকা ডেভেলপমেন্ট খাতে মোটেই ব্যয় করেন নাই। এ সম্পর্কে কয়েকদিন আগে দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় যে এপ্রেজাল অ্যান্ড প্রসপেক্ট বেরিয়েছে তাতে দেখা যাচ্ছে এই বিপুল পরিমাণ ট্যাক্স যা কেন্দ্রীয় সরকার আদায় করছেন স্টেটের জন্য তা ডেভেলপমেন্টের জন্য ব্যয় না করে নন-ডেভেলপমেন্ট স্কীমে ব্যয় করছেন। এবং এ সম্পর্কে ঐ এপ্রেজাল অ্যান্ড প্রসপেক্ট যা বেরিয়েছে তা পড়ে দেখুন—

"All this tax effort has, however, not provided resources for the Plan; a large part of it has been absorbed by other demands: Defence, non-development expenditure and development expenditure outside the Plan." ..
"Despite the improvement in the Tax Receipts by Rs. 500 crores over the original Plan target, the revenues resources available for financing the Centre's Plan outlays are expected to show an improvement of only Rs. 45 crores as compared to the Plan estimate."

এইভাবে যে প্রচুর পরিমাণ টাকা উঠেছে এই টাকা সেইভাবে ব্যয় না করে বিপুল অর্থের অপচয় করে আমরা চলেছি। তার ফলে আমাদের দেশের সামনে কতকগুলি বিশেষ সমস্যা দেখা দিয়েছে। যেমন আমাদের দেশের আজকে পারচেজিং পাওয়ার অত্যন্ত কমে গেছে। লো-ইনকাম গ্রুপের হাত থেকে পারচেজিং পাওয়ার দিনের পর দিন কমে আসছে এবং প্রায় ছয় কোটি টাকার ডেফিসিট ফাইনান্স দেখিয়ে প্ল্যান কার্যকরী করার চেষ্টা করা হচ্ছে। তার ফলে আমরা দেখছি আমাদের দেশের গরীব মানুষের টাকাগুলি তাদের হাত থেকে বেরিয়ে বড়লোকদের হাতে কেন্দ্রীভূত হচ্ছে। যদি ইনডেক্স নাম্বার অফ ইন্ডাস্ট্রিয়াল প্রফিট দেখি তা হলে দেখতে পাব ইন্ডাস্ট্রিয়াল প্রফিট কিভাবে বেড়ে চলেছে। প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনার আমলে আমাদের দেশের ইন্ডাস্ট্রিগুলি কিভাবে প্রফিট করেছে যদি ডিপ্রিসিয়েশন এবং যত রকম ট্যাক্স আছে সমস্ত বাদ দিয়ে দি তা হলে প্রফিটএর পরিমাণ ১৯৫০ সাল থেকে আজ পর্যন্ত কত বেড়েছে তার হিসাব দেখাব।

Silk and Woollen Textiles—

১৯৫০ সালকে যদি বেস ইয়ার এবং একশ ধরি তাহলে ১৯৫১ সালে যেখানে উলেন এক সিল্কে ৫৫·৭ ছিল সেখানে ১৯৫৬ সালে হয়েছে ৬১৩·৭, সুগারে ১৯৫১ সালে যেখানে ছিল

১৬৯ সেখানে ১৯৫৬ সালে প্রফিট দাঁড়িয়েছে ২০৭·২, ইঞ্জিনীয়ারিংএ যেখানে ছিল ১১৬·১, সেখানে ১৯৫৬ সালে হয়েছে ৩৬১·৭, আয়রন অ্যান্ড স্টীল যেখানে ছিল ১৫৭·১ সেখানে দাঁড়িয়েছে ২৮২·২, কেমিক্যালসএ যেখানে ছিল ৯৬·৭ সেখানে সেই ইনডেক্স দাঁড়িয়েছে ১৭১·৮, সিমেন্ট যেখানে ছিল ১১৯·৯, সেখানে দাঁড়িয়েছে ১৫০·৬, ইলেকট্রিসিটিতে ১১০·৪ থেকে ১৫৯·৯, শিপিংএ ৭২৩·৩ থেকে হয়েছে ১৯৮·৯ এবং অল ইন্ডাস্ট্রিজ যদি দেখি তা হ'লে দেখব ১৩১·৬ থেকে প্রায় ১৬০ ইন্ডাস্ট্রিয়ালএ প্রফিট হয়েছে। অর্থাৎ বিভিন্ন জায়গায় ১৯৫০ সাল থেকে ১৯৫৬-৫৭তে বেড়ে গেছে অনেক বেশি। এর ফলে একদিকে প্রথম এবং দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় দেশীয় শিল্পপতিদের হাতে প্রচুর পরিমাণে প্রফিট গিয়েছে—অর্থাৎ ট্যাক্স এবং সমস্ত খরচ বাদ দিয়ে নেট প্রফিট বেড়েছে, অন্য দিকে গরীব শ্রেণীর ফুড গ্রেনসএর দাম বেড়ে যাওয়ার ফলে কলিকাতা অঞ্চলে ওয়ার্কিং ক্লাসএর লিভিং ইনডেক্স সবচেয়ে বেড়ে গিয়েছে ৮·২; সারা ভারতবর্ষের মধ্যে সবচেয়ে

high cost of living index

যা হয়েছে কলিকাতায় এবং কলিকাতার পাশে। কাজেই দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার মাধ্যমে লক্ষ্য করছেন এসেনসিয়াল কমোডিটিজএর দাম কিভাবে বেড়েছে—

[At this stage the honourable member having reached his time limit resumed his seat.]

Sj. Durgapada Das:

মিঃ স্পীকার, স্যার, বাজেট আলোচনা শুনতে শুনতে আমাদের পল্লী অঞ্চলে যে একটা কথা প্রচলিত আছে সেইটা মনে পড়ছে। কথাটা হচ্ছে—"ভদ্রলোকের এক কথা"। ভদ্রলোক বার বার একই কথা ব'লে যান। আমাদের বাজেট আলোচনায় সেইরকম দেখছি। গত বৎসর বাজেট আলোচনায় যা বলেছেন এ বৎসর তারচেয়ে বেশি কিছু বলেন নি, কেবল ভাষার মারপ্যাঁচ আছে এইমাত্র তফাৎ। বাজেটে যেসমস্ত ফিগার দেওয়া আছে সেগুলির দ্বারা আমাদের বংলার মানুষকে বা বংলার সমাজকে কতখানি এগিয়েছে সেটা বিবেচনা করতে হয়। বাজেটে এক জায়গায় টাকা ধরা হয়েছে এক জায়গায় ধরা হয় নি, আগের বার বলেছেন বাজেটে এইসব জিনিস ধরা উচিত ছিল কিন্তু ধরা হয় নি। এবারও কি তাই করতে হবে? যেসব অভাবের কথা আমরা বলেছি, সেইসব অভাব পূরণের দিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আর যে টাকা ধরা হয়েছে সেই টাকা ধরার পরও কাজ হয় না, এরকম দৃষ্টান্তের কথাও বলেছিলাম। এবারও তেমনি বাজেটে টাকা ধরা হল—৫০,০০০ টাকা, বছরের শেষে খবর হল ৫ হাজার টাকা—

[4-30—4-40 p.m.]

আপনারা রাস্তা, স্বাস্থ্যের দিকে যদি তাকিয়ে দেখেন তা হ'লে দেখা যাবে ঐ একই কথা। এইভাবে প্রতিটা বিষয়ে আমরা দেখতে পাব যে, লক্ষ লক্ষ টাকা দেওয়া হচ্ছে, কিন্তু সে কাজ কার্যে রূপায়িত করার কোন প্রচেষ্টা হয় নি। আমরা জানি যে আমাদের দেশ চাষীপ্রধান দেশ। সরকার সমস্ত জমি নিয়ে নিয়েছেন। জমির সর্বোচ্চ পরিমাণ বাঁধার পরে যেসমস্ত নিয়েছেন তা খালি কাগজেকলমে নেওয়া হয়েছে। কিন্তু তারপর কি হয়েছে না হয়েছে লোকে কিছুই তা বুঝতে পারে নি। জমিদারী প্রথা উঠিয়ে দিয়েছেন খুব ভাল কাজ করেছেন। এখন গভর্নমেন্ট নিজের হাতেই জমিদারী চালাচ্ছেন। সেখানে যার ঘাড়ের উপর দিয়ে কালেকশানের বোঝা চালাচ্ছেন সেই তহশীলদারদের অবস্থা হচ্ছে যে, তাদের কোন মাইনে নেই, ২৭ টাকা ভাতা মাত্র পায়। তাদের জন্য জীবনধারণের অন্য কোনরকম ব্যবস্থা সরকারের তরফ থেকে করা হয় নি। প্রজাদের তরফ থেকে যদি দেখা যায় তাহলে তহশীলদার যেখানে নেই খাজনা আদায় করার জন্য সেখানে ১৩৬২ সাল থেকে আরম্ভ করে ১৩৬৫ সাল পর্যন্ত সুদ দিতে হচ্ছে। কৃষি অকৃষি জমির ভাল করে আজ যে নতুন খাজনা তৈরি করা হল সেই খাজনা আদায় করতে গিয়ে ১৩৬২ সাল থেকে আরম্ভ করে ১৩৬৫ সাল পর্যন্ত তাদের সুদ দিতে হচ্ছে। তারপর যেসমস্ত জমি, রাস্তা কিম্বা ক্যানেল গভর্নমেন্ট নিয়ে নিয়েছেন তার খাজনাও প্রজাকে দিতে হচ্ছে। এই অবস্থা দেখা যাচ্ছে। এই অবস্থায় মানুষের মন যদি বিষিয়ে ওঠে এবং তাঁরা যদি বলে যে আমরা বাজেটের ফিগার চাই না উন্নতি চাই তাহলে কি খুব অন্যায় করা হবে? আজকে বলা হচ্ছে যে সহযোগিতার হাত প্রসারিত কর এবং দুই পক্ষ মিলে এই বাজেটের টাকা দিয়ে

সরকারীনীতিকে কার্যে রূপায়িত করার চেষ্টা কর তাহলে আমি এখানে একটা দৃষ্টান্ত আনব। স্বাস্থ্য বিভাগের দৃষ্টান্ত দিতে গেলে আজ অনেক কথাই বলতে হয়। আমি ডাক্তার পালের বক্তৃতা শুনেছি যে তিনি বলেছেন রাস্তায় বেরুলে যেদিকে যাওয়া যাবে কেবল স্বাস্থ্যকেন্দ্র ও স্বাস্থ্য উন্নতির প্রচেষ্টা দেখা যাবে। আমি যে অঞ্চলে বাস করি সেই অঞ্চলে মাইলের পর মাইল চলে যান স্বাস্থ্যকেন্দ্রের নামগন্ধ পাবেন না। স্বাস্থ্যকেন্দ্রের কথা ছেড়ে দিন, এমনও ইউনিয়ন পাওয়া যাবে যেখানে সরকারী চিকিৎসালয়, বেসরকারী চিকিৎসা, হাসপাতাল, জেলা বোর্ডের হাসপাতাল, ইউনিয়ন বোর্ডের হাসপাতাল, এমনকি এল এম এফ পাশ-করা ডাক্তার একটা ইউনিয়নে নেই। এমন ধরনের ইউনিয়নের কথা বারবার করে সরকারের চোখে আঙ্গুল দিয়ে দেখিয়ে দেওয়া সত্ত্বেও সেখানে চিকিৎসার ব্যবস্থা আজ পর্যন্ত হয় নি। এই যদি স্বাস্থ্যের উন্নতির প্রচেষ্টা হয় তাহলে লোকে কেমন করে বলবে যে আমরা উন্নতির পথে এগিয়ে যাচ্ছি। কালো বিছের মত রাস্তা নাকি চারিদিকে পড়ে আছে। আমার বাস্তব অভিজ্ঞতা হচ্ছে যে, কোন স্টেশনে নেমে রামপুরহাট মহকুমা দিয়ে হাঁটতে আরম্ভ করলে দেখা যাবে, বর্ষাকালে যান তো কোন উপায় নেই—সেখানকার রাস্তার কি অবস্থা। রামপুরহাট মহকুমার সঙ্গে জেলার যোগাযোগ স্থাপন করতে সরকার আজ পর্যন্ত পারেন নি। তীর্থক্ষেত্রের সঙ্গে স্টেশনের যোগাযোগ ব্যবস্থা করতে পারেন নি। আর রাস্তার জন্য যে টাকা ধরা হয়েছে সে নাকি হচ্ছে হবে। সরকার উন্নতির জন্য চেষ্টা করছেন কিন্তু সে উন্নতি যেদিন সাধিত হবে সেদিন হয়ত আমরা বেঁচে থাকব না। আমাদের পুত্র, প্রপৌত্র কিম্বা তার পরে যারা আসবে তারা হয়ত সেটা দেখলেও দেখতে পারে, কিন্তু আমরা কি আমাদের জীবনে তার কিছুটা দেখে যেতে পারব না, কিছুটা ভোগ ক'রে যেতে পারব না? প্রত্যেকটা ব্যাপারে আমরা এ জিনিস দেখতে পাই। সহযোগিতার কথায় বারবার বলাই হয় যে, বিরোধীদলের সদস্যরা নাকি সহযোগিতা করছেন না। কিরকম সহযোগিতা তাঁরা নেন তার একটা গল্প শুনুন। আগের বাজেটে বক্তৃতা দেবার সময় আমি রামপুরহাট মহকুমায় স্বাস্থ্যকেন্দ্রের দুরবস্থার কথা বলেছিলাম। সেখানে মারগ্রামে একটা স্বাস্থ্যকেন্দ্র স্থাপিত হয়েছে, সেই স্বাস্থ্যকেন্দ্রের চালাটি ঝড়ে উড়ে গিয়েছিল সেই অপরাধে ৭-৮ বছর আগে সেখান থেকে লক, স্টক অ্যান্ড ব্যারেল উঠিয়ে নিয়ে যাওয়া হয়েছে। স্বাস্থ্যকেন্দ্রটি চালু করার ব্যবস্থা আজও সরকার করতে পারেন নি। এই অভিযোগ করার পর স্বাস্থ্যমন্ত্রী বলেছিলেন যে তিনি নিজে সেটা দেখবেন। মাত্র কিছুদিন আগে তিনি সেখানে সদলবলে গিয়েছিলেন, রামপুরহাটে নেমে মারগ্রামে গিয়েছিলেন। ফিরে এসে পরের দিন তাঁর তারাপীঠে যাবার কথা ছিল সেজন্য রামপুরহাটে আর তাঁকে থাকতে হল না, তিনি মাসাঞ্জোর চলে গেলেন, সেখানে রাত্রি যাপন করলেন। মাসাঞ্জোর থেকে রামপুরহাট এবং রামপুরহাট থেকে যে তিনি তারাপীঠে গেলেন এতে সরকারী অর্থের অপব্যয় হোল কিনা সেটা আমি প্রশ্ন করছি? বিল হোল রামপরহাট থেকে মাসাঞ্জোর এবং মাসাঞ্জোর ব্যাক টু রামপুরহাট, তারপরে তারাপীঠে গেলেন। তিনি সেখানে গিয়ে জনসাধারণের সঙ্গে যোগাযোগ করবেন বৈকি—পপুলার মিনিস্ট্রিজ মিনিস্টার কিন্তু তিনি যে সেখানে গেলেন সেখানকার স্থানীয় এম এল এদের কোনরকম সংবাদ দিলেন না। সেখানে সরকারের একটা মিটিং হল, এস ডি ও আহ্বায়ক হয়ে সভা আহ্বান করলেন, জনসাধারণের সঙ্গে তাঁদের অভাব অভিযোগ নিয়ে আলোচনা করবেন, সেখানে কোন স্থানীয় এম এল এদের ডাকা হয় নি। ঐ অঞ্চলের অভাব অভিযোগের ব্যাপারে তাঁরা সত্য কথা বলবেন কিনা সেজন্যই বোধ হয় সেখানকার এম এল এদের ডাকা হল না যদিও সেখানকার এস ডি ও সভা ডাকলেন মিনিস্টারের নির্দেশমত। তিনি সেখানকার মহকুমা হাসপাতাল পরিদর্শন করলেন, এ্যাডভাইজরী বোর্ডের মেম্বারদের ডাকলেন —সেখানে দেখা গেল তিনজন মেম্বারকে ডাকা হ'ল না। সেই তিন জনের মধ্যে একজন হচ্ছেন সেখানকার এম এল এ—আর বাকি দুইজনের মধ্যে একজন সেখানকার লব্ধপ্রতিষ্ঠ উকিল এবং এতদিন তিনি মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান ছিলেন। সেকথা ছেড়ে দিলাম, তিনি যদি অ্যাডভাইসরি বোর্ডের মেম্বারদের ডাকলেন এবং অ্যাডভাইসরি বোর্ডের মেম্বারদের সঙ্গে আলোচনা করলেন তাহলে তাঁকে বাদ দেওয়া হল কেন? এরই নাম কি সহযোগিতা? একে যদি সহযোগিতা বলেন তা হ'লে অসহযোগিতা কাকে বলে সেটা আমি জানি না। মন্ত্রিমহাশয় মারগ্রামে গিয়ে মিটিং করলেন—সেখানকার গ্রামবাসীরা হাসপাতালের জন্য জায়গা দিয়েছেন।

Sj. Basanta Kumar Panda: Mr. Speaker, Sir, much has been debated during the last three days over the same subject and some honourable members have spoken in favour of the Budget and some have taken a contrary view. But I would say, Sir, the Budget is not only a document of receipts and expenditure for the coming year, but the budget shows the social, economic and political life of the country. It also discloses the trend of human mind of this country, the era of life to which they are going to enter. It is the declared object of ours that we shall establish a Socialistic State in this country. It was the declared object of my friends opposite that they would gradually come to socialism and they preferred a socialistic pattern of society a few years ago. But now about two years ago they have taken to our path, i.e., they also have declared that

[4-40—4-50 p.m.]

they are coming to a Socialistic State. So, on this point that we are establishing a socialist State in this country, has any budget since 1950 up to the present year shown any trend to that direction? I say this is totally negative. Sir, what is the pattern of socialist economy and socialist budget? In the first instance a class of poor men shall be exempted from all sorts of taxation. There should be a lower limit up to which there would be no tax. Thereafter there will be progressively higher rates of taxes and after a certain limit taxation would be so high that men shall not be allowed to amass fortune. Sir, let us see the trend of taxes in our State. Sir, recently a few Acts have been passed by the Centre—Exess Profits Tax Act, Death Duty Act, Wealth Tax Act, Expenditure Tax Act they are all to this end. But only passing the Act will not solve the problem, they will have to be rigorously enforced. The actual position is this excepting the Agricultural Income-tax there is no tax in this State which is progressive. One or two may be good but the rest are retrograde. I would say that Agricultural Income-tax only enhances tax on a slab basis. If you look to the figures for several years you will find that Agricultural Income-tax was over 6 crores in 1950 but after that it has come down and this year it is only 68 lakhs. Therefore we cannot consider all these taxes to be progressive. With regard to the land revenue, it is still at a flat rate. Just after 1950 the income from this tax was in the neighbourhood of 2 crores but now after vesting in Government—Government is realising rent payable to the intermediary, it has come to 6 crores at present. But there are cases where it is being realised at the old flat rate There was an attempt in the Land Reforms Act and it was hoped that in this field there will be progressive rates. But though the Act was passed in March, 1956, it has not been given effect to. So we are realising the old rate. With regard to the profits, since the vesting in the State Government—the State Government is the owner—it is not taking the share of the crops as the bargadars used to do—40 per cent. which is given under the Land Reforms Act. They are allowing the previous owners to enjoy these profits only on payment of Rs. 10 per acre. This is how the socialist pattern is being created. Sir, here I can cite one injustice which has come to my notice from Jalpaiguri district. After 1363-64 B.S. the date of vesting, though Government have taken possession under the Estates Acquisition Act the previous owners are getting their share and Government now are demanding for the last 2 years—1363-64. Government further say that unless the tenants pay their rents for the last three years, they shall not be recognised as bargadars or tenants thereof. This is an injustice and I am told that this is being done under the direction of the Board of Revenue. I hope Government would make an enquiry to verify whether this statement is correct or not.

Now, with regard to taxation, there are two things—one is public sector and the other is private sector. If the public sector had been manned properly, if honest people were there, it would have thrived, but as time

passes on, due to the machinations of the rich people, the public sector is being brought to ridicule and, therefore, propaganda is being made for doing away with the public sector and for enhancing the scope of the private sector. This is a planned thing which is being persistently done by interested people. Now, I would say that there is scope for increase of revenue at the cost of the rich. I would mention only one thing. If we look to taxation—tax on motor vehicles and the motor spirits tax, we will find that there is enough scope for increment. Wherever you go—either in towns or mofussil, you find that all buses and all public vehicles are over-crowded. Therefore, there is necessity everywhere for increase in the number of these buses and these public vehicles, but there is a check by the R.T.A. and the S.T.A. They are not giving enough permits. The rich people are coming forward to get these permits. Now, if enough people are given licence, the position would be that Government would be getting more taxes for more buses and for more buses there would be sale of more motor spirit and, therefore, Government's income would be enhanced. At the same time, due to the increase in the number of public vehicles, people will travel easily. But who will suffer? Only the rich people will suffer. So, in the interest of these rich people, the issue of these licenses is being restricted unnecessarily. Of course, there may be congestion in cities like Calcutta, but there is no such congestion in the mufassil areas. So, there is no harm in being liberal in issuing licences for the benefit of the people—the travelling public—and also of the Government.

Sir, with regard to progressive taxes, I would say that there is a great dearth of these taxes. Now, I would say that the Central Government is getting the Centre's share of the collected amounts of taxes from West Bengal, specially income-tax, Excess Profits Tax and Death Duty and these taxes are being collected from West Bengal at a very high rate. Our share of these taxes should be higher, but I do not know whether our Government have made representation before the Centre or not. In 1950, our share of these taxes was only Rs. 6 crores, in 1953 it was Rs. 8 crores, in 1957 it was Rs. 10 crores and this year it has been Rs. 16 crores. But if you look to the budget of the Central Government, you will find that only from West Bengal from 1950 up to the present year they have realised taxes under the above heads from Rs. 80 crores to about Rs. 200 crores. So, after getting so much money from West Bengal, if they give only so little to West Bengal, there would be enough scope for protest, there would be enough scope for representation by the West Bengal Government. I do not know how far our Hon'ble Chief Minister has done it.

Sir, the Hon'ble Finance Minister has said in his budget speech that we are ahead of our Plan but the Centre is not giving its due share to us. But he has not given us any reason why the Planning Commission is not giving us our due share. Now, although they say that they are ahead of their Plan, I would say that what they are stating does not really represent the truth. I would give you two instances from my district of Midnapore. Two roads, viz., Haria to Janak Road and Bajkur to Egra Road, were included in the Second Five-Year Plan and I have seen that in the previous two budgets only Rs. 1 lakh was allotted for this purpose, but no action was actually taken. In this year's budget also we see that Rs. 2 lakhs has been allotted under each head, but I do not know when they are going to take up the work. It will take about three or four years to construct these roads. Now, three years of the Second Five-Year Plan period have already elapsed and we have only two years left. I do not know when they are to begin it and when they are to end it.

As regards compensation to zemindars, I will say a few words. I am not pleading for the big zemindars but the backbone of West Bengal is the middle-class intermediary. These middle-class intermediaries were realising money to the tune of Rs. 6 crores and giving up the previous revenue their share comes to about Rs. 4 crores. In this budget they are only given 1½ crores. It is not worth the name of compensation. I am speaking of the middle-class intermediaries.

[At this stage the honourable member having reached his time-limit resumed his seat.]

[4-50—5 p.m.]

Sj. Nikunja Behari Gupta: Sir, I welcome this budget for the year 1959-60 as placed by the Hon'ble Finance Minister, because it is a bold and well-balanced one and yields a surplus. I welcome this Budget because there is no proposal for fresh taxation and there is firm determination for continuing the Second Five Year Plan to its conclusion, though there are many urgent and vital works necessary for the benefit of the State such as the taking up of the construction of the Farrakka barrage cum bridge which are vital to West Bengal and which have not been taken up. I know the difficulties because there is no response from the Centre to help the construction. The construction of a bridge over the Mahananda river at the Sadar Ghat, Malda, is a crying necessity of North Bengal. Our wants are many and various but our problems are also many and various. We have got many problems to solve. There is the problem of the refugees; the relief operations and the food problem in the districts give us stress and strain. So the problems which we desire to be solved at once cannot be solved at the present moment.

Sir, the proposal of floating a market loan of Rs. 7 crores for the purpose of helping development schemes has been taken amiss by many honourable members of this House. There is nothing wrong in floating it for development work. Thereby we get money to help the progress of the country and the people who subscribe to the loan will get benefit from it. Sir, large sums of money have been allotted for very important projects such as the Mayurakshi, Damodar and Kangsabati, but only allotment of money is not enough. We have to see that these projects are worked out well and that they produce the desired result. So far as the Damodar project is concerned, it has not given us the desired result. I hope our Government will take special care to see that the money which is being spent over the projects yields us the desired result. The project of constructing a *bund* over the Kangsabati is certainly welcome.

[5—5-15 p.m.]

Sir, the food problem which has now become a chronic problem in the country will certainly be helped by the construction of these projects. But, Sir, I think these projects cannot cope with the necessity which we have because daily the number of people in the country is increasing. So I would suggest that the minor irrigation projects should not be neglected. Many honourable members of this House have also subscribed to this view. I suggest that a sub-directorate may be created to look after the operation of minor irrigation works. Sir, I feel that North Bengal is being overlooked in this respect. There is no possibility of any major irrigation projects there. Cutting of canals, construction of masonry wells and sinking of tubewells will help North Bengal and will lead to better yield of foodstuffs there.

Sir, we are making progress in the sphere of education, in the sphere of health and in other directions. Regarding health, I have great pleasure to find that the Public Health Department has done many things but many things still remain to be done. Many gentlemen have donated large sums of money and vast quantity of land for the establishment of health centres in villages. But this money and the land are not being used as yet. The intention of the donors must be fulfilled. There is a gentleman's contract and we must fulfil it. I know difficulties such as constant change of plan and long-term costruction had delayed matters. Sir, in the countryside people have great faith in the Ayurvedic system of treatment. It is an experimented system and now-a-days many indigenous herbs are being used even by Allopathic physicians. Why not try Ayurvedic hospitals in villages? Indigenous herbs are now being used even for Allopathic medicines. Two most important medicines, Penicillin and Rowlfia-Serpentina are made from indigenous herbs. Eminent foreign physicians are taking keen interest in the Indian medicinal herbs. So I suggest that the Ayurvedic system of treatment may be recognized by the State and Ayurvedic hospitals may be recognized by the State and Ayurvedic hospitals may be established in villages.

Sir, the Budget has been discussed from various angles by honourable members of this House. I will not go into the details of figures and items. I will say that the Budget is progressive and there is sincereity of purpose and Government is undertaking development work all over the State. I, therefore, welcome the Budget and hope that the country will progress with the co-operation of the people.

[At this stage the House was adjourned for 15 minutes.]

[*After adjournment*]

[5-15—5-25 p.m.]

Pakistani raid at Bhatupara.

Sj. Haridas Dey:

স্যার, আজকে কাগজে দেখলাম যে তেহট্ট থানার ভাটুপাড়া সীমান্তে আমাদের যে পাহারা ছিল, পাকিস্থানী ফৌজরা জোর করে তাদের ধরে নিয়ে গিয়েছে এবং সীমান্তে গুলিবর্ষণ করেছে। এই রকম যদি চলে তা হলে সীমান্তের অধিবাসীরা কি করে সেখানে থাকবে এবং কোন দিন খবর পাবো যে আপনাকেও তারা নিয়ে গিয়েছে।

Sj. Apurba Lal Majumdar:

এই সম্পর্কে আমাদের মাননীয় কালীপদবাবু কিছু বলুন। সেখানে প্রায়ই গোলমাল লেগে আছে, কাগজে দেখতে পাই, অথচ আমাদের বলা হয় বর্ডার সুরক্ষিত আছে। কেন এই রকম হয়?

Mr. Speaker: I am told by Mr. Mukherjea, my Secretary, that this identical matter was mentioned this morning in the Legislative Council and the Home Minister did make a statement. What is the statement I am not aware of it myself. I will call for the statement and hand it over to the honourable members to see exactly what it is about so that you can make up your mind as to whether you want to proceed further on it or not.

There is a little cutting handed over to me.

"ভারতীয় কনস্টেবল ও রক্ষীবাহিনীর সেনা পাকসৈন্য কর্তৃক অপহৃত"

Is that the article which you have in mind?

Sj. Haridas Dey: Yes, Sir.

General Discussion of the Budget

8j. Ganesh Ghosh:

মাননীয় স্পীকার মহাশয়, পশ্চিমবঙ্গে ছোট এবং মাঝারী শিল্পে সংকট যে কত গভীর হয়েছে সেটা আর একবার জানতে পারলাম সম্প্রতি যে চৌরঙ্গীতে বিজিনেসম্যানদের যে ইন্ডাস্ট্রিয়াল কনভেনশন হয়ে গেল। এটা বহুদিনের পুরানো অভিযোগ কিন্তু নতুন ক'রে তীব্রভাবে প্রকাশ পাচ্ছে। এই যে বাংলার ছোট এবং মাঝারী শিল্প বড় বড় বিলাতী পুঁজি-পতিদের আক্রমণে এবং সবচেয়ে গুরুতর কথা সরকারী ঔদাসীন্যের ফলে এবং এই সব ছোট শিল্পের প্রতি সরকারের বিমাতাসুলভ মনোভাবের ফলে আজকে এরা সত্যসত্যই ধ্বংসের মুখে এসে দাঁড়িয়েছে। বড় শিল্পের মধ্যে পাট, কয়লা নষ্ট হয়ে যাচ্ছে এবং ছোট ও মাঝারি শিল্পের মধ্যে ইঞ্জিনীয়ারিং শিল্প, লাক্ষা, তাঁত, পিতল-কাঁসা, চামড়া, জুতা ইত্যাদি তৈরি শিল্প, দা, ছুরি, কাঁচি, তালা ইত্যাদি, বিড়ি, শঙ্খ, কাচশিল্প, অ্যাম্পুল মেকিং, পিতলের ল্যাম্প হোল্ডার, বেল্টিং, ইলেকট্রিক ল্যাম্প, হোসিয়ারী, ফাউন্টেন পেন-এর কালি। আর বেশি নাম করার প্রয়োজন নাই। এক কথায় পশ্চিমবাংলার সমস্ত রকমের ছোট, মাঝারী ও কুটিরশিল্প আজ নিশ্চিত ধ্বংসের মুখে দাঁড়িয়েছে। আমি এ সম্পর্কে আর একটি শিল্পের কথাও উল্লেখ করব, সেটি হল চা শিল্প, সেটাও আজ সরকারের গাফিলতীর ফলে নষ্ট হতে চলেছে। বেশি নাম করার প্রয়োজন নাই। এই সমস্ত শিল্পগুলি সত্যসত্যই আজ ধ্বংসের মুখে দাঁড়িয়েছে এবং এর ফলে শুধু যে বাংলার অর্থনীতিই দুর্বল হয়ে পড়ছে তা নয়, পশ্চিমবঙ্গ বহু প্রয়োজনীয় জিনিসের জন্য বাইরের প্রদেশের উপর এবং বিদেশী পুঁজির উপর নির্ভরশীল হয়ে পড়ছে, আর কি আশ্চর্য এই ধ্বংস পশ্চিমবঙ্গ-সরকার নির্লিপ্ত মনোভাব নিয়ে তা দাঁড়িয়ে দাঁড়িয়ে দেখছেন। তাদের বাঁচাবার জন্য সরকারের কোন পরিকল্পনা নাই এবং তাদের বাঁচাবার জন্য কোন উদ্যোগ পশ্চিমবঙ্গ-সরকারের দেখছি না বা দেখতে পাচ্ছি না। যে কোন ছোট ও মাঝারি শিল্পের মালিকের সঙ্গে আলোচনা করলেই বোঝা যায় এই সরকারের বিরুদ্ধে তাদের কি গভীর এবং গুরুতর অভিযোগ। পশ্চিমবঙ্গে চৌরঙ্গী কনভেনশনএ ডাঃ রায়কে আমন্ত্রণ করা হয়েছিল। তিনি অনেক ধানাই-পানাই বললেন, বিশেষ কিছু বললেন না। একটা কথা বললেন পশ্চিমবঙ্গে নতুন শিল্প আর তৈরি হচ্ছে না, তৈরি করার জন্য কি করছেন সেটাই তো জানতে চেয়েছিলাম, জানতে পারলাম না। বিক্ষোভ তাদের এত বেশি যে ছোট এবং মাঝারী শিল্পপতিরা এর পরে ওয়াক-আউট করতে বাধ্য হয়েছিলেন। এই সরকার যে কত নির্লিপ্ত তা বাজেট দেখলেই তার প্রমাণ পাওয়া যায়। বাজেটের মধ্যে এমন কিছু পাচ্ছি না যাতে করে বাংলার এই শিল্পগুলি বাঁচতে পারে, দাঁড়াতে পারে। বাজেটের মধ্যে পরিকল্পনাহীনভাবে শুধুমাত্র এদিক-ওদিক কিছু উল্লেখ করেই পশ্চিমবঙ্গ-সরকার দায়িত্ব সেরেছেন। দুর্গাপুর কোক-ওভেন প্ল্যান্ট সম্বন্ধে বিধানবাবুর মুখ থেকে অনেক শুনেছি। এ সম্বন্ধে একটা ছোট পুস্তিকাও দেখেছিলাম কিন্তু যা তিনি বলেছিলেন গ্যাস তৈরি হবে সেই গ্যাস গ্রীড এনে সস্তা দরে দেবেন, বহু বাই-প্রোডাক্টস্ তৈরি হবে, বহু টাকার জিনিস আমরা পাব একথা বহুবার বিধানবাবু বলেছেন কিন্তু গ্রীডের ব্যবস্থা হয় নি। ৩ কোটি টাকা ব্যয় করলে এই ৩৬ মাইল দূর থেকে গ্যাস পেতে পারতাম সেটা পেলাম না, সে ব্যবস্থা এঁরা করতে পারলেন না। দিল্লীর কাছে লেখা হয়েছে, আজ পর্যন্ত তাঁরা এ সম্বন্ধে জানান নি।

[5-25—5-35 p.m.]

দ্বিতীয় কথা হচ্ছে এই দুর্গাপুরে যে গ্যাস তৈরি হবে, তার যে পরিকল্পনা হয়েছিল তখন এই ৩ কোটি টাকা ধরা হয় নি। তার ফলে শুনেছিলাম জনসাধারণ সস্তা দামে গ্যাস পাবে, ৩ কোটি টাকা খরচ করলে সস্তা দামে গ্যাস দেওয়া যাবে কি না, সে সম্বন্ধে আজকে দুর্গাপুরের ইঞ্জিনীয়ারেরা সন্দেহ প্রকাশ করছেন। আর একটা কথা বলতে চাই যে দুর্গাপুরে যে প্ল্যান্ট হচ্ছে, আজকে এতদিন বাদে যখন এতদূর এগিয়ে গিয়েছে, আজকে নতুন কোরে জানা যাচ্ছে বর্তমান প্ল্যান্ট ইকনমিক হবে না। এই প্ল্যান্ট যদি ডবল ক্যাপাসিটির না করা যায় তা হলে ইকনমিক হবে না। আমরা বলেছি অন্য প্রদেশেও কংগ্রেস সরকার আছে, তারা তাদের শিল্পকে বাঁচাবার জন্য যে কাজ করছে, কেন্দ্রীয় সরকারের উপর চাপ দিয়ে যে টাকা আদায় করছে, পশ্চিম-বাংলা সরকার তা করছেন না কেন? অথচ তাঁদেরই চোখের সামনে বাংলার মাঝারি শিল্প, ছোট

ছোট কুটিরশিল্প ধ্বংসপ্রাপ্ত হচ্ছে। মিঃ স্পীকার, স্যার, আমি শুধু একটা স্ট্যাটিসটিকসএর কথা উল্লেখ করছি। ১৯৫৭।৫৮ সালে

Grant of loan sanctioned by the Central Government for small industries of West Bengal.

সেটা ছিল ৪২ লক্ষ টাকা, পশ্চিমবাংলা সরকার, এই টাকা খরচ করতে পারেন নি, তাঁরা ৩৭ লক্ষ টাকা খরচ করেছেন, বাদবাকী নিয়ে বসে আছেন বা ফেরত দিয়েছেন। সে সময় মাদ্রাজ-সরকার কি করেছেন? ১৯৫৭-৫৮ সালে সেন্ট্রাল গভর্নমেন্ট মাদ্রাজের জন্য স্যাংশন করেছিলেন ৬৫ লক্ষ টাকা। আর সেখানে মাদ্রাজ-সরকার এক কোটি টাকার বেশি খরচ করেছেন। পশ্চিমবঙ্গ-সরকার তা পারেন নি। তাঁদের চোখের সামনেই মাঝারি এবং ছোট শিল্প ধ্বংস হয়ে যাচ্ছে এবং বহু মানুষ বেকার হচ্ছে। অন্যান্য প্রদেশের মানুষ এসে বাংলাদেশে শিল্প তৈরি করছে, এবং এখানে প্রাধান্য প্রতিষ্ঠা করছে। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার মুখ্য উদ্দেশ্য ছিল দেশে তাড়াতাড়ি ইন্ডাস্ট্রিয়ালিজেশন হয়, কিন্তু সরকার এ রকম অপদার্থ, তাঁদের এ রকম দূরদৃষ্টির অভাব যে সেই অযোগ্যতার জন্য তাঁরা এগিয়ে যেতে পারছেন না। বরং দেখতে পাচ্ছি দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার মাঝামাঝি অবস্থায় অলরেডি স্টাগনেশন এসে গেছে। এবং আমরা পপুলেশন ইনক্রিমেন্ট বিচার করলে বলব যে একটা ইন্ডাস্ট্রিয়াল রিগ্রেসন এসে গেছে। ১৯৫৫-৫৬ সালে রেট অব প্রগ্রেস যা আগের বছর ছিল তার তুলনায় হ'ল ৪ পারসেন্ট ১৯৫৭ সালে সেখানে বছরের তুলনায় ৩½ পারসেন্ট, ১৯৫৮ সালে রিগ্রেসনটা আরও বেশি হয়েছে। এই

regression in organised centre of industries

১৯৫৭ সালের প্রথম ৭ মাসের তুলনায় ১৯৫৮ সালে ফল্ কোরে হয়েছে ৪·৭ পারসেন্ট; ১৯৫৭ সালে ১৯৫৬ সালের তুলনায় অনেক কম উৎপাদন হয়েছে—এই রিগ্রেশনটা ম্যানুফ্যাকচার্ড ইন্ডাস্ট্রিতে এবং ম্যানুফ্যাকচার্ড ইন্ডাস্ট্রিতে ব্যক্তিগত মালিকানা প্রাধান্য আজও রয়েছে। এ ত সর্বভারতীয় চিত্র। পশ্চিমবাংলার চিত্র আরও শোচনীয়। এখানে গত কয়েক বৎসরের মধ্যে নতুন শিল্প তো হয় নি বরং যেগুলো চালু শিল্প তাদের যে প্রডাকটিভ ক্যাপাসিটি সেই প্রডাকটিভ ক্যাপাসিটি আরও রেস্ট্রিকটেড হয়েছে। বহু ক্ষেত্রে এই প্রডাকটিভ ক্যাপাসিটি হ্রাস পেয়েছে। ছোট এবং মাঝারি শিল্প উঠে যাচ্ছে। অনেক শ্রমশিল্প হ্রাস পাচ্ছে এবং বেকারী বৃদ্ধি পাচ্ছে। পশ্চিমবাংলার অর্থনৈতিক ক্ষেত্রে পাট শিল্পের গুরুত্ব অনেক বেশি এ কথা উল্লেখ করার দরকার হয় না। কিন্তু পাট শিল্পকে বাঁচিয়ে রেখে বিশেষ কোরে পাট চাষীদের বাঁচাবার জন্য আমাদের সরকার কি কোরেছেন? তাঁরা কিছু করেছেন কি আদৌ? আজকে আমাদের সরকার বড় বড় পাটকলের মালিকদের হাতের পুতুল হয়ে আছেন, এই সমস্ত জুট মার্কেটে তাঁরা ডমিনেটিং পজিশন মেনটেইন করছে। কাঁচা পাটের দাম সব চেয়ে কম রাখবার জন্য সজাগ এই সমস্ত মনোপলিস্ট জুটমিল ওনাররা। বাম্পার ক্রপ হয়েছে, ২২ লক্ষ গাঁট পাট হয়েছে—১৯ লক্ষ গাঁট মেস্তা তৈরি হয়েছে। কিন্তু পাটের দাম ১৬ টাকায় এসে দাঁড়িয়েছে। তার ফলে পাট উৎপাদন করতে যা খরচ লাগে তার চেয়ে পাটের দাম আরও কম। আজ ৮ লক্ষ পাট চাষী পরিবার ধ্বংস হয়ে গেছে। এদের বাঁচাবার জন্য সরকার কি করেছেন কিছু? দ্বিতীয় কথা আমাদের পাট শিল্প নির্ভরশীল বিদেশী বাজারের উপর। গেল বছর মিল মালিকেরা পাট কিনেছে আস্তে আস্তে করে, এবং তাতে পাটের বাজারে আনসার্টেনটি দেখা দিয়েছিল ঐ বছরের মাঝামাঝি সময়। আর্জেন্টিনা ইম্পোর্ট লাইসেন্স বন্ধ করে দেয় এবং পাট শিল্পে তখন আঘাত এল। বিদেশীর উপর নির্ভরশীল থাকলে এই রকমই হবে। পাট শিল্প সম্বন্ধে যথেষ্ট গবেষণা করে পাট শিল্পকে আমাদের দেশে অ্যাবসর্ব করার জন্য যদি সরকার চিন্তা করতেন, সে সম্বন্ধে যদি কোনরূপ পদক্ষেপ করতেন তা হলে পাট শিল্পের ভবিষ্যৎ সুনিশ্চিত হতে পারত। সে সম্বন্ধে যে আনসার্টেনটি রয়েছে তা এক্সপোর্টএর পরিমাণ দেখলে সুনিশ্চিতভাবে বুঝতে পারব। ১৯৫৭ সালের প্রথম ১১ মাসে হেসিয়ান রপ্তানি করা হয়েছিল ৩,৭৯,২৩২ টন, ১৯৫৮ সালে সেটা কমে গিয়ে হয় ৩ লক্ষ ৮৪ টন মাত্র। হেভি জুট গুডস ১৯৫৭ সালের ৭ মাসে ২,৬৬,৮০০ টন আর ১৯৫৮ সালের প্রথম ৭ মাসে মাত্র ২,২০,০০০ টন। অবশ্য পুঁজিবাদী দেশসমূহের অর্থনৈতিক সঙ্কটের অবশ্যম্ভাবী ফল ইন এক্সপোর্টের একটা কারণ, কিন্তু সেটাকে আমরা এত বড়

কারা কেন? আমাদের পাটকলের মালিকেরা এত মুনাফা করেন, সেদিকে সরকার দৃষ্টি দেন কি? পাট শিল্পকে বাঁচাবার জন্য সরকার কি করেছেন? সে কথা কি এই বাজেট অধিবেশনে জানতে পারব?

এবার কয়লা শিল্প সম্বন্ধে দুই-একটি কথা বলব। কয়লা আমাদের আর একটা প্রধান শিল্প। কিন্তু কি উৎপাদনের দিক থেকে, কি লেবার এমপ্লয়মেন্টএর দিক থেকে এর কোন stability boldness, firmness, advance—

এর কিছুই দেখতে পাচ্ছি না। ১৯৪৭ সালের তুলনায় ১৯৫৬ সালে বেড়ে গেছে ৮০ লক্ষ টন। কিন্তু দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যে লক্ষ্য তা থেকে অনেক পিছিয়ে আছি। দ্বিতীয় পরিকল্পনায় কয়লা উৎপাদনের লক্ষ্য রাখা হয়েছিল ৬ কোটি টন। কাজেই কয়লা শিল্পে আমরা স্টেডি হতে পারছি না। তার কি কারণ? দুই-একটা প্রতিষ্ঠান, রেলওয়ে কয়লা খনি ছাড়া বেশির ভাগ আজও রয়েছে ব্যক্তিগত মালিকানার অধীনে। সেইজন্য কয়লা শিল্পের ভিতর এত অনিশ্চয়তা। ফলে জাতীয় স্বার্থ ক্ষতিগ্রস্ত হচ্ছে। এই শিল্পের ক্ষেত্রে ব্যক্তিগত স্বার্থই প্রাধান্য পেয়েছে। ১৯৫০ সালে পশ্চিমবাংলার সমস্ত কলিয়ারীতে নিযুক্ত শ্রমিক ছিল ৯১,৬৭৮, সেখানে ১৯৫৪ সালে শ্রমমন্ত্রী বলেছেন সেই সংখ্যা ৭৫,৯৩৭ জন, পশ্চিমবাংলা সরকার এদিকে দৃষ্টি দিয়েছেন কি? এমপ্লয়মেন্ট পোটেনশিয়ালিটি কি বেড়েছে? তা হয় নি। সেইজন্য কয়লার প্রডাকশন আর বেশি করা যায় নি।

[5-35—5-45 p.m.]

মিঃ স্পীকার, স্যার, চা সম্বন্ধে এনকোয়ারি কমিটি এই অভিমত দিয়েছেন যে, চাএর গাছ পুরানো হয়ে গেছে এবং সেখানে যদি নতুন চারা না লাগানো যায় তা হলে অদূরভবিষ্যতে আন্তর্জাতিক ক্ষেত্রে চায়ের বাজারে আমরা একটা আঘাত খাব। পশ্চিমবাংলার ছোট এবং মাঝারি শিল্প সম্বন্ধে ২।১টা কথা বলা দরকার। প্রথমেই আমি ইঞ্জিনীয়ারিং শিল্প সম্বন্ধে আপনার দৃষ্টি আকর্ষণ করব। দু'-একটা বড় বড় প্রতিষ্ঠান, প্রাইমারী প্রোডিউসর কিম্বা লার্জ স্কেল ফ্যাব্রিকেটারস ছাড়া আর সব ইঞ্জিনীয়ারিং কনসার্নের ক্ষেত্রে সবচেয়ে অসুবিধা হচ্ছে যে তারা কাঁচামাল পায় না। এর ফলে এই কারখানাগুলি বছরের মধ্যে বেশিরভাগ সময়ই পারসিয়ালী বন্ধ থাকে এবং পারসিয়ালী এ্যাফিসিয়েন্টলি তারা কাজ করতে বাধ্য হয় বলে তাদের প্রোডাকটিভ ক্যাপাসিটি সবসময় রেস্ট্রিকটেড থাকে। ১৯৫৭ সালে সরকারী সার্ভে রিপোর্ট থেকে এটা জানা গেছে

Between 20 per cent to 80 per cent. of the productive capacity of such small and medium engineering industries were idle due to the acute shortage of raw materials.

সরকার এটা কি কখনও মনোযোগ দিয়ে বিবেচনা করেছেন? এই সর্টেজ অব র-মেটিরিয়ালসএর একটা প্রধান কারণ হচ্ছে সরবরাহ বিভাগের গাফিলতি। সরবরাহ বিভাগের মধ্যে যে গভীর দুর্নীতি রয়েছে তার জন্য এই জিনিস ঘটছে। ইস্পাত ও লোহা সরবরাহ করার বিষয়ে সরকারের কোন সুষ্ঠু পরিকল্পনা নেই। তাদের যেখানে এইরকম অবস্থা সেখানে তাদের কাঁচা মালের জন্য সাপ্লাই ডিপার্টমেন্টের খাম-খেয়ালীর উপর নির্ভর করতে হয়। দ্বিতীয়তঃ, এদের উৎপাদিত মালের কোন অ্যাসিওর্ড মার্কেট নেই। এই মার্কেট যাতে তারা পেতে পারে সে সম্পর্কে সরকার কিছু ব্যবস্থাই করছেন না। তৃতীয়তঃ, পুঁজি সমস্যা এদের একেবারে পঙ্গু করে দিয়েছে। এদের যন্ত্রপাতি পুরানো হয়ে গেছে, তাকে রিপ্লেস করা প্রয়োজন, মডার্ন ইকুইপমেন্ট আনা দরকার। কিন্তু এদের সেই পরিমাণ অর্থ নেই। চতুর্থতঃ, প্রোডাকটিভ পারপাস-এ বড় বড় মালিকদের সঙ্গে এদের কোন কমন প্রোডাকটিভ প্রোগ্রাম না থাকার ফলে ছোট ছোট ইঞ্জিনীয়ারিং প্রতিষ্ঠানকে বড় বড় মালিকদের সঙ্গে প্রতিযোগিতা করতে হয় এবং এর ফলস্বরূপ এরা মার খাচ্ছে ও নিশ্চিহ্ন হয়ে যাচ্ছে। এখানে বলা দরকার যে বড় বড় শিল্পের মধ্যে কয়েকটির মালিকানা একচেটিয়া বিদেশী পুঁজিপতিদের হাতে রয়েছে। একটা কমন প্রোডাকটিভ প্রোগ্রাম হতে পারে যদি সরকার এ বিষয়ে উদ্যোগী হন। এ ছাড়া ছোট এবং বড়দের মধ্যে যাতে এইরকম অসঙ্গত প্রতিযোগিতা না হয় তা অ্যাভয়েড করা যেতে পারে এবং বড়দের প্রোডাকশনে ছোটদের

সাপ্লিমেন্ট হিসাবে কাজ করানোর ব্যবস্থা করা যেতে পারে যদি সরকার এ বিষয়ে ইনিসিয়েটিভ নেন। এই ব্যাপারে চৌরঙ্গী কনভেনশন-এ ছোট শিল্পের পক্ষ থেকে এই কমন প্রোডাকশনের দাবী করা হয়েছে। কিন্তু সরকার কি এ বিষয়ে কিছু চিন্তা করছেন? আইরন এ্যান্ড স্টীলে কাঁচা মাল সরবরাহ সম্পর্কে সরকারী গাফিলতি ও দুর্নীতি এই ছোট ছোট ইঞ্জিনীয়ারিং শিল্প-গুলিকে ধ্বংসের মুখে ঠেলে দিচ্ছে। পশ্চিমবাংলা সরকারের খাতায় ১১ হাজার ছোট ছোট ফ্যাক্টরী রেজিস্ট্রী করা আছে এবং এদের মধ্যে মাত্র ২৫টা বাই রোটেশন স্টীল এ্যান্ড আইরন পায়, অন্যগুলি মোটেই পায় না। ১৯৫৭ সালে সরকারের নন-এগ্রিকালচারাল কোটা অফ স্টীল ছিল ২২ হাজার টন, কিন্তু এর মধ্যে ১৯ হাজার টন রেজিস্টার্ড ফ্যাক্টরীগুলোকে না দিয়ে আলটিমেটলি এগুলো ফ্রি-সেলের জন্য ব্ল্যাক-মার্কেটে দিয়ে দেওয়া হয়েছে। ছোট ছোট ইঞ্জিনীয়ারিং শিল্প সম্পর্কে বিরূপ মনোভাবই এর কারণ। হাওড়ার ছোট ইঞ্জিনীয়ারিং শিল্পের জন্য যেখানে আর্থিক প্রয়োজন ৩ কোটি টাকা সেখানে সরকার ১৯৫৫-৫৬ সালে এর জন্য বাজেটে বরাদ্দ করেছিলেন মাত্র ১৬ লক্ষ টাকা। কিন্তু ঐ টাকাও সরকার কেন ব্যয় করেন নি তার কারণ আমরা এই অধিবেশনে জানতে চাই। এই অবস্থার আর একটা শোচনীয় দিক আছে। ১৯৫৬-৫৭ সালে পশ্চিমবাংলার একমাত্র রেজিস্টার্ড ফ্যাক্টরীজ থেকে ২৩ হাজার ৭০৫ জন শ্রমিক ছাঁটাই হয়েছে। পুরুলিয়া আমাদের মধ্যে এসেছে এবং সেখানকার লাক্ষা শিল্প একটা গুরুতর শিল্প। একমাত্র পুরুলিয়ায় এই লাক্ষা শিল্পের ছোট-বড় ১০৩টা কারখানা আছে এবং ১০ হাজার শ্রমিক এই শিল্পে নিযুক্ত। বর্তমানে সরকারের গাফিলতি এবং সরকারের কোন পরিকল্পনা না থাকার জন্য ঐ শিল্পের বেশিরভাগ কারখানা আজকে বন্ধ হয়ে রয়েছে এবং তার বেশিরভাগ শ্রমিক আজ বেকার হয়ে রয়েছে। সরকারের অবহেলার ফলে একটা বিলাতী মনোপলি প্রতিষ্ঠান তার ভেতর অনুপ্রবেশ করেছে এবং এই শিল্পটাকে তাদের হাতের মুঠোর মধ্যে নেবার চেষ্টা করছে। কোলকাতায় লাক্ষা শিল্পের দুটো কারখানা আছে—আনজেলো ব্রাদার্স এবং ইস্পাহানি সিলাক ইন্ডাস্ট্রিজ লিমিটেড। এদের একটু ইমপ্রুভড মেসিনারী আছে বলে এঁরা আজকে টিকে আছে আন্তর্জাতিক ক্ষেত্রে কিন্তু পশ্চিম জার্মানীর একটা ফার্ম এফ ও লাং এ্যান্ড কোম্পানী তারা এসে এখানে অনুপ্রবেশ করেছে। তাদের ক্যাপিটাল বেশি, তাদের আধুনিক যন্ত্রপাতি আছে, তার ফলে কম্পিটিসনে ছোট ছোট মালিক যাদের আধুনিক যন্ত্রপাতি নেই এবং যারা বাই-প্রডাক্ট পায় না তাদের বেশির ভাগ জিনিসই নষ্ট হয়ে যাচ্ছে—তারা কম্পিটিসনে পারছে না লাং এ্যান্ড কোম্পানীর সঙ্গে। আন্তর্জাতিক ক্ষেত্রে এই আনজেলো ব্রাদার্স এবং ইস্পাহানিকে এরা দূরে সরিয়ে দেয়ার চেষ্টা করছে এবং যে ২ শত কারখানা ছিল তাদের মালিকরা এই লাং কোম্পানির কাছে কাঁচামাল সরবরাহ করার দালালে পরিণত হচ্ছে। শঙ্খ শিল্প পশ্চিম বাংলায় একটা বড় শিল্প—এতে প্রায় ১৪ হাজার শ্রমিক আছে। এদের কাঁচামালের অভাব অত্যন্ত বেশি এবং যেটুকু কাঁচামাল পাওয়া যায় তার দাম অত্যন্ত বেশি বলে এই শিল্পটা নষ্ট হয়ে যাচ্ছে। মাদ্রাজ উপকূল থেকে বছরে প্রায় ১৯ থেকে ২০ লক্ষ গোটা শঙ্খ পাওয়া যায় এবং উত্তর সিংহল থেকে প্রায় ২০ থেকে ২৫ লক্ষ গোটা শঙ্খ আগে পাওয়া যেত। কেন্দ্রীয় সরকারের আমদানি নীতির ফলে সিংহল থেকে আর শঙ্খ আসছে না—তার ফলে ১৯৪০-৪১ সালে যেখানে হাজার করা গোটা শঙ্খের দাম ছিল ২১২৷৷০ আনা সেটা এখন দাঁড়িয়েছে ১,৫৭৬ টাকায়

মিঃ স্পীকার: কারা বাড়িয়েছে?

Sj. Canesh Ghosh:

আমদানী নীতির ফলে দাম বেড়ে গেছে। পশ্চিমবাংলা সরকার মাদ্রাজ থেকে মাত্র ৫।৬ লক্ষ শঙ্খ আমদানি করেন এবং কো-অপারেটিভ মাত্র তা বিলি করেন। যাদের কিছু পুঁজি আছে তারা যদি মাদ্রাজ থেকে আনার চেষ্টা করেন তা হলে ১,৫৭৬ টাকার উপর আরো ২০০ টাকা বেশি দিয়ে তা আনতে হবে।

তারপরে বাংলায় বেল্টিং শিল্প মার খেয়ে যাচ্ছে। শ্রীরামপুরের কাছাকাছি ৫।৬টা দেশীয় বেল্টিংএর কারখানা আছে। যুদ্ধের সময় তারা সারা ভারতবর্ষে বেল্টিং সাপ্লাই করতো কিন্তু যুদ্ধের পর আমাদের পশ্চিমবঙ্গ-সরকার দুটো বিলাতী ফার্মকে, মনোপলি কনসার্নকে—একটা ডানলপ আর একটা গুড ইয়ার—এখানে কারখানা করার সুযোগ দিয়েছেন এবং এক হাজার টন

অ্যাডিশনাল প্রোডাকটিভ ক্যাপাসিটি করার লাইসেন্স দিয়েছেন। শুধু তাই নয়, বাংলার প্রধানমন্ত্রী তিনি গিয়ে সেই বিলাতী ডানলপ কারখানা প্রতিষ্ঠিত করে তাদের আশীর্বাদ করে এসেছেন। তাদের পুঁজি হচ্ছে প্রায় কয়েক কোটি টাকা, আর দেশী কনসার্নগুলির পুঁজি হচ্ছে ৫।৬ লক্ষ টাকা—কাজেই তারা পারবে কেন? গুড ইয়ার টায়ার এ্যামেরিকান কোম্পানী মনোপলি কনসার্ন—তাদের লাইসেন্স দেয়া হয়েছে, ডানলপ কোম্পানী মনোপলি কনসার্ন তাদের লাইসেন্স দেয়া হয়েছে পশ্চিমবাংলায়। তার ফলে দেশী বেল্টিং কোম্পানীগুলি ধ্বংস হয়ে যাচ্ছে। আগে রেলওয়ে ১৫ লক্ষ টাকার বেল্টিং কিনতো সেটা হচ্ছে পুরানো টাইপ অব বেল্টিং, রবার উভেন বেল্টিং। আজকে রবার প্লাই বেল্টিং হচ্ছে, তাতে পুরানো দেশী কোম্পানীগুলি টাকা পাচ্ছে না—পুরানো কনসার্নগুলি টাকা পাচ্ছে না বলে তারা আধুনিক যন্ত্রপাতি আনতে পারছেন না, তারা পুরানো টাইপ অব বেল্টিং তৈরি করছে। তারা আবেদন করেছিলেন কেন্দ্রীয় সরকারের কাছে যাতে পুরানো টাইপ অব বেল্টিং নেয়া হয় কিন্তু কিছুই হয় নি। এভাবে আমাদের শিল্পগুলি ধ্বংস হয়ে যাচ্ছে এই আমার বক্তব্য।

[5-45—5-55 p.m.]

The Hon'ble Abdus Sattar:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, দীর্ঘ ৪ দিন ধরে বাজেটের সাধারণ আলোচনা হচ্ছে—এই প্রসঙ্গে শ্রমদপ্তরেরও বহু আলোচনা হয়েছে। এই আলোচনায় ওপক্ষের সদস্যরা অভিযোগ করেছেন যে, রাজ্যপালের ভাষণ নিয়ে যে বিতর্ক উত্থাপিত হয়েছিল আমি তার উত্তরে যেকথা বলেছি তার মধ্যে নাকি আমার আত্মতুষ্টির মনোভাব প্রকাশ হয়েছে। মাঃ অধ্যক্ষ মহোদয়, আমি আত্মপ্রত্যয়ে আত্মবিশ্বাসে বিশ্বাস করি এবং আত্মশক্তিতে বিশ্বাস করি। কিন্তু জনকল্যাণের ক্ষেত্রে, জনস্বার্থের ক্ষেত্রে আত্মতুষ্টির কোন কথা আমি বলি নাই। এই কাজে আমাদের নিরলস ও অবিশ্রাম প্রচেষ্টার প্রয়োজন। আত্মতুষ্টি আমি প্রকাশ করি নি। আমি যেকথা বলেছি, মুখ্যমন্ত্রী সেদিন ব্যবসায়ী সম্মেলনে যে কথা বলেছেন সেই কথাই যে বাংলাদেশে শ্রমিক-মালিক সম্পর্কের উন্নতি অন্য কোন রাজ্যের অপেক্ষা খারাপ নয়। এখানে একটা অপবাদ দিয়ে বলা হয়েছে যে, পশ্চিমবাংলা থেকে শিল্পকে স্থানান্তরিত করার চেষ্টা হচ্ছে। মুখ্যমন্ত্রীর কথার প্রতিধ্বনি করে আমি বলছি যে, এক বছরের হিসাব যদি আমরা দেখি তাহলে দেখব, শ্রমিক-মালিক উন্নতি ভালই হয়েছে কিন্তু কোন সময় আমরা এই ব্যাপারে শ্রম বিভাগের বা শ্রম বিভাগের মন্ত্রীর কৃতিত্বের কথা—একথা আমরা বলিনি শ্রম বিভাগের কর্মকুশলতার জন্যই এই উন্নতি সাধিত হয়েছে। এই ব্যাপারে যদি কিছুমাত্র উন্নতি হয়ে থাকে তাহলে তার কৃতিত্ব শ্রমিক-মালিকের প্রাপ্য। এই সম্পর্ক সংরক্ষণের জন্য, এই সম্পর্ক অধিকতর উন্নত করবার জন্য যে আবহাওয়া সৃষ্টির প্রয়োজন তা করতে নিরন্তর প্রচেষ্টা চালিয়ে যাচ্ছি। এখানে একজন মাঃ সদস্য বলেছেন, ইউনিয়ন শ্রমিকদের কর্মীগোষ্ঠী রিকগনাইজ করার কোন নীতি নির্ধারিত হয় নি এই কথা সম্পূর্ণ সত্য নয়। নৈনিতাল কনফারেন্সে এই সম্পর্কে কিছু নীতি নির্ধারিত হয়েছে। আমরা জানি আইন করলেও সব সময় মানুষ বা সমাজ যা চায় যা আশা করে তা পূর্ণ হয় না তার জন্য আবহাওয়া সৃষ্টির প্রয়োজন। আমি মাঃ রাজ্যপালের ভাষণে বিতর্ককালে বলেছিলাম অন্ততঃ এইরকম একটা আবহাওয়া ধীরে ধীরে সৃষ্টি হচ্ছে আমরা দেখতে পাচ্ছি। কোন কোন ইউনিয়নকে স্বীকৃতি দেওয়া হয়েছে এবং তাদের সঙ্গে চুক্তি সম্পাদিত হয়েছে। বিগত জুন মাসে নৈনিতাল কনফারেন্স হয়েছে—এখনো এক বছর পূর্ণ হয় নি। কাজেই একথা বলা যায় না এই নীতি কার্যকরী হয় নি। ইউনিয়ন করলেই সকল সময় শ্রমিক-মালিক সমস্যার সমাধান হয় না। এই বিধানসভার সদস্য শ্রীগোপাল বসু, আমাকে বলেন যে, অনেক প্রতিষ্ঠান থেকে ইউনিয়ন রিকগনাইজ করা সত্ত্বেও তাদের সঙ্গে কোন পরামর্শ করা হয় না। তাই আমি বলতে চাচ্ছি, কর্মীগোষ্ঠী তৈরি হলেই সকল দুঃখের অবসান হয়ে যাবে এমন কথা হতে পারে না—তার জন্য আবহাওয়ার প্রয়োজন। এবং এটাও আমরা আশা করব যে, শ্রমিকরাও তাদের কর্তব্য পালন করবেন ব'লে যেসমস্ত অনুশাসন গৃহীত হয়েছে তা তাঁরা মেনে চলবেন, তবে এটাও অনস্বীকার্য যে, এটা কোন একতরফা ব্যাপার নয়, মালিকদেরও তাঁদের কর্তব্য সম্বন্ধে অবহিত হতে হবে। মাননীয় সদস্যরা যদি বলতেন কি কি আইন মালিকপক্ষ অমান্য করছেন, নৈনিতাল কনফারেন্সের প্রস্তাব লঙ্ঘন করছেন তাহলে গণ্ডীবদ্ধ আমাদের যে ক্ষমতা আছে তার দ্বারা আমরা চেষ্টা করতাম যাতে তাঁরা সেই সব

অনুশাসন মেনে চলেন। আমি একথা বারবার বলছি যে, আমাদের পশ্চিমবাংলার শিল্প ব্যবস্থায় আশানুরূপ সাফল্য অর্জন করা যাচ্ছে না একথা কেউ অস্বীকার করছে না—এবং শিল্পে শান্তি রক্ষার প্রয়োজনীয়তাও অবশ্য স্বীকার্য। আমাদের এই গঠনোন্মুখ কল্যাণধর্মী রাষ্ট্রে এর প্রয়োজনীয়তাও সমধিক, কিন্তু একটা কথা বিস্মৃত হলে চলবে না যে, এই শান্তি ও উন্নতি বিধানের জন্য সর্বোপরি প্রয়োজন সহযোগিতা। এই শান্তি ও উন্নতি বিধানের ক্ষেত্রে যদি শ্রম বিভাগ থেকে কিছুমাত্রও সহায়তা করা হয়ে থাকে এবং তার প্রমাণ দিয়ে থাকে তা হলে তার জন্য কৃতিত্ব দাবি করব না, কৃতিত্ব তাদেরই যারা শিল্প ব্যবসার প্রসারকল্পে এই শান্তি সংরক্ষণে সহায়তা করছেন।

এখানে আরেকটা প্রসঙ্গ উত্থাপন করা হয়েছে—ওয়ার্কস কমিটি সম্পর্কে নতুন পদ্ধতি সম্পর্কে আমি বলতে চাই—ওয়ার্কস কমিটি সংক্রান্ত ব্যাপারে নতুন উপায় অবলম্বন করা হয়েছে। এই নতুন নিয়ম আমাদের শিল্পক্ষেত্রে একটা সমন্বয়ের দিকে নিয়ে যাবে না একথা বলা হয়েছে। কিন্তু এই বিধানসভায় বলার পূর্বে মাননীয় সদস্যরা কোথাও কোন জায়গায় এই নিয়মগুলি সম্পর্কে তাঁদের অভিমত প্রকাশ করেন নি। এই ওয়ার্কস কমিটি করে মালিক-শ্রমিক সংক্রান্ত ব্যাপারে সর্বপ্রকার অভাব-অভিযোগ মীমাংসা করবার জন্য সরকার পক্ষ থেকে নাকি ঐগুলি চাপিয়ে দেওয়া হচ্ছে জোর করে—এবং এর দ্বারা নাকি মালিক পক্ষের উপর প্রভাব বিস্তার করা হচ্ছে না যাতে করে তাঁরা একটা মীমাংসায় উপনীত হতে পারেন—এই সম্পর্কে আমি জানাতে চাই, এই নিয়ম পশ্চিমবঙ্গ-সরকার করেন নি, ইউনিয়ন গভর্নমেন্ট এই নিয়ম করেন এবং আমাদের এখানকার নিয়মগুলি তার সঙ্গে সঙ্গতি রেখে করা হয়েছে। এই নিয়মগুলি চালু হয়েছে ডিসেম্বর মাস থেকে, সুতরাং এ সম্পর্কে কিছু বলার সময় এখনো আসে নি। মাঃ অধ্যক্ষ মহোদয়, আপনি জানেন যে, পরিচালকসমিতিগুলিকে বলা হয় সেকেন্ডারী বোর্ডস থেকে যে, তোমরা তোমাদের ভোটার লিস্ট তৈরি করে তোমাদের নির্বাচন পরিচালনা কর, যদি ভোটার লিস্ট ঠিক ঠিকভাবে তৈরি না হয়, নির্বাচন পরিচালনায় কোন ত্রুটি থাকে তা হ'লে সেকেন্ডারী বোর্ড সে সম্বন্ধে অভিযোগ শ্রবণ করে যথাযথ ব্যবস্থা অবলম্বন করে এবং পুনরায় ভোটার লিস্ট তৈরি করে নির্বাচন হয়। একটা নির্দিষ্ট সময়ের মধ্যে আইনসঙ্গত ব্যবস্থা অবলম্বনের অধিকার আছে। আজকে সেই জন্য আমি বলব, অধৈর্য না হয়ে ধীরস্থিরভাবে আমার বক্তব্য শুনে তাঁদের কর্তব্য স্থির করবেন কি গ্রহণ করবেন আর কি বর্জন করবেন।

(Noise in the house)

এই গণতান্ত্রিক অধিকার আমাদের সংবিধানে স্বীকৃত হয়েছে। কিন্তু, মাঃ অধ্যক্ষ মহোদয়, এই শীতাতপনিয়ন্ত্রিত কক্ষে ব'সে তাঁরা যে সত্য স্বীকার করেন এই প্রকোষ্ঠের বাইরে তা অস্বীকার করেন

(Noise from the opposition benches)

এই বিশৃঙ্খলার মধ্যে আমি তাঁদের একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই যে, তাঁরা যদি মনে করে থাকেন যে, তাঁরাই মাত্র এই সভায় কথা বলার অধিকারী তা হলে তাঁরা ভুল করবেন।

[5-55—6-5 p.m.]

আমি এই কথা বলতে চাই যে আমি যে জায়গা থেকে এসেছি সেখানে দুই লক্ষ লোকের বাস যার মধ্যে এক লক্ষের বেশি ভোটার, কিন্তু দাবী করব না যে সেই অঞ্চলের কথা শুধু আমিই বলতে পারি আর কেউ পারে না। আমার যে প্রত্যক্ষ অভিজ্ঞতা আছে তা থেকে বলতে পারি আজকে শ্রম দপ্তর কোনমতেই নিজেদের কর্তব্য পালনে পিছপা হবে না। এখানে শ্রীসোমনাথ লাহিড়ী মহাশয় গতকাল একটি পত্র পাঠ করে একটা চমৎকার আবহাওয়া সৃষ্টি করতে চেয়েছিলেন। সোমনাথবাবু ভাল বক্তা—আমি তাঁর বক্তৃতা মনোযোগ দিয়ে শুনে থাকি। তিনি কাল পত্র পড়ে যে গুরুগম্ভীর ভাব সৃষ্টি করবার চেষ্টা করেছিলেন আমি বলব তাঁর উদ্দেশ্য সেখানে ব্যর্থ হয়েছে। বলা হয়েছে কোন কোম্পানির কোন ইউনিয়নের সঙ্গে অ্যাফিলিয়েশন আছে জানতে চাওয়া হয়েছিল। কিন্তু আমি বলব এর পিছনে কোন রাজনৈতিক উদ্দেশ্য নেই একেবারে স্টাটিস্টিক্যাল ব্যাপার। আমাদের এসব হিসাব রাখতে হয় এবং অনেক সময় ফয়সলা কাজের সাহায্যে এটা আসে। সেন্ট্রাল [illegible] খবর জানলে তাদের ফোন নম্বর পাওয়া যায়

এবং অনেক সময় দেখা গেছে টপ লেভেলে এ ছাড়া মীমাংসার সম্ভব হয় না। এই কাজের সুবিধার জন্যে ঐ তথ্য জানা হয়েছিল। শ্রী লাহিড়ী যদি একটা ঘটনাও বলতে পারতেন যেক্ষেত্রে তাঁরা শ্রম দপ্তর থেকে সুবিচার পান নি বা আই এন টি ইউ সি-কে অন্যায়ভাবে কোন সুযোগ দেওয়া হয়েছে তা হ'লে বলতে পারতাম তাঁর অভিযোগ করবার কারণ আছে। আমি একথা বার বার বলেছি আজকে যদি শ্রম দপ্তরের সমস্ত কাজ হিসাব করে দেখা যায় বছরে কতগুলি ট্রাইবুনালে কেস দেওয়া হয়, কতগুলি কেস লেবার কোর্টে যায় এবং সেটা যে কোন কারণেই হোক তার অধিকাংশ ইউনিয়নে দেখা যাবে যারা বিরোধী পক্ষে আছেন তাঁরা আছেন। কাজেই বলা যেতে পারে আমরা এখানে কোন পক্ষপাতিত্ব করি না। অধ্যক্ষ মহাশয়, সোমনাথবাবু বলেছেন শ্রম দপ্তরের কোন কর্মচারী নাকি বিলাতী মালিকের পক্ষ অবলম্বন করেছিলেন। আমি এ প্রসঙ্গে বলতে চাই আমার বিভাগের কোন কর্মচারীই সে ছোট হোক বা বড়ই হোক, যদি কোন ত্রুটি করে, সেই ত্রুটি সংশোধন করতে আমি প্রস্তুত আছি। এবং সে সম্পর্কে ব্যবস্থা অবলম্বন করতে আমি কুণ্ঠিত হব না। কিন্তু কেউ যদি ন্যায়পরায়ণতার সঙ্গে কাজ করে তাঁকে সমর্থন করতে আমি পিছপা হব না। ট্রাম ধর্মঘটের কথা আজ পুরান হয়ে গেছে কিন্তু সেই কথা আজও কালো অক্ষরে লেখা আছে। সেখানে যদি বলা হয়, শ্রম দপ্তর অন্যায়ভাবে কারও পক্ষ অবলম্বন করেছিল এবং সেটা যদি কেউ প্রমাণ করতে পারেন তা হলে সে সম্পর্কে তাঁরা যে শাস্তি আমাকে দেবেন সেই শাস্তি আমি মাথা পেতে নেব। এখানে বলা আছে পাবলিক ইউটিলিটি সেন্টারে যদি কোন সময়ে কোন অভিযোগ আসে সে সম্পর্কে যত তাড়াতাড়ি সম্ভব সেটা কনসিলিয়েশনে দিতে হবে এবং কনসিলিয়েশন যদি কোন কারণে ফেল্ করে তা হলে সেটাকে অ্যাডজুডিকেশনে দিতে হবে। কিন্তু আমি বলতে পারি আজকে সেখানে পাঠিয়ে শ্রম দপ্তর কোন ভুল যে করে নি তা প্রমাণ করে দিয়েছে এই ট্রাম ধর্মঘটের ইতিহাস। আমি তাই বলব শ্রী লাহিড়ী যে অভিযোগ করেছেন সেই অভিযোগ সম্পূর্ণ ভিত্তিহীন। আমি জানি তাড়াতাড়ি ট্রাইবুনালে পাঠানর যে উদ্দেশ্য সেই উদ্দেশ্য আমাদের সার্থক হয় নি সেটা সত্য কথা। আমরা চেয়েছিলাম কলকাতার জনসাধারণকে দুর্গতির হাত থেকে রক্ষা করতে, আমরা তা করতে পারি নি। আমরা চেয়েছিলাম বেআইনী ধর্মঘট রোধ করে দরিদ্র শ্রমিকদের ২০ লক্ষ টাকা বাঁচাতে, আমরা তা পারি নি। কিন্তু আজকে প্রমাণ করে দিয়েছে সেই ট্রাম ধর্মঘটের ইতিহাস যে ধর্মঘট অপ্রয়োজনীয় ছিল। সেই সম্পর্কে ডাঃ রণেন সেন অত্যন্ত দৃঢ়তার সঙ্গে বলেছিলেন যে, আমরা দুর্বল সে জন্যে অনুসন্ধান করতে দিয়েছি।

[Noises and interruptions from the opposition benches.]

আমি ইউনিয়ন গভর্নমেন্টের শ্রম দপ্তর থেকে খোঁজ নিয়ে দেখেছি এই প্রকারের অনুসন্ধান কেরালা গভর্নমেন্ট থেকে করা হচ্ছে। কাজেই এটা শুধু পশ্চিমবাংলাতেই হয় না। আমি এই কথা বলে শেষ করছি আজ আমার শ্রম দপ্তর কোন বিলাতী কোম্পানীর হোক, কোন স্বদেশী কোম্পানী হোক কারও প্রতি পক্ষপাতিত্ব করে নি। সে জন্যে শ্রম দপ্তর থেকে বিজ্ঞপ্তি প্রচার করা হয়েছিল যে ট্রাম কর্মচারীদের বিদায়কালীন আর্থিক বেনিফিট ইনঅ্যাডিকোয়েট; সেটা বলে কোন বিলাতী কোম্পানীর স্বার্থ দেখা হয় নি। আমি তাই বলি আজকে শ্রম দপ্তর নিষ্ঠার সঙ্গে কাজ করে যাচ্ছে এবং কাজ করে যাবে। এই কথা বলে আমি আমার বক্তৃতা শেষ করলাম।

Mr. Speaker: I will ask even the Hon'ble Ministers to deliver their speeches strictly according to the schedule. I do not want the same sort of trouble as happened yesterday.

Dr. Ghose will now speak.

Dr. Prafulla Chandra Ghose: Sir, the Budget that has been presented to us by the Finance Minister is a balanced budget, but the budget should not merely be simply an account of the receipts and the expenditure, it should reflect the social condition and it should also give us a true picture as to what the Government is going to do to meet the various situations and problems. I find there no ray of hope, not merely that, it gives us a distorted picture, distorted conclusion. I find, Sir, in the Governor's

Address—although it was the Governor's Address, it is the Government's view—that the crime position has steadily improved. But what do I find? I ask the State Minister for Jails: why is it that in undivided Bengal there were six Central Jails and now with only one-third of the population of previous Bengal why four Central Jails are necessary for West Bengal? Then, Sir, I am putting figures—the figures supplied by a Minister; I am not giving my own figures. The number of average jail population was this: In 1947 convicts—6,383 and undertrials—4,216. In 1957 convicts—6,029 and under-trials—5,917. So the crime as reflected by the number of convicts and undertrial prisoners is on the increase and not on the decrease. So if it is said that the crime position has steadily improved, it has improved in other directions. That is the position, Sir.

Sir, I am not against borrowing or taking loans by the Government if the money is properly utilised and used for economic development of the people and if the Government can pay the interests all right. Then the loan is worth taking. All business concerns take loans. In Israel I have seen an Agro-Industrial colony of 650 people only. They are paying interest to the tune of 200,000IL (Israeli Pound) i.e., more than Rs. 5 lakhs. So I am not afraid of borrowing nor I am jubilant over simply a balanced budget.

Sir, my friend Sj. Narendra Nath Sen quoted extensively from the editorial comments of the Hindusthan Standard.

[6-5—6-15 p.m.]

This editorial comment of the Hindusthan Standard is saying that the budget is balanced and so is all right—taking the editorial comment of the newspaper he said newspaper reflects public opinion—that is gospel truth. Then I quote from the editorial of the Ananda Bazar Patrika whose editor is Sj. Asoke Kumar Sarker who was Chairman of the Reception Committee of the Congress Conference held at the Wellington Square—yesterday's Ananda Bazar Patrika:

"কিন্তু দুঃখের সঙ্গেই বলিব যে, স্বাধীনতা প্রাপ্তির পর এক যুগ হইতে চলিলেও শিক্ষার গায়ে মুক্তির হাওয়া লাগে নাই।" হরেনবাবু শুনুন, "শিক্ষার গায়ে মুক্তির হাওয়া লাগে না। প্রায় অচলায়তনের মধ্যে গতানুগতিকতার জেরই টানিয়া চলা হইতেছে। অথচ দেশের শিক্ষিত জ্ঞানী, গুণী ব্যক্তিমাত্রেই বলিতেছেন, যে প্রণালীতে দেশে শিক্ষা দেওয়া হইতেছে, যে শিক্ষা ছেলে-মেয়েরা পাইতেছে, যে পরিবেশে তাহারা শিক্ষালাভ করিতেছে, তাহা অনুমোদনযোগ্য নহে। উহার আমূল পরিবর্তন হওয়া আবশ্যক। শুধু কলেজের নহে, স্কুলের শিক্ষা সম্বন্ধেও সেই একই কথা"। কাজেই কাগজের কথা যদি গস্‌পেল হয় তা হলে আমার বন্ধু রাধাকৃষ্ণবাবু, যিনি এখানে একটু আগে মন্ত্রীদের এত প্রশস্তি গেয়েছেন, তিনি এখানে নাই, থাকলে তাঁর কাছে আমি এটা উপস্থিত করতাম।

Then I want to say, Sir, that in this House five resolutions were accepted unanimously by the whole House. Probably you all remember. But people have got a slippery memory and, therefore, I have got to remind about it. Resolutions regarding D.V.C., Dandakaranya, Farruka Barrage, the Language Commission and Beru Bari—were assed but what result do we find? The result is that we have been asked to provide 6 crores and 90 lakhs for D.V C. but the Finance Minister does not say what the Central Government has told about the unanimously passed resolutions on the D.V.C. I know, Sir, snakes can only hiss so long as the snake-charmer does not come with his magic wand—that is the position of the Treasury Bench and the Congress Benches. Sir, the Farruka barrage a few months ago was considered as the most important and that without it Calcutta would be

ruined, West Bengal would be ruined but not a word has been said about the barrage in the statement. Why Sir? Sir, I do not understand where are we! Then about the Language Commission—I do not know what my honourable friend the Education Minister will say about it. It was said that the medium of instruction would be through mother-tongue but no mention has been made about the matter. Then on Beru Bari also nothing has been said. Sir, I entirely agree with Sj. Sudhir Ray Choudhuri that the Prime Minister of India had no authority to do this, not even the Parliament can do this. It can only be done by a tribunal like the Bagge Tribunal or some other kind of tribunal. That is the constitutional position, Sir. But, Sir, in democracy it is the vote—that is the position.

Now, about the food difficulty. I think my friend Sj. Naren Sen has raised the point but very mildly, because being a Congress M.L.A. he has to put things in a mild way. He has said that something strong must be done in order to check these unscrupulous merchants. Sir, we have been crying hoarse for this but it is falling on deaf ears. Our Food Minister gave guarantee that the food price will remain constant from January 1st to the end of December. I find here is a case of the guarantor of the guarantee being insolvent, and he now refuses to govern or resign. That is the position we are in. Because it anyhow they have the vote, they will continue for five years, they will continue to rule for five years in this way. That is the position we are in.

Sir, my friend Shri Ananda Gopal Mukherjee says Dr. Ghosh does not say anything new. I have never claimed that I say new things. I have told you the accepted truths in my own language and I have also told you the remedies for the problems of West Bengal. But if you suffer from the same disease, I will suggest you the same remedy always.

Sj. Ananda Gopal Mukhopadhya: Just a minute—

আপনার টাইমে তেতুলবীচি যে ধরেছিলেন, সেটার কি হ'ল বলে দিন।

Dr. Prafulla Chandra Ghose: Sir I am not going to answer his question. On some suitable occasion I will give a reply. I say to him now only this:—"I resigned my Ministry; therefore, you came in and you did what you wanted".

Sir, it is softness towards the unscrupulous merchants which is responsible for the whole thing. I congratulate my friend on the Congress bench who has also raised this question, though in a very mild fashion as he must, being there.

As regards production also, we say that production has not increased. When we say this, those friends on the other side say "You have a perverted mind." But, Sir, I am calling your attention to what the Hon'ble Agriculture Minister at the Centre has said in Cuttack. The news has been sent from Cuttack, dated the 16th February. I am reading from the Jugantar of the 17th February what Dr. Punjabrao Deshmukh has said:

"ইহা বাস্তবিকই দুঃখজনক যে ভারত পৃথিবীর মধ্যে বৃহত্তম তণ্ডুল উৎপাদক দেশ হইলেও এদেশে প্রতি একরে উৎপাদন সবচেয়ে কম।"

This is what the Central Minister Dr. Punjabrao Deshmukh has said.

Now, Sir, when the Government cannot do anything, they try to hide inefficiency by saying that the numbers are increasing. Sir, some friend from the Congress bench has suggested—I do not know whether he will be the Finance Minister tomorrow—that a new tax be levied on the birth of additional children. I know, Sir, that it is the poor people who have got more children—not the rich people—and, therefore, he wants to tax the

